

CALCUTTA
CENTRAL
LIBRARY
UNIVERSITY

আর্য্যশাস্ত্র

শ্রীশ্রী সীতারামদাস ওঙ্কারনাথ

প্রবর্ত্তিত

শ্রীশ্রীরামনাম-মাহাত্ম্য

শ্রীশ্রীসীতারামদাস ওঙ্কারনাথ

ধর্ম্মাচরণে স্বয়ং মন্ত্ররাজ এই "রাম" নাম সর্ব্ব কার্য্যকর। দেবগণও গুণাকর রামনাম সর্ব্বতোভাবে গান করেন।

হে দেবেশি! সেইহেতু তুমিও রামনাম সতত রটনা কর। যে ব্যক্তি রামনাম জপ করে, সে সমস্ত পাপ হইতে মুক্ত হয়।

রামনামের দ্বারা সহস্র নামজপের পুণ্যলাভ হয়। বিশেষ চাতুর্ম্মাস্যে দশগুণ অধিক পুণ্য হইয়া থাকে। রামনাম হীনজাতিতে সমুৎপন্নগণেরও মহৎ পাতক ভস্মীভূত করেন।

এই সম্পূর্ণ বিশ্বই রাম, স্বকীয় তেজের দ্বারা সকলের অন্তরের আত্মারূপে ব্যাপিয়া অবস্থান করিতেছেন। জন্মান্তরকৃত স্থূল-সূক্ষ্মপাতকসকল ক্ষণকাল মধ্যে ভস্মীভূত করিয়া পবিত্র করেন।

স্কন্দ-পুরাণে, ব্রহ্ম-খণ্ডে, ধর্ম্মারণ্য-খণ্ডে

৩৪ অধ্যায়ে

অশনে শয়নে পানে গমনে চোপবেশনে।
সুখে বাপ্যথবা দুঃখে রামচন্দ্রং সমুচ্চরেৎ॥
ন তস্য দুঃখদৌর্ভাগ্যং নাধি-ব্যাধিভয়ং ভবেৎ।
আয়ুঃ শ্রিয়ং বলং তস্য বর্দ্ধয়ন্তি দিনে দিনে॥
রামেতি নাম্না মুচ্যেত পাপাদ্ বৈ দারুণাদপি।
নরকং নহি গচ্ছেত গতিং প্রাপ্নোতি শাশ্বতীম্॥
আকৃষ্টিঃ কৃতচেতসাং সুমহতামুচ্চাটনং চাংহসা—
মাচাণ্ডালমমুকলোকসুলভো বশ্যশ্চ মোক্ষশ্রিয়ঃ।
নোদীক্ষাং ন চ দক্ষিণাং ন চ পুরশ্চর্য্যাং মনাগীক্ষতে
মন্ত্রোঽয়ং রসনাস্পৃগেব ফলতি শ্রীরামনামাত্মকঃ॥

—•—

শ্রীরামঃ শরণং সমস্তজগতাং রামং বিনা কা গতী
রামেন প্রতিহন্যতে কলিমলং রামায় কার্য্যং নমঃ।

[চতুর্থ বর্ষ, পৌষ, ১৩৭২]

[সপ্তম সংখ্যা—পুষ্যাভিষেক যাত্রা]

আর্য্যশাস্ত্র

শ্রীশ্রীসীতারামদাস ওঙ্কারনাথ প্রবর্ত্তিত

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীতম্

বিষ্ণুপুরাণম্

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্গত আঞ্চলিক ভাষার উন্নয়ন ও সমৃদ্ধিকল্পে মহামান্য সরকারবাহাদুরের অর্থানুকূল্যে এই পুস্তক সুলভমূল্যে দেওয়া সম্ভব হইতেছে।

মুখ্য-সম্পূজক—

মহামহোপাধ্যায় শ্রীকালীপদতর্কাচার্য্য

শ্রীশ্রীজীবভট্টাচার্য্যন্যায়তীর্থ

[বার্ষিক মূল্য সডাক ১৫·০০ টাকা]

[প্রতি সংখ্যা ১·৫০ টাকা]

স্বত্বাধিকারী :—
শ্রীসত্যধর্ম্মপ্রচারসঙ্ঘ
(জয়গুরু সম্প্রদায়)

সহ-সম্পূজক সঙ্ঘ

শ্রীশ্যামাশঙ্কর বিদ্যাভূষণ

শ্রীনারায়ণ গোস্বামী ন্যায়াচার্য্য

শ্রীরঘুনাথ কাব্য-ব্যাকরণতীর্থ

শ্রীহরিনারায়ণ তর্ক-বেদ-ব্যাকরণতীর্থ

শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ

শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ কর্তৃক শ্রীগীতারাম বৈদিক মহাবিদ্যালয়, ৭।৩, সি. ডব্লিউ. ডি. রোড, কলিকাতা—৩৫ হইতে প্রকাশিত ও ১৫বি, রায়বাগান ষ্ট্রীট, কলিকাতা—৬ ইন্দু-নারায়ণ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মুদ্রাপিত। ১৫ই পৌষ, ১৩৭২।

নিয়মাবলী

১। আর্য্যশাস্ত্র শাস্ত্রময় মাসিক পত্র। প্রতি মাসে ইহার ১টি সংখ্যা প্রকাশিত হয়। আষাঢ় (জুন-জুলাই) মাস হইতে ইহার বর্ষারম্ভ।

২। এই মাসিকপত্রে ঋগাদি বিংশতিসংহিতা, প্রজাপতি-স্মৃতি প্রভৃতি বহু দুর্লভ স্মৃতিগ্রন্থ ও বাল্মীকি-রামায়ণ প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানে বিষ্ণুপুরাণ প্রকাশিত হইতেছে। তারপর শ্রীমদ্ভাগবত-শ্রীমহাভারত ইত্যাদি যাবতীয় আর্য্যশাস্ত্র ধারাবাহিকভাবে প্রকাশিত হইবে।

৩। ইহার বার্ষিক গ্রাহকমূল্য ভারত ও পাকিস্তানে সডাক ১৫·০০, প্রতি সংখ্যা ১·৫০ নঃ পঃ মাত্র; অন্যত্র বার্ষিক সডাক ২০·০০, প্রতি সংখ্যা ২·০০ মাত্র। গ্রাহকমূল্য অগ্রিম দেয়।

৪। প্রতি বাংলা মাসের দ্বিতীয় সপ্তাহে ইহার একটি সংখ্যা প্রকাশিত হইবামাত্র গ্রাহকগণের নিকট পাঠান হয়। বাংলা মাসের তৃতীয় সপ্তাহের মধ্যে উক্ত সংখ্যা না পাইলে স্থানীয় ডাকঘরে খোঁজ লইয়া চতুর্থ সপ্তাহের মধ্যে কলিকাতা কার্য্যালয়ে অবশ্যই জানাইতে হইবে।

ঠিকানা-পরিবর্ত্তন পূর্ববর্তী বাংলা মাসের মধ্যে অবশ্যই জানাইতে হইবে।

৫। মাসিকপত্র-সংক্রান্ত যাবতীয় পত্রাদি এবং অর্থাদি "সকালক আর্য্যশাস্ত্র, ৩৮সি, বিধান সরণী, কলিকাতা—৬" এই ঠিকানায় পাঠাইতে হইবে।

মণি-অর্ডার কুপন ও পত্রাদিতে গ্রাহকের নাম, ঠিকানা ও গ্রাহক-নম্বর সুস্পষ্টভাবে অবশ্যই লিখিতে হইবে।

৬। গ্রাহকগণের পত্র-লিখিত নির্দেশ অনুযায়ী সকল ব্যবস্থা শীঘ্রই গ্রহণ করা হয়, কিন্তু প্রয়োজন না মনে করিলে পত্রের উত্তর দেওয়া হয় না। পত্রের উত্তর আশা করিলে গ্রাহকগণকে জবাবী-পত্র অবশ্যই দিতে হইবে।

৭। আর্য্যশাস্ত্রের পুরাতন সংখ্যাগুলি একত্রে ডাকে পাঠাইবার নির্দেশ থাকিলে গ্রাহকগণকে পাঠাইবার ডাক-মাশুল অবশ্যই দিতে হইবে, কার্য্যালয়ে আসিয়া বা ডাকযোগ ব্যতীত অন্য কোন উপায়ে গ্রহণ করিলে তাহা দিতে হইবে না।

৮। উল্লিখিত ৪-৭ নং নিয়মাবলী পালিত না হইলে পত্র-পরিচালকগণের পক্ষে কোন দায়িত্ব গ্রহণ করা সম্ভব নহে।

৯। অনিবার্য্য কারণবশতঃ যে দুইটি সংখ্যা প্রকাশে বিলম্ব ঘটিয়াছে, তাহা পূরণ করিয়া লইতে কিছু সময় লাগিবে। তৎসম্পর্কে উক্ত নিয়মাবলী যথাসময়ে প্রযুজ্য বলিয়া গণ্য হইবে।

শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়
৭।৩, পি. ডব্লিউ. ডি. রোড, আলমবাজার
কলিকাতা—৩৫।

সম্পূজক—আর্য্যশাস্ত্র

৺৺শ্রীশ্রীগুরবে নমঃ

শ্রীশ্রীঠাকুরের বাণী

পুষ্করমঠ
ভরতপুর-কুণ্ড
গৌহাটি
৮৪।৭০

যে মায়েরা বাবারা একে (ওঙ্কারকে) সত্যসত্য ভালবাসে, তারা নিত্য আর্য্যশাস্ত্র প'ড়্‌বে ও প্রাণপণে আর্য্যশাস্ত্র প্রচারের চেষ্টা ক'র্‌বে। আর্য্যশাস্ত্রের সেবায় জগতের মহাকল্যাণ সাধিত হবেই হবে।

ওঙ্কার

বিশেষ নিবেদন

আর্য্যশাস্ত্রের গ্রাহকগণের নিকট আমাদের বিনীত নিবেদন এই যে,—তাঁহারা যেন প্রত্যেকে অন্ততঃপক্ষে একটি করিয়াও গ্রাহক সংগ্রহ করিয়া দেন।

বিনীত
সম্পূজক—আর্য্যশাস্ত্র

পরাশর উবাচ।

ইত্যালোচ্য স দুষ্টাত্মা কংসো রাম-জনার্দ্দনৌ।
হন্তুং কৃতমতির্বীরমক্রূরং বাক্যমব্রবীৎ ॥১২

কংস উবাচ।

ভো ভো দানপতে বাক্যং ক্রিয়তাং প্রীতয়ে মম।
ইতঃ স্যন্দনমারুহ্য গম্যতাং নন্দগোকুলম্ ॥১৩
বসুদেবসুতৌ তত্র বিষ্ণোরংশসমুদ্ভবৌ।
নাশায় কিল সম্ভূতৌ মম দুষ্টৌ প্রবর্দ্ধতঃ ॥১৪
ধনুর্ম্মহো মমাপ্যত্র চতুর্দ্দশ্যাং ভবিষ্যতি।
আনেয়ৌ ভবতা গত্বা মল্লযুদ্ধায় তাবুভৌ ॥১৫
চাণূর-মুষ্টিকৌ মল্লৌ নিযুদ্ধকুশলৌ মম।
তাভ্যাং সহানয়োর্যুদ্ধং সর্ব্বলোকোঽত্র পশ্যতু ॥১৬

নাগঃ কুবলয়াপীড়ো মহানত্র প্রচোদিতঃ।
স বা নিহংস্যতে পাপৌ বসুদেবাত্মজৌ শিশূ ॥১৭
তৌ হত্বা বসুদেবঞ্চ নন্দগোপঞ্চ দুর্ম্মতিম্।
হনিষ্যে পিতরং চৈনমুগ্রসেনং সুদুর্ম্মতিম্ ॥১৮
ততঃ সমস্তগোপানাং গোধনান্যখিলান্যহম্।
বিত্তং চাপি হরিষ্যামি দুষ্টানাং মদ্বধৈষিণাম্ ॥১৯
ত্বামৃতে যাদবাশ্চৈতে দুষ্টা দানপতে ময়ি।
এতেষাঞ্চ বধার্হাহং প্রযতিষ্যাম্যসুক্রমাৎ ॥২০
ততো নিষ্কণ্টকং সর্ব্বং রাজ্যমেতদনাদবম্।
প্রশাসিষ্যে ত্বয়া তস্মাদ্যৎপ্রীত্যা বীর গম্যতাম্ ॥২১
যথা চ মাহিষং সর্পির্দধি বাপ্যুপহার্য্য বৈ।
গোপাঃ সমানেয়ন্ত্যাশু ত্বয়া বাচ্যাস্তথা তথা ॥২২

অসুরকে আদেশ করিব, যাহাতে সেইখানেই উভয় বালককে বিনাশ করে।১০

অথবা কুবলয়াপীড় নামক যে গজ (হস্তী) আছে, ঐ গজই আমার আদেশানুসারে এইস্থানেই ব্রজ হইতে সমাগত ঐ গোপবেশধারী বসুদেবসুতদ্বয়কে বধ করিবে। পরাশর বলিলেন,—দুষ্টাত্মা কংস রাম ও জনার্দ্দনকে বিনাশ করিবার জন্য এইরূপে বুদ্ধি স্থির করিয়া পূর্বোক্ত আলোচনা করত বীর অক্রূরকে এই কথা বলিল।১১-১২

কংস বলিল,—হে দানপতে! আমার প্রীতির জন্য আপনি এই বাক্যটী প্রতিপালন করুন। আপনি রথারোহণপূর্ব্বক এস্থান হইতে নন্দগোকুলে গমন করুন।১৩

সেই নন্দগোকুলে আমাকে বিনাশ করিবার জন্য বিষ্ণুর অংশে উৎপন্ন দুষ্ট বসুদেবের দুই পুত্র বর্দ্ধিত হইতেছে।১৪

আমার এখানে আগামী চতুর্দ্দশী তিথিতে ধনুর্যজ্ঞ হইবে, এই কারণে আপনি গোকুলে গমন করিয়া মল্লযুদ্ধের নিমিত্ত তাহাদিগকে আনয়ন করিবেন।১৫

মল্লযুদ্ধে নিপুণ চাণূর ও মুষ্টিক নামে আমার যে দুই মল্ল আছে, সেই মল্লদ্বয়ের সহিত ঐ বালকদ্বয়ের যুদ্ধ সকল লোকে দেখিবে।১৬

কিংবা কুবলয়াপীড় নামে আমার যে এক মহাগজ আছে, সেই মহাগজই বসুদেবসুত পাপাত্মা ঐ শিশুদ্বয়কে বিনাশ করিবে।১৭

এই বালকদ্বয়কে হনন করিয়া পরে দুর্ম্মতি বসুদেব ও নন্দগোপকে বিনাশ করিব এবং পশ্চাৎ এই সুদুর্ম্মতি পিতা উগ্রসেনকেও বধ করিব।১৮

পরে আমার বধাভিলাষী দুষ্ট গোপগণের অখিল গোধন ও সমস্ত বিত্ত হরণ করিব।১৯

হে দানপতে! আপনি ছাড়া আর যত যাদবগণ আছে, ইহারা সকলেই আমার প্রতি দ্বেষপরায়ণ, সুতরাং পশ্চাৎ ইহাদেরও পর পর বধের জন্য আমি যত্ন করিব।২০

তারপর এই আমাদের নিষ্কণ্টক সকল রাজ্য আপনার সহিত মিলিত হইয়া শাসন করিব। অতএব হে বীর! আপনি আমার প্রীতির জন্য গমন করুন।২১

আপনি গোকুলে গমন করিয়া গোপগণকে এই প্রকার বাক্যই বলিবেন, যাহাতে তাহারা মহিষ দুগ্ধ

পরাশর উবাচ।

ইত্যাজ্ঞপ্তস্তদাক্রূরো মহাভাগবতো দ্বিজ।
প্রীতিমানভবৎ কৃষ্ণং দ্রক্ষ্যামীতি সত্বরঃ ॥২৩

তথেত্যুক্ত্বা চ রাজানং রথমারুহ্য শোভনম্।
নিশ্চক্রাম ততঃ পুর্য্যা মথুরায়া মধুপ্রিয়ঃ ॥২৪

ইতি বিষ্ণুপুরাণে পঞ্চমাংশে পঞ্চদশঃ অধ্যায়ঃ ॥

হইতে উৎপন্ন ঘৃত ও দধি প্রভৃতি উপহারযোগ্য বস্তু সত্বর এখানে আনয়ন করে।২২

পরাশর বলিলেন,—হে দ্বিজ! মহাভাগবত অক্রূর কংসের নিকট এই প্রকার আজ্ঞা লাভপূর্ব্বক "কল্য কৃষ্ণকে দেখিতে পাইব" এই ভাবিয়া বড়ই আনন্দিত ও প্রফুল্লান্বিত হইলেন। অনন্তর রাজাকে "তাহাই হইবে" এই কথা বলিয়া সুন্দর রথে আরোহণ করত মাধবপ্রিয় অক্রূর সেই মথুরাপুরী হইতে নিষ্ক্রান্ত হইলেন।২৩-২৪

বিষ্ণুপুরাণের পঞ্চমাংশে পঞ্চদশ অধ্যায় সমাপ্ত।

ষোড়শঃ অধ্যায়ঃ

[কেশিবধঃ।]

পরাশর উবাচ।

কেশী চাপি বলোদগ্রঃ কংসদূত-প্রণোদিতঃ।
কৃষ্ণস্য নিধনাকাঙ্ক্ষী বৃন্দাবনমুপাগমৎ ॥১

স খুরক্ষতভূপৃষ্ঠঃ সটাক্ষেপধুতাম্বুদঃ।
প্লুতবিক্রান্তচন্দ্রার্কমার্গো গোপানুপাদ্রবৎ ॥২

তস্য হ্রেষিতশব্দেন গোপালা দৈত্যবাজিনঃ।
গোপ্যশ্চ ভয়সংবিগ্না গোবিন্দং শরণং যযুঃ ॥৩

ত্রাহি ত্রাহীতি গোবিন্দঃ শ্রুত্বা তেষাং তদা বচঃ।
সতোয়জলদধ্বান-গম্ভীরমিদমুক্তবান্ ॥৪

শ্রীকৃষ্ণ উবাচ।

অলং ত্রাসেন গোপালাঃ কেশিনঃ কিং ভয়াতুরৈঃ।
ভবদ্ভির্গোপজাতীয়ৈর্বীরবীর্য্যং বিলোপ্যতে ॥৫

কিমনেনাল্পসারেণ হ্রেষিতাটোপকারিণা।
দৈত্যেয়বলবাহেন বলগর্ব্বা দুরাত্মনা ॥৬

ষোড়শ অধ্যায়

[কেশিবধ।]

পরাশর বলিলেন,—কৃষ্ণের নিধনাকাঙ্ক্ষী বলশালী ও উদ্ধত কেশীনামক বীর কংসের দূত কর্ত্তৃক প্রেরিত হইয়া বৃন্দাবনে উপস্থিত হইল।১

সেই কেশী খুরক্ষেপ দ্বারা ভূপৃষ্ঠ খনন করিয়া, কেশরক্ষেপে মেঘজালকে কম্পিত করিয়া এবং গতি দ্বারা চন্দ্র ও সূর্য্যের পথকে আক্রমণ করিয়া গোপগণের প্রতি উপদ্রব আরম্ভ করিল।২

অশ্বরূপধারী সেই দৈত্যের হ্রেষারবে ভয়োদ্বিগ্ন গোপাল ও গোপীগণ গোবিন্দের শরণ লইল।৩

তখন তাহাদিগের "ত্রাহি ত্রাহি" এই বাক্য শ্রবণ করিয়া গোবিন্দ সজলজলধর (মেঘ) গর্জ্জনের ন্যায় গম্ভীরভাবে এই বাক্য বলিলেন।৪

শ্রীকৃষ্ণ বলিলেন,—হে গোপালগণ! তোমরা কেশীর ভয় করিতেছ কেন? তোমরা গোপজাতীয় হইয়াও অদ্য এই প্রকার ভয়াতুরভাবে বীরোচিত পুরুষার্থ বিলোপ করিতেছ কেন?৫

এই অল্পশক্তিমান্ হ্রেষারবমাত্রেই গর্ব্বিতভাব

এহ্যেহি দুষ্ট কৃষ্ণোঽহং পৃক্ষস্ত্বিব পিনাকধৃক্ ।
পাতয়িষ্যামি দশনান্ বদনাদখিলাংস্তব ॥৭
ইত্যুক্ত্বাস্ফোট্য গোবিন্দঃ কেশিনঃ সম্মুখং যযৌ ।
বিবৃতাস্যস্তু সোঽপ্যেনং দৈত্যেয়শ্চাপ্যুপাদ্রবৎ ॥৮
বাহুমাভোগিনং কৃত্বা মুখে তস্য জনার্দ্দনঃ ।
প্রবেশয়ামাস তদা কেশিনো দুষ্টবাজিনঃ ॥৯
কেশিনো বদনং তেন বিশতা কৃষ্ণবাহুনা ।
পাতিতা দশনাঃ পেতুঃ সিতাভ্রাবয়বা ইব ॥১০
কৃষ্ণস্য বরূথে বাহুঃ কেশিদেহগতো দ্বিজ ।
বিনাশায় যথা ব্যাধিরাসম্ভূতেরুপেক্ষিতঃ ॥১১
বিপাটিতোষ্ঠৌ বহুলং সফেনং রুধিরং বমন্ ।
সোঽক্ষিণী বিবৃতে চক্রে নিঃসৃতে মুক্তবন্ধনে ॥১২
তঘান ধরণীং পাদৈঃ শকৃন্মূত্রে সমুৎসৃজন্ ।
স্বেদার্দ্রগাত্রঃ শ্রান্তশ্চ নির্যত্নঃ সোঽভবৎ ততঃ ॥১৩
ব্যাদিতাস্যো মহারৌদ্রঃ সোঽসুরঃ কৃষ্ণবাহুনা ।
নিপপাত বিদারভূতো বৈদ্যুতেন দ্রুমো যথা ॥১৪
বিপাদপৃষ্ঠপুচ্ছার্দ্ধে শ্রবণৈকাক্ষিনাসিকে ।
কেশিনস্তে বিদারভূতে সকলে যে বিরেজতুঃ ॥১৫
হত্বা তু কেশিনং কৃষ্ণো গোপালৈর্নন্দিতস্তুতঃ ।
অনায়স্তত্তনুঃ স্বস্থো হংসস্তত্রৈব তস্থিবান্ ॥১৬
ততো গোপ্যশ্চ গোপাশ্চ হতে কেশিনি বিস্মিতাঃ ।
তুষ্টুবুঃ পুণ্ডরীকাক্ষমনুরাগমনোরমম্ ॥১৭
অথাদাস্তরিতো বিপ্রো নারদো জলদে স্থিতঃ ।
কেশিনং নিহতং দৃষ্ট্বা হর্ষনির্ভরমানসঃ ॥১৮

প্রকাশকারী ও চঞ্চল দুষ্ট অশ্ব কি করিতে পারিবে? কারণ, ইহাকে দৈত্যগণও সবলে আক্রমণপূর্ব্বক বহনকার্য্যে নিযুক্ত করিয়া থাকে।৬

অরে দুষ্ট! অশ্বরূপধারী দৈত্য! এখানে আয়। মহাদেব (মহাদেবাংশ বীরভদ্র) যে প্রকার পূষার দন্ত উৎপাটন করিয়াছিলেন, এই আমি কৃষ্ণও তোর মুখ হইতে সেই প্রকারে সকল দন্ত উৎপাটন করিব।৭

গোবিন্দ এই কথা বলিয়া বাহুদ্বয় আস্ফালন করত কেশীর সম্মুখে উপস্থিত হইলেন। তখন সেই দৈত্যও মুখব্যাদান (বিস্তার) করিয়া কৃষ্ণের প্রতি লক্ষ্য করত অগ্রসর হইল।৮

তখন জনার্দ্দন নিজ বাহু প্রসারণ করত সেই দুষ্ট অশ্বরূপধারী কেশীর মুখে প্রবেশ করাইয়া দিলেন।৯

অনন্তর কেশীর বদনমধ্যে প্রবিষ্ট সেই কৃষ্ণবাহু তাহার দন্তসকল ভাঙ্গিয়া ফেলিল, তখন শুভ্র মেঘখণ্ডের ন্যায় কেশীর দন্তসকল বদন হইতে পতিত হইতে লাগিল।১০

হে দ্বিজ! উৎপত্তি সময়ে উপেক্ষিত ব্যাধি যেমন বিনাশের নিমিত্ত বৃদ্ধি প্রাপ্ত হয়, সেইরূপ কৃষ্ণের বাহুও কেশীর দেহ প্রাপ্ত হইয়া বৃদ্ধি পাইতে লাগিল।১১

তারপর ওষ্ঠদ্বয় উৎপাটিত হইলে, সে ফেনার সহিত রুধির (রক্ত) বমন করিতে লাগিল এবং তাহার স্নায়ু বন্ধনশিথিল হওয়ায় নয়নদ্বয় স্বস্থান হইতে বাহির হইয়া পড়িল এবং কাটিয়া যাইল।১২

অনন্তর ঐ অশ্ব পদদ্বারা ধরণীতে আঘাত করিতে লাগিল এবং মলমূত্র ত্যাগ করত ঘর্মাক্ত শরীরে শ্রান্ত হইয়া একেবারে নিশ্চেষ্ট হইয়া পড়িল। কৃষ্ণবাহুদ্বারা বিদারিত সেই মহাভয়ঙ্কর অসুর মুখব্যাদান করত বজ্রপ্রহারে বিখণ্ড বৃক্ষের ন্যায় ভূমিতে পতিত হইল।১৩-১৪

কেশীর সেই শরীর দুই ভাগে বিভক্ত হইল, তাহার এক এক খণ্ডে দুইটী চরণ, পৃষ্ঠ ও পুচ্ছের অর্দ্ধভাগ, এক এক কর্ণ, নাসিকা এবং নয়ন ছিল।১৫

কৃষ্ণ কেশীকে বিনাশ করত আনন্দিত গোপালগণে বেষ্টিত হইয়া অশ্রান্তদেহে সুস্থচিত্তে হাস্য করিতে করিতে অবস্থিতি করিতে লাগিলেন।১৬

অনন্তর কেশী নিহত হইলে, বিস্মিত গোপ ও গোপীগণ অনুরাগের সহিত মনোহরভাবে পুণ্ডরীকাক্ষ কৃষ্ণকে স্তব করিতে লাগিল।১৭

কেশী নিহত হইয়াছে অবলোকন করিয়া হর্ষপূর্ণমানস নারদ গগনমণ্ডলে অন্তরিতভাবে (প্রচ্ছন্নভাবে) অবস্থান করত বলিতে লাগিলেন,—হে জগন্নাথ! হে অচ্যুত।

সাধু সাধু জগন্নাথ লীলয়ৈব যদচ্যুত।
নিহতোঽয়ং ত্বয়া কেশী ক্লেশদস্ত্রিদিবৌকসাম্ ॥১৯
যুদ্ধোৎসুকোঽহমত্যর্থং নরবাজি-মহাহবম্।
অভূতপূর্ব্বমত্রস্থ দ্রষ্টুং স্বর্গাদুপাগতঃ ॥২০
কর্ম্মাণ্যত্রাবতারে তে কৃতানি মধুসূদন।
যানি তৈর্বিস্মিতং চেতস্তোষমেতেন মে গতম্ ॥২১
তুরঙ্গস্যাস্য সক্রোঽপি কৃষ্ণ দেবাংশ্চ বিভ্যতি।
ধুতকেশরজালস্য ক্ষ্বেলতোঽভ্রাবলোকিনঃ ॥২২
যস্মাৎ ত্বয়ৈব দুষ্টাত্মা হতঃ কেশী জনার্দ্দন।
তস্মাৎ কেশবনাম্না ত্বং লোকে গেয়ো ভবিষ্যসি ॥২৩
স্বস্ত্যস্তু তে গমিষ্যামি কংসযুদ্ধেঽধুনা পুনঃ।
পরশ্বোঽহং সমেষ্যামি ত্বয়া কেশিনিসূদন ॥২৪

উগ্রসেনসুতে কংসে সানুগে বিনিপাতিতে।
ভারাবতারকর্ত্তা ত্বং পৃথিব্যাঃ পৃথিবীধর ॥২৫
তত্রানেকপ্রকারাণি যুদ্ধানি পৃথিবীক্ষিতাম্।
দ্রষ্টব্যানি ময়া যুস্মৎপ্রণীতানি জনার্দ্দন ॥২৬
সোঽহং যাস্যামি গোবিন্দ দেবকার্য্যং মহৎ কৃতম্।
ত্বয়া সভাজিতশ্চায়ং স্বস্তি তেঽস্তু ব্রজাম্যহম্ ॥২৭

পরাশর উবাচ।

নারদে তু গতে কৃষ্ণঃ সহ গোপৈরবিস্মিতঃ(ক)।
বিবেশ গোকুলং গোপী-নেত্রপানৈকভাজনঃ ॥২৮

ইতি বিষ্ণুপুরাণে পঞ্চমাংশে ষোড়শঃ অধ্যায়ঃ ॥

আপনার বিক্রম সাধু, অতি সাধু! কারণ, আপনি দেবতাগণের ক্লেশদায়ক এই অসুর কেশীকে অবলীলাক্রমে বিনাশ করিলেন।১৮-১৯

আমি মনুষ্য ও অসুরের এই অভূতপূর্ব্ব মহাযুদ্ধ অবলোকন করিবার জন্য যুদ্ধদর্শনাভিলাষী হইয়া স্বর্গ হইতে এখানে আগমন করিয়াছি।২০

হে মধুসূদন! আপনি এই অবতারে যে সকল সুন্দর কর্ম্ম সম্পাদন করিয়াছেন, সেই সকল কর্ম্ম দ্বারা আমার এই বিস্মিত চিত্ত অতিশয় সন্তোষ প্রাপ্ত হইয়াছে।২১

এই অশ্ব যখন কেশরসমূহ কম্পিত করিয়া ক্ষ্বেলারব করত আকাশের দিকে অবলোকন করিত, তাহা দেখিয়া দেবগণ ও স্বয়ং ইন্দ্রও ভয় পাইতেন।২২

হে জনার্দ্দন! আপনি এই দুষ্টাত্মা কেশীনামক অসুরকে বিনাশ করিলেন বলিয়া অদ্য হইতে লোকে আপনি কেশব নামে কীর্ত্তিত হইবেন।২৩

হে কেশিনিসূদন! আপনার স্বস্তি (মঙ্গল) হউক, আমি এক্ষণে গমন করিতেছি, পরশ্ব দিবসে কংসের সহিত আপনার যুদ্ধ সময়ে আমি পুনরায় আপনার সহিত মিলিত হইব।২৪

হে পৃথিবীধর! উগ্রসেনপুত্র কংস অনুচরগণের সহিত নিপাতিত হইলে, আপনি পৃথিবীর ভারাবতরণ করিবেন।২৫

হে জনার্দ্দন! সেই ভারাবতারণ সময়ে আপনার ইচ্ছায় সম্পন্ন পৃথিবীপতিগণের নানাপ্রকার বহু যুদ্ধ আমি দর্শন করিব।২৬

হে গোবিন্দ! সেই আমি এক্ষণে গমন করিতেছি। আপনি দেবগণের মহৎ কার্য্য সম্পাদন করিয়াছেন এবং এই কর্ম্ম দ্বারা দেবগণ আপনা কর্ত্তৃক সংকৃত হইয়াছেন। আপনার মঙ্গল হউক, আমি গমন করি।২৭

পরাশর বলিলেন,—নারদ গমন করিলে পর, গোপীগণের নয়নের একমাত্র পেয় অর্থাৎ দৃশ্য অবিস্মিত কৃষ্ণ গোপ ও গোপীগণের সহিত গোকুলে প্রবেশ করিলেন।২৮

পাঠান্তরঃ—(ক)—সহ গোপৈঃ সভাজিতঃ।

বিষ্ণুপুরাণের পঞ্চমাংশে ষোড়শ অধ্যায় সমাপ্ত।

সপ্তদশঃ অধ্যায়ঃ

[অক্রূরস্য গোকুলযাত্রা।]

পরাশর উবাচ।

অক্রূরোঽপি বিনিক্রম্য স্বন্দনেনাশুগামিনা।
কৃষ্ণসন্দর্শনাহ্লাদঃ প্রযযৌ নন্দগোকুলম্ ॥১
চিন্তয়ামাস চাক্রূরো নাস্তি ধন্যতরো ময়া।
যোঽহমংশাবতীর্ণস্য মুখং দ্রক্ষ্যামি চক্রিণঃ ॥২
অদ্য মে সফলং জন্ম সুপ্রভাতা চ মে নিশা।
যদ্বন্দ্বিদ্রাজপত্রাক্ষং বিষ্ণোর্দ্রক্ষ্যাম্যহং মুখম্ ॥৩
অদ্য মে সফলে নেত্রে অদ্য মে সফলা গিরঃ।
যন্মে পরস্পরালাপো দৃষ্ট্বা বিষ্ণুং ভবিষ্যতি ॥৪
পাপং হরতি যৎ পুংসাং স্মৃতং সকলনাময়ম্।
তৎপুণ্ডরীকনয়নং বিষ্ণোর্দ্রক্ষ্যাম্যহং মুখম্ ॥৫
নির্জগ্মুশ্চ গতো বেদা বেদাঙ্গান্যখিলানি চ।
দ্রক্ষ্যামি তৎপরং ধাম ধাম্নাং ভগবতো মুখম্ ॥৬
যজ্ঞৈশ্চ যজ্ঞপুরুষঃ পুরুষৈঃ পুরুষোত্তমঃ।
ইজ্যতে যোঽখিলাধারস্তং দ্রক্ষ্যামি জগৎপতিম্ ॥৭
ইষ্ট্বা যমিন্দ্রো যজ্ঞানাং শতেনামরনায়কতাম্।
অবাপ তমনন্তাদিমহং দ্রক্ষ্যামি কেশবম্ ॥৮
ন ব্রহ্মা নেন্দ্ররুদ্রাশ্বি-বস্বাদিত্যমরুদ্গণাঃ।
যস্য স্বরূপং জানন্তি স্পৃক্ষ্যত্যঙ্গং স মে হরিঃ ॥৯
সর্বাত্মা সর্ববিৎ সর্বঃ সর্বভূতেষ্ববস্থিতঃ।
যো বিভুত্বাদ্ব্যাপ্য ব্যাপী স রক্ষ্যতি ময়া সহ ॥১০

সপ্তদশ অধ্যায়

[অক্রূরের গোকুলযাত্রা।]

পরাশর বলিলেন,—অক্রূরও কৃষ্ণের দর্শনাশায় একাকী মথুরা হইতে নির্গত হইয়া শীঘ্রগামী রথে আরোহণ করত নন্দের গোকুলে গমন করিলেন।১

পথে যাইতে যাইতে অক্রূর চিন্তা করিলেন যে, আমার ন্যায় কোনও ব্যক্তি ধন্যতর নহে। যেহেতু আমি অংশরূপে অবতীর্ণ চক্রধারীর মুখ দর্শন করিব।২

অদ্য আমার জন্ম সফল হইবে, আমার সম্বন্ধে রজনী অদ্য সুপ্রভাতা; কারণ, আমি অদ্য বিকসিত পদ্মপত্রের ন্যায় মনোহর নয়নযুক্ত ভগবানের মুখ দর্শন করিতে পাইব।৩

আমার নেত্র ও বাক্য সকল সফল হইবে, কারণ বিষ্ণুকে দর্শন করিব এবং তাঁহাতে ও আমাতে পরস্পর বাক্যালাপ হইবে।৪

কল্পনা-রচিত যে মুখ স্মৃত হইয়া মনুষ্যগণের পাপ বিনাশ করিয়া থাকে, আমি অদ্য সেই কমলনয়ন-শোভিত বিষ্ণুর মুখ অবলোকন করিব।৫

যাহা হইতে চারিবেদ ও অখিল বেদাঙ্গ নির্গত হইয়াছে এবং যে মুখ তেজোময় সূর্যাদির আশ্রয়স্বরূপ; অদ্য আমি ভগবানের সেই জ্যোতির্ময় মুখ দেখিতে পাইব।৬

যিনি সকলের আশ্রয় যিনি পুরুষোত্তম এবং সকল যজ্ঞেই পুরুষগণ যাঁহার যজন করিয়া থাকেন, (অহো! কি আনন্দের বিষয়!) আমি অদ্য সেই জগৎপতিকে দর্শন করিব।৭

একশত যজ্ঞ দ্বারা যাঁহার যজন করিয়া ইন্দ্র দেবরাজ হইয়াছেন; যাঁহার আদি বা অন্ত নাই, অদ্য আমি সেই কেশবকে দর্শন করিব।৮

ব্রহ্মা, ইন্দ্র, রুদ্রগণ, অশ্বিনীকুমারদ্বয়, বসুগণ এবং মরুদ্গণও যাঁহার স্বরূপ জানেন না, অহো! সেই হরি অদ্য আমার অঙ্গ স্পর্শ করিবেন।৯

যিনি সকলেরই আত্মা, যিনি সকলই জানেন অথচ

মৎস্যকূর্মবরাহাদ্য-সিংহরূপাদিভিঃ স্থিতিম্ ।
চকার জগতো যোঽজঃ সোঽদ্য মামালপিষ্যতি ॥১১

সাম্প্রতঞ্চ জগৎস্বামী কার্য্যমাত্মহৃদি স্থিতম্ ।
কর্ত্তুং মনুষ্যতাং প্রাপ্তঃ স্বেচ্ছাদেহধৃগব্যয়ঃ ॥১২

যোঽনন্তঃ পৃথিবীং ধত্তে শেখরস্থিতিসংস্থিতাম্ ।
সোঽবতীর্ণো জগত্যর্থে মামক্রূরেতি বক্ষ্যতি ॥১৩

পিতৃ-পুত্র-সুহৃদ্-ভ্রাতৃ-মাতৃ-বন্ধুময়ীমিমাম্ ।
যন্মায়াং নালমুত্তর্ত্তুং জগৎ তস্মৈ নমো নমঃ ॥১৪

তত্ত্বত্যবিদ্যাং বিততাং হৃদি যস্মিন্ নিবেশিতে ।
যোগী মায়ামমেয়ায় তস্মৈ বিদ্যাত্মনে নমঃ ॥১৫
যজ্ঞিভির্যজ্ঞপুরুষো বাসুদেবশ্চ সাত্বতৈঃ ।
বেদান্তবেদিভির্বিষ্ণুঃ প্রোচ্যতে যো নতোঽস্মি তম্ ॥১৬

যথা তত্র জগদ্ধাম্নি ধাতর্য্যেতৎ প্রতিষ্ঠিতম্ ।
সদসৎ তেন সত্যেন মধ্যসৌ যাতু সৌম্যতাম্ ॥১৭
স্মৃতে সকলকল্যাণ-ভাজনং যত্র জায়তে ।
পুরুষস্তমজং নিত্যং ব্রজামি শরণং হরিম্ ॥১৮

পরাশর উবাচ ।

ইত্থং সঙ্কিন্তয়ন্ বিষ্ণুং ভক্তিনম্রাত্মমানসঃ ।
অক্রূরো গোকুলং প্রাপ্তঃ কিঞ্চিৎ সূর্য্যে বিরাজতি ॥১৯
স দদর্শ তদা তত্র কৃষ্ণমাদোহনে গবাম্ ।
বৎসমধ্যগতং ফুল্লনীলোৎপলদলচ্ছবিম্ ॥২০
অস্পষ্টপদ্মপত্রাক্ষং শ্রীবৎসাঙ্কিতবক্ষসম্ ।
প্রলম্ববাহুমায়ামি-তুঙ্গোরঃস্থলমুন্নসম্ ॥২১
সবিলাসস্মিতাধারং বিভ্রাণং মুখপঙ্কজম্ ।
তুঙ্গরক্তনখং পদ্ভ্যাং ধরণ্যাং সুপ্রতিষ্ঠিতম্ ॥২২

যিনি সকলেরই স্বরূপ ও অব্যয় এবং ব্যাপকরূপে যিনি সর্ব্বভূতেই অবস্থিতি করিতেছেন; সেই ভগবান্ বিষ্ণু অদ্য আমার সহিত আলাপ করিবেন ।১০

অহো! যিনি মৎস্য, কূর্ম্ম, বরাহ, হয়গ্রীব ও নৃসিংহাদি রূপে অবতীর্ণ হইয়া এই জগতের স্থিতি করিয়া থাকেন ও যিনি জন্মরহিত; তিনি অদ্য আমার সহিত আলাপ করিবেন ।১১

যিনি জগতের স্বামী হইয়াও আপনার মনঃস্থিত কার্য্য সম্পাদন করিবার জন্য মনুষ্যতা প্রাপ্ত হইয়াছেন, যিনি অব্যয় অথচ স্বকীয় ইচ্ছানুরূপ রূপ ধারণ করেন; যিনি অনন্তরূপে নিজ মস্তকস্থিত পৃথিবীকে ধারণ করিয়া রহিয়াছেন, জগতের মঙ্গলের জন্য অবতীর্ণ সেই ভগবান্ বিষ্ণু অদ্য আমাকে "অক্রূর"! এই বলিয়া সম্বোধন করিবেন ।১২-১৩

যাঁহার এই পিতা, ভ্রাতা, পুত্র, সুহৃৎ, মাতা ও বন্ধু ইত্যাদি বুদ্ধিরূপিণী মায়াকে ত্যাগ করাইতে জগৎ সমর্থ নহে, সেই মায়াপতি ভগবান্‌কে বারংবার নমস্কার ।১৪

যিনি হৃদয়ে প্রবিষ্ট হইলে, যোগী বিস্তৃত অবিদ্যা-রূপিণী মায়া হইতে উত্তীর্ণ হন, সেই অমেয় বিদ্যাত্মা ভগবান্‌কে নমস্কার ।১৫

যজ্ঞকর্ত্তৃগণ যাঁহাকে যজ্ঞপুরুষ, সাত্বতগণ যাঁহাকে বাসুদেব ও বেদবিদ্‌গণ যাঁহাকে বিষ্ণু বলিয়া নির্দ্দেশ করেন, আমি তাঁহাকে নমস্কার করি ।১৬

যে প্রকার এই সদসদ্রূপী জগৎ সেই ধাতা ও আশ্রয়রূপ ভগবানে প্রতিষ্ঠিত রহিয়াছে, সেই সত্যরূপেই ভগবান্ বিষ্ণু আমার প্রতি প্রসন্ন হউন ।১৭

যাঁহাকে স্মরণ করিলে মনুষ্য সকল প্রকার কল্যাণের পাত্র হয়, আমি সেই অজ (জন্মরহিত) নিত্য হরির শরণ লইতেছি ।১৮

পরাশর বলিলেন,—ভক্তি-নম্রমানস অক্রূর এই প্রকার বিষ্ণুচিন্তা করিতে করিতে সূর্য্যাস্তের কিঞ্চিৎ পূর্ব্বেই গোকুলে উপস্থিত হইলেন ।১৯

অনন্তর গাভীগণের দোহনস্থানে গিয়া অক্রূর বৎসগণের মধ্যস্থিত প্রফুল্ল নীলোৎপলের ন্যায় কান্তিমান্ কৃষ্ণকে দেখিতে পাইলেন ।২০

অক্রূর আরও দেখিলেন যে, সেই মুকুলিত পদ্মপত্র-সদৃশ নয়নশোভিত, বক্ষঃস্থলে শ্রীবৎসাঙ্কিত, লম্বমান-

বিভ্রাণং বাসসী পীতে বন্যপুষ্পবিভূষিতম্ ।
সার্দ্রনীললতাহস্তং সিতাম্ভোজাবতংসকম্ ॥২৩
হংসকুন্দেন্দুধবলং নীলাম্বরধরং বিভুম্ ।
তস্যাগ্রতো বলভদ্রঞ্চ দদর্শ যদুনন্দনম্ ॥২৪
প্রাংশুমুন্নতবাহ্বংসং বিকাশিমুখপঙ্কজম্ ।
মেঘমালাপরিবৃতং কৈলাসাদ্রিমিবাপরম্ ॥২৫
তৌ দৃষ্ট্বা বিকসদ্বক্ত্রসরোজঃ স মহামতিঃ ।
পুলকাঞ্চিতসর্ব্বাঙ্গস্তদাক্রূরোঽভবন্মুনে ॥২৬
এতৎ তৎ পরমং ধাম তদেতৎ পরমং পদম্ ।
ভগবদ্বাসুদেবাংশৌ বিধা যোঽয়মবস্থিতঃ ॥২৭
সাকল্যমক্ষ্ণোর্যুগমেতদদ্য
দৃষ্টে জগদ্ধাতরি যাত্মুচ্চৈঃ ।
অপ্যঙ্গমেতদ্ভগবৎ প্রসাদাদ্
দত্তেঽঙ্গসঙ্গে ফলবন্মম স্যাৎ ॥২৮

বাহুযুক্ত (আজানুলম্বিত বাহু), আয়ত ও দীর্ঘ বক্ষঃশালী, উন্নতনাসাশোভিত, বিলাসপূর্ণ ঈষৎহাস্যময় মুখপঙ্কজধারী, উন্নত ও রক্তবর্ণ নখশালী, পদদ্বয় দ্বারা ভূমিতে সুপ্রতিষ্ঠিত, পীতবর্ণ বস্ত্রদ্বয়ধারী, বন্যপুষ্পশোভিত শ্রীকৃষ্ণের পশ্চাতে নীলবর্ণ বস্ত্রপরিহিত, আর্দ্রনীল লতার ন্যায় সুন্দর হস্তযুক্ত, শ্বেত পদ্মনির্ম্মিত ভূষণধারী, উন্নতশরীর, বাহু ও স্কন্ধশোভিত, বিকসিত-মুখপঙ্কজ এবং হংস, কুন্দ ও চন্দ্রের ন্যায় গৌরবর্ণ, মেঘমালাপরিবৃত দ্বিতীয় কৈলাস পর্ব্বতের ন্যায় অবস্থিত বলভদ্র বিরাজ করিতেছেন ।২১-২৫

হে মুনে ! সেই কৃষ্ণ ও বলভদ্রকে দেখিয়া অক্রূরের মুখপদ্ম বিকসিত হইল এবং তাঁহার সর্ব্বাঙ্গ পুলকিত হইল ।২৬

তখন অক্রূর চিন্তা করিতে লাগিলেন যে, এই সেই পরমধাম ও সেই পরমপদ ভগবান্ বাসুদেবের অংশে দুইভাগে অবস্থিতি করিতেছেন ।২৭

এই জগতের ধাতাকে দৃষ্টি করিয়া আমার এ অক্ষিদ্বয় এক্ষণে সফলতা লাভ করিল, কিন্তু ভগবান্ প্রসন্ন হইয়া

অপ্যেষ পৃষ্ঠে মম হস্তপদ্মং
করিষ্যতি শ্রীমদনন্তমূর্ত্তিঃ ।
যস্যাঙ্গুলিস্পর্শহতাখিলাঘৈ-
রবাপ্যতে সিদ্ধিরনাশদোষা ॥২৯
যেনাগ্নিবিদ্যুদ্রবিরশ্মিমালা-
করালমত্যুগ্রমপাস্য চক্রম্ ।
চক্রে হতা দৈত্যপতের্হতানি
দৈত্যাঙ্গনানাং নয়নাঞ্জনানি ॥৩০
যত্রাম্বু বিন্যস্য বলির্ম্মনোজ্ঞা-
নবাপ ভোগান্ বসুধাতলস্থঃ ।
তথামরত্বং ত্রিদশাধিপত্যং
মন্বন্তরং পূর্ণমপেতশক্রঃ ॥৩১
অপ্যেষ মাং কংসপরিগ্রহেণ
দোষাস্পদীভূতমদোষদুষ্টম্ ।

অঙ্গ-সঙ্গ প্রদান করত আমার এই অঙ্গ কি সফল করিবেন ? ২৮

এই শ্রীমান্ অনন্তমূর্ত্তি ভগবান্ কি আমার পৃষ্ঠদেশে স্বকীয় পদ্মহস্ত অর্পণ করিবেন ? যাঁহার অঙ্গুলি স্পর্শে সকল পাপ হইতে মুক্ত হইয়া জীবগণ নাশদোষবিরহিত সিদ্ধি (কৈবল্য) প্রাপ্ত হন ।২৯

বিদ্যুৎ, অগ্নি ও রবির কিরণমালার ন্যায় করালদর্শন চক্রক্ষেপ করিয়া যে ভগবান্ দৈত্যপতির সৈন্যসমূহ বিনাশ করত দৈত্যাঙ্গনাদিগের নয়নাঞ্জনসমূহ হরণ করিয়াছেন (অর্থাৎ স্ব স্ব পতি-বিনাশদর্শনে অবিরল ধারে প্রবাহিত নয়নজলে দৈত্যস্ত্রীগণের যে নয়ন-অঞ্জন বিধৌত হইয়াছিল, তাহার হেতু ভগবান্) ; বলি রাজা যাঁহাকে জল-বিন্দু প্রদান করিয়া বসুধাতলেও মনোজ্ঞ ভোগসমূহ প্রাপ্তি হইয়াছেন এবং মন্বন্তরকাল ব্যাপিয়া দেবত্বলাভপূর্ব্বক শক্রবিরহিত হইয়া দেবতাদিগের আধিপত্য করিয়াছেন ; সেই ভগবান্ বিষ্ণু আমি দোষরহিত হইলেও, কংসপরিগ্রহ-প্রযুক্ত আমাকে দোষী বিবেচনা করিয়া কি অবজ্ঞা দ্বারা আমাকে মর্ম্মাহত

কর্ত্তাবমানোপহতং ধিগস্ত
তজ্জন্মনঃ সাধুবহিষ্কৃতং যৎ ॥৩২
জ্ঞানাত্মকস্যামলসত্ত্বরাশে-
রপেতদোষস্য সদা স্থিতস্য
কিংবা জগত্যত্র সমস্তপুংসা-
মজ্ঞাতমস্যাস্তি হৃদি স্থিতস্য ॥৩৩

তস্মাদহং ভক্তিবিনম্রচেতা
ব্রজামি সর্ব্বেশ্বরমীশ্বরাণাম্ ।
অংশাবতারং পুরুষোত্তমস্য
অনাদিমধ্যান্তময়স্য বিষ্ণোঃ ॥৩৪

ইতি বিষ্ণুপুরাণে পঞ্চমাংশে সপ্তদশঃ অধ্যায়ঃ ॥

করিবেন ? যে জন্ম সাধুগণের বহিষ্কৃত, আমার তাদৃশ জন্মকে ধিক্ ।৩০-৩২

অথবা যিনি জ্ঞানস্বরূপ ও নির্ম্মল সত্ত্বরাশিময়, যাঁহার অবিদ্যাদোষ নাই এবং যিনি সর্ব্বদা প্রকাশমান, সকলেরই হৃদয়স্থিত সেই ভগবান্ সকল পুরুষের হৃদয়াভ্যন্তরে কোন্ ভাবটী পরিজ্ঞাত নহেন ? সেই কারণে আমি ভক্তিবিনম্রচিত্তে সেই ঈশ্বরগণেরও ঈশ্বর, আদি, মধ্য ও অন্তরহিত পুরুষোত্তম বিষ্ণুর অংশাবতার এই শ্রীকৃষ্ণের নিকট গমন করি, ইনি কখনই আমার প্রতি অবজ্ঞা প্রদর্শন করিবেন না ।৩৩-৩৪

বিষ্ণুপুরাণের পঞ্চমাংশে সপ্তদশ অধ্যায় সমাপ্ত ।

অষ্টাদশঃ অধ্যায়ঃ

[ভগবতঃ শ্রীকৃষ্ণস্য মথুরাগমনম্, গোপীনাং বিরহবর্ণনম্, অক্রূরস্য মোহশ্চ ।]

পরাশর উবাচ ।

চিন্তয়ন্নিতি গোবিন্দমুপাগম্য স যাদবঃ ।
অক্রূরোঽস্মীতি চরণৌ ননাম শিরসা হরেঃ ॥১
সোঽপ্যেনং ধ্বজবজ্রাজ-কুলিশচিহ্নেন পাণিনা ।
সংস্পৃশ্যাকৃষ্য চ প্রীত্যা স্বগাঢ়ং পরিষস্বজে ॥২
কৃতসংবাদনৌ (ক) তেন যথাবদ্ বল-কেশবৌ ।
ততঃ প্রবিষ্টৌ সংহৃষ্টৌ তমাদায়াত্মমন্দিরম্ ॥৩

সহ তাভ্যাং তদাক্রূরঃ কৃতসংবাদনাদিকঃ (খ) ।
ভুক্তভোজ্যো যথান্যায়মাচচক্ষে তত্তয়োঃ ॥৪
যথা নির্ভর্ৎস্যতে তেন কংসেনানকদুন্দুভিঃ ।
যথা চ দেবকী দেবী দানবেন দুরাত্মনা ॥৫
উগ্রসেনে যথা কংসঃ স্বদুরাত্মা চ বর্ত্ততে ।
যং চৈবার্থং সমুদ্দিশ্য স কংসেন বিসর্জ্জিতঃ ॥৬

অষ্টাদশ অধ্যায়

[ভগবান্ শ্রীকৃষ্ণের মথুরাগমন, গোপীদিগের বিরহবর্ণন ও অক্রূরের মোহ ।]

পরাশর বলিলেন,—হে মৈত্রেয় ! যদুবংশীয় অক্রূর পূর্ব্বোক্ত প্রকারে চিন্তা করিতে করিতে শ্রীগোবিন্দের নিকটে গমনপূর্ব্বক "আমি অক্রূর" এই বলিয়া হরির শ্রীচরণদ্বয়ে অবনত-মস্তকে প্রণাম করিলেন ।১

তখন সেই ভগবান্ও ধ্বজ-বজ্রপদ্মচিহ্নিত হস্ত দ্বারা তাঁহাকে স্পর্শ করত প্রীতির সহিত নিজের দিকে টানিয়া লইয়া গাঢ় ভাবে আলিঙ্গন করিলেন ।২

অনন্তর অক্রূর যথারীতি রাম ও কৃষ্ণকে সংবাদ-

পাঠান্তরঃ—(ক) কৃতসংবদনৌ— । (খ)—কৃতসংবদনাদিকঃ ।

তৎ সর্ব্বং বিস্তরাক্রূর ভগবান্ কেশিসূদনঃ।
উবাচাখিলমপোতঙ্ক জ্ঞাতং দানপতে ময়া ॥৭

করিষ্যে চ মহাভাগ যদত্রৌপয়িকং মতম্।
বিচিন্ত্যং নাত্রথৈতৎ তে বিদ্ধি কংসং হতং ময়া ॥৮

অহং রামশ্চ মথুরাং শ্বো যাস্যাবঃ সমং ত্বয়া।
গোপবৃদ্ধাশ্চ যাস্যন্তি আদায়োপায়নং বহু ॥৯

নিশেয়ং নীয়তাং বীর ন চিন্তাং কর্ত্তুমর্হসি।
ত্রিরাত্রাভ্যন্তরে কংসং হনিষ্যামি সহানুগম্ ॥১০

পরাশর উবাচ।

সমাদিশ্য ততো গোপানক্রূরোঽপি সকেশবঃ।
সুষ্বাপ বলভদ্রশ্চ নন্দগোপগৃহে সুখম্ ॥১১

ততঃ প্রভাতে বিমলে কৃষ্ণ-রামৌ মহামতী।
অক্রূরেণ সহং গন্তুমুদ্যতৌ মথুরাং প্রতি ॥১২

দৃষ্ট্বা গোপীজনঃ সাস্রঃ শ্লথদ্বলয়বাহুকঃ।
নিঃশ্বস্য চাতিদুঃখার্ত্তঃ প্রাহ চেদং পরস্পরম্ ॥১৩

মথুরাং প্রাপ্য গোবিন্দঃ কথং গোকুলমেষ্যতি।
নাগরস্ত্রী-কথালাপমধু শ্রোত্রেণ পাস্যতি ॥১৪

বিলাসিবাক্যপানেষু নাগরীণাং কৃতাস্পদম্।
চিত্তমস্য কথং ভূয়ো গ্রাম্যগোপীষু যাস্যতি ॥১৫

সারং সমস্তগোষ্ঠস্য বিধিনা হরতা হরিম্।
প্রহৃতং গোপযোষিৎসু নির্ঘৃণেন দুরাত্মনা ॥১৬

ভাবগর্ভস্মিতং বাক্যং বিলাসললিতা গতিঃ।
নাগরীণামতীবৈতৎ কটাক্ষেক্ষিতমেব চ ॥১৭

দানাদি করিলে পর, অতিশয় আনন্দিত কৃষ্ণ ও বলদেব অক্রূরকে লইয়া নিজ মন্দিরে প্রবেশ করিলেন।৩

তাহার পর তাঁহাদের সহিত মিষ্টালাপপূর্ব্বক যথাযোগ্য আহারাদি সমাপন করিয়া অক্রূর তাঁহাদের দুইজনের নিকটে সকল বৃত্তান্ত বলিতে আরম্ভ করিলেন।৪

দুরাত্মা দানব কংস যে প্রকারে বসুদেব ও দেবকীকে ভর্ৎসনা করে, উগ্রসেনের প্রতি দুরাত্মা কংস যে প্রকার ব্যবহার করিতেছে এবং যে প্রয়োজন উদ্দেশে অক্রূরকে বৃন্দাবনে প্রেরণ করিয়াছে।৫-৬

ভগবান্ কেশিসূদন সেই সকল বৃত্তান্ত অক্রূরের নিকট সবিস্তারে শ্রবণ করিয়া অক্রূরকে বলিলেন,—হে দানপতে! আমি এ সকল বিষয়ই অবগত আছি।৭

শ্রীকৃষ্ণ আরও বলিলেন যে, এই স্থলে যে উপায় দ্বারা কার্য্যসিদ্ধি হইবে, আমি তাহাই অবলম্বন করিব। তুমি অন্যথা চিন্তা করিও না। তুমি জানিও যে, কংসকে আমি বিনাশই করিয়াছি।৮

কল্য আমি ও রাম এই দুই জনেই তোমার সহিত মথুরায় গমন করিব এবং আমাদের সহিত গোপবৃদ্ধগণও উপহারের জন্য বহুধন লইয়া গমন করিবেন।৯

হে বীর! তুমি চিন্তা করিও না, স্বচ্ছন্দে এই রাত্রি যাপন কর; আমি ত্রিরাত্রের মধ্যেই অনুচরগণের সহিত কংসকে বিনাশ করিব।১০

পরাশর বলিলেন,—অনন্তর শ্রীকৃষ্ণ, বলরামও অক্রূর সমস্ত গোপগণকে কংসের আদেশ জ্ঞাত করাইয়া নন্দগোপগৃহে সুখে নিদ্রা যাইলেন।১১

তারপর নির্ম্মল প্রভাতে মহামতি কৃষ্ণ ও বলরাম অক্রূরের সহিত মথুরায় গমন করিতে উদ্যত হইলেন।১২

তখন কৃষ্ণ মথুরায় গমন করিতে উদ্যত হইয়াছেন দেখিয়া গোপীরা অতি দুঃখার্ত্ত হইল এবং তাহাদের হাতের কঙ্কণ শ্লথ হইয়া পড়িল ও তাহারা অশ্রুপূর্ণনয়নে নিশ্বাস পরিত্যাগ করত পরস্পর বলিতে আরম্ভ করিল।১৩

তাহারা বলিতে লাগিল যে, "গোবিন্দ মথুরায় গমন করিয়া আর কেন গোকুলে ফিরিয়া আসিবেন? কারণ, তিনি মথুরায় গিয়া নগরবাসি-স্ত্রীর মধুর আলাপরূপ মধুপান করিয়াই পরিতৃপ্তি লাভ করিবেন"।১৪

নাগরীগণের বিলাসপূর্ণ বাক্যপানে আসক্ত হইয়া গোবিন্দের মন কেনই বা পুনর্ব্বার গ্রাম্য-গোপীগণের প্রতি অনুরাগী হইবে?।১৫

গ্রাম্যা হরিরয়ং তাসাং বিলাসনিগড়ৈর্যুতঃ।
ভবতীনাং পুনঃ পার্শ্বং কয়া যুক্ত্যা সমেষ্যতি ॥১৮
এষৈষ রথমারুহ্য মথুরাং যাতি কেশবঃ।
ক্রূরেণাক্রূরকেণাত্র নিরাশেন প্রতারিতঃ ॥১৯
কিং ন বেত্তি নৃশংসোঽত্র অনুরাগপরং জনম্।
যেনেমমক্ষ্ণোরাহ্লাদং নয়ত্যন্যত্র নো হরিম্ ॥২০
এষ রামেণ সহিতঃ প্রয়াত্যত্যন্তনির্ঘৃণঃ।
রথমারুহ্য গোবিন্দস্তূর্য্যতামস্য বারণে ॥২১
গুরূণামগ্রতো বক্তুং কিং ব্রবীষি ন নঃ ক্ষমম্।
গুরবঃ কিং করিষ্যন্তি দগ্ধানাং বিরহাগ্নিনা ॥২২
নন্দগোপমুখা গোপা গন্তুমেতে সমুদ্যতাঃ।
নোদ্যমং কুরুতে কশ্চিদ্গোবিন্দবিনিবর্ত্তনে ॥২৩
সুপ্রভাতাস্তু রজনী মথুরাবাসিযোষিতাম্।
পাস্যন্ত্যচ্যুতবক্ত্রাব্জং যাসাং নেত্রালিপঙ্‌ক্তয়ঃ ॥২৪
ধন্যাস্তে পথি যে কৃষ্ণমিতো যাস্ত্যনিবারিতাঃ।
উদ্বহিষ্যন্তি পশ্যন্তঃ স্বদেহং পুলকাঞ্চিতম্ ॥২৫
মথুরানগরীপৌরনয়নানাং মহোৎসবঃ।
গোবিন্দাবয়বৈর্দৃষ্টৈরতীবাদ্য ভবিষ্যতি ॥২৬
কো নু স্বপ্নঃ সুভাগ্যাভির্দৃষ্টস্তাভিরধোক্ষজম্।
বিস্তারিতাস্তিনয়না যা দ্রক্ষ্যন্ত্যনিবারিতম্ ॥২৭
অহো গোপীজনস্যাস্য দর্শয়িত্বা মহানিধিম্।
উদ্ধৃতাস্তত্র নেত্রাণি বিধাত্রাকরুণাত্মনা ॥২৮
অনুরাগেণ শৈথিল্যমস্মাসু ব্রজতা হরেঃ।
শৈথিল্যমুপযাস্যাদ্য করেষু বলয়াদ্যপি ॥২৯

নির্দয় দুরাত্মা বিধি অদ্য সমস্ত ব্রজের সর্ব্বস্ব হরিকে হরণ করিয়া সকল গোপরমণীর প্রতি ঘোর আঘাত করিল।১৬

ভাবগর্ভ ও ঈষৎহাসিপূর্ণ বাক্য, বিলাস মনোহর গমন ও সকটাক্ষ নিরীক্ষণ,—ইহা নগর-স্ত্রীগণের স্বভাবতই অধিক আছে।১৭

সুতরাং তাহাদিগের বিলাসবন্ধনে বদ্ধ হইয়া, এই গ্রাম্য হরি পুনরায় কোন্ যুক্তি অনুসারে তোমাদের নিকট ফিরিয়া আসিবেন? ১৮

আহা! ক্রূর ও নির্দয় অক্রূর কর্ত্তৃক প্রতারিত হইয়া এই কেশব রথে আরোহণ করত মথুরায় যাইতেছেন।১৯

নৃশংস অক্রূর কি অনুরক্ত জনের হৃদয়ভাব জানে না যে, আমাদের নয়ন-যুগের আহ্লাদস্বরূপ এই হরিকে অন্যত্র লইয়া চলিল? ২০

এই অত্যন্ত নিষ্ঠুর গোবিন্দ রামের সহিত রথারোহণ করত গমন করিতেছেন, তোমরা ইঁহাকে শীঘ্র নিবারণ কর।২১

(অতঃপর গুরুজনের সম্মুখে এইরূপ করিতে অসমর্থতাজ্ঞাপনকারিণী কোন গোপীকে লক্ষ্য করিয়া পুনরায় বলিতেছেন—) সখি! তুমি কি বলিতেছ? গুরুজনের সম্মুখে আমাদের এই প্রকার ব্যবহার উচিত নহে? বল দেখি, বিরহ-অগ্নিতে যাহারা দগ্ধ, গুরুজন তাহাদের কি করিবেন? ২২

(কি দুঃখের বিষয়!) এই নন্দগোপ-প্রমুখ গোপগণও মথুরায় যাইতে উদ্যত হইয়াছেন, কিন্তু কেহই গোবিন্দের মথুরাগমননিবারণ বিষয়ে উদ্যম করিতেছেন না।২৩

আহা! যাহাদের নয়নরূপ ভ্রমরশ্রেণীসমূহ অচ্যুতের বদনকমল মধু পান করিবে, অদ্য সেই মথুরাবাসিনী রমণীগণের রজনী সুপ্রভাতা হইয়াছে।২৪

অদ্য তাহারাই ধন্য, যাহারা পথে অনিবারিতভাবে কৃষ্ণকে দর্শন ও রোমাঞ্চযুক্তদেহে তৎপশ্চাৎ গমন করিতে পারিবে।২৫

অদ্য গোবিন্দের মূর্ত্তিদর্শনকারী মথুরানগরী-বাসিগণের নয়নসমূহের অতীব মহোৎসব উপস্থিত হইবে।২৬

সৌভাগ্যশালিনী মথুরাপুরবাসিনীগণ (না জানি) কি সুস্বপ্ন দেখিয়াছে যে, তাহার ফলে অদ্য তাহারা সুন্দর নয়ন বিস্তারিত করিয়া গোবিন্দকে অনিবারিত ভাবে দর্শন করিবে।২৭

অক্রূরঃ ক্রূরহৃদয়ঃ শীঘ্রং প্রেষয়তে হয়ান্ ।
এবমার্ত্তাসু যোষিৎসু ঘৃণা কস্য ন জায়তে ॥৩০
হা হা কৃষ্ণরথস্যোচ্চৈশ্চক্ররেণুর্নিরীক্ষ্যতাম্ ।
দূরীকৃতো হরির্যেন সোঽপি রেণুর্ন লক্ষ্যতে ॥৩১
ইত্যেবমতিহার্দ্দেন গোপীজননিরীক্ষিতঃ ।
তত্যাজ ব্রজভূভাগং সহ রামেণ কেশবঃ ॥৩২
গচ্ছন্তো জবিতাশ্বেন রথেন যমুনাতটম্ ।
প্রাপ্তা মধ্যাহ্নসময়ে রামাক্রূরজনার্দ্দনাঃ ॥৩৩
অথাহ কৃষ্ণমক্রূরো ভবদ্ভ্যাং তাবদাস্যতাম্ ।
যাবৎ করোমি কালিন্দ্যামাহ্নিকার্হণমম্ভসি ॥৩৪
তথেত্যুক্তে ততঃ স্নাতঃ স্বাচান্তঃ স মহামতিঃ ।
দধ্যৌ ব্রহ্ম পরং বিপ্র প্রবিশ্য যমুনাজলে ॥৩৫

ফণাসহস্রমালাঢ্যং বলভদ্রং দদর্শ সঃ ।
কুন্দমালাঙ্গমুন্নিদ্র-পদ্মপত্রারুণেক্ষণম্ ॥৩৬
বৃতং বাসুকিরম্ভাদ্যৈর্মহদ্ভিঃ পবনাশিভিঃ ।
সংস্তূয়মানং গন্ধর্ব্বৈর্বনমালাবিভূষিতম্ ॥৩৭
দধানমসিতে বস্ত্রে চারুপদ্মাবতংসকম্ ।
চারুকুণ্ডলিনং ভাস্বন্মস্তর্জ্জলতলে স্থিতম্ ॥৩৮
তস্যোৎসঙ্গে ঘনশ্যামমাতাম্রায়তলোচনম্ ।
চতুর্বাহুমুদারাঙ্গং চক্রাদ্যায়ুধভূষণম্ ॥৩৯
পীতে বসানং বসনে চিত্রমাল্য-বিভূষণম্ ।
শক্রচাপতড়িন্মালা-বিচিত্রমিব তোয়দম্ ॥৪০
শ্রীবৎসবক্ষসঙ্কারুকেয়ূরমুকুটোজ্জ্বলম্ ।
দদর্শ কৃষ্ণমক্লিষ্ট-পুণ্ডরীকাবতংসকম্ ॥৪১

অহো ! অকরুণস্বভাব বিধাতা গোপীদিগকে মহামিধি দেখাইয়াই তাহাদিগের এই নয়নসকল উদ্ভূত করিল ।২৮

আমাদের প্রতি হরির অনুরাগ শিথিলতা প্রাপ্ত হইল দেখিয়া, সেই সঙ্গেই কি আমাদের হাতের কঙ্কণসকলও শিথিলতা প্রাপ্ত হইতেছে* ? ২৯

আহা ! ক্রূরহৃদয় অক্রূর শীঘ্রগতিতে রথের অশ্বসমূহকে চালনা করিতেছে, এই প্রকার দুঃখার্ত্তস্ত্রীগণের অবস্থা দেখিয়া কাহার না দয়া জন্মায় ? ৩০

হা হা ! ঐ দেখ, কৃষ্ণরথচক্রের ধূলিসমূহ উড়িতেছে। অহো ! ঐ ধূলিজালই কৃষ্ণকে দেখিতে দিতেছে না। হায় ! দেখ, সে ধূলিও আর দেখা যাইতেছে না ।৩১

এই প্রকার অতিশয় অনুরাগ সহকারে গোপীজন কর্ত্তৃক দৃষ্ট হইতে হইতে কেশব রামের সহিত ব্রজভূভাগ পরিত্যাগ করিলেন ।৩২

অতি বেগবান্ অশ্বসমূহযুক্ত রথারোহণে গমন করিতে করিতে অক্রূর, বলদেব ও জনার্দ্দন মধ্যাহ্নসময়ে যমুনাতটে উপস্থিত হইলেন ।৩৩

অনন্তর অক্রূর কৃষ্ণকে বলিলেন,—আমি যে পর্য্যন্ত যমুনাজলে আহ্নিক ক্রিয়া সমাপন না করি, আপনারা তাবৎকাল এই রথের উপরেই অবস্থান করুন ।৩৪

হে বিপ্র ! অনন্তর ভগবান্ "তাহাই হউক" এই কথা বলিলে পর মহামতি অক্রূর যমুনাজলে প্রবেশপূর্ব্বক স্নান করত আচমন করিয়া পরমব্রহ্মের চিন্তা করিতে লাগিলেন ।৩৫

সেই সময়ে অক্রূর দেখিতে পাইলেন যে, সহস্রফণামণ্ডলে শোভিত, কুন্দ পুষ্পের মালাসদৃশ শুভ্র অঙ্গশোভিত, প্রফুল্লপদ্ম-পত্রের ন্যায় অরুণলোচন, বাসুকি প্রভৃতি মহাসর্পগণে বেষ্টিত, গন্ধর্ব্বগণ যাঁহার স্তব করিতেছে, বনমালাভূষিত, শুভ্রবস্ত্রদ্বয় পরিহিত, মনোহর পদ্মনির্ম্মিত ভূষণে শোভিত এবং মনোজ্ঞ কুণ্ডলধারী বলভদ্র যমুনার জলমধ্যে অবস্থিতি করিতেছেন এবং তাঁহার ক্রোড়দেশে মেঘের ন্যায় শ্যামকান্তি, তাম্রবর্ণ বিস্তৃতলোচনশালী, চতুর্ব্বাহু, চক্রাদি অস্ত্রে সুশোভিত, মনোহর অঙ্গোপাঙ্গযুক্ত, পীতবর্ণবসনদ্বয়ধারী, বক্ষঃস্থলে শ্রীবৎসাঙ্কিত, মনোহর কেয়ূর ও মুকুট দ্বারা দীপ্ত শরীর, বিকসিত পদ্মনির্ম্মিত কর্ণভূষণে ভূষিত, ভগবান্ শ্রীকৃষ্ণ

---

* কঙ্কণের শিথিলতা (ঢীলা) দ্বারা ইহাই বুঝাইতেছে যে, উহা ভগবান্ শ্রীকৃষ্ণের ভাবী বিরহের আশঙ্কায় অত্যন্ত কৃশ (ক্ষীণ) হইয়া পড়িয়াছে।

সনন্দনাদ্যৈর্মুনিভিঃ সিদ্ধযোগৈরকল্মষৈঃ।
বিচিন্ত্যমানং তত্রস্থৈর্নাসাগ্রন্যস্তলোচনৈঃ ॥৪২
বল-কৃষ্ণৌ তথাক্রূরঃ প্রত্যভিজ্ঞায় বিস্মিতঃ।
সোঽচিন্তয়দ্রথাচ্ছ্রীত্রং কথমত্রাগতাবিতি ॥৪৩
বিবক্ষোঃ স্তম্ভয়ামাস বাচং তস্য জনার্দ্দনঃ।
ততো নিষ্ক্রম্য সলিলাদ্ রথমভ্যাগতঃ পুনঃ ॥৪৪
দদর্শ তত্র চৈবোভৌ রথস্থোপর্য্যধিষ্ঠিতৌ।
রাম-কৃষ্ণৌ যথাপূর্ব্বং মনুষ্যবপুষান্বিতৌ ॥৪৫
নিমগ্নশ্চ ততস্তোয়ে স দদর্শ তথৈব তৌ।
সংস্তূয়মানৌ গন্ধর্ব্ব-মুনি-সিদ্ধ-মহোরগৈঃ ॥৪৬
ততো বিজ্ঞাতসদ্ভাবঃ স তু দানপতিস্তথা।
তুষ্টাব সর্ব্ববিজ্ঞানময়মচ্যুতমীশ্বরম্ ॥৪৭

ইন্দ্রধনু ও বিদ্যুন্মালা-শোভিত মেঘের ন্যায় বিরাজমান রহিয়াছেন ।৩৬-৪১

অক্রূর আরও দেখিলেন যে, সেই জলমধ্যেই সিদ্ধযোগ ও নিষ্পাপ সনন্দনাদি মুনিগণ নাসিকার অগ্রভাগে দৃষ্টি রাখিয়া শ্রীকৃষ্ণের সেই মূর্ত্তি চিন্তা করিতেছেন ।৪২

তখন অক্রূর বলভদ্র ও কৃষ্ণকে ভগবদ্ভাবে জানিতে পারিয়া বিস্মিতান্তঃকরণে চিন্তা করিতে লাগিলেন যে, ইঁহারা রথ ছাড়িয়া এখানে কি প্রকারে আগমন করিলেন ? ৪৩

এই ভাবিয়া অক্রূর কিছু বলিতে ইচ্ছুক হইলেন, তখন জনার্দ্দন তাঁহার বাক্য স্তম্ভন (রোধ) করিলেন। অনন্তর অক্রূর জল হইতে নির্গত হইয়া পুনর্ব্বার রথের নিকট উপস্থিত হইলেন ।৪৪

তিনি সেখানে দেখিলেন যে, রাম ও কৃষ্ণ উভয়েই পূর্ব্বের ন্যায় মনুষ্যশরীরে রথের উপরে অধিষ্ঠান করিতেছেন ।৪৫

অনন্তর অক্রূর পুনর্ব্বার জলে নিমগ্ন হইয়াও দেখিলেন যে, রাম ও কৃষ্ণ (পূর্ব্বে যেমন দেখিয়াছিলেন, এক্ষণেও সেইরূপ) বিরাজমান রহিয়াছেন এবং মুনি, গন্ধর্ব্ব, সিদ্ধ ও সর্পগণ সকলে তাঁহার স্তব করিতেছেন ।৪৬

তখন দানপতি অক্রূর পরমার্থ অবগত হইয়া সর্ব্ববিজ্ঞানময় ঈশ্বর অচ্যুতকে স্তব করিতে লাগিলেন ।৪৭

অক্রূর বলিলেন,—যিনি সন্মাত্ররূপী, যাঁহার মহিমা অচিন্ত্য, যিনি সর্ব্বব্যাপক, যিনি অনেক অথচ একরূপী, সেই পরমাত্মাকে নমস্কার ।৪৮

হে অচিন্ত্য ! সত্ত্বরূপী তোমাকে নমস্কার, হবিঃস্বরূপী তোমাকে নমস্কার। হে প্রভো ! তুমি প্রকৃতি হইতে পর (শ্রেষ্ঠ) ও অবিজ্ঞেয়রূপ, তোমাকে নমস্কার করি ।৪৯

তুমি ভূতস্বরূপ, ইন্দ্রিয়স্বরূপ ও প্রধান (প্রকৃতি)-স্বরূপ ; তুমি আত্মা, তুমিই পরমাত্মা। হে প্রভো ! তুমি এক হইয়াও আত্মা, পরমাত্মা, ভূতাত্মা, ইন্দ্রিয়াত্মা ও প্রধানা (প্রকৃত্যা)ত্মা—এই পাঁচ প্রকারে অবস্থিতি করিতেছ ।৫০

হে সর্ব্ব ! হে সর্ব্বাত্মন্ ! হে ক্ষরাক্ষরময় ! হে ঈশ্বর ! তুমি প্রসন্ন হও। হে ভগবন্ ! ব্রহ্মা, বিষ্ণু ও শিবাদিরূপ কল্পনা করিয়া তোমার স্তব করিতেছি, তুমি প্রসন্ন হও ।৫১

হে পরমেশ্বর ! তোমার স্বরূপ, প্রয়োজন ও নাম বাক্য দ্বারা নির্দ্দেশ করা যায় না, হে প্রভো ! তোমাকে নমস্কার ।৫২

ন যত্র নাথ বিন্যস্তে নামজাত্যাদিকল্পনাঃ।
তদ্‌ব্রহ্ম পরমং নিত্যমবিকারি ভবানজঃ ॥৫৩
ন কল্পনামৃতেঽর্থস্য সর্ব্বস্যাধিগমো যতঃ।
ততঃ কৃষ্ণাচ্যুতানন্ত বিষ্ণুসংজ্ঞাভিরীড্যতে ॥৫৪
সর্ব্বার্থস্ত্বমজ বিকল্পনাভিরেতদ্
দেবাদ্যং জগদখিলং ত্বমেব বিশ্বম্।
বিশ্বাত্মংস্ত্বমিতি বিকারভাবহীনঃ
সর্ব্বস্মিন্ ন হি ভবতোঽস্তি কিঞ্চিদন্যৎ (ক) ॥৫৫
ত্বং ব্রহ্মা পশুপতিরর্য্যমা বিধাতা
ধাতা ত্বং ত্রিদশপতিঃ সমীরণোঽগ্নিঃ।
তোয়েশো ধনপতিরন্তকস্ত্বমেকো
ভিন্নার্থৈর্ভগবপি পাসি শক্তিভেদৈঃ ॥৫৬
বিশ্বং ভবান্ সৃজতি সূর্য্যগভস্তিরূপো
বিশ্বঞ্চ তে গুণময়োঽয়মজ প্রপঞ্চঃ।
রূপং পরং সদিতি বাচকমক্ষরং যত্-
জ্ঞানাত্মনে সদসতে প্রণতোঽস্মি তস্মৈ ॥৫৭
ওঁ নমো বাসুদেবায় নমঃ সঙ্কর্ষণায় তে।
প্রদ্যুম্নায় নমস্তভ্যমনিরুদ্ধায় তে নমঃ ॥৫৮

ইতি বিষ্ণুপুরাণে পঞ্চমাংশে অষ্টাদশঃ অধ্যায়ঃ ॥

হে নাথ! হে অজ (জন্মরহিত)! যাহাতে নাম জাতি প্রভৃতির কল্পনা নাই, তুমি সেই নিত্য অবিকারী পরম ব্রহ্ম ।৫৩

হে প্রভো! কল্পনা ব্যতিরেকে সকল পদার্থেরই জ্ঞান হয় না বলিয়াই, তোমাকে কৃষ্ণ বিষ্ণু অচ্যুত প্রভৃতি নাম নির্দ্দেশ করত উপাসনা করিয়া থাকি ।৫৪

হে অজ! তুমিই সকল পদার্থস্বরূপ এবং তুমিই বিকল্পনাময় এই দেবাদি অখিল জগৎস্বরূপ। হে বিশ্বাত্মন্! তুমি বিকারভাব-হীনরূপে সকল পদার্থেই অবস্থিত, তোমা ব্যতিরিক্ত অন্য কোন পদার্থই সত্য নহে ।৫৫

তুমি ব্রহ্মা, তুমি পশুপতি (শিব), তুমি সূর্য্য, তুমি বিধাতা, তুমি ধাতা, তুমি দেবরাজ ইন্দ্র, তুমি সমীরণ (বায়ু), তুমি অগ্নি, তুমি বরুণ এবং তুমিই কুবের ও যম; হে ভগবন্! এক হইয়াও তুমি এই সকল শক্তিভেদে বিভিন্নরূপ ধারণ করত জগৎকে প্রতিপালন করিতেছ ।৫৬

হে ভগবন্! তুমি সূর্য্যকিরণরূপে বিশ্বসৃজন করিতেছ। হে অজ! এই বিশ্ব তোমারই গুণময় প্রপঞ্চস্বরূপ। যে অক্ষর পরমব্রহ্মরূপও তোমার বাচক, সেই ওঙ্কাররূপী জ্ঞানময় ও সদসদ্‌রূপী তোমাকে নমস্কার ।৫৭

বাসুদেবকে নমস্কার; সঙ্কর্ষণরূপী তোমাকে নমস্কার প্রদ্যুম্ন ও অনিরুদ্ধস্বরূপী তোমাকে নমস্কার ।৫৮

পাঠান্তর :—(ক)
সর্ব্বার্থস্ত্বমজ বিকল্পনাভিরেতৈর্যৎকৈর্ভবতি হি যৈরনন্তবিশ্বম্।
বিশ্বাত্মা ত্বমিতি বিকারহীনমেতৎ সর্ব্বস্মিন্ হি ভবতোঽস্তি
কিঞ্চিদন্যৎ ॥

বিষ্ণুপুরাণের পঞ্চমাংশে অষ্টাদশ অধ্যায় সমাপ্ত।

ঊনবিংশঃ অধ্যায়ঃ

[শ্রীকৃষ্ণস্য রজকবধঃ, মালাকারগৃহে প্রবেশশ্চ।]

পরাশর উবাচ।

এবমন্তর্জলে বিষ্ণুমভিষ্টূয় স যাদবঃ।
অর্চ্চয়ামাস সর্ব্বেশং পুষ্পৈর্ধূপৈর্মনোরমৈঃ ॥১
পরিত্যক্তান্যবিষয়ো মনস্তত্র নিবেশ্য সঃ।
ব্রহ্মভূতে চিরং স্থিত্বা বিররাম সমাধিতঃ ॥২
কৃতকৃত্যমিবাত্মানং মন্যমানো মহামতিঃ।
আজগাম রথং ভূয়ো নির্গম্য যমুনাম্ভসঃ ॥৩
রামকৃষ্ণৌ চ দদৃশে যথাপূর্ব্বং রথে স্থিতৌ।
বিস্মিতাক্ষস্তদাক্রূরস্তঞ্চ কৃষ্ণোঽভ্যভাষত ॥৪
নূনং তে দৃষ্টমাশ্চর্য্যমক্রূর যমুনাজলে।
বিস্ময়োৎফুল্লনয়নো ভবান্ সংলক্ষ্যতে যতঃ ॥৫

অক্রূর উবাচ।

অন্তর্জলে যদাশ্চর্য্যং দৃষ্টং তত্র ময়াচ্যুত।
তদত্রাপি হি পশ্যামি মূর্ত্তিমৎ পুরতঃ স্থিতম্ ॥৬
জগদেতন্মহাশ্চর্য্যং রূপং যস্য মহাত্মনঃ।
তেনাশ্চর্য্যবরেণাহং ভবতা কৃষ্ণ সঙ্গতঃ ॥৭
তৎ কিমেতেন মথুরাং ব্রজামো মধুসূদন।
বিভেমি কংসাদ্বিগ্নজন্ম পরপিণ্ডোপজীবিনাম্ ॥৮
ইত্যুক্ত্বা চোদয়ামাস তান্ হয়ান্ বাতরংহসঃ।
সম্প্রাপ্তশ্চাতিসায়াহ্নে সোঽক্রূরো মথুরাং পুরীম্ ॥৯
বিলোক্য মথুরাং কৃষ্ণং রামঞ্চাহ স যাদবঃ।
পদ্ভ্যাং যাতং মহাবীর্য্যৌ রথেনৈকো বিশাম্যহম্ ॥১০

ঊনবিংশ অধ্যায়

[শ্রীকৃষ্ণের রজকবধ ও মালাকার গৃহে প্রবেশ।]

পরাশর বলিলেন,—যদুবংশোৎপন্ন অক্রূর পূর্ব্বোক্ত প্রকারে জলমধ্যে বিষ্ণুর স্তব করিয়া, পরে মনোরম পুষ্প ও ধূপ দ্বারা সর্ব্বেশ্বরের অর্চ্চনা করিতে লাগিলেন।১

অক্রূর অন্য বিষয়-চিন্তা পরিত্যাগপূর্ব্বক পরমাত্মাতে মনোনিবেশ করত বহুক্ষণ ব্রহ্মরূপে মগ্ন হইয়া অবস্থান করিলেন, পরে বহুক্ষণ অতীত হইলে সমাধি হইতে বিরত হইলেন।২

অনন্তর মহামতি অক্রূর নিজেকে কৃতকৃত্যের ন্যায় বিবেচনা করিয়া যমুনাজল হইতে নির্গমন করত পুনর্ব্বার রথের নিকট আগমন করিলেন।৩

রথসমীপে আগমন করত অক্রূর রাম ও কৃষ্ণকে পূর্ব্বের ন্যায় অবস্থিত দেখিলেন। বিস্ময়োৎফুল্লনেত্রে অক্রূরকে দণ্ডায়মান দেখিয়া কৃষ্ণ তাঁহাকে বলিলেন।৪

হে অক্রূর! নিশ্চয়ই তুমি যমুনাজলে কিছু আশ্চর্য্য দেখিয়াছ, যেহেতু তোমার নয়নদ্বয় বিস্ময়ে উৎফুল্ল দেখিতেছি।৫

তখন অক্রূর বলিলেন,—হে অচ্যুত! জলমধ্যে আমি যে আশ্চর্য্য অবলোকন করিয়াছি, এখানেও অগ্রভাগে তাহাই মূর্ত্তিমৎ দেখিতেছি।৬

হে কৃষ্ণ! এই মহাশ্চর্য্য জগৎ যে মহাত্মার রূপ, সেই আশ্চর্য্যশ্রেষ্ঠ আপনার সহিত আমি সমাগত হইয়াছি।৭

হে মধুসূদন! এই সকল আশ্চর্য্য বিষয় লইয়া আন্দোলন করিয়া কোন ফল নাই; চলুন—মথুরায় গমন করি। আমি কংসকে ভয় করিয়া থাকি, পরপিণ্ডোপজীবীদিগের (অপরের দেওয়া অন্নে প্রাণধারীদিগের) জন্মকেই ধিক্।৮

এই কথা বলিয়া অক্রূর বায়ুতুল্য বেগবান্ অশ্বগণকে শীঘ্র গতিতে চালনা করিতে লাগিলেন, পরে সায়াহ্নকালে মথুরাপুরীতে উপস্থিত হইলেন।৯

যাদব অক্রূর মথুরার দিকে তাকাইয়া কৃষ্ণ ও বলরামকে বলিলেন যে, আপনারা মহাবলশালী,

গন্তব্যং বসুদেবস্য ভবদ্ভ্যাং ন তথা গৃহম্ ।
যুবয়োর্হি কৃতে বৃদ্ধঃ স কংসেন নিরস্যতে ॥১১

পরাশর উবাচ ।

ইত্যুক্ত্বা প্রবিবেশাথ সোঽক্রূরো মথুরাং পুরীম্ ।
প্রবিষ্টৌ রামকৃষ্ণৌ চ রাজমার্গমুপাগতৌ ॥১২

স্ত্রীভির্নরৈশ্চ সানন্দং লোচনৈরভিবীক্ষিতৌ ।
জগ্মতুর্লীলয়া বীরৌ দৃপ্তৌ বালগজাবিব ॥১৩

ভ্রমমাণৌ তু তৌ দৃষ্ট্বা রজকং রঙ্গকারকম্ ।
অযাচেতাং স্বরূপাণি বাসাংসি রুচিরাননৌ ॥১৪

কংসস্য রজকঃ সোঽথ প্রসাদারূঢ়বিস্ময়ঃ ।
বহূন্যাক্ষেপবাক্যানি প্রাহোচ্চৈ রাম-কেশবৌ ॥১৫

ততস্তলপ্রহারেণ কৃষ্ণস্তস্য দুরাত্মনঃ ।
পাতয়ামাস কোপেন রজকস্য শিরো ভুবি ॥১৬

হৃত্বাদায় চ বস্ত্রাণি পীতনীলাম্বরৌ ততঃ ।
কৃষ্ণ-রামৌ মুদা যুক্তৌ মালাকারগৃহং গতৌ ॥১৭

বিকাশিনেত্রযুগলৌ মালাকারোঽতিবিস্মিতঃ ।
এতৌ কস্য কুতো বৈতৌ মৈত্রেয়াচিন্তয়ৎ তদা ॥১৮

পীতনীলাম্বরধরৌ তৌ দৃষ্ট্বাতিমনোহরৌ ।
স তর্কয়ামাস তদা ভুবং দেবাবুপাগতৌ ॥১৯

বিকাশিমুখপদ্মাভ্যাং তাভ্যাং পুষ্পাণি যাচিতঃ ।
ভুবং বিষ্টভ্য হস্তাভ্যাং পস্পর্শ শিরসা মহীম্ ॥২০

প্রসাদপরমৌ নাথৌ মম গেহমুপাগতৌ ।
ধন্যোঽহমর্চয়িষ্যামীত্যাহ তৌ মাল্যজীবকঃ ॥২১

ততঃ প্রহৃষ্টবদনস্তয়োঃ পুষ্পাণি কামতঃ ।
চারুণ্যেতান্যথৈতানি প্রদদৌ স বিলোভয়ন্ ॥২২

পুনঃ পুনঃ প্রণম্যাদৌ মালাকারো নরোত্তমৌ ।
দদৌ পুষ্পাণি চারূণি গন্ধবন্ত্যমলানি চ ॥২৩

অতএব পদব্রজেই গমন করুন। আমি একাকী রথারোহণে নগরীতে প্রবেশ করি ।১০

আপনারা বসুদেবের গৃহে গমন করিবেন না; কারণ, আপনাদের জন্য ঐ বৃদ্ধ সর্ব্বদাই কংসকর্ত্তৃক তিরস্কৃত হইতেছেন ।১১

পরাশর বলিলেন,—অক্রূর এই কথা বলিয়া নগরে প্রবেশ করিলে পর, কৃষ্ণ ও বলভদ্র মথুরাপুরীতে প্রবেশকরত রাজমার্গে উপস্থিত হইলেন ।১২

অনন্তর স্ত্রী-পুরুষগণ কর্ত্তৃক নেত্রদ্বারা আনন্দসহকারে দৃষ্ট হইতে হইতে দুই বীর দৃপ্ত বালগজ (শিশুহস্তি-)দ্বয়ের ন্যায় স্বচ্ছন্দে গমন করিতে লাগিলেন ।১৩

রাজপথে ইতস্ততঃ ভ্রমণকারী সুন্দরমুখ রাম ও কৃষ্ণ পথে একজন রঙ্গকারক রজককে দেখিতে পাইয়া, তাহার নিকট সুন্দর বস্ত্র সকল প্রার্থনা করিলেন ।১৪

ঐ রজক কংসের দাস ছিল, সুতরাং সে তাহার প্রসাদে আরোহণ করিয়া বিস্ময় সহকারে রাম ও কৃষ্ণকে উচ্চৈঃস্বরে বহুতর গালাগালি দিল ।১৫

তখন কৃষ্ণ সেই দুরাত্মা রজকের প্রতি ক্রোধসহকারে করতল প্রহার দ্বারা তাহার মস্তক বিখণ্ডিত করিয়া ভূমিতে পাতিত করিলেন ।১৬

তাহাকে বধ করিয়া নানাবিধ বস্ত্র গ্রহণ করত রাম ও কৃষ্ণ নীল ও পীত বস্ত্র যথাক্রমে পরিধানপূর্ব্বক অতিশয় হৃষ্টান্তঃকরণে মালাকারগৃহে গমন করিলেন ।১৭

হে মৈত্রেয়! সেই প্রফুল্লনেত্রযুগল রাম ও কৃষ্ণকে দেখিয়া মালাকার অতি বিস্মিতভাবে চিন্তা করিতে লাগিল যে, "ইঁহারা কাহার পুত্র এবং কোথা হইতেই বা এখানে আসিলেন"? ১৮

পীত ও নীলবস্ত্রধারী এবং অতি মনোহরাকৃতি সেই দুইজনকে অবলোকন করিয়া মালাকার ভাবিল,—বুঝি, দুইজন দেবতা পৃথিবীতে উপস্থিত হইয়াছেন ।১৯

অনন্তর বিকসিতমুখপঙ্কজ রাম ও কৃষ্ণ তাহার নিকট পুষ্প সকল প্রার্থনা করিলে পর, মালাকার হস্তদ্বয়ে ভূমি আলিঙ্গনপূর্ব্বক মস্তক দ্বারা মহী স্পর্শ করিয়া অর্থাৎ সাষ্টাঙ্গ হইয়া প্রণাম করিল এবং বলিল,—হে নাথদ্বয়! আমি ধন্য হইলাম, যেহেতু আপনারা প্রসন্নমুখে আমার

মালাকারায় কৃষ্ণোঽপি প্রসন্নঃ প্রদদৌ বরান্ ।
শ্রীস্ত্বাং মৎসংশ্রয়া ভদ্র ন কদাচিৎ প্রহাস্যতি ॥২৪
বলহানির্ন তে সৌম্য ধনহানিস্তথৈব চ ।
যাবদ্দিনানি তাবচ্চ ন নশিষ্যতি সন্ততিঃ ॥২৫
ভুক্ত্বা চ বিপুলান্ ভোগাংস্তমন্তে মৎপ্রসাদজম্ ।
মমানুস্মরণং প্রাপ্য দিব্যং লোকমবাপ্স্যসি ॥২৬
ধর্ম্মে মনশ্চ তে ভদ্র সর্ব্বকালং ভবিষ্যতি ।
যুষ্মৎসন্ততিজাতানাং দীর্ঘমায়ুর্ভবিষ্যতি ॥২৭

নোপসর্গাদিকং দোষং যুষ্মৎসন্ততিসম্ভবঃ ।
সম্প্রাপ্স্যতি মহাভাগ যাবৎ সূর্য্যো ধরিষ্যতি ॥২৮

পরাশর উবাচ ।

ইত্যুক্ত্বা তদ্গৃহাৎ কৃষ্ণো বলদেবসহায়বান্ ।
নির্জ্জগাম মুনিশ্রেষ্ঠ মালাকারেণ পূজিতঃ ॥২৯

ইতি বিষ্ণুপুরাণে পঞ্চমাংশে ঊনবিংশঃ অধ্যায়ঃ ॥

গৃহে উপস্থিত হইয়াছেন, আপনাদিগকে অদ্য পূজা করিতে পারিব ।২০-২১

অনন্তর মালাকার প্রহৃষ্টবদনে তাঁহাদের ইচ্ছানুসারে "এই ফুল সুন্দর, ইহা আরও সুন্দর"—এই রূপে প্রলোভিত করাইয়া নানাপ্রকার মনোহর পুষ্প প্রদান করিল। মালাকার বারংবার সেই শ্রেষ্ঠপুরুষদ্বয়কে প্রণাম করিয়া গন্ধযুক্ত নির্ম্মল ও চারু পুষ্পসমূহ প্রদান করিতে লাগিল ।২২-২৩

তখন শ্রীকৃষ্ণ প্রসন্ন হইয়া মালাকারকে বর প্রদান করিলেন,—হে ভদ্র! আমার বক্ষঃস্থিতা শ্রী তোমাকে কখনই পরিত্যাগ করিবে না ।২৪

হে সৌম্য! তোমার বল ও ধনহানি হইবে না এবং যতকাল পর্য্যন্ত চন্দ্রসূর্য্য উদিত হইবে, ততদিন পর্য্যন্ত তোমার বংশ নাশ হইবে না। তুমি ইহকালে বিপুল ভোগ প্রাপ্ত হইবে এবং অন্তকালেও আমার প্রসাদে আমার চিন্তা করত দেহত্যাগ করিয়া দিব্যলোক প্রাপ্ত হইবে ।২৫-২৬

হে ভদ্র! তোমার মন সকল সময়েই ধর্ম্মপরায়ণ হইবে এবং তোমার বংশে যাহারা জন্মগ্রহণ করিবে, তাহারা দীর্ঘজীবী হইবে ।২৭

হে মহাভাগ! যতদিন পর্য্যন্ত সূর্য্য অবস্থিতি করিবেন, ততকাল পর্য্যন্ত তোমার বংশজাত কোন ব্যক্তি উপসর্গাদি (আকস্মিক রোগাদি) দোষ প্রাপ্ত হইবে না ।২৮

পরাশর বলিলেন,—হে মুনিশ্রেষ্ঠ! কৃষ্ণ মালাকারকে এই প্রকারে বর প্রদানপূর্ব্বক মালাকার কর্ত্তৃক পূজিত হইয়া বলভদ্রের সহিত তাহার গৃহ হইতে নিষ্ক্রান্ত হইলেন ।২৯

বিষ্ণুপুরাণের পঞ্চমাংশে ঊনবিংশ অধ্যায় সমাপ্ত।

বিংশঃ অধ্যায়ঃ

[শ্রীকৃষ্ণস্য কুব্জানুগ্রহঃ, ধনুঃশালাপ্রবেশঃ, কংসবধশ্চ ।]

পরাশর উবাচ ।

রাজমার্গে ততঃ কৃষ্ণঃ সানুলেপনভাজনাম্ ।
দদর্শ কুব্জামায়ান্তীং নবযৌবনগোচরাম্ ॥১
তামাহ ললিতং কৃষ্ণঃ কস্যেদমনুলেপনম্ ।
ভবত্যা নীয়তে সত্যং বদেন্দীবরলোচনে ॥২
সকামেনেব সা প্রোক্তা সানুরাগা হরিং প্রতি ।
প্রাহ সা ললিতং কুব্জা তদ্দর্শনবলাৎকৃতা ॥৩
কান্ত কস্মান্ন জানাসি কংসেনাভিনিযোজিতাম্ ।
নৈকবক্ত্রেতি বিখ্যাতামনুলেপনকর্ম্মণি ॥৪
নান্যলিপ্তং হি কংসস্য প্রীতয়ে হ্যনুলেপনম্ ।
ভবাম্যহমতীবাস্য প্রসাদধনভাজনম্ ॥৫

শ্রীকৃষ্ণ উবাচ ।

সুগন্ধমেতদ্রাজার্হং রুচিরং রুচিরাননে ।
আবয়োর্গাত্রসদৃশং দীয়তামনুলেপনম্ ॥৬

পরাশর উবাচ ।

শ্রুত্বৈতদাহ সা কুব্জা গৃহ্যতামিতি সাদরম্ ।
অনুলেপঞ্চ প্রদদৌ গাত্রযোগ্যমথোভয়োঃ ॥৭
ভক্তিচ্ছেদানুলিপ্তাঙ্গৌ ততস্তৌ পুরুষর্ষভৌ ।
সেন্দ্রচাপৌ বিরাজেতাং সিতকৃষ্ণাবিবাম্বুদৌ ॥৮
ততস্তাং চিবুকে শৌরিরুল্লাপনবিধানবিৎ ।
উৎপাট্য তোলয়ামাস ব্যঙ্গুলেনাগ্রপাণিনা (ক) ॥৯

বিংশ অধ্যায়

[শ্রীকৃষ্ণের কুব্জানুগ্রহ, ধনুঃশালাপ্রবেশ এবং কংসবধ ।]

পরাশর বলিলেন,—অনন্তর রাজপথে কৃষ্ণ একটী কুব্জা নারীকে আগমন করিতে দেখিলেন। ঐ নারী নবযৌবনসম্পন্না এবং তাহার হস্তে চন্দনাদি অনুলেপনের পাত্র ছিল ।১

কৃষ্ণ মনোহর স্বরে তাহাকে বলিলেন যে, হে ইন্দীবরলোচনে! এই অনুলেপন তুমি কাহার জন্য লইয়া যাইতেছ, তাহা সত্য করিয়া বল ।২

কৃষ্ণ সানুরাগের ন্যায় এই কথা বলিলে পর, হরিদর্শনে আকৃষ্টচিত্তা কুব্জা হরির প্রতি অনুরাগ-ভরে মধুরভাবে বলিল,—হে কান্ত! আপনি কি আমায় জানেন না?—আমি অনেকবক্ত্রা নামে বিখ্যাত, কংস আমাকে অনুলেপন-কর্ম্মে নিযুক্ত করিয়াছেন ।৩-৪

অন্য কেহ অনুলেপন সেবন করিয়া দিলে কংসের মনোনীত হয় না, সেইজন্য আমি তাঁহার এই বিষয়ে অত্যন্ত কৃপাপাত্রী ।৫

শ্রীকৃষ্ণ বলিলেন,—হে সুবদনে! এই মনোহর রাজযোগ্য সুগন্ধ অনুলেপন আমাদের গাত্রে মাখিবার উপযুক্ত, অতএব তুমি ইহা আমাদিগকে প্রদান কর ।৬

পরাশর বলিলেন,—কৃষ্ণের এই প্রকার বাক্য শ্রবণ করিয়া আদরের সহিত কুব্জা 'গ্রহণ কর' এই কথা বলিল এবং উভয়ের গাত্রযোগ্য অনুলেপন প্রদান করিল ।৭

অনন্তর পুরুষশ্রেষ্ঠ বলভদ্র ও কৃষ্ণ নানা প্রকার রচনা-পারিপাট্যের সহিত চন্দনাদি লেপন করিয়া ইন্দ্রধনুযুক্ত দুই খণ্ড শুভ্র ও কৃষ্ণবর্ণ মেঘের ন্যায় শোভা পাইতে লাগিলেন ।৮

অনন্তর উল্লাপন-বিধানে অভিজ্ঞ * শৌরি স্বকীয় হস্তের মধ্যমা ও তর্জ্জনী অঙ্গুলি দ্বারা কুব্জার চিবুক ধারণপূর্ব্বক ঊর্দ্ধদেশে চালিত করিয়া তাহা উত্তোলিত করিলেন এবং চরণদ্বয় দ্বারা তাহার চরণদ্বয়ে চাপিয়া ঊর্দ্ধে আকর্ষণ করিলেন। এই প্রকারে কেশব তাহাকে

পাঠান্তর :—(ক)—ব্যঙ্গুষ্ঠেনাগ্রপাণিনা।

* উল্লাপন-বিধান অর্থাৎ যে প্রকারে বক্র-বস্তুকে সরল করা যায়।

চকর্ষ পন্থাঞ্চ তদা ঋজুত্বং কেশবোঽনয়ৎ।
ততঃ সা ঋজুতাং প্রাপ্তা যোষিতামভবদ্ বরা ॥৯
বিলাসললিতং প্রাহ প্রেমগর্ভভরালসম্।
বস্ত্রে প্রগৃহ্য গোবিন্দং ব্রজ গেহং মমেতি বৈ ॥১১
আযাস্তে ভবতীগেহমিতি তাং প্রহসন্ হরিঃ।
বিসসর্জ্জ জহাসোচ্চৈঃ রামস্যালোক্য চাননম্ ॥১২
ভক্তিচ্ছেদানুলিপ্তাঙ্গৌ নীলপীতাম্বরৌ চ তৌ।
ধনুঃশালাং ততো যাতৌ চিত্রমাল্যোপশোভিতৌ ॥১৩
আযাগঞ্চ ধনুরত্নং তাভ্যাং পৃষ্টৈশ্চ রক্ষিভিঃ।
আখ্যাতে সহসা কৃষ্ণো গৃহীত্বাপূরয়দ্ধনুঃ ॥১৪
ততঃ পূরয়তা তেন ভজ্যমানং বলাদ্ধনুঃ।
চকার সুমহাশব্দং মথুরা যেন পূরিতা ॥১৫

সরলশরীর করিয়া দিলে, সে রূপে সকল স্ত্রীলোক অপেক্ষা শ্রেষ্ঠ হইয়া উঠিল।৯-১০

অনন্তর কুব্জা প্রেমপূর্ণভাবে ধীরে ধীরে ভগবানের বস্ত্র আকর্ষণ করত বিলাসমনোহরস্বরে গোবিন্দকে বলিল যে, আপনি আমার গৃহে চলুন।১১

তখন হরি হাস্য করিতে করিতে "তোমার গৃহে কিছু পরে গমন করিব" কুব্জাকে এই কথা বলিয়া বিদায় দিলেন এবং বলরামের মুখের দিকে চাহিয়া উচ্চৈঃস্বরে হাস্য করিলেন।১২

তারপর রচনা-নৈপুণ্যে চন্দনলেপন করিয়া নীল ও পীতবস্ত্রধারী, বিচিত্র মাল্যে সুশোভিত রাম এবং কৃষ্ণ ধনুঃশালাতে (যজ্ঞে পূজার উদ্দেশে যে গৃহে ধনু রক্ষিত আছে) গমন করিলেন।১৩

তথায় যজ্ঞের উদ্দেশ্যে রক্ষিত ধনুশ্রেষ্ঠ কোথায় আছে" রক্ষিগণকে এই কথা জিজ্ঞাসা করিবার পর রক্ষিগণ ধনুঃস্থান নির্দ্দেশ করিলে, কৃষ্ণ সেখানে গমনপূর্ব্বক সবলে ধনু গ্রহণ করিয়া জ্যাপূরিত (গুণবন্ধন)

* কোন কোন গ্রন্থে ১১ শ্লোকের পর নিম্নলিখিত শ্লোকটি অতিরিক্ত দেখা যায়,—

এবমুক্ত্বা শৌরী রামস্যালোক্য চাননম্।
প্রহস্য কুব্জাং তামাহুনৈকবক্রামবিস্থিতাম্॥

অনুযুক্তৌ ততস্তৌ তু ভগ্নে ধনুষি রক্ষিভিঃ।
রক্ষিসৈন্যং নিহত্যোভৌ নিষ্ক্রান্তৌ কার্ম্মুকালয়াৎ ॥১৬
অক্রূরাগমবৃত্তান্তমুপলভ্য তথা ধনুঃ।
ভগ্নং শ্রুত্বাথ কংসোঽপি প্রাহ চাণূর-মুষ্টিকৌ ॥১৭

কংস উবাচ।

গোপালদারকৌ প্রাপ্তৌ ভবদ্ভ্যাং তৌ মমাগ্রতঃ।
মল্লযুদ্ধেন হন্তব্যৌ মম প্রাণহরৌ হি তৌ ॥১৮
নিযুদ্ধে তদ্বিনাশেন ভবদ্ভ্যাং তোষিতো হ্যহম্।
দাস্যাম্যভিমতান্ কামান্ নান্যথৈতন্মহাবলৌ ॥১৯
ন্যায়তোঽন্যায়তো বাপি ভবদ্ভ্যাং তৌ মমাহিতৌ।
হন্তব্যৌ তদ্বধাদ্রাজ্যং সামান্যং নো ভবিষ্যতি ॥২০

করিলেন। তারপর কৃষ্ণ সবলে সেই ধনুতে জ্যারোপণ করিবামাত্র সেই ধনু ভাঙ্গিয়া গেল এবং তখন সেই ধনুর্ভঙ্গের শব্দে মথুরানগরী পূরিত হইল।১৪-১৫

অনন্তর ধনু ভগ্ন হইলে রক্ষিগণ আসিয়া তাঁহাদিগকে আক্রমণ করিল; তখন তাঁহারা উভয়ে সেই সকল রক্ষিসৈন্যকে বিনাশ করিয়া ধনুশালা হইতে নির্গত হইলেন।১৬

কংস অক্রূরের আগমন-বৃত্তান্ত পাইয়া ও ধনুর্ভঙ্গের কথা শ্রবণ করিয়া চাণূর ও মুষ্টিক নামে দুই মল্লকে বলিল।১৭

কংস বলিলেন,—গোকুল হইতে গোপাল বালকদ্বয় উপস্থিত হইয়াছে। তোমরা দুইজনে আমার সম্মুখে সেই বালকদ্বয়কে বিনাশ কর; কারণ, ঐ বালকদ্বয় জীবিত থাকিলে আমার প্রাণ হরণ করিবে।১৮

হে মহাবল চাণূর-মুষ্টিক! তোমরা মল্লযুদ্ধে সেই বালকদ্বয়কে বিনাশ করিয়া আমাকে তুষ্ট করিতে পারিলে, আমি তোমাদিগকে অভিমত ভোগ প্রদান করিব, ইহার অন্যথা হইবে না।১৯

আমার অনিষ্টকারী সেই মহাবলশালী বালকদ্বয়কে ন্যায় অথবা অন্যায় যুদ্ধে যে প্রকারে পার বিনাশ করিও। তাহাদিগকে বধ করিতে পারিলে, এই রাজ্য আমাদের সাধারণ ধন হইবে।২০

ইত্যাজ্ঞাপ্য স তৌ মল্লৌ তত আহূয় হস্তিপম্ ।
প্রোবাচোচ্চৈস্ত্বয়া মেঽদ্য সমাজদ্বারি কুঞ্জরঃ ॥২১
স্থাপ্যঃ কুবলয়াপীড়স্তেন তৌ গোপদারকৌ ।
ঘাতনীয়ৌ নিযুদ্ধায় রঙ্গদ্বারমুপাগতৌ ॥২২
তমথাজ্ঞাপ্য দৃষ্ট্বা চ মঞ্চান্ সর্ব্বানুপাকৃতান্ ।
আসন্নমরণঃ কংসঃ সূর্য্যোদয়মুদৈক্ষত ॥২৩
ততঃ সমস্তমঞ্চেষু নাগরাঃ স তদা জনঃ ।
রাজমঞ্চেষু চারূঢ়াঃ সহামাত্যৈর্মহীভৃতঃ ॥২৪
মল্লপ্রাশ্নিকবর্গশ্চ রঙ্গমধ্যসমীপতঃ ।
কৃতঃ কংসেন কংসোঽপি তুঙ্গমঞ্চে ব্যবস্থিতঃ ॥২৫
অন্তঃপুরাণাং মঞ্চাশ্চ তথান্যে পরিকল্পিতাঃ ।
অন্যে চ বারমুখ্যানামন্যে নাগরযোষিতাম্ ॥২৬
নন্দগোপাদয়ো গোপা মঞ্চেষ্বন্যেষ্ববস্থিতাঃ ।
অক্রূর-বসুদেবৌ চ মঞ্চপ্রান্তে ব্যবস্থিতৌ ॥২৭
নাগরীযোষিতাং মধ্যে দেবকী পুত্রগর্দ্ধিনী ।
অন্তকালেঽপি পুত্রস্য দ্রক্ষ্যামি রুচিরং মুখম্ ॥২৮
বাদ্যমানেষু তূর্য্যেষু চাণূরে চাপি বল্গতি ।
হাহাকারপরে লোকে স্ফোটয়ন্তি মুষ্টিকেও ॥২৯
হত্বা কুবলয়াপীড়ং হস্ত্যারোহপ্রণোদিতম্ ।
মদাসৃগম্বুলিপ্তাঙ্গৌ গজদন্তবরায়ুধৌ ॥৩০
মৃগমধ্যে যথা সিংহৌ পর্ব্বণীলাবিলোকিতৌ ।
প্রবিষ্টৌ রঙ্গমহারঙ্গং বলভদ্রজনার্দ্দনৌ ॥৩১
হাহাকারো মহান্ জজ্ঞে সর্ব্বমঞ্চেষনন্তরম্ ।
কৃষ্ণোঽয়ং বলভদ্রোঽয়মিতি লোকস্য বিস্ময়ঃ ॥৩২
সোঽয়ং যেন হতা ঘোরা পূতনা সা নিশাচরী ।
ক্ষিপ্তশ্চ শকটং যেন ভগ্নৌ চ যমলার্জ্জুনৌ ॥৩৩
সোঽয়ং যঃ কালিয়ং নাগং মমর্দ্দারুহ্য বালকঃ ।
ধৃতো গোবর্দ্ধনো যেন সপ্তরাত্রং মহাগিরিঃ ॥৩৪

কংস এই প্রকারে দুই মল্লযোদ্ধাকে আদেশপূর্ব্বক হস্তিপক(মাহুত)কে আহ্বান করিয়া আদেশ করিল,—তুমি সমাজদ্বারে আমার কুবলয়াপীড় নামক উচ্চ হস্তীকে স্থাপন কর, যুদ্ধের জন্য সেই বালকদ্বয় রঙ্গদ্বারে উপস্থিত হইলে, সেই হস্তী দ্বারা তাহাদিগকে বিনাশ করাইবে ।২১-২২

আসন্নমরণ কংস এই প্রকার আদেশ করিয়া উপকল্পিত মঞ্চসকল অবলোকনপূর্ব্বক সূর্য্যোদয়ের প্রতীক্ষা করিতে লাগিল ।২৩

তারপর সূর্য্যোদয় হইলে, নাগরিকগণ সাধারণ মঞ্চে আরোহণ করিলেন এবং রাজমঞ্চসমূহে অমাত্য সকলের সহিত নৃপতিগণ আরূঢ় হইলেন ।২৪

কংস রঙ্গমধ্যভাগের নিকট যুদ্ধের যোগ্যাযোগ্য-পরীক্ষক ব্যক্তিগণকে নিবেশিত করিয়া স্বয়ং উন্নত মঞ্চের উপর অবস্থিতি করিতে লাগিল ।২৫

সেইখানে অন্তঃপুরস্থ নারীগণের জন্য আরও অনেক মঞ্চ নির্ম্মিত হইয়াছিল এবং নাগরিক-স্ত্রী ও বেশ্যাগণের জন্যও বহুতর মঞ্চ নির্ম্মিত হইয়াছিল ।২৬

কোন ভিন্ন মঞ্চে নন্দগোপ প্রভৃতি গোপগণ এবং তৎসার্থস্থিত মঞ্চে বসুদেব ও অক্রূর অবস্থিতি করিতেছিলেন। দেবকী "মৃত্যুকালেও পুত্রের মনোহর বদন দর্শন করিব" এই আশায় নগরের স্ত্রীগণের মধ্যে অবস্থিতি করিতেছিলেন ।২৭-২৮

---

* কোন কোন গ্রন্থে ২৯ সংখ্যক শ্লোকের পর নিম্নলিখিত শ্লোকগুলি অধিক দেখা যায়,—

ঈষদ্বদন্তৌ তৌ বীরৌ বলভদ্র-জনার্দ্দনৌ ।
গোপবেষধরৌ বালৌ রঙ্গদ্বারমুপাগতৌ ॥১
ততঃ কুবলয়াপীড়ো মহামাত্রপ্রচোদিতঃ ।
অভ্যধাবত বেগেন হন্তুং গোপকুমারকৌ ॥২
হাহাকারো মহান্ জজ্ঞে রঙ্গমধ্যে বিজোত্তম ।
বলদেবোঽথ তং দৃষ্ট্বা বচনং চেদমব্রবীৎ ॥৩

গোপবেশধারী দুই বীর বালক রাম ও কৃষ্ণ উভয়ে ঈষৎ হাস্য সহকারে রঙ্গদ্বারে উপস্থিত হইলেন ।১

তাঁহাদিগকে আসিতে দেখিয়া মাহুত কর্ত্তৃক প্রেরিত কুবলয়াপীড় নামে এক হাতী গোপকুমারযুগলকে বধ করিবার জন্য বেগে তাঁহাদিগের অভিমুখে ধাবিত হইল ।২

হে দ্বিজোত্তম! তাহা দেখিয়া সেই রঙ্গমধ্যে অবস্থিত

অরিষ্টো ধেনুকঃ কেশী লীলয়ৈব মহাত্মনা।
নিহতা যেন দুর্ব্বৃত্তা দৃশ্যতাং সোঽয়মচ্যুতঃ ॥৩৫
অয়ঞ্চাস্য মহাবাহুর্ব্বলভদ্রোঽগ্রজোঽগ্রতঃ।
প্রয়াতি লীলয়া গোষিন্মনোনয়ননন্দনঃ ॥৩৬
অয়ং স কথ্যতে প্রাজ্ঞৈঃ পুরাণার্থাবলোকিভিঃ।
গোপালো যাদবং বংশং মগ্নমভ্যুদ্ধরিষ্যতি ॥৩৭

অনন্তর চতুর্দ্দিকে নানাপ্রকার বাদ্য বাদিত হইতে থাকিলে, মল্ল চাণূর ও মুষ্টিক গর্ব্বিতভাবে বাহুর আস্ফালন করিতে লাগিল। তখন সকল লোকেই চতুর্দ্দিকে হাহাকার করিতে থাকিল।২৯

এই সময় হস্তিপক (মাহুত) প্রেরিত কুবলয়াপীড় নামক হস্তীকে বধ করিয়া সেই হস্তীর দন্তদ্বয়কে হস্তে ধারণ করত মদ ও রক্তে অনুলিপ্তাঙ্গ বলভদ্র ও কৃষ্ণ গর্ব্ব ও লীলা সহকারে অবলোকন করিতে করিতে মৃগমধ্যে সিংহের প্রবেশের ন্যায় সেই সুমহারঙ্গভূমিতে প্রবেশ করিলেন।৩০-৩১

অয়ং স সর্ব্বভূতস্য বিকোরখিলজন্মনঃ।
অবতীর্ণো মহীবংশো নূনং ভারহরো ভুবঃ ॥৩৮
ইত্যেবং বর্ণিতে পৌরে রামে কৃষ্ণে চ তৎক্ষণাৎ।
উরস্তুতাপ দেবক্যাঃ স্নেহস্রুতপয়োধরম্ ॥৩৯
মহোৎসবমিবাদায় পুত্রাননবিলোকনম্।
যুবেব বসুদেবোঽভূদ্ বিহায়াভ্যাগতাং জরাম্ ॥৪০

তখন সকল মঞ্চেই এক প্রকাণ্ড হাহাকার ধ্বনি উত্থিত হইল এবং ইনি কৃষ্ণ ও ইনিই বলভদ্র—এই প্রকার বিস্ময়সূচক শব্দ সকলের মুখ হইতেই শ্রুত হইতে লাগিল। যিনি পূতনাঘাতী ভয়ঙ্করী নিশাচরীকে বিনাশ করিয়াছেন, শকটকে ঘুরে নিক্ষেপ করিয়াছিলেন ও যমলার্জ্জুন নামে প্রকাণ্ড বৃক্ষদ্বয়কে ভগ্ন করিয়াছেন, ইনি সে-ই কৃষ্ণ। যিনি বাল্যকালেই কালিয়নাগে আরোহণ করত নৃত্য করিয়াছিলেন এবং যিনি সপ্তরাত্র পর্য্যন্ত গোবর্দ্ধন নামক মহাপর্ব্বত ধারণ করিয়াছিলেন, ইনিই সে-ই কৃষ্ণ।৩২-৩৪

ভন্তব্যো হি মহাভাগ! নাগোঽয়ং শত্রুচোদিতঃ ॥৪
ইত্যুক্তঃ সোঽগ্রজেনাথ বলদেবেন বৈ দ্বিজ।
সিংহনাদং ততশ্চক্রে মাধবঃ পরবীরহা ॥৫
করেণ করমাস্ফাল্য তস্য কেশিনিসূদনঃ।
ত্রাসয়ামাস তং সৌরিরৈরাবতসমং বলে ॥৬
ঈশোঽপি সর্ব্বভূতানাং বাললীলানুসারতঃ।
ক্রীড়িষ্যন্ সুচিরং কৃষ্ণঃ করিবন্ধপদান্তরে ॥৭

অনন্তর মধ্যে মহা হাহাকার উত্থিত হইল। তখন বলরাম কনিষ্ঠ ভ্রাতা কৃষ্ণের দিকে তাকাইয়া এই কথা বলিলেন।৩

হে মহাভাগ! এই হাতীকে আমাদের শত্রুই পাঠাইয়াছে, অতএব ইহাকে বধ করা উচিত।৪

হে দ্বিজ! জ্যেষ্ঠ ভ্রাতা বলরাম এই কথা বলিলে, শত্রুবীরঘাতী মাধব তখন সিংহনাদ (বীরত্বসূচকধ্বনি) করিতে লাগিলেন।৫

কেশিবিনাশী কৃষ্ণ বলে ঐরাবততুল্য মহাবল সেই হস্তীর শুণ্ড নিজ হস্তে ধরিয়া তাহাকে ঘুরাইতে আরম্ভ করিলেন।৬

ভগবান্ কৃষ্ণ যদিও সম্পূর্ণ জগতের অধিপতি, তথাপি তিনি নিজ বাল্যলীলানুসারে বহু সময় ধরিয়া সেই হস্তীর হস্ত ও পদের

উৎপাট্য বামহস্তং তু দক্ষিণেনৈব পাণিনা।
তাড়য়ামাস বক্ত্রান্তং তস্যাসীজ্জত্রবঃ শিরঃ ॥৮
দক্ষিণং হস্তমুৎপাট্য বলভদ্রোঽপি তৎক্ষণাৎ।
সন্নোদ্যতেন পার্শ্বস্থান্ গজপালানপোথয়ৎ ॥৯
ততস্তূর্ণমুপেত্য বেগেন রৌহিণেয়ো মহাবলঃ।
জঘান দামপাদেন মস্তকে দ্বিপিনং ক্ষয়া ॥১০
স পপাত দ্বিরদেন বলভদ্রেণ লীলয়া।
সহস্রাক্ষেণ বজ্রেণ তাড়িতঃ পর্ব্বতো যথা ॥১১

মধ্যভাগে খেলা করিতে করিতে স্বীয় দক্ষিণ (ডান) হস্তে উহার বাম হস্ত উপড়াইয়া তাহার দ্বারা মাহুতের মস্তকে প্রহার করিলেন। ঐ প্রহারে তাহার মস্তক শত শত খণ্ডে বিচ্ছিন্ন হইয়া গেল।৭-৮

সেই সময় বলরামও ক্রোধভরে তাহার দক্ষিণ হস্ত উৎপাটন করিয়া তাহাদ্বারা পার্শ্ববর্ত্তী মাহুতগণকে বিনাশ করিলেন।৯

তারপর মহাবল রোহিণীনন্দন বলরাম বেগবশে অতি বেগের সহিত উপরে উঠিয়া হাতীর মস্তকে বামপদের দ্বারা আঘাত করিলেন।১০

এইরূপে ঐ হাতী বলভদ্রকর্তৃক অবলীলাক্রমে নিহত হইয়া ইন্দ্রের বজ্রপ্রহারে আহত পর্ব্বতের ন্যায় ভূতলে পতিত হইল।১১

বিস্তারিতাক্ষিযুগলো রাজান্তঃপুরযোষিতাম্ ।
নাগরস্ত্রীসমূহশ্চ দ্রষ্টুং ন বিররাম তম্ ॥৪১
সখ্যঃ পশ্যত কৃষ্ণস্য মুখমত্যরুণেক্ষণম্ ।
গজযুদ্ধকৃতায়াস-স্বেদাম্বুকণিকাচিতম্ ॥৪২
বিকাশি-শরদম্ভোজমবশ্যায়জলোক্ষিতম্ ।
পরিভূয় স্মিতং জন্ম সফলং ক্রিয়তাং দৃশোঃ ॥৪৩
শ্রীবৎসাঙ্কং মহদ্ধাম বালস্যৈতদ্ বিলোক্যতাম্ ।
বিপক্ষক্ষপণং বক্ষো ভুজযুগ্মঞ্চ ভামিনী ॥৪৪
কিন্ন পশ্যসি দুগ্ধেন্দু-মৃণালধবলাননম্ ।
বলভদ্রমিমং নীল-পরিধানমুপাগতম্ ॥৪৫
বলগতা মুষ্টিকেনৈতচ্চাণূরেণ তথা সখি ।
ক্রিয়তে বলভদ্রস্য হাস্যমীষদ্বিলোক্যতাম্ ॥৪৬
সখ্যঃ পশ্যত চাণূরো নিযুদ্ধার্থময়ং হরিম্ ।
সমুপৈতি ন সন্ত্যত্র কিং বৃদ্ধা যুদ্ধকারিণঃ ॥৪৭
ক্ব যৌবনোন্মুখীভূত-সুকুমারতনুর্হরিঃ ।
ক্ব বজ্রকঠিনাভোগি-শরীরোঽয়ং মহাসুরঃ ॥৪৮
ইমৌ সুললিতৌ রঙ্গে বর্ত্তেতে নবযৌবনৌ ।
দৈত্যেয়মল্লাশ্চাণূর-প্রমুখাস্ত্বতিলাকৃণাঃ ॥৪৯
নিযুদ্ধ-প্রাস্থিকানান্তু মহানেব ব্যতিক্রমঃ ।
যন্নালবলিনোর্যুদ্ধং মধ্যস্থৈঃ সমুপেক্ষ্যতে ॥৫০

যে মহাত্মা অবলীলাক্রমেই দুর্দ্ধর্ষ অরিষ্ট, ধেনুক ও কেশীকে নিহত করিয়াছেন, এই সেই অচ্যুতকে দর্শন কর। এই ইঁহারই অগ্রভাগে—ইঁহার অগ্রজ বলভদ্র লীলাপূর্ব্বক গমন করিতেছেন, আহা! ইঁহাকে দেখিলে রমণীগণের মন ও নয়ন আনন্দিত হয়। পুরাণার্থাবলোকনকারী প্রাজ্ঞগণ ইঁহার সম্বন্ধেই বলিয়া থাকেন যে, এই গোপালই নিমগ্ন যাদববংশকে উদ্ধার করিবেন ।৩১-৩৭

এই গোপাল সর্ব্বভূতময় ও অখিলকারণ বিষ্ণুর অংশ এবং পৃথিবীর ভার-হরণের জন্যই পৃথিবীতে অবতীর্ণ হইয়াছেন। পুরবাসীরা সকলে পূর্ব্বোক্ত প্রকারে রাম ও কৃষ্ণের বর্ণনা করিতে লাগিলেন; কিন্তু এদিকে দেবকীর স্তন হইতে স্নেহভরে দুগ্ধ স্বয়ংই ক্ষরিত হইতে লাগিল এবং তাঁহার হৃদয় অত্যন্ত তাপিত হইল। পুত্রের মুখবিলোকন-রূপ মহোৎসবপ্রাপ্ত হইয়া বসুদেব যেন জরা পরিত্যাগ করত যৌবন লাভ করিলেন ।৩৮-৪০

রাজান্তঃপুরনারীগণ ও নগরস্ত্রীসমূহ নেত্রযুগল বিস্তারিত করিয়া অবিরামভাবে কৃষ্ণকে দর্শন করিতে লাগিল। হে সখীগণ! কৃষ্ণের এই অতিসন্ন অরুণবর্ণ নেত্রযুক্ত মুখখানি দর্শন কর; আহা! দেখ, গজযুদ্ধজনিত পরিশ্রমে উৎপন্ন ঘর্ম্মজলকণিকা দ্বারা মুখখানি ভিজিয়া গিয়াছে। কেহ বলিল,—হে সখিগণ! নীহার-জলসিক্ত শরৎকালের প্রফুল্লপঙ্কজের দর্পহারী ঐ কৃষ্ণের ঘর্ম্মজল-কণাপ্লুত মুখ দর্শন করিয়া নয়নদ্বয়কে সফল কর ।৪১-৪৩

কেহ কেহ বলিতে লাগিল যে, হে ভামিনি! বালক কৃষ্ণের এই শত্রুপক্ষনাশন, শ্রীবৎসাঙ্কিত ও বিপুল তেজঃশালী বক্ষোদেশ এবং হস্তদ্বয় কেমন সুন্দর দেখ দেখি? কেহ বলিল,—সখি! এই সম্মুখে আগত নীলবস্ত্র-পরিধিত বলভদ্রকে কেন দেখিতেছ না? আহা! ইঁহার মুখ কেমন দুগ্ধ, চন্দ্র ও মৃণালের ন্যায় শুভ্রবর্ণ! কেহ বলিল,—সখি! মুষ্টিক ও চাণূর মল্লবলিতভাবে ভ্রমণ করিতে করিতে বলভদ্রের দিকে চাহিয়া কেমন ঈষৎ হাস্য করিতেছে, একবার দেখ! কেহ বলিল,—সখি! আহা! দেখ, ঐ চাণূর যুদ্ধ করিবার জন্য হরির সমীপে উপস্থিত হইতেছে। আহা! উচিতকর্ম্মকারী বৃদ্ধগণ কি এখানে নাই? ৪৪-৪৭

আহা! হরির যৌবনোন্মুখ এই সুকুমার তনুই বা কোথায়, আর বজ্রকঠিন বিশালশরীর এই মহাসুরই বা কোথায়? এই উভয়ের কি পরস্পর যুদ্ধ সম্ভব? আহা! ইঁহারা দুইজনেই নবযৌবনশালী, কিন্তু রঙ্গস্থলে এই চাণূরপ্রভৃতি দৈত্যমল্লগণ অতি দারুণ। যুদ্ধের বিচারব্যবস্থাপকেরা কি মহান্ ব্যতিক্রম করিতেছে? তাহারা মধ্যস্থ হইয়াও কি প্রকারে বালক ও বলরামের পরস্পর এই যুদ্ধ উপেক্ষা করিতেছে? ৪৮-৫০

254792

পরাশর উবাচ।

ইত্থং পুরস্ত্রীলোকস্য বদতশ্চালয়ন্ ভুবম্।
ববল্গ বন্ধকক্ষ্যোঽন্তর্জ্জনস্য ভগবান্ হরিঃ ॥৫১
বলভদ্রোঽপি চাস্ফোট্য ববল্গ ললিতং মহা।
পদে পদে তদা ভূমির্ন্ন শীর্ণা তদদ্ভুতম্ ॥৫২
চাণূরেণ তদা কৃষ্ণো যুযুধেঽমিতবিক্রমঃ।
নিযুদ্ধকুশলো দৈত্যো বলভদ্রেণ মুষ্টিকঃ ॥৫৩
সন্নিপাতাবধূতৈস্তু চাণূরেণ সমং হরিঃ।
ক্ষেপণৈর্মুষ্টিভিশ্চৈব কীলবজ্রনিপাতনৈঃ ॥৫৪
জানুভিশ্চাশ্মনির্ঘাতৈস্তথা বাহুবিঘট্টনৈঃ।
পাদোদ্ধূতৈঃ প্রসৃতৈশ্চ তয়োর্যুদ্ধমভূন্মহৎ ॥৫৫
অশস্ত্রমতিঘোরং তৎ তয়োর্যুদ্ধং সুদারুণম্।
বলপ্রাণবিনিষ্পাদ্যং সমাজোৎসবসন্নিধৌ ॥৫৬

যাবদ্ যাবচ্চ চাণূরো যুযুধে হরিণা সহ।
প্রাণহানিমবাপাঢ্যাং তাবত্তাবল্লবাল্লবম্ ॥৫৬
কৃষ্ণোঽপি যুযুধে তেন লীলয়ৈব জগন্ময়ঃ।
খেদাচ্চালয়তা কোপান্নিজশেখরকেশরম্ ॥৫৭
বলক্ষয়ং বিবৃদ্ধিঞ্চ দৃষ্ট্বা চাণূরকৃষ্ণয়োঃ।
বারয়ামাস তূর্য্যাণি কংসঃ কোপপরায়ণঃ ॥৫৮
মৃদঙ্গাদিষু তূর্য্যেষু প্রতিষিদ্ধেষু তৎক্ষণাৎ।
খে সঙ্গতাস্যবাস্যস্য দেবতূর্য্যাণ্যনেকশঃ ॥৫৯
জয় গোবিন্দ চাণূরং জহি কেশব দানবম্।
ইত্যন্তর্দ্ধানগা দেবাস্তদোচুরতিহর্ষিতাঃ ॥৬০
চাণূরেণ চিরং কালং ক্রীড়িত্বা মধুসূদনঃ।
উৎপাট্য ভ্রাময়ামাস তদ্বধায় কৃতোদ্যমঃ ॥৬১
ভ্রাময়িত্বা শতগুণং দৈত্যমল্লমমিত্রজিৎ।
ভূমাবাস্ফোটয়ামাস গগনে গতজীবিতম্ ॥৬২

পরাশর বলিলেন,—পুরস্ত্রীগণ এই প্রকার পরস্পর বলাবলি করিতেছে, এমন সময় ভগবান্ হরি নিজ কটি-(কোমর) দেশ দৃঢ়রূপে বাঁধিয়া ও জনতার মধ্যে পদভরে পৃথিবীকে চালিত করিয়া বীরদর্পে লম্ফঝম্ফ করিতে লাগিলেন ।৫১

অনন্তর বলভদ্রও যখন বাহুর আস্ফালনপূর্ব্বক মনোহর ভাবে লাফাইতে লাগিলেন, সেই সময় যে তাঁহার পদভরে ভূমি বিদীর্ণ হয় নাই, তাহা বড়ই আশ্চর্য্যের বিষয়। তখন অমিতবিক্রম কৃষ্ণ চাণূরের সহিত যুদ্ধ করিতে লাগিলেন এবং যুদ্ধকুশল মুষ্টিকও বলভদ্রের সহিত যুদ্ধ করিতে প্রবৃত্ত হইল ।৫২-৫৩

হরি এক একবার আস্ফোট (নিকটস্থ হইয়া) ও এক একবার উৎসারণপূর্ব্বক (দূরে যাইয়া) চাণূরের সহিত যুদ্ধ করিতে লাগিলেন। পরে ক্ষেপণ, মুষ্টিপাত, বজ্রসদৃশ কীলপ্রহার, প্রস্তরসদৃশ জানুঘায়া আঘাত, বাহু বিঘট্টন, পাদ দ্বারা ঊর্দ্ধক্ষেপণ ও প্রসরণ—এইরূপে উভয়েরই অতি ভয়ঙ্কর যুদ্ধ আরম্ভ হইল ।৫৪-৫৫

এইপ্রকার সমাজোৎসবসন্নিধানে উভয়ের নিরস্ত্র, বল ও প্রাণ-হানিকর, মহা ভয়ঙ্কর ও নিদারুণ যুদ্ধ প্রবৃত্ত হইল। চাণূরসদৃশ হরির সহিত যত যত যুদ্ধ করিতে লাগিল, তত ততই তাহার ভিন্ন ভিন্ন প্রকারে বলক্ষয় হইতে লাগিল। জগন্ময় কেশব কোপে ও খেদে স্বকীয় শিরোভূষণসকল কম্পিত করিয়া অবলীলাক্রমে যুদ্ধ করিতে লাগিলেন। ঐ যুদ্ধে চাণূরের বলক্ষয় ও কৃষ্ণের বলবৃদ্ধি অবলোকন করিয়া কোপপরবশ কংস তূর্য্য বাদ্য করিতে নিবারণ করিল ।৫৬-৫৮

অনন্তর কংস কর্ত্তৃক মৃদঙ্গাদি তূর্য্য বাদ্য প্রতিষিদ্ধ হইবামাত্র আকাশে অনেক স্বরাদিযুক্ত দেবতূর্য্য তৎক্ষণাৎ বাদিত হইতে লাগিল। সেই সময় অন্তর্দ্ধানগত দেবগণ অতি হৃষ্টভাবে বলিতে লাগিলেন যে, হে গোবিন্দ! তোমার জয় হউক, হে কেশব! এই দানবকে তুমি বিনাশ কর ।৫৯-৬০

মধুসূদন পূর্ব্বোক্ত প্রকারে বহুক্ষণ পর্য্যন্ত চাণূরের সহিত ক্রীড়া করত পশ্চাৎ তাহার বিনাশে বদ্ধপরিকর হইয়া তাহাকে আকাশে উত্তোলিত করিলেন ।৬১

অনন্তর শত্রুজিৎ কৃষ্ণ সেই দৈত্য মল্লকে শতবার

ভূম্যাবাস্ফোটিতস্তেন চাণূরঃ শতধাব্রজৎ।
রক্তস্রাব-মহাপঙ্কাং চকার স তদা ভুবম্ ॥৬৩
বলদেবোঽপি তৎকালং মুষ্টিকেন মহাবলঃ।
যুযুধে দৈত্যমল্লেন চাণূরেণ যথা হরিঃ ॥৬৪
সোঽপ্যেনং মুষ্টিনা মুষ্টি বক্ষস্যাহত্য জানুনা।
পাতয়িত্বা ধরাপৃষ্ঠে নিষ্পিপেষ গতাসুমম্ ॥৬৫
কৃষ্ণস্তোষলকং ভূয়ো মল্লরাজং মহাবলম্।
বামমুষ্টিপ্রহারেণ পাতয়ামাস ভূতলে ॥৬৬
চাণূরে নিহতে মল্লে মুষ্টিকে বিনিপাতিতে।
নীতে ক্ষয়ং তোষলকে সর্ব্বে মল্লাঃ প্রদুদ্রুবুঃ ॥৬৭
বৎসপালভুতনা রঙ্গে কৃষ্ণসঙ্কর্ষণাবুভৌ।
সমানবয়সো গোপান্ বলাদাকৃষ্য হর্ষিতৌ ॥৬৮
কংসোঽপি কোপরক্তাক্ষঃ প্রাহোচ্চৈর্ব্যাপৃতান্ নরান্।
গোপাবেতৌ সমাজ্ঞাপ্যনিষ্কাস্যেতাং বলাদিতঃ ॥৬৯

নন্দোঽপি গৃহ্যতাং পাপো নিগড়ৈরায়সৈরিহ।
আরুহ্যার্হেণ দণ্ডেন বসুদেবোঽপি বধ্যতাম্ ॥৭০
বল্গন্তি গোপাঃ কৃষ্ণেন যে চেমে সহিতাঃ পুরঃ।
গাবো হ্রিয়ন্তামেতেষাং যচ্চান্যদ্বসু কিঞ্চন ॥৭১
এবমাজ্ঞাপয়ানঞ্চ প্রহস্য মধুসূদনঃ।
উৎপত্যারুহ্য তং মঞ্চং কংসং জগ্রাহ বেগতঃ ॥৭২
কেশেষ্বাকৃষ্য বিগলৎকিরীটনবনীতলে।
কংসং স পাতয়ামাস তস্যোপরি পপাত চ ॥৭৩
নিঃশেষ-জগদাধার-গুরুণা পততোপরি।
কৃষ্ণেন ত্যাজিতঃ প্রাণানুগ্রসেনাত্মজো নৃপঃ ॥৭৪
মৃতস্য কেশেষু তদা গৃহীত্বা মধুসূদনঃ।
চকর্ষ দেহং কংসস্য রঙ্গমধ্যে মহাবলঃ ॥৭৫
গৌরবেণাতিমহতা পরিখা তেন কৃষ্যতা।
কৃতা কংসস্য দেহেন বেগেনৈব মহাত্মনঃ ॥৭৬

গগনে ভ্রমণ করাইয়া সে গতজীবিত (মৃত) হইলে পর ভূমির উপর তাহাকে আছড়াইয়া ফেলিলেন। কৃষ্ণ কর্তৃক আস্ফোটিত (ভূতলে নিক্ষিপ্ত) চাণূর শতধা বিদীর্ণ হইল, তাহার রক্তস্রাবে সেই সময় পৃথিবী মহাপঙ্কময়ী হইয়া উঠিল। কৃষ্ণ যে প্রকারে চাণূরের সহিত যুদ্ধ করিলেন, মহাবল বলভদ্রও সেই প্রকারে দৈত্যমল্ল মুষ্টিকের সহিত তৎকালে যুদ্ধ করিতে লাগিলেন।৬২-৬৪

বলভদ্রও মুষ্টি ও জানুদেশ দ্বারা তাহার মস্তকে এবং বক্ষোদেশে আঘাতপূর্ব্বক তাহাকে ভূমিতে পাতিত করিলেন এবং এমনি ভাবে তাহাকে পেষণ করিলেন যে, তাহাতেই তাহার প্রাণ বহির্গত হইল।৬৫

কৃষ্ণও তোষলক নামক মহাবল মল্লরাজকে বামমুষ্টি-প্রহার দ্বারা ভূতলে পাতিত করিলেন। অনন্তর চাণূর, মুষ্টিক ও তোষলক বিনাশ প্রাপ্ত হইলে পর অন্যান্য সকল মল্লগণ পলায়ন করিল।৬৬-৬৭

অনন্তর কৃষ্ণ ও বলভদ্র সমানবয়স্ক গোপাল-বালকগণকে বলদ্বারা আকর্ষণ করিয়া রঙ্গমধ্যে অতি হৃষ্টভাবে লম্ফঝম্ফ করিতে লাগিলেন।৬৮

তখন কংস কোপে নেত্র রক্তবর্ণ করত ব্যাপৃত লোক সকলকে অতি উচ্চস্বরে বলিল যে, এই সমাজমণ্ডল হইতে সবলে এই গোপবালকদ্বয়কে নিষ্কাশিত করিয়া দাও। লৌহময় শৃঙ্খল দ্বারা এই পাপী নন্দকে বন্ধন কর; কৃষ্ণপুরুষের অধোদ্য দণ্ডপ্রয়োগ করিয়া এই বৃদ্ধ বসুদেবকে বন্ধন কর, আর কৃষ্ণের সহিত যে গোপবালকগণ এই সম্মুখে নৃত্য করিতেছে, ইহাদিগকেও বধ কর এবং ইহাদের গাভী সকল ও যাহা কিছু ধন আছে, তাহা সকলই হরণ কর।৬৯-৭১

কংস এই প্রকার আজ্ঞা করিলে পর, মধুসূদন হাস্য করত একটী লম্ফ প্রদানপূর্ব্বক সেই মঞ্চের উপর আরোহণ করিয়া বেগে কংসকে ধারণ করিলেন।৭৩

কৃষ্ণ কেশসমূহ আকর্ষণ করিয়া কংসকে ভূমিতে নিপাতিত করিলেন এবং তাহার উপর স্বয়ং পতিত হইলেন। সেই সময় কংসের মস্তক হইতে কিরীট বিগলিত হইয়া পড়িল। সকল জগতের আধার অতি ভার কৃষ্ণ উপরে পতিত হইয়া উগ্রসেন-পুত্র কংসের প্রাণ পরিত্যাগ করাইলেন।৭৪

কংসে গৃহীতে কৃষ্ণেন তদ্‌ভ্রাতাভ্যাগতো রুষা।
সুনামা বলভদ্রেণ লীলয়ৈব নিপাতিতঃ ॥৭৭

ততো হাহাকৃতং সর্ব্বমাসীৎ তদ্রঙ্গমণ্ডলম্।
অবজ্ঞয়া হতং দৃষ্ট্বা কৃষ্ণেন মধুরেশ্বরম্ ॥৭৮

কৃষ্ণোঽপি বসুদেবস্য পাদৌ জগ্রাহ সত্বরঃ।
দেবক্যাশ্চ মহাবাহুর্বলভদ্রসহায়বান্ ॥৭৯

উত্থাপ্য বসুদেবস্তং দেবকী চ জনার্দ্দনম্।
স্মৃতজন্মোদ্ভবচনৌ তাবেব প্রণতৌ স্থিতৌ ॥৮০

বসুদেব উবাচ।

প্রসীদ সীদতাং নাথ দেবানাং বরদ প্রভো।
ত্বয়াবয়োঃ প্রসাদেন কৃতোদ্ধারশ্চ কেশব ॥৮১

আরাধিতো যদ্ভগবানবতীর্ণো গৃহে মম।
দুর্ব্বৃত্তনিধনার্থায় তেন নঃ পাবিতং কুলম্ ॥৮২

ত্বমন্তঃ সর্ব্বভূতানাং সর্ব্বভূতেষ্ববস্থিতঃ।
প্রবর্ত্তেতে সমস্তাস্থন্ ত্বত্তো ভূতভবিষ্যতী ॥৮৩

যজ্ঞৈস্ত্বমিজ্যসে নিত্যং সর্ব্বদেবময়াচ্যুত।
ত্বমেব যজ্ঞো যষ্টা চ যজ্ঞানাং পরমেশ্বরঃ ॥৮৪

সাপহ্নবং মম মনো যদেতৎ ত্বয়ি জায়তে।
দেবক্যাশ্চাত্মজপ্রীত্যা তদত্যন্তবিড়ম্বনা ॥৮৫

ক কর্ত্তা সর্ব্বভূতানামনাদিনিধনো ভবান্।
ক চ মে মনুষ্যকস্যৈষা জিহ্বা পুত্রেতি বক্ষ্যতি ॥৮৬

জগদেতজ্জগন্নাথ সম্ভূতমখিলং যতঃ।
কথা যুক্ত্যা বিনা মায়াং সোঽস্মত্তঃ সম্ভবিষ্যতি ॥৮৭

সেই সময় মহাবলশালী মধুসূদন মৃতকংসের কেশসমূহ ধারণ করিয়া রঙ্গমধ্যে তাহার দেহ আকর্ষণ করিতে লাগিলেন।৭৫

কংসের দেহ অত্যন্ত ভারী ছিল, সেইজন্য উহার আকর্ষণে (যষ্টানীতে) মহান্ জলপ্রবাহের বেগে উৎপন্ন নদিরার ন্যায় পৃথিবীতে প্রকাণ্ড পরিখা উদ্ভূত হইল।৭৬

কৃষ্ণ এইরূপে কংসকে গ্রহণ (নিধন) করিলে পর, কংসের ভ্রাতা সুনামা বেগসহকারে আগমন করিল, কিন্তু বলভদ্র অবলীলাক্রমে তাহাকে বিনাশ করিলেন।৭৭

অনন্তর অবজ্ঞাসহকারে কৃষ্ণ কর্তৃক নিপাতিত কংসকে অবলোকন করিয়া সেই রঙ্গমণ্ডলস্থ সকল ব্যক্তিই হাহাকার করিতে লাগিল।৭৮

মহাবাহু কৃষ্ণ বলভদ্রের সহিত অতি সত্বর যাইয়া বসুদেব ও দেবকীর পাদগ্রহণ অর্থাৎ পাদস্পর্শ করিলেন।৭৯

তখন বসুদেব ও দেবকীর পূর্ব্বজন্মবৃত্তান্ত স্মরণ হইতে লাগিল এবং তাঁহারা ভগবান্‌কে ভূমি হইতে উঠাইয়া প্রণাম করত অবস্থিতি করিতে লাগিলেন।৮০

বসুদেব বলিলেন,—হে নাথ! আর্ত্তদেবগণেরও বরদ! হে প্রভো! প্রসন্ন হও। হে কেশব! আমাদের প্রতি প্রসন্ন হইয়া আমাদিগকে উদ্ধার করিয়াছ।৮১

হে ভগবন্! তুমি পূর্ব্বে আমাদিগের আরাধিত হইয়া দুর্ব্বৃত্তগণের নিধনের নিমিত্ত যে আমার গৃহে অবতীর্ণ হইয়াছ, ইহাতে আমার কুল পবিত্র হইয়াছে।৮২

তুমি সর্ব্বভূতময় এবং তুমি সর্ব্বভূতমধ্যেই অবস্থিতি করিতেছ। হে সমস্তাত্মন্! তোমা হইতে ভূত ও ভবিষ্যৎ প্রবর্ত্তিত হইয়াছে।৮৩

হে সর্ব্বদেবময় অচ্যুত। সকল যজ্ঞে তোমারই যজন হইয়া থাকে। হে পরমেশ্বর! তুমিই যজ্ঞস্বরূপ, অথচ তুমিই সকল যজ্ঞের যাজক।৮৪

আমার ও দেবকীর অন্তঃকরণকে যে তোমার প্রতি পুত্রপ্রীতিবশে ভ্রান্তিযুক্ত হইতেছে, তাহা যে অত্যন্ত বিড়ম্বনা—ইহাতে সন্দেহ কি?৮৫

সকল ভূতগণের কর্ত্তা অনাদি-নিধন তুমিই বা কোথায়, আর মনুষ্যরূপী আমার 'তোমাকে পুত্র বলিয়া সম্বোধনকারিণী' জিহ্বাই বা কোথায়?৮৬

তুমি আমার পুত্র, ইহা কি সম্ভব হইতে পারে? হে জগন্নাথ। এই অখিল জগৎ যাঁহা হইতে উৎপন্ন

যস্মিন্ প্রতিষ্ঠিতং সর্ব্বং জগৎ স্থাবরজঙ্গমম্।
স কোষ্ঠোঽসঙ্গশয়নো মানুষাদ্ভাব্যতে কথম্ ॥৮৮
স ত্বং প্রসীদ পরমেশ্বর পাহি বিশ্ব-
মংশাবতারকরণৈর্ন মমাসি পুত্রঃ।
আব্রহ্মপাদপময়ং (ক) জগদেতদীশ
ত্বং নো বিমোহয়সি কিং পরমেশ্বরাত্মন্ (খ) ॥৮৯
মায়াবিমোহিতদৃশা তনয়ো মমেতি
কংসান্তরং কৃতমপাস্তভয়াতিতীব্রম্।
নীতোঽসি গোকুলমিতোঽতিভয়াকুলশ্চ (গ)
বৃদ্ধিং গতোঽসি মম নাস্তি মমত্বমীশ ॥৯০
কর্ম্মাণি রুদ্র-মরুদশ্বি-শতক্রতূনাং
সাধ্যানি যানি ন ভবন্তি নিরীক্ষিতানি।
ত্বং বিষ্ণুরীশ জগতামুপকারহেতোঃ
প্রাপ্তোঽসি নঃ পরিগতো বিগতো হি মোহঃ ॥৯১

ইতি বিষ্ণুপুরাণে পঞ্চমাংশে বিংশঃ অধ্যায়ঃ ॥

হইয়াছে, মায়া ব্যতিরেকে কোন্ যুক্তিতে তিনি আমা হইতে জন্মগ্রহণ করিবেন ? ৮৭

এই স্থাবর-জঙ্গমাত্মক জগৎ যাঁহাতে প্রতিষ্ঠিত রহিয়াছে, তিনি জঠর-মধ্যে শয়ন করিয়া মনুষ্য হইতে কেন জন্মগ্রহণ করিবেন ? ৮৮

হে পরমেশ্বর ! এতাদৃশ তুমি আমাদিগের প্রতি প্রসন্ন হও এবং অংশাবতার দ্বারা বিশ্বের পালন কর। তুমি আমার পুত্র নহ। হে ঈশ ! ব্রহ্মা হইতে বৃক্ষাদিময় এই জগৎ তোমা হইতেই উৎপন্ন। হে পরমেশ্বরাত্মন্ ! আমাদিগকে কেন বিমোহিত করিতেছ ? ৮৯

হে নির্ভরপুরুষ ! তুমি আমার তনয়, এই মায়ায় আমার দৃষ্টি মোহিত ছিল বলিয়াই আমি কংস হইতে অতি তীব্র ভয় প্রাপ্ত হইয়াছিলাম এবং সেই ভয়ে আকুল হইয়াই আমি তোমাকে গোকুলে রাখিয়া আসিয়াছিলাম ; তুমি সেইখানেই বৃদ্ধিপ্রাপ্ত হইয়াছ। হে ঈশ ! এখন আমার মমত্ব-বুদ্ধি বিনষ্ট হইয়াছে ।৯০

রুদ্র, বায়ু, অশ্বিনীকুমার ও ইন্দ্র প্রভৃতি দেবগণ যে সকল কর্ম্ম সম্পাদন করিতে পারেন না, তাহা তুমি সম্পাদন করিলে, ইহা প্রত্যক্ষই দেখিলাম। হে ঈশ ! তুমি বিষ্ণু এবং জগতের উপকার করিতে অবতীর্ণ হইয়াছ,—ইহা আমরা ভাল করিয়া বুঝিতে পারিয়াছি, আমাদের মোহ নষ্ট হইয়াছে ।৯১

পাঠান্তর :—(ক) আব্রহ্মপাদপমিদং—　(খ) ত্বত্তো বিমোহয়সি কিং পুরুষোত্তমাত্মন্।　(গ) নীতোঽসি গোকুলমতিভয়াকুলেন

বিষ্ণুপুরাণের পঞ্চমাংশে বিংশ অধ্যায় সমাপ্ত।

একবিংশঃ অধ্যায়ঃ

[উগ্রসেনস্য রাজ্যাভিষেকঃ, ভগবতো বাসুদেবস্য বিদ্যাধ্যয়নঞ্চ ।]

পরাশর উবাচ ।

তৌ সমুৎপন্নবিজ্ঞানৌ ভগবৎকর্ম্মদর্শনাৎ ।
দেবকী-বসুদেবৌ তু দৃষ্ট্বা মায়াং পুনর্হরিঃ ।
মোহায় যদুচক্রস্য বিততান স বৈষ্ণবীম্ ॥১
উবাচ চাম্ব তাতেতি চিরাদুৎকণ্ঠিতেন মে ।
ভবদ্ভ্যাং কংসভীতেন দৃষ্টৌ সঙ্কর্ষণেন চ ॥২
কুর্ব্বতাং যাতি যঃ কালো মাতাপিত্রোরপূজনম্ ।
তৎখণ্ডমায়ুষো ব্যর্থং সাধূনামুপজায়তে (ক)॥৩
গুরুদেব-দ্বিজাতীনাং মাতাপিত্রোশ্চ পূজনম্ ।
কুর্ব্বতাং সফলং জন্ম দেহিনাং তাত জায়তে ॥৪
তৎ ক্ষন্তব্যমিদং সর্বমতিক্রমকৃতং পিতঃ ।
কংসপ্রতাপবীর্য্যাভ্যামার্ত্তয়োঃ পরবশ্যয়োঃ ॥৫

পরাশর উবাচ ।

ইত্যুক্ত্বাথ প্রণম্যৈতৌ যদুবৃদ্ধাননুক্রমাৎ ।
যথাবদভিপূজ্যাথ চক্রতুঃ পৌরমাননম্ ॥৬
কংসপত্ন্যস্ততঃ কংসং পরিবার্য্য হতং ভুবি ।
বিলেপুর্মাতরশ্চাস্য দুঃখশোকপরিপ্লুতাঃ ॥৭
বহুপ্রকারমত্যর্থং পশ্চাত্তাপাতুরো হরিঃ ।
তাঃ সমাশ্বাসয়ামাস স্বয়মশ্রাবিলেক্ষণঃ ॥৮
উগ্রসেনং ততো বন্ধান্মুমোচ মধুসূদনঃ ।
অভ্যষিঞ্চৎ তথৈবৈনং নিজরাজ্যে হতাত্মজম্ ॥৯
রাজ্যাভিষিক্তঃ কৃষ্ণেন যদুসিংহঃ সুতস্য সঃ ।
চকার প্রেতকার্য্যাণি যে চান্যে তত্র ঘাতিতাঃ ॥১০

একবিংশ অধ্যায়

[উগ্রসেনের রাজ্যাভিষেক এবং ভগবান্ বাসুদেবের বিদ্যাধ্যয়ন ।]

পরাশর বলিলেন,—ভগবানের (অত্যাশ্চর্য্য) কর্ম্ম দর্শন করিয়া বসুদেব ও দেবকী সম্পূর্ণ বিজ্ঞান লাভ করিয়াছেন দেখিয়া হরি যদু-মণ্ডলীর মোহোৎপাদনের জন্য পুনর্ব্বার বৈষ্ণবী মায়া বিস্তার করিলেন ।১

কৃষ্ণ বসুদেব ও দেবকীকে সম্বোধন করিয়া বলিলেন যে,—হে পিতঃ! হে মাতঃ! কংসভীত আমি ও বলভদ্র বহুকাল ধরিয়া উৎকণ্ঠিতভাবে থাকিয়া অদ্য ভাগ্যক্রমে আপনাদের দুইজনকে দেখিতে পাইলাম ।২

সাধুদিগের পিতা ও মাতার পূজা ব্যতিরেকে যে কাল গমন করে, জীবনের সেই অংশটুকুও ব্যর্থস্বরূপে পরিগণিত হয় ।৩

পাঠান্তর ঃ—(ক)—ব্যর্থসাধূনাং হি জায়তে ।

হে তাত! দেব, দ্বিজ ও গুরুগণের এবং মাতা ও পিতার পূজনকারী দেহধারীদিগেরই জন্ম সফল হইয়া থাকে ।৪

হে পিতঃ! কংসের প্রতাপ ও বীর্য্যে ভীত এবং পরাধীন আমাদের দুই জনের এই মাতা পিতার পূজনরূপ সদাচার অতিক্রমকৃত সমস্ত ব্যবহার আপনি ক্ষমা করুন ।৫

পরাশর বলিলেন,—কৃষ্ণ ও বলরাম উভয়ে মাতা ও পিতাকে এই বলিয়া প্রণাম করিলেন এবং যথাক্রমে যদুবৃদ্ধগণের পূজা করিয়া পুরবাসীদিগের সম্মান প্রদর্শন করিতে লাগিলেন ।৬

অনন্তর কংসের পত্নীরা ও মাতৃগণ ভূমিতে নিহত কংসকে পরিবেষ্টন করত দুঃখ ও শোকে অভিভূত হইয়া অতিশয় বিলাপ করিতে লাগিল ।৭

তখন হরিও অনুতাপে দগ্ধ হইয়া স্বয়ং অশ্রুপূর্ণ

কৃতৌর্দ্ধদৈহিকং চৈনং সিংহাসনগতং হরিঃ।
উবাচাভ্রাপয় বিভো যৎ কার্য্যমবিশঙ্কিতঃ ॥১১
যযাতিশাপাদ্ বংশোঽয়মনরাজ্যার্হোঽপি সাম্প্রতম্।
ময়ি ভৃত্যে স্থিতি দেবানাজ্ঞাপয়তু কিং নৃপৈঃ ॥১২

পরাশর উবাচ।

ইত্যুক্ত্বা সোঽস্মরদ্ বায়ুমাজগাম স তৎক্ষণাৎ।
উবাচ চৈনং ভগবান্ কেশবঃ কার্য্যমানুষঃ ॥১৩
গচ্ছেন্দ্রং ব্রূহি বায়ো ত্বমলং গর্ব্বেণ বাসব।
দীয়তামুগ্রসেনায় সুধর্ম্মা ভবতা সভা ॥১৪
কৃষ্ণো ব্রবীতি রাজার্হমেতদ্রত্নমনুত্তমম্।
সুধর্ম্মাখ্যা সভা যুক্তমস্মাং যদুভিরাসিতুম্ ॥১৫

পরাশর উবাচ।

ইত্যুক্তঃ পবনো গত্বা সর্ব্বমাহ শচীপতিম্।
দদৌ সোঽপি সুধর্ম্মাখ্যাং সভাং বায়োঃ পুরন্দরঃ ॥১৬
বায়ুনোপকৃতাং (ক) দিব্যাং সভাং তে যদুপুঙ্গবাঃ।
বুভুজুঃ সর্ব্বরত্নাঢ্যাং গোবিন্দভুজসংশ্রয়াৎ (খ) ॥১৭
বিদিতাখিলবিজ্ঞানৌ সর্ব্বজ্ঞানময়াবপি।
শিষ্যাচার্য্যক্রমং বীরৌ খ্যাপয়ন্তৌ বভূবতুঃ ॥১৮
ততঃ সান্দীপনিং কাশ্যমবন্তীপুরবাসিনম্।
অস্ত্রার্থং (গ) জগ্মতুর্বীরৌ বলদেব-জনার্দ্দনৌ ॥১৯
তস্য শিষ্যত্বমভ্যেত্য গুরুবৃত্তপরৌ হি তৌ।
দর্শয়ামাসতুর্বীরাবাচারমখিলে জনে ॥২০

মনে তাহাদিগকে নানাপ্রকারে আশ্বাস প্রদান করিতে লাগিলেন।৮

অনন্তর মধুসূদন উগ্রসেনকে বন্ধন হইতে মোচন করিলেন এবং মৃতপুত্র ঐ উগ্রসেনকে পুনর্ব্বার নিজরাজ্যে পূর্ব্বের ন্যায় অভিষিক্ত করিলেন।৯

যদুশ্রেষ্ঠ উগ্রসেন কৃষ্ণ কর্তৃক স্বরাজ্যে অভিষিক্ত হইয়া পুত্র কংস এবং যে সকল বীর সেই স্থলে ঘাতিত হইয়াছিল, তাহাদের প্রেতকার্য্য সম্পাদন করিলেন।১০

পুত্রের ঔর্দ্ধদৈহিক কর্ম্ম সম্পাদনান্তে উগ্রসেন সিংহাসনে উপবেশন করিলে পর ভগবান্ হরি তাঁহাকে বলিলেন,—হে বিভো! আমার এক্ষণে কি করিতে হইবে, আপনি তাহা নির্ভয়ে আজ্ঞা করুন।১১

এই যদুবংশ যযাতি-শাপে অরাজ্যার্হ (রাজ্যশাসন করিতে অযোগ্য) হইলেও আমি বর্ত্তমান থাকিতে আপনি স্বচ্ছন্দে দেবগণকে আজ্ঞা করুন, অন্য রাজগণের ত কথাই নাই।১২

পরাশর বলিলেন,—জগতের কার্য্যসিদ্ধির জন্য মনুষ্যরূপধারী ভগবান্ কেশব উগ্রসেনকে এই প্রকার বলিয়া বায়ুকে স্মরণ করিলেন এবং স্মরণমাত্রেই বায়ু তৎক্ষণাৎ তথায় উপস্থিত হইলেন।১৩

তখন ভগবান্ বায়ুকে বলিলেন,—হে বায়ো! তুমি ইন্দ্রের নিকট গমন করিয়া তাঁহাকে বল,—হে বাসব! তোমার গর্ব্বের প্রয়োজন নাই, তুমি উগ্রসেননৃপতিকে সুধর্ম্মা নামে দেবসভা প্রদান কর।১৪

কৃষ্ণ তোমার প্রতি আদেশ করিয়াছেন যে, সুধর্ম্মাখ্য যে অদ্ভুতম সভারত্ন আছে, তাহা রাজার্হ, সুতরাং সেই সভায় যদুগণের উপবেশন করাই যুক্তিযুক্ত।১৫

পরাশর বলিলেন,—ভগবান্ পবনকে এই কথা বলিলে পর পবন সেখানে গমন পূর্ব্বক শচীপতি ইন্দ্রের নিকট সকল কথা বলিলেন। তখন ইন্দ্রও বায়ুর নিকট সেই সুধর্ম্মানাম্নী সভা প্রদান করিলেন।১৬

বায়ু কর্তৃক আনীত সর্ব্বরত্নপূর্ণ সেই মনোহর দিব্যসভাকে গোবিন্দের বাহুবল আশ্রয় করিয়া যদুশ্রেষ্ঠগণ উপভোগ করিতে লাগিলেন।১৭

যদুশ্রেষ্ঠ বীর কৃষ্ণ এবং বলরাম যদিও সর্ব্বজ্ঞানময় ও সমস্ত বিজ্ঞান অবগত ছিলেন, তথাপি তাঁহারা মনুষ্যলোকে আচার্য্য হইতে শিক্ষানুক্রমের কর্ত্তব্যতা খ্যাপন অর্থাৎ গুরু-শিষ্য সম্বন্ধ স্থাপন করিতে কাশীতে উৎপন্ন অবন্তিপুরবাসী সান্দীপনিমুনির নিকট অস্ত্রশিক্ষা করিবার জন্য গমন করিলেন।১৮-১৯

বলভদ্র ও কৃষ্ণ সান্দীপনিমুনির শিষ্যত্ব স্বীকারপূর্ব্বক

পাঠান্তর :—(ক) বায়ুনা চাহতাং—। (খ) —গোবিন্দভুজ-সংশ্রয়াৎ। (গ) বিদ্যার্থং—।

* এই শ্লোকের পূর্ব্বার্দ্ধস্থলে নিম্নলিখিত শ্লোকার্দ্ধটি কোন কোন গ্রন্থে অধিক দেখা যায়,—

'বেদাভ্যাসকৃতশ্রীকৌ সকর্ষণজনার্দ্দনৌ'।

সরহস্যং ধনুর্ব্বেদং সসংগ্রহমবীয়তাম্ ।
অহোরাত্রৈশ্চতুঃষষ্ট্যা তদদ্ভুতমভূদ্দ্বিজ ॥২১
সান্দীপনিরসম্ভাব্যং তয়োঃ কর্ম্মাতিমানুষম্ ।
বিচিন্ত্য তৌ তদা মেনে প্রাপ্তৌ চন্দ্র-দিবাকরৌ* ॥২২
অস্ত্রগ্রামমশেষঞ্চ প্রোক্তমাত্রমবাপ্য তৌ ।
ঊচতুর্দ্বিজতাং যা তে দাতব্যা গুরুদক্ষিণা ॥২৩
সোঽপ্যতীন্দ্রিয়মালোক্য তয়োঃ কর্ম্ম মহামতিঃ ।
অযাচত মৃতং পুত্রং প্রভাসে লবণার্ণবে ॥২৪
গৃহীতাস্ত্রৌ ততস্তৌ তু সার্ঘ্যপাত্রৌ মহোদধিঃ ।
উবাচ ন ময়া পুত্রো হৃতঃ সান্দীপনেরিতি ॥২৫
দৈত্যঃ পঞ্চজনো নাম শঙ্খরূপঃ স বালকম্ ।
জগ্রাহ সোঽস্তি সলিলে মমৈবাসুরসূদন ॥২৬
ইত্যুক্তোঽন্তর্জ্জলং গত্বা হত্বা পঞ্চজনং বলম্ ।
কৃষ্ণো জগ্রাহ তস্যাস্থি-প্রভবং শঙ্খমুত্তমম্ ॥২৭
যস্য নাদেন দৈত্যানাং বলহানিরজায়ত ।
দেবানাং বর্দ্ধতে তেজো যাত্যধর্ম্মশ্চ সংক্ষয়ম্ ॥২৮
তং পাঞ্চজন্যমাপূর্য্য গত্বা যমপুরীং হরিঃ ।
বলদেবশ্চ বলবান্ জিত্বা বৈবস্বতং যমম্ ॥২৯
তং বালং যাতনাসংস্থং যথাপূর্ব্বশরীরিণম্ ।
পিত্রে প্রদত্তবান্ কৃষ্ণো বলশ্চ বলিনাং বরঃ ॥৩০
মথুরাঞ্চ পুনঃ প্রাপ্তাবুগ্রসেনেন পালিতাম্ ।
প্রহৃষ্টপুরুষস্ত্রীকামুভৌ রাম-জনার্দ্দনৌ ॥৩১

ইতি বিষ্ণুপুরাণে পঞ্চমাংশে একবিংশঃ অধ্যায়ঃ ॥

গুরুর প্রতি উচিত ব্যবহারে প্রবৃত্ত হইয়া সকল জনে আচার শিক্ষা দিতে লাগিলেন ।২০

হে দ্বিজ ! ইহা বড় আশ্চর্য্যের কারণ হইয়াছিল যে, তাঁহারা চতুঃষষ্টি (৬৪) দিবসের মধ্যেই সরহস্য (অস্ত্র-মন্ত্রোপনিষৎ) সসংগ্রহ (অস্ত্রপ্রয়োগ) ধনুর্ব্বেদে পারদর্শী হইয়াছিলেন ।২১

সান্দীপনিমুনি তাঁহাদের এই প্রকার অতিমানুষ ও অসম্ভাবনীয় কর্ম্ম চিন্তা করিয়া বিবেচনা করিলেন যে, নিশ্চয়ই চন্দ্র ও দিবাকর তাঁহার গৃহে উপস্থিত হইয়াছেন। তাঁহারা গুরুর উপদেশ মাত্রেই সর্ব্বপ্রকার অস্ত্রশিক্ষা করিয়া সান্দীপনিমুনিকে বলিলেন যে, আপনাকে গুরুদক্ষিণাস্বরূপ যাহা দিতে হইবে, আপনি তাহা আমাদিগকে বলুন ।২২-২৩

তখন মহামতি সান্দীপনি তাঁহাদের অলৌকিক কর্ম্ম অবলোকন করিয়া তাঁহাদের নিকট গুরুদক্ষিণাস্বরূপ 'লবণসমুদ্রে প্রভাসে মৃত স্বকীয় পুত্রকে জীবিত অবস্থায় আনিয়া দিতে' কহিলেন ।২৪

তখন তাঁহারা অস্ত্রগ্রহণ করত সমুদ্রের নিকট উপস্থিত হইবামাত্র সমুদ্র নিজরূপে অর্ঘ্যপাত্র হস্তে করিয়া সেইখানে উপস্থিত হইয়া বলিলেন,—আমি সান্দীপনিমুনির পুত্রকে হরণ করি নাই ।২৫

শঙ্খরূপী পঞ্চজন নামে একজন দৈত্যই সেই বালককে গ্রহণ করিয়াছে। হে অসুরসূদন ! সেই দৈত্য আমার জল-মধ্যেই বাস করিতেছে ।২৬

সমুদ্র এই কথা বলিলে পর কৃষ্ণ জলমধ্যে প্রবেশ পূর্ব্বক দুষ্টস্বভাব পঞ্চজননামক অসুরকে হনন করিয়া তাহার অস্থি হইতে উৎপন্ন শঙ্খ গ্রহণ করিলেন ।২৭

এই উত্তম শঙ্খের নাদে দৈত্যগণের বলহানি ও দেবগণের তেজোবৃদ্ধি হয় এবং অধর্ম্ম বিনাশ লাভ করে ।২৮

এইরূপ পাঞ্চজন্যশঙ্খ বাদন করিতে করিতে হরি ও বলবান্ বলদেব যমপুরী গমনপূর্ব্বক বৈবস্বত যমকে জয় করিলেন। তারপর বলবান্দিগের শ্রেষ্ঠ কৃষ্ণ ও বলরাম পূর্ব্বের দেহধারী ও যাতনাভোগকারী বালককে গ্রহণ করত তাঁহার পিতার হস্তে প্রদান করিলেন ।২৯-৩০

অনন্তর কৃষ্ণ ও বলরাম উভয়ে উগ্রসেনপালিতা মথুরাপুরীতে আগমন করিলেন। তখন তাঁহাদের দর্শনে মথুরার সকল স্ত্রী ও পুরুষগণ অত্যন্ত হৃষ্ট হইল ।৩১

বিষ্ণুপুরাণের পঞ্চমাংশে একবিংশ অধ্যায় সমাপ্ত।

---

* কোন কোন গ্রন্থে ২২ শ্লোকের পর নিম্নলিখিত শ্লোকার্দ্ধটি অধিক দেখা যায়,—
"সাঙ্গাংশ্চ চতুরো বেদান্ সর্ব্বশাস্ত্রাণি চৈব হি ।"

দ্বাবিংশঃ অধ্যায়ঃ

[জরাসন্ধস্য পরাজয়ঃ।]

পরাশর উবাচ।

জরাসন্ধসুতে কংস উপযেমে মহাবলঃ।
অস্তিং প্রাপ্তিঞ্চ মৈত্রেয় তয়োর্ভর্ত্তৃহণং হরিম্ ॥১
মহাবলপরীবারো মগধাধিপতির্বলী।
হন্তুমভ্যাযযৌ কোপাজ্জরাসন্ধঃ সযাদবম্ ॥২
উপেত্য মথুরাং সোঽথ রুরোধ মগধেশ্বরঃ।
অক্ষৌহিণীভিঃ সৈন্যস্য ত্রয়োবিংশতিভির্বৃতঃ ॥৩
নিষ্ক্রম্যাল্পপরীবারাবুভৌ রাম-জনার্দ্দনৌ।
যুযুধাতে সমং তস্য বলিনৌ বলিসৈনিকৈঃ ॥৪
ততো বলশ্চ কৃষ্ণশ্চ চক্রাতে মতিমুত্তমম্।
আয়ুধানাং পুরাণানামাদানে মুনিসত্তম ॥৫
অনন্তরং হরেঃ শার্ঙ্গং তূণৌ চাক্ষয়সাযকৌ।
আকাশাদাগতৌ বীর তথা কৌমোদকী গদা ॥৬
হলঞ্চ বলভদ্রস্য গগনাদাগতং কবে (ক)।
মনসোঽভিমতং বিপ্র সৌনন্দং মুসলং তথা ॥৭
ততো যুদ্ধে পরাজিত্য সসৈন্যং মগধাধিপম্।
পুরীং বিবিশতুর্বীরাবুভৌ রাম-জনার্দ্দনৌ ॥৮
জিতে তস্মিন্ সুদুর্বৃত্তে জরাসন্ধে মহামুনে।
জীবমানে গতে কৃষ্ণস্তং নামন্যত নির্জ্জিতম্ (খ) ॥৯
পুনরপ্যাজগামাথ জরাসন্ধো বলান্বিতঃ।
জিতশ্চ রাম-কৃষ্ণাভ্যামপক্রান্তো দ্বিজোত্তম ॥১০
দশ চাষ্টৌ চ সংগ্রামানেবমত্যদুর্ম্মনঃ।
যদুভির্মাগধো রাজা চক্রে কৃষ্ণপুরোগমৈঃ ॥১১
সর্ব্বেষ্বেতেষু যুদ্ধেষু যাদবৈঃ স পরাজিতঃ।
অপক্রান্তো জরাসন্ধঃ স্বল্পসৈন্যৈর্বলাধিকঃ ॥১২
তদ্ বলং যাদবানাং তৈরুচ্ছিন্নং বহুনেকশঃ (গ)।
তত্ত্ব সন্নিধিমাহাত্ম্যাং বিষ্ণোরংশস্য চক্রিণঃ ॥১৩

দ্বাবিংশ অধ্যায়

[জরাসন্ধের পরাজয়।]

পরাশর বলিলেন,—হে মৈত্রেয়! কংস অস্তি ও প্রাপ্তি নাম্নী জরাসন্ধের দুই কন্যাকে বিবাহ করিয়াছিল। মগধরাজ বলবান্ জরাসন্ধ কোপবশতঃ সেই কন্যাদ্বয়ের পতিহন্তা কৃষ্ণকে যাদবগণের সহিত বিনাশ করিবার জন্য বিশাল সৈন্যবাহিনী সঙ্গে লইয়া আগমন করিল।১-২

ত্রয়োবিংশতি অক্ষৌহিণী সেনা-পরিবৃত মগধেশ্বর জরাসন্ধ আগমন করিয়া মথুরাপুরী অবরোধ করিল।৩

তখন বলশালী রাম ও জনার্দ্দন উভয়ে অল্প সৈন্যের সহিত বহির্গত হইয়া জরাসন্ধের বলবান্ সৈনিকগণের সঙ্গে যুদ্ধ করিতে লাগিলেন।৪

হে মুনিসত্তম! অনন্তর রাম ও জনার্দ্দন স্বকীয় পুরাতন অস্ত্রসমূহের আদান (গ্রহণ) করিতে এক উত্তম সঙ্কল্প করিলেন।৫

হে বীর! তাহার পর আকাশ হইতে শার্ঙ্গধনু, অক্ষয়বাণপূর্ণ তূণদ্বয় ও কৌমোদকী নামে গদা ভগবান্ হরির নিকট উপস্থিত হইল।৬

হে কবে! বলভদ্রের মনোভিমত হল ও সৌনন্দ নামক মুসল গগন হইতে তাঁহার নিকট উপস্থিত হইল।৭

অনন্তর বীর রাম ও জনার্দ্দন সৈন্যগণের সহিত মগধাধিপতিকে যুদ্ধে পরাজয় করিয়া উভয়েই মথুরাপুরীতে প্রবেশ করিলেন।৮

হে মহামুনে! অতিশয় দুর্বৃত্ত জরাসন্ধ জীবিতাবস্থায় পরাজিত হইয়া যে ভাবে পলায়ন করিল, তাহাতে কৃষ্ণ তাহাকে পরাজিত ভাবিলেন না।৯

হে দ্বিজোত্তম। কিছু দিন পরে জরাসন্ধ কোপপূর্ণ

পাঠান্তর :—(ক)- মহৎ। (খ) —জেনাবন্ধত নাজিতম্।
(গ) ন তদ্বলং যাদবানাং বিদিতং—।

মনুষ্যধর্ম্মশীলস্য লীলা সা জগতঃ পতেঃ (ক)।
অস্ত্রাণ্যনেকরূপাণি যদবাস্তিষু মুঞ্চতি ॥১৪
মনসৈব জগৎসৃষ্টিং সংহারঞ্চ করোতি যঃ।
তস্যারিপক্ষক্ষপণে কোঽয়মুদ্যমবিস্তরঃ (খ) ॥১৫
তথাপি যো মনুষ্যাণাং ধর্ম্মস্তমনুবর্ত্ততে।
কুর্ব্বন্ বলবতা সন্ধিং হীনৈর্যুদ্ধং করোত্যসৌ ॥১৬
সাম চোপপ্রদানঞ্চ তথা ভেদং প্রদর্শয়ন্।
করোতি দণ্ডপাতঞ্চ ক্বচিদেব পলায়নম্ ॥১৭
মনুষ্যদেহিনাং চেষ্টামিত্যেবমনুবর্ত্ততঃ (গ)।
লীলা জগৎপতেস্তস্য স্বেচ্ছতঃ সম্প্রবর্ত্ততে (ঘ) ॥১৮

ইতি বিষ্ণুপুরাণে পঞ্চমাংশে দ্বাবিংশঃ অধ্যায়ঃ ॥

হইয়া পুনর্ব্বার যুদ্ধের জন্য সসৈন্যে আগমন করিল এবং রাম ও কৃষ্ণ কর্ত্তৃক পরাজিত হইয়া পুনরায় পলায়ন করিল।১০

অতিশয় অহঙ্কারী মগধদেশাধিপতি রাজা জরাসন্ধ এই প্রকারে অষ্টাদশ বার কৃষ্ণপ্রমুখ বহু যাদবগণের সহিত যুদ্ধ করিয়াছিল।১১

সেই সকল যুদ্ধেই অধিক সৈন্যপরিবৃত জরাসন্ধ অল্প-সৈন্য যাদবগণ কর্ত্তৃক পরাজিত হইয়া পলায়ন করিয়াছিল।১২

যাদবগণের যে বহুপ্রকারে সেই প্রকার বল অর্জ্জিত হইয়াছিল, তাহা কেবল সুদর্শনচক্রধারী বিষ্ণুর অংশাবতারের সন্নিধিমাহাত্ম্যেরই প্রভাবে।১৩

মনুষ্য-ধর্ম্মশীল জগৎপতির ইহা লীলা ব্যতিরেকে আর কিছুই নহে; কারণ, তিনি (সর্বশক্তিমান্ হইয়াও) শত্রুগণের উপর বহু প্রকার অস্ত্রক্ষেপণ করিতেন। যিনি সঙ্কল্পমাত্রেই এই জগতের সৃষ্টি ও সংহার করিয়া থাকেন, তাঁহার শত্রুপক্ষক্ষয়বিষয়ে উদ্যমবিস্তারের আর প্রয়োজন কি।১৪-১৫

তথাপি সেই ভগবান্ মনুষ্যগণের ধর্ম্মানুবর্ত্তী হইয়াই হীন (অল্পশক্তি সম্পন্ন)-গণের সহিত যুদ্ধ করিতেন এবং বলবানের সহিত সন্ধি করিতেন।১৬

সেই ভগবান্ মনুষ্যধর্ম্মের অনুসারে কোন স্থানে সাম, কোন স্থানে দান ও কোন স্থানে ভেদ প্রদর্শন করিতেন; কোন স্থলে বা দণ্ডনীতির অনুসরণ করিতেন; আবার ক্বচিৎ কুত্রাপি পলায়নও করিতেন।১৭

এই প্রকারে মনুষ্য-দেহধারিগণের চেষ্টা অনুবর্ত্তন করিয়া জগৎপতির নিজের ইচ্ছানুসারেই লীলা নানাভাবে প্রবর্ত্তিত হইতে লাগিল।১৮

পাঠান্তর :—(ক) —জগতীপতেঃ। (খ) —ক্বিয়ানুদ্যমবিস্তরঃ। (গ) —মনুবর্ত্ততে। (ঘ) —পরিবর্ত্ততে।

বিষ্ণুপুরাণের পঞ্চমাংশে দ্বাবিংশ অধ্যায় সমাপ্ত।

ত্রয়োবিংশঃ অধ্যায়ঃ

[দ্বারকায়া দুর্গনির্ম্মাণম্, কালযবনদহনম্, মুচুকুন্দস্য ভগবৎস্তুতিশ্চ।]

পরাশর উবাচ।

গার্গ্যং গোষ্ঠে দ্বিজং শ্যালঃ ষণ্ড ইত্যুক্তবান্ দ্বিজ।
যদূনাং সন্নিধৌ সর্ব্বে জহসুঃ সর্ব্বযাদবাঃ (ক) ॥১

ততঃ কোপসমাবিষ্টো দক্ষিণাব্ধিমুপেত্য সঃ।
সুতমিচ্ছংস্তপস্তেপে যদুচক্রভয়াবহম্ ॥২

আরাধয়ন্ মহাদেবং সোঽয়শ্চূর্ণমভক্ষয়ৎ।
দদৌ বরঞ্চ তুষ্টোঽস্মৈ বাসরে দ্বাদশে হরঃ ॥৩

সভাজয়ামাস চ তং যবনেশো সুনাস্বজঃ।
তদ্‌যোষিৎসঙ্গমাচ্চাস্য পুত্রোঽভূদলিসন্নিভঃ ॥৪

তং কালযবনং নাম রাজ্যে স্বে যবনেশ্বরঃ।
অভিষিচ্য বনং যাতো বজ্রাগ্রকঠিনোরসম্ ॥৫

স তু বীর্য্যমদোন্মত্তঃ পৃথিব্যাং বলিনো নৃপান্।
প্রপ্রচ্ছ নারদস্তস্মৈ কথয়ামাস যাদবান্ ॥৬

ম্লেচ্ছকোটিসহস্রাণাং সহস্রৈর্বহুভির্বৃতঃ।
গজাম্বরথপত্ত্যৌঘৈশ্চকার পরমোদ্যমম্ ॥৭

প্রযযৌ চাব্যবচ্ছিন্নং ছিদ্রণানো দিনে দিনে।
যাদবান্ প্রতি সামর্ষো মৈত্রেয় মথুরাপুরীম্ ॥৮

কৃষ্ণোঽপি চিন্তয়ামাস ক্ষয়িতং যাদবং বলম্।
যবনেন রণে গম্যং মাগধস্য ভবিষ্যতি ॥৯

মাগধস্য বলং ক্ষীণং স কালযবনো বলী।
হন্তা তদিদমায়াতং যদূনাং ব্যসনং বিধা ॥১০

পাঠান্তর :—(ক) —অহসুর্যাদবাস্তদা।

ত্রয়োবিংশ অধ্যায়

[দ্বারকার দুর্গ নির্মাণ, কালযবন দহন এবং মুচুকুন্দের ভগবৎস্তুতি।]

পরাশর বলিলেন,—হে দ্বিজ! গোষ্ঠে সমগ্র যাদবগণের নিকট ব্রাহ্মণ গার্গ্যকে তাঁহার শ্যালক নপুংসক বলিয়া উপহাস করিলে তৎকালে সকল যাদবগণই উচ্চহাস্য করিয়াছিলেন।১

এই কারণে গার্গ্য অতিশয় কোপান্বিত হইয়া দক্ষিণ-সমুদ্রের তীরে গমনপূর্ব্বক যদুবংশীয়গণের ভয়কারী এক পুত্রলাভের প্রত্যাশায় তপস্যা আরম্ভ করিলেন।২

সেই গার্গ্য ব্রতস্বরূপ লৌহচূর্ণমাত্র ভক্ষণ করত মহাদেবের আরাধনায় প্রবৃত্ত হন; অনন্তর দ্বাদশ বৎসর পরে মহাদেব প্রসন্ন হইয়া তাঁহাকে অভিলষিত বর প্রদান করিলেন।৩

অপুত্রক যবনেশ্বর তাঁহাকে অতিশয় সম্মান করত নিজগৃহে লইয়া গেলেন এবং সেই স্থলে যবনেশ্বর-মহিষীর সহবাসে তাঁহার ভবনের ন্যায় কৃষ্ণবর্ণ এক সন্তান জন্মিল।৪

সেই বজ্রাগ্রের ন্যায় কঠিনবক্ষঃস্থল পুত্র কালযবনকে স্বীয় রাজ্যে অভিষিক্ত করিয়া যবনেশ্বর বনে গমন করিলেন।৫

অনন্তর বলগর্ব্বে গর্ব্বিত কালযবন নারদের নিকট পৃথিবীস্থ বলবান্ নৃপতিগণের নাম জিজ্ঞাসা করিলে, নারদ তদুত্তরে যাদব নৃপতিগণের বিষয় কীর্ত্তন করিলেন।৬

নারদের বাক্য শ্রবণ করিয়া কালযবন সহস্র সহস্র কোটি ম্লেচ্ছসৈন্য ও রথ, অশ্ব, হস্তী ও পদাতিসৈন্যসমূহে পরিবৃত হইয়া বিশাল সেনানিবেশ করিল (তারপর যুদ্ধ যাত্রা করিল)।৭

হে মৈত্রেয়! রোষপূর্ণ কালযবন গমনসময়ে মধ্যে মধ্যে বাহন হস্তী অশ্বাদি পরিশ্রান্ত হইলে, তৎক্ষণাৎ অন্য বাহনে আরোহণ করিয়া প্রতিদিন অবিশ্রান্ত গতিতে আসিয়া যাদবগণের সহিত যুদ্ধার্থে মথুরায় উপস্থিত হইল।৮

তস্মাদ্ দুর্গং করিষ্যামি যদূনামতিদুর্জ্জয়ম্ ।
স্ত্রিয়োঽপি যত্র যুধ্যেয়ুঃ কিং পুনর্ব্বৃষ্ণিপুঙ্গবাঃ ॥১১
মন্নি মত্তে প্রমত্তে বা সুপ্তে প্রবাসিতে তথা ।
যাদবাভিভবং দুষ্টা মা কুর্ব্বন্ পরযোষিকাঃ (ক) ॥১২
ইতি সঞ্চিন্ত্য গোবিন্দো যোজনানি মহোদধিম্ ।
যযাচে দ্বাদশ পুরীং দ্বারকাং তত্র নির্ম্মমে ॥১৩
মহোদ্যানাং মহাপ্রাং তড়াগশতশোভিতাম্ ।
প্রাকারগৃহসম্বাধামিন্দ্রস্যেবামরাবতীম্ ॥১৪
মথুরাবাসিনো লোকাংস্তত্রানীয় জনার্দ্দনঃ ।
আসন্নে কালযবনে মথুরাঞ্চ স্বয়ং যযৌ ॥১৫

বহিরাবাসিতে সৈন্যে মথুরায়া নিরায়ুধঃ ।
নির্জ্জগাম স গোবিন্দো দদৃশে যবনেশ্বরম্ (খ) ॥১৬
স জ্ঞাত্বা বাসুদেবং তং বাহুপ্রহরণো নৃপঃ ।
অনুযাতো মহাযোগি-চেতোভিঃ প্রাপ্যতে ন যঃ ॥১৭
তেনানুযাতঃ কৃষ্ণোঽপি প্রবিবেশ মহাগুহাম্ ।
যত্র শেতে মহাবীর্য্যো মুচুকুন্দো নরেশ্বরঃ ॥১৮
সোঽপি প্রবিশ্য যবনো দৃষ্ট্বা শয্যাগতং নৃপম্ ।
পাদেন তাড়য়ামাস মত্বা কৃষ্ণং সুদুর্ম্মতিঃ ॥১৯
দৃষ্টমাত্রস্তু তেনাসৌ জজ্বাল যবনোঽগ্নিনা* ।
তৎক্রোধজেন মৈত্রেয় ভস্মীভূতশ্চ তৎক্ষণাৎ ॥২০

অনন্তর কৃষ্ণ একদিকে বার বার জরাসন্ধের আক্রমণ ও অপরদিকে কালযবনের আক্রমণ দেখিয়া চিন্তা করিতে লাগিলেন যে, কালযবনের সহিত যুদ্ধে ক্ষীণপ্রায় হইলে যাদবগণ পুনর্ব্বার মগধরাজের সহিত যুদ্ধে নিশ্চয় পরাজিত হইবে ।৯

আবার মগধাধিপতির সহিত যুদ্ধে যদুগণের বল ক্ষীণ হইলে, পুনর্ব্বার বলবান্ কালযবন তাহাদিগকে বিনাশ করিতে পারিবে, সুতরাং এক্ষণে যদুবংশীয়গণের দুইদিক্ হইতে বিপত্তি উপস্থিত হইল ।১০

এই কারণে এক্ষণে আমি যদুগণের জন্য এমন একটি দুর্গ করিব, যাহাকে আশ্রয় করিয়া যদুস্ত্রীগণও যুদ্ধ করিতে পারিবে, যদুবীরশ্রেষ্ঠগণের ত কথাই নাই ।১১

আমি মত্ত, প্রমত্ত, সুপ্ত বা প্রবাসগত যে অবস্থাতেই থাকি না কেন, শত্রুপক্ষের দুষ্ট যোদ্ধারা যেন কোন কালেই যদুবংশীয়গণের অভিভব করিতে না পারে,—ইহা আমার করিতে হইবে ।১২

গোবিন্দ পূর্ব্বোক্ত প্রকারে চিন্তা করত মহাসাগরের নিকট দ্বাদশযোজন পরিমিত স্থান যাচ্ঞা করিয়া সেই স্থানে দ্বারকা নাম্নী এক পুরী স্থাপিত করিলেন ।১৩

ঐ দ্বারকাতে বড় বড় উদ্যান নির্ম্মিত হইল, আর তাহাতে অতি গভীর খাত এবং শত শত তড়াগ শোভা পাইতে লাগিল। প্রাচীর, গৃহ ও দুর্গ প্রভৃতিতে সুশোভিত ঐ পুরী ইন্দ্রের অমরাবতীর ন্যায় শোভা প্রাপ্ত হইল ।১৪

অনন্তর কালযবন আসিয়া পড়িলে জনার্দ্দন মথুরাবাসী লোকদিগকে দ্বারকায় আনয়ন করিয়া স্বয়ং পুনর্ব্বার মথুরাতেই গিয়া অবস্থিতি করিতে লাগিলেন ।১৫

পরে কালযবনের সৈন্যগণ পুরী অবরোধ করিয়া বহির্দ্দেশে দৃঢ়রূপে নিবেশিত হইলে, গোবিন্দ মথুরা হইতে নির্গমনপূর্ব্বক যবনেশ্বরের সম্মুখীন হইলেন ।১৬

যোগিগণের চিত্তসমূহ যাঁহাকে ধারণা করিতে পারে না, সেই ভগবান্ বাসুদেবকে নিকটে উপস্থিত দর্শন করত কেবল বাহু (হস্ত)-ই অস্ত্ররূপে পরিগণিত করিয়া অর্থাৎ শূন্য হাতে রাজা কালযবন তাঁহার অনুগমন করিতে আরম্ভ করিল। কালযবন তাঁহার অনুগমন করিতে থাকিলে, কৃষ্ণও যেখানে মুচুকুন্দ নামে মহাবলশালী নরেশ্বর শয়ন করিয়াছিলেন, সেই গুহার মধ্যে প্রবেশ করিলেন ।১৭-১৮

সুদুর্ম্মতি যবনও সেই গুহামধ্যে প্রবেশ করিয়া শয্যাগত রাজা মুচুকুন্দকে অবলোকনপূর্ব্বক কৃষ্ণবোধে তাঁহাকে পদাঘাত দ্বারা তাড়না করিল ।১৯

হে মৈত্রেয়! তাহাতে রাজার নিদ্রাভঙ্গ হইলে পর তাঁহার দৃষ্টিমাত্রেই ক্রোধজাতবহ্নি দ্বারা ঐ যবন প্রজ্বলিত হইল এবং তৎক্ষণাৎ ভস্মীভূত হইয়া গেল ।২০

পাঠান্তর :—(ক) —মা কুর্ব্বন্নরোঽধিকাঃ ।

পাঠান্তর :—(খ) নির্জ্জগাম চ গোবিন্দো দদর্শ যবনঞ্চ তম্ ।

* এই শ্লোকের পূর্ব্বে একটি নিম্নলিখিত শ্লোকার্দ্ধ দেখা যায়,—
উত্থায় মুচুকুন্দোঽপি দদর্শ যবনং নৃপঃ ।

স হি দেবাসুরে যুদ্ধে গতো জিত্বা মহাসুরান্।
নিদ্রার্ত্তঃ সুমহাকালং নিদ্রাং বব্রে বরং সুরান্ ॥২১
প্রোক্তশ্চ দেবৈঃ সংসুপ্তং যস্ত্বামুত্থাপয়িষ্যতি।
দেহজেনাগ্নিনা সদ্যঃ স তু ভস্মী ভবিষ্যতি ॥২২
এবং দগ্ধ্বা স তং পাপং দৃষ্ট্বা চ মধুসূদনম্।
কস্ত্বমিত্যাহ সোঽপ্যাহ জাতোঽহং শশিনঃ কুলে।
বসুদেবস্য তনয়ো যদুবংশসমুদ্ভবঃ ॥২৩
মুচুকুন্দোঽপি তত্রাসৌ বৃদ্ধগার্গ্যবচোঽস্মরৎ।
সংস্মৃত্য প্রণিপত্যৈনং সর্ব্বভূতেশ্বরং হরিম্ ॥২৪
প্রাহ জাতো ভবান্ বিষ্ণোরংশস্ত্বং পরমেশ্বরঃ।
পুরা গার্গ্যেণ কথিতমষ্টাবিংশতিমে যুগে।
দ্বাপরান্তে হরের্জ্জন্ম যদোর্বংশে ভবিষ্যতি ॥২৫
স ত্বং প্রাপ্তো ন সন্দেহো মর্ত্ত্যানামুপকারকৃৎ।
তথাপি সুমহৎ তেজো নালং সোঢ়ুমহং তব ॥২৬
তথাহি সজলাম্ভোদ-নাদধীরতরং তব।
বাক্যং নমতি চৈবোর্ব্বী যস্য পাদপ্রপীড়িতা(ক) ॥২৭
দেবাসুরে মহাযুদ্ধে দৈত্যসৈন্যে মহাভটাঃ।
ন শেকুর্মম তত্তেজস্ত্বত্তেজো ন সহাম্যহম্ ॥২৮
সংসারপতিতস্যৈকো জন্তোস্ত্বং শরণং পরম্।
স প্রসীদ প্রপন্নার্ত্তিহর্ত্তা হর মমাশুভম্(খ) ॥২৯
ত্বং পয়োনিধয়ঃ শৈলাঃ সরিতস্ত্বং বনানি চ।
মেদিনী গগনং বায়ুরাপোঽগ্নিস্ত্বং তথা মনঃ ॥৩০
বুদ্ধির্ব্যাকৃতং প্রাণাঃ প্রাণেশস্ত্বং তথা পুমান্।
পুংসঃ পরতরং যচ্চ ব্যাপ্যজন্মাবিকারি যৎ(গ) ॥৩১
শব্দাদিহীনমজরমমেয়ং ক্ষয়বর্জ্জিতম্।
অবৃদ্ধিনাশং তদ্ব্রহ্ম ত্বমাত্মস্তবিবর্জ্জিতম্ ॥৩২
ত্বত্তোঽমরাঃ সপিতরো যক্ষ-গন্ধর্ব্ব-কিন্নরাঃ।
সিদ্ধাশ্চাপ্সরসস্তত্তো মনুষ্যাঃ পশবঃ খগাঃ ॥৩৩

পূর্ব্বে দেবাসুরযুদ্ধে গমনকরত সেই রাজা মুচুকুন্দ মহাসুরগণকে জয় করিয়া অতিশয় নিদ্রাতুর হন এবং সেইজন্য দীর্ঘকাল নিদ্রারূপ বর দেবগণের নিকট প্রার্থনা করেন।২১

সেই সময় দেবগণও তাঁহাকে বলেন যে, তুমি নিদ্রিত হইলে পর যে ব্যক্তি তোমাকে উঠাইবে, সে তৎক্ষণাৎ তোমার দেহ হইতে সমুৎপন্ন অগ্নি দ্বারা দগ্ধ হইয়া ভস্মীভূত হইবে।২২

এই প্রকারে রাজা মুচুকুন্দ সেই পাপরূপী যবনকে দগ্ধ করিয়া মধুসূদনকে অবলোকন করত জিজ্ঞাসা করিলেন,—কে তুমি? তখন ভগবান্ বলিলেন,—আমি চন্দ্রবংশে যদুকুলে উৎপন্ন এবং বসুদেবের পুত্র।২৩

মুচুকুন্দেরও সেই সময়ে বৃদ্ধগার্গ্যমুনির বাক্য স্মরণ হইল। তিনি তৎক্ষণাৎ সেই সর্ব্বভূতেশ্বর হরিকে প্রণামপূর্ব্বক বলিলেন,—"আপনি বিষ্ণুর অংশ ও পরমেশ্বর, ইহা আমি জানিতে পারিয়াছি। পুরাকালে গার্গ্যমুনি বলিয়াছিলেন,—অষ্টাবিংশতিতমযুগে দ্বাপরান্তে যদুবংশে হরির জন্ম হইবে।২৪-২৫

আপনি মনুষ্যগণের উপকার করিবার জন্য নিশ্চয়ই অবতীর্ণ হইয়াছেন। তথাপি আমি আপনার এই সুমহৎ তেজ সহ্য করিতে সমর্থ হইতেছি না।২৬

হে ভগবন্! আপনার বাক্য সজলজলধর (মেঘ) সদৃশবৎ অতিশয় ধীর (গম্ভীর) এবং আপনার পদভরে ধরণী পীড়িতা হইয়া নিম্নাভিমুখে গমন করিতেছে।২৭

দেবাসুর-মহাযুদ্ধে দৈত্যসেনাগণের মধ্যে মহাবীরগণ আমার সেই উৎকট তেজ সহ্য করিতে পারে নাই, কিন্তু অদ্য আমি আপনার তেজ সহ্য করিতে পারিতেছি না।২৮

সংসারক্ষেত্রে পতিত প্রাণিগণের আপনি একমাত্র রক্ষাকর্ত্তা, আপনি সেই আশ্রিতগণের আর্ত্তি (দুঃখ) হর, আপনি প্রসন্ন হউন এবং আমার অশুভ বিনাশ করুন।২৯

আপনিই সমস্ত সমুদ্র, আপনি পর্ব্বত ও নদী সমূহ, বনসকল, পৃথিবী, গগন, বায়ু, জল, অগ্নি ও মনঃস্বরূপ।৩০

পাঠান্তর :—(ক) —দুরৎপাদপ্রপীড়িতা।
(খ) প্রসীদ ত্বং প্রপন্নার্ত্তিহর নাশায় মেঽশুভম্।
(গ) ব্যাপ্যজন্মাবিকারবৎ।

সরীসৃপা মৃগাঃ সর্ব্বে ত্বতঃ সর্ব্বে মহীরুহাঃ।
যচ্চ ভূতং ভবিষ্যচ্চ কিঞ্চিদত্র চরাচরম্ ॥৩৪
অমূর্ত্তং মূর্ত্তমথবা স্থূলং সূক্ষ্মতরং স্থিতম্(ক)।
তৎসর্ব্বং ত্বং জগৎকর্ত্তা নাস্তি কিঞ্চিৎ ত্বয়া বিনা ॥৩৫
ময়া সংসারচক্রেঽস্মিন্ ভ্রমতা ভগবন্ সদা।
তাপত্রয়াভিভূতেন ন প্রাপ্তা নির্বৃতিঃ ক্বচিৎ ॥৩৬
দুঃখান্যেব সুখানীতি মৃগতৃষ্ণা জলাশয়াঃ।
তথা নাথ গৃহীতানি তানি তাপায় চাভবন্ ॥৩৭
রাষ্ট্রং ভূর্ব্বী বলং কোশো মিত্রপক্ষস্তথাত্মজাঃ।
ভার্য্যা ভৃত্যজনা যে চ শব্দাদ্যা বিষয়াঃ প্রভো ॥৩৮
সুখবুদ্ধ্যা ময়া সর্ব্বং গৃহীতমিদমব্যয়।
পরিণামে তদেবেশ তাপাত্মকমভূন্মম ॥৩৯
দেবলোকমিমং প্রাপ্তো নাথ দেবগণোঽপ্যয়ম্।
মত্তঃ সাহায্যকামোঽভূচ্ছাশ্বতী কুত্র নির্বৃতিঃ ॥৪০
ত্বামনারাধ্য ভগতাং সর্ব্বেষাং প্রভবাস্পদম্।
শাশ্বতী প্রাপ্যতে কেন পরমেশ্বর নির্বৃতিঃ ॥৪১
ত্বন্মায়ামুগ্ধমনসো জন্ম-মৃত্যু-জরাদিকান্।
অবাপ্য তাপান্ পশ্যন্তি প্রেতরাজাননং নরাঃ(খ) ॥৪২
ততো নিজক্রিয়াসূতি-নরকেষ্বতিদারুণম্।
প্রাপ্নুবন্তি নরা দুঃখমস্বরূপবিদস্তব ॥৪৩

হে ভগবন্! আপনি বুদ্ধি ও প্রকৃতি স্বরূপ, আপনি প্রাণস্বরূপ, অথচ প্রাণেশ্বর, আপনি পুরুষরূপী, অথচ পুরুষ হইতে বিকাররহিত জন্মহীন যে অতিশয় শ্রেষ্ঠ বস্তু, তাহাও আপনি।৩১

আপনার আদি ও অন্ত নাই, আপনি বৃদ্ধি ও নাশরহিত, শব্দাদিহীন, ক্ষয়বর্জ্জিত ও অমেয় সেই ব্রহ্ম।৩২

আপনা হইতে দেবগণ, পিতৃগণ, যক্ষ, গন্ধর্ব্ব, কিন্নর, সিদ্ধ ও অপ্সরোগণ উৎপন্ন হইয়াছেন। আপনা হইতেই মনুষ্য, পশু ও পক্ষিগণ উদ্ভূত হইয়াছে। সকল মৃগ, সর্প ও মহীরুহগণ (পর্ব্বতগণ) আপনা হইতেই জন্মিয়াছে; চরাচর যাহা কিছু অতীত হইয়াছে ও হইবে, তৎসমস্তই আপনা হইতে উৎপন্ন হইয়া গিয়াছে ও হইবে।৩৩-৩৪

হে জগৎকর্ত্তা! অমূর্ত্ত অথবা মূর্ত্ত, স্থূল অথবা সূক্ষ্ম, কিংবা স্থিরস্বভাব যাহা কিছু পদার্থ আছে, সেই সকল আপনা ব্যতিরেকে আর কিছুই নহে।৩৫

হে ভগবন্! আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক—এই ত্রিবিধ তাপে অভিভূত হইয়া আমি এই সংসারচক্রে সর্ব্বদা ভ্রমণ করিতেছি, কিন্তু কোন কালেই শান্তি পাইলাম না।৩৬

হে নাথ! আমি দুঃখসমূহকে সুখস্বরূপে এবং মৃগতৃষ্ণাকে (মরীচিকাকে) জলাশয়বোধে গ্রহণ করিয়াছি ও তাহাতে বড়ই তাপান্বিত হইয়াছি।৩৭

হে প্রভো! হে অব্যয়! রাষ্ট্র, পৃথিবী, সৈন্য, কোষ, মিত্রপক্ষ, সন্তানসমূহ, ভার্য্যা ও ভৃত্যবর্গ এবং শব্দাদি যে সকল বিষয় আছে, সেই সকল বিষয়কেই আমি সুখ বুদ্ধিতে গ্রহণ করিয়াছিলাম, কিন্তু হে ঈশ্বর! পরিণামে তৎসমস্তই আমার তাপস্বরূপে সিদ্ধ হইয়াছে।৩৮-৩৯

হে নাথ! এই দেবগণ দেবলোক প্রাপ্ত হইয়াও আমার সাহায্য প্রার্থনা করিয়াছিলেন, তখন কোথায় গেলে আর শাশ্বত শান্তিলাভ করিব? ৪০

হে পরমেশ্বর! সকল জগতের উৎপত্তিকারণস্বরূপ আপনার উপাসনা না করিয়া কোন ব্যক্তিই শাশ্বতী শান্তি লাভ করিতে পারে না।৪১

হে ভগবন্! আপনার মায়াপ্রভাবে মূঢ় মনুষ্যগণ জন্ম, মৃত্যু ও জরাদি সন্তাপ প্রাপ্ত হইয়া প্রেতরাজের বদন অবলোকন করিয়া থাকে।৪২

অনন্তর আপনার স্বরূপ যাহারা জানে না, সেই ব্যক্তিরা নিজের কর্ম্মের ফল স্বরূপ দারুণ দুঃখ প্রাপ্ত হইয়া থাকে।৪৩

পাঠান্তর :—(ক) মূর্ত্তামূর্ত্তং তথা চাপি স্থূলং সূক্ষ্মতরং তথা। (খ) —প্রেতরাজবদনন্তরম্।

অহমত্যন্তবিষয়ী মোহিতস্তব মায়য়া।
মমত্বগর্ব্বগর্ত্তান্তর্ভ্রমামি পরমেশ্বর ॥৪৪
সোঽহং ত্বাং শরণমপারমীশমীড্যং (ক)
সম্প্রাপ্তঃ পরমপদং যতো ন কিঞ্চিৎ।
সংসারাশ্রমপরিতাপতপ্তচেতা(খ)
নির্ব্বাণে পরিণতধাম্নি সাভিলাষঃ ॥৪৫

ইতি বিষ্ণুপুরাণে পঞ্চমাংশে ত্রয়োবিংশঃ অধ্যায়ঃ ॥

হে পরমেশ্বর! আমি আপনার মায়ায় মোহিত হইয়া অত্যন্ত বিষয়ী হইয়াছি এবং মমত্ব ও গর্ব্বরূপ মহাগর্ত্তমধ্যে ভ্রমণ করিতেছি ।৪৪

সেই আমি আজ অপার, সর্ব্বনিয়ামক, পূজ্যতম ও পরমপদস্বরূপ আপনার শরণ লইলাম; যেহেতু আপনি ভিন্ন জগতে আর কিছুই নাই। এই সংসারাশ্রমের নানা তাপে তপ্তচিত্ত আমি নিরতিশয় তেজোময় নির্ব্বাণ-স্বরূপ আপনারই অভিলাষী ।৪৫

পাঠান্তর :—(ক) —শরণমপারমীশমীড্যং (খ) সংসারভ্রমপরিতাপতপ্তচেতা।

বিষ্ণুপুরাণের পঞ্চমাংশে ত্রয়োবিংশ অধ্যায় সমাপ্ত।

চতুর্ব্বিংশঃ অধ্যায়ঃ

[তপসে মুচুকুন্দস্য প্রস্থানম্, বলরামস্য ব্রজযাত্রা চ।]

পরাশর উবাচ।

ইত্থং স্তুতস্তদা তেন মুচুকুন্দেন ধীমতা।
প্রাহেশঃ সর্ব্বভূতানামনাদির্ভগবান্ হরিঃ ॥১

শ্রীভগবানুবাচ।

যথাভিবাঞ্ছিতান্ দিব্যান্ গচ্ছ লোকান্ নরেশ্বর।
অব্যাহতপরৈশ্বর্য্যো মৎপ্রসাদোপবৃংহিতঃ ॥২
ভুক্ত্বা ভোগান্ মহাদিব্যান্ ভবিষ্যসি মহাকুলে।
জাতিস্মরো মৎপ্রসাদাৎ ততো মোক্ষমবাপ্স্যসি ॥৩

পরাশর উবাচ।

ইত্যুক্তঃ প্রণিপত্যেশং জগতামচ্যুতং নৃপঃ।
গুহামুখাদ্ বিনিষ্ক্রান্তো দদৃশে সোঽল্পকান্ নরান্ ॥৪
ততঃ কলিযুগং জ্ঞাত্বা প্রাপ্তং তপ্তুং নৃপস্তপঃ।
নরনারায়ণস্থানং প্রযযৌ গন্ধমাদনম্ ॥৫
কৃষ্ণোঽপি ঘাতয়িত্বারিমুপায়েন হি তদ্বলম্।
জগ্রাহ মথুরামেত্য হস্ত্যশ্বরথসঙ্কুলাম্ ॥৬

চতুর্ব্বিংশ অধ্যায়

[তপস্যার জন্য মুচুকুন্দের প্রস্থান এবং বলরামের ব্রজে গমন।]

পরাশর বলিলেন,—ধীমান্ মুচুকুন্দ এইরূপে স্তব করিলে, সর্ব্বভূতেশ্বর অনাদি ভগবান্ হরি তাঁহাকে বলিলেন ।১

শ্রীভগবান্ বলিলেন,—হে নরেশ্বর! তুমি অভিলষিত দিব্য লোকসমূহে গমন কর এবং তথায় আমার প্রসাদ-প্রভাবে অব্যাহত পরম ঐশ্বর্য্য লাভ করিবে ।২

অনন্তর সেই সকল দিব্যলোক ভোগপূর্ব্বক তুমি পৃথিবীতে কোন মহাবংশে জাতিস্মররূপে জন্মগ্রহণ করিবে এবং অন্তকালে আমার অনুগ্রহে মোক্ষপ্রাপ্ত হইবে ।৩

পরাশর বলিলেন,—ভগবান্ এই কথা বলিলে পর, রাজা মুচুকুন্দ জগতের ঈশ অচ্যুতকে প্রণামপূর্ব্বক সেই গুহামুখ হইতে বহির্গত হইয়া মনুষ্যগণকে আপনা হইতে সর্ব্বাকৃতি দেখিলেন ।৪

তারপর কলিযুগ উপস্থিত হইয়াছে, ইহা

আনীয় চোগ্রসেনায় দ্বারবত্যাং ন্যবেদয়ৎ।
পরাভিভবনিঃশঙ্কং বভূব চ যদোঃ কুলম্ ॥৭
বলদেবোঽপি মৈত্রেয় প্রশান্তাখিলবিগ্রহঃ।
জ্ঞাতিসন্দর্শনোৎকণ্ঠঃ প্রযযৌ নন্দগোকুলম্ ॥৮
ততো গোপীশ্চ গোপাংশ্চ যথাপূর্ব্বমমিত্রজিৎ।
তথৈবাভ্যবদৎ প্রেম্ণা বহুমানপুরঃসরম্ ॥৯
কৈশ্চাপি সম্পরিষ্বক্তঃ কাংশ্চিৎ স পরিষস্বজে।
হাস্যকক্রে সমং কৈশ্চিদ্ গোপৈর্গোপীজনৈস্তথা ॥১০
প্রিয়াণ্যনেকান্যবদন্ গোপাস্তত্র হলায়ুধম্।
গোপ্যশ্চ প্রেমকুপিতাঃ প্রোচুঃ সের্ষ্যমথাপরাঃ ॥১১
গোপ্যঃ পপ্রচ্ছুরপরা নাগরীজনবল্লভঃ।
কচ্চিদাস্তে সুখং কৃষ্ণশ্চলৎপ্রেমলবাত্মকঃ ॥১২

অস্মচ্চেষ্টামুপহসন্ কচ্চিন্ন পুরযোষিতাম্।
সৌভাগ্যমানমধিকং করোতি ক্ষণসৌহৃদঃ ॥১৩
কচ্চিৎ স্মরতি নঃ কৃষ্ণো গীতানুগমনং কলম্।
অপ্যসৌ মাতরং দ্রষ্টুং সকৃদপ্যাগমিষ্যতি ॥১৪
অথবা কিং তদালাপৈরপরা ক্রিয়তাং কথা।
তস্মাস্মাভির্বিনা তেন বিনাত্মাকং ভবিষ্যতি ॥১৫
পিতা মাতা তথা ভ্রাতা ভর্ত্তা বন্ধুজনশ্চ কিম্।
ন ত্যক্তস্তৎকৃতেঽস্মাভিরকৃতজ্ঞধ্বজো হি সঃ ॥১৬
তথাপি কচিদালাপমিহাগমনসংশ্রয়ম্।
করোতি কৃষ্ণো বক্তব্যং ভবতাকৃষ্ণ নানৃতম্ ॥১৭
দামোদরোঽসৌ গোবিন্দঃ পুরস্ত্রীষ্বক্তমানসঃ।
অপেতপ্রীতিরস্মাসু দুর্দ্দর্শঃ প্রতিভাতি নঃ ॥১৮

জানিতে পারিয়া রাজা মুচুকুন্দ তপস্যা করিবার জন্য নরনারায়ণের নিবাসস্থান গন্ধমাদনপর্ব্বতে গমন করিলেন।৫

কৃষ্ণও উক্ত উপায়ে শত্রুবিনাশ করত মথুরায় আগমন করত কালযবনের হস্তী, অশ্ব ও রথাদি দ্বারা সুশোভিত সৈন্যগণকে পরাস্ত করিয়া বশীভূত করিলেন।৬

অনন্তর ভগবান্ সেই সকল হস্তী ও অশ্ব প্রভৃতি দ্বারবতীতে আনয়ন করিয়া উগ্রসেনকে অর্পণ করিলেন। এইরূপে যদুকুল শত্রু দ্বারা অভিভবরূপ ভয় হইতে মুক্ত হইল।৭

হে মৈত্রেয়! বলভদ্রও অখিল যুদ্ধ প্রশান্ত হইয়াছে,—ইহা দেখিয়া জ্ঞাতি-সন্দর্শনে উৎকণ্ঠিতমানসে নন্দ-গোকুলে গমন করিলেন।৮

শত্রুজয়ী বলভদ্র গোকুলে আসিয়া পূর্ব্বের ন্যায় প্রেম ও বহুমানের সহিত গোপ ও গোপীগণকে অভিবাদন করিলেন।৯

অনন্তর কেহ কেহ বলভদ্রকে আলিঙ্গন করিল, বলভদ্রও তন্মধ্যে কাহাকে কাহাকেও আলিঙ্গন করিলেন এবং তিনি কোন কোন গোপ বা গোপীজনের সহিত হাস্য করিতে লাগিলেন।১০

সেই গোপগণ বলভদ্রকে বহুবিধ প্রিয় বাক্য বলিতে লাগিল; কিন্তু অপর গোপীগণ প্রেমকুপিত হইয়া ঈর্ষ্যাযুক্ত বাক্যে তাঁহার সহিত আলাপ করিতে লাগিল।১১

কোন কোন গোপী তাঁহাকে জিজ্ঞাসা করিল,—চঞ্চল প্রেমের খণ্ডস্বরূপ সেই মথুরাবাসিনী রমণীবল্লভ কৃষ্ণ ত সুখে বাস করিতেছেন?১২

কেহ বা বলিল,—ক্ষণসৌহৃদ (ক্ষণিক স্নেহকারী) কৃষ্ণ আমাদের উপহাসচ্ছলে পুরবাসিনী রমণীগণের কি সৌভাগ্য ও মান বৃদ্ধি করিয়া থাকেন না?১৩

কেহ বা বলিল,—কৃষ্ণ কি আর আমাদের গীতানুধায়ী মনোহর-স্বরকে স্মরণ করেন? তিনি কি জননীকে দেখিবার জন্য আর একবার ব্রজে আসিবেন?১৪

কোন কোন গোপী বলিল,—অথবা তাঁহার আলাপ করিয়া কি লাভ হইবে? অপর কোন বাক্যালাপ করা যাক্। আমাদের ছাড়িয়া তাঁহার যদি সময় কাটিয়া যায়, তবে তাঁহাকে ছাড়িয়া আমাদের দিন কাটিয়া যাইবে।১৫

পিতা, মাতা, ভ্রাতা, ভর্ত্তা ও বন্ধুজনকে কি আমরা সেই কৃষ্ণের জন্য পরিত্যাগ করি নাই? কৃষ্ণ অকৃতজ্ঞগণের ধ্বজস্বরূপ।১৬

কেহ বা বলিল,—সে সকল কথায় এক্ষণে প্রয়োজন

পরাশর উবাচ।
আমন্ত্রিতঃ স কৃষ্ণেতি পুনর্দামোদরেতি চ।
জহসুঃ সুস্বরং গোপ্যো হরিণা হৃতচেতসঃ ॥১৯
সন্দেশৈঃ সাময়মধুরৈঃ প্রেমগর্ভৈরগর্ব্বিতৈঃ।
রামেণাশ্বাসিতা গোপ্যঃ কৃষ্ণস্যাতিমনোহরৈঃ ॥২০

গোপৈশ্চ পূর্ব্ববদ্ রামঃ পরিহাসমনোরমাঃ।
কথাশ্চকার রেমে চ সহ তৈর্ব্রজভূমিষু ॥২১

ইতি বিষ্ণুপুরাণে পঞ্চমাংশে চতুর্ব্বিংশঃ অধ্যায়ঃ ॥

কি? হে কৃষ্ণরহিত বলরাম! আপনি সত্য করিয়া বলিবেন, কৃষ্ণ কি আর ব্রজে আগমনসম্বন্ধে কোন আলাপ করিয়া থাকেন? ১৭

সেই দামোদর গোবিন্দ মথুরাস্ত্রীর প্রতি মানস অর্পণ করিয়াছেন, সুতরাং আমাদের প্রতি আর তাঁহার প্রীতি নাই। এইহেতু তাঁহার দর্শন আমাদের কপালে দুষ্কর, ইহা আমাদের প্রতীতি হইতেছে।১৮

পরাশর বলিলেন,—বলভদ্রকে অতঃপর একবার দামোদর ও একবার কৃষ্ণ বলিয়া সম্বোধন করিয়া হরি কর্তৃক হৃত-চিত্তা গোপীগণ সুস্বরে হাস্য করিতে লাগিল।১৯

অনন্তর সান্ত্বনামনোহর, গর্ব্বহীন, প্রেমপূর্ণ ও অতিমনোজ্ঞ কৃষ্ণের সংবাদ দ্বারা বলভদ্র সেই সকল গোপীগণকে আশ্বাসিত করিতে লাগিলেন।২০

বলরাম গোপীগণের সহিত পূর্ব্বের ন্যায় পরিহাস-মনোহর নানাবিধ কথা বলিতে লাগিলেন এবং তাহাদের সহিত ব্রজভূমিতে নানাবিধ লীলা করিতে প্রবৃত্ত হইলেন।২১

বিষ্ণুপুরাণের পঞ্চমাংশে চতুর্ব্বিংশ অধ্যায় সমাপ্ত।

পঞ্চবিংশঃ অধ্যায়ঃ

[বলভদ্রস্য ব্রজবিহারঃ, যমুনাকর্ষণঞ্চ।]

পরাশর উবাচ।
বনে বিচরতস্তস্য সহ গোপৈর্মহাত্মনঃ।
মানুষত্বমনুরূপস্য শেষস্য ধরণীভৃতঃ ॥১
নিষ্পাদিতোরুকার্য্যস্য কার্য্যেণোর্ব্বীবিচারিণঃ।
উপভোগার্থমত্যর্থং বরুণঃ প্রাহ বারুণীম্ ॥২
অভীষ্টা সর্ব্বদা যস্য মদিরে ত্বং মহৌজসঃ।
অনন্তস্যোপভোগায় তস্য গচ্ছ সুদে শুভে ॥৩

ইত্যুক্তা বারুণী তেন সন্নিধানমথাকরোৎ।
বৃন্দাবনবনোৎপন্ন-কদম্বতরুকোটরে ॥৪
বিচরন্ বলদেবোঽপি মদিরাগন্ধমুত্তমম্।
আঘ্রায় মদিরাতর্ষমবাপাথ পুরাতনম্ ॥৫
ততঃ কদম্বাৎ সহসা মদ্যধারাং দ লাঙ্গলী।
পতন্তীং বীক্ষ্য মৈত্রেয় প্রযযৌ পরমাং মুদম্ ॥৬

পঞ্চবিংশ অধ্যায়

[বলভদ্রের ব্রজবিহার এবং যমুনাকর্ষণ।]

পরাশর বলিলেন,—ধরণীধর, মহৎ কার্য্যনিষ্পাদক, কার্য্যের নিমিত্ত পৃথিবীবিহারী ও মানবদেহধারী শেষাবতার মহাত্মা বলভদ্র বনে গোপগণের সহিত বিচরণ করিতেছেন দেখিয়া তাঁহার উপভোগের জন্য বরুণ বারুণীকে (মদিরাকে) বলিলেন।১-২

হে মদিরে! হে শুভে! যে মহাবলশালী মহাত্মার তুমি সর্ব্বদা অভিলাষের পাত্রী, সেই অনন্তদেবের আনন্দ

পপৌ চ গোপগোপীভিঃ সমবেতো মুদান্বিতঃ।
প্রগীয়মানো ললিতং গীতবাদ্যবিশারদৈঃ ॥৭

সমস্তোৎপন্ন-ধর্ম্মান্তঃকর্ণিকামৌক্তিকোজ্জ্বলঃ।
আগচ্ছ যমুনে স্নাতুমিচ্ছামীত্যাহ বিহ্বলঃ ॥৮

তস্য বাচং নদী সা চ মদোক্তামবমত্য বৈ।
নাজগাম ততঃ ক্রুদ্ধো হলং জগ্রাহ লাঙ্গলী ॥৯

গৃহীত্বা তাং তটে তেন চকর্ষ মদবিহ্বলঃ।
পাপে নায়াসি নায়াসি গম্যতামিচ্ছয়াত্মনঃ ॥১০

সাকৃষ্টা তেন সহসা মার্গং সদ্যস্ত্যজ্য নিম্নগা।
যত্রাস্তে বলভদ্রোঽসৌ প্লাবয়ামাস তত্ক্ষণম্ ॥১১

শরীরিণী তথোৎপত্য ত্রাসবিহ্বললোচনা।
প্রসীদেত্যব্রবীদ্ রামং মুঞ্চ মাং মুষলায়ুধ ॥১২

সোঽব্রবীদবজানাসি যদি শৌর্য্যবলে মম।
সোঽহং ত্বাং হলপাতেন বিনেষ্যামি সহস্রধা ॥১৩

পরাশর উবাচ।

ইত্যুক্তস্যাতিসন্ত্রাসাৎ তয়া নদ্যা প্রসাদিতঃ।
ভূভাগে প্লাবিতে তস্মিন্ মুমোচ যমুনাং বলঃ ॥১৪

ততঃ স্নাতস্য বৈ কান্তিরাজগাম মহাত্মনঃ।
অবতংসোৎপলং চারু গৃহীত্বৈকঞ্চ কুণ্ডলম্ ॥১৫

বরুণপ্রহিতাং চাস্মৈ মালামম্লানপঙ্কজাম্।
সমুদ্রাভে তথা বস্ত্রে নীলে লক্ষ্মীরুপস্থিত ॥১৬

ও উপভোগার্থ তুমি গমন কর। বরুণ এই প্রকার বলিলে পর, বারুণী বৃন্দাবনোৎপন্ন কদম্ববৃক্ষের কোটরে সন্নিহিত হইলেন।৩-৪

বলভদ্রও বিচরণ করিতে করিতে উত্তম মদিরাগন্ধের আঘ্রাণ পাইয়া পুরাতন মদিরানুরাগ লাভ করিলেন।৫

হে মৈত্রেয়! তখন হলধর (বলভদ্র) সহসা কদম্ববৃক্ষ হইতে বিগলিত মদ্যধারা অবলোকন করিয়া পরম হর্ষ প্রাপ্ত হইলেন।৬

হর্ষান্বিত বলভদ্র সুমধুর স্বরে গানকারী গীতবাদ্য-নিপুণ গোপ ও গোপীগণের সহিত একত্র হইয়া সেই মদিরা পান করিলেন।৭

সমস্ত শরীর হইতে উৎপন্ন ঘর্ম্মবিশিষ্ট বারিকণায় উজ্জ্বলগাত্র বলভদ্র মদিরাপানে বিহ্বল হইয়া বলিলেন,—হে যমুনে! তুমি এই স্থলে আগমন কর, আমি স্নান করিতে ইচ্ছা করিতেছি।৮

সেই সময় বলভদ্রের মত্ততাকালে কথিত বাক্যের অবমাননপূর্ব্বক নদী যমুনা সেই স্থানে আগমন করিলেন না। তখন লাঙ্গলী (বলরাম) ক্রুদ্ধ হইয়া লাঙ্গল গ্রহণ করিলেন।৯

অনন্তর মদবিহ্বল বলভদ্র সেই লাঙ্গল দ্বারা যমুনাকে গ্রহণ করত তটের দিকে আকর্ষণ করিতে লাগিলেন এবং বলিতে লাগিলেন,—রে পাপে তুমি আসিবে না? আসিবে না? এক্ষণে নিজের ইচ্ছানুসারে গমন কর দেখি? ১০

সহসা বলভদ্র কর্ত্তৃক আকৃষ্ট হইয়া নদী যমুনা স্বকীয় গমনোপযোগী পথ পরিত্যাগ করত বলভদ্র যেখানে ছিলেন, সেই তট সহসা প্লাবিত করিয়া দিলেন।১১

নদী শরীরধারণপূর্ব্বক জল হইতে উত্থিত হইয়া ভয়-বিহ্বললোচনে রামকে বলিতে লাগিলেন,—হে হলায়ুধ! আমার প্রতি প্রসন্ন হউন এবং আমাকে পরিত্যাগ করুন।১২

তখন বলভদ্র বলিলেন, আর যদি কখন আমার শৌর্য্য ও বলের প্রতি তুমি অবজ্ঞা কর, তাহা হইলে আমি এই হলাঘাত দ্বারা তোমাকে সহস্র খণ্ড করিয়া ফেলিব।১৩

পরাশর বলিলেন,—বলভদ্র এই প্রকারে তিরস্কার করিলে পর, নদী অতিশয় ভয়ে সেই ভূমি প্লাবিত করিয়া বলভদ্রকে প্রসন্ন করিলেন; তখন তিনিও তাঁহাকে পরিত্যাগ করিলেন।১৪

অনন্তর তাঁহার স্নান সমাপ্ত হইলে, লক্ষ্মী সশরীরে প্রকটিত হইয়া মনোহর কর্ণভূষণ, পদ্মপুষ্প ও এক কুণ্ডল গ্রহণ করত মহাত্মা বলভদ্রের নিকট আগমন করিলেন এবং লক্ষ্মী তাঁহাকে বরুণপ্রেরিত অম্লানপঙ্কজ (যে

কৃতাবতংসঃ স তদা চারুকুণ্ডলভূষিতঃ।
নীলাম্বরধরঃ স্রগ্বী শুশুভে কান্তিসংযুতঃ ॥১৭
ইত্থং বিভূষিতো রেমে তত্র রামস্তথা ব্রজে।
মাসদ্বয়েন যাতশ্চ পুনঃ স দ্বারকাং পুরীম্ ॥১৮

রেবতীং নাম তনয়াং রৈবতস্য মহীপতেঃ।
উপযেমে বলস্তস্যাং জজ্ঞাতে নিশঠোল্মুকৌ ॥১৯

ইতি বিষ্ণুপুরাণে পঞ্চমাংশে পঞ্চবিংশঃ অধ্যায়ঃ ॥

পদ্মমালা কখনও শুকাইয়া যায় না, অথচ চিরকাল বিকশিত থাকে) মালা ও সমুদ্রের ন্যায় নীলবর্ণ দুইখানি বস্ত্র প্রদান করিলেন।১৫-১৬

তখন ঐ কর্ণভূষণ পুষ্পে শোভিত, চারুকুণ্ডলে ভূষিত, নীলবস্ত্রপরিধিত ও পুষ্পমাল্যধারী বলভদ্র কান্তিযুক্ত হইয়া অতিশয় শোভা পাইতে লাগিলেন।১৭

এই প্রকারে বিভূষিত হইয়া বলভদ্র ব্রজভূমিতে দুইমাসকাল নানাপ্রকার লীলা করিলেন ও পরে পুনর্ব্বার দ্বারকায় গমন করিলেন।১৮

বলভদ্র রৈবত রাজার কন্যা রেবতীকে বিবাহ করেন। তাঁহার গর্ভে বলভদ্রের ঔরসে নিশঠ এবং উল্মুকনামে দুই পুত্র উৎপন্ন হইল।১৯

বিষ্ণুপুরাণের পঞ্চমাংশে পঞ্চবিংশ অধ্যায় সমাপ্ত।

ষড়্‌বিংশঃ অধ্যায়ঃ

[রুক্মিণীহরণম্।]

পরাশর উবাচ।

ভীষ্মকঃ কুণ্ডিনে রাজা বিদর্ভবিষয়েঽভবৎ।
রুক্মী তস্যাভবৎ পুত্রো রুক্মিণী চ বরাঙ্গনা (ক) ॥১
রুক্মিণীং চকমে কৃষ্ণঃ সা চ তং চারুহাসিনী।
ন দদৌ যাচতে চৈনাং রুক্মী দ্বেষেণ চক্রিণে ॥২
দদৌ চ শিশুপালায় জরাসন্ধপ্রচোদিতঃ (খ)।
ভীষ্মকো রুক্মিণা সার্দ্ধং রুক্মিণীমুরুবিক্রমঃ ॥৩

বিবাহার্থং ততঃ সর্ব্বে জরাসন্ধমুখা নৃপাঃ।
ভীষ্মকস্য পুরং জগ্মুঃ শিশুপালপ্রিয়ৈষিণঃ ॥৪
কৃষ্ণোঽপি বলভদ্রাদ্যৈর্যাদবৈর্ব্বহুভির্বৃতঃ।
প্রযযৌ কুণ্ডিনং দ্রষ্টুং বিবাহঞ্চৈব ভূভৃতঃ ( ) ॥৫
ক্ষোভয়িত্বা বিবাহে তু তাং কন্যাং হৃতবান্ হরিঃ।
বিপক্ষভারমাদায় রামাদ্যৈরথ বন্ধুষু ॥৬

ষড়্‌বিংশ অধ্যায়

[রুক্মিণী হরণ]

পরাশর বলিলেন,—বিদর্ভদেশের মধ্যে কুণ্ডিন নামক রাজ্যে ভীষ্মক নামে এক রাজা ছিলেন। তাঁহার রুক্মী নামে এক পুত্র ও রুক্মিণী নামে এক সুন্দরী কন্যা জন্মে।১

শ্রীকৃষ্ণ রুক্মিণীকে এবং চারুহাসিনী রুক্মিণী কৃষ্ণের প্রতি অনুরক্তা হইয়া তাঁহাকে কামনা করেন। এই কারণে কৃষ্ণ রুক্মিণীকে প্রার্থনা করিলেও রুক্মী কৃষ্ণদ্বেষবশতঃ তাঁহার হস্তে রুক্মিণীকে প্রদান করিলেন না।২

মহাপরাক্রমী রাজা ভীষ্মকও জরাসন্ধের পরামর্শ

পাঠান্তর :—(ক) —বরাননা। (খ)—জরাসন্ধপ্রচোদিতঃ।

পাঠান্তর :—(ক) —ঋদ্ধভিঃ পরিবারিতঃ।
—বিবাহং চৈত্যভূভৃতঃ ॥

ততশ্চ পৌণ্ড্রকঃ শ্রীমান্ দন্তবক্রো বিদূরথঃ।
শিশুপাল-জরাসন্ধ-শাল্বাদ্যাশ্চ মহীভৃতঃ ॥৭
কুপিতাস্তে হরিং হন্তুং চক্রুরুদ্‌যোগমুত্তমম্।
নিষ্ফিতাশ্চ সমাগম্য রামাদ্যৈর্যদুপুঙ্গবৈঃ ॥৮
কুণ্ডিনং ন প্রবেক্ষ্যামি অহত্বা যুধি কেশবম্।
কৃত্বা প্রতিজ্ঞাং রুক্মী চ হন্তুং কৃষ্ণমভিদ্রুতঃ ॥৯
হত্বা বলং সনাগাশ্ব-পত্তি-স্যন্দনসঙ্কুলম্।
নির্জ্জিতঃ পাতিতশ্চোর্ব্ব্যাং লীলয়ৈব স চক্রিণা ॥১০
হন্তুং কৃতমতিঃ কৃষ্ণো রুক্মিণং যুদ্ধদুর্ম্মদম্।
প্রণম্য যাচিতো ব্রহ্মন্ রুক্মিণ্যা ভগবান্ হরিঃ* ॥১১
এক এব মম ভ্রাতা ন হন্তব্যস্ত্বয়াধুনা।
কোপং নিয়ম্য দেবেশ ভ্রাতৃভিক্ষা প্রদীয়তাম্ ॥১২
ইত্যুক্তেন পরিত্যক্তঃ কৃষ্ণেনাক্লিষ্টকর্ম্মণা।
রুক্মী ভোজকটং নাম পুরং কৃত্বাবসৎ তদা ॥১৩
নির্জ্জিত্য রুক্মিণং সম্যগুপযেমে স রুক্মিণীম্।
রাক্ষসেন বিবাহেন সম্প্রাপ্তাং মধুসূদনঃ ॥১৪
তস্যাং জজ্ঞেঽথ প্রদ্যুম্নো মদনাংশঃ সবীর্য্যবান্।
অহার শম্বরো যং বৈ যো জঘান চ শম্বরম্ ॥১৫

ইতি বিষ্ণুপুরাণে পঞ্চমাংশে ষড়্‌বিংশঃ অধ্যায়ঃ ॥

অনুসারে রুক্মীর সহিত একবাক্য হইয়া শিশুপালকে রুক্মিণী প্রদান করিবেন,—ইহা অঙ্গীকার করিলেন।৩

অনন্তর শিশুপালের হিতৈষী জরাসন্ধপ্রমুখ নৃপতিগণ বিবাহার্থে ভীষ্মকের পুরীতে গমন করিলেন।৪

কৃষ্ণও বলভদ্রপ্রমুখ বহু যাদবগণে বেষ্টিত হইয়া বিবাহ দর্শন করিবার জন্য রাজা ভীষ্মকের কুণ্ডিননগরে গমন করিলেন।৫

অনন্তর বিবাহের একদিন পূর্ব্বেই হরি রামাদি বন্ধুবর্গের উপর বিপক্ষগণের সহিত যুদ্ধাদির ভার অর্পণপূর্ব্বক সেই কন্যাকে হরণ করিলেন।৬

অনন্তর পৌণ্ড্রক, দন্তবক্র, বিদূরথ, শিশুপাল, জরাসন্ধ ও শাল্ব প্রভৃতি মহীপালগণ কুপিত হইয়া হরিকে বিনাশ করিবার জন্য বিশেষ উদ্‌যোগ করিলেন; কিন্তু যুদ্ধার্থে আগমন করিয়া তাঁহারা সকলেই বলভদ্র প্রভৃতি যদুশ্রেষ্ঠগণ কর্ত্তৃক পরাজিত হইলেন।৭-৮

অনন্তর "যুদ্ধে কেশবকে বধ না করিয়া আমি আর কুণ্ডিন নগরে প্রবেশ করিব না"—এই প্রকার প্রতিজ্ঞা করিয়া রুক্মী কৃষ্ণকে বিনাশ করিবার জন্য তাঁহার পশ্চাদ্‌গামী হইল।৯

কিন্তু চক্রী (কৃষ্ণ) হস্তী, অশ্ব, পদাতি ও রথপরিপূর্ণ তাহার সকল সৈন্যকে হনন করিয়া অবলীলাক্রমে রুক্মীকে জয় করত ভূতলে পাতিত করিলেন।১০

হে ব্রহ্মন্! অনন্তর যখন ভগবান্ হরি যুদ্ধদুর্ম্মদ রুক্মীকে বধ করিতে ইচ্ছা করিলেন, তখন রুক্মিণী প্রণামপূর্ব্বক হরির নিকট প্রার্থনা করিলেন যে, "হে দেবেশ! আমার একটী মাত্রই ভ্রাতা; অতএব আপনি আমার এই ভ্রাতাকে বধ করিবেন না। আপনি কোপবেগ রুদ্ধ করিয়া আমাকে ভ্রাতৃভিক্ষা প্রদান করুন"।১১-১২

অক্লিষ্টকর্ম্মা কৃষ্ণের নিকট রুক্মিণী এই প্রকার প্রার্থনা করিলে, তিনি রুক্মীকে পরিত্যাগ করিলেন। তখন রুক্মী প্রতিজ্ঞা সফল না হওয়ায় আর কুণ্ডিন নগরে প্রবেশ না করিয়া ভোজকটনামে এক নগর নির্ম্মাণ করত সেইখানে বাস করিতে লাগিল। মধুসূদনও রুক্মীকে পরাজয় করিয়া রাক্ষসবিবাহ অনুসারে প্রাপ্ত রুক্মিণীকে সম্যক্ বিধি অনুসারে বিবাহ করিলেন। সেই রুক্মিণীর গর্ভে কামদেবের অংশে উৎপন্ন বীর্য্যবান্ প্রদ্যুম্ন জন্মগ্রহণ করেন; যাঁহাকে শম্বরাসুর জন্মকালেই হরণ করে এবং যিনি কালক্রমে ঐ শম্বরকে বধ করেন।১৩-১৫

* কোন কোন গ্রন্থে (বঙ্গদেশের বাহিরে প্রকাশিত) ১১ শ্লোক হইতে ১৩ শ্লোক পর্য্যন্ত তিনটি শ্লোক দেখা যায় না।

বিষ্ণুপুরাণের পঞ্চমাংশে ষড়্‌বিংশ অধ্যায় সমাপ্ত।

সপ্তবিংশঃ অধ্যায়ঃ

[প্রদ্যুম্নহরণম্, শম্বরবধশ্চ ।]

মৈত্রেয় উবাচ ।

শম্বরেণ হৃতো বীরঃ প্রদ্যুম্নঃ স কথং মুনে ।
শম্বরশ্চ মহাবীর্য্যঃ প্রদ্যুম্নেন কথং হতঃ* ॥১

পরাশর উবাচ ।

ষষ্ঠেঽহ্নি জাতমাত্রন্তু প্রদ্যুম্নং সূতিকাগৃহাৎ ।
অমেব হন্তেতি মুনে হৃতবান্ কালশম্বরঃ ॥২

হৃত্বা চিক্ষেপ চৈবৈনং গ্রাহোগ্রে লবণার্ণবে ।
কল্লোলজনিতাবর্ত্তে সুঘোরে মকরালয়ে ॥৩

পতিতং তত্র চৈবৈকো মৎস্যো জগ্রাহ বালকম্ ।
ন মমার চ তস্যাপি জঠরেঽনলদীপিতঃ ॥৪

মৎস্যবন্ধৈশ্চ মৎস্যোঽসৌ মৎস্যৈরন্যৈঃ সহ দ্বিজ ।
ঘাতিতোঽসুরবর্য্যায় শম্বরায় নিবেদিতঃ ॥৫

তস্য মায়াবতী নাম পত্নী সর্ব্বগৃহেশ্বরী ।
কারয়ামাস সূদানামাধিপত্যমনিন্দিতা ॥৬

দারিতে মৎস্যজঠরে সা দদর্শাতিশোভনম্ ।
কুমারং মন্মথতরোর্দ্বিতীয়স্য প্রথমাঙ্কুরম্ ॥৭

কোঽয়ং কথময়ং মৎস্যজঠরং সমুপাগতঃ (ক) ।
ইত্যেবং কৌতুকাবিষ্টাং তাং তদ্যাং প্রাহ নারদঃ ॥৮

অয়ং সমস্তজগতঃ স্থিতিসংহারকারিণঃ ।
শম্বরেণ হৃতঃ কৃষ্ণ-তনয়ঃ সূতিকাগৃহাৎ ॥৯

ক্ষিপ্তঃ সমুদ্রে মৎস্যেন নিগীর্ণস্তে বশং গতঃ ( ) ।
নরবর্ত্মমিদং শুভ্রে বিস্রব্ধা পরিপালয় ॥১০

পরাশর উবাচ ।

নারদেনৈবমুক্তা সা পালয়ামাস তং শিশুম্ ।
বাল্যাদেবাতিরাগেণ রূপাতিশয়মোহিতা ॥১১

সপ্তবিংশ অধ্যায়

[প্রদ্যুম্নহরণ ও শম্বর বধ ।]

মৈত্রেয় বলিলেন,—হে মুনে ! শম্বরাসুর বীর প্রদ্যুম্নকে কেন হরণ করিয়াছিল, আর প্রদ্যুম্ন মহাশক্তিশালী শম্বরাসুরকে কি প্রকারে বিনাশ করিয়াছিলেন ? ১

পরাশর বলিলেন,—হে মুনে ! প্রদ্যুম্ন জন্মিলে পর ষষ্ঠদিনে কালতুল্য বিকরাল শম্বর "এই বালক আমার হন্তা" ইহা জানিতে পারিয়া সূতিকাগৃহ হইতে তাঁহাকে হরণ করিল ।২

উহাকে হরণ করিয়া শম্বরাসুর বালক প্রদ্যুম্নকে লবণসমুদ্রে নিক্ষেপ করিল। কুম্ভীরাদিতে ভয়ঙ্কর ঐ লবণসমুদ্র বিশাল তরঙ্গমালা হইতে উৎপন্ন আবর্ত্তে (ঘূর্ণীতে) পরিপূর্ণ ছিল এবং উহাতে অতি ভয়ঙ্কর মকরগণ বাস করিত ।৩

সমুদ্রপতিত সেই বালককে একটী মৎস্য গ্রহণপূর্ব্বক গিলিয়া ফেলিল । (কিন্তু আশ্চর্য্যের বিষয়) সেই মৎস্যের জঠরাগ্নিতে প্রজ্বলিত হইয়াও প্রদ্যুম্ন মৃত্যুমুখে পতিত হইলেন না ।৪

হে দ্বিজ ! মৎস্যজীবিগণ একদিন অন্যান্য মৎস্যগণের সহিত সেই মৎস্যটিকে ধরিয়া বিনাশ করত অসুরশ্রেষ্ঠ শম্বরকে প্রদান করিল ।৫

মায়াবতী নাম্নী কোন একটী কামিনী শম্বরাসুরের পত্নীরূপে গৃহে গৃহকর্ত্রীরূপে অবস্থান করিতেন । (কিন্তু তিনি বাস্তবিক তাহার পত্নী ছিলেন না ।) ঐ সুলক্ষণা মায়াবতী শম্বরগৃহে সকল পাচকদিগের আধিপত্য করিতেন ।৬

তারপর সেই মৎস্যের জঠর ছেদন করিলে সেই মায়াবতী দেখিলেন, তাহাতে অতি সুন্দরাকৃতি

---

* কোন কোন গ্রন্থে নিম্নলিখিত শ্লোকটি ১ শ্লোকের পর অধিক দেখা যায়,—

"যত্নেনাপহৃতঃ পূর্ব্বং স কথং বিজয়ান তম্ ।
এতদ্বিস্তরতঃ শ্রোতুমিচ্ছামি সকলং গুরো" ॥

পাঠান্তর :—(ক)—প্রবিবেশিতঃ ।
(খ)—গৃহং গতঃ ।

স যদা যৌবনাভোগ-ভূষিতোঽভূন্মহামতে।
সাভিলাষা তদা সাতি বভূব গজগামিনী ॥১২
মায়াবতী দদৌ তস্মৈ মায়াঃ সর্ব্বা মহামুনে।
প্রদ্যুম্নায়াতিরাগাঢ্যা তস্যস্তদ্ধৃদয়েক্ষণা ॥১৩
প্রসজ্জন্তীন্তু তামাহ স কাঙ্ক্ষিঃ কমলেক্ষণাম্।
মাতৃভাবমপাহায় কিমেবং বর্ত্তসেঽন্যথা ॥১৪
সা চাহৈনং কথয়ামাস ন পুত্রস্ত্বং মমেতি বৈ।
তনয়ং ত্বাময়ং বিষ্ণোর্হৃতবান্ কালশম্বরঃ ॥১৫
ক্ষিপ্তঃ সমুদ্রে মৎস্যস্য সম্প্রাপ্তো জঠরাময়া।
সা তু রোদিতি তে মাতা কান্তাদ্যাপ্যতিবৎসলা ॥১৬

পরাশর উবাচ

ইত্যুক্তঃ শম্বরং যুদ্ধে প্রদ্যুম্নঃ স সমাহ্বয়ৎ।
ক্রোধাকুলীকৃতমনা যুযুধে চ মহাবলঃ ॥১৭
হত্বা সৈন্যমশেষন্তু তস্য দৈত্যস্য মাধবিঃ।
সপ্ত মায়া ব্যতিক্রম্য মায়াং প্রযুযুজেঽষ্টমীম্ ॥১৮
তয়া জঘান তং দৈত্যং মায়য়া কালশম্বরম্।
উৎপত্য চ তয়া সার্দ্ধমাজগাম পিতুর্গৃহম্ ॥১৯
অন্তঃপুরে নিপতিতং মায়াবত্যা সমন্বিতম্।
তং দৃষ্ট্বা কৃষ্ণসংকল্পা বভূবুঃ কৃষ্ণযোষিতঃ ॥২০

দণ্ডীভূত কামতরুর প্রথমাঙ্কুরসদৃশ একটি কুমার বিরাজ করিতেছেন।৭

কে এই বালক এবং কেমন করিয়াই বা মৎস্যের জঠরে প্রবেশ করিল?—এই প্রকার কৌতূহলাবিষ্টা কৃশাঙ্গী মায়াবতীর নিকট নারদ উপস্থিত হইয়া বলিলেন।৮

এই বালকটি সমস্ত জগতের স্থিতি ও সংহারকারী কৃষ্ণের পুত্র। ইঁহাকে শম্বরাসুর সূতিকাগৃহ হইতে হরণ করে।৯

হৃত হইয়া সমুদ্রমধ্যে ইনি নিক্ষিপ্ত হন এবং এক মৎস্য ইঁহাকে গিলিয়া ফেলিলে, ইনি সেই মৎস্যের জঠরে অবস্থিতি করেন। এক্ষণে ইনি তোমার অধীন হইলেন। হে সুভ্রু! তুমি বিশ্বাসের সহিত এই নরোত্তম বালকটিকে পরিপালন কর।১০

পরাশর বলিলেন,—নারদ এই প্রকার বলিলে, বালকের রূপ দর্শনে অত্যন্ত মোহিতা মায়াবতী অনুরাগ সহকারে ঐ বালকটিকে পালন করিতে লাগিলেন।১১

হে মহামতে! যখন প্রদ্যুম্ন যৌবনসমাগম দ্বারা ভূষিত হইয়া উঠিলেন, তখন সেই গজগামিনী মায়াবতীও তাঁহার প্রতি বাসনাপূর্ণ অনুরাগ প্রকাশ করিতে লাগিলেন।১২

হে মহামুনে! তখন প্রদ্যুম্নের প্রতি নিজ মন ও হৃদয় অর্পিত করিয়া মায়াবতী অতি অনুরাগে অন্ধ হওত তাঁহাকে নিজের সর্ব্বপ্রকার মায়া-বিদ্যা শিক্ষা করাইলেন।১৩

অনন্তর কৃষ্ণপুত্র প্রদ্যুম্ন কমলনয়না মায়াবতীকে কামসজ্জায় সজ্জিতা দেখিয়া বলিলেন,—তুমি মাতৃভাব পরিত্যাগ করিয়া অন্যপ্রকার ভাবের আশ্রয় কেন গ্রহণ করিতেছ?১৪

তখন মায়াবতী তাঁহাকে বলিলেন,—তুমি আমার পুত্র নহ; তুমি কৃষ্ণের তনয়; কাল-শম্বর তোমাকে হরণ করিয়াছিল। সে তোমায় সমুদ্রগর্ভে নিক্ষেপ করে। তারপর আমি তোমাকে মৎস্যের জঠর হইতে পাইয়াছি। হে কান্ত! তোমার অতিশয় পুত্রবৎসলা জননী অদ্যাপি রোদন করিতেছেন।১৫-১৬

পরাশর বলিলেন,—মায়াবতী এই প্রকার বলিলে, মহাবল প্রদ্যুম্ন অতিশয় ক্রোধে বিহ্বল হইয়া শম্বরকে যুদ্ধার্থে আহ্বান করিলেন এবং তাহার সহিত যুদ্ধ করিতে লাগিলেন।১৭

অনন্তর মাধবের পুত্র প্রদ্যুম্ন যুদ্ধে শম্বরাসুরের সমস্ত সৈন্য বিনাশপূর্ব্বক দৈত্যকৃত সপ্তমী মায়া অতিক্রম করিয়া নিজের অষ্টমী মায়ার প্রয়োগ করিলেন।১৮

প্রদ্যুম্ন সেই অষ্টমমায়াপ্রভাবে কালশম্বর দৈত্যকে হননপূর্ব্বক মায়াবতীর সহিত গগনমার্গে আরোহণ করত পিতৃগৃহে আগমন করিলেন।১৯

রুক্মিণী চাবদৎ প্রেম্ণা সাশ্রুদৃষ্টিরনিন্দিতা।
ধন্যাহাঃ খল্বয়ং পুত্রো বর্ত্ততে নবযৌবনে ॥২১
অস্মিন্ বয়সি পুত্রো মে প্রদ্যুম্নো যদি জীবতি।
সভাগ্যা জননী বৎস ত্বয়া কাপি বিভূষিতা ॥২২
অথবা যাদৃশঃ স্নেহো মম যাদৃগ্ বপুস্তব।
হরেরপত্যং সুব্যক্তং ভবান্ বৎস ভবিষ্যতি ॥২৩

পরাশর উবাচ

এতস্মিন্নন্তরে প্রাপ্তঃ সহ কৃষ্ণেন নারদঃ।
অন্তঃপুরচরীং দেবীং রুক্মিণীং প্রাহ হর্ষয়ন্ ॥২৪
এষ তে তনয়ঃ শুভ্রু হৃত্বা শম্বরমাগতঃ।
হৃতো যেনাভবদ্ বালো ভবত্যাঃ সূতিকাগৃহাৎ ॥২৫
ইয়ং মায়াবতী ভার্য্যা তনয়স্যাস্য তে সতী।
শম্বরস্য ন ভার্য্যেয়ং শ্রূয়তামত্র কারণম্ ॥২৬

মন্মথে তু গতে নাশং তদুদ্ভবপরায়ণা।
শম্বরং মোহয়ামাস মায়ারূপেণ রূপিণী ॥২৭
ব্যবায়াদ্যুপভোগেষু (ক) রূপং মায়াময়ং শুভম্।
দর্শয়ামাস দৈত্যস্য তস্যেয়ং মন্দিরেক্ষণা ॥২৮
কামোঽবতীর্ণঃ পুত্রস্তে তস্যেয়ং দয়িতা রতিঃ।
বিশঙ্কা মাত্র কর্ত্তব্যা স্নুষেয়ং তব শোভনা ॥২৯
ততো হর্ষসমাবিষ্টা রুক্মিণী কেশবস্তথা।
নগরী চ সমস্তা সা সাধু সাধ্বিত্যভাষত ॥৩০
চিরং নষ্টেন পুত্রেণ সংযুক্তাং প্রেক্ষ্য রুক্মিণীম্।
অবাপ বিস্ময়ং সর্ব্বো দ্বারবত্যাং জনস্তদা ॥৩১

ইতি বিষ্ণুপুরাণে পঞ্চমাংশে সপ্তবিংশঃ অধ্যায়ঃ।

তারপর মায়াবতীর সহিত অন্তঃপুর-মধ্যে বিপত্তিত প্রদ্যুম্নকে অবলোকন করিয়া কৃষ্ণস্ত্রীগণ তাঁহাকে কৃষ্ণ বলিয়া বিবেচনা করিতে লাগিলেন।২০

কিন্তু অমিন্দিতা রুক্মিণী প্রেমবশে অশ্রুপূর্ণ নয়নে অবলোকন করিতে করিতে স্নেহের সহিত বলিতে লাগিলেন,—আহা! কোন্ ধন্যা স্ত্রীর এই পুত্রটি নবযৌবনে স্থিতি করিতেছে? ২১

আমার প্রদ্যুম্ন যদি জীবিত থাকিত, তাহা হইলে এতদিনে তাহারও এই প্রকারই বয়স হইত! হে বৎস! কোন্ ভাগ্যশালিনী জননীকে তুমি জন্মগ্রহণ দ্বারা ভূষিত করিয়াছ? অথবা হে বৎস! আমার স্নেহ ও তোমার যেরূপ দেহ তাহাতে আমার নিশ্চয়ই বোধ হইতেছে যে, তুমি কৃষ্ণেরই পুত্র হইবে।২২-২৩

পরাশর বলিলেন,—এই সময়ে কৃষ্ণের সহিত নারদ উপস্থিত হইয়া অন্তঃপুরচারিণী দেবী রুক্মিণীকে আনন্দিত করিয়া বলিলেন।২৪

হে শুভ্রু! শম্বরাসুরকে সংহার করিয়া তোমার পুত্র প্রদ্যুম্ন উপস্থিত হইয়াছেন। শম্বরাসুর ইঁহাকে বাল্যাবস্থায় সূতিকাগৃহ হইতে হরণ করিয়াছিল।২৫

ইঁহার সহিত যে রমণীকে দেখিতেছ, ইনি তোমার তনয়ের সতী ভার্য্যা। ইনি শম্বরের ভার্য্যা নহেন,—ইহার কারণ শ্রবণ কর।২৬

পূর্ব্বে কাম দগ্ধ হইলে পর, পুনর্ব্বার তাঁহার জন্মকাল প্রতীক্ষায় সুন্দরী রতি মায়ারূপে শম্বরাসুরকে মোহিত করিয়া রাখেন।২৭

নির্ম্মিত উপভোগাদিতে এই মন্দিরেক্ষণা (মত্তমধুনা) রতি শম্বরাসুরকে সুন্দর মায়াময় রূপ প্রদর্শিত করিতেন।২৮

হে দেবি! কামই এই তোমার পুত্ররূপে অবতীর্ণ এবং এই মায়াবতী তাঁহার দয়িতা রতি, এই বিষয়ে কোন সন্দেহ করিও না,—এই সুন্দরী তোমার পুত্রবধূ।২৯

অনন্তর রুক্মিণী, কেশব ও সমস্ত নগরবাসীই অত্যন্ত হর্ষভরে "সাধু সাধু" বলিতে লাগিলেন।৩০

বহুকাল হইতে অপহৃত পুত্রের সহিত রুক্মিণীকে পুনর্ব্বার মিলিতা দেখিয়া দ্বারকাস্থিত সকললোকই বিস্ময়ান্বিত হইল।৩১

পাঠান্তর :—(ক) বিহারাদ্যুপভোগেষু—।

বিষ্ণুপুরাণের পঞ্চমাংশে সপ্তবিংশ অধ্যায় সমাপ্ত।

অষ্টাবিংশঃ অধ্যায়ঃ

[রুক্মি-বধঃ]

পরাশর উবাচ।

চারুদেষ্ণং সুদেষ্ণঞ্চ চারুদেবঞ্চ বীর্য্যবান্।
সুষেণং চারুগুপ্তঞ্চ ভদ্রচারুং তথাপরম্ ॥১
চারুবিন্দং সুচারুঞ্চ চারুঞ্চ বলিনাং বরম্।
রুক্মিণ্যজনয়ৎ পুত্রান্ কন্যাং চারুমতীং তথা ॥২
অন্যাশ্চ ভার্য্যাঃ কৃষ্ণস্য বভূবুঃ সপ্ত শোভনাঃ।
কালিন্দী মিত্রবিন্দা চ সত্যা নাগ্নজিতী তথা ॥৩
দেবী জাম্ববতী চাপি রোহিণী কামরূপিণী।
মদ্ররাজসুতা চান্যা সুশীলা শীলমণ্ডনা ॥৪
সাত্রাজিতী সত্যভামা লক্ষ্মণা চারুহাসিনী।
ষোড়শাসন্ সহস্রাণি স্ত্রীণামন্যানি চক্রিণঃ ॥৫

প্রদ্যুম্নোঽপি মহাবীর্য্যো রুক্মিণস্তনয়াং শুভাম্।
স্বয়ংবরস্থাং জগ্রাহ (ক) সা চ তং তনয়ং হরেঃ ॥৬

যস্যামস্যাভবৎ পুত্রো মহাবলপরাক্রমঃ।
অনিরুদ্ধো রণে ক্রুদ্ধো বীর্য্যোদধিরিবাপরঃ ॥৭

তস্যাপি রুক্মিণঃ পৌত্রীং বরয়ামাস কেশবঃ।
দৌহিত্রায় দদৌ রুক্মী তাং স্পর্দ্ধন্নপি শৌরিণা ॥৮

তস্যা বিবাহে রামাদ্যা যাদবা হরিণা সহ।
রুক্মিণো নগরং জগ্মুর্নাম্না ভোজকটং দ্বিজ ॥৯

বিবাহে তত্র নির্ব্বৃত্তে প্রাদ্যুম্নেঃ সুমহাত্মনঃ।
কলিঙ্গরাজপ্রমুখা রুক্মিণং বাক্যমব্রুবন্ ॥১০

অষ্টাবিংশ অধ্যায়

[রুক্মি-বধ]

পরাশর বলিলেন,—রুক্মিণী চারুমতী নাম্নী এক কন্যা এবং (প্রদ্যুম্ন ভিন্ন আরও) চারুদেষ্ণ, চারুদেব, সুষেণ, চারুগুপ্ত, ভদ্রচারু, চারুবিন্দ, সুচারু ও চারু নামে নয়টী পুত্র প্রসব করেন। ইঁহারা সকলেই বীর্য্যবান্ ও বলবান্দিগের শ্রেষ্ঠ ছিলেন ।১-২

—প্রদ্যুম্নের জন্মবৃত্তান্ত পূর্ব্বেই কথিত হইয়াছে। রুক্মিণী ভিন্ন আরও সাতটি সুন্দরী স্ত্রী কৃষ্ণের পত্নী ছিলেন। তাঁহাদের নাম কালিন্দী, মিত্রবিন্দা, নগ্নজিতের কন্যা সত্যা, জাম্ববানের কন্যা কামরূপিণী রোহিণী দেবী, মদ্ররাজসুতা সুচরিত্রভূষিতা সুশীলা, সত্রাজিতকন্যা সত্যভামা এবং চারুহাসিনী লক্ষ্মণা। ইঁহারা ব্যতীত চক্রধারী কৃষ্ণের আরও ষোড়শ সহস্র পত্নী ছিলেন ।৩-৫

মহাশক্তিশালী প্রদ্যুম্ন রুক্মীরাজার স্বয়ংবরস্থা সুন্দরী কন্যাকে বিবাহ করেন, এ কন্যাও ইঁহার প্রতি অনুরাগিণী ছিলেন ।৬

ইঁহার গর্ভে প্রদ্যুম্নের এক মহাবলপরাক্রম পুত্র হয়। তাঁহার নাম অনিরুদ্ধ। তিনি বলসাগর (অসীম শক্তিমান্) এবং যুদ্ধে ক্রুদ্ধাবস্থায় অরিগণকে দমন করিতেন। কেশব রুক্মীর পৌত্রীর সহিত অনিরুদ্ধের বিবাহ প্রার্থনা করিলেন। তাহাতে রুক্মী কৃষ্ণের প্রতি স্পর্দ্ধান্বিত হইয়াও দৌহিত্রকে নিজের পৌত্রী প্রদান করিলেন ।৭-৮

হে দ্বিজ। সেই কন্যার বিবাহোপলক্ষে বলরামপ্রমুখ যাদবগণ হরির সহিত ভোজকট নামে রুক্মীর রাজধানীতে গমন করিলেন ।৯

অনন্তর সুমহাত্মা প্রদ্যুম্নপুত্রের বিবাহ নিষ্পন্ন হইয়া গেলে, কলিঙ্গরাজ প্রভৃতি রাজারা রুক্মীকে বলিলেন ।১০

পাঠান্তর :—(ক) স্বয়ংবরে তাং জগ্রাহ—।

অনক্ষজ্ঞো হলী দ্যূতে তথান্য ব্যসনং মহৎ।
ন জয়ামো বলং কস্মাদ্ দ্যূতেনৈনং মহাদ্যুতে ॥১১

পরাশর উবাচ।

তথেতি তানাহ নৃপান্ রুক্মী বলসমন্বিতঃ।
সভায়াং সহ রামেণ চক্রে দ্যূতঞ্চ বৈ তদা ॥১২

সহস্রমেকং নিষ্কাণাং রুক্মিণা বিজিতো বলঃ।
দ্বিতীয়েঽপি পণে চান্যৎসহস্রং রুক্মিণা জিতম্ ॥১৩

ততো দশসহস্রাণি নিষ্কাণাং পণমাদদে।
বলভদ্রোঽজয়ত্তানি রুক্মী দ্যূতবিদাং বরঃ ॥১৪

ততো জহাস সুমনবৎ কলিঙ্গাধিপতির্দ্বিজ।
দন্তান্ বিদর্শয়ন্ মূঢ়ো রুক্মী চাহ মদোদ্ধতঃ ॥১৫

অবিজ্ঞোঽয়ং যথা দ্যূতে বলদেবঃ পরাজিতঃ।
মুধৈবাক্ষাবলেপাঢ্যো যঃ স্বং মেনেঽক্ষকোবিদম্ ॥১৬

দৃষ্ট্বা কলিঙ্গরাজং তং প্রকাশদশনামনম্।
রুক্মিণঞ্চাপি দুর্ব্বাক্যং কোপং চক্রে হলায়ুধঃ ॥১৭

ততঃ কোপপরীতাত্মা নিষ্ককোটিং হলায়ুধঃ।
গ্রহং জগ্রাহ রুক্মী চ তদর্থেঽক্ষানপাতয়ৎ ॥১৮

অজয়দ্ বলদেবস্তং প্রাহোচ্চৈস্তং জিতং ময়া।
ময়েতি রুক্মী প্রাহোচ্চৈর্লীলোল্লেখলনং বল ॥১৯

ত্বয়োক্তোঽয়ং গ্রহঃ সত্যং ন ময়েত্যহমুদোহিতঃ।
এবং ত্বয়া চেদ্ বিজিতং ময়া ন বিজিতং কথম্ ॥২০

অথান্তরিক্ষে বাগুচ্চৈঃ প্রাহ গম্ভীরনাদিনী।
বলদেবস্য তৎকোপং বর্দ্ধয়ন্তী মহাত্মনঃ ॥২১

জিতং বলেন ধর্ম্মেণ রুক্মিণো ভাষিতং মৃষা।
অনুক্ত্বাপি বচঃ কিঞ্চিৎ কৃতং ভবতি কর্ম্মণা ॥২২

ততো বলঃ সমুত্থায় কোপসংরক্তলোচনা।
জঘানাষ্টাপদেনৈব রুক্মিণং দুমহাবলঃ ॥২৩

এই হলধর দ্যূতক্রীড়ায় অনভিজ্ঞ, অথচ দ্যূত ক্রীড়ায় ইহার অত্যধিক আসক্তি আছে; অতএব হে মহাতেজস্বিন্! আমরা দ্যূতক্রীড়া দ্বারা বলভদ্রকে কেনই বা জয় করিতেছি না? ১১

পরাশর বলিলেন,—বলবান্ রাজা রুক্মী নৃপতিগণকে "তাহাই হউক" এই কথা বলিলেন এবং সেই কালেই সভাস্থলে বলভদ্রের সহিত দ্যূতক্রীড়া আরম্ভ করিলেন।১২

রুক্মী প্রথমবারেই চারি সহস্র সুবর্ণ পণ দ্বারা বলভদ্রকে পরাজিত করত দ্বিতীয়বারেও চারিসহস্র সুবর্ণ জয় করিয়া লইলেন।১৩

অনন্তর বলভদ্র তৃতীয়বারে চত্বারিংশৎ সহস্র সুবর্ণের পণ করিলেন; কিন্তু দ্যূতবিদ্গণের শ্রেষ্ঠ রুক্মী তৎসমুদয় জয় করিয়া লইলেন।১৪

হে দ্বিজ! তখন কলিঙ্গাধিপতি দন্তসকল প্রদর্শন করত অর্থাৎ দাঁত বাহির করিয়া উচ্চৈঃস্বরে হাস্য করিলেন এবং মদোদ্ধত রুক্মী বলিলেন।১৫

দ্যূতক্রীড়ায় অনভিজ্ঞ বলদেবকে আমি পরাজয় করিলাম, এই বলভদ্র বৃথা অক্ষমর্দ্দে অন্ধ হইয়া আপনাকে অক্ষক্রীড়ায় (পাশাখেলায়) পণ্ডিত বলিয়া মনে করেন।১৬

অনন্তর কলিঙ্গদেশাধিপতিকে দন্তপ্রদর্শনপূর্ব্বক হাস্য করিতে এবং রুক্মীকে দুর্ব্বাক্য বলিতে দেখিয়া বলভদ্র অতিশয় ক্রুদ্ধ হইলেন।১৭

তৎপরে কুপিত বলদেব চারি কোটী সুবর্ণ পণ গ্রহণ করিলেন। তখন রুক্মীও সেই বাজী (পণ) জয়ের প্রত্যাশায় অক্ষপাত করিলেন।১৮

কিন্তু এবার বলভদ্র রুক্মীকে পরাজয় করিলেন ও উচ্চৈঃস্বরে বলিলেন যে, আমি জিতিয়াছি। সেইকালে রুক্মী বলিলেন,—হে বলদেব! "আমি জিতিয়াছি" এরূপ বৃথা মিথ্যা কথা আপনি কহিবেন না।১৯

আপনি এই পণের কথা বলিয়াছিলেন বটে, কিন্তু আমি ত ইহাতে অনুমোদন করি নাই; এইরূপ স্থলে যদি আপনার জয় হইল, তবে আমারই বা জয় কেন হইল না? ২০

এই সময়ে আকাশে গম্ভীরনাদিনী বাণী মহাত্মা

কলিঙ্গ রাজস্যাদায় বিস্ফুরন্তং বলাদ্বলঃ।
বভঞ্জ দন্তান্ কুপিতো যৈঃ প্রকাশং জহাস সঃ ॥২৪
আকৃষ্য চ মহাস্তম্ভং জাতরূপময়ং বলঃ।
জঘান যেঽন্যে তৎপক্ষা ভূভৃতঃ কুপিতো বলাৎ (ক)॥২৫
ততো হাহাকৃতং সর্ব্বং পলায়নপরং দ্বিজ।
তদ্রাজমণ্ডলং ভীতং বভূব কুপিতে বলে ॥২৬

বলেন নিহতং শ্রুত্বা রুক্মিণং মধুসূদনঃ।
নোবাচ কিঞ্চিন্মৈত্রেয় রুক্মিণী-বলয়োর্ভয়াৎ ॥২৭

ততোঽনিরুদ্ধমাদায় কৃতোদ্বাহং দ্বিজোত্তম।
দ্বারকামাজগামাথ যদুচক্রং সকেশবম্ (খ) ॥২৮

ইতি বিষ্ণুপুরাণে পঞ্চমাংশে অষ্টাবিংশঃ অধ্যায়ঃ ॥

বলভদ্রের কোপের বৃদ্ধি করত বলিলেন যে, "বলদেবই ধর্ম্মের সহিত অস্ত্র করিয়াছেন; রুক্মীর বাক্য মিথ্যা; কারণ, অনুমোদনবাক্য না বলিলেও যদি (অক্ষপাতাদি) কার্য্য করে, তাহা হইলে তাহার (পণ) স্বীকারই করা হয়" ।২১-২২

অনন্তর সুমহাবল বলরাম কোপে চক্ষু রক্তবর্ণ করত উত্থিত হইয়া অষ্টাপদ (অক্ষদ্যূতফলক) দ্বারা আঘাত-পূর্ব্বক রুক্মীকে বধ করিলেন ।২৩

তৎপরে বলদেব বলদ্বারা দীপ্যমান কলিঙ্গাধিপতিকে গ্রহণ করত অতি কোপে তাঁহার দন্তসকল ভাঙ্গিয়া দিলেন; কলিঙ্গাধিপতি সেই সকল দন্ত দেখাইয়া বড়ই হাস্য করিয়াছিল ।২৪

সেইসময় কুপিত বলদেব সবলে সুবর্ণময় স্তম্ভ আকর্ষণ করিয়া বৈরিপক্ষীয় অন্যান্য রাজগণকে বধ করিলেন ।২৫

হে দ্বিজ! বলভদ্রকে এইরূপ কুপিত দেখিয়া সকলে হাহাকার করিতে করিতে পলায়ন করিতে লাগিল এবং সমাগত রাজগণ ভীত হইলেন ।২৬

হে মৈত্রেয়! বলভদ্র রুক্মীকে নিহত করিয়াছেন শুনিয়াও মধুসূদন রুক্মিণীর এবং বলভদ্রের ভয়ে কিছুই বলিলেন না ।২৭

তারপর কৃতবিবাহ অনিরুদ্ধকে সঙ্গে করিয়া কেশবের সহিত সমস্ত যদুমণ্ডলী দ্বারকায় আগমন করিলেন ।২৮

পাঠান্তর :—(ক) জঘান তান্ যে তৎপক্ষে ভূভৃতঃ কুপিতো বলম্। (খ)—যদুচক্রং কেশবঃ।

বিষ্ণুপুরাণের পঞ্চমাংশে অষ্টাবিংশ অধ্যায় সমাপ্ত।

ঊনত্রিংশঃ অধ্যায়ঃ

[নরকাসুরবধঃ]

পরাশর উবাচ।

দ্বারবত্যাং ততঃ শৌরিং (ক) শক্রস্ত্রিভুবনেশ্বরঃ।
আজগামাথ মৈত্রেয় মত্তৈরাবতপৃষ্ঠগঃ ॥১

প্রবিশ্য দ্বারকাং সোঽথ সমেত্য হরিণা ততঃ।
কথয়ামাস দৈত্যস্য নরকস্য বিচেষ্টিতম্ ॥২

ত্বয়া নাথেন দেবানাং মনুষ্যত্বেঽপি তিষ্ঠতা।
প্রশমং সর্ব্বদুঃখানি নীতানি মধুসূদন ॥৩

তপস্বি-জননাশায় সোঽরিষ্টো ধেনুকস্তথা।
চাণূরো মুষ্টিকঃ কেশী তে সর্ব্বে নিহতাস্ত্বয়া ॥৪

কংসঃ কুবলয়াপীড়ঃ পূতনা বালঘাতিনী।
নাশং নীতাস্ত্বয়া সর্ব্বে যেঽন্যে জগদুপদ্রবাঃ ॥৫

ভুজদ্দোর্দণ্ড-সম্ভূতি (খ) পরিত্রাতে জগত্রয়ে।
গন্ধর্ব্বযজ্ঞাংশলাভপ্রাপ্ত্যা তৃপ্তিং যান্তি দিবৌকসঃ ॥৬

সোঽহং সাম্প্রতমায়াতো যন্নিমিত্তং জনার্দ্দন।
তচ্ছ্রুত্বা তৎপ্রতীকারপ্রবৃত্তং কর্ত্তুমর্হসি ॥৭

ভৌমোঽহং নরকো নাম্না প্রাগ্‌জ্যোতিষপুরেশ্বরঃ।
করোতি সর্ব্বভূতানামুপঘাতমরিন্দম ॥৮

দেবসিদ্ধাসুরাদীনাং নৃপাণাঞ্চ জনার্দ্দন।
হৃত্বা হি সোঽসুরঃ কন্যা রুরোধ নিজমন্দিরে ॥৯

ছত্রং মৎ সলিলস্রাবি তদ্ধরায় প্রচেতসঃ।
মন্দরস্য তথা শৃঙ্গং হৃতবান্ মণিপর্ব্বতম্ ॥১০

ঊনত্রিংশ অধ্যায়

[নরকাসুর বধ।]

পরাশর বলিলেন,—হে মৈত্রেয়! একদা ত্রিভুবনেশ্বর ইন্দ্র মত্ত-ঐরাবতপৃষ্ঠে আরোহণ করত দ্বারকায় কৃষ্ণের নিকট আগমন করিলেন।১

ইন্দ্র দ্বারকায় প্রবেশ করত হরির সহিত সাক্ষাৎ করিয়া নরক নামক দৈত্যের দুর্ব্ব্যবহারের বিষয় তাঁহার নিকট বলিতে লাগিলেন।২

(ইন্দ্র বলিলেন) হে মধুসূদন! আপনি দেবগণের নাথ হইয়াও এক্ষণে মনুষ্যরূপে অবস্থান করত আমাদের সর্ব্বপ্রকার দুঃখ শান্তি করিয়াছেন।৩

তপস্বিজনের বিনাশকারী অরিষ্ট, ধেনুক, চাণূর, মুষ্টিক ও কেশী প্রভৃতি মহাসুরগণকে আপনি বিনাশ করিয়াছেন।৪

কংস, কুবলয়াপীড় ও বালঘাতিনী পূতনা এবং অন্যান্য জগতের উপদ্রবকারিগণকেও আপনি বিনাশ করিয়াছেন।৫

আপনার দোর্দ্দণ্ডপ্রতাপ ও বুদ্ধিবলে ত্রিলোক অদ্যাবধি হইতে পরিত্রাণ পাওয়াতে, এক্ষণে দেবগণ যজ্ঞকার্য্যে প্রদত্ত যজ্ঞাংশ প্রাপ্ত হইয়া তৃপ্তিলাভ করিতেছেন।৬

হে জনার্দ্দন! আমি সেই ইন্দ্র, এক্ষণে আপনার নিকট যে কারণে আগমন করিয়াছি, আপনি তাহা শ্রবণ করত তাহার প্রতীকার করিতে সচেষ্ট হউন।৭

হে অরিন্দম! পৃথিবীর পুত্র নরকনামে এক অসুর প্রাগ্‌জ্যোতিষপুরের রাজা। সে এক্ষণে সকলপ্রাণীর প্রতিই উপদ্রব করিতেছে।৮

হে জনার্দ্দন! ঐ নরকাসুর দেব, সিদ্ধ, অসুর এবং নৃপগণের কন্যাগণকে হরণ করিয়া নিজগৃহে রুদ্ধ করিয়া রাখিয়াছে।৯

বরুণের যে জলবর্ষণকারী ছত্র ছিল, তাহা এবং

পাঠান্তর :—(ক) দ্বারবত্যাং স্থিতে কৃষ্ণে—। (খ) ভুজাদ্দোর্দণ্ড—।

অমৃতস্রাবিণী দিব্যে মমাদিতেঃ কৃষ্ণ কুণ্ডলে।
জহার সোঽহমুরোঽদিত্যা বাঞ্ছত্যৈরাবতং গজম্ ॥১১
দুর্নীতমেতদ্ গোবিন্দ ময়া তস্য তবোদিতম্।
যদত্র প্রতিপত্তব্যং তৎ স্বয়ং প্রবিমৃশ্যতাম্ (ক) ॥১২

পরাশর উবাচ।

ইতি শ্রুত্বা স্মিতং কৃত্বা ভগবান্ দেবকীসুতঃ।
গৃহীত্বা বাসবং হস্তে সমুত্তস্থৌ বরাসনাৎ ॥১৩
চিন্তয়ামাস চ বিভুর্মনসা পন্নগাশনম্।
সঞ্চিন্তিতমুপারুহ্য গরুড়ং গগনেচরম্।
সত্যভামাং সমারোপ্য যযৌ প্রাগ্‌জ্যোতিষং পুরম্* ॥১৪
আরুহৈরাবতং নাগং শক্রোঽপি ত্রিদিবালয়ম্।
ততো জগাম মৈত্রেয় পশ্যতাং দ্বারকৌকসাম্ ॥১৫
প্রাগ্‌জ্যোতিষপুরস্যাসীৎ সমন্তাচ্ছতযোজনম্।
আচিতা সৌরধৈঃ পাশৈঃ ক্ষুরাগ্রৈর্মুরিকোত্তম ॥১৬
তাংশ্চিচ্ছেদ হরিঃ পাশান্ ক্ষিপ্ত্বা চক্রং সুদর্শনম্।
ততো মুরুঃ সমুত্তস্থৌ তং জঘান চ কেশবঃ ॥১৭
মুরোশ্চ তনয়ান্ সপ্ত সহস্রাণ্যাততায়িনঃ
চক্রধারাগ্নিনির্দগ্ধাংশ্চকার শলভানিব ॥১৮
হত্বা মুরুং হয়গ্রীবং তথা পঞ্চজনং বিভু।
প্রাগ্‌জ্যোতিষপুরং ধীমাংস্তূর্ণমাবাস সম্পপাদ ॥১৯
নরকেণাথ তত্রাভূন্মহাসৈন্যেন সংযুগম্।
কৃষ্ণস্য যত্র গোবিন্দো জঘ্নে দৈত্যান্ সহস্রশঃ ॥২০
শস্ত্রাস্ত্রবর্ষং মুঞ্চন্তং ভৌমং তং নরকং বলী।
ক্ষিপ্ত্বা চক্রং দ্বিধা চক্রে চক্রী দৈতেয়চক্রহা ॥২১

মন্দরপর্ব্বতের মণিপর্ব্বতাখ্য শেখরও ঐ অসুর হরণ করিয়াছে ।১০

হে কৃষ্ণ! নরকাসুর আমার জননী অদিতির অমৃতস্রাবী দিব্য কুণ্ডলদ্বয় হরণ করিয়াছে এবং সর্ব্বদাই আমার এই ঐরাবতের প্রতি অভিলাষ প্রকাশ করিয়া থাকে ।১১

হে গোবিন্দ! এই আমি আপনার নিকট নরকাসুরের দুর্নীতির বিষয় বলিলাম, এক্ষণে এ বিষয়ে যাহা কর্ত্তব্য, আপনি তাহা স্বয়ংই বিবেচনা করিবেন ।১২

পরাশর বলিলেন,—ভগবান্ দেবকীসুত কৃষ্ণ বাসবের এইরূপ বাক্য শ্রবণপূর্ব্বক ঈষৎ হাস্য করত ইন্দ্রের হস্ত ধারণ করিয়া মহামূল্য শ্রেষ্ঠ আসন হইতে গাত্রোত্থান করিলেন ।১৩

তারপর ভগবান্ বিষ্ণু মনে মনে গরুড়কে চিন্তা করিলেন এবং চিন্তামাত্রে নিকটাগত গগনবিহারী গরুড়ের উপর সত্যভামার সহিত আরোহণ করিয়া প্রাগ্‌জ্যোতিষপুরোদ্দেশে যাত্রা করিলেন ।১৪

হে মৈত্রেয়! অনন্তর দর্শনকারী দ্বারকবাসিগণের সম্মুখেই ইন্দ্র ঐরাবত নামক হস্তীতে আরোহণপূর্ব্বক স্বর্গে প্রস্থান করিলেন ।১৫

হে দ্বিজ! প্রাগ্‌জ্যোতিষপুরের চতুর্দ্দিকে শত-যোজন বিস্তৃত ভূভাগ ক্ষুরাগ্রভাগতুল্য তীক্ষ্ণধার মুর নামক অসুরবিরচিত পাশসমূহ দ্বারা বেষ্টিত ছিল ।১৬

হরি সুদর্শনচক্র ক্ষেপণ করিয়া সেই পাশসমূহকে ছেদন করিলেন। তারপর মুর দাঁড়াইলে কেশব তাহাকে বিনাশ করিলেন ।১৭

অনন্তর ভগবান্ হরি মুরুর সপ্তসহস্র পুত্রকে পতঙ্গের ন্যায় চক্রধারা-সম্ভূত অগ্নিদ্বারা দগ্ধ করিয়া ফেলিলেন ।১৮

হে দ্বিজ! ধীমান্ হরি এইরূপে মুরু, হয়গ্রীব ও পঞ্চজনকে বিনাশ করিয়া ত্বরার সহিত প্রাগ্‌জ্যোতিষ-পুরে উপস্থিত হইলেন ।১৯

তারপর বিশাল সেনাপরিবেষ্টিত নরকাসুরের সহিত ভগবান্ কৃষ্ণের ভয়ঙ্কর যুদ্ধ আরম্ভ হইল। এই যুদ্ধে ভগবান্ গোবিন্দ সহস্র সহস্র দৈত্যকে বিনাশ করিলেন ।২০

অনন্তর দৈত্যবিনাশক বলবান্ কৃষ্ণ সুদর্শন শস্ত্র ও অস্ত্রসমূহের বর্ষণকারী পৃথিবীপুত্র নরকাসুরকে দ্বিখণ্ড করিয়া ফেলিলেন ।২১

পাঠান্তর :—(ক) যদত্র প্রতিকর্ত্তব্যং তৎ স্বয়ং পরিমুক্তাম্।

* কোন কোন গ্রন্থে তিন লাইনের ১৪ শ্লোকটি নিম্নলিখিত ভাবে দুই লাইনে দেখা যায়,—

"সঞ্চিন্ত্যাগতমারুহ্য গরুড়ং গগনেচরম্।
সত্যভামাং..... পুরম্।

হতে তু নরকে ভূমির্গৃহীত্বাদিতিকুণ্ডলে।
উপতস্থে জগন্নাথং বাক্যং চেদমথাব্রবীৎ ॥২২

পৃথিব্যুবাচ।

যদাহমুদ্ধৃতা নাথ ত্বয়া শূকরমূর্তিনা।
ত্বৎস্পর্শসম্ভবঃ পুত্রস্তদায়ং মম্যজায়ত ॥২৩

সোঽয়ং ত্বয়ৈব দত্তো মে ত্বয়ৈব বিনিপাতিতঃ।
গৃহাণ কুণ্ডলে চেমে পালয়াস্য চ সন্ততিম্ ॥২৪

ভারাবতারণার্থায় মমৈব ভগবানিমম্।
অংশেন লোকমায়াতঃ প্রসাদসুমুখঃ প্রভো ॥২৫

ত্বং কর্ত্তা ত্বং বিকর্ত্তা চ সংহর্ত্তা প্রভবোঽপ্যয়ঃ।
জগতাং ত্বং জগদ্রূপঃ স্তূয়তেঽচ্যুত কিং তব ॥২৬

ব্যাপ্তির্ব্যাপ্যং ক্রিয়া কর্ত্তা কার্য্যঞ্চ ভগবান্ যথা।
সর্ব্বভূতাত্মভূতস্য স্তূয়তে তব কিং তথা ॥২৭

পরমাত্মা চ ভূতাত্মা মহাত্মা চাব্যয়ো ভবান্।
যদা তদা স্তুতির্নাথ কিমর্থং তে প্রবর্ত্ততে ॥২৮

প্রসীদ সর্ব্বভূতাত্মন্ নরকেণ হি যৎ কৃতম্।
তৎক্ষম্যতামশেষায় ত্বৎসুতঃ ত্বন্নিপাতিতঃ ॥২৯

পরাশর উবাচ।

তথেতি চোক্ত্বা ধরণীং ভগবান্ ভূতভাবনঃ।
রত্নানি নরকাবাসাদ্গ্রাহ মুনিসত্তম ॥৩০

কন্যাপুরে স কন্যানাং ষোড়শাতুলবিক্রমঃ।
শতাধিকানি দদৃশে সহস্রাণি মহামতে (ক) ॥৩১

চতুর্দ্দন্তান্ গজাংশ্চোগ্রান্ ষট্সহস্রান্ স দৃষ্টবান্(খ)।
কাম্বোজানাং তথাশ্বানাং নিযুতান্যেকবিংশতিম্ ॥৩২

এই প্রকারে নরকাসুর হত হইলে পর পৃথিবী অদিতির কনকময় কুণ্ডলদ্বয় গ্রহণপূর্ব্বক ভগবানের নিকট উপস্থিত হইলেন। তারপর সেই জগন্নাথকে বলিলেন।২২

পৃথিবী বলিলেন,—হে নাথ! আপনি যখন শূকরমূর্ত্তি ধারণ করিয়া আমাকে উদ্ধার করেন, সেই সময় আপনার অঙ্গস্পর্শে আমার এই নরকনামা পুত্র হইয়াছিল।২৩

আপনিই যাহাকে দিয়াছিলেন, অদ্য আপনিই তাহাকে বিনাশ করিলেন। এই কুণ্ডলদ্বয় গ্রহণ করুন এবং কৃপাপরবশ হইয়া এক্ষণে এই নরকাসুরের পুত্রগণকে পালন করুন।২৪

আপনি ভগবান্, হে প্রভো! আপনি অত্যন্ত প্রসন্নমুখে আমারই ভারাবতারণার্থে স্বকীয় অংশে এই মর্ত্তলোকে অবতীর্ণ হইয়াছেন।২৫

হে অচ্যুত। আপনিই জগতের কর্ত্তা, আপনিই বিকর্ত্তা (পালনকারী) এবং সংহারক। আপনিই সকলের উৎপত্তির কারণ, অথচ বিনাশরূপী। আপনি জগদ্রূপ, আপনার স্তব আমি কি প্রকারে করিতে সক্ষম হইব?২৬

হে ভগবন্! যখন আপনিই ব্যাপক, ব্যাপ্য, ক্রিয়া কর্ত্তা এবং কার্য্য ও আপনি সকল ভূতের আত্মাস্বরূপ, তখন আমি কি প্রকারে আপনার স্তব করিতে সমর্থ হইব?২৭

আপনিই যখন পরমাত্মা, ভূতাত্মা এবং অব্যয় আত্মা, তখন কোন্ অর্থের উল্লেখ করিয়া আপনার স্তুতি হইবে?২৮

হে সর্ব্বভূতাত্মন্! আপনি প্রসন্ন হউন এবং নরককৃত সকল অপরাধ ক্ষমা করুন। দোষনিবৃত্তি কামনায় আপনিই নিজ পুত্রকে বিনাশ করিয়াছেন।২৯

পরাশর বলিলেন,—হে মুনিশ্রেষ্ঠ! ভূতভাবন ভগবান্ "তোমার অভীষ্ট সিদ্ধ হউক" পৃথিবীকে এই কথা বলিয়া নরক-গৃহ হইতে রত্নসমূহ গ্রহণ করিলেন।৩০

হে মহামতে! অতুলনীয় পরাক্রমশালী ভগবান্ নরকাসুরের কন্যান্তঃপুরমধ্যে শতাধিক ষোড়শসহস্র কন্যা দর্শন করিলেন।৩১

তিনি আরও দেখিতে পাইলেন যে, নরকপুরে

পাঠান্তর:—(ক) —মহামুনে।
(খ) চতুর্দ্দন্তান্ গজাংশ্চাগ্র্যান্ ষট্সহস্রাংশ্চ দৃষ্টবান্।

কন্যাস্তাশ্চ তথা (ক) নাগাংস্তানশ্বান্ দ্বারকাং পুরীম্।
প্রেষয়ামাস (খ) গোবিন্দঃ সঙ্গো নরককিঙ্করৈঃ ॥৩৩
দদৃশে বারুণং ছত্রং তথৈব মণিপর্ব্বতম্।
আরোপয়ামাস হরির্গরুড়ে পন্নগাশনে (গ) ॥৩৪

আরুহ্য চ স্বয়ং কৃষ্ণঃ সত্যভামা-সহায়বান্।
অদিত্যাঃ কুণ্ডলে দাতুং জগাম ত্রিদিবালয়ম্ (ঘ) ॥৩৫

ইতি বিষ্ণুপুরাণে পঞ্চমাংশে ঊনত্রিংশঃ অধ্যায়ঃ ॥

চারিটী করিয়া দন্তধারী উগ্রকায় ছয়হাজার গজ রহিয়াছে; তথায় একবিংশতি নিযুত কম্বোজ-দেশীয় অশ্বও দেখিতে পাইলেন ।৩২

তখন গোবিন্দ নরকাসুরের কিঙ্করগণ দ্বারা সেই সকল কন্যা, হস্তিসমূহ এবং অশ্বগণকে সত্বই দ্বারকা-পুরীতে প্রেরণ করিলেন ।৩৩

অনন্তর বারুণ (বরুণের) ছত্র ও মণিপর্ব্বত অবলোকন করিলেন; ঐ দ্রব্যদ্বয়কে সর্পভোজী গরুড়ের উপর আরোপণ করাইলেন ।৩৪

তৎপরে সত্যভামার সহিত ভগবান্ কৃষ্ণ স্বয়ং গরুড়পৃষ্ঠে আরোহণ করত অদিতির কুণ্ডলদ্বয় অর্পণ করিবার জন্য স্বর্গে গমন করিলেন ।৩৫

পাঠান্তর :—(ক) তাঃ কন্যাস্তাংস্তথা—। (খ) প্রাপয়ামাস—। (গ) —পতগেশ্বরে। (ঘ) —ত্রিদশালয়ম্।

বিষ্ণুপুরাণের পঞ্চমাংশে ঊনত্রিংশ অধ্যায় সমাপ্ত।

ত্রিংশঃ অধ্যায়ঃ

[পারিজাতহরণম্।]

পরাশর উবাচ।

গরুড়ো বারুণং ছত্রং তথৈব মণিপর্ব্বতম্।
সভার্য্যঞ্চ হৃষীকেশং লীলয়ৈব বহন্ যযৌ ॥১
ততঃ শঙ্খমুপাধ্মাসীৎ স্বর্গদ্বারগতো হরিঃ।
উপতস্থুস্তথা দেবাঃ সার্ঘ্যহস্তা জনার্দ্দনম্ ॥২
স দেবৈরর্চ্চিতঃ কৃষ্ণো দেবমাতুনিবেশনম্।
সিতাভ্রশিখরাকারং প্রবিশ্য দদৃশেঽদিতিম্ ॥৩

স তাং প্রণম্য শক্রেণ সহ তে কুণ্ডলোদ্ভবে।
দদৌ নরকনাশঞ্চ শশংসাস্যৈ জনার্দ্দনঃ ॥৪
ততঃ প্রীতা জগন্মাতা ধাতারং জগতাং হরিম্।
তুষ্টাবাদিতিরব্যগ্রা কৃত্বা তৎপ্রবণং মনঃ ॥৫

অদিতিরুবাচ।

নমস্তে পুণ্ডরীকাক্ষ ভক্তানামভয়ঙ্কর।
সনাতনাত্মন্ সর্ব্বাত্মন্ ভূতাত্মন্ ভূতভাবন ॥৬

ত্রিংশ অধ্যায়

[পারিজাত হরণ]

পরাশর বলিলেন,—গরুড় সেই বরুণের ছত্র, মণিপর্ব্বত এবং ভার্য্যা সত্যভামার সহিত হৃষীকেশকে অবলীলাক্রমেই বহন করিতে করিতে যাইতে লাগিলেন। অনন্তর হরি স্বর্গদ্বারে গমন করিয়া শঙ্খবাদ্য করিলেন। তখন সেই শঙ্খশব্দ শ্রবণ করত দেবগণ অর্ঘ্যপাত্র হস্তে লইয়া জনার্দ্দনের নিকট উপস্থিত হইলেন ।১-২

সেই কৃষ্ণ দেবগণ কর্ত্তৃক পূজিত হইয়া শুভ্র মেঘ-শিখরাকার দেবজননী অদিতির গৃহে প্রবেশ করত অদিতিকে দর্শন করিলেন ।৩

ভগবান্ জনার্দ্দন ইন্দ্রের সহিত তাঁহাকে প্রণামপূর্ব্বক উত্তম কুণ্ডলদ্বয় অর্পণ করিয়া তাঁহার নিকটে নরকাসুর-বিনাশবৃত্তান্ত বর্ণনা করিলেন ।৪

অনন্তর জগন্মাতা অদিতি প্রসন্ন হইয়া অব্যগ্রভাবে (শান্তভাবে) চিত্তকে তন্ময় করত জগতের ধাতা হরিকে স্তব করিতে লাগিলেন ।৫

অদিতি বলিলেন,—হে পুণ্ডরীকাক্ষ! হে ভক্তগণের

প্রণেতা মনসো (ক) বুদ্ধেরিন্দ্রিয়াণাং গুণাত্মক।
ত্রিগুণাতীত নির্দ্বন্দ্ব শুদ্ধসত্ত্ব হৃদি স্থিত ॥৭
সিতদীর্ঘাদিনিঃশেষ-কল্পনাপরিবর্জ্জিত।
জন্মাদিভিরসংস্পৃষ্ট স্বপ্নাদিপরিবর্জ্জিত ॥৮
সন্ধ্যা রাত্রিরহোভূমির্গগনং বায়ুরম্বু চ।
হুতাশনো মনো বুদ্ধির্ভূতাদিস্ত্বং তথাচ্যুত ॥৯
সৃষ্টি-স্থিতি-বিনাশানাং কর্ত্তা কর্ত্তৃপতির্ভবান্।
ব্রহ্ম-বিষ্ণু-শিবাখ্যাভিরাত্মমূর্ত্তিভিরীশ্বর ॥১০
দেবা যক্ষাস্তথা দৈত্যা রাক্ষসাঃ সিদ্ধ-পন্নগাঃ।
কূষ্মাণ্ডাশ্চ পিশাচাশ্চ গন্ধর্ব্বা মনুজাস্তথা ॥১১
পশবো মৃগমাতঙ্গাস্তথৈব চ (খ) সরীসৃপাঃ।
বৃক্ষ-গুল্ম-লতা বহ্ব্যঃ সমস্তাস্তৃণজাতয়ঃ ॥১২
স্থূলা মধ্যাস্তথা সূক্ষ্মাঃ স্থূল-সূক্ষ্মতরাশ্চ যে (গ)।
দেহভেদা ভবান্ সর্ব্বে যে কেচিৎ পুর্গলাশ্রয়াঃ ॥১৩

মায়া ভবেয়মজ্ঞাতপরমার্থাতিমোহিনী।
অনাত্মন্যাত্মবিজ্ঞানং যয়া মূঢ়ো নিরুধ্যতে ॥১৪
অম্বে স্বমিতি ভাবোঽত্র যৎপুংসামুপজায়তে।
অহং মমেতি ভাবোঽত্র যৎ প্রায়েণাভিজায়তে।
সংসারমাতুর্মায়ায়াস্তবৈতন্নাথ চেষ্টিতম্ ॥১৫
যৈঃ স্বধর্ম্মপরৈর্নাথ নরৈরারাধিতো ভবান্।
তে তরন্ত্যখিলামেতাং মায়ামাত্মবিমুক্তয়ে ॥১৬
ব্রহ্মাদ্যাঃ সকলা দেবা মনুষ্যাঃ পশবস্তথা।
বিষ্ণুমায়ামহাবর্ত্তমোহান্ধতমসাবৃতাঃ ॥১৭
আরাধ্য ত্বামভীপ্সন্তে কামানাত্মভবক্ষয়ম্।
যদেতে পুরুষা মায়া সৈবেয়ং ভগবংস্তব ॥১৮
মত্বা স্বং পুত্রকামিন্যা বৈরিপক্ষক্ষয়ায় চ (ঘ)।
আরাধিতো ন মোক্ষায় মায়াবিলসিতং হি তৎ ॥১৯

ভয়হারিন্! হে সনাতনস্বরূপ! হে সর্ব্বাত্মন্! হে ভূতাত্মন্! হে ভূতভাবন্! তোমাকে নমস্কার।৬

তুমি মন, বুদ্ধি ও ইন্দ্রিয়গণের রচয়িতা। হে গুণস্বরূপ! হে ত্রিগুণাতীত! হে নির্দ্বন্দ্ব! হে শুদ্ধসত্ত্ব! হে হৃদিস্থিত (অন্তর্য্যামিন্)! তোমাকে নমস্কার।৭

হে নাথ! তুমি শ্বেত-দীর্ঘ আদি সম্পূর্ণ কল্পনা-রহিত, জন্মাদি বিকার হইতে পৃথক্ এবং স্বপ্ন, সুষুপ্তি ও জাগরণ—এই তিন অবস্থা বর্জ্জিত—তোমাকে নমস্কার।৮

হে অচ্যুত! সন্ধ্যা, রাত্রি, দিবস, ভূমি, গগন, বায়ু, জল, অগ্নি, মন ও বুদ্ধি—এই সমস্ত তুমিই এবং তুমিই ভূতনিবহের আদিভূত (কেহ কেহ বলেন—'ভূতাদি' পদের অর্থ অহঙ্কার)।৯

হে ঈশ্বর! তুমি সৃষ্টি, স্থিতি ও বিনাশের কর্ত্তা অথচ কর্ত্তৃপতি। তুমি ব্রহ্মা বিষ্ণু ও শিব—এই তিন মূর্ত্তি ধারণ করিয়া পূর্ব্বোক্ত কার্য্যত্রয় নিষ্পাদন করিয়া থাক।১০

দেব, যক্ষ, দৈত্য, রাক্ষস, সিদ্ধ, নাগ, কূষ্মাণ্ড, পিশাচ, গন্ধর্ব্ব, মনুষ্য, পশু, মৃগ, মাতঙ্গ, সর্প, বৃক্ষ, গুল্ম, লতা এবং সমস্ত তৃণজাতি, স্থূল, মধ্য, সূক্ষ্ম, স্থূলতর ও সূক্ষ্মতর প্রভৃতি যত প্রকার দেহভেদ পরমাণুকে আশ্রয় করিয়া আছে, সেই সকল তুমিই।১১-১৩

পরমাত্মার স্বরূপ যাহারা জানে না, তাদৃশ ব্যক্তিগণের মোহকারিণী তোমারই মায়া আত্মভিন্ন পদার্থে আত্মবিজ্ঞান জন্মাইতেছে। হে দেব! ঐ মায়াই মূঢ়ব্যক্তিকে সংসারে রুদ্ধ করিয়া থাকে।১৪

হে নাথ! এই সংসারে অনাত্মাতে আত্মবুদ্ধি ও "আমি এবং আমার" ইত্যাদি যে সকল ভাব পুরুষগণের প্রায়ই মনে উদিত হইয়া থাকে, তাহা জগজ্জননী তোমার মায়ারই বিলাস।১৫

হে নাথ! যে সকল স্বধর্ম্মপরায়ণ মনুষ্য নিজ মুক্তি লাভের জন্য তোমাকে আরাধনা করিয়া থাকেন, তাঁহারা এই অখিল মায়া হইতে উত্তীর্ণ হইতে পারেন।১৬

ব্রহ্মাদি দেবগণ, মনুষ্য ও পশুগণ—সকলেই বিষ্ণু-মায়ারূপ মহাভ্রমে পতিত এবং মোহরূপ ঘোর অন্ধকারে আবৃত রহিয়াছে।১৭

হে ভগবন্! যে মায়াপ্রভাবে জীবগণ স্বীয়জন্ম ও মরণকালের মধ্যেও তোমার আরাধনা করিয়া

পাঠান্তর :—(ক) প্রণেতর্মনসো—। (খ) পশবশ্চ মৃগাশ্চৈব পতত্রাশ্চ—। (গ) —স্থূলাং সূক্ষ্মতরাশ্চ যে। (ঘ) বৈরিপক্ষক্ষয়ায় চ।

কৌপীনাচ্ছাদনপ্রায়া বাঞ্ছা কল্পদ্রুমাদপি।
জায়তে যদপুণ্যানাং সোঽপরাধঃ স্বদোষজঃ ॥২০
তৎ প্রসীদাখিলজগন্মায়ামোহকরাব্যয়।
অজ্ঞানং জ্ঞানসদ্ভাবভূতং ভূতেশ নাশয় ॥২১
নমস্তে চক্রহস্তায় শার্ঙ্গহস্তায় তে নমঃ।
গদাহস্তায় তে বিষ্ণো শঙ্খহস্তায় তে নমঃ ॥২২
এতৎ পশ্যামি তে রূপং স্থূলচিহ্নোপলক্ষিতম্।
ন জানামি পরং যত্তে প্রসীদ পরমেশ্বর ॥২৩

পরাশর উবাচ।

অদিত্যৈবং স্তুতো বিষ্ণুঃ প্রহস্যাহ সুরারণিম্।
মাতা দেবি ত্বমস্মাকং প্রসীদ বরদা ভব ॥২৪

অদিতিরুবাচ।

এবমস্তু যথেচ্ছা তে ত্বমশেষৈঃ সুরাসুরৈঃ।
অজেয়ঃ পুরুষব্যাঘ্র মর্ত্ত্যলোকে ভবিষ্যসি ॥২৫

পরাশর উবাচ।

ততোঽনন্তরমেবাস্য শক্রাণীসহিতাদিতিম্ (ক)।
সত্যভামা প্রণম্যাহ প্রসীদেতি পুনঃপুনঃ ॥২৬

অদিতিরুবাচ।

মৎপ্রসাদান্ন তে সুভ্রু জরা বৈরূপ্যমেব চ।
ভবিষ্যত্যনবদ্যাঙ্গি সুস্থিরং নবযৌবনম্ ॥২৭

পরাশর উবাচ।

অদিত্যা তু কৃতানুজ্ঞো দেবরাজো জনার্দ্দনম্।
যথাবৎ পূজয়ামাস বহুমানপুরঃসরম্ ॥২৮
শচী চ সত্যভামায়ৈ পারিজাতস্য পুষ্পকম্।
ন দদৌ মানুষীং মত্বা স্বয়ং পুষ্পৈরলঙ্কৃতা ॥২৯
ততো দদর্শ কৃষ্ণোঽপি সত্যভামাসহায়বান্।
দেবোদ্যানানি রম্যাণি নন্দনাদীনি সত্তম ॥৩০

কামসমূহের অভিলাষ করিয়া থাকে, ইহাই তোমার সেই মায়া।১৮

পুত্রগণের মঙ্গলাভিলাষে আমিই যে তোমাকে আরাধনা করিয়া শত্রুগণের বিনাশ কামনা করিয়াছি, কিন্তু মোক্ষের কামনা করি নাই, ইহা তোমার মায়ারই কার্য্য।১৯

কল্পবৃক্ষের নিকট হইতেও কৌপীনবস্ত্রের বাঞ্ছার ন্যায় তোমার নিকট হইতে পুণ্যহীনগণের যে সামান্য বিষয়াভিলাষ পূরণের প্রার্থনা, তাহা নিজের নিজের কর্ম্মজাত অপরাধ বৈ আর কি হইতে পারে? ২০

হে অখিল জগতের মায়ামোহকর! হে অব্যয়! তুমি প্রসন্ন হও। হে ভূতেশ! আমার জ্ঞানাভিমানজনিত অজ্ঞান বিনাশ কর।২১

হে চক্রহস্ত! তোমাকে নমস্কার। শার্ঙ্গধনুধারী তোমাকে নমস্কার। হে বিষ্ণো! তুমি হস্তে গদা ও শঙ্খ ধারণ করিয়াছ—তোমাকে নমস্কার।২২

হে পরমেশ্বর! আমি তোমার এই সকল স্থূলচিহ্নে প্রতীত রূপই দেখিতে পাইতেছি, তোমার যে পরম রূপ তাহা আমি জানি না, তুমি প্রসন্ন হও।২৩

ভগবান্ বিষ্ণু অদিতি কর্ত্তৃক এইরূপ স্তুত হইয়া সুরমাতাকে সহাস্যে বলিলেন,—হে দেবি! তুমি আমাদের জননী, প্রসন্ন হও এবং আমাদের প্রতি বরদা হও।২৪

অদিতি বলিলেন,—হে পুরুষোত্তম! তোমার যাহা ইচ্ছা, তাহাই হউক; সমস্ত সুরাসুরগণ কর্ত্তৃক তুমি মর্ত্ত্যলোকে অজেয় হইবে।২৫

তারপর সত্যভামা ভগবানের প্রণামানন্তর ইন্দ্রাণীর সহিত অদিতিকে প্রণামপূর্ব্বক পুনঃ পুনঃ বলিলেন,—আপনি প্রসন্ন হউন।২৬

অদিতি বলিলেন,—হে সুভ্রু! অনিন্দিতাঙ্গি! আমার অনুগ্রহে তোমার বৃদ্ধাবস্থা বা বিরূপতা আসিবে না এবং তোমার সর্ব্বদা নবযৌবন বর্ত্তমান থাকিবে।২৭

পরাশর বলিলেন,—অদিতির আজ্ঞানুসারে দেবরাজ ইন্দ্র সম্মানের সহিত যথারীতিতে ভগবান্ জনার্দ্দনকে পূজা করিলেন।২৮

ইন্দ্রপত্নী শচী সত্যভামাকে মানুষী মনে করিয়া তাঁহাকে পারিজাত পুষ্প দিলেন না, কিন্তু নিজে ঐ পুষ্পদ্বারা ভূষিত হইলেন।২৯

পাঠান্তরঃ—(ক) ততঃ কৃষ্ণস্য পত্নী চ শক্রপত্ন্যা সহাদিতিম্।

দদর্শ চ সুগন্ধাঢ্যং মঞ্জরীপুঞ্জধারিণম্ ।
নিত্যাহ্লাদকরং তাম্রবালপল্লবশোভিতম্ ॥৩১
মধ্যমানেঽমৃতে জাতং জাতরূপোপমত্বচম্ ।
পারিজাতং জগন্নাথঃ কেশবঃ কেশিসূদনঃ ॥৩২
তং দৃষ্ট্বা প্রাহ গোবিন্দং সত্যভামা দ্বিজোত্তম ।
কস্মাদ্ন দ্বারকায়েম নীয়তে দেবপাদপঃ (ক) ॥৩৩
যদি চেত্ত্বচঃ সত্যং সত্যাত্যর্থং (খ) প্রিয়েতি মে ।
মদ্গেহনিষ্কুটার্থায় তদয়ং নীয়তাং তরুঃ ॥৩৪
ন মে জাম্ববতী তাদৃগভীষ্টা ন চ রুক্মিণী ।
সত্যো যথা ত্বমিত্যুক্তং ত্বয়া কৃষ্ণাসকৃৎপ্রিয়ম্ ॥৩৫
সত্যং তদ্যদি গোবিন্দ নোপচারকৃতং তব ।
তদস্তু পারিজাতোঽয়ং মম গেহবিভূষণম্ ॥৩৬
বিভ্রতী পারিজাতস্য কেশপক্ষেণ মঞ্জরীম্ ।
সপত্নীনামহং মধ্যে শোভেয়মিতি কাময়ে ॥৩৭

পরাশর উবাচ ।

ইত্যুক্তঃ সম্প্রহৃষ্টেন (গ) পারিজাতং গরুত্মতি ।
আরোপয়ামাস হরিস্তদ্দুর্বনরক্ষিণঃ ॥৩৮
ভোঃ শচী দেবরাজস্য মহিষী তৎপরিগ্রহম্ ।
পারিজাতং ন গোবিন্দ হর্ত্তুমর্হসি পাদপম্ ॥৩৯
শচীবিভূষণার্থায় দেবৈরমৃতমন্থনে ।
উৎপাদিতোঽয়ং ন কেনী গৃহীত্বৈনং গমিষ্যসি ॥৪০
দেবরাজো মুখপ্রেক্ষী যস্যাস্তস্যাঃ পরিগ্রহম্ ।
যোঽন্যাং প্রার্থয়সে কেনী গৃহীত্বৈনং
হি কো ব্রজেৎ ॥৪১
অবশ্যমস্য দেবেন্দ্রো নিষ্কৃতিং কৃষ্ণ যাচতি ।
বজ্রোদ্যতকরং শক্রমনুযান্তি চামরাঃ ॥৪২
তদলং সকলৈর্দেবৈর্বিগ্রহেণ তবাচ্যুত ।
বিপাককটুকং কর্ম্ম তত্র শংসন্তি পণ্ডিতাঃ ॥৪৩

হে সাধুশ্রেষ্ঠ ! অনন্তর কৃষ্ণও সত্যভামার সহিত মনোহর নন্দনাদি দেবোদ্যানসকল দর্শন করিতে লাগিলেন ।৩০

সেই উদ্যান মধ্যে কেশিসূদন জগন্নাথ কেশব অমৃতমন্থনকালে উদ্ভূত পারিজাত বৃক্ষ দর্শন করিলেন। ঐ পারিজাত অতিশয় সুগন্ধে পরিপূর্ণ ও ইন্দ্রপত্নী শচীর আহ্লাদজনক। উহাতে নবীন তাম্রবর্ণ পল্লব শোভা পাইতেছিল এবং উহার ত্বক্ (ছাল) সকল সুবর্ণময় ছিল। হে দ্বিজোত্তম ! ঐ বৃক্ষকে দর্শন করিয়া সত্যভামা গোবিন্দকে বলিলেন,—এই দেব-বৃক্ষ কি কারণে দ্বারকায় লইয়া যাইতেছেন না ? ৩১-৩৩

যদি আপনার এই কথা সত্য হয় যে, "সত্যভামা আমার অতিশয় প্রিয়া", তাহা হইলে আমার গৃহোদ্যানের জন্য এই বৃক্ষটীকে লইয়া চলুন ।৩৪

হে কৃষ্ণ ! আপনি অনেকবারই আমাকে এই প্রিয়বাক্য বলিয়াছেন,—"হে সত্যে ! তুমি আমার যেরূপ প্রিয়া, সেইরূপ রুক্মিণী বা জাম্ববতী কেহই আমার প্রিয়া নহে। হে গোবিন্দ। আপনার সেই সকল বাক্য যদি সত্য হয় ও আমার প্রলোভনার্থে না ব্যবহৃত হইয়া থাকে, তাহা হইলে এই পারিজাত বৃক্ষটী আমার গৃহভূষণস্বরূপে পরিগণিত হউক ।৩৫-৩৬

এই পারিজাতমঞ্জরী আমি নিজ কেশভারে ধারণপূর্ব্বক সপত্নীগণের মধ্যে শোভা পাই, ইহাই আমি কামনা করি ।৩৭

পরাশর বলিলেন,—সত্যভামা এই কথা বলিলে পর হরি হাস্যপূর্ব্বক গরুড়ের উপর সেই পারিজাত বৃক্ষটীকে উঠাইয়া লইলেন। তখন বনরক্ষিগণ তাঁহাকে বলিল যে, যিনি দেবরাজ-মহিষী শচী, এই পারিজাত বৃক্ষ তাঁহারই, অতএব হে গোবিন্দ ! আপনি ইহাকে হরণ করিবেন না ।৩৮-৩৯

দেবগণ অমৃতমন্থন কালে শচীর ভূষণের জন্য এই বৃক্ষকে উৎপাদন করিয়াছেন। আপনি ইহা গ্রহণ করিয়া কুশলে যাইতে পারিবেন না ।৪০

দেবরাজ ইন্দ্র যে শচীর মুখাপেক্ষী, সেই শচীর

পাঠান্তর :—(ক) —কৃষ্ণ ! পাদপঃ। (খ) —যদ্যর্থং—। (গ) ইত্যুক্তঃ স প্রহৃষ্টেন—।

* কোন কোন গ্রন্থে ৩৯ শ্লোকের পর নিম্নলিখিত শ্লোকটি অধিক দেখা যায়,—
"উৎপন্নো দেবরাজায় যজ্ঞ সোহপি যদৌ পুনঃ। মহিষ্যৈ সুমহাভাগ দেবৌ শচ্যৈ কুতুহলাৎ ॥

পরাশর উবাচ।

ইত্যুক্তে তৈরুবাচেতান্ সত্যভামাতিকোপিনী
কা শচী পরিজাতস্য কো বা শক্রঃ সুরাধিপঃ ॥৪৪
সামান্যঃ সর্ব্বলোকানাং যজ্ঞেযোঽমৃতমন্থনে।
সমুৎপন্নঃ সুরাঃ (ক) কস্মাদেকো গৃহ্লাতি বাসবঃ ॥৪৫
যথা সুরা যথেবেন্দুর্যথা শ্রীর্বনরক্ষিণঃ।
সামান্যঃ সর্ব্বলোকস্য পারিজাতস্তথা দ্রুমঃ ॥৪৬
ভর্ত্তৃবাহুমহাগর্ব্বাদ্ রুণদ্ধ্যেনং যথা শচী।
তৎ কথ্যতামলং ক্ষান্ত্যা সত্যা হারয়তি দ্রুমম্ ॥৪৭
কথ্যতাঞ্চ দ্রুতং গত্বা পৌলোম্যা বচনং মম।
সত্যভামা বদত্যেতদতিগর্ব্বোদ্ধতাক্ষরম্ ॥৪৮
যদি ত্বং দয়িতা ভর্ত্তুর্যদি বশ্যঃ পতিস্তব।
মদ্ভর্ত্তুর্হরতো বৃক্ষং তৎ কারয় নিবারণম্ ॥৪৯
জানামি তে পতিং শক্রং জানামি ত্রিদিবেশ্বরম্ (খ)।
পারিজাতং তথাপ্যেনং মানুষী হারয়ামি তে ॥৫০

পরাশর উবাচ।

ইত্যুক্তা রক্ষিণো গত্বা শচ্যা উচুর্যথোদিতম্।
শচী চোৎসাহয়ামাস ত্রিদশাধিপতিং পতিম্ (গ) ॥৫১
ততঃ সমস্তদেবানাং সৈন্যৈঃ পরিবৃতো হরিম্।
প্রযযৌ পারিজাতার্থমিন্দ্রো যোদ্ধুঞ্চ দ্বিজ (ঘ) ॥৫২
ততঃ পরিঘ-নিস্ত্রিংশ-গদা-শূল-বরায়ুধাঃ।
বভূবুস্ত্রিদশাঃ সর্ব্বে শক্রে বজ্রকরে স্থিতে ॥৫৩

পরিগ্রহ এই পারিজাত বৃক্ষ হরণ করিয়া কোন্ ব্যক্তি কুশলে গমন করিতে পারে? ৪১

হে কৃষ্ণ! দেবেন্দ্র অবশ্যই এই কর্ম্মের প্রতিবিধান করিবেন এবং হস্তে বজ্রধারী ইন্দ্রের পশ্চাতে সকল দেবগণই ধাবিত হইবেন ।৪২

হে অচ্যুত! এই কারণে দেবগণের সহিত বৃথা বিরোধ করিবেন না। যে কর্ম্ম পরিণামে-বিসদৃশ, পণ্ডিতগণ তাদৃশ কর্ম্মের কখনই প্রশংসা করেন না ।৪৩

পরাশর বলিলেন,—বনরক্ষিগণ এই প্রকার বলিলে পর, অতিশয় ক্রুদ্ধা সত্যভামা তাহাদিগকে বলিলেন,—অরে! পারিজাত সম্বন্ধে শচীই বা কে? আর সুরাধিপতি ইন্দ্রই বা কে? ৪৪

ইহা যদি অমৃতমন্থনে উৎপন্ন হইয়া থাকে, তাহা হইলে সকল লোকেরই সাধারণ সম্পত্তি। হে সুরগণ! তবে একা ইন্দ্র কেন ইহাকে গ্রহণ করিবেন? ৪৫

অরে বনরক্ষিগণ! সমুদ্র হইতে উৎপন্ন সুধা, চন্দ্র এবং লক্ষ্মী যে প্রকার সকল লোকেরই সাধারণ ভোগ্য, সেই প্রকার এই পারিজাতও সর্ব্বলোকের সাধারণ সম্পদ ।৪৬

ভর্ত্তার বাহুবীর্য্যে গর্ব্বিতা শচী যে প্রকারে এই বৃক্ষকে রোধ করিতে সমর্থ হন, তোমরা সেই প্রকারে শিঘ্রই তাঁহাকে বল যে, হরিপ্রিয়া সত্যভামা স্বীয় পতির বলে বৃক্ষ হরণ করিতেছেন। তোমাদের ক্ষমার আবশ্যকতা নাই ।৪৭

তোমরা সত্বর যাইয়া শচীকে আমার এই বাক্য বল যে, সত্যভামা অতিগর্ব্বোদ্ধত বাক্যে এই প্রকার বলিতেছেন ।৪৮

তুমি যদি তোমার স্বামীর প্রিয় হও এবং স্বামীও যদি তোমার বশবর্ত্তী হন, তাহা হইলে আমার স্বামী বৃক্ষহরণ করিতেছেন, তুমি তাহা নিবারণ করাও ।৪৯

আমি তোমার পতি ইন্দ্রকেও জানি এবং ইহাও জানি যে, তিনি স্বর্গের অধিপতি, তথাপি আমি মানুষী হইয়াও এই পারিজাত হরণ করাইতেছি ।৫০

পরাশর বলিলেন,—সত্যভামার এই বাক্যে দূতগণ গমন করত শচীর নিকট যে প্রকার সত্যভামা বলিয়াছিলেন, তাহা বলিল। তখন শচীও স্বীয় পতি দেবরাজ ইন্দ্রকে উৎসাহিত করিতে লাগিলেন ।৫১

হে দ্বিজ! তৎপরে ইন্দ্র সমুদয় দেবসৈন্যে পরিবৃত হইয়া পারিজাতরক্ষার জন্য হরির সহিত যুদ্ধ করিতে যাত্রা করিলেন ।৫২

অনন্তর ইন্দ্র হস্তে বজ্র ধারণ করিবামাত্র পরিঘ, নিস্ত্রিংশ, গদা ও শূল প্রভৃতি উত্তমাস্ত্র সকল গ্রহণ করত

পাঠান্তর :—(ক) সমুৎপন্নস্তরু – । (খ) —ত্রিদশেশ্বরম্। (গ) —শচী শক্রং সুরাধিপম্। (ঘ) —যোদ্ধুং দ্বিজোত্তম।

ততো নিরীক্ষ্য গোবিন্দো নাগরাজোপরি স্থিতম্।
শক্রং দেবপরীবারং যুদ্ধায় সমুপস্থিতম্ ॥৫৪
চকার শঙ্খনির্ঘোষং দিশঃ শব্দেন পূরয়ন্।
মুমোচ শরসঙ্ঘাতান্ সহস্রাযুতশঃ সিতান্ ॥৫৫
ততো দিশো নভশ্চৈব দৃষ্ট্বা শরশতৈশ্চিতম্।
মুমুচুস্ত্রিদশাঃ সর্বে অস্ত্রশস্ত্রাণ্যনেকশঃ ॥৫৬
একৈকমস্ত্রং শস্ত্রঞ্চ দেবৈর্মুক্তং সহস্রধা।
চিচ্ছেদ লীলয়ৈবেশো জগতাং মধুসূদনঃ ॥৫৭
পাশং সলিলরাজস্য সমাকৃষ্যোরগাশনঃ।
চকার খণ্ডশশ্চক্র্যা বালপন্নগদেহবৎ ॥৫৮
যমেন প্রহৃতং দণ্ডং গদাবিক্ষেপখণ্ডিতম্।
পৃথিব্যাঃ পাতয়ামাস ভগবান্ দেবকীসুতঃ ॥৫৯
শিবিকাঞ্চ ধনেশস্য চক্রেণ ত্রিদশো বিভুঃ।
চকার সৌরিরর্কঞ্চ দৃষ্টিদৃষ্টহতৌজসম্ ॥৬০

নীতোঽগ্নিঃ শতশো (ক) বাণৈর্দ্রাবিতা বসবো দিশঃ।
চক্রবিচ্ছিন্নশূলাগ্রা রুদ্রা ভুবি নিপাতিতাঃ ॥৬১
সাধ্যা বিশ্বেঽথ মরুতো গন্ধর্বাশ্চৈব সায়কৈঃ।
শার্ঙ্গিণা প্রেরিতৈরস্তা ব্যোম্নি শাল্মলিতূলবৎ ॥৬২
গরুত্মানপি বক্ত্রেণ পক্ষাভ্যাং নখরাঙ্কুরৈঃ (খ)।
ভক্ষয়ংস্তাড়য়ন্ দেবান্ দারয়ংশ্চ চচার বৈ ॥৬৩
ততঃ শরসহস্রেণ দেবেন্দ্র-মধুসূদনৌ।
পরস্পরং ববর্ষাতে ধারাভিরিব তোয়দৌ ॥৬৪
ঐরাবতেন গরুড়ো যুযুধে তত্র সংযুগে (গ)।
দেবৈঃ সমস্তৈর্যুধি শক্রেণ চ জনার্দ্দনঃ ॥৬৫
ছিন্নেষ্বশেষবাণেষু শস্ত্রেষ্বস্ত্রেষু চ ত্বরন্।
জগ্রাহ বাসবো বজ্রং কৃষ্ণশ্চক্রং সুদর্শনম্ ॥৬৬
ততো হাহাকৃতং সর্বং ত্রৈলোক্যং বিচকম্পতুঃ।
বজ্র-চক্রধরৌ দৃষ্ট্বা দেবরাজ-জনার্দ্দনৌ ॥৬৭

সুরসেনাগণ সজ্জিত হইল। তৎপরে হস্তিরাজ ঐরাবতের উপরিস্থিত এবং দেবসেনাপরিবেষ্টিত ইন্দ্র যুদ্ধার্থে উপস্থিত হইয়াছেন দেখিয়া গোবিন্দ শঙ্খধ্বনি করিলেন এবং ধনুর্জ্যাশব্দে দিক্‌সমূহ পূরিত করিয়া এককালে সহস্র সহস্র অযুত অযুত তীক্ষ্ণ বাণসমূহ নিক্ষেপ করিলেন।৫৩-৫৫

অনন্তর দিক্‌সকল ও আকাশ শত শত (অনন্ত) শরসমূহে আচ্ছাদিত হইয়াছে দেখিয়া দেবগণ অনেক প্রকার অস্ত্র শস্ত্র নিক্ষেপ করিতে লাগিলেন।৫৬

জগদীশ্বর মধুসূদন তৎকালে দেবগণ নিক্ষিপ্ত প্রত্যেক শস্ত্রকে অবলীলাক্রমে সহস্র খণ্ড করিতে লাগিলেন।৫৭

গরুড়ও সলিলরাজ বরুণের পাশাস্ত্র আকর্ষণপূর্ব্বক ভুজঙ্গ (সর্প)-শিশুর দেহের ন্যায় চঞ্চু দ্বারা খণ্ড খণ্ড করিয়া ফেলিলেন।৫৮

ভগবান্ দেবকীসুত যমপ্রক্ষিপ্ত দণ্ডকে গদাক্ষেপ দ্বারা খণ্ড খণ্ড করিয়া পৃথিবীতে পাতিত করিলেন।৫৯

ভগবান্ বিভু সৌরি চক্রক্ষেপ দ্বারা কুবেরের শিবিকাকে তিল তিল প্রকারে বিভিন্ন করিলেন এবং দৃষ্টিপাত দ্বারাই সূর্য্যকে তেজোহীন করিলেন।৬০

ভগবান্ শত শত বাণ দ্বারা অগ্নিকে নিরস্ত করিয়া ফেলিলেন। বসুগণ নানাদিকে পলায়ন করিলেন। ভগবানের চক্রে নিজ নিজ শূলাগ্রভাগ বিচ্ছিন্ন হওয়াতে হীনবল রুদ্রগণ ক্রমশঃ ভূমিতে নিপাতিত হইতে লাগিলেন।৬১

সাধ্য, মরুৎ, বিশ্বদেব ও গন্ধর্বগণ শ্রীকৃষ্ণ-প্রক্ষিপ্ত বাণাঘাতে বিক্ষিপ্ত হইয়া অন্তরীক্ষে শাল্মলীতূলার ন্যায় পরিভ্রমণ করিতে (উড়িতে) লাগিলেন।৬২

এদিকে গরুড়ও মুখ, পক্ষদ্বয় ও নখরাঙ্কুর দ্বারা দেবগণকে তাড়না, বিদারিত ও ভক্ষণ করিতে করিতে বিচরণ করিতে লাগিলেন।৬৩

অনন্তর অবিরল ধারে বর্ষণকারী মেঘদ্বয়ের ন্যায় মধুসূদন এবং দেবরাজ ইন্দ্র পরস্পর সহস্র সহস্র শরধারা বর্ষণ করিতে লাগিলেন। সেই যুদ্ধে গরুড় ঐরাবতের সহিত এবং জনার্দ্দন একাই সমস্ত দেবগণ এবং ইন্দ্রের সহিত যুদ্ধ করিতে লাগিলেন।৬৪-৬৫

পাঠান্তর :—(ক) নীতোঽগ্নিঃ শতধা—। (খ)—তুণ্ডেন পক্ষাভ্যাঞ্চ নখাঙ্কুরৈঃ। (গ)—শত্রুণে।

ক্ষিপ্তং বজ্রমথেন্দ্রেণ জগ্রাহ ভগবান্ হরিঃ।
ন মুমোচ তদা চক্রং তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ (ক) ॥৬৮
প্রনষ্টবজ্রং দেবেন্দ্রং গরুড়ক্ষতবাহনম্।
সত্যভামাব্রবীদ্ বীরং পলায়নপরায়ণম্ ॥৬৯
ত্রৈলোক্যেশ ন তে যুক্তং শচীভর্ত্তুঃ পলায়নম্।
পারিজাতস্রগাভোগা ত্বামুপস্থাস্যতে শচী ॥৭০
কীদৃশং দেবরাজ্যন্তে পারিজাতস্রগুজ্ঝিতাম্।
অপশ্যতো যথাপূর্ব্বং প্রণয়াদাগতাং শচীম্ ॥৭১
অলং শক্র প্রয়াসেন ন ব্রীড়াং গন্তুমর্হসি।
নীয়তাং পারিজাতোঽয়ং দেবাঃ সন্তু গতব্যথাঃ ॥৭২
পতিগর্ব্বাবলেপেন বহুমানপুরঃসরম্।
ন দদর্শ গৃহে যান্তমুপচারেণ মাং শচী ॥৭৩

অনেক প্রকার অস্ত্রশস্ত্র এই প্রকারে ছিন্নবিচ্ছিন্ন হইয়া গেল দেখিয়া বাসব অতি সত্বর (তৎক্ষণাৎ) বজ্র ধারণ করিলেন। এদিকে জনার্দ্দনও সুদর্শনচক্র গ্রহণ করিলেন। হে দ্বিজোত্তম! দেবরাজ ও জনার্দ্দনকে যথাক্রমে বজ্র ও সুদর্শনচক্র গ্রহণ করিতে দেখিয়া ত্রিলোকের সকলেই হাহাকার করিতে লাগিল ৬৬-৬৭

তখন ইন্দ্র বজ্র নিক্ষেপ করিলে পর ভগবান্ সেই বজ্র ধারণ করিয়া,—"ইন্দ্র! থাক্ থাক্" এই কথা বলিতে লাগিলেন কিন্তু চক্রক্ষেপ করিলেন না।৬৮

অনন্তর যাঁহার বাহন ঐরাবত গরুড় কর্ত্তৃক ক্ষত-বিক্ষত হইয়াছিল, সেই বজ্রহীন বীর দেবেন্দ্রকে পলায়নপরায়ণ দেখিয়া সত্যভামা বলিতে লাগিলেন।৬৯

হে ত্রৈলোক্যেশ্বর ইন্দ্র! আপনি শচীর ভর্ত্তা, আপনার কি পলায়ন করা উচিত? শচী পারিজাতমাল্যভূষিতা হইয়া শীঘ্রই আপনার নিকট উপস্থিত হইতেছেন।৭০

পারিজাতমালায় উজ্জ্বলকান্তি শচী যেরূপ পূর্ব্বে প্রণয়ভরে আপনার নিকট উপস্থিত থাকিতেন, এখন তাঁহাকে সেইরূপ না দেখিয়া আপনার দেবরাজ্য কি প্রকারে সুখের হইবে? ৭১

ব্রীড়ানগুরুচিত্তাহং স্বভর্ত্তৃপ্রাবমাপরা।
ততঃ কৃতবতী শক্র ভবতা সহ বিগ্রহম্ ॥৭৪
তদলং পারিজাতেন পরস্বেন হৃতেন নঃ (খ)।
রূপেণ গর্ব্বিতা সা তু ভর্ত্রা স্ত্রী কা ন গর্ব্বিতা ॥৭৫

পরাশর উবাচ।

ইত্যুক্তো বিনিবৃত্তোঽসৌ (গ) দেবরাজস্তথা দ্বিজ।
প্রাহ চৈনামলং চণ্ডি সখ্যুঃ খেদাভিবিস্তরৈঃ (ঘ) ॥৭৬
ন চাপি সর্গ-সংহার-স্থিতিকর্ত্তাখিলস্য যঃ।
জিতস্য তেন মে ব্রীড়া জায়তে বিশ্বরূপিণা ॥৭৭
যস্মিন্ জগৎ সকলমেতদনাদিমধ্যে
যস্মাদ্ যতশ্চ ন ভবিষ্যতি সর্ব্বভূতাৎ।

হে ইন্দ্র! পলায়ন করিবেন না এবং লজ্জিত হইবেন না। এই পারিজাত লইয়া যাউন; দেবগণের ব্যথা শান্তি হউক।৭২

পতির বীর্য্যজনিত গর্ব্বভরে গর্বিতা শচী গৃহগতা আমাকে বহুমানপূর্ব্বক দেখেন নাই, বরঞ্চ অবজ্ঞার সহিত দেখিয়াছেন।৭৩

আমি স্ত্রীলোক, সুতরাং লঘুচিত্ত ও নিজভর্ত্তার সৌভাগ্যাকাঙ্ক্ষিণী, হে ইন্দ্র! সেইজন্যই আপনার সহিত বিগ্রহ (যুদ্ধ) ঘটাইয়াছি।৭৪

হে ইন্দ্র! এই পরস্ব পারিজাত হরণ করিয়া আমাদের কি ফল? শচী রূপ ও পতির গর্ব্বে গর্বিতা হইয়াছিলেন; তা এমন কোন্ স্ত্রী আছে যে, এইরূপ অবস্থায় গর্বিত না হয়? ৭৫

পরাশর বলিলেন,—হে দ্বিজ! সত্যভামার এই বাক্যে নিবৃত্ত হইয়া শান্তভাবে ইন্দ্র তাঁহাকে বলিলেন,—হে কোপনে! আমি আপনাদের মিত্র, সুতরাং আমার খেদ বিস্তার করা আপনার উচিত নহে।৭৬

যিনি ত্রিলোকের সৃষ্টি, সংহার ও স্থিতিকারী, সেই বিশ্বরূপী ভগবানের নিকট আমি পরাজিত হইয়াছি,

পাঠান্তর:—(ক)— শক্র তিষ্ঠেতি চাব্রবীৎ। (খ) —হৃতেন মে। (গ) ইত্যুক্তো বৈ নিবৃত্তে—। (ঘ) —খেদোক্তিবিস্তরৈঃ।

তেনোদ্ভবপ্রলয়পালনকারণেন
ব্রীড়া কথং ভবতি দেবি নিরাকৃতস্য ॥৭৮
সকলভুবনসূতের্মূর্তিরস্যামুতক্ষ্মাং (ক)
বিদিতসকলবেদৈর্জ্ঞায়তে যস্য নান্যৈঃ।

তমজমকৃতমীশং শাশ্বতং স্বেচ্ছয়ৈনং
জগদুপকৃতিমর্ত্ত্যং কো বিজেতুং সমর্থঃ ॥৭৯

ইতি বিষ্ণুপুরাণে পঞ্চমাংশে ত্রিংশঃ অধ্যায়ঃ ॥

ইহাতে আমার কোন লজ্জা নাই। হে দেবি! যাঁহার আদি ও মধ্য নাই, সেই পরমাত্মাতে এই সকল জগৎই প্রতিষ্ঠিত, যাঁহা হইতে এই জগৎ উৎপন্ন এবং সর্ব্বভূতময় যাঁহা হইতে এই সকল জগৎ প্রলয়ান্তে কিছুই অবশিষ্ট থাকিবে না, সেই বিশ্বের সৃষ্টি-স্থিতি-বিনাশকারণ ভগবান্ কর্ত্তৃক পরাজিত হইলে লজ্জা কেন হইবে? ৭৭-৭৮

যাঁহারা সকল বেদের অর্থ পরিজ্ঞাত আছেন, তাঁহারাই সকল ভুবন সৃষ্টিকর্ত্তা ভগবানের অতি সূক্ষ্ম (অজ্ঞেয়) মূর্ত্তি কি প্রকার তাহা জানেন; কিন্তু অপর কেহই জানিতে পারে না। সেই জন্মরহিত, কর্ম্মহীন, শাশ্বত এবং নিজ ইচ্ছায় জগতের উপকার করিতে মনুষ্যশরীরধারী ঈশ্বরকে কোন্ ব্যক্তি পরাজিত করিতে সমর্থ হইবে? ৭৯

পাঠান্তর :—(ক) সকলভুবনসূতির্মূর্তিরস্যামুতক্ষ্মা।

বিষ্ণুপুরাণের পঞ্চমাংশে ত্রিংশ অধ্যায় সমাপ্ত।

একত্রিংশঃ অধ্যায়ঃ

[শ্রীভগবতো দ্বারকাপুরীপ্রত্যাবর্ত্তনম্, শতাধিকষোড়শসহস্র-রমণীভিঃ সহ বিবাহশ্চ।]

পরাশর উবাচ।

সংস্তুতো ভগবানিত্থং দেবরাজেন কেশবঃ।
প্রহস্য ভাবগম্ভীরমুবাচেদং দ্বিজোত্তম ॥১

শ্রীকৃষ্ণ উবাচ।

দেবরাজো ভবানিন্দ্রো বয়ং মর্ত্ত্যা জগৎপতে।
ক্ষন্তব্যং ভবতা চেদমপরাধকৃতং মম ॥২

পারিজাততরুশ্চায়ং নায়তামুচিতাস্পদম্।
গৃহীতোঽয়ং ময়া শক্র সত্যাবচনকারণাৎ ॥৩
বজ্রঞ্চেদং গৃহাণ ত্বং যত্ত্বয়া প্রহিতং ময়ি (ক)।
তবৈবৈতৎ প্রহরণং শক্র বৈরিবিদারণম্ ॥৪

শক্র উবাচ।

বিমোহয়সি যন্মামীশ মর্ত্ত্যোঽহমিতি কিং বদন্।
জানীমস্ত্বাং ভগবতো ন তু সূক্ষ্মবিদো বয়ম্ ॥৫

একত্রিংশ অধ্যায়

[শ্রীভগবানের দ্বারকাপুরীতে প্রত্যাবর্ত্তন ও ষোলহাজার একশত রমণীর সহিত বিবাহ।]

পরাশর বলিলেন,—হে দ্বিজশ্রেষ্ঠ! ভগবান্ কেশব দেবরাজ কর্ত্তৃক এইরূপে স্তুত হইয়া হাস্য করত ভাবগম্ভীরস্বরে বলিলেন ।১

শ্রীকৃষ্ণ বলিলেন,—হে জগৎপতে! আপনি দেবরাজ ইন্দ্র, আমরা মর্ত্ত্যমানব, সুতরাং আমি যে অপরাধ করিয়াছি, আপনি তাহা ক্ষমা করুন ।২

আপনার এই পারিজাততরুকে ইহার যোগ্যস্থানে লইয়া যাউন। হে ইন্দ্র! ইহা কেবল আমি সত্যভামার বচনানুসারেই গ্রহণ করিয়াছিলাম ।৩

আপনি আমার প্রতি যে বজ্র প্রহার করিয়াছিলেন, তাহাও গ্রহণ করুন। হে ইন্দ্র! এই বৈরিবিদারণ প্রহরণ অর্থাৎ শত্রুধ্বংসকর অস্ত্র আপনারই যোগ্য ।৪

ইন্দ্র বলিলেন,—হে ঈশ্বর! "আমি মর্ত্ত্য" এই কথা বলিয়া কেন আমাকে বিমোহিত করিতেছেন? হে

পাঠান্তর :—(ক) —যত্ত্বয়া প্রহিতং ময়া।

যোঽসি সোঽসি জগত্রাণ প্রবৃত্তৌ নাথ সংস্থিতঃ।
জগতঃ শল্যনির্হর্তং করোষ্যসুরসূদন ॥৬
নীয়তাং পারিজাতোঽয়ং কৃষ্ণ দ্বারবতীং পুরীম্।
মর্ত্তলোকে ত্বয়া ত্যক্তে নায়ং সংস্থাস্যতে ভুবি* ॥৭

পরাশর উবাচ।

তথেত্যুক্ত্বা চ দেবেন্দ্রমাজগাম ভুবং হরিঃ।
প্রসক্তৈঃ সিদ্ধ-গন্ধর্ব্বৈঃ স্তূয়মানস্তথর্ষিভিঃ (ক) ॥৮
ততঃ শঙ্খমুপাধ্মায় দ্বারকোপরি সংস্থিতঃ।
হর্ষমুৎপাদয়ামাস দ্বারকাবাসিনাং দ্বিজ ॥৯
অবতীর্য্যাথ গরুড়াৎ সত্যভামাসহায়বান্।
নিষ্কুটে স্থাপয়ামাস পারিজাতং মহাতরুম্ ॥১০

ভগবন্! আপনার এই দৃশ্যমান রূপই আমাদের জ্ঞান-গোচর, কিন্তু আমরা আপনার সূক্ষ্মরূপের বিষয় জানি না। হে নাথ! আপনি যাহা, তাহাই; (কিন্তু আমি ইহা জানি যে,) জগতের রক্ষার জন্য নিজ প্রবৃত্তিতে বিরাজমান হইয়াছেন অর্থাৎ মনুষ্যবিগ্রহ ধারণ করিয়াছেন। হে অসুরসূদন! আপনি তদনুসারে জগতের কণ্টকোদ্ধার অর্থাৎ অশান্তিকারণ সকল দুর্বৃত্তকে ধ্বংস করিয়া শান্তি স্থাপন করিতেছেন। হে কৃষ্ণ! এই পারিজাত বৃক্ষকে আপনি দ্বারকাপুরীতে লইয়া যান। আপনি মর্ত্তলোক পরিত্যাগ করিলে, ইহা আর পৃথিবীতে থাকিবে না—(এইখানে চলিয়া আসিবে)।৫-৭

পরাশর বলিলেন,—হরি দেবেন্দ্রকে "তাহাই হউক"—এই কথা বলিয়া ভূমিতলে আগমন করিলেন। আগমনকালে সিদ্ধ, গন্ধর্ব্ব ও ঋষিগণ মিলিত হইয়া তাঁহার স্তব করিতে লাগিলেন। হে দ্বিজ! অনন্তর হরি দ্বারকার উপরিভাগে বিরাজিত থাকিয়া শঙ্খধ্বনি করত দ্বারকাবাসী জনগণের হর্ষোৎপাদন করিতে লাগিলেন।৮-৯

তারপর সত্যভামার সহিত ভগবান্ কেশব গরুড় হইতে অবতরণ করিয়া (সত্যভামার) নিষ্কুটে (অন্তঃপুরোদ্যানে) পারিজাত নামক মহাতরুকে স্থাপিত করিলেন। এই পারিজাত তরুর নিকট গমন করিলে সকল লোকেই নিজ নিজ পূর্ব্বজন্মের বিষয় স্মরণ করিতে পারে। ইহার পুষ্পসকলের গন্ধে তিনযোজন পর্য্যন্ত বিস্তৃত ভূমি আমোদিত হয়।১০-১১

অনন্তর সকল যাদবগণই অতিশয় আদরের সহিত সেই পারিজাততরুতে মুখদর্শন করিতে গেলে, নিজ নিজ দেহকে দেবশরীর বলিয়া বোধ করিতে লাগিলেন।১২

কৃষ্ণ কিঙ্করগণ কর্ত্তৃক আনীত নরকাসুরের হস্তী, অশ্ব প্রভৃতি ধন এবং তাহাদ্বারা পরিগৃহীত সকল স্ত্রীগণকে গ্রহণ করিলেন।১৩

অনন্তর শুভ সময় উপস্থিত হইলে, নরকাসুর কর্ত্তৃক নানাস্থান (দেশ) হইতে অপহৃত সেই কন্যাগণকে জনার্দ্দন বিবাহ করিলেন।১৪

হে মহামতে! (আশ্চর্য্যের বিষয় এই,—) একসময়েই পৃথক্ পৃথক্ গৃহে ভগবান্ গোবিন্দ সেই সকল কন্যাগণের ধর্ম্মানুসারে বিধি অনুযায়ী পাণিগ্রহণ করিলেন।১৫

---

* কোন কোন গ্রন্থে ৭ শ্লোকের পর নিম্নলিখিত শ্লোকটি অধিক দেখা যায়,—

"দেবদেব জগন্নাথ কৃষ্ণ বিষ্ণো মহাভুজ।
শঙ্খ-চক্র-গদাপাণে ত্বদন্যৈস্তদ্ ব্যতিক্রমম্॥

পাঠান্তর :—(ক)—সুরর্ষিভিঃ।

পাঠান্তর :—(ক) ততস্তে যাদবাঃ সর্ব্বে—।

† কোন কোন গ্রন্থে ১৩ শ্লোকটি তিন লাইনে দেখা যায়। তন্মধ্যে প্রথমটি ঠিক আছে। শেষ দুই লাইন যথা,—

বিজহ্রে প্রথমে কৃষ্ণো দ্বারবত্যাং মহামতিঃ।
তত্রাপি কৃষ্ণো জগ্রাহ নরকস্য পরিগ্রহান্॥

ষোড়শস্ত্রীসহস্রাণি শতমেকং তথাধিকম্।
তাবন্তি চক্রে রূপাণি ভগবান্ মধুসূদনঃ ॥১৬
একৈকস্যেন (ক) তাঃ কন্যা মেনিরে মধুসূদনঃ।
মমৈব পাণিগ্রহণং ভগবান্ কৃতবানিতি ॥১৭
নিশাসু চ জগৎস্রষ্টা তাসাং গেহেষু কেশবঃ।
উবাস বিপ্র সর্ব্বাসাং বিশ্বরূপধরো হরিঃ ॥১৮

ইতি বিষ্ণুপুরাণে পঞ্চমাংশে একত্রিংশঃ অধ্যায়ঃ ॥

ষোড়শসহস্র ও একশত কন্যাকে বিবাহ করিবার কালে ভগবান্ মধুসূদন তত সংখ্যকই রূপ ধারণ করিয়াছিলেন।১৬

সেই সকল কন্যাগণ প্রত্যেকেই মনে করিতে লাগিল যে, স্বয়ং ভগবান্ মধুসূদন আমার পাণিগ্রহণ অর্থাৎ আমাকে বিবাহ করিলেন।১৭

হে বিপ্র! প্রতিরাত্রেই বিশ্বরূপধারী জগৎস্রষ্টা কেশব হরি তাঁহাদিগের প্রত্যেকের গৃহে গমনপূর্ব্বক বাস করিতে আরম্ভ করিলেন।১৮

পাঠান্তর :—(ক) ঐকৈকস্যেব—।

বিষ্ণুপুরাণের পঞ্চমাংশে একত্রিংশ অধ্যায় সমাপ্ত।

দ্বাত্রিংশঃ অধ্যায়ঃ

[উষাচরিতম্।]

পরাশর উবাচ।

প্রদ্যুম্নাদ্যা হরেঃ পুত্রা রুক্মিণ্যাঃ কথিতাস্তব।
ভানুং ভৈমরিকঞ্চৈব (ক) সত্যভামা ব্যজায়ত ॥১
দীপ্তিমান্ তাম্রপক্ষাদ্যা রোহিণ্যাং তনয়া হরেঃ।
বভূবুর্জাম্ববত্যাঞ্চ শাম্বাদ্যা বলশালিনঃ ॥২
তনয়া ভদ্রবিন্দাদ্যা নাগ্নজিত্যাং মহাবলাঃ।
সংগ্রামজিৎপ্রধানাস্তু শৈব্যায়াস্তুভবন্ সুতাঃ ॥৩
বৃকাদ্যাশ্চ সুতা মাদ্র্যাং পাত্রবৎপ্রমুখান্ সুতান্ (খ)।
অবাপ লক্ষ্মণা পুত্রান্ কালিন্দ্যাঞ্চ শ্রুতাদয়ঃ ॥৪

দ্বাত্রিংশ অধ্যায়

[উষাচরিত।]

পরাশর বলিলেন,—রুক্মিণীর গর্ভে হরির প্রদ্যুম্ন আদি করিয়া যে সকল পুত্র হয়, তাহা তোমাকে বলিয়াছি। সত্যভামা—ভানু ও ভৈমরিক নামে দুই সন্তান প্রসব করেন।১

রোহিণীর গর্ভে হরির দীপ্তিমান্ ও তাম্রপক্ষ প্রভৃতি বহু পুত্র জন্মগ্রহণ করে। জাম্ববতীর গর্ভে শাম্ব আদি করিয়া বলশালী বহুপুত্র উৎপন্ন হয়।২

নাগ্নজিতীর গর্ভে মহাবল পরাক্রান্ত ভদ্রবিন্দ আদি এবং শৈব্যার গর্ভে তাঁহার সংগ্রামজিৎ-প্রধান বহু সন্তান জন্মলাভ করে।৩

মাদ্রীর বৃক আদি বহু পুত্র হয়, লক্ষ্মণা মাদ্রী হরিমহিষী পাত্রবৎপ্রমুখ বহু পুত্র লাভ করেন। কালিন্দীর গর্ভে শ্রুত আদি অনেক পুত্র জন্মে।৪

পাঠান্তর :—(ক) ভানু-ভৌমরিকাভ্যাঞ্চ—। (খ) —পাত্রবৎপ্রমুখান্ সুতান্।

অন্যাসাঞ্চৈব ভার্য্যাণাং সমুৎপন্নানি চক্রিণঃ।
অষ্টাযুতানি পুত্রাণাং সহস্রাণাং শতং তথা ॥৫
প্রদ্যুম্নঃ প্রথমস্তেষাং সর্ব্বেষাং রুক্মিণীসুতঃ।
প্রদ্যুম্নাদনিরুদ্ধোঽভূদ্ বজ্রস্তস্মাদজায়ত ॥৬
অনিরুদ্ধো রণে রুদ্ধো বলেঃ পৌত্রীং মহাবলঃ।
বাণস্য তনয়ামুষামুপযেমে দ্বিজোত্তম ॥৭
যত্র যুদ্ধমভূদ্ ঘোরং হরি-শঙ্করয়োর্মহৎ।
ছিন্নং সহস্রং বাহূনাং যত্র বাণস্য চক্রিণা ॥৮

মৈত্রেয় উবাচ।

কথং যুদ্ধমভূদ্ ব্রহ্মন্ বার্থে হর-কৃষ্ণয়োঃ।
কথং চক্রঞ্চ বাণস্য বাহূনাং কৃতবান্ হরিঃ ॥৯
এতৎ সর্ব্বং মহাভাগ সমাখ্যাতুং ত্বমর্হসি।
মহৎ কৌতূহলং জাতং কথাং শ্রোতুমিমাং হরেঃ ॥১০

পরাশর উবাচ।

উষা বাণসুতা বিপ্র পার্ব্বতীং সহ শম্ভুনা।
ক্রীড়ন্তীমুপলক্ষ্যোচ্চৈঃ স্পৃহাকৃক্রে তদাশ্রয়াম্ ॥১১
ততঃ সকলচিত্তজ্ঞা গৌরী তামাহ ভামিনীম্।
অলমত্যর্থতাপেন ভর্ত্রা ত্বমপি রংস্যসে ॥১২
ইত্যুক্তে সা তদা চক্রে (ক) কদেতি মতিমাত্মনঃ।
কো বা ভর্ত্তা মমেত্যেতাং পুনরপ্যাহ পার্ব্বতী ॥১৩

পার্ব্বত্যুবাচ।

বৈশাখশুক্লদ্বাদশ্যাং স্বপ্নে যোঽভিভবং তব।
করিষ্যতি স তে ভর্ত্তা রাজপুত্রি ভবিষ্যতি ॥১৪

চক্রধারী শ্রীকৃষ্ণের অন্যান্য ভার্য্যাগণেরও একলক্ষ আশীহাজার সংখ্যক পুত্র জন্ম লাভ করে।৫

ভগবানের সেই সকল পুত্রের মধ্যে রুক্মিণীপুত্র প্রদ্যুম্নই শ্রেষ্ঠ ছিলেন। প্রদ্যুম্নের অনিরুদ্ধ নামে এক পুত্র হয়। ঐ অনিরুদ্ধ হইতে বজ্র নামে এক পুত্র উৎপন্ন হয়।৬

হে দ্বিজোত্তম! মহাবলশালী অনিরুদ্ধ বাণাসুরের পুত্রী ও বলির পৌত্রী উষাকে বিবাহ করেন। এই কারণে বাণরাজা তাঁহাকে যুদ্ধে পরাজয় করত কারাগারে বদ্ধ করিল।৭

সেই সূত্রে হরি ও শঙ্করের পরস্পর ঘোরতর মহাযুদ্ধ হয় এবং ঐ যুদ্ধে ভগবান্ চক্রধারী কৃষ্ণ বাণরাজের সহস্র বাহু ছেদন করেন।৮

মৈত্রেয় বলিলেন,—হে ব্রহ্মন্! উষার জন্য কেন মহাদেব ও কৃষ্ণের পরস্পর সংগ্রাম হয় এবং হরি কেনই বা বাণের বাহু সকলকে ছিন্ন করেন?৯

হে মহাভাগ! আপনি এই সকল বিষয় আমার নিকটে বর্ণন করুন। ভগবান্ হরির এই সকল লীলার বিষয় শ্রবণ করিতে আমার অত্যন্ত কৌতূহল উৎপন্ন হইয়াছে।১০

পরাশর বলিলেন,—হে বিপ্র! বাণসুতা উষা পার্ব্বতীকে মহাদেবের সহিত ক্রীড়া করিতে অবলোকন করিয়া নিজেও পতির সহিত সেইরূপে ক্রীড়া করিতে অভিলাষবতী হইলেন।১১

অনন্তর সকলের মনোভাব যিনি জানেন, সেই গৌরী সুকুমারী উষাকে বলিলেন,—বৎসে! তুমি এ বিষয়ে পরিতাপ করিও না; কারণ, তুমিও এইরূপ নিজ ভর্ত্তার সহিত ক্রীড়া করিবে।১২

পার্ব্বতী এই কথা বলিলে, উষা পুনরায় মনে মনে চিন্তা করিতে লাগিলেন, "কোন্ ব্যক্তি আমার পতি হইবেন"? তখন পার্ব্বতী আবার বলিলেন।১৩

পার্ব্বতী বলিলেন,—হে রাজপুত্রি! বৈশাখ মাসে শুক্লদ্বাদশী তিথিতে স্বপ্নাবস্থায় যে ব্যক্তি তোমাকে অভিভূত অর্থাৎ আক্রমণপূর্ব্বক সম্ভোগ করিবেন, তিনিই তোমার পতি হইবেন।১৪

পাঠান্তর:—(ক) ইত্যুক্তা সা তদা চক্রে—।

পরাশর উবাচ।

তস্যাং তিথৌ পুমান্ স্বপ্নে যথা দেব্যা উদীরিতম্।
তথৈবাভিভবং চক্রে রাগপক্ষে তথৈব সা (ক) ॥১৫
ততঃ প্রবুদ্ধা পুরুষমপশ্যন্তী তমুৎসুকা (খ)।
ক গতোঽসীতি নির্লজ্জা মৈত্রেয়োক্তবতী সখীম্ ॥১৬
বাণস্য মন্ত্রী কুম্ভাণ্ডশ্চিত্রলেখা তু তৎসুতা।
তস্যাঃ সখ্যভবৎ সা চ প্রাহ কোঽয়ং ত্বয়োচ্যতে ॥১৭
যদা লজ্জাকুলা নাস্যৈ কথয়ামাস সা সতী (গ)।
তদা বিশ্বাসমানীয় সর্ব্বমেবাভ্যধাদয়ৎ ॥১৮

বিদিতার্থাস্ত তামাহ পুনরুষা যথোদিতম্।
দেব্যা তথৈব তৎপ্রাপ্তৌ যোঽভূপায়ঃ কুরুষ্ব তম্॥১৯

পরাশর উবাচ।

ততঃ পটে সুরান্ দৈত্যান্ গন্ধর্ব্বাংশ্চ প্রধানতঃ।
মনুষ্যাংশ্চাভিলিখ্যাস্যৈ চিত্রলেখা ব্যদর্শয়ৎ ॥২০
অপাস্য সা তু গন্ধর্ব্বাংস্তথোরগসুরাসুরান্।
মনুষ্যেষু দদৌ দৃষ্টিং তেষ্বপ্যন্ধকবৃষ্ণিষু ॥২১

পরাশর বলিলেন,—পার্ব্বতীর আদেশমত সেই বৈশাখী দ্বাদশী তিথিতে রাজকুমারী স্বপ্ন দেখিলেন,—একজন পুরুষ তাঁহাকে পূর্ব্বোক্ত প্রকারে অভিভূত করিল। তখন তিনিও সেই পুরুষের প্রতি অনুরাগিণী হইয়া পড়িলেন ।১৫

হে মৈত্রেয়! তারপর ঊষা স্বপ্নান্তে জাগরিতা হইয়া সেই স্বপ্নদৃষ্ট পুরুষের অদর্শনে ঔৎসুক্যবশতঃ নির্লজ্জভাবে সখীর প্রতিই লক্ষ্য করিয়া বলিলেন,—হে নাথ! তুমি কোথায় গিয়াছ? ১৬

বাণাসুরের কুম্ভাণ্ডনামে মন্ত্রীর কন্যা চিত্রলেখা উষার সখীরূপে নিযুক্তা ছিল। সেই চিত্রলেখা উষাকে বলিল,—(রাজনন্দিনি!) তুমি কাহার কথা বলিতেছ? ১৭

যখন সতী রাজকুমারী লজ্জিতা হইয়া তাহার নিকটে কিছুই বলিতে পারিলেন না, তখন চিত্রলেখা নানাপ্রকার শপথাদি দ্বারা তাঁহার বিশ্বাস উৎপাদন করাইলে, ঊষা তাহার নিকট সকল বিষয় ব্যক্ত করিলেন ।১৮

তখন চিত্রলেখা স্বপ্নবৃত্তান্ত অবগত হইলে পর, ঊষা পুনর্ব্বার তাহার নিকটে দেবী গৌরী যাহা যাহা বলিয়াছিলেন, তাহাও প্রকাশ করিলেন এবং বলিলেন—সখি! তাঁহাকে লাভ করিবার জন্য এক্ষণে কোন এক সদুপায় চিন্তা কর ।১৯

পরাশর বলিলেন,—অনন্তর চিত্রলেখা দেব, দৈত্য, গন্ধর্ব্ব ও মনুষ্যগণের মধ্যে প্রধান প্রধান ব্যক্তিকে পটে চিত্রিত করিয়া উষাকে দেখাইতে লাগিল ।২০

ঊষাও সেই চিত্রলিখিত দেব, গন্ধর্ব্ব ও অসুরগণকে পরিত্যাগ করিয়া মনুষ্যলোকে দৃষ্টিক্ষেপ করিলেন এবং ক্রমে মনুষ্যমধ্যেও বৃষ্ণিকুলের প্রতিই দৃষ্টি সঞ্চালন করিলেন ।২১

পাঠান্তর :—(ক) —কশ্চিদ্ রাগক্ষয়ং সা।
(খ) —সমুৎসুকা।
(গ) —সখী।

* কোন কোন গ্রন্থে নিম্নলিখিত শ্লোক দুইটি ১৯ শ্লোকের পর অধিক দেখা যায়,—

দুর্বিজ্ঞেয়মিদং বক্তুং প্রাপ্তুং বাপি ন শক্যতে।
তথাপি কিঞ্চিৎ কর্ত্তব্যমুপকারং প্রিয়ে তব।
সপ্তাষ্টদিনপর্য্যন্তং তাবৎকালং প্রতীক্ষ্যতাম্।
ইত্যুক্ত্বাভ্যন্তরং সদ্মা উষায়ৈ তমথাবরোৎ।

চিত্রলেখা বলিল,—হে প্রিয়ে! তুমি যে পুরুষকে স্বপ্নে দেখিয়াছ, তাহাকে জানাই অত্যন্ত কঠিন; সেখানে তাহাকে যদি বা পাওয়া কিরূপে যাইবে! তথাপি আমি তোমার কিছু না কিছু উপকার ত করিব। তুমি সাত বা আট দিন পর্য্যন্ত আমার অপেক্ষা কর,—এই বলিয়া চিত্রলেখা নিজের গৃহের মধ্যে যাইল এবং সেই পুরুষের আহরণের জন্য উপায় করিতে লাগিল।

কৃষ্ণ-রামৌ বিলোক্যাসৌ হ্রীভর্ত্তেব সা।
প্রদ্যুম্নদর্শনে ব্রীড়া-দৃষ্টিং নিক্ষেপয়ত্ততো দ্বিজ ॥২২
দৃষ্টমাত্রে ততঃ কান্তে প্রদ্যুম্নতনয়ে দ্বিজঃ।
দৃষ্ট্যাত্যর্থবিকাশিন্যা লজ্জা কাপি নিরাকৃতা ॥২৩

সোঽয়ং সোঽয়মিতীত্যুক্তে তয়া সা যোগগামিনী।
যযৌ দ্বারবতীমুষাং সমাশ্বাস্য ততঃ সখীম্† ॥২৪

ইতি বিষ্ণুপুরাণে পঞ্চমাংশে দ্বাত্রিংশঃ অধ্যায়ঃ ॥

হে দ্বিজ! তখন উষা কৃষ্ণ ও বলরামের প্রতিকৃতি দর্শন করিয়া লজ্জায় জড়ীভূতা হইয়া পড়িলেন। হে দ্বিজ! পরে প্রদ্যুম্নের প্রতি দৃষ্টিপাত হইবামাত্র তিনি লজ্জায় অন্যদিকে দৃষ্টি সঞ্চালন করিয়া দিলেন।২২

হে দ্বিজ! অনন্তর প্রদ্যুম্নতনয় মনোহর অনিরুদ্ধকে দেখিবামাত্র অত্যন্ত বিস্ফারিত দৃষ্টি দ্বারা উষা যেন লজ্জাকে কোথায় দূর করিলেন।২৩

তখন উষা "ইনিই সেই, ইনিই সেই" এই কথা বলিলে পর, চিত্রলেখা উষাকে আশ্বাসিত করিয়া যোগগতি অবলম্বনপূর্ব্বক দ্বারকায় গমন করিল।২৪

† কোন কোন গ্রন্থে ২৪ শ্লোকটি ভিন্নাকারে পাঠ করিয়া অতিরিক্ত চারিটি শ্লোক এই স্থলে প্রকাশিত হইয়াছে, যথা—

সোঽয়ং সোঽয়মিতীত্যুক্তে তয়া সা যোগগামিনী।
চিত্রলেখাব্রবীদেনামুষাং বাণসুতাং তদা ॥

চিত্রলেখোবাচ।

অয়ং কৃষ্ণস্য সৌত্রস্তে ভর্ত্তা দেবি প্রসাদিতঃ।
অনিরুদ্ধ ইতি খ্যাতঃ প্রদ্যুম্নঃ প্রিয়দর্শনঃ ॥
প্রাপ্তোঽসীতি ভর্ত্তারমিমং প্রাপ্তং ত্বমাবিশ।
দুষ্প্রবেশা পুরী পূর্ব্বং দ্বারকা কৃষ্ণপালিতা ॥
তথাপি যত্নাদ্ ভর্ত্তারমানয়িষ্যামি তে সখি।
রহস্যমেতদ্ বক্তব্যং ন কস্যচিদপি ত্বয়া ॥
অচিরাদাগমিষ্যামি সহস্ব বিরহং ময়।
যযৌ দ্বারবতীং তোষাং সমাশ্বাস্য ততঃ সখীম্ ॥

(তখন উষা বলিয়া উঠিল—) ইনিই সেই, ইনিই সেই। উষা এই প্রকার বলিলে, যোগগামিনী চিত্রলেখা সেই সময় ঐ বাণাসুরের কন্যাকে বলিল।

চিত্রলেখা বলিল,—দেবী প্রসন্ন হইয়া এই কৃষ্ণের পৌত্রকেই তোমার পতিরূপে নির্দ্দিষ্ট করিয়াছেন। ইঁহার নাম অনিরুদ্ধ, ইনি প্রিয়দর্শন ও সকললোকেই প্রসিদ্ধ।

যদি তুমি ইঁহাকে পতিরূপে পাও, তাহা হইলে মনে কর—তোমার সব কিছুই পাওয়া হইল। কিন্তু কৃষ্ণচক্ররক্ষিত এই দ্বারকাপুরীতে প্রথমে প্রবেশ করাই কঠিন।

তথাপি হে সখি! যে কোন উপায়ে তোমার পতিকে আমি লইয়া আসিব। তুমি এই গুপ্ত বৃত্তান্ত কাহারও নিকট বলিবে না।

আমি শীঘ্রই ফিরিয়া আসিব, কেবল এইটুকু সময় তুমি আমার বিরহ সহ্য কর। চিত্রলেখা সখী উষাকে এইরূপ আশ্বাস দিয়া দ্বারকাপুরী উদ্দেশে প্রস্থান করিল।

বিষ্ণুপুরাণের পঞ্চমাংশে দ্বাত্রিংশ অধ্যায় সমাপ্ত।

ত্রয়স্ত্রিংশঃ অধ্যায়ঃ

[কৃষ্ণ-বাণাসুরয়োঃ সংগ্রামঃ।]

পরাশর উবাচ।

বাণোঽপি প্রণিপত্যাগ্রে মৈত্রেয়াহ ত্রিলোচনম্।
দেব বাহুসহস্রেণ নির্ব্বিণ্ণোঽহং বিনাহবম্ (ক) ॥১
কচিন্মমৈষাং বাহূনাং সাফল্যজনকো রণঃ।
ভবিষ্যতি বিনা যুদ্ধং ভারায় মম কিং ভুজৈঃ ॥২

শ্রীশঙ্কর উবাচ।

ময়ূরধ্বজভঙ্গস্তে যদা বাণ ভবিষ্যতি।
পিশিতাশিজনানন্দং প্রাপ্স্যসে ত্বং তদা রণম্ ॥৩

পরাশর উবাচ।

ততঃ প্রণম্য মুদিতঃ শম্ভুমভ্যাগতো গৃহম্।
ভগ্নঞ্চ ধ্বজমালোক্য হৃষ্টো হর্ষান্তরং যযৌ (খ) ॥৪
এতস্মিন্নেব কালে তু যোগবিদ্যাবলেন তম্।
অনিরুদ্ধমথানিন্যে চিত্রলেখা বরাপ্সরাঃ ॥৫
কন্যান্তঃপুরমধ্যে তং রমমাণং সহোষয়া।
বিজ্ঞায় রক্ষিণো গত্বা শশংস্তুর্দৈত্যভূপতেঃ ॥৬
আদিষ্টং কিঙ্করাণাস্তু সৈন্যং তেন দুরাত্মনা।
ভবান পরিঘং লোহ (গ)-মাদায় পরবীরহা ॥৭
হতেষু তেষু বাণোঽপি রথস্থস্তদ্ধযোদ্যতঃ।
যুধ্যমানো যথাশক্তি যদা বীর্য্যেণ নির্জ্জিতঃ (ঘ) ॥৮
মায়য়া যুযুধে তেন স তদা মন্ত্রিচোদিতঃ।
ততস্তং পন্নগাস্ত্রেণ ববন্ধ যদুনন্দনম্ ॥৯
দ্বারবত্যাং ক যাতোঽসাবনিরুদ্ধেতি ভল্লতাম্।
যদূনামাচচক্ষে তং বন্ধং বাণেন নারদঃ ॥১০
তং শোণিতপুরে শ্রুত্বা নীতং (ঙ) বিদ্যাবিনদ্ধয়া।
যোষিতা প্রত্যয়ং জগ্মুর্যাদবা নামমৈরিতি ॥১১

ত্রয়স্ত্রিংশ অধ্যায়

[কৃষ্ণ ও বাণাসুরের যুদ্ধ।]

পরাশর বলিলেন,—হে মৈত্রেয়! পূর্ব্বকালে বাণরাজাও ত্রিলোচন মহাদেবকে প্রণাম করিয়া বলিলেন যে, হে দেব! যুদ্ধব্যতিরেকে আমি এই দশসহস্র বাহু লইয়া বড়ই নির্ব্বেদ (অশান্তি) প্রাপ্ত হইতেছি।১

কখনই কি আমার এই বাহুসহস্রের সফলতাকারী যুদ্ধ উপস্থিত হইবে না? যদি যুদ্ধ করিতেই না হইল, তবে কি আমার এই সহস্র বাহু ভারের জন্যই হইয়াছে? ২

শ্রীমহাদেব বলিলেন,—হে বাণ! তোমার ময়ূরধ্বজ যেকালে ভগ্ন হইবে, সেই সময় তুমি রক্তপায়ী জীবগণের অতিশয় আনন্দজনক যুদ্ধ লাভ করিবে।৩

পরাশর বলিলেন,—এই কথা শ্রবণে হর্ষান্বিত বাণ শম্ভুকে প্রণামপূর্ব্বক নিজগৃহে আগমন করিল। পরে একদা ময়ূরধ্বজকে ভগ্ন দেখিতে পাইয়া হর্ষপ্রাপ্ত হইল।৪

এই সময়েই শ্রেষ্ঠ অপ্সরা চিত্রলেখা (ঊষার সখী) যোগবিদ্যাবলে অনিরুদ্ধকে ঊষার নিকটে লইয়া গিয়াছিল।৫

অনন্তর কন্যান্তঃপুরমধ্যে ঊষার সহিত অনিরুদ্ধকে রতিনিরত অবলোকন করিয়া রক্ষিগণ দৈত্যভূপতি বাণের নিকট গমনপূর্ব্বক সকল বৃত্তান্ত প্রকাশ করিয়া দিল।৬

তখন বাণরাজা সেই রক্ষিসৈন্যগণকে যুদ্ধ করিতে আদেশ করিলে পর তাহারা আক্রমণ করিল। শত্রুবীর-বিনাশকারী অনিরুদ্ধ লৌহময় পরিঘ নিক্ষেপপূর্ব্বক সেই সৈন্যগণকে বিনষ্ট করিলেন।৭

সেই সকল সৈন্য হত হইলে, অনিরুদ্ধের বিনাশ কামনায় রাজা বাণ যুদ্ধোদ্যত হইয়া রণস্থলে গমন করিল।

পাঠান্তর :—(ক) —নির্ব্বিণ্ণোঽস্যাহবং বিনা। (খ) সভগ্নং ধ্বজমালোক্য হৃষ্টো হর্ষং পুনর্যযৌ। (গ) অথান পরিঘং ঘোর—। (ঘ) —যদুবীরেণ নির্জ্জিতঃ। (ঙ) তং শোণিতপুরং নীতং শ্রুত্বা—।

ততো গরুড়মারুহ্য স্মৃতমাত্রাগতং হরিঃ।
বল-প্রদ্যুম্নসহিতো বাণস্য প্রমথৌ পুরম্ ॥১২
পুরীপ্রবেশে প্রমথৈর্যুদ্ধমাসীন্মহাত্মনঃ।
জঘ্নে বাণপুরাভ্যাসং নীত্বা তান্ সংক্ষয়ং হরিঃ ॥১৩
ততস্ত্রিপাদত্রিশিরা জ্বরো মাহেশ্বরো মহান্।
বাণরক্ষার্থমত্যর্থং যুযুধে শার্ঙ্গধন্বনা ॥১৪
তদ্ভস্মস্পর্শনিষ্ক্ষুতাপঃ কৃষ্ণাঙ্গসঙ্গমাৎ।
অবাপ বলদেবোঽপি শ্রমমানীলিতেক্ষণঃ ॥১৫
ততঃ স যুধ্যমানস্তু সহ দেবেন শার্ঙ্গিণা।
বৈষ্ণবেন জ্বরেণাশু কৃষ্ণদেহান্নিরাকৃতঃ ॥১৬

নারায়ণভুজাঘাতপরিপীড়নবিহ্বলম্।
তং বীক্ষ্য ক্ষম্যতামস্তেত্যাহ দেবঃ পিতামহঃ ॥১৭
ততশ্চ ক্ষান্তমেবেতি প্রোচ্য (ক) তং বৈষ্ণবং জ্বরম্।
আত্মন্যেব লঘুং নিন্যে ভগবান্ মধুসূদনঃ ॥১৮
মম ত্বয়া সমং যুদ্ধং যে স্মরিষ্যন্তি মানবাঃ।
বিজ্বরাস্তে ভবিষ্যন্তীত্যুক্ত্বা চৈনং যযৌ জ্বরঃ ॥১৯
ততোঽগ্নীন্ ভগবান্ পক্ষ ছিত্ত্বা নীত্বা তথা ক্ষয়ম্।
দানবানাং বলং বিষ্ণুশ্চূর্ণয়ামাস লীলয়া ॥২০
ততঃ সমস্তসৈন্যেন দৈতেয়ানাং বলেঃ সুতঃ।
যুযুধে শঙ্করশ্চৈব কার্ত্তিকেয়শ্চ শৌরিণা ॥২১

কিন্তু যখন যথাশক্তি যুদ্ধ করিয়াও অনিরুদ্ধ কর্তৃক পরাজিত হইল, তখন মন্ত্রিগণের পরামর্শানুসারে অনিরুদ্ধের সহিত নানাপ্রকার মায়া বিস্তারপূর্ব্বক যুদ্ধ আরম্ভ করিয়া সর্পাস্ত্র দ্বারা যদুনন্দন অনিরুদ্ধকে বন্ধন করিয়া ফেলিল।৮-৯

অনন্তর দ্বারকাপুরীতে "অনিরুদ্ধ কোথায় গমন করিল" এই প্রকারে যাদবগণ সকলে বলাবলি করিতেছে, এমন সময় নারদ গিয়া বলিলেন যে, বাণাসুর অনিরুদ্ধকে আবদ্ধ করিয়াছে।১০

"যোগবিদ্যানিপুণা চিত্রলেখাই অনিরুদ্ধকে শোণিতপুরে লইয়া গিয়াছে" যাদবগণ নারদের মুখে এই কথা শুনিয়া "পারিজাতহরণে পরাজিত দেবগণ অনিরুদ্ধকে হরণ করেন নাই"—ইহা বিশ্বাস করিলেন।১১

অনন্তর হরি স্মরণকরামাত্র উপস্থিত গরুড়ের পৃষ্ঠে আরোহণ করিয়া বলদেব ও প্রদ্যুম্নের সহিত বাণপুরে গমন করিলেন।১২

নগরে প্রবেশ করিবার সময় মহাত্মা হরির সহিত প্রমথগণের যুদ্ধ হয়, কিন্তু তাঁহাদিগকে বিনাশ করিয়া হরি বাণপুরীর নিকটে উপস্থিত হইলেন।১৩

তারপর বাণকে রক্ষা করিবার জন্য মহেশ্বর হইতে উৎপন্ন জ্বর শার্ঙ্গধনুর্দ্ধারী হরির সহিত অতিশয় যুদ্ধ আরম্ভ করিল। ঐ জ্বরের দেহ অতি বিশাল এবং তিনটি মস্তক ও তিনটি চরণ ছিল।১৪

বলদেব সেই জ্বরনিক্ষিপ্ত ভস্মস্পর্শে উদ্ভূততাপে অতিশয় তাপিত হইলেন; পরন্তু তিনি নিমীলিতনেত্রে কৃষ্ণকে আলিঙ্গন করায় তাঁহার অঙ্গস্পর্শে শান্তিলাভ করিলেন।১৫

অনন্তর দেব কৃষ্ণের সহিত যুদ্ধ করিতে করিতে দেহপ্রবিষ্ট জ্বরকে বৈষ্ণব-জ্বর শীঘ্রই কৃষ্ণদেহ হইতে বহিষ্কার করিয়া দিল।১৬

শৈব-জ্বরকে বাসুদেবের বাহুর আঘাতজনিত নিষ্পীড়নে বিহ্বলীভূত অবলোকন করিয়া পিতামহ ব্রহ্মা ভগবান্‌কে বলিলেন যে, আপনি উহাকে ক্ষমা করুন।১৭

তারপর ভগবান্ মধুসূদন "আমি ক্ষমা করিলাম" এই কথা বলিয়া বৈষ্ণব-জ্বরকে নিজ শরীরেই বিলীন করিয়া ফেলিলেন।১৮

জ্বর বলিল,—"যে ব্যক্তিগণ আমার সহিত আপনার এই যুদ্ধকথা শ্রবণ করিবে, তাহারা জ্বররোগ হইতে মুক্ত হইবে" জ্বর ভগবান্‌কে এইকথা বলিয়া প্রস্থান করিল।১৯

অনন্তর বিষ্ণু পক্ষ অগ্নিকে বিজয়পূর্ব্বক বিনাশ করত অবলীলাক্রমে দানব সৈন্যদিগকে চূর্ণ করিয়া ফেলিলেন।২০

তখন বলিপুত্র বাণ অসংখ্য দৈত্যসৈন্যগণে পরিবেষ্টিত

পাঠান্তর :—(ক) —প্রোক্ত্বা—।

হরি-শঙ্করয়োর্যুদ্ধমতীবাসীৎ সুদারুণম্ ।
চুক্ষুভুঃ সকলা লোকাঃ শস্ত্রাস্ত্রাংশুপ্রতাপিতাঃ ॥২২
প্রলয়োঽয়মশেষস্য জগতো নূনমাগতঃ ।
মেনিরে ত্রিদশা যত্র বর্ত্তমানে মহাহবে ॥২৩
জৃম্ভণাস্ত্রেণ গোবিন্দো জৃম্ভয়ামাস শঙ্করম্ ।
ততঃ প্রমথাংশ্চৈতেষাং প্রমথাশ্চ সমন্ততঃ ॥২৪
জৃম্ভাভিভূতশ্চ হরো রথোপস্থ উপাবিশৎ ।
ন শশাক তথা যোদ্ধুং কৃষ্ণেনাক্লিষ্টকর্ম্মণা ॥২৫
গরুড়ক্ষতবাহশ্চ প্রদ্যুম্নাস্ত্রপ্রপীড়িতঃ ।
কৃষ্ণহুঙ্কারনির্ভূতশক্তিশ্চাপি যযৌ গুহঃ (ক) ॥২৬
জৃম্ভিতে শঙ্করে নষ্টে দৈত্যসৈন্যে গুহে জিতে ।
নীতে প্রমথসৈন্যে চ সংক্ষয়ং শার্ঙ্গধন্বনা ॥২৭
নন্দীশ (খ)-সংগৃহীতাখ্যরথিরূঢ়ো মহারথম্ ।
বাণস্ত্রাণার্থমৌশোনং কৃষ্ণ-কার্ত্তিকেয়ৈঃ সহ ॥২৮
বলভদ্রো মহাবীর্য্যো বাণসৈন্যমনেকধা ।
বিব্যাধ বাণৈঃ প্রভ্রষ্ট ধর্ম্মতস্তৎ পলায়ত ॥২৯
আকৃষ্য লাঙ্গলাগ্রেণ মুসলেনাবপোথিতম্ (গ) ।
বলং বলেন বলিনো বাণো বাণৈশ্চ চক্রিণা ॥৩০
ততঃ কৃষ্ণস্য বাণেন যুদ্ধমাসীৎ সমন্ততোঃ ।
পরস্পরমিষূন্ দীপ্তান্ কায়ত্রাণবিভেদকান্ (ঘ) ॥৩১
কৃষ্ণশ্চিচ্ছেদ বাণৈস্তান্ বাণেন প্রহিতাঞ্ছরান্ ।
বিভেদ কেশবং বাণো বাণং বিব্যাধ চক্রভৃৎ (ঙ) ॥৩২
মুমুচাতে তথাস্ত্রাণি বাণ-কৃষ্ণৌ দ্বিজীষয়া ।
পরস্পরং ক্ষতিপরৌ পরমামর্ষণৌ দ্বিজ (চ) ॥৩৩

হইয়া সৌহৃদ সহিত যুদ্ধ করিতে আরম্ভ করিল এবং তাহারই পক্ষ হইয়া স্বয়ং শঙ্কর ও কার্ত্তিকেয় যুদ্ধ করিতে লাগিলেন ।২১

তখন হরি ও শঙ্করের পরস্পর অতিদারুণ যুদ্ধ আরম্ভ হইল। এই যুদ্ধে অস্ত্রকিরণতাপিত সকল লোকই অতিশয় ক্ষোভ প্রাপ্ত হইল ।২২

যখন সেই মহাযুদ্ধ উপস্থিত হইল, তখন দেবগণ আশঙ্কা করিতে লাগিলেন,—নিশ্চয়ই অদ্য সমস্ত জগতেরই প্রলয় উপস্থিত হইয়াছে ।২৩

সেই যুদ্ধে হরি জৃম্ভণাস্ত্রক্ষেপ দ্বারা মহাদেবকে নিতান্ত অলসভাবাপন্ন করিয়া ফেলিলেন। তারপর প্রমথগণ ও দৈত্যগণকে বিনাশ করিলেন ।২৪

মহাদেব আলস্যে অভিভূত হইয়া রথের উপরে বসিয়া পড়িলেন এবং আর কোন প্রকারেই অক্লিষ্টকর্ম্মকারী কৃষ্ণের সহিত যুদ্ধ করিতে সক্ষম হইলেন না ।২৫

এদিকে গরুড় কার্ত্তিকেয়ের বাহনকে বিক্ষত করিয়া ফেলিলেন এবং তিনি স্বয়ংও প্রদ্যুম্নের অস্ত্রে নিপীড়িত ও শ্রীকৃষ্ণহুঙ্কারে শক্তিহীন হইয়া প্রস্থান করিলেন ।২৬

কৃষ্ণকর্ত্তৃক শঙ্কর আলস্যভাবাপন্ন, গুহ পরাজিত, দৈত্যসৈন্য বিনষ্ট ও প্রমথগণ পলায়মান হইলে পর, রাজা বাণ রথে আরোহণপূর্ব্বক কৃষ্ণ ও কৃষ্ণসৈন্যগণের সহিত যুদ্ধ করিতে আগমন করিল। বাণ যে মহারথে আরোহণ করিয়াছিল, ঐ রথের অশ্বগণের রক্ষা স্বয়ং নন্দীশ্বর ধারণ করিয়াছিলেন ।২৭-২৮

তখন মহাবলশালী বলভদ্র যুদ্ধধর্ম্মানুসারে অনেক প্রকার বাণসমূহ নিক্ষেপ করত বাণসৈন্যগণকে বিদ্ধ করিতে লাগিলেন ; সুতরাং সেই সৈন্যগণও শ্রেণীভ্রষ্ট হইয়া ইতস্ততঃ পলায়ন করিতে লাগিল ।২৯

তখন বাণ দেখিতে পাইল যে, বলভদ্র সৈন্যগণকে লাঙ্গলাগ্র ও মুসল দ্বারা পোথিত এবং কৃষ্ণও চক্র দ্বারা ছিন্নভিন্ন করিতেছেন ।৩০

তৎপরে বাণাসুরের সহিত কৃষ্ণের ঘোর যুদ্ধ আরম্ভ হইল। তখন উভয়েই উভয়ের প্রতি প্রদীপ্ত ও কবচভেদক বাণসমূহ নিক্ষেপ করিতে লাগিলেন ।৩১

কৃষ্ণ বাণাসুরপ্রক্ষিপ্ত সমস্ত বাণ ছেদন করিতে লাগিলেন। তখন বাণ ক্রুদ্ধ হইয়া কেশবকে বিদ্ধ করিল এবং চক্রধারী কৃষ্ণও বাণাসুরকে বাণ দ্বারা বিদ্ধ করিলেন। হে দ্বিজ! এইরূপে বাণাসুর ও কৃষ্ণ পরস্পরের বিজয়েচ্ছায় অতিশয় অসহনীয় অস্ত্রসমূহ ক্ষেপণ করিতে লাগিলেন ।৩২-৩৩

পাঠান্তর :—(ক) —শক্তিশ্চাপধরো গুহঃ। (খ) নন্দিনা—। (গ) মুসলেনাত্ত তাড়িতম্। (ঘ) ততঃ কৃষ্ণেন বাণস্য যুদ্ধমাসীৎ সুদারুণম্। সমন্ততোরিষূন্ দীপ্তান্ কায়ত্রাণবিভেদিনঃ। (ঙ) বিব্যাধ কেশবং বাণো বাণং বিব্যাধ চক্রভৃৎ। (চ) —সাধনাধনিনং দ্বিজ।

ছিন্নমানেষ্বশেষেষু শরেষস্ত্রে চ সীদতি।
প্রাচুর্য্যেণ হরির্বাণং হন্তুকক্রে ততো মনঃ ॥৩৪
ততোঽর্কশতসঙ্ঘাততেজসা সদৃশদ্যুতি।
জগ্রাহ দৈত্যচক্রারির্হরিশ্চক্রং সুদর্শনম্ ॥৩৫
মুক্ততো বাণনাশায় তত্র চক্রং মধুদ্বিষঃ।
নদ্যা দৈতেয়বিদ্যাভূৎ কোটরী পুরতো হরেঃ ॥৩৬
তামগ্রতো হরির্দৃষ্ট্বা মীলিতাক্ষঃ সুদর্শনম্।
মুমোচ বাণমুদ্দিশ্য ক্ষেত্তুং বাহুবনং রিপোঃ ॥৩৭
ক্রমেণ তত্তু বাহূনাং বাণস্যাচ্যুতনোদিতম্।
ছেদকক্রেঽসুরাপাস্তশস্ত্রৌঘক্ষপণাদৃতম্ ॥৩৮
ছিন্নে বাহুবনে তস্তু করস্থং মধুসূদনঃ।
মুমুক্ষুর্বাণনাশায় বিজ্ঞাতস্ত্রিপুরদ্বিষা ॥৩৯

এইরূপে প্রচুরপরিমাণে বাণসমূহ বিচ্ছিন্ন ও অস্ত্রসকল নিষ্ফল হইতেছে দেখিয়া ভগবান্ কৃষ্ণ সেই সময় বাণাসুরকে বধ করিতে অভিলাষী হইলেন।৩৪

তখন দৈত্যসমূহের বিনাশকারী হরি একত্র মিলিত শতসূর্য্যের কিরণসমূহের ন্যায় মহাতেজস্বী সুদর্শন নামক চক্র গ্রহণ করিলেন।৩৫

সেই সময় বাণকে বিনাশের জন্য সুদর্শনমোচনার্থে উদ্যত মধুসূদন হরির সম্মুখে দৈত্যকুলের কোটরী নাম্নী মায়াবিদ্যা (উলঙ্গাবস্থায়) আবির্ভূতা হইল।৩৬

ভগবান্ হরি তাহাকে অগ্রভাগে অবলোকন করিয়া নয়নদ্বয় মুদ্রিত করত শত্রুর বাহুসমূহ ছেদন করিবার জন্য বাণের উদ্দেশে সুদর্শন নিক্ষেপ করিলেন।৩৭

তখন সেই অচ্যুত-প্রক্ষিপ্ত সুদর্শনচক্র বজ্রের সহিত শত্রুগণ-ক্ষিপ্ত অস্ত্রসমূহকে বিনাশ করত ক্রমে বাণাসুরের সেই সকল বাহু ছেদন করিল।৩৮

বাণের বাহুসমূহ বিচ্ছিন্ন হইলে পর, পুনর্ব্বার হস্তগত সুদর্শনচক্রকে ভগবান্ মধুসূদন যখন বাণাসুরের বিনাশের নিমিত্ত নিক্ষেপ করিতে উদ্যত হইলেন, তখন ভগবান্ ত্রিপুরারি ইহা জানিতে পারিলেন।৩৯

স উপেত্যাহ গোবিন্দং সামপূর্ব্বমুমাপতিঃ।
বিলোক্য বাণং দোর্দ্দণ্ডচ্ছেদাসৃক্স্রাববর্ষিণম্ ॥৪০

রুদ্র উবাচ।

কৃষ্ণ কৃষ্ণ জগন্নাথ জানে ত্বাং পুরুষোত্তমম্।
পরেশং পরমানন্দমনাদি-নিধনং পরম্ ॥৪১
দেব-তির্য্যঙ্-মনুষ্যেষু শরীরগ্রহণাত্মিকা।
লীলেয়ং সর্ব্বভূতস্থ তব চেষ্টোপলক্ষণা ॥৪২
তৎ প্রসীদাভয়ং দত্তং বাণস্যাস্য ময়া প্রভো।
তন্ময়া নানৃতং কার্য্যং ষন্ময়া ব্যাহৃতং বচঃ ॥৪৩
অস্মৎসংশ্রয়বৃদ্ধোঽয়ং নাপরাধ্যত্যবায়।
ময়া দত্তবরো দৈত্যস্তত্ত্বাং ক্ষময়াম্যহম্ ॥৪৪

সেই সময় উমাপতি দেখিতে পাইলেন যে,—বাণাসুরের বাহুসকল ছিন্ন হওয়াতে ঐ সকল ছিন্নস্থান হইতে অজস্র রুধিরধারা নির্গত হইতেছে। মধুসূদনের নিকট গমন করত সামপূর্ব্বক গোবিন্দকে বলিতে লাগিলেন।৪০

এইরূপ অবস্থায় বাণকে দেখিয়া রুদ্র বলিলেন,—হে কৃষ্ণ! কৃষ্ণ! হে জগন্নাথ! আপনি যে পুরুষোত্তম স্বয়ং পরমেশ্বর, পরমানন্দস্বরূপ অনাদি-নিধন (আদ্যন্তহীন) ও সর্ব্বশ্রেষ্ঠ,—ইহা আমি জানিতে পারিয়াছি।৪১

আপনিই সর্ব্বভূতময়, আপনি যে দেব, পশু আদি তির্য্যক্ ও মনুষ্যযোনিতে জন্মগ্রহণ করেন,—ইহা আপনার স্বাধীন চেষ্টার উপলক্ষণ লীলামাত্র।৪২

হে প্রভো! আপনি প্রসন্ন হউন; আমি পূর্ব্বে বাণাসুরকে অভয় প্রদান করিয়াছি; এই কারণে আপনি আমার পূর্ব্বোক্ত বাক্য মিথ্যাপ্রতিপন্ন করিবেন না।৪৩

হে অব্যয়! এই বাণাসুর আমার নিকটেই প্রশ্রয় পাইয়া এতাদৃশ বৃদ্ধি পাইয়াছিল, সুতরাং এই ব্যক্তি আপনার নিকটে অপরাধী নহে; আমিই এই দৈত্যকে

পরাশর উবাচ।

ইত্যুক্তঃ প্রাহ গোবিন্দঃ শূলপাণিমুমাপতিম্।
প্রসন্নবদনো ভূত্বা গতামর্ষোঽসুরং প্রতি ॥৪৫

শ্রীভগবানুবাচ।

ঘুষ্মদ্দত্তবরো বাণো জীবতামেষ শঙ্কর।
ত্বদ্‌বাক্যগৌরবাদেতন্ময়া চক্রং নিবর্ত্তিতম্ ॥৪৬
ত্বয়া যদভয়ং দত্তং তদ্দত্তমখিলং ময়া।
মত্তোঽবিভিন্নমাত্মানং দ্রষ্টুমর্হসি শঙ্কর ॥৪৭

যোঽহং স ত্বং জগচ্চেদং সদেবাসুরমানুষম্।
অবিদ্যামোহিতাত্মানঃ পুরুষা ভিন্নদর্শিনঃ* ॥৪৮
ইত্যুক্ত্বা প্রযযৌ কৃষ্ণঃ প্রাদ্যুম্নির্যত্র তিষ্ঠতি।
তত্ত্বস্কন্দিনো নেতুর্গরুড়ানিলভীষিতাঃ (ক) ॥৪৯

ততোঽনিরুদ্ধমারোপ্য সপত্নীকং গরুত্মতি।
আজগ্মুর্দ্বারকাং রামকাঙ্ক্ষিদামোদরাঃ পুরীম্† ॥৫০

ইতি বিষ্ণুপুরাণে পঞ্চমাংশে ত্রয়স্ত্রিংশঃ অধ্যায়ঃ ॥

বর প্রদান করিয়াছিলাম; সেইজন্য আমিই এক্ষণে আপনার নিকট ইহার জন্য ক্ষমা প্রার্থনা করিতেছি।৪৪

পরাশর বলিলেন,—মহাদেব এই কথা বলিলে, গোবিন্দ অসুরের প্রতি কোপ পরিত্যাগপূর্ব্বক প্রসন্নমুখে শূলপাণি উমাপতিকে বলিতে লাগিলেন।৪৫

শ্রীভগবান্ বলিলেন,—হে শঙ্কর! আপনি যখন ইহাকে বরপ্রদান করিয়াছেন, তখন এ ব্যক্তি জীবিতই থাকুক। আপনার বাক্যের সম্মান রক্ষার জন্য আমি এই সমুদ্যত সুদর্শনচক্র নিবারণ করিলাম।৪৬

হে শঙ্কর! আপনি যাহাকে অভয়প্রদান করিয়াছেন, তাহাকে আমিও সর্ব্বপ্রকারে অভয় প্রদান করিলাম। আপনি আপনাকে আমা হইতে অভিন্ন বলিয়াই জানিবেন। আমি যে, আপনিও সে-ই। এই দেব, অসুর এবং মানুষে পরিপূর্ণ জগৎও আমার ও আপনার স্বরূপ। কিন্তু যাহাদের চিত্ত অবিদ্যায় মোহিত, সেই পুরুষগণই ভেদজ্ঞান করিয়া থাকে।৪৭-৪৮

কৃষ্ণ এই কথা বলিয়া যেখানে প্রদ্যুম্নতনয় অনিরুদ্ধ অবস্থিতি করিতেছিলেন, সেইখানে গমন করিলেন। তখন অনিরুদ্ধের বন্ধনপাশভূত সর্পগণ গরুড়ের গমনবেগবায়ুর স্পর্শে ভীত হইয়া পলায়ন করিল।৪৯

অনন্তর পত্নী ঊষার সহিত অনিরুদ্ধকে গরুড়ের উপর আরোহণ করাইয়া বলভদ্র, কৃষ্ণ ও কৃষ্ণপুত্র প্রদ্যুম্ন দ্বারকাপুরীতে আগমন করিলেন।৫০

---

* কোন কোন গ্রন্থে নিম্নরূপ শ্লোকগুলি এইস্থলে অধিক দেখা যায়,—

যোঽহং স ত্বং জগচ্চেদং সদেবাসুর-মানুষম্।
মত্তো নান্যদশেষং বস্তু ত্বং জ্ঞাতুমিহার্হসি ॥
অবিদ্যামোহিতাত্মানঃ পুরুষা ভিন্নদর্শিনঃ।
যজন্তি ভেদং পশ্যন্তি চাবয়োরন্তরং বর ॥
প্রণয়োঽহং গমিষ্যামি ত্বং গচ্ছ বৃষভধ্বজ ॥

† পাঠান্তর :—(ক) গরুড়ানিলসোথিতাঃ।

‡ কোন কোন গ্রন্থে শেষ শ্লোকের পর নিম্নলিখিত শ্লোকটি অধিক দেখা যায়,—

পুত্র-পৌত্রঃ পরিবৃতস্তত্র বেশ্মে জনার্দ্দন।
বেশীতিঃ শততং বিপ্র ভূতাবতরণেচ্ছয়া ॥

বিষ্ণুপুরাণের পঞ্চমাংশে ত্রয়স্ত্রিংশ অধ্যায় সমাপ্ত।

চতুস্ত্রিংশঃ অধ্যায়ঃ

[পৌণ্ড্রকবধঃ, কাশীদহনঞ্চ।]

মৈত্রেয় উবাচ।

চক্রে কর্ম্ম মহচ্ছৌরির্বিভাগো মানুষীং তনুম্।
জিগায় শক্রং সর্ব্বঞ্চ সর্ব্বদেবাংশ্চ লীলয়া ॥১
যচ্চান্যদকরোৎ কর্ম্ম দিব্যচেষ্টাবিঘাতকৃৎ।
তৎ কথ্যতাং মহাভাগ পরং কৌতূহলং হি মে ॥২

পরাশর উবাচ।

গদতো মম বিপ্রর্ষে শ্রূয়তামিদমাদরাৎ।
নরাবতারে কৃষ্ণেন দগ্ধা বারাণসী যথা ॥৩
পৌণ্ড্রকো বাসুদেবস্তু বাসুদেবোঽভবদ্ ভুবি।
অবতীর্ণস্ত্বমিত্যুক্তো জনৈরজ্ঞানমোহিতৈঃ ॥৪
স মেনে বাসুদেবোঽহমবতীর্ণো মহীতলে।
নষ্টস্মৃতিস্ততঃ সর্ব্বং বিষ্ণুচিহ্নমচীকরৎ ॥৫
দূতঞ্চ প্রেরয়ামাস কৃষ্ণায় সুমহাত্মনে।
ত্যক্ত্বা চক্রাদিকং চিহ্নং মদীয়ং নাম চাত্মনঃ ॥৬
বাসুদেবাত্মকং মূঢ় মুক্ত্বা সর্ব্বং বিশেষতঃ (ক)।
আত্মনো জীবিতার্থায় ততো মে প্রণতিং ব্রজ ॥৭
ইত্যুক্তঃ সম্প্রহস্যৈনং দূতং প্রাহ জনার্দ্দনঃ।
নিজচিহ্নমহং চক্রং সমুৎসৃজ্য ত্বরীতি বৈ ॥৮
বাচ্যঃ স পৌণ্ড্রকো গত্বা ত্বয়া দূত বচো মম।
জ্ঞাতত্ববাক্যসদ্ভাবো যৎ কার্য্যং তদ্বিধীয়তাম্ ॥৯
গৃহীতচিহ্ন এবাহমাগমিষ্যামি তে পুরম্।
সমুৎসৃজ্যামি তে চক্রং নিজচিহ্নমসংশয়ম্ ॥১০
আজ্ঞাপূর্ব্বঞ্চ যদিদমাগচ্ছেতি ত্বয়োদিতম্।
সম্পাদয়িষ্যে ত্বদ্ভক্ত্যা তদপ্যেষোঽবিলম্বিতম্ (খ) ॥১১

চতুস্ত্রিংশ অধ্যায়

[পৌণ্ড্রক বধ ও কাশী দহন।]

মৈত্রেয় বলিলেন,—ভগবান্ মনুষ্য শরীর ধারণপূর্ব্বক অবলীলাক্রমে ইন্দ্র, মহাদেব ও সকল দেবগণের বিজয়রূপ যে অতি মহৎ কর্ম্ম সাধন করিয়াছিলেন, তাহা ত শ্রবণ করিলাম। হে মহাভাগ! ভগবান্ ইহা ছাড়াও দেবতাদিগের চেষ্টার বিঘাত করত যে সকল কর্ম্ম করেন, আপনি তাহা কীর্ত্তন করুন; কারণ, সেই সকল বিষয় শ্রবণ করিতে আমার বড়ই কৌতূহল জন্মিয়াছে।১-২

পরাশর বলিলেন,—হে বিপ্রর্ষে! মানুষাবতারে কৃষ্ণ কি প্রকারে বারাণসীপুরী দাহ করেন, তাহা আমি বলিতেছি, তুমি আদরের সহিত শ্রবণ কর।৩

অজ্ঞানমোহিত জনগণ পৌণ্ড্রবংশীয় কোন রাজাকে "আপনি বাসুদেবরূপে ভুবনে অবতীর্ণ হইয়াছেন", এইরূপ বাক্য বলিতে লাগিল। তাহাতে সেই ব্যক্তি "বাসুদেব" নামেই প্রথিত হইয়া উঠে।৪

তারপর ঐ রাজার পূর্ব্বস্মৃতি নষ্ট হইলে, সে বিবেচনা করিতে লাগিল যে, আমি বাসুদেব, আমি এই পৃথিবীতে অবতীর্ণ হইয়াছি এবং সেই মনে করিয়া নিজেই সকলপ্রকার বিষ্ণু-চিহ্নের ব্যবহার আরম্ভ করিয়া দিল।৫

তৎপরে সুমহাত্মা কৃষ্ণের নিকট এই বলিয়া দূত প্রেরণ করিল যে, "তুমি আমার চিহ্ন ও নাম পরিত্যাগ-পূর্ব্বক এবং "আমিই বাসুদেব" নিজের প্রতি এই প্রকার অভিমানও ছাড়িয়া নিজের জীবনরক্ষার নিমিত্ত আমাকে প্রণতি কর।৬-৭

দূত গিয়া এই প্রকার বলিলে পর ভগবান্ জনার্দ্দন হাস্যপূর্ব্বক দূতকে বলিলেন,—(তুমি তোমার প্রভুকে গিয়া বলিও যে,) আমি নিজচিহ্ন চক্র সত্বরই তোমার প্রতি পরিত্যাগ করিব।৮

পাঠান্তর :—(ক) ত্যক্ত্বা সর্ব্বমশেষতঃ।
(খ)—সমাগম্যাবিলম্বিতম্।

শরণং তে সমভ্যেত্য কর্ত্তাস্মি নৃপতে তদা।
যথা ত্বত্তো ভয়ং ভূয়ো ন মে কিঞ্চিদ্ভবিষ্যতি ॥১২
ইত্যুক্তেঽপগতে দূতে সংস্মৃত্যাভ্যাগতং হরিঃ।
গরুত্মন্তমথারুহ্য ত্বরিতং তৎপুরং (ক) যযৌ ॥১৩
স চাপি (খ) কেশবোদ্যোগং শ্রুত্বা কাশিপতিস্তদা।
সর্ব্বসৈন্যপরীবারঃ পাঞ্চিগ্রাহ উপাযযৌ ॥১৪
ততো বলেন মহতা কাশিরাজবলেন চ।
পৌণ্ড্রকো বাসুদেবোঽসৌ কেশবাভিমুখং যযৌ(গ)॥১৫
তং দদর্শ হরির্দ্দূরাদুদারস্যন্দনে স্থিতম্।
চক্রহস্তং গদাখড়্গশার্ঙ্গবাহুং (ঘ) পাণিগতাম্বুজম্ ॥১৬
শ্রীবৎসং ধৃতশার্ঙ্গঞ্চ (ঙ) সুপর্ণধ্বজচিহ্নিতম্।
বক্ষঃস্থলে কৃতকান্ত শ্রীবৎসং দদৃশে হরিঃ ॥১৭
কিরীটকুণ্ডলধরং পীতবাসঃসমন্বিতম্ (চ)।
দৃষ্ট্বা তং ভাবগম্ভীরং জহাস গরুড়ধ্বজঃ ॥১৮
যুযুধে চ বলেনাস্য হস্ত্যশ্ববলিনা দ্বিজ।
নিস্ত্রিংশষ্টিগদাশূলশক্তিকার্ম্মুকশালিনা ॥১৯
ক্ষণেন শার্ঙ্গনির্ম্মুক্তৈঃ শরৈরিষুবিদারণৈঃ।
গদাচক্রনিপাতৈশ্চ সূদয়ামাস তদ্বলম্ ॥২০
কাশিরাজবলঞ্চৈবং ক্ষয়ং নীত্বা জনার্দ্দনঃ।
উবাচ পৌণ্ড্রকং মূঢ়মাত্মচিহ্নোপলক্ষণম্ ॥২১

হে দূত! তুমি যাইয়া পৌণ্ড্রক নৃপতিকে আমার এই কথা বল। সে তোমার নিকট হইতে এ বাক্য শ্রবণ করিয়া যাহা ভাল বলিয়া বিবেচনা করিবে, তাহাই করুক।১১

ভগবান্ আরও বলিলেন,—তোমার প্রভুকে বলিও যে, আমি চিহ্নধারণপূর্ব্বকই তোমার পুরে যাইব এবং সেইখানেই আমি তোমার প্রতি নিজচিহ্ন চক্র পরিত্যাগ করিব, ইহাতে সন্দেহ নাই।১০

তুমি আজ্ঞাপূর্ব্বকই আমাকে বলিয়াছে যে, তুমি এইখানে আগমন কর। আমি অবিলম্বে অবশ্যই কল্য তোমার আজ্ঞা প্রতিপালন করিব।১১

হে নৃপতে! আমি তোমার গৃহে উপস্থিত হইয়া তোমার সহিত তাদৃশই ব্যবহার করিব, যাহা দ্বারা পুনর্ব্বার তোমা হইতে আমার আর কোন ভয় হইবে না।১২

ভগবান্ এই কথা বলিলে, দূত প্রস্থান করিল এবং হরি স্মরণমাত্রেই উপস্থিত গরুড়োপরি আরোহণপূর্ব্বক সত্বর তৎপুরাভিমুখে গমন করিলেন।১৩

এদিকে কাশীপতিও দূতমুখ হইতে হরির আক্রমণ বার্ত্তা শ্রবণপূর্ব্বক উহার পৃষ্ঠপোষক (সহায়ক) হইয়া সমস্ত সৈন্যের সহিত উপস্থিত হইল।১৪

অনন্তর বাসুদেবাভিমানী রাজা পৌণ্ড্রক অতি মহান্ কাশীরাজের সৈন্যগণের সহিত নিজের মহতী সেনা যোগ করিয়া কেশবাভিমুখে গমন করিতে লাগিল।১৫

ভগবান্ হরি দূর হইতেই দেখিলেন,—হস্তে শঙ্খ-চক্র-গদা-খড়্গধারী রাজা এক উত্তম রথে আরোহণপূর্ব্বক আগমন করিতেছে।১৬

হরি আরও দেখিলেন,—রাজা পৌণ্ড্রক মালা, শার্ঙ্গ এবং বক্ষঃস্থলে শ্রীবৎসপ্রভৃতি হরির সকল চিহ্ন ধারণ ও গরুড়সদৃশ পক্ষী দ্বারা ধ্বজও নির্ম্মাণ করিয়াছে।১৭

গরুড়ধ্বজ হরি পৌণ্ড্রককে কিরীট-কুণ্ডলধর ও পীতবস্ত্রপরিধারী অবলোকন করিয়া ভাবগম্ভীররূপে হাস্য করিতে লাগিলেন।১৮

হে দ্বিজ! অনন্তর ভগবান্ নিস্ত্রিংশ, ষষ্টি, গদা, শূল, শক্তি ও কার্ম্মুকধারী এবং হস্তী ও অশ্ব প্রভৃতি বলে বলশালী সেই পৌণ্ড্রকসৈন্যগণের সহিত যুদ্ধ করিতে লাগিলেন।১৯

ক্ষণকাল মধ্যেই শরবিদারণকারী শার্ঙ্গনিক্ষিপ্ত বাণসমূহ দ্বারা এবং গদা ও চক্র প্রভৃতির নিক্ষেপে জনার্দ্দন পৌণ্ড্রকের সৈন্যগণকে মর্দ্দিত করিয়া ফেলিলেন।২০

অনন্তর এই প্রকারে কাশীরাজের সৈন্যগণকেও পরাজয় করিয়া ভগবান্ নিজচিহ্নধারী মূঢ় পৌণ্ড্রককে বলিলেন।২১

পাঠান্তর:—(ক) ত্বরিতস্তৎপুরং—। (খ)—তত্তস্তু—। (গ)—কেশবাভিমুখো যযৌ। (ঘ)—সশার্ঙ্গবাহুং—।
(ঙ) দধ্বরং পীতবসনং—। (চ)—নানারত্নোপশোভিতম্।

শ্রীভগবানুবাচ।

পৌণ্ড্রকোক্তং ত্বয়া যত্তু দূতবক্ত্রেণ মাং প্রতি।
সমুৎসৃজেতি চিহ্নানি তত্তে সম্পাদয়াম্যহম্ ॥২২

চক্রমেতৎ সমুৎসৃষ্টং গদেয়ং তে বিসর্জ্জিতা।
গরুত্মানেষ নির্দ্দিষ্টঃ সমারোহতু তে ধ্বজম্ ॥২৩

পরাশর উবাচ।

ইত্যুচ্চার্য্য বিমুক্তেন চক্রেণাসৌ বিদারিতঃ।
পোথিতো গদয়া ভগ্নো গরুত্মাংশ্চ গরুত্মতা (ক) ॥২৪

ততো হাহাকৃতে লোকে কাশিপূর্য্যধিপো বলী।
যযুধে বাসুদেবেন মিত্রস্যাপচিতৌ স্থিতঃ ॥২৫

ততঃ শার্ঙ্গধনুর্মুক্তৈশ্ছিত্ত্বা তস্য শরৈঃ শিরঃ।
কাশিপূর্য্যাঞ্চ চিক্ষেপ কুর্ব্বন্ লোকস্য বিস্ময়ম্ ॥২৬

হত্বা চ পৌণ্ড্রকং সৌরিঃ কাশিরাজঞ্চ সানুগম্।
পুনর্দ্বারবতীং প্রাপ্তো রেমে স্বর্গগতো যথা ॥২৭

শ্রীভগবান্ বলিলেন,—হে পৌণ্ড্রক! তুমি দূতমুখে আমাকে যে চিহ্ন পরিত্যাগ করিতে বলিয়াছিলে, আমি তাহা সম্পাদন করিতেছি।২২

আমি এই চক্র পরিত্যাগ করিলাম, এই তোমার জন্য গদাও বিসর্জ্জিত করিলাম, তোমারই নির্দ্দেশানুসারে এই গরুড় তোমার ধ্বজে আরোহণ করুক।২৩

পরাশর বলিলেন,—ভগবান্ কৃষ্ণ এই বলিয়া নিক্ষিপ্ত চক্র দ্বারা বিদারিত করত গদাঘাতে পৌণ্ড্রককে প্রোথিত করিয়া ফেলিলেন এবং ভগবদাহৃত গরুড়ও তাহার রথধ্বজস্থ গরুড়কে ভাঙ্গিয়া দিলেন।২৪

অনন্তর লোকসমূহ হাহাকার করিতে লাগিল দেখিয়া বলবান্ কাশীরাজ বন্ধুর প্রতি কর্ত্তব্যানুরোধে ভগবানের সহিত যুদ্ধ করিতে আরম্ভ করিল।২৫

তখন ভগবান্ শার্ঙ্গধনু হইতে নিক্ষিপ্ত বাণসমূহ দ্বারা তাহার মস্তক ছেদন করিয়া কাশীপুরীতে নিক্ষেপ করিলেন, তাহাতে সকল লোক বিস্ময় প্রাপ্ত হইল।২৬

সৌরি কৃষ্ণ পৌণ্ড্রক ও অনুচরগণের সহিত কাশীরাজকে নিহত করিয়া পুনর্ব্বার দ্বারকায় আগমন করিলেন এবং সেখানে স্বর্গসদৃশ সুখানুভব করত লীলা করিতে লাগিলেন।২৭

তচ্ছিরঃ পতিতং দৃষ্ট্বা তত্র কাশিপতেঃ পুরে।
জনঃ কিমেতদিত্যাহ কেনেত্যত্যন্তবিস্মিতঃ (খ) ॥২৮

জ্ঞাত্বা তং বাসুদেবেন হতং তস্য সুতস্ততঃ।
পুরোহিতেন সহিতস্তোষয়ামাস শঙ্করম্ ॥২৯

অবিমুক্তে মহাক্ষেত্রে তোষিতস্তেন শঙ্করঃ।
বরং বৃণীষ্বেতি তদা তং প্রোবাচ নৃপাত্মজম্ ॥৩০

স বব্রে ভগবান্ কৃত্যা পিতৃহন্তুর্বধায় মে।
সমুত্তিষ্ঠতু কৃষ্ণস্য ত্বৎপ্রসাদান্মহেশ্বর ॥৩১

পরাশর উবাচ।

এবং ভবিষ্যতীত্যুক্তে দক্ষিণাগ্নেরনন্তরম্।
মহাকৃত্যা সমুত্তস্থৌ তস্যৈবাগ্নের্বিনাশিনী ॥৩২

ততো জ্বালাকরালাস্যা জ্বলৎকেশকলাপিকা।
কৃষ্ণ কৃষ্ণেতি কুপিতা কৃত্যা দ্বারবতীং যযৌ ॥৩৩

এদিকে সেই কাশীপতির পুরীতে কাশীরাজের ছিন্ন মস্তক পতিত রহিয়াছে দেখিয়া বিস্মিতভাবে লোকগণ পরস্পর বলাবলি করিতে লাগিল যে, ইহা কি প্রকারে হইল এবং কেই বা করিল? ২৮

অনন্তর কাশীরাজপুত্র "এই কর্ম্ম বাসুদেব কর্ত্তৃক কৃত" ইহা জানিতে পারিয়া পুরোহিতের সহিত একত্রে শঙ্করের উপাসনা করিতে লাগিল।২৯

অবিমুক্ত মহাক্ষেত্রে কাশীরাজপুত্রের আরাধনায় ভগবান্ শঙ্কর তুষ্ট হইয়া তাহাকে বলিলেন,—"হে বৎস! তুমি বর প্রার্থনা কর।৩০

তখন কাশীরাজ পুত্র বর প্রার্থনা করিল যে, হে ভগবন্! আমার পিতৃহন্তা কৃষ্ণের বিনাশের জন্য, আপনার প্রসাদে এক কৃত্যা উত্থিত হউক* ।৩১

পরাশর বলিলেন,—তখন মহেশ্বর বলিলেন,—আচ্ছা, তাহাই হইবে। তারপর দক্ষিণাগ্নিতে অনুষ্ঠিত যজ্ঞ সমাপ্ত হইলে, সেই অগ্নি হইতে বিনাশকারিণী মহাকৃত্যা শক্তি উত্থিত হইলেন।৩২

* (ইহার অর্থ এইরূপও হয়—"আমার বধের জন্য আমার পিতৃহন্তা কৃষ্ণের নিকট এক কৃত্যা উৎপন্ন হউক"। এইজন্য এই বরের ফল যদি বিপরীত হয়, তাহা হইলে শঙ্করের বর বিফল হইবার শঙ্কা থাকিবে না।)

পাঠান্তর :—(ক) প্রোথিতো গদয়া ভগ্নো ধ্বজস্থাংশ্চ গরুত্মতা। (খ)—ছিন্নং কেনেতি বিস্মিতঃ।

তামবেক্ষ্য জনত্রাসবিচলল্লোচনো মুনে।
যযৌ শরণ্যং জগতাং শরণং মধুসূদনম্ ॥৩৪
কাশিরাজসুতেনেয়মারাধ্য বৃষভধ্বজম্।
উৎপাদিতা মহাকৃত্যেত্যবগম্যাথ চক্রিণা ॥৩৫
জহি কৃত্যামিমামুগ্রাং বহ্নিজ্বালাজটালকাম্।
চক্রমুৎসৃষ্টমক্ষেষু ক্রীড়াসক্তেন লীলয়া ॥৩৬
তদগ্নিমালাজটিলজ্বালোদ্গারাতিভীষণাম্।
কৃত্যামনুজগামাশু বিষ্ণুচক্রং সুদর্শনম্ ॥৩৭
চক্রপ্রতাপবিধ্বস্তা কৃত্যা মাহেশ্বরী তদা।
ননাশ বেগিনী বেগাৎ তদপ্যনুজগাম তাম্ ॥৩৮
কৃত্যা বারাণসীমেব প্রবিবেশ ত্বরান্বিতা।
বিষ্ণুচক্রপ্রতিহতপ্রভাবা মুনিসত্তম ॥৩৯
ততঃ কাশীবলং ভূরি প্রমথ্যানাং তথা বলম্।
সমস্তশস্ত্রাস্ত্রযুতং চক্রস্যাভিমুখং যযৌ ॥৪০
শস্ত্রাস্ত্রমোক্ষচতুরং দগ্ধ্বা তদ্বলমোজসা।
কৃত্যাগর্ভাময়েশাং তাং দগ্ধ্বা বারাণসীং পুরীম্ ॥৪১
সভূভৃদ্ভৃত্যপৌরাস্ত সাশ্বমাতঙ্গমানবাম্।
অশেষকোশগোষ্ঠাং তাং চুল্লিরীক্ষ্যাং সুরৈরপি ॥৪২
জ্বালাপরিপ্লুতাশেষ-গৃহ-প্রাকারচত্বরাম্।
দদাহ তদ্বরশ্চক্রং সকলামেব তাং পুরীম্ ॥৪৩
অক্ষীণামর্ষনভ্যুগ্রদাধ্যসাধনসস্পৃহম্।
তচ্চক্রং প্রস্ফুরদ্দীপ্তি বিষ্ণোরভ্যাযযৌ করম্ ॥৪৪
ইতি বিষ্ণুপুরাণে পঞ্চমাংশে চতুস্ত্রিংশঃ অধ্যায়ঃ ॥

অনন্তর কুপিতা কৃত্যা 'কৃষ্ণ কৃষ্ণ' এই প্রকার সম্বোধন করিতে করিতে দ্বারকাপুরীতে প্রস্থান করিলেন। ঐ কৃত্যার মুখমণ্ডল বহ্নিশিখা দ্বারা ভয়ানক হইয়াছিল এবং তাঁহার কেশসমূহ অগ্নির ন্যায় দেদীপ্যমান ছিল। হে মুনে! সেই কৃত্যাকে দেখিয়া জনসমূহ ভয়বিচলিতলোচনে জগতের শরণ্য সেই মধুসূদনের শরণাপন্ন হইল ।৩৫-৩৪

ভগবান্ মহাদেবের আরাধনা করিয়া কাশীরাজপুত্র এই মহাকৃত্যাকে উৎপাদন করিয়াছে, চক্রী কৃষ্ণ এই কথা জানিতে পারিলেন। তখন "এই বহ্নিশিখাময়ী জটাধারিণী মহাকৃত্যাকে বিনাশ কর" এই বলিয়া অক্ষক্রীড়া-(পাশাখেলা) সক্ত ভগবান্ কৃষ্ণ অক্ষক্রীড়ায় অক্ষচালনার ন্যায় অবলীলাক্রমে সুদর্শন চক্র পরিত্যাগ করিলেন। তারপর বিষ্ণুচক্র সুদর্শন সত্বর সেই অগ্নিমালাসমূহে জটিল শিখারাশির উদ্গারে অতিভীষণ কৃত্যার অনুগমন করিতে লাগিলেন ।৩৫-৩৭

অনন্তর অতিবেগবতী মাহেশ্বরী (মহেশ্বর হইতে উৎপন্না) কৃত্যা বিষ্ণুচক্রপ্রভাবে বিধ্বস্তা হইয়া অতিবেগে পলায়ন করিতে লাগিলেন এবং সুদর্শনও তাঁহার অনুসরণ করিয়া চলিলেন। এই প্রকার পলায়নপরায়ণা কৃত্যা অবশেষে অতি ত্বরিতগতিতে বারাণসীপুরীতে প্রবেশ করিলেন। হে মুনিশ্রেষ্ঠ! বিষ্ণুচক্রের প্রভাবে তাঁহার সমুদয় প্রভাবই প্রতিহত হইয়াছিল ।৩৮-৩৯

তারপর কাশীরাজসৈন্য ও অনেক প্রমথসৈন্য নানা শস্ত্রাস্ত্রে সজ্জিত হইয়া (যুদ্ধের জন্য) চক্রের অভিমুখে গমন করিতে লাগিল ।৪০

তৎপরে শস্ত্রাস্ত্র-নিক্ষেপ-চতুর সেই সৈন্যগণকে তেজঃপ্রভাবে দগ্ধ করিয়া সুদর্শনচক্র অবশেষে কৃত্যার সহিত সেই বারাণসীপুরীকেও দগ্ধ করিয়া ফেলিলেন ।৪১

ঐ পুরীতে সেই সময় রাজা, সৈন্য, ভৃত্য, অশ্ব, হস্তী ও মানবগণ এবং অনেক কোষ ও গোষ্ঠ যাহা ছিল, সমুদয়ই দগ্ধ হইয়া গেল। সেই হরিচক্র জ্বালা-প্রলিপ্ত সমস্ত গৃহ, প্রাচীর ও চত্বরশালিনী এবং দেবগণেরও দুর্দর্শনীয় সেই সমস্ত পুরীকেই দাহ করিয়া ফেলিলেন ।৪২-৪৩

তারপর অতিশয় দীপ্তিমান্ সুদর্শনচক্র বিষ্ণুর হস্তে পুনর্ব্বার উপস্থিত হইলেন। হে মুনে! ঐ চক্র এতই ক্রোধযুক্ত হইয়াছিলেন যে, এত বড় কর্ম্ম সম্পাদন করিয়াও, ইহা অতি অল্প বলিয়া আরও ভীষণ কর্ম্মের প্রতি তাঁহার পূর্ণ স্পৃহা তখনও বিরাজমান ছিল ।৪৪

বিষ্ণুপুরাণের পঞ্চমাংশে চতুস্ত্রিংশ অধ্যায় সমাপ্ত।

পঞ্চত্রিংশঃ অধ্যায়ঃ

[কৃষ্ণপুত্র-শাম্বস্য বিবাহঃ ।]

মৈত্রেয় উবাচ ।

ভূয় এবাহমিচ্ছামি বলভদ্রস্য ধীমতঃ ।
শ্রোতুং পরাক্রমং ব্রহ্মন্ তন্মমাখ্যাতুমর্হসি ॥১
যমুনাকর্ষণাদীনি শ্রুতানি ভগবন্ময়া ।
তৎ কথ্যতাং মহাভাগ যদন্যৎ কৃতবান্ বলঃ ॥২

পরাশর উবাচ ।

মৈত্রেয় শ্রূয়তাং কর্ম্ম যদ্ রামেণাভবৎ কৃতম্ ।
অনন্তেনাপ্রমেয়েণ শেষেণ ধরণীধৃতা ॥৩
দুর্য্যোধনস্য তনয়াং (ক) স্বয়ংবরকৃতক্ষণাম্ ।
বলাদাদত্তবান্ বীরঃ শাম্বো জাম্ববতীসুতঃ ॥৪
ততঃ ক্রুদ্ধা মহাবীর্য্যাঃ কর্ণ-দুর্য্যোধনাদয়ঃ ।
ভীষ্ম-দ্রোণাদয়শ্চৈব বব্ধুর্ধি নির্জ্জিতন্ ॥৫

তচ্ছ্রুত্বা যাদবাঃ সর্ব্বে ক্রোধং দুর্য্যোধনাদিষু ।
মৈত্রেয় চক্রুশ্চ ততো নিহন্তুং তে মহোদ্যমম্ (খ)॥৬
তান্ নিবার্য্য বলঃ প্রাহ মদলোলাকুলাক্ষরম্ ।
মোক্ষ্যন্তি তে মদ্বচনাদ্ যাস্যাম্যেকো হি
কৌরবান্ ॥৭

পরাশর উবাচ ।

বলদেবস্ততো গত্বা নগরং নাগসাহ্বয়ম্ ।
বাহ্যোপবনমধ্যেঽভূদ্ ন বিবেশ চ তৎপুরম্ ॥৮
বলমাগতমাজ্ঞায় ভূপা দুর্য্যোধনাদয়ঃ ।
গামর্ঘ্যমুদকঞ্চৈব রামায় প্রত্যবেদয়ন্ ॥৯
গৃহীত্বা বিধিবৎ সর্ব্বং ততস্তানাহ কৌরবান্ ।
আজ্ঞাপয়ত্যুগ্রসেনঃ শাম্বমাশু বিমুঞ্চত ॥১০

পঞ্চত্রিংশ অধ্যায়

[কৃষ্ণপুত্র শাম্বের বিবাহ ।]

মৈত্রেয় বলিলেন,—হে ব্রহ্মন্ ! আমি পুনর্ব্বার ধীমান্ বলভদ্রের পরাক্রমবার্ত্তা শ্রবণ করিতে ইচ্ছা করি ; আপনি তাহা কৃপাপূর্ব্বক আমার নিকট বলুন ।১

হে ভগবন্ ! বলভদ্র যমুনাকর্ষণাদি যে সকল কর্ম্ম করিয়াছিলেন, তাহা আমি ত শ্রবণ করিয়াছি ; এক্ষণে তিনি অন্য অন্য যাহা করিয়াছিলেন, তাহাই আমার নিকটে কীর্ত্তন করুন ।২

পরাশর বলিলেন,—হে মৈত্রেয় ! অনন্ত অপ্রমেয় ধরণীধর শেষাবতার বলরাম যে কর্ম্ম করিয়াছিলেন, তাহা শ্রবণ কর ।৩

পূর্ব্বে স্বয়ম্বরার্থে সজ্জিতা দুর্য্যোধনতনয়াকে জাম্ববতীপুত্র বীর শাম্ব বলপূর্ব্বক গ্রহণ করিয়াছিলেন ।৪

সেই সময়ে কর্ণ, দুর্য্যোধন, ভীষ্ম ও দ্রোণ প্রভৃতি বীরগণ মহাক্রুদ্ধ হইয়া শাম্বকে যুদ্ধে পরাজয়পূর্ব্বক বন্ধন করিলেন ।৫

হে মৈত্রেয় ! এই কথা শ্রবণ করিয়া সকল যাদবগণই দুর্য্যোধনাদির উপর ক্রোধ করিলেন এবং তাঁহাদিগকে বিনাশ করিবার জন্য এক মহোদ্যম করিলেন ।৬

তখন বলদেব তাঁহাদিগকে মদ্যপানজনিত চাঞ্চল্যে অস্পষ্ট স্বরে নিবারণপূর্ব্বক বলিলেন,—সেই কৌরবগণ আমার বাক্যেই তাহাকে পরিত্যাগ করিবে ; অতএব আমি একাকীই তাহাদের নিকট যাইতেছি ।৭

পরাশর বলিলেন,—তারপর বলদেব হস্তিনাপুরে গমন করিয়া তাহার বাহ্য উপবনের মধ্যেই অবস্থিতি করিলেন ; নগরের মধ্যে প্রবেশ করিলেন না ।৮

দুর্য্যোধনাদি নৃপতিগণ "বলভদ্র উপস্থিত হইয়াছেন" ইহা জানিয়া সেই বলরামকে গাভী, জল ও অর্ঘ্য নিবেদন করিলেন ।৯

পাঠান্তর :—(ক) সুযোধনস্য তনয়াং—। (খ)—কৃষ্ণ তান্ নিহন্তুং মহোদ্যমম্ ।

ততস্তে তদ্বচঃ শ্রুত্বা ভীষ্মদ্রোণাদয়ো দ্বিজ (ক)।
কর্ণদুর্য্যোধনাদ্যাশ্চ চুক্রুধুর্দ্বিজসত্তম ॥১১
উচুশ্চ কুপিতাঃ সর্ব্বে বাহ্লীকাদ্যাশ্চ কৌরবাঃ।
অরাজ্যার্হং যদোর্ব্বংশমবেক্ষ্য মুসলায়ুধম্ ॥১২
ভো ভো কিমেতদ্ভবতা বলভদ্রেরিতং বচঃ।
আজ্ঞাং কুরুকুলোত্থানাং যাদবঃ কঃ প্রদাস্যতি ॥১৩
উগ্রসেনোঽপি যস্যাজ্ঞাং কৌরবাণাং প্রদাস্যতি।
তদলং পাণ্ডুরচ্ছত্রৈর্নৃপযোগৈর্বিড়ম্বিতৈঃ ॥১৪
তদগচ্ছ বল পাপাঢ্যং শাম্বমন্যায়চেষ্টিতম্।
বিমোক্ষ্যামো ন ভবতো নোগ্রসেনস্য শাসনাৎ ॥১৫
প্রণতির্যা কৃতাস্মাকমার্য্যাণাং (খ) কুকুরান্ধকৈঃ।
ননাম সা কৃতা কেয়মাজ্ঞা স্বামিনি ভৃত্যতঃ ॥১৬
গর্ব্বমারোপিতা যূয়ং সমানাসনভোজনৈঃ।
কো দোষো ভবতাং নীতির্নঃ প্রীত্যা নাবলোকিতা ॥১৭
অস্মাভির্যো ভবদ্ভ্যো যোঽয়ং বল নিবেদিতঃ।
প্রেম্ণৈতন্মে তদস্মাকং কুল্যা(গ) যুষ্মৎকুলোচিতম্ ॥১৮

পরাশর উবাচ।

ইত্যুক্ত্বা কুরবঃ সর্ব্বে ন মুকামো হরেঃ সুতম্।
কৃতৈকনিশ্চয়াস্তূর্ণং বিবিশুর্গজসাহ্বয়ম্ ॥১৯
ততঃ কোপেন চাঘূর্ণংস্তদধিক্ষেপজন্মনা।
উত্থায় পার্ষ্ণ্যা বসুধাং জঘান স হলায়ুধঃ ॥২০
ততো বিদারিতা পৃথ্বী পাদ্বিঘাতাস্মহাত্মনঃ।
আস্ফোটয়ামাস তথা দিশঃ শব্দেন পূরয়ন্ ॥২১

বলভদ্র সেই সকল অর্ঘ্যাদি বিধিবৎ গ্রহণপূর্ব্বক তাঁহাদিগকে বলিয়া পাঠাইলেন যে, রাজা উগ্রসেন আজ্ঞা করিতেছেন,—আপনারা শীঘ্র শাম্বকে প্রত্যর্পণ করুন।১০

হে দ্বিজ! তারপর ভীষ্ম, দ্রোণ, কর্ণ ও দুর্য্যোধন প্রভৃতি সকলেই বলদেবের সেই বাক্য শ্রবণ করিয়া অতিশয় ক্রুদ্ধ হইলেন।১১

যদুবংশকে রাজ্যপদের অযোগ্য বিবেচনা করত বাহ্লীকাদি কৌরবগণ কুপিত হইয়া মুসলাস্ত্রধারী বলরামকে বলিতে লাগিলেন যে, বলভদ্র! আপনি একি কথা বলিতেছেন? কোন্ যাদবের এই প্রকার ক্ষমতা যে, কুরুকুলোৎপন্ন আমাদিগের উপরও আজ্ঞা প্রদান করে? ১২-১৩

উগ্রসেনও যদি কৌরবগণের প্রতি আজ্ঞা প্রদান করিতে পারে, তবে আর এ নৃপযোগ্য ও বিড়ম্বনামাত্রসার পাণ্ডুরচ্ছত্রসমূহে আমাদের কি প্রয়োজন? ১৪

সুতরাং তাঁহারা বলিয়া পাঠাইলেন যে, হে বলভদ্র। আপনি গমন করুন। আমরা আপনার অথবা উগ্রসেনের শাসনে পাপী ও অন্যায়কারী শাম্বকে পরিত্যাগ করিব না।১৫

কুকুর ও অন্ধককুলোৎপন্নগণ পূর্ব্বে পূজিত আমাদের যে প্রণাম করিতেন, এক্ষণে তাহা বন্ধ না করুন, তাহাতে ক্ষতি নাই; কিন্তু ভৃত্যগণের স্বামীর প্রতি আবার আজ্ঞা কি? আমরা আপনাদের সহিত সমান আসন ও ভোজনাদি কর্ম্মে ব্যবহার দ্বারা গর্ব্বিত করিয়া দিয়াছি। ইহাতে আপনাদের দোষ নাই; কারণ, আমরাই প্রীতিবশতঃ নীতি অবলোকন করি নাই।১৬-১৭

হে বলভদ্র! আমরা যে আপনাকে অর্ঘ্যপ্রদান করিয়াছি; ইহা কেবল প্রণয়ের জন্য দেওয়া হইয়াছে, ইহা আপনাদিগের কুলোচিত সম্মান নহে।১৮

পরাশর বলিলেন,—কুরুগণ এই কথা বলিয়া "আমরা কখনই কৃষ্ণের পুত্রকে পরিত্যাগ করিব না",—ইহা নিশ্চয় করত সত্বর হস্তিনায় প্রবেশ করিলেন।১৯

এদিকে হলায়ুধ বলরাম তাঁহাদিগের তিরস্কার-সম্ভূত কোপে মত্ত হইয়া ঘুরিতে ঘুরিতে পদ দ্বারা পৃথিবীকে আঘাত করিলেন।২০

তারপর মহাত্মা বলভদ্রের পাদতলপ্রহারে পৃথ্বী বিদারিত হইল এবং তখন তিনি স্বীয়স্থ গর্জন শব্দে দশদিক্ পূরিত করিয়া আস্ফালন করিতে লাগিলেন।২১

পাঠান্তর :—(ক) ততস্তদ্বচনং শ্রুত্বা ভীষ্ম-দ্রোণাদয়ো নৃপাঃ। (খ)—মাত্মনাং—। (গ)—কুলাদ্—।

স উবাচাতিতাম্রাক্ষো ভ্রুকুটীকুটিলাননঃ।
অহো মদাপ্লবোঽয়মদারাণাং দুরাত্মনাম্ ॥২২
কৌরবাণাং মহীপত্বমস্মাকং কিল কালজম্।
উগ্রসেনস্য যে নাজ্ঞাং মন্যন্তেঽদ্যাপি লজ্জনম্ ॥২৩
আজ্ঞাং প্রতীচ্ছেদ্ধর্ম্মেণ সহ দেবৈঃ শচীপতিঃ।
সদাধ্যাস্তে সুধর্ম্মাং তামুগ্রসেনঃ শচীপতেঃ ॥২৪
ধিঙ্ মনুষ্যশতোচ্ছিষ্টে তুষ্টিরেষাং নৃপাসনে।
পারিজাততরোঃ পুষ্পমঞ্জরীর্বনিতাজনঃ ॥২৫
বিভর্ত্তি যস্য ভৃত্যানাং সোঽপ্যেষাং ন মহীপতিঃ।
সমস্তভূভৃতাং নাথ উগ্রসেনঃ স তিষ্ঠতু ॥২৬
অদ্য নিষ্কৌরবামুর্ব্বীং কৃত্বা যাস্যামি তৎপুরীম্।
কর্ণং দুর্য্যোধনং দ্রোণমদ্য ভীষ্মং সবাহ্লিকম্ ॥২৭
দুষ্টান্ দুঃশাসনাদীংশ্চ ভূরিশ্রবসমেব চ।
সোমদত্তং শলং ভীমমর্জ্জুনং সযুধিষ্ঠিরম্ (ক) ॥২৮
যমৌ কৌরবাংশ্চান্যান্ হত্বা সাশ্বরথদ্বিপান্।
বীরমাদায় শাম্বঞ্চ সপত্নীকং ততঃ পুরীম্ ॥
দ্বারকামুগ্রসেনাদীন্ গত্বা দ্রক্ষ্যামি বান্ধবান্ ॥২৯
অথবা কৌরবাধীনং (খ) সমস্তৈঃ কুরুভিঃ সহ।
ভারাবতরণে শৌভ্রং দেবরাজেন চোদিতঃ ॥
ভাগীরথ্যাং ক্ষিপাম্যাশু নগরং নাগসাহ্বয়ম্ ॥৩০

পরাশর উবাচ।

ইত্যুক্ত্বা মদরক্তাক্ষঃ কর্ষণাধোমুখং হলম্।
প্রাকারবপ্রে বিন্যস্য (গ) চকর্ষ মুসলায়ুধঃ ॥৩১
আঘূর্ণিতং তৎ সহসা ততো বৈ হস্তিনাপুরম্ (ঘ)।
দৃষ্ট্বা সংক্ষুব্ধহৃদয়াশ্চুক্রুশুঃ সর্ব্বকৌরবাঃ ॥৩২
রাম রাম মহাবাহো ক্ষম্যতাং ক্ষম্যতাং ত্বয়া।
উপসংহ্রিয়তাং কোপঃ প্রসীদ মুসলায়ুধঃ ॥৩৩
এষ শাম্বঃ সপত্নীকস্তব নির্য্যাতিতো বল।
অবিজ্ঞাতপ্রভাবাণাং ক্ষম্যতামপরাধিনাম্ ॥৩৪

ক্রোধে চক্ষু রক্তবর্ণ করিয়া এবং ভ্রূযুগ ঈষৎ বাঁকাইয়া বলভদ্র বলিলেন,—অহো! এই সামর্থ্যহীন দুরাত্মা কৌরবগণের কি রাজগর্ব্বিত অভিমান! ২২

কৌরবগণের পৃথিবীপতিত্ব স্বতঃসিদ্ধ আর আমাদের মর্ত্ত্য বলিয়া আগন্তুক? সেইজন্য অদ্যাপি ইহারা শক্তিগর্ব্বে উগ্রসেনের আজ্ঞা প্রতিপালন না করিয়া উল্লঙ্ঘন করিতেছে।২৩

শচীপতি ইন্দ্র দেবগণের সহিত মিলিত হইয়া এই উগ্রসেনের আজ্ঞা ধর্ম্মজ্ঞানে প্রতিপালন করিয়া থাকেন এবং এই উগ্রসেন শচীপতির সেই সুধর্ম্মাখ্যা সভাতে সর্ব্বদা বিরাজমান থাকেন। অহো! কৌরবদিগকে ধিক্, শত শত মনুষ্য ব্যবহৃত নৃপাসনে তাহাদের এতই প্রীতি? যে উগ্রসেনের ভৃত্যগণেরও স্ত্রীগণ পারিজাততরুর মঞ্জরী ধারণ করিয়া থাকে, সেই উগ্রসেনও ইহাদিগের পক্ষে রাজা নয়। উগ্রসেন সমস্ত পৃথিবীপতিগণের পতি (মহারাজ) হইয়া অবস্থিতি করুন। আজ আমি একাকীই পৃথিবীকে কৌরবশূন্যা করিয়া দ্বারবতীতে প্রত্যাবর্ত্তন করিব। কর্ণ, দুর্য্যোধন, দ্রোণ, ভীষ্ম, বাহ্লীক, দুষ্ট দুঃশাসনাদি, ভূরিশ্রবাঃ, সোমদত্ত, শল্য, ভীম, অর্জ্জুন, যুধিষ্ঠির, নকুল, সহদেব এবং অন্যান্য কৌরবগণকে অশ্ব, রথ, হস্তী ও রথের সহিত বিনাশপূর্ব্বক পত্নীর সহিত বীর শাম্বকে গ্রহণ করত দ্বারাবতীতে গমন করিয়া উগ্রসেনাদি বান্ধবগণকে দর্শন করিব।২৪-২৯

অথবা আমি পূর্ব্বে দেবরাজ ইন্দ্রকর্ত্তৃক পৃথিবীর ভারহরণে প্রার্থিত হইয়াছি, সেই কারণে এক্ষণে এই কুরুকুলের অধীন হস্তিনানগরীকে কুরুগণের সহিত উৎপাটন করিয়া ভাগীরথীর মধ্যে নিক্ষেপ করিব।৩০

পরাশর বলিলেন,—মুসলায়ুধ বলরাম কোপে চক্ষু রক্তবর্ণ করিয়া পূর্ব্বোক্ত প্রকার বাক্যোচ্চারণ করত কর্ষণের জন্য লাঙ্গল অধোমুখ করিয়া হস্তিনার প্রাকার ও খাতপ্রদেশে লাগাইয়া উক্ত নগরীকে আকর্ষণ করিতে লাগিলেন।৩১

তখন সেই হস্তিনাপুরকে সহসা আঘূর্ণিত অর্থাৎ

পাঠান্তর :—(ক) সোমদত্তং শলঞ্চৈব ভীমার্জ্জুন-যুধিষ্ঠিরান্। (খ)—অথবা কৌরবাধীনং—। (গ)—প্রাকার-বপ্র-দুর্গস্য—। (ঘ)—হাস্তিনং পুরম্—।

পরাশর উবাচ।

ততো নির্যাতধামাস্ত্রঃ শাম্বং পত্নীসমন্বিতম্।
নিষ্ক্রম্য নগরাত্তূর্ণং (ক) কৌরবা মুনিপুঙ্গব ॥৩৫

ভীষ্ম-দ্রোণ-কৃপাদীনাং প্রণম্য বদতাং প্রিয়ম্।
ক্ষান্তমেতন্ময়েত্যাহ বলো বলবতাং বরঃ ॥৩৬

অষ্টাপ্যাঘূর্ণিতাকারং লক্ষ্যতে তৎ পুরং দ্বিজ।
এষ প্রবাদো রামস্য বলশৌর্য্যোপলক্ষণঃ ॥৩৭

ততস্তু কৌরবাঃ শাম্বং সম্পূজ্য হলিনা সহ।
প্রেষয়ামাসুরুদ্বাহধনভার্য্যাসমন্বিতম্ ॥৩৮

ইতি বিষ্ণুপুরাণে পঞ্চমাংশে পঞ্চত্রিংশঃ অধ্যায়ঃ ॥

দোদুল্যমান হইতে দেখিয়া কৌরবগণ সন্ত্রস্তহৃদয়ে আর্ত্তস্বরে বলিতে আরম্ভ করিলেন,—হে রাম! রাম! হে মহাবাহো! আপনি ক্ষমা করুন, ক্ষমা করুন। হে মুসলায়ুধ! আপনি কোপ সংবরণ করুন, প্রসন্ন হউন ।৩২-৩৩

হে বলদেব! এই শাম্বকে পত্নীর সহিত প্রত্যর্পণ করিতেছি, আমরা আপনার প্রভাব না জানিয়া অপরাধ করিয়াছি, আপনি ক্ষমা করুন ।৩৪

পরাশর বলিলেন,—হে মুনিশ্রেষ্ঠ! তারপর কৌরবগণ সত্বর নগর হইতে নিষ্ক্রান্ত হইয়া শাম্বকে পত্নীর সহিত বলদেবের নিকট প্রত্যর্পণ করিলেন ।৩৫

পাঠান্তর :—(ক) নগরাত্ত্বূর্ণং—।

ভীষ্ম, দ্রোণ ও কৃপ আদি সকলে প্রণামপূর্ব্বক তাঁহাকে প্রিয়বাক্য বলিতে আরম্ভ করিলেন। তখন বলিশ্রেষ্ঠ বলভদ্র তাঁহাদিগকে বলিলেন,—আচ্ছা, আমি ক্ষমা করিলাম ।৩৬

হে দ্বিজ! এই কারণে সেই সময় হইতে হস্তিনাপুর অষ্টাপি (গঙ্গার দিকে) কিছু অবনতাকারে লক্ষিত হইয়া থাকে অর্থাৎ গঙ্গার দিকে ঝুঁকিয়া থাকিতে দেখা যায়। বলভদ্রের বল ও সৌর্য্যের পরিচায়ক এই প্রভাবের প্রবাদ কীর্ত্তিত হইল ।৩৭

অনন্তর কৌরবগণ বলভদ্রের সহিত ভার্য্যা ও ধনসমন্বিত শাম্বকে পূজা করিয়া দ্বারবতীতে প্রেরণ করিলেন ।৩৮

বিষ্ণুপুরাণের পঞ্চমাংশে পঞ্চত্রিংশ অধ্যায় সমাপ্ত।

ষট্‌ত্রিংশঃ অধ্যায়ঃ

[দ্বিবিদবধঃ।]

পরাশর উবাচ।

মৈত্রেয় শ্রূয়তাং (ক) তস্য বলস্য বলশালিনঃ।
কৃতং যদদ্ভুতেনাভূত্তদপি শ্রূয়তাং দ্বিজ (খ) ॥১

নরকস্যাসুরেন্দ্রস্য দেবপক্ষবিরোধিনঃ।
সখাভবন্মহাবীর্য্যো দ্বিবিদো নাম বানরঃ ॥২

বৈরানুবন্ধং বলবান্ স চকার সুরান্ প্রতি।
নরকং হতবান্ কৃষ্ণো বলদর্পসমন্বিতম্ (গ) ॥৩

করিষ্যে সর্ব্বদেবানাং তস্মাদেতৎ প্রতিক্রিয়াম্।
যজ্ঞবিধ্বংসনং কুর্ব্বন্ মর্ত্তলোকক্ষয়ং তথা ॥৪

ততো বিধ্বংসয়ামাস যজ্ঞানজ্ঞানমোহিতঃ।
বিভেদ সাধুমর্য্যাদাং ক্ষয়ং চক্রে চ দেহিনাম্ ॥৫

দদাহ চ বনোদ্দেশান্ (ঘ) পুরগ্রামাস্তুরাণি চ।
ক্বচিচ্চ পর্ব্বতাক্ষেপৈর্গ্রামাদীন্ সমচূর্ণয়ৎ ॥৬

শৈলাম্বুৎপাট্য তোয়েষু মুমোচাম্বুনিধৌ তথা।
পুনশ্চার্ণবমধ্যস্থঃ ক্ষোভয়ামাস সাগরম্ ॥৭

তেন বিক্ষোভিতশ্চাব্ধিরুবেলোঽজায়ত দ্বিজ (ঙ)।
প্লাবয়ংস্তীরজান্ গ্রামান্ পুরাদীনতিবেগবান্ ॥৮

কামরূপী মহারূপং কৃত্বা সংস্থানশেষতঃ (চ)।
লুণ্ঠন্ ভ্রমণসংমর্দ্দৈঃ সঙ্চূর্ণয়তি বানরঃ ॥৯

ষট্‌ত্রিংশ অধ্যায়

[দ্বিবিদ বধ।]

পরাশর বলিলেন,—হে মৈত্রেয়! ব্রহ্মন্! বলশালী বলদেব অন্য যেরূপ কর্ম্ম করিয়াছিলেন, তাহা শ্রবণ কর।১

পূর্ব্বে দেবপক্ষবিরোধী নরক নামক অসুর-শ্রেষ্ঠের মহাবীর্য্যশালী এক বানর সখা ছিল। তাহার নাম দ্বিবিদ।২

সেই দ্বিবিদবানর দেবগণের প্রতি বড় শত্রুতা আরম্ভ করে। ইহার কারণ, পূর্ব্বে বল ও দর্পশালী কৃষ্ণ নরকাসুরকে বিনাশ করেন।৩

তখন দ্বিবিদ চিন্তা করিল যে, এই আমি একাকীই সকল যজ্ঞ ধ্বংস এবং মর্ত্তলোক ক্ষয় করিয়া সমস্ত দেবগণের প্রতিক্রিয়া করিব।৪

এই প্রকার নিশ্চয়ান্তে অজ্ঞান-মোহিত ঐ বানর যজ্ঞসকল নষ্ট করিতে আরম্ভ করিল, সাধুগণের মর্য্যাদাহানি করিতে লাগিল ও দেহধারিগণের ক্ষয় করিতে লাগিল।৫

কখন কখন গ্রাম, নগর ও বনসমূহ পোড়াইতে লাগিল। কখনও বা পর্ব্বত নিক্ষেপ করিয়া গ্রামাদি চূর্ণ করিয়া ফেলিল।৬

কখনও বা পর্ব্বত উৎপাটন করিয়া সমুদ্রের জলে নিক্ষেপ করিতে লাগিল। ঐ বানর পুনর্ব্বার কখন সমুদ্রের মধ্যে গিয়া সমুদ্রকে ক্ষোভিত করিতে আরম্ভ করিল।৭

হে দ্বিজ! তাহাতে ক্ষোভিত হইয়া সেই সময় সমুদ্র বেলা (তীরভাগ) অতিক্রম করিল, তারপর অতিবেগে তীরস্থিত গ্রাম ও নগরাদি প্লাবিত করিয়া ফেলিল।৮

কামরূপী বানর কখন কখন মহারূপ ধারণ করিয়া গ্রামাদির লুণ্ঠন করত ভ্রমণজন্য আঘাতের দ্বারা

পাঠান্তর :—(ক) মৈত্রেয়তদ্ বলং—। (খ)—দ্বয়া—। (গ)—দেবরাজেন চোদিত—।
(ঘ) দদাহ সবনান্ দেশান্—। (ঙ) —রুবেলো দ্বিজ জায়তে—। (চ) —শস্যাক্ষয়েবতঃ।

তেন বিপ্রকৃতং সর্ব্বং জগদেতদ্দুরাত্মনা।
নিঃস্বাধ্যায়বষট্‌কারং মৈত্রেয়াসীৎ দুঃখিতম্ ॥১০
একদা রৈবতোদ্যানে পপৌ পানং হলায়ুধঃ।
রেবতী চ মহাভাগা তথৈবাস্যা বরস্ত্রিয়ঃ ॥১১
উপগীয়মানো বিলসল্ললনাভির্মৌলিমধ্যগঃ।
রেমে যদুবরশ্রেষ্ঠঃ কুবের ইব মন্দরে ॥১২
ততঃ স বানরোঽভ্যেত্য গৃহীত্বা সীরিণো হলম্।
মুসলঞ্চ চকারাস্য সম্মুখঞ্চ বিড়ম্বনম্ ॥১৩
তথৈব যোষিতাং তাসাং জহাসাভিমুখং কপিঃ।
পানপূর্ণাংশ্চ করকাংশ্চিক্ষেপাহৃত্য বৈ তদা (ক) ॥১৪
ততঃ কোপপরীতাত্মা ভৎর্সয়ামাস তং বলঃ (খ)।
তথাপি তমবজ্ঞায় চক্রে কিলকিলাধ্বনিম্ ॥১৫

ততঃ সমুত্থায় বলো (গ) জগ্রাহ মুসলং কুষা।
সোঽপি শৈলশিলাং ভীমাং জগ্রাহ প্লবগোত্তমঃ ॥১৬
চিক্ষেপ চ স তাং ক্ষিপ্তাং মুসলেন সহস্রধা।
বিভেদ যাদবশ্রেষ্ঠঃ সা পপাত মহীতলে ॥১৭
আপতন্মুসলক্ষাসৌ (ঘ) সমুল্লঙ্ঘ্য প্লবঙ্গমঃ।
বেগেনাগম্য রোষেণ তলেনোরস্যতাড়য়ৎ ॥১৮
ততো বলেন কোপেন মুষ্টিনা মুষ্টিমাহতঃ।
পপাত রুধিরোদ্গারী বিবিদঃ ক্ষীণজীবিতঃ ॥১৯
পততা তস্করীরেণ গিরেঃ শৃঙ্গমদীর্য্যত।
মৈত্রেয় শতধা বজ্রিবজ্রেণেব হি তাড়িতম্ (ঙ) ॥২০
পুষ্পবৃষ্টিং তদা দেবা রামস্যোপরি চিক্ষিপুঃ।
প্রশশংসুস্তথাভ্যেত্য সাধ্বেতত্তে মহৎ কৃতম্ ॥২১

গ্রামাদি চূর্ণিত করিতে লাগিল। এইরূপে সেই দুরাত্মা, সকল জগতেরই অপকার করিতে লাগিল। হে মৈত্রেয়! তখন দুঃখপূর্ণ জগৎ স্বাধ্যায় (বেদাদি পাঠ) ও বষট্‌কারবর্জিত (যাগযজ্ঞহীন) হইয়া উঠিল।৯-১০

এক দিবস রৈবতোদ্যানে বলভদ্র মহাভাগা রেবতী ও অন্যান্য শ্রেষ্ঠ স্ত্রীগণ সকলে মিলিত হইয়া মদ্যপান করিতেছিলেন।১১

বিলাসবতী রমণীগণের মধ্যবর্ত্তী যদুবরশ্রেষ্ঠ বলভদ্র গান করিতে করিতে তৎকালে মন্দরপর্ব্বতে কুবেরের ন্যায় ক্রীড়ারত ছিলেন।১২

অনন্তর সেইখানে সেই দ্বিবিদনামা বানর আগমন করত বলভদ্রের মুসল ও হল গ্রহণ করিয়া তাঁহার সম্মুখে নানা প্রকার বিড়ম্বনা আরম্ভ করিল।১৩

ঐ দুর্ব্বৃত্ত বানর সেই সকল নারীগণের সম্মুখে হাস্য করিতে লাগিল এবং মদ্যপূর্ণ পানপাত্র সকল ভাঙ্গিয়া নিক্ষেপ করিতে লাগিল।১৪

তারপর বলভদ্র কোপপূর্ণ হৃদয়ে তাহাকে ভৎর্সনা করিতে লাগিলেন, কিন্তু তথাপি সেই বানর তাঁহাকে অবজ্ঞা করিয়া কিলকিলাধ্বনি করিতে লাগিল।১৫

তখন বলভদ্র ক্রোধভরে গাত্রোত্থান করিয়া মুসল গ্রহণ করিলেন এবং সেই বানরশ্রেষ্ঠও ভয়ঙ্কর এক পর্ব্বতোপম প্রস্তর গ্রহণ করিল।১৬

দ্বিবিদ সেই প্রস্তর নিক্ষেপ করিবামাত্র যাদবশ্রেষ্ঠ বলভদ্র সেই প্রস্তরকে মুসলাঘাতে সহস্র খণ্ড করিয়া ফেলিলেন। তখন সহস্রখণ্ড প্রস্তর ভূমিতে পতিত হইল।১৭

তারপর সেই বানর লাফ দিয়া মুসল উল্লঙ্ঘনকরত বলরামের সম্মুখে আসিল এবং বেগে আগমন করিয়া করতল দ্বারা ক্রোধভরে তাঁহার হৃদয়ে আঘাত করিল।১৮

তখন বলদেব ক্রোধে করতল দ্বারা তাহার মস্তকে প্রহার করিলেন। সেই প্রহারে দ্বিবিদ রুধির (রক্ত) বমন করিতে করিতে ক্ষীণপ্রাণ হইয়া ভূতলে পতিত হইল।১৯

হে মৈত্রেয়! ঐ বানরের শরীর যখন পতিত হইল, তখন তাহার ভারে ইন্দ্রের বজ্রাঘাতে বিদীর্ণ হওয়ার ন্যায় সেই পর্ব্বতশিখর শতধা বিদীর্ণ হইয়া পড়িল।২০

এইরূপে দ্বিবিদ বানর নিহত হইলে পর দেবগণ বলদেবের মস্তকে পুষ্পবৃষ্টি মোচন করিতে লাগিলেন এবং আগমনপূর্ব্বক "আপনি এই সাধু ও মহৎকর্ম্ম সাধিত

পাঠান্তর :—(ক) —ঘটা। (খ) —বলী—। (গ) —ততঃ স্মরিত্বা স বলো—। (ঘ) —অথ তমুসলং—। (ঙ) —বিদারিতম্—।

অনেন দুষ্টকপিনা দৈত্যপক্ষোপকারিণা।
জগন্নিরাকৃতং বীর দিষ্ট্যাসৌ ক্ষয়মাগতঃ ॥২২
ইত্যুক্ত্বা দিবমাজগ্মুর্দেবা হৃষ্টাঃ সগুহ্যকাঃ ॥২৩

পরাশর উবাচ।
এবংবিধান্যনেকানি বলদেবস্য ধীমতঃ।
কর্ম্মাণ্যপরিমেয়াণি শেষস্য ধরণীভৃতঃ ॥২৪
ইতি বিষ্ণুপুরাণে পঞ্চমাংশে ষট্‌ত্রিংশঃ অধ্যায়ঃ ॥

করিলেন" এই বলিয়া প্রশংসা করিতে লাগিলেন। দেবগণ আরও বলিলেন,—হে বীর! এই দুষ্ট বানর দৈত্যগণের উপকারী ছিল এবং ইহার দ্বারা জগৎ বড়ই বিপন্ন হইয়াছিল। অত্যন্ত সৌভাগ্যের বিষয় যে, আপনার নিকট এই বানর বিনাশ প্রাপ্ত হইল। দেবগণ এই কথা বলিয়া হৃষ্টান্তঃকরণে গুহ্যকগণের সহিত স্বর্গে প্রত্যাবর্ত্তন করিলেন।২১-২৩

পরাশর বলিলেন,—হে মৈত্রেয়! ধরণীধর শেষাবতার মতিমান্ বলভদ্রের এই প্রকার আশ্চর্য্যজনক নানাবিধ অপরিমেয় কর্ম্ম আরও অনেক আছে।২৪

বিষ্ণুপুরাণের পঞ্চমাংশে ষট্‌ত্রিংশ অধ্যায় সমাপ্ত।

সপ্তত্রিংশঃ অধ্যায়ঃ

[ঋষিণাং শাপঃ, যদুবংশবিনাশঃ, ভগবতঃ স্বধামপ্রত্যাবর্ত্তনঞ্চ।]

পরাশর উবাচ।
এবং দৈত্যবধং কৃষ্ণো বলদেবসহায়বান্।
চক্রে দুষ্টক্ষিতীশানাং তথৈব জগতঃ কৃতে ॥১
ক্ষিতেশ্চ ভারং ভগবান্ ফাল্গুনেন সমং বিভুঃ (ক)।
অবতারয়ামাস হরিঃ সমস্তাক্ষৌহিণীবধাৎ ॥২
কৃত্বা ভারাবতরণং ভুবো হত্বাখিলান্ নৃপান্।
শাপব্যাজেন বিপ্রাণামুপসংহৃতবান্ কুলম্ ॥৩
উৎসৃজ্য ধারকাং কৃষ্ণস্ত্যক্ত্বা মানুষ্যমাত্মভূঃ (খ)।
সাংশো বিষ্ণুময়ং স্থানং প্রবিবেশ পুনর্নিজম্ (গ) ॥৪

মৈত্রেয় উবাচ।
স বিপ্রশাপব্যাজেন সঙ্কুচ্য স্বকুলং কথম্।
কথঞ্চ মানুষং দেহমুৎসসর্জ্জ জনার্দ্দনঃ ॥৫

পরাশর উবাচ।
বিশ্বামিত্রস্তথা কণ্বো নারদশ্চ মহামুনিঃ।
পিণ্ডারকে মহাতীর্থে দৃষ্টা যদুকুমারকৈঃ ॥৬

সপ্তত্রিংশ অধ্যায়

[ঋষিগণের শাপ, যদুবংশের বিনাশ এবং ভগবানের স্বধামে প্রত্যাবর্ত্তন।]

পরাশর বলিলেন,—বলদেবের সহায়ে কৃষ্ণ এই প্রকারে জগতের মঙ্গলের জন্য দৈত্য ও দুষ্ট মহীপতিগণের বিনাশ সাধন করিলেন।১

ভগবান্ বিভু শ্রীহরি অর্জ্জুনের সহিত মিলিত হইয়া অষ্টাদশ অক্ষৌহিণী সেনা বধ দ্বারা পৃথিবীরও ভার হরণ করিলেন।২

ভগবান্ ভূমির ভার হরণপূর্ব্বক সকল দুষ্ট মহীপতিগণের বিনাশ করিয়া বিপ্রগণের শাপচ্ছলে নিজ বংশেরও উপসংহার করিলেন।৩

এই সকল কর্ম্ম সমাপনান্তে অংশাবতার আত্মভূ ভগবান্ কৃষ্ণ মনুষ্যদেহ পরিত্যাগ করিয়া পুনর্ব্বার নিজ

পাঠান্তর :—(ক) —সমন্বিতঃ। (খ) —মনুষ্যমাত্মনঃ। (গ) —পুনর্নিজম্।

ততস্তে যৌবনোন্মত্তা ভাবিকার্য্যপ্রচোদিতাঃ।
শাম্বং জাম্ববতীপুত্রং ভূষয়িত্বা স্ত্রিয়ং যথা ॥৭
প্রস্থতাংস্তান্মুনীন্নূচুঃ (ক) প্রণিপাতপুরঃসরম্।
ইয়ং স্ত্রী পুত্রকামস্য বভ্রোঃ কিং জনয়িষ্যতি ॥৮
পরাশর উবাচ।
দিব্যজ্ঞানোপপন্নাস্তে বিপ্রলব্ধাঃ কুমারকৈঃ।
মুনয়ঃ কুপিতাঃ প্রোচুর্মুসলং জনয়িষ্যতি।
যেনাখিলকুলোৎসাদো যাদবানাং ভবিষ্যতি * ॥৯
ইত্যুক্তাস্তৈঃ কুমারাস্তে আচচক্ষুর্যথাকৃতম্ (খ)।
উগ্রসেনায় মুসলং জজ্ঞে শাম্বস্য চোদরাৎ ॥১০
তদুগ্রসেনো মুসলমযশ্চূর্ণমকারয়ৎ।
জজ্ঞে চ তৈরকাশ্চূর্ণঃ প্রক্ষিপ্তস্তৈর্মহোদধৌ (গ) ॥১১
মুসলস্যাথ লোহস্য চূর্ণিতস্যাম্বুকৈরিব।
খণ্ডং চূর্ণয়িতুং শেকুর্নৈকং তে তোমরাকৃতি (ঘ) ॥১২
তদপ্যম্ভূনিধৌ কিপ্তং মৎস্যো জগ্রাহ ঘাতিভিঃ (ঙ)।
ঘাতিতস্যোদরাৎ তস্য লুব্ধো জগ্রাহ তং জরা ॥১৩
বিজ্ঞাতপরমার্থোঽপি ভগবান্ মধুসূদনঃ।
নৈচ্ছত্তদন্যথাকর্ত্তুং বিধিনা যৎ সমীহিতম্ ॥১৪
দেবৈশ্চ প্রহিতো দূতঃ (চ) প্রণিপত্যাহ কেশবম্।
রহস্যেবমহং দূতঃ প্রহিতো ভগবান্ সুরৈঃ ॥১৫
বিশ্বাশ্বি (ছ)-মরুদাদিত্য-রুদ্র-সাধ্যাদিভিঃ সহ।
বিজ্ঞাপয়তি যচ্চক্রস্তদিদং শ্রূয়তাং প্রভো ॥১৬
ভারাবতারণার্থায় বর্ষাণামধিকং শতম্।
ভগবানবতীর্ণোঽত্র ত্রিদশৈঃ সম্প্রসাদিতঃ (জ) ॥১৭

বিষ্ণুময় স্থানে প্রবেশ করিলেন। মৈত্রেয় বলিলেন,—কৃষ্ণ বিপ্রশাপচ্ছলে কি প্রকারে নিজকুল বিনষ্ট করেন এবং কি প্রকারেই বা আপনার মনুষ্যদেহ পরিত্যাগ করেন? (তাহা বিস্তারিতরূপে বলুন)।৪-৫

পরাশর বলিলেন,—পূর্ব্বে কোন দিন পিণ্ডারক-নামে মহাতীর্থে যদুকুমারগণ দেখিতে পাইলেন যে, মহামুনি বিশ্বামিত্র, কণ্ব ও নারদ আগমন করিতেছেন।৬

তখন যৌবনোন্মত্ত অবশ্যম্ভাবিকার্য্যপ্রেরিত যদু-কুমারগণ জাম্ববতীপুত্র শাম্বকে স্ত্রীলোকের ন্যায় সজ্জিত করিয়া সেই গমনরত মহামুনিগণকে প্রণিপাতপূর্ব্বক বলিলেন যে, হে মহামুনিগণ! পুত্রকামী বভ্রুর এইটি স্ত্রী, ইহার কি সন্তান হইবে, তাহা আমাদিগকে বলুন।৭-৮

পরাশর বলিলেন,—দিব্যজ্ঞানসম্পন্ন মুনিবৃন্দ কুমারগণ কর্ত্তৃক এইরূপে প্রতারিত হইয়া অতিশয় কোপ সহকারে বলিলেন যে, মুসল প্রসব করিবে এবং সেই মুসল হইতেই যাদবগণের সমস্ত বংশ ধ্বংস হইবে।৯

ঋষিগণ এইরূপে অভিশাপ প্রদান করিলে পর যদুকুমারগণ উগ্রসেনের নিকট যাইয়া এই সকল বৃত্তান্ত প্রকাশ করিলেন। তারপর শাম্বের জঠর হইতে মুসলও প্রসূত হইল।১০

উগ্রসেন সেই লৌহময় মুসলকে চূর্ণ করাইয়া সমুদ্রে নিক্ষেপ করিলেন। পরে মহাসমুদ্রে প্রক্ষিপ্ত সেই মুসলচূর্ণ এরকাবনে (যে তৃণের তিনদিক্ ধারাল, তাহাকে এরকা বলে।) পরিণত হইল।১১

হে দ্বিজ! যাদবগণ লৌহময় মুসলের প্রায় সকল খণ্ড চূর্ণ করিলেন, কিন্তু তোমরাকার একখণ্ড কোনপ্রকারে চূর্ণ করিতে না পারিয়া সমুদ্রের মধ্যে নিক্ষেপ করিলেন।১২

সমুদ্রে নিক্ষিপ্ত সেই মুসলখণ্ডকে একটি মৎস্য উদরসাৎ করিল অর্থাৎ খাইয়া ফেলিল। অনন্তর মৎস্যঘাতিগণ কর্ত্তৃক ঐ মৎস্য যখন ধৃত হইয়া খণ্ডিত হইল, তখন তাহার উদর হইতে সেই মুসলখণ্ড বাহির হইলে জরা নামক একজন ব্যাধ তাহা গ্রহণ করিল। ভগবান্ মধুসূদন এ সকল বৃত্তান্ত অবগত হইয়াও বিধাতার ইচ্ছার অন্যথা করিতে অভিলাষ করিলেন না।১৩-১৪

তারপর একদিন দেবগণপ্রেরিত এক দূত আগমন-পূর্ব্বক প্রণিপাত করিয়া কেশবকে বলিলেন,—হে ভগবন্!

* কোন কোন গ্রন্থে এই শ্লোকার্দ্ধের পূর্ব্বে নিম্নলিখিত শ্লোকার্দ্ধটি দেখা যায়,—
'সর্ব্বযাদবসংহারকারণং ভুবনোত্তমম্।'

পাঠান্তর:—(ক) প্রস্থিতাংস্তান্ মুনীন্নূচুঃ—। (খ)—ইত্যুক্তাস্তে কুমারাস্তু আচচক্ষুর্যথাতথম্—।
(গ)—জজ্ঞে তদেরকাচূর্ণং প্রক্ষিপ্তং তৈর্মহোদধৌ—। (ঘ)—চূর্ণিতস্যেষত্তু যতো ধৃতং—। (ঙ)—ঘাতিভিঃ—।
(চ)—দেবৈশ্চ প্রহিতো বাহুঃ—। (ছ)—বসবি—। (জ)—ত্রিদশৈঃ সহ চোদিতঃ।

দুর্বৃত্তা নিহতা দৈত্যা ভুবো ভারোঽবতারিতঃ।
ক্ষয়ং সনাথাত্রিদশা ভবন্তু ত্রিদিবে পুনঃ (ক) ॥১৮
তদতীতং জগন্নাথ বর্ষাণামধিকং শতম্।
ইদানীং গম্যতাং স্বর্গো ভবতা যদি রোচতে ॥১৯
দেবৈর্বিজ্ঞাপ্যতে চেদমথাত্রৈব স্থিতিস্তব।
তৎ স্থীয়তাং যথাকালমাখ্যেয়মনুজীবিভিঃ ॥২০

শ্রীভগবানুবাচ।

যত্ত্বমাখ্যাখিলং দূত বেত্ম্যেতদহমপ্যুত।
প্রারব্ধ এব হি ময়া যাদবানামপি ক্ষয়ঃ (খ) ॥২১
ভুবো নাস্যাপি ভারোঽয়ং যাদবৈরনিবর্হিতৈঃ।
অবতার্য্য করোম্যেতৎ সপ্তরাত্রেণ সত্বরঃ ॥২২
যথা গৃহীতামম্ভোধের্দ্বারকাভুবম্।
যাদবানুপসংহৃত্য যাস্যামি ত্রিদিবালয়ম্ ॥২৩
মনুষ্যদেহমুৎসৃজ্য সঙ্কর্ষণসহায়বান্।
প্রাপ্ত এবাস্মি মন্তব্যো দেবেন্দ্রেণ তথাপ্যুরৈঃ ॥২৪
জরাসন্ধাদয়ো যেঽন্যে নিহতা ভারহেতবঃ।
ক্ষিতেস্তেভ্যঃ কুমারোঽপি যদূনাং নাপকীর্য্যতে ॥২৫
তদেনং সুমহাভারমবতার্য্য ক্ষিতেরহম্।
যাস্যাম্যমরলোকস্য পালনায় ব্রবীহি তান্ ॥২৬

পরাশর উবাচ।

ইত্যুক্তো বাসুদেবেন দেবদূতঃ প্রণম্য তম্।
মৈত্রেয় দিব্যয়া গত্যা দেবরাজান্তিকং যযৌ ॥২৭

নির্জ্জনে কোন কথা বলিবার জন্য দেবগণ আপনার নিকটে আমাকে দূতরূপে প্রেরণ করিয়াছেন।১৫

বিশ্বদেব, অশ্বিনীকুমার, বায়ু, আদিত্য ও রুদ্রাদির সহিত ইন্দ্র আপনার নিকট যে নিবেদন করিয়াছেন, হে প্রভো! আপনি তাহা শ্রবণ করুন।১৬

ইন্দ্র কহিয়াছেন যে, হে ভগবন্! আপনি পৃথিবীর ভারাবতারণের জন্য দেবগণ কর্ত্তৃক প্রণোদিত হইয়া শতবর্ষেরও অধিক হইল ভূমণ্ডলে অবতীর্ণ হইয়াছেন।১৭

হে প্রভো! এক্ষণে দুর্বৃত্তগণ সকলে নিহত হইয়াছে এবং পৃথিবীর ভারও অবতারিত হইয়াছে; অতএব আমরা প্রার্থনা করি যে, দেবগণ স্বর্গে পুনর্ব্বার আপনার সহিত মিলিত হইয়া সনাথ হউন।১৮

হে জগন্নাথ! শতবর্ষেরও অধিক অতীত হইয়াছে; এক্ষণে যদি আপনার রুচি হয়, তবে স্বর্গে গমন করুন। হে ভগবন্! দেবগণ ইহা নিবেদন করিলেন; এক্ষণেও যদি আপনার এখানে থাকিতে অভিলাষ হয়, তবে অবস্থান করুন। যথাসময়ে প্রভুর নিকট কর্ত্তব্যবিষয়ের উল্লেখ করা—ইহাই ভৃত্যগণের কর্ত্তব্য কর্ম্ম।১৯-২০

শ্রীভগবান্ বলিলেন,—হে দূত! তুমি যাহা বলিলে, আমি তৎসমস্তই জানি এবং সেইজন্যই আমি নিজেই যাদবকুলের ক্ষয় আরম্ভ করিয়াছি।২১

যাদবগণের সংহার না হইলে, পৃথিবীর ভার অবতারিত হইবে না, এই কারণে আমি অতি সত্বর সপ্তরাত্রের মধ্যে ইহাদিগকে সংহার করিয়া পৃথিবীর ভারাবতারণ করিব।২২

আমি যেমন সমুদ্র হইতে দ্বারকাপুরী গ্রহণ করিয়াছি; সেই প্রকারে সমুদ্রকে পুনর্ব্বার দ্বারকাভূমি অর্পণ করত যাদবগণকে বিনাশ করিয়া স্বর্গধামে গমন করিব।২৩

বলভদ্রের সহিত মনুষ্যদেহ পরিত্যাগপূর্ব্বক আমি স্বর্গে গমন করিয়াছি, দেবগণের সহিত ইন্দ্র এ প্রকারই মনে করুন।২৪

পৃথিবীর ভারহেতু জরাসন্ধাদি যে সকল বীর নিহত হইয়াছে, তাহাদিগের অপেক্ষা যদুকুমারগণ কোন প্রকারেই ক্ষিতিভার সম্বন্ধে হীন নহে।২৫

সেই জন্য আমি ক্ষিতির ভারহরণ-রূপ এই সুমহাকার্য্য সাধিত করিয়া, দেবলোকপালনের জন্য স্বর্গে গমন করিব। তুমি দেবগণের নিকট এই কথা বলিবে।২৬

পরাশর বলিলেন,—হে মৈত্রেয়! বাসুদেব এইরূপ

পাঠান্তর :—(ক)—সদা।
(খ) —পরিক্ষয়ঃ—।

ভগবানপ্যথোৎপাতান্ দিব্যভৌমান্তরীক্ষগান্।
দদর্শ দ্বারকাপুর্য্যাং বিনাশায় বিধানিশম্ ॥২৮

তান্ দৃষ্ট্বা যাদবানাহ পশ্যধ্বমতিদারুণান্।
মহোৎপাতান্ শমায়ৈষাং প্রভাসং যাম মা চিরম্ ॥২৯

পরাশর উবাচ।

এবমুক্তে তু কৃষ্ণেন যাদবপ্রবরস্ততঃ।
মহাভাগবতঃ প্রাহ প্রণিপত্যোদ্ধবো হরিম্ ॥৩০

ভগবন্ যন্ময়া কার্য্যং তদাজ্ঞাপয় সাম্প্রতম্।
মন্যে কুলমিদং সর্ব্বং ভগবান্ সংহরিষ্যতি।
নাশায়াস্য নিমিত্তানি কুলস্যাচ্যুত লক্ষয়ে ॥৩১

শ্রীভগবানুবাচ।

গচ্ছ ত্বং দিব্যয়া গত্যা মৎপ্রসাদসমুত্থয়া।
বদরীমাশ্রমং (ক) পুণ্যং গন্ধমাদনপর্ব্বতে ॥৩২

নর-নারায়ণস্থানে তৎপবিত্রমহীতলে (খ)।
মন্মনা মৎপ্রসাদেন তত্র সিদ্ধিমবাপ্স্যসি ॥৩৩

অহং স্বর্গং গমিষ্যামি উপসংহৃত্য বৈ কুলম্।
দ্বারকাঞ্চ ময়া ত্যক্তাং সমুদ্রঃ প্লাবয়িষ্যতি ॥*৩৪

পরাশর উবাচ।

ইত্যুক্তঃ প্রণিপত্যৈনং জগামাথ ততোদ্ধবঃ।
নর-নারায়ণস্থানং কেশবেনানুমোদিতঃ ॥৩৫

ততস্তে যাদবাঃ সর্ব্বে রথানারুহ্য শীঘ্রগান্।
প্রভাসং প্রযযুঃ সার্দ্ধং কৃষ্ণ-রামাদিভির্বিভো ॥৩৬

প্রাপ্য প্রভাসং প্রযতাঃ স্নাতাস্তে কুকুরান্ধকাঃ।
চক্রুস্তত্র সুরাপানং বাসুদেবানুমোদিতাঃ (গ) ॥৩৭

পিবতাং তত্র বৈ তেষাং সঙ্ঘর্ষেণ পরস্পরম্।
অভিবাদেক্ষনো জজ্ঞে কলহাগ্নিঃ ক্ষয়াবহঃ ॥৩৮

বলিলে, দেবদূত তাঁহাকে প্রণাম করিয়া দিব্যগতিতে দেবরাজের নিকটে উপস্থিত হইলেন।২৭

এদিকে ভগবান্‌ও দিবারাত্রিই দ্বারকাপুরীতে যদুকুলের বিনাশসূচক নানাপ্রকার দিব্য, ভৌম ও অন্তরীক্ষগত উৎপাত অবলোকন করিতে লাগিলেন।২৮

সেই সকল উৎপাত অবলোকন করিয়া ভগবান্ যাদবগণকে বলিলেন যে, হে যাদবগণ! এই সকল বিনাশসূচক উৎপাত অবলোকন কর, এক্ষণে আমরা সকলে এই সমস্ত উৎপাতের শান্তি করিবার জন্য অবিলম্বে প্রভাসতীর্থে গমন করিব। পরাশর বলিলেন,—কৃষ্ণ এই কথা বলিলে পর, মহাভাগবত যাদবশ্রেষ্ঠ উদ্ধব হরিকে প্রণামপূর্ব্বক বলিলেন।২৯-৩০

হে ভগবন্! এক্ষণে যাহা আমার কর্ত্তব্য, আপনি আমাকে তাহা আদেশ করুন। আমি বিবেচনা করিতেছি যে, বোধ হয় ভগবান্ (আপনি) এই সমগ্র যদুকুলের সংহার করিবেন। হে অচ্যুত! এই কুলের বিনাশসূচক নিমিত্তসকল আমি অবলোকন করিতেছি।৩১

শ্রীভগবান্ বলিলেন,—হে উদ্ধব! তুমি আমার প্রসাদে দিব্যগতি অবলম্বন করিয়া গন্ধমাদন-পর্ব্বতে স্থিত বদরী-নামক পুণ্যাশ্রমে অর্থাৎ বদরিকাশ্রমে গমন কর।৩২

সেই আশ্রম নর-নারায়ণের নিবাস স্থান, তাহারই স্থিতিতে এই মহীতল পবিত্র হইয়াছে। তুমি সেই আশ্রমে গমনপূর্ব্বক আমাতে চিত্ত নিবিষ্ট করিয়া তপস্যা করিও; পরে আমারই প্রসাদে তোমার অভীষ্টসিদ্ধি হইবে।৩৩

আমি এই কুলের উপসংহার (বিনাশ) করিয়া স্বর্গে গমন করিব। আমি স্বর্গে গমন করিলে পর, সমুদ্র মৎপরিত্যক্ত দ্বারকাপুরীকে প্লাবিত করিবে।৩৪

পরাশর বলিলেন,—ভগবান্ এইকথা বলিলে পর, উদ্ধব তাঁহাকে প্রণাম করত কেশব কর্ত্তৃক অনুমোদিত হইয়া নর-নারায়ণের বাসস্থান বদরিকাশ্রমে গমন করিলেন।৩৫

হে দ্বিজ! তারপর যাদবগণ কৃষ্ণ ও বলরামের সহিত শীঘ্রগামী রথসমূহে আরোহণপূর্ব্বক প্রভাসতীর্থে গমন করিলেন।৩৬

অনন্তর কুকুর ও অন্ধকবংশীয় যাদবগণ প্রভাসে উপস্থিত হইয়া সংযতচিত্তে স্নান করত বাসুদেবের

---

* কোন কোন গ্রন্থে ৩৪ নং শ্লোকের পর নিম্নলিখিত শ্লোক দুইটি অধিক দেখা যায়,—

"যদুবেশ্ম চৈবং মুক্ত্বা তু ভবান্মেতো ভবাশয়ে। তত্র সন্নিহিতশ্চাহং চক্রাণাং হিতকাম্যয়া॥"

পাঠান্তর :—(ক) যদুবর্য্যাশ্রমং —। (খ) —তৎপবিত্রং মহীতলে। (গ) প্রভাসং সমনুপ্রাপ্তাঃ কুকুরান্ধক-বৃষ্ণয়ঃ। চক্রুস্তত্র মহাপানং বাসুদেবেন চোদিতাঃ॥

জঘ্নুঃ পরস্পরং তে তু শস্ত্রৈর্দৈববলাৎ কৃতাঃ।
ক্ষীণশস্ত্রাশ্চ জগৃহুঃ প্রত্যাসন্নামথৈরকাম্* ॥৩৯
এরকা তু গৃহীতা তৈর্বজ্রভূতেব লক্ষ্যতে।
তয়া পরস্পরং জঘ্নুঃ সম্প্রহারে সুদারুণে ॥৪০
প্রদ্যুম্ন-শাম্বপ্রমুখাঃ কৃতবর্ম্মাথ সাত্যকিঃ।
অনিরুদ্ধাদয়শ্চান্যে পৃথুবিপৃথুরেব চ ॥৪১
চারুবর্ম্মা চারুকশ্চ তথাক্রূরাদয়ো দ্বিজ।
এরকারূপিভির্বজ্রৈস্তে নিজঘ্নুঃ পরস্পরম্ ॥৪২
নিবারয়ামাস হরির্যাদবাংস্তে চ কেশবম্।
সহায়ং মেনিরে প্রাপ্তং তে নিজঘ্নুঃ পরস্পরম্ ॥৪৩
কৃষ্ণোঽপি কুপিতস্তেষামেরকামুষ্টিমাদদে।
বধায় সোঽপি মুসলং মুষ্টির্লোহোঽভবত্তদা ॥৪৪

আজ্ঞানুসারে সুরাপান করিতে আরম্ভ করিলেন। সেই স্থানে তাঁহারা সুরাপানপূর্ব্বক পরস্পর সমবেত এক কলহ উত্থাপিত করিলেন; ক্রমে ঐ কলহরূপী বহ্নি অভিবাহরূপ কাষ্ঠসংযোগে আরও প্রবল হইয়া উঠিল এবং ঐ কলহাগ্নিই যদুকুলের ক্ষয়ের কারণরূপে পরিণত হইল। তখন যাদবগণ পরস্পর বিবাদবশে শস্ত্র দ্বারা প্রহার করিতে লাগিলেন। যখন অস্ত্রাদি নিঃশেষ হইয়া যাইল, তখন তাঁহারা নিকটবর্ত্তী এরকা গ্রহণ করিলেন। সেই সুদারুণ যুদ্ধক্ষেত্রে তাঁহাদিগের গৃহীত এরকা বজ্রের ন্যায় লক্ষিত হইতে লাগিল এবং তাঁহারাও সেই এরকা দ্বারা পরস্পর প্রহার করিতে লাগিলেন।৩৭-৪০

হে দ্বিজ! প্রদ্যুম্ন, শাম্ব, কৃতবর্ম্মা, সাত্যকি, অনিরুদ্ধ, পৃথু, বিপৃথু, চারুবর্ম্মা, চারুক ও অক্রূরাদি যাদবগণ—সকলেই পরস্পরকে এরকারূপী বজ্র দ্বারা প্রহার করিতে লাগিলেন।৪১-৪২

হরি যাদবগণকে নিবারণ করিতে আরম্ভ করিলেন বটে, কিন্তু তাঁহারা যুদ্ধবিষয়ে হরিকে আপনার প্রতিপক্ষের সহায় বিবেচনা করিয়া পরস্পর হানাহানি করিতে লাগিলেন। তখন কৃষ্ণ কুপিত হইয়া তাঁহাদের বধের জন্য এরকামুষ্টিগ্রহণ করিলেন, সেই সময় ঐ এরকামুষ্টিও লৌহময় মুসলে পরিণত হইল।৪৩-৪৪

ভগবান্ সেই এরকামুষ্টি দ্বারা আততায়ী যাদবগণকে নিঃশেষরূপে বিনাশ করিতে লাগিলেন। অপর যাদবগণও সহসা আগমন করিয়া পরস্পরকে বধ করিতে লাগিলেন।৪৫

হে দ্বিজসত্তম! অনন্তর দারুকের চক্ষুর সম্মুখেই তাহাকে অবজ্ঞা করিয়া অবশিষ্ট কৃষ্ণের সেই রৈবত রথকে সমুদ্রের মধ্যে হরণ করিল।৪৬

শঙ্খ, চক্র, গদা, শার্ঙ্গ, তূণদ্বয় ও অসি,—ভগবান্‌কে প্রদক্ষিণ করিয়া আদিত্যপথ দ্বারা (আকাশমার্গে) বৈকুণ্ঠে গমন করিল।৪৭

হে মহামুনে! ক্ষণকালের মধ্যে মহাবাহু কৃষ্ণ ও দারুক ব্যতিরেকে আর সকল যাদবগণের মধ্যে কেহই বাঁচিয়া রহিলেন না। অনন্তর দারুক ও কৃষ্ণ শ্রবণ করিতে করিতে দেখিতে পাইলেন যে, বলভদ্র বৃক্ষমূলে বজ্রাসনে উপবিষ্ট রহিয়াছেন এবং তাঁহার মুখ হইতে এক প্রকাণ্ড সর্প নিষ্ক্রান্ত হইতেছে।৪৮-৪৯

ততশ্চার্ণবমধ্যেন তৈত্রোঽসৌ চক্রিণো রথঃ।
পশ্যতো দারুকস্যাশু হৃতোঽবৈধিজসত্তম (ক) ॥৪৬
চক্রং তথা গদা শার্ঙ্গং তূণৌ খড়্গোঽনিরেব চ।
প্রদক্ষিণং হরিং কৃত্বা জগ্মুরাদিত্যবর্ত্মনা ॥৪৭
ক্ষণেন নাভবৎ কশ্চিদ্ যাদবানামঘাতিতঃ।
ঋতে কৃষ্ণং মহাবাহুং দারুকঞ্চ মহামুনে ॥৪৮
চংক্রম্যমাণৌ তৌ রামং বৃক্ষমূলকৃতাসনম্।
দদৃশাতে মুখাচ্চাস্য নিষ্ক্রামন্তং মহোরগম্ ॥৪৯
নিষ্ক্রম্য স মুখাত্তস্য মহাভোগো ভুজঙ্গমঃ।
প্রযযাবর্ণবং সিদ্ধৈঃ স্তূয়মানস্তথোরগৈঃ ॥৫০

* কোন কোন গ্রন্থে ৩৯ শ্লোকের পূর্ব্বে নিম্নলিখিত শ্লোকগুলি অধিক দেখা যায়,—

মৈত্রেয় উবাচ।
স্বং স্বং দুষ্কৃতং তেষাং ফলং কিমিবমত্তকঃ।
শক্নোতি বা দ্বিজশ্রেষ্ঠ তদমাখ্যাতুমর্হসি॥

পরাশর উবাচ।
মুষ্টিং মদীয়মন্যে তে ন মুষ্টিমিতি জজ্ঞিরে।
মুষ্টামুষ্টিকথা জজ্ঞে সমবর্ত্ত-কলহৌ ততঃ॥
ততশ্চারোক্তমন্যোন্য ক্রোধসংরক্তলোচনাঃ॥

পাঠান্তর :—(ক)—প্রায়াদবৈর্যুতো দ্বিজ।

ততোঽর্ঘ্যমাদায় তদা জলধিঃ সম্মুখং যযৌ।
প্রবিবেশ চ তত্রোয়ং পূজিতঃ পন্নগোত্তমৈঃ ॥৫১
দৃষ্ট্বা বলস্য নির্য্যাণং দারুকং প্রাহ কেশবঃ।
ইদং সর্ব্বং যথাচক্ষ্ব বসুদেবোগ্রসেনয়োঃ ॥৫২
নির্য্যাণং বলভদ্রস্য যাদবানাং তথা ক্ষয়ম্।
যোগে স্থিত্বাহমপ্যেতং পরিত্যক্ষে কলেবরম্ ॥৫৩
বাচ্যশ্চ দ্বারকাবাসি-জনঃ সর্ব্বস্তথাহুকঃ।
যথেয়ং নগরী সর্ব্বা সমুদ্রঃ প্লাবয়িষ্যতি ॥৫৪
তস্মাদ্ভবদ্ভিঃ সর্ব্বৈস্তু প্রতীক্ষ্যো হ্যর্জ্জুনাগমঃ।
ন স্থেয়ং দ্বারকামধ্যে নিষ্ক্রান্তে তত্র পাণ্ডবে ॥৫৫
তেনৈব সহ গন্তব্যং যত্র যাতি স কৌরবঃ।
গত্বা চ ব্রূহি কৌন্তেয়মর্জ্জুনং বচনান্মম ॥৫৬

বলভদ্রের মুখ হইতে সেই প্রকাণ্ডশরীর সর্প নিষ্ক্রান্ত হইয়া সমুদ্রমধ্যে প্রবেশ করিলেন, তখন সিদ্ধ ও সর্পগণ তাঁহার স্তব করিতেছিলেন ।৫০

তারপর সমুদ্র অর্ঘ্য গ্রহণ করিয়া সেই অনন্ত নাগের সম্মুখে উপস্থিত হইলেন এবং সর্পশ্রেষ্ঠগণ তাঁহার পূজা করিতে লাগিলেন। পূজা সমাপ্ত হইলে, তিনি সেই জলমধ্যে প্রবেশ করিলেন ।৫১

কেশব বলদেবের নির্বাণ অবলোকন করিয়া দারুককে বলিলেন,—তুমি গিয়া বসুদেব ও উগ্রসেনের নিকট এই সকল সংবাদ বলিও ।৫২

বলভদ্রের নির্বাণ, সকল যাদবকুলের ক্ষয় ও আমি যোগে অবস্থানপূর্ব্বক দেহ পরিত্যাগ করিব,—এই সকল কথা তাঁহাদিগকে প্রকাশ করিয়া বলিবে ।৫৩

আর দ্বারকাবাসী জনগণকে ও আহুককে বলিও, এই দ্বারকা নগরীকে সমুদ্র প্লাবিত করিবে,—এই জন্য আপনারা সকলে অর্জ্জুনের আগমন প্রতীক্ষা করিবেন। কিন্তু অর্জ্জুন দ্বারকা হইতে নিষ্ক্রান্ত হইলে পর, আপনারা আর কেহই দ্বারকায় অবস্থান করিবেন না ।৫৪-৫৫

সেই কুরুবংশোৎপন্ন অর্জ্জুন যেদিকে যাইবেন, আপনারাও তাঁহার সহিত সেই দিকেই যাইবেন। (হে দারুক)। এইরূপে তুমি কুন্তিপুত্র অর্জ্জুনের

পালনীয়স্ত্বয়া শক্ত্যা জনোঽয়ং মৎপরিগ্রহঃ।'
ইত্যর্জ্জুনেন সহিতো দ্বারবত্যাং ভবান্ ব্রজেৎ।
গৃহীত্বা যাদবং বজ্রং যদুরাজ্যেঽভিষিচ্যতাম্ (ক)॥৫৭

পরাশর উবাচ।

ইত্যুক্তো দারুকঃ কৃষ্ণং প্রণিপত্য পুনঃপুনঃ।
প্রদক্ষিণঞ্চ বহুশঃ কৃত্বা প্রাযাদ্ যথোদিতম্ ॥৫৮
স গত্বা চ তথা চক্রে (খ)দ্বারকায়াং তথার্জ্জুনম্।
আনিনায় মহাবুদ্ধির্বজ্রং চক্রে তথা নৃপম্ ॥৫৯
ভগবানপি গোবিন্দো বাসুদেবাত্মকং পরম্।
ব্রহ্মাত্মনি সমারোপ্য সর্ব্বভূতেষ্বধারয়ৎ *॥৬০
সম্মানয়ন্ দ্বিজবচো দুর্ব্বাসা যদুবাচ হ।
যোগযুক্তোঽভবৎ পাদং কৃত্বা জানুনি সত্তম ॥৬১

নিকট গিয়া আমার বাক্যানুসারে বলিবে যে, 'আমার পরিবারবর্গকে তুমি নিজশক্তি অনুসারে পালন করিও,—ইহাই আমার আদেশ। অর্জ্জুনের সহিত দ্বারকার সকল জনগণকে লইয়া তুমি গমন করিও এবং বজ্রকে যদুবংশের নরপতিরূপে অভিষিক্ত করিও ।৫৬-৫৭

পরাশর বলিলেন,—ভগবান্ শ্রীকৃষ্ণ দারুককে এই কথা বলিলে, দারুক বারংবার কৃষ্ণকে প্রণাম ও বহুবার প্রদক্ষিণ করিয়া তাঁহার কথানুসারে গমন করিলেন ।৫৮

ভগবান্ যে প্রকার আদেশ করিয়াছিলেন, মহামতি দারুক তাহা সম্পাদনপূর্ব্বক অর্জ্জুনকে দ্বারকায় আনয়ন করিলেন এবং বজ্রকে নৃপতি করিলেন ।৫৯

এদিকে ভগবান্ গোবিন্দ সর্ব্বভূতেই অবস্থিত বাসুদেবাত্মক পরম-ব্রহ্মকে নিজ আত্মাতে আরোপিত করিয়া তাঁহার ধ্যান করিতে লাগিলেন ।৬০

হে সাধুশ্রেষ্ঠ! দুর্ব্বাসা (শ্রীকৃষ্ণকে) যাহা

পাঠান্তর :—(ক) স্বমর্জ্জুনেন সহিতো দ্বারবত্যাং তথা জনম্।
গৃহীত্বা যাহি বজ্রঞ্চ যদুরাজ্যে ভবিষ্যতি ॥
(খ) স চ গত্বা তথাচষ্ট—।

* কোন কোন গ্রন্থে নিম্নলিখিত শ্লোকটি ১৯ শ্লোকের পর অধিক দেখা যায়,—
নিষ্প্রপঞ্চে মহাভাগ সংযোজ্যাত্মানমাত্মনি।
দুর্ব্যবস্থং মনীষিভ্যো দেহে স পুরুষোত্তমঃ ॥

আয়যৌ চ জরানাম স তদা তত্র লুব্ধকঃ।
মুসলাবশেষলৌহ-সায়কন্যস্ততোমরঃ ॥৬২

স তং পাদং মৃগাকারমবেক্ষ্যারাদবস্থিতঃ।
তলে বিব্যাধ তেনৈব তোমরেণ দ্বিজোত্তম ॥৬৩

গতশ্চ দদৃশে তত্র চতুর্ব্বাহুধরং নরম্।
প্রণিপত্যাহ চৈবৈনং প্রসীদেতি পুনঃপুনঃ ॥৬৪

অজানতা কৃতমিদং ময়া হরিণশঙ্কয়া।
ক্ষম্যতামাত্মপাপেন দগ্ধং মা দগ্ধুমর্হসি (ক)॥৬৫

পরাশর উবাচ।

ততস্তং ভগবানাহ ন তেঽস্তি ভয়মণ্বপি।
গচ্ছ ত্বং মৎপ্রসাদেন লুব্ধ স্বর্গে সুরালয়ম্ ॥৬৬

বিমানমাগতং সদ্যস্তদ্বাক্যসমনন্তরম্।
আরুহ্য প্রযযৌ স্বর্গং লুব্ধকস্তৎপ্রসাদতঃ ॥৬৭

গতে তস্মিন্ স ভগবান্ সংযোজ্যাত্মানমাত্মনি।
ব্রহ্মভূতেঽব্যয়েঽচিন্ত্যে বাসুদেবময়েঽমলে ॥৬৮

অজন্মন্যজরেঽনাশ্যে প্রমেয়েঽখিলাত্মনি(খ)।
তত্যাজ মানুষং দেহমতীত্য ত্রিবিধাং গতিম্ ॥৬৯

ইতি বিষ্ণুপুরাণে পঞ্চমাংশে সপ্তত্রিংশঃ অধ্যায়ঃ ॥

বলিয়াছিলেন, সেই দ্বিজবাক্য সম্পাদিত করত জানুর উপর চরণ রাখিয়া ভগবান্ বাসুদেব যোগাবলম্বন করিলেন (১) ।৬১

সেই সময় জরানামক এক ব্যাধ সেইখানে উপস্থিত হইল। তাহার হস্তে যে মৃগ্য বাণ ছিল, তাহার অগ্রভাগ (ফলা) সেই মুসলাবশেষ লৌহ-নির্ম্মিত শল্য দ্বারা রচিত ছিল ।৬২

হে দ্বিজোত্তম! দূরস্থিত সেই ব্যাধ শ্রীভগবানের মৃগাকার শ্রীচরণ অবলোকন করিয়া মৃগবোধে তাহার তলদেশ সেই তোমর দ্বারা বিদ্ধ করিল ।৬৩

তারপর ঐ ব্যাধ সেই স্থানে গমন করিয়া দেখিল যে, একজন চতুর্ভুজধারী মনুষ্য সেইখানে অবস্থান করিতেছেন। তখন সে তাঁহাকে প্রণাম করিয়া পুনঃপুনঃ বলিতে লাগিল, আপনি প্রসন্ন হউন ।৬৪

আমি না জানিয়া হরিণবোধে এই কর্ম্ম করিয়াছি, আমার পাপে দগ্ধ আমাকে আর দগ্ধ করিবেন না, আমাকে ক্ষমা করুন ।৬৫

পরাশর বলিলেন,—অনন্তর ভগবান্ তাহাকে বলিলেন,—তোমার অণুমাত্রও ভয় নাই। হে ব্যাধ! তুমি আমার প্রসাদে স্বর্গে দেবতাবাসে গমন কর ।৬৬

ভগবানের এই কথা বলার পরেই তৎক্ষণাৎ বিমান আগমন করিল, ঐ ব্যাধও তাহাতে আরোহণপূর্ব্বক স্বর্গে গমন করিল ।৬৭

ব্যাধ স্বর্গে গমন করিলে পর, সেই ভগবান্ শ্রীকৃষ্ণ অমল, অব্যয়, অচিন্ত্য, জন্ম ও জরারহিত, অবিনাশী, অপ্রমেয় ও অখিলস্বরূপ ব্রহ্মভূত বাসুদেবময় স্বকীয় আত্মাতে আত্মার যোগ করিয়া ত্রিগুণাত্মক গতিকে পরিত্যাগ করত মানুষদেহ পরিত্যাগ করিলেন ।৬৮-৬৯

---

(১) মহাভারতে এই প্রসঙ্গ দেখা যায়,—একবার মহর্ষি দুর্ব্বাসা শ্রীকৃষ্ণচন্দ্রের নিকট আসেন এবং তাঁহার দ্বারা পূজিত হইয়া শ্রীভগবানকে বলেন,—আপনি আমার এই উচ্ছিষ্ট জল সর্ব্ব অঙ্গে লেপন করুন। শ্রীকৃষ্ণ তাহাই করিলেন, পরন্তু 'ব্রাহ্মণের উচ্ছিষ্ট জল পদে দেওয়া উচিত নয়' এই বিবেচনা করিয়া পদে লাগাইলেন না। ইহাতে দুর্ব্বাসা শাপ দিয়াছিলেন,—আপনার পদে কখনও ছেদ উপস্থিত হইবে (তাহাই শ্রীকৃষ্ণের মৃত্যুর কারণ হইবে—ইহাই তাৎপর্য্য)।

পাঠান্তর :—(ক) ক্ষম্যতাং মম পাপেন দগ্ধং মাং ত্রাতুমর্হসি। (খ) অজন্মন্যজরেঽবিদ্যাপ্রমেয়েঽখিলাত্মনি।

বিষ্ণুপুরাণের পঞ্চমাংশে সপ্তত্রিংশ অধ্যায় সমাপ্ত।

অষ্টত্রিংশ অধ্যায়ঃ

[যাদবানামন্ত্যেষ্টিসংস্কারঃ, পরীক্ষিতো রাজ্যাভিষেকঃ, পাণ্ডবানাং বনগমনঞ্চ ।]

পরাশর উবাচ ।

অর্জ্জুনোঽপি তদাজ্ঞিপ্য কৃষ্ণরামকলেবরে ।
সংস্কারং লম্ভয়ামাস তথান্যেষামনুক্রমাৎ ॥১
অষ্টৌ মহিষ্যঃ কথিতা রুক্মিণীপ্রমুখাস্তু যাঃ ।
উপগুহ্য হরের্দেহং বিবিশুস্তা হুতাশনম্ ॥২
রেবতী চৈব রামস্য দেহমাশ্লিষ্য সত্তম ।
বিবেশ জ্বলিতং বহ্নিং তৎসঙ্গাহ্লাদশীতলম্ ॥৩
উগ্রসেনস্তু তচ্ছ্রুত্বা তথৈবানকদুন্দুভিঃ ।
দেবকী রোহিণী চৈব বিবিশুর্জ্জাতবেদসম্ ॥৪
ততোঽর্জ্জুনঃ প্রেতকার্য্যং কৃত্বা তেষাং যথাবিধি ।
নিশ্চক্রাম জনং সর্ব্বং গৃহীত্বা বজ্রমেব চ ॥৫

দ্বারবত্যা বিনিষ্ক্রান্তঃ কৃষ্ণপত্ন্যঃ সহস্রশঃ ।
বজ্রং জনঞ্চ কৌন্তেয়ঃ পালয়ঞ্জগৃহে ধৃষৌ ॥৬

সভা সুধর্ম্মা কৃষ্ণেন মর্ত্ত্যলোকে সমুজ্ঝিতে ।
স্বর্গং জগাম মৈত্রেয় পারিজাতশ্চ পাদপঃ ॥৭

যস্মিন্ দিনে হরির্যাতো দিবং সন্ত্যজ্য মেদিনীম্ ।
তস্মিন্নেবাবতীর্ণোঽয়ং কালকায়ো বলী কলিঃ ॥৮

প্লাবয়ামাস তাং শূন্যাং দ্বারকাঞ্চ মহোদধিঃ ।
বসুদেবগৃহং হেকং নাপ্লাবয়ত সাগরঃ ॥৯

নাতিক্রান্তমলং ব্রহ্মংস্তদদ্যাপি মহোদধিঃ ।
নিত্যং সন্নিহিতস্তত্র ভগবান্ কেশবো যতঃ ॥১০

অষ্টত্রিংশ অধ্যায়

[যাদবদিগের অন্ত্যেষ্টিসংস্কার, পরীক্ষিতের রাজ্যাভিষেক ও পাণ্ডবগণের বনগমন ।]

পরাশর বলিলেন,—অর্জ্জুনও কৃষ্ণ এবং রামের কলেবরদ্বয় এবং অন্যান্য (প্রধান প্রধান) যাদবগণের দেহসকল অন্বেষণ করিয়া ক্রমানুসারে ঔর্দ্ধদৈহিক সংস্কার করাইলেন ।১

রুক্মিণী-প্রমুখা কৃষ্ণের যে আটটী প্রধানা মহিষী কথিত হইয়াছেন, তাঁহারা সকলেই হরির দেহ আলিঙ্গন করিয়া অগ্নিতে প্রবেশ করিলেন ।২

হে সাধুত্তম ! রেবতীও রামের দেহ আলিঙ্গনপূর্ব্বক রামের অঙ্গস্পর্শ সম্পর্কজনিত আহ্লাদে শীতলবৎ অনুভূত অগ্নিতে প্রবেশ করিলেন ।৩

এই সকল ব্যাপার শ্রবণ করিয়া উগ্রসেন, রোহিণী, দেবকী ও বসুদেব—ইঁহারাও অগ্নিতে প্রবেশ করিলেন ।৪

তারপর অর্জ্জুন যথাবিধি প্রেতকার্য্য-সমাপনান্তে বজ্র, যাদবগণ ও অন্যান্য কৃষ্ণমহিষী প্রভৃতিকে লইয়া দ্বারকা হইতে নিষ্ক্রান্ত হইলেন ।৫

দ্বারকা হইতে নিষ্ক্রান্ত হইয়া অর্জ্জুন সহস্র সহস্র কৃষ্ণপত্নী, বজ্র ও অন্যান্য জনকে সাবধানে রক্ষা করত ধীরে ধীরে গমন করিতে লাগিলেন ।৬

হে মৈত্রেয় ! কৃষ্ণের মর্ত্ত্যলোক পরিত্যাগের পরেই সুধর্ম্মা সভা ও পারিজাত শুদ্ধ স্বর্গে গমন করিল ।৭

যে দিনে হরি পৃথিবী পরিত্যাগ করিয়া স্বর্গে গিয়াছেন, সেই দিনেই কালকায় বলবান্ কলিযুগ পৃথিবীতে অবতীর্ণ হইয়াছে ।৮

এদিকে সমুদ্র শূন্য দ্বারকাপুরীকে প্লাবিত করিল । সাগর কেবল একমাত্র কৃষ্ণের গৃহ প্লাবিত করিল না ।৯

হে ব্রহ্মন্ ! সমুদ্র অদ্যাবধিও সেই হরিমন্দির অতিক্রম করে নাই ; কারণ, ভগবান্ কেশব এই মন্দিরে সর্ব্বদা সন্নিহিত আছেন ।১০

তদতীব মহৎ পুণ্যং সর্ব্বপাতকনাশনম্ ।
বিষ্ণুক্রীড়াঙ্গিতস্থানং দৃষ্ট্বা পাপাৎ প্রমুচ্যতে ॥১১
পার্থঃ পঞ্চনদে দেশে ধনধান্যসমন্বিতে (ক) ।
চকার বাসং সর্ব্বস্য জনস্য মুনিসত্তম ॥১২
ততো লোভঃ সমভবদ্দস্যূনাং নিহতেশ্বরাঃ ।
দৃষ্ট্বা স্ত্রিয়ো নীয়মানাঃ পার্থেনৈকেন ধন্বিনা ॥১৩
ততস্তে পাপকর্ম্মাণো লোভোপহতচেতসঃ
আভীরা মন্ত্রয়ামাসুঃ সমেত্যাত্যন্তদুর্ম্মদাঃ ॥১৪
অয়মেকোঽর্জ্জুনো ধন্বী স্ত্রীজনং নিহতেশ্বরম্ ।
নয়ত্যস্মানতিক্রম্য ধিগেতদ্ভবতাং বলম্ ॥১৫
হত্বা গর্ব্বসমারূঢ়ো ভীষ্ম-দ্রোণ-জয়দ্রথান্ ।
কর্ণাদীংশ্চ ন জানাতি বলং গ্রামমিবাবিনাম্ ॥১৬
হে হে যষ্টীর্মহাকামা গৃহ্যতাং সুদুর্ম্মতিঃ (খ) ।
সর্ব্বানেবাবজানাতি কিং বো বাহুভিরুদ্যতৈঃ ॥১৭

সেই গৃহ বিষ্ণুর ক্রীড়াস্থান, পরম পবিত্র ও সর্ব্বপাতক নাশন। ঐ স্থান দর্শন করিলে মনুষ্য সর্ব্বপাপ হইতে মুক্তিলাভ করে ।১১

হে মুনিসত্তম ! অর্জ্জুন, ধনধান্যপূর্ণ পঞ্চনদ নামক দেশে সেই দ্বারকাবাসী জনগণকে বাস করাইলেন ।১২

তারপর একমাত্র ধনুর্দ্ধারী পার্থ সেই সকল স্বামিহীনা স্ত্রীগণকে লইয়া যাইতেছেন দেখিয়া দস্যুদিগের বড়ই লোভ উপস্থিত হইল ।১৩

তখন অত্যন্ত পাপাচারী, লোভোপহতচেতা (লোভে যাহাদের চেতনা আবৃত) ও অত্যন্ত দুর্ম্মদ গোপ-দস্যুগণ সকলে মিলিত হইয়া মন্ত্রণা করিতে লাগিল ।১৪

এই ধনুর্দ্ধারী অর্জ্জুন একাকীই আমাদিগকে অতিক্রম করিয়া, এই স্বামিহীনা স্ত্রীগণকে লইয়া যাইতেছে ; তোমাদের বলকে ধিক্ ! ১৫

এই অর্জ্জুন ভীষ্ম, দ্রোণ, জয়দ্রথ ও কর্ণাদিকে বিনাশ করিয়া বড়ই অহঙ্কৃত হইয়াছে। অহো ! অর্জ্জুন গ্রামবাসীদিগের পরাক্রম জানে না ! ১৬

ততো যষ্টিপ্রহরণা দস্যবো লোষ্টহারিণঃ ।
সহস্রশোঽভ্যধাবন্ত তং জনং নিহতেশ্বরম্ ॥১৮
ততো নিবৃত্য কৌন্তেয়ঃ প্রাহাভীরান্ হসন্নিব ।
নিবর্ত্তধ্বমধর্ম্মজ্ঞা যদি ন স্থ মুমূর্ষবঃ ॥১৯
অবজ্ঞায় বচস্তস্য জগৃহুস্তে তদা ধনম্ ।
স্ত্রীজনঞ্চৈব মৈত্রেয় বিবৃত্সেনপরিগ্রহম্ ॥২০
ততোঽর্জ্জুনো ধনুর্দ্দিব্যং গাণ্ডীবমজরং যুধি ।
আরোপিতুং সমারেভে ন শশাক স বীর্য্যবান্ ॥২১
চকার সজ্যং কৃচ্ছ্রাচ্চ তচ্চাভূচ্ছিথিলং পুনঃ ।
ন সস্মার তথাস্ত্রাণি চিন্তয়ন্নপি পাণ্ডবঃ ॥২২
শরান্মুমোচ বৈ তেষু পার্থো বৈরিবমর্ষিতঃ ।
ত্বগ্‌ভেদং তে পরং চক্রুরস্ত্রা গাণ্ডীবধন্বনা ॥২৩
বহ্নিনা যেঽক্ষয়া দত্তাঃ শরাস্তেঽপি ক্ষয়ং যযুঃ ।
যুধ্যতঃ সহ গোপালৈরর্জ্জুনস্য ভবক্ষয়ে ॥২৪

ওহে ওহে ! এস, সকলে মহাদীর্ঘ যষ্টি-(দণ্ড—লাঠী) সকল গ্রহণ কর। এই দুর্ম্মতি অর্জ্জুন তোমাদের সকলকে অবজ্ঞা করিতেছে, অতএব তোমাদের উদ্যত বাহুতে কি প্রয়োজন ? ১৭

অনন্তর পরধনাপহারী যষ্টিপ্রহরণ (দণ্ডই যাহাদের অস্ত্র) সহস্র সহস্র দস্যু সেই মৃতস্বামী মহিলাগণের প্রতি ধাবিত হইল। তখন কুন্তিপুত্র অর্জ্জুন নিবৃত্ত হইয়া (দাঁড়াইয়া) হাসিতে হাসিতে সেই আভীর (গোপ) দস্যুগণকে বলিলেন,—অরে ধর্ম্মজ্ঞানরহিত দস্যুগণ ! তোরা যদি মরিতে ইচ্ছা না করিস্, তবে এ কর্ম্ম হইতে নিবৃত্ত হ ।১৮-১৯

হে মৈত্রেয় ! তখন তাহারা অর্জ্জুনের সেই বাক্যে অশ্রদ্ধাপূর্ব্বক ভগবানের পরিগৃহীত ধন ও স্ত্রীগণকে গ্রহণ করিল ।২০

অনন্তর মহাশক্তিশালী অর্জ্জুন যুদ্ধক্ষেত্রে অজীর্ণ সেই দিব্যধনুঃ গাণ্ডীবে জ্যারোপণ করিতে চেষ্টা করিলেন ; কিন্তু আকর্ষণ করিতে সমর্থ হইলেন না ।২১

তারপর তিনি অতি কষ্টে তাহাতে জ্যারোপণ করিলেন বটে, কিন্তু তাহা পুনর্ব্বার শিথিল হইয়া

পাঠান্তর :—(ক) —বহুধান্যধনান্বিতে।
(খ) যষ্টিহস্তানবেক্ষ্যাস্মান্ ধনুষ্পাণি ন দুর্ম্মতিঃ।

অচিন্ত্যঞ্চ কৌন্তেয়ঃ কৃষ্ণস্যৈব হি তদ্বলম্ ।
যন্ময়া শরসঙ্ঘাতৈঃ সকলা ভুভুজো জিতাঃ (ক) ॥২৫
নিঘতঃ পাণ্ডুপুত্রস্য তস্যাস্তাঃ প্রমদোত্তমাঃ ।
আভীরৈরপরণ্যন্ত্যঃ (খ) কামাচ্ছান্যা প্রবব্রজুঃ ॥২৬
ততঃ শরেষু ক্ষীণেষু ধনুষ্কোট্যা ধনঞ্জয়ঃ ।
জঘান দস্যূংস্তে চাস্য প্রহারান্ জহসুর্মুনে ॥২৭
প্রেক্ষতশ্চৈব পার্থস্য বৃষ্ণ্যন্ধকবরস্ত্রিয়ঃ ।
জগ্মুরাদায় তে ম্লেচ্ছাঃ সম্মতা মুনিসত্তম (গ) ॥২৮
ততঃ সুদুঃখিতো জিষ্ণুঃ কষ্টং কষ্টমিতি ব্রুবন্ ।
অহো ভগবতা তেন মুবিতোঽস্মি (ঘ) রুরোদ হ ॥২৯
তন্মমাস্ত্রাণি চাস্ত্রাণি স রথস্তে চ বাজিনঃ ।
সর্ব্বমেকপদে নষ্টং দানমশ্রোত্রিয়ে যথা ॥৩০

অতোঽতিবলবদ্দৈবং বিনা তেন মহাত্মনা ।
বলসামর্থ্যযুক্তেঽপি নীচবর্গে জয়প্রদম্ ॥৩১
সৈ বাহু স চ মে মুষ্টিঃ স্থানং তৎ সোঽস্মি চার্জ্জুনঃ ।
পুণ্যৈনৈব বিনা তেন গতং সর্ব্বমসারতাম্ ॥৩২
মমার্জ্জুনত্বং ভীমস্য ভীমত্বং তৎকৃতং ধ্রুবম্ (ঙ) ।
বিনা তেন যদাভীরৈর্জিতোঽহং কথমন্যথা (চ) ॥৩৩

পরাশর উবাচ ।

ইত্থং বদন্ যযৌ জিষ্ণুর্মধুরাখ্যং (ছ) পুরোত্তমম্ ।
চকার তত্র রাজানং বজ্রং যাদবনন্দনম্ ॥৩৪
স দদর্শ ততো ব্যাসং কান্তনঃ কাননাশ্রয়ম্ ।
তমুপেত্য মহাভাগং বিনয়েনাভ্যবাদয়ৎ ॥৩৫
তং বন্দমানং চরণাববলোক্য মুনিশ্চিরম্ ।
উবাচ পার্থং বিচ্ছায়ঃ কথমত্যন্তদীনধীঃ ( ) ॥৩৬

পড়িল। অর্জ্জুন তৎকালে চিন্তা করিয়াও অস্ত্রসমূহের সন্ধানাদি প্রয়োগ স্মরণ করিতে পারিলেন না ।২২

তখন গাণ্ডীবধনুর্দ্ধারী অর্জ্জুন ক্রোধ সহকারে শত্রুগণের প্রতি শরক্ষেপ করিলেন, কিন্তু অর্জ্জুনবিনিক্ষিপ্ত সেই সকল বাণ শত্রুগণের চর্ম্মমাত্রই ভেদ করিতে সমর্থ হইল, মর্ম্মস্পর্শ করিতে পারিল না ।২৩

অর্জ্জুনের সেই মন্ত্রসঙ্কটকালে আভীরগণের সহিত যুদ্ধ করিতে করিতে অগ্নিদত্ত অক্ষয় বাণপূর্ণ তূণও ক্ষয়-প্রাপ্ত হইল। তখন অর্জ্জুন চিন্তা করিতে লাগিলেন,—"আমি যে শস্ত্রসমূহ দ্বারা সকল রাজগণকে পরাজয় করিয়াছিলাম, তাহা কৃষ্ণেরই বলে ।২৪-২৫

পাণ্ডুপুত্রের সম্মুখেই সেই দস্যুগণ উত্তম স্ত্রীগণকে আকর্ষণ করিতে লাগিল। কোন কোন স্ত্রীগণ নিজের ইচ্ছাতেই তাহাদের অনুগমন করিল ।২৬

হে মুনে! অনন্তর ঐ দস্যুগণ অর্জ্জুন ধনুকের অগ্রভাগ দ্বারা তাহাদিগকে প্রহার করিতে লাগিলেন; কিন্তু তাহারা সেই সকল প্রহারে আরও উপহাস করিতে লাগিল ।২৭

হে মুনিসত্তম! অর্জ্জুনের সম্মুখ হইতেই সেই দস্যুগণ সম্মানিত যদুকুলের শ্রেষ্ঠস্ত্রীগণকে লইয়া প্রস্থান করিল। তখন অর্জ্জুন অতিশয় দুঃখিত হইয়া রোদন করিতে লাগিলেন ও বলিতে লাগিলেন,—হায়! কি কষ্ট! কি কষ্ট! সেই ভগবান্ আমায় বঞ্চনা করিলেন ।২৮-২৯

অশ্রোত্রিয় ব্রাহ্মণকে দান করিলে তাহা যে প্রকার নষ্ট হয়, সেইরূপ আমার সেই প্রখ্যাত গাণ্ডীব ধনু সেই দিব্য অস্ত্র, সেই অত্যুত্তম রথ ও সেই বলবান্ অশ্বগণ সকলই আজ সহসা নষ্ট হইল। অহো! দৈব কি বলবান্! যেহেতু মহাত্মা কৃষ্ণ ব্যতিরেকে অস্ত্র আমার সহিত যুদ্ধে সামর্থ্যহীন নীচবর্গকেও সে জয় প্রদান করিল ।৩০-৩১

আমার সেই বাহুদ্বয়, সেই মুষ্টি ও সেই স্থান সকলই বর্ত্তমান, আমিও সেই অর্জ্জুন; কিন্তু হায়! সেই শুভ অদৃষ্টের ন্যায় কৃষ্ণ ব্যতিরেকে আজ সকলই অসারতা প্রাপ্ত হইল ।৩২

আমার অর্জ্জুনত্ব ও ভীমের ভীমত্ব, সকলই বাসুদেবের প্রসাদে; নচেৎ সেই হরির অভাবে আভীরগণ কর্ত্তৃক আমি কি প্রকারে পরাজিত হইলাম? ৩৩

এই প্রকার বলিতে বলিতে অর্জ্জুন মথুরা নামক

পাঠান্তর :—(ক) —ভুভুতো হতাঃ। (খ) অভীরৈরপকৃষ্যন্ত—। (গ) —সম্মতা মুনিসত্তম। (ঘ) —বঞ্চিতোঽস্মি—। (ঙ) —তৎকৃতে ধ্রুবম্। (চ) মুনিনা যদ্বৎ। (ছ) —মিথুরিত্রপ্রয়ং—। (জ)—কথমত্যন্তদীনধীঃ।

অবীরজোঽনুগমনং ব্রহ্মহত্যাথবা কৃতা।
দৃঢ়াশাভঙ্গদুঃখী বা ভ্রষ্টস্কায়োঽসি সাম্প্রতম্ ॥৩৭
সান্তানিকাদয়ো বা তে যাচমানা নিরাকৃতাঃ।
অগম্যাস্ত্রীরতির্বা ত্বং তেনাসি বিগতপ্রভঃ ॥৩৮
ভুক্তোঽপ্রদায় (ক) বিপ্রেভ্য একো মিষ্টমথো ভবান্।
কিংবা কৃপণবিত্তানি হৃতানি ভবতার্জ্জুন ॥৩৯
কচ্চিত্ত্বং শূর্পণখাতস্য গোচরংহং গতোঽর্জ্জুন।
দুষ্টচক্ষুর্হতো বাপি নিঃশ্রীকঃ কথমন্যথা ॥৪০
স্পৃষ্টো নখাস্তসা বাথ ঘটাম্ভঃপ্রোক্ষিতোঽপি বা।
তেনাভীরাসি বিচ্ছায়ো (খ) ন্যূনৈর্বা যুধি নির্জ্জিতঃ ॥৪১

পরাশর উবাচ।

ততঃ পার্থো বিনিঃশ্বস্য শ্রূয়তাং ভগবন্নিতি।
প্রোক্ত্বা যথাবদাচষ্ট ব্যাসায়াত্মপরাভবম্ ॥৪২

অর্জ্জুন উবাচ।

যদ্বলং যচ্চ নস্তেজো যদ্বীর্য্যং যৎপরাক্রমঃ।
যা শ্রীশ্ছায়া চ নঃ সোঽস্মান্ পরিত্যজ্য গতো হরিঃ ॥৪৩
ইত্যরেণেব মহতা (গ) স্মিতপূর্ব্বাভিভাষিণা।
হীনা বয়ং মুনে তেন ভ্রাতাস্তৃণময়া ইব ॥৪৪
অস্ত্রাণাং সায়কানাঞ্চ গাণ্ডীবস্য তথা মম।
সারথ্যমভবন্মূলং স গতঃ পুরুষোত্তমঃ ॥৪৫
যস্যাবলোকনাদস্মান্ শ্রীর্জয়ঃ সম্পদুন্নতিঃ।
ন তত্যাজ স গোবিন্দস্ত্যক্ত্বাস্মান্ ভগবান্ গতঃ ॥৪৬
ভীষ্মদ্রোণাঙ্গরাজাদ্যাস্তথা দুর্য্যোধনাদয়ঃ।
যৎপ্রভাবেণ নির্দগ্ধাঃ স কৃষ্ণস্ত্যক্তবান্ ভুবম্ ॥৪৭
নির্যৌবন-হতশ্রীকা ভ্রষ্টস্কায়েব মেদিনী।
বিভাতি তাত নৈকোঽহং বিরহে তস্য চক্রিণঃ ॥৪৮

পুরোত্তমে গমন করিয়া সেইখানে যাদবনন্দন বজ্রকে রাজা করিলেন। অনন্তর অর্জ্জুন কোন বনমধ্যে মহাভাগ ব্যাস মুনিকে দেখিয়া তাঁহার নিকট গমন করত বিনয়ের সহিত অভিবাদন করিলেন ।৩৪-৩৫

মহামুনি বেদব্যাস বহুক্ষণ চরণপতিত অর্জ্জুনকে বিলোকনপূর্ব্বক বলিলেন,—হে অর্জ্জুন! তুমি এ প্রকার অত্যন্ত শ্রীহীন হইয়াছ কেন? ৩৬

তুমি কি নিষিদ্ধ স্ত্রীবাদির ধূলির অনুগমন করিয়াছ? অথবা ব্রহ্মহত্যা করিয়াছ? কিংবা তোমার কোন্ মহতী আশার ভঙ্গ হইয়াছে?—যাহাতে তোমার কান্তি এত বিবর্ণ হইয়া পড়িয়াছে ।৩৭

সন্তানার্থে প্রার্থনাকারী কোন বিবাহার্থী কি তোমা কর্ত্তৃক নিরাকৃত হইয়াছেন? অথবা তুমি অগম্যা স্ত্রীতে কি রতি করিয়াছ? যেহেতু এক্ষণে তুমি এত নিষ্প্রভ হইয়াছ? হে অর্জ্জুন। কিংবা তুমি কি ব্রাহ্মণগণকে না দিয়া একাকী মিষ্টান্ন ভোজন করিয়াছ? অথবা তুমি কি কৃপণের বিত্ত হরণ করিয়াছ? ৩৮-৩৯

হে অর্জ্জুন! তুমি কি শূর্প (কুলা) বাহু সেবন করিয়াছ? অথবা তোমার দেহে কি দৃষ্টিবিষ ব্যক্তির কু-দৃষ্টিপাত হইয়াছে? (কিংবা কেহ তোমাকে কি প্রহার করিয়াছে?) না হইলে তুমি এত শ্রীহীন হইলে কেন? ৪০

তুমি কি নখজল দ্বারা স্পৃষ্ট হইয়াছ? অথবা ঘটোচ্ছলিত জলে স্নান করিয়াছ? কিংবা কোন হীনবল কর্ত্তৃক পরাজিত হইয়াছ? অন্যথা তোমার কান্তি এত মলিন হইয়াছে কেন? ৪১

পরাশর বলিলেন,—অনন্তর পার্থ দীর্ঘনিশ্বাস পরিত্যাগপূর্ব্বক "ভগবন্! আপনি শ্রবণ করুন" এই বলিয়া ব্যাসের নিকট যথাবৎ নিজের পরাভববৃত্তান্ত বর্ণন করিতে আরম্ভ করিলেন ।৪২

অর্জ্জুন বলিলেন—যিনি আমাদের বল, যিনি আমাদের তেজ, যিনি আমাদের বীর্য্য, যিনি আমাদের পরাক্রম এবং যিনি আমাদের সম্পদ্ ও কান্তি,—সেই হরি আমাদিগকে পরিত্যাগ করিয়া গিয়াছেন ।৪৩

হে মুনে! প্রাকৃত মিত্রের ন্যায় ঈষৎ হাসির সহিত মধুরভাষী সেই হরি কর্ত্তৃক পরিত্যক্ত হইয়া আমরা

পাঠান্তর :—(ক) ভুক্তোঽপ্রদায়—। (খ) কেন বা ত্বং বাসি বচ্ছায়ো—। (গ) ঈষদ্বরেণেব—।

যস্যানুভাবাদ্ ভীষ্মাদ্যৈর্মধ্যগৌ শলভায়িতম্ ।
বিনা তেনাস্ত্র কৃষ্ণেন গোপালৈরস্মি নির্জ্জিতঃ ॥৪৯
গাণ্ডীবং ত্রিষু লোকেষু খ্যাতিং যদনুভাবতঃ ।
গতং তেন বিনাভীরলগুড়ৈস্তদ্বিরাকৃতম্ (ক) ॥৫০
স্ত্রীসহস্রাণ্যনেকানি ময়াথানি মহামুনে ।
যততো মম নীতানি দস্যুভির্গুড়ায়ুধৈঃ ॥৫১
আনীয়মানমাভীরৈঃ কৃষ্ণ কৃষ্ণাবরোধনম্ ।
হৃতং যষ্টিপ্রহরণৈঃ পরিভূয় বলং মম ॥৫২
নিঃশ্রীকতা ন মে চিত্রং যজ্জীবামি তদদ্ভুতম্ ।
ন চাবমানপঙ্কাঙ্কী (খ) নির্লজ্জোঽস্মি পিতামহ ॥৫৩

ব্যাস উবাচ ।

অলং তে ব্রীড়য়া পার্থ ন ত্বং শোচিতুমর্হসি ।
অবেহি সর্ব্বভূতেষু কালস্য গতিরীদৃশী ॥৫৪
কালো ভবায় ভূতানামভবায় চ পাণ্ডব ।
কালমূলমিদং জ্ঞাত্বা ভব ধৈর্য্যধনোঽর্জ্জুন ॥৫৫
নদ্যঃ সমুদ্রা গিরয়ঃ সকলা চ বসুন্ধরা ।
দেবা মনুষ্যাঃ পশবস্তরবঃ সসরীসৃপাঃ ॥৫৬
সৃষ্টাঃ কালেন কালেন পুনর্যান্তি সংক্ষয়ম্ ।
কালাত্মকমিদং সর্ব্বং জ্ঞাত্বা শমমবাপ্নুহি ॥৫৭
যচ্চাহ কৃষ্ণমাহাত্ম্যং তত্তথৈব ধনঞ্জয় ।
ভারাবতারকার্য্যার্থমবতীর্ণঃ স মেদিনীম্ ॥৫৮
ভারাক্রান্তা ধরা যাতা দেবানাং সমিতিং পুরা ।
তদ্ভারমবতীর্ণোঽসৌ কালরূপী জনার্দ্দনঃ ॥৫৯
তচ্চ নিষ্পাদিতং কার্য্যমশেষা ভুভৃতো হতাঃ ।
বৃষ্ণ্যন্ধককুলং সর্ব্বং তথা পার্থোপসংহৃতম্ ॥৬০

তৃণের ন্যায় লঘু হইয়া পড়িয়াছি। যিনি আমার শস্ত্র, বাণ ও গাণ্ডীবের সার্থকতার প্রতি কারণ, সেই পুরুষোত্তম চলিয়া গিয়াছেন ।৪৪-৪৫

যাঁহার দৃষ্টিতে শ্রী, অন্ন, সম্পদ্ ও উন্নতি আমাদিগকে পরিত্যাগ করিত না, সেই ভগবান্ গোবিন্দ আমাদিগকে পরিত্যাগ করিয়া গিয়াছেন। ভীষ্ম, দ্রোণ, কর্ণাদি ও দুর্য্যোধনাদি যাঁহার প্রভাবে নির্দ্দগ্ধ (বিনষ্ট) হইয়াছেন, সেই কৃষ্ণ পৃথিবীকে পরিত্যাগ করিয়াছেন ।৪৬-৪৭

হে তাত! সেই চক্রধারী কৃষ্ণের বিরহে কেবল আমি হতশ্রী হইয়াছি, তাহা নহে; এ পৃথিবীও তাঁহার অভাবে যৌবনরহিতা অর্থাৎ বৃদ্ধা ও হতশ্রী কামিনীর ন্যায় কান্তিহীনা হইয়াছেন ।৪৮

যাঁহার প্রভাবে ভীষ্মাদি বীরগণ মৎস্বরূপ অগ্নিতে পতঙ্গের ন্যায় দগ্ধ হইয়া গিয়াছেন, অদ্য সেই কৃষ্ণ বিনা আমি গোপালগণ কর্তৃক পরাজিত হইয়াছি ।৪৯

যাঁহার প্রভাবে এই গাণ্ডীব ত্রিভুবনে বিখ্যাত হইয়াছে, সেই কেশব ব্যতিরেকে অদ্য আভীর-(গোপ) গণের যষ্টির নিকট ইহা পরাজিত হইয়াছে ।৫০

হে মহামুনে! আমি রক্ষক হইয়া ভগবানের যে সহস্র সহস্র স্ত্রীকে লইয়া আসিতেছিলাম, দস্যুগণ অদ্য গুড়াস্ত্র দ্বারা আমার বল বিফল করিয়া সেই স্ত্রীগণকে হরণ করিয়াছে ।৫১

হে ব্যাস! অদ্য দস্যুগণ যষ্টিপ্রহরণ (লাঠিরূপ শস্ত্র) দ্বারা আমার শক্তিকে পরাভূত করিয়া মৎকর্তৃক আনীয়মান কৃষ্ণপরিবারবর্গকে হরণ করিয়াছে ।৫২

হে পিতামহ! আমার শ্রীহীনতা আশ্চর্য্যের বিষয় নহে; আমি যে বাঁচিয়া আছি, ইহাই আশ্চর্য্য! অবমাননপঙ্কে আমি চিহ্নিত হইয়াছি, তথাপি আমার কলঙ্ক বোধ নাই; হে পিতামহ! আমি বড়ই নির্লজ্জ ।৫৩

ব্যাস বলিলেন,—হে পার্থ! তুমি লজ্জিত হইও না, তোমার শোক করাও উচিত নহে; সর্ব্বভূতেই কালের এ প্রকার গতি, ইহা অবগত হও। হে পাণ্ডব! কালই মনুষ্যের মঙ্গল ও অমঙ্গলকারী। হে অর্জ্জুন! এ সকলই কালমূল, ইহা বুঝিয়া স্থিরতা অবলম্বন কর ।৫৪-৫৫

নদী, সমুদ্র, পর্ব্বত, পৃথিবী, দেব, মনুষ্য, পশু, বৃক্ষ ও সর্প, যাহা কিছু আছে, তাহা কালেরই সৃষ্টপদার্থ এবং কালক্রমেই উহা ক্ষয় প্রাপ্ত হইবে। হে অর্জ্জুন! সকলই কালাত্মক, ইহা জানিয়া শান্তিলাভ কর ।৫৬-৫৭

হে ধনঞ্জয়! তুমি কৃষ্ণমাহাত্ম্য যে প্রকার বর্ণনা করিলে, তাহা সম্পূর্ণ সত্য; সেই কৃষ্ণ পৃথিবীর

পাঠান্তর :—(ক) গতস্যেন বিনাভীরলগুড়ৈঃ স তিরস্কৃতঃ ।
(খ) নীচাবমান—।

* কোন কোন গ্রন্থে এইস্থলে একপঙ্‌ক্তি শ্লোক অধিক দেখা যায়,—
'কালস্বরূপী ভগবান্ কৃষ্ণ কমললোচনঃ' ।

ন কিঞ্চিদন্যৎ কর্ত্তব্যমস্য ভূমিতলে প্রভোঃ।
অতো গতঃ স ভগবান্ কৃতকৃত্যো যথেচ্ছয়া ॥৬১
সৃষ্টিং সর্গে করোত্যেষ দেবদেবঃ স্থিতৌ স্থিতিম্।
অন্তেঽন্তায় সমর্থোঽয়ং সাম্প্রতং হি যথাকৃতম্ ॥৬২
তস্মাৎ পার্থ ন সন্তাপস্ত্বয়া কার্য্যঃ পরাভবাৎ।
ভবন্তি ভবকালেষু পুরুষাণাং পরাক্রমাঃ (ক)॥৬৩
ত্বয়ৈকেন হতা ভীষ্ম-দ্রোণ-কর্ণাদয়ো নৃপাঃ।
তেষামর্জ্জুন কালোঽয়ং কিং ন্যূনাভিভবো ন নঃ ॥৬৪
বিষ্ণোস্তথানুভাবেন যথা তেষাং পরাভবঃ।
তথাস্তথৈব ভবতো দস্যুভ্যোঽস্তে তদদ্ভবঃ (খ)॥৬৫
স দেবোঽনন্তশরীরাণি সমাবিশ্য জগৎস্থিতিম্।
করোতি সর্ব্বভূতানাং নাশং চান্তে জগৎপতিঃ ॥৬৬
ভবোদ্ভবে (গ)চ কৌন্তেয় সহায়োঽভূজ্জনার্দ্দনঃ।
ভবান্তে স্বদ্বিপক্ষান্তে কেশবেনাবলোকিতাঃ ॥৬৭
কঃ শ্রদ্দধ্যাৎ সগাঙ্গেয়ান্ হন্যাস্ত্বং সর্ব্বকৌরবান্।
আভীরেভ্যশ্চ ভবতঃ কঃ শ্রদ্ধধ্যাৎ পরাভবম্ ॥৬৮
পার্থৈতৎ সর্ব্বভূতস্য হরের্লীলাবিচেষ্টিতম্।
ত্বয়া যৎ কৌরবা ধ্বস্তা যদাভীরৈর্ভবান্ জিতঃ ॥৬৯
গৃহীতা দস্যুভির্যাশ্চ ভবতঃ শোচিতাঃ স্ত্রিয়ঃ।
তদপ্যহং যথাবৃত্তং কথয়ামি তবার্জ্জুন ॥৭০
অষ্টাবক্রঃ পুরা বিপ্রো জলবাসপরোঽভবৎ।
বহূন্ বর্ষগণান্ পার্থ গৃণন্ ব্রহ্ম সনাতনম্ ॥৭১
জিতেষ্বরসঙ্ঘেষু মেরুপৃষ্ঠে মহোৎসবঃ।
বভূব তত্র গচ্ছন্ত্যো দদৃশুস্তং বরস্ত্রিয়ঃ ॥৭২

ভারাবতারণ কার্য্যের জন্যই পৃথিবীতে অবতীর্ণ হইয়াছিলেন। পূর্ব্বে ভারাক্রান্তা ধরা দেবগণের সভায় গমন করিয়াছিলেন। কালরূপী জনার্দ্দন সেই ভারাবতারণের জন্য অবতীর্ণ হইয়াছিলেন।৫৮-৫৯

সেই কার্য্য নিষ্পাদিত হইয়াছে, অনেক নৃপতি হত হইয়াছেন, হে পার্থ! বৃষ্ণি ও অন্ধককুল সকলই তৎকর্ত্তৃক উপসংহৃত হইয়াছে। প্রভু বাসুদেবের এই ভূতলে আর কোন কার্য্যই অবশিষ্ট নাই, এই জন্যই কৃত-কৃত্য ভগবান্ যথেচ্ছায় স্বর্গে গমন করিয়াছেন।৬০-৬১

এই দেবদেব ভগবান্ সৃষ্টিকালে সৃষ্টি, স্থিতিকালে স্থিতি ও বিনাশকালে বিনাশ করিয়া থাকেন এবং এই সকল কার্য্যেই তিনি সমর্থ। এক্ষণে যাহা কর্ত্তব্য, তিনি তাহা করিয়াছেন।৬২

হে পার্থ! পরাজিত হইয়াছ বলিয়া তোমার সন্তাপ করিবার প্রয়োজন নাই। অভ্যুদয়কালেই পুরুষগণের অনেক পরাক্রম হইয়া থাকে।৬৩

হে অর্জ্জুন! তুমি যে একাকী ভীষ্ম, দ্রোণ ও কর্ণাদি নৃপতিগণকে বিনাশ করিয়াছ, তাহা কি তাঁহাদের কালকৃত হীনবলের নিকট পরিভব নহে? ৬৪

পূর্ব্বে বিষ্ণুর সেই প্রকার প্রভাববলে তোমার নিকট যেমন ভীষ্মাদির পরাভব হইয়াছিল, বর্ত্তমানে সেইরূপ বিষ্ণুরই প্রভাববলে দস্যুহস্ত হইতে তোমার পরাভবের উৎপত্তি হইয়াছে।৬৫

সেই দেব বিষ্ণুই অন্য অন্য শরীরে প্রবেশ করিয়া জগতের স্থিতি করেন, আবার অন্তকালে সেই জগৎপতি সর্ব্বভূতেরই বিনাশ করিয়া থাকেন।৬৬

হে কুন্তিপুত্র! তোমাদের ভবকালে অর্থাৎ সৌভাগ্যোদয় সময়ে জনার্দ্দন সহায় হইয়াছিলেন, আবার তোমাদের অন্তকালে অর্থাৎ সৌভাগ্যের অবসান সময়ে শত্রুপক্ষগণের প্রতি কেশবের কৃপাদৃষ্টি পড়িয়াছে।৬৭

তুমি যে গঙ্গাপুত্র ভীষ্মের সহিত সকল কৌরবগণকে পরাজয় করিয়াছ, ইহাতে কেই বা শ্রদ্ধাবান্ হইবে? সেইরূপ আভীর (গোপগণ) হইতে তোমার পরাজয়-বাক্যেই বা কে বিশ্বাস করিবে? ৬৮

হে পার্থ! তুমি যে কৌরবগণকে বিনাশ করিয়াছ এবং তোমাকে যে আভীরগণ জয় করিয়াছে, ইহা সকলই সর্ব্বভূতময় হরির লীলাবিলাস মাত্র।৬৯

হে অর্জ্জুন! দস্যুরা স্ত্রীগণকে হরণ করিয়াছে বলিয়া যে তুমি তাহাদিগের প্রতি শোক করিতেছ, আমি ইহার যথাযথ বৃত্তান্ত বলিতেছি। (তুমি শ্রবণপূর্ব্বক

পাঠান্তর :—(ক) ভবন্তি ভাবাঃ কালেষু পুরুষাণাং যতঃ স্থিতিঃ। (খ) কৃতস্তথৈব ভবতো দস্যুভ্যঃ স পরাভবঃ। (গ) ভবোদয়ে—।

রম্ভাতিলোত্তমাদ্যাশ্চ শতশোঽথ সহস্রশঃ।
তুষ্টুবুস্তং মহাত্মানং প্রশশংসুশ্চ পাণ্ডব ॥৭৩
আকণ্ঠমগ্নং সলিলে জটাভারধরং মুনিম্।
বিনয়াবনতাশ্চৈনং প্রণেমুঃ স্তোত্রতৎপরাঃ ॥৭৪
যথা যথা প্রসন্নোঽসৌ তুষ্টুবুস্তং তথা তথা।
সর্ব্বাস্তাঃ কৌরবশ্রেষ্ঠ বরিষ্ঠং তং দ্বিজন্মনাম্ ॥৭৫

অষ্টাবক্র উবাচ।

প্রসন্নোঽহং মহাভাগা ভবতীনাং যদিষ্যতে।
মত্তস্তদ্‌বিদ্যতাং সর্ব্বং প্রদাস্যামীতিদুর্লভম্ ॥৭৬

রম্ভাতিলোত্তমাদ্যাস্তং বৈদিক্যোঽপ্সরসোঽব্রুবন্।
প্রসন্নে ত্বয্যপর্য্যাপ্তং কিমস্মাকমিতি দ্বিজ ॥৭৭
ইতরাস্ত্বব্রুবন্ বিপ্র প্রসন্নো ভগবান্ যদি।
তদিচ্ছামঃ পতিং প্রাপ্তুং বিপ্রেন্দ্র পুরুষোত্তমম্ ॥৭৮

ব্যাস উবাচ।

এবং ভবিষ্যতীত্যুক্ত্বা উত্তস্থার জলান্মুনিঃ।
দদৃশুস্তাস্তনুর্ভীমং বিরূপং বক্রমষ্টধা ॥৭৯
তং দৃষ্ট্বা গৃহমানানাং যাসাং হাসঃ সুদুষ্টোঽভবৎ।
তাঃ শশাপ মুনিঃ কোপমবাপ্য কুরুনন্দন ॥৮০
যস্মাদ্ বিরূপরূপং মাং জ্ঞাত্বা হাসাবমাননা।
ভবতীভিঃ কৃতা তস্মাদেষ শাপং দদামি বঃ ॥৮১
মৎপ্রসাদেন ভর্ত্তারং লব্ধ্বা তং পুরুষোত্তমম্।
মচ্ছাপোপহতাঃ সর্ব্বা দস্যুহস্তং গমিষ্যথ ॥৮২

ব্যাস উবাচ।

ইত্যুক্তাস্তাভিরাকর্ণ্য মুনিস্তাভিঃ প্রসাদিতঃ।
পুনঃ সুরেন্দ্রলোকং বৈ প্রাহ ভূয়ো গমিষ্যথ ॥৮৩

বৃথাশোক হইতে বিরত হও)। হে পার্থ! পূর্ব্বকালে অষ্টাবক্র নামে এক ঋষি সমাতম ব্রহ্ম-চিন্তা অবলম্বনপূর্ব্বক অনেক বর্ষ ব্যাপিয়া জলে বাস করিতেছিলেন।৭০-৭১

এই সময় দেবগণ অনেক অসুরকে জয় করেন, সেই কারণে সুমেরুপর্ব্বতে তখন এক মহোৎসব হয়। হে পাণ্ডুনন্দন অর্জ্জুন! সেই মহোৎসবে গমন করিতে করিতে রম্ভা তিলোত্তমা প্রভৃতি শত শত সহস্র সহস্র বারাঙ্গনা পথিমধ্যে ঐ মহাত্মা ঋষিকে দর্শন করিয়া তাঁহার স্তব ও প্রশংসা করিতে লাগিলেন।৭২-৭৩

তারপর বিনয়াবনত অপ্সরোগণ তাঁহার স্তোত্র করিতে করিতে কণ্ঠ পর্য্যন্ত জলে মগ্ন সেই জটাভারধারী মুনিকে প্রণাম করিলেন।৭৪

হে কৌরব-শ্রেষ্ঠ! সেই ব্রাহ্মণদিগের বরণীয় অষ্টাবক্রমুনি যে যে প্রকারে প্রসন্ন হইতে পারেন, ঐ স্ত্রীগণ সেই সেই প্রকারে তাঁহার স্তব করিতে লাগিলেন।৭৫

অষ্টাবক্র বলিলেন,—হে মহাভাগা স্ত্রীগণ! আমি তোমাদের উপর প্রসন্ন হইয়াছি, অতএব আমার নিকট তোমরা অভীষ্ট বর প্রার্থনা কর। ঐ বর অতি দুর্লভ হইলেও আমি তাহা প্রদান করিব। রম্ভা, তিলোত্তমা প্রভৃতি বেদপ্রসিদ্ধ অপ্সরোগণ বলিলেন,—হে দ্বিজ! আপনি প্রসন্ন হইলে পর আর আমাদের অপ্রাপ্য কি রহিল? ৭৬-৭৭

অন্যান্য অপ্সরোগণ প্রার্থনা করিলেন,—হে বিপেন্দ্র! আপনি যদি প্রসন্ন হইয়া থাকেন, তবে আমরা এই বর প্রার্থনা করি,—যেন পুরুষোত্তমকে আমরা পতিরূপে লাভ করিতে পারি।৭৮

ব্যাস বলিলেন,—"এই প্রকারই হইবে" ইহা বলিয়া মুনি জল হইতে উত্থিত হইলেন। তখন অপ্সরোগণ অষ্টভাগে বক্র সেই বিরূপ মুনিকে ভাল করিয়া দেখিতে পাইলেন। হে কুরুনন্দন! তাঁহাকে দেখিয়া লুকাইতে গিয়াও যাঁহাদের হাস্য প্রকাশ প্রাপ্ত হইল, মুনি কোপ সহকারে তাঁহাদের প্রতি শাপ প্রদান করিলেন।৭৯-৮০

যেহেতু আমাকে বিরূপশরীর দেখিয়া তোমরা আমার প্রতি হাস্যরূপ অবমাননা প্রকাশ করিলে, সেই কারণে আমি তোমাদিগকে শাপ দিতেছি।৮১

আমার প্রসাদে পুরুষোত্তমকে স্বামিরূপে প্রাপ্ত হইয়াও পুনর্ব্বার আমার শাপপ্রভাবে তোমরা দস্যুহস্তে

এবং তস্য মুনেঃ শাপাদষ্টাবক্রস্য কেশবম্ ।
ভর্ত্তারং প্রাপ্য তা দস্যুহস্তং যাতা বরাঙ্গনাঃ ॥৮৪

তবয়া নাত্র কর্ত্তব্যঃ শোকোঽস্মোঽপি হি পাণ্ডব ।
তেনৈবাখিলনাথেন সর্ব্বং তদুপসংহৃতম্ ॥৮৫

ভবতাং চোপসংহারমাসন্নং তেন কুর্ব্বতা ।
বলং তেজস্তথা বীর্য্যং মাহাত্ম্যং চোপসংহৃতম্ ॥৮৬

জাতস্য নিয়তো মৃত্যুঃ পতনঞ্চ তথোন্নতেঃ ।
বিপ্রয়োগাবসানশ্চ সংযোগঃ সঞ্চয়াং ক্ষয়ঃ ॥৮৭

বিজ্ঞায় ন বুধাঃ শোকং ন হর্ষমুপযান্তি যে ।
তেষামেবেতরে চেষ্টাং শিক্ষন্তঃ সন্তি তাদৃশাঃ ॥৮৮

তস্মাত্ত্বয়া নরশ্রেষ্ঠ জ্ঞাত্বৈতদ্ ভ্রাতৃভিঃ সহ ।
পরিত্যজ্যাখিলং তন্ত্রং গন্তব্যং তপসে বনম্ ॥৮৯

তদ্ গচ্ছ ধর্ম্মরাজায় নিবেদ্যৈতদ্বচো মম ।
পরস্মৈ ভ্রাতৃভিঃ সার্দ্ধং যথা যাসি তথা কুরু ॥৯০

পরাশর উবাচ ।

ইত্যুক্তোঽভ্যেত্য পার্থাভ্যাং যমাভ্যাঞ্চ তথার্জ্জুনঃ ।
দৃষ্টং চৈবানুভূতঞ্চ কথিতং তেষশেষতঃ ॥৯১

ব্যাসবাক্যঞ্চ তে সর্ব্বে শ্রুত্বার্জ্জুনসমীরিতম্ ।
রাজ্যে পরিক্ষিতং কৃত্বা যযুঃ পাণ্ডুসুতা বনম্ ॥৯২

ইত্যেতৎ তব মৈত্রেয় বিস্তরেণ ময়োদিতম্ ।
জাতস্য যদুযদোর্বংশে বাসুদেবস্য চেষ্টিতম্ ॥৯৩

ইতি বিষ্ণুপুরাণে পঞ্চমাংশে অষ্টত্রিংশঃ অধ্যায়ঃ ।

গমন করিবে। ব্যাস বলিলেন,—এই কথা শ্রবণপূর্ব্বক অন্যান্যে পুনর্ব্বার তাঁহাকে নানাপ্রকার প্রবোধ দিলে পর মুনি বলিলেন,—তৎপরে তোমরা পুনর্ব্বার স্বর্গে যাইতে পারিবে ।৮২-৮৩

সেই অষ্টাবক্র মুনির এইরূপ শাপপ্রভাবে সেই বরাঙ্গনাগণ কেশবকে স্বামিরূপে পাইয়াও পুনর্ব্বার দস্যুহস্তে গমন করিয়াছেন ।৮৪

হে পাণ্ডুকুমার! সেই কারণে এই বিষয়ে তুমি অল্পও শোক করিও না; সেই জগন্নাথ স্বয়ংই এই কুলের উপসংহার করিয়াছেন। তোমাদেরও আসন্নপ্রায় বিনাশসাধন করিবার নিমিত্ত তিনিই তোমাদের বল, তেজঃ, বীর্য্য ও মাহাত্ম্যের লোপ করিয়া দিয়াছেন ।৮৫-৮৬

জাত ব্যক্তির মৃত্যু অবশ্যম্ভাবী, উন্নতির পতন নিয়ত, সংযোগমাত্রেরই বিয়োগ ফল এবং সঞ্চয়ের ক্ষয়ও অবশ্য হইয়া থাকে। পণ্ডিতগণ এই সকল বিষয় ভালভাবে বুঝিয়া শোক বা হর্ষ লাভ করেন না; সেই পণ্ডিতগণের ব্যবহার শিক্ষা করিয়া অন্যান্য ব্যক্তিগণও কালে হর্ষ ও শোক পরিত্যাগ করিতে পারে ।৮৭-৮৮

হে নরশ্রেষ্ঠ। তুমিও এই সকল কথা বুঝিয়া ভ্রাতৃগণের সহিত রাজ্যাদি পরিত্যাগপূর্ব্বক তপস্যা করিবার জন্য বনে গমন করিতে চেষ্টা কর ।৮৯

সেইহেতু এক্ষণে গমন কর এবং ধর্ম্মরাজ যুধিষ্ঠিরকে আমার এইবাক্য নিবেদনপূর্ব্বক পরন্তু যাহাতে ভ্রাতৃগণের সহিত বনে যাইতে পার, তাহা সম্পাদন করিও ।৯০

পরাশর বলিলেন,—ব্যাস এই প্রকার বলিলে, অর্জ্জুন, যুধিষ্ঠির, ভীম, সহদেব ও নকুল এই চারি ভ্রাতার সহিত মিলনান্তে তাঁহাদিগকে—যাহা দেখিয়াছিলেন ও শুনিয়াছিলেন, সমস্ত প্রকাশ করিয়া বলিলেন ।৯১

অর্জ্জুনমুখ হইতে ব্যাসোক্ত বাক্য শ্রবণ করিয়া পরিক্ষিৎকে রাজ্যে অভিষিক্ত করত পাণ্ডুপুত্রগণ সকলেই বনে গমন করিলেন। হে মৈত্রেয়! যদুবংশে জন্মগ্রহণপূর্ব্বক বাসুদেব যাহা করিয়াছিলেন, তাহা আমি তোমার নিকট সবিস্তারে বলিলাম ।৯২-৯৩

* কোন কোন গ্রন্থে নিম্নলিখিত শ্লোকটি অধ্যায়ের শেষে দেখা যায়,—

যশ্চৈতচ্চরিতং তস্য কৃষ্ণস্য শৃণুয়াৎ সদা ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বিষ্ণুলোকং স গচ্ছতি ॥

বিষ্ণুপুরাণের পঞ্চমাংশে অষ্টত্রিংশ অধ্যায় সমাপ্ত ।

পঞ্চমাংশ সমাপ্ত ।

রামাৎ ত্রস্যতি কালভীমভুজগো রামস্য সর্বো বশী
রামে ভক্তিরখণ্ডিতা ভবতু মে রাম ত্বমেবাশ্রয়ঃ ॥

—০—

মহৎসকলের চিত্ত-আকৃষ্টকারী, পাপসমূহের উচ্চাটনকারী, চণ্ডাল অবধি বাক্‌শক্তি-সম্পন্ন জীবমাত্রেরই সুলভ এবং মুখ্যসম্পত্তির বশীকারক—এই শ্রীরামনামাত্মক মন্ত্র কোন প্রকার তান্ত্রিক কি বৈদিক দীক্ষা, সদাচার অথবা পুরশ্চরণাদি বিধির অপেক্ষা করেন না, কেবলমাত্র রসনা-স্পর্শমাত্রেই পাপসকল দূরীভূত করিয়া থাকেন।

শ্রীরাম সমস্ত জগতের শরণ; রাম বিনা জীবের আর কি গতি আছে; রাম কলিমল নাশ করেন; রামকে প্রণাম করা কর্ত্তব্য। কালরূপ ভয়ঙ্কর ভুজঙ্গম রাম হইতে ভীত হয়; সমস্ত রামের বশে; রামে আমার অখণ্ডিতা ভক্তি হউক! হে রাম, তুমি আমার আশ্রয়।

বামন-পুরাণে

পরদাররতো বাপি পরাপকৃতিকারকঃ।
স শুদ্ধো মুক্তিমাপ্নোতি রামনামানুকীর্ত্তনাৎ ॥

পরদার-অনুরক্ত কিংবা পরের অপকারকারী ব্যক্তিও পরিপাটীরূপে রামনামকীর্ত্তনে শুদ্ধ হইয়া মুক্তি লাভ করে।

কূর্ম্ম-পুরাণে

গোপ্যাদ্ গোপ্যতমং ভদ্রে সর্ব্বস্বজীবনং মম।
শ্রীরামনাম সর্ব্বেশমদ্ভুতং ভুক্তিমুক্তিদম্ ॥
ধিক্ কৃতং তমহং মন্যে সত্যং হি প্রাণবল্লভে।
যজ্ জিহ্বাগ্রে ন শ্রীরামনাম সংরাজতে সদা ॥

মৎস্য-পুরাণে

ধ্যেয়ং জ্ঞেয়ং পরং দেব্যং রামনামাক্ষরং মুনে।
সর্ব্বসিদ্ধান্তসারং হি সৌখ্য-সৌভাগ্যকারণম্ ॥
নামৈব পরমং জ্ঞানং ধ্যানং যোগস্তথা রতিঃ।
বিজ্ঞানং পরমং গুহ্যং রামনামৈব কেবলম্ ॥

গরুড়-পুরাণে

শ্রীরামরামরামেতি যে বদন্ত্যপি পাপিনঃ।
পাপকোটিসহস্রেভ্যস্তেষামুত্তরণং ধ্রুবম্ ॥

কলৌ সঙ্কীর্ত্তনাদ্দেবি সর্ব্বপাপং ব্যপোহতি।
তস্মাচ্ছ্রীরামনাম্নস্তু কার্য্যং সঙ্কীর্ত্তনং বরম্॥

হে ভদ্রে! গুহ্য হইতেও গোপনীয়তম, আমার জীবনসর্ব্বস্ব, সকলের ঈশ্বর, ভোগ-মোক্ষপ্রদাতা, বিঘ্নহন্তক শ্রীরামনাম।

হে প্রাণবল্লভে! যাহার রসনাগ্রে সর্ব্বদা শ্রীরামনাম বিরাজ করে না, সত্যই আমি তাহাকে নিন্দিত মনে করি।

হে মুনে! সমুদয় সিদ্ধান্তের সার, সুখধারা ও সৌভাগ্যের কারণ, অক্ষর রামনাম ধ্যানযোগ্য, জ্ঞাতব্য ও পরম সেবনীয়।

নামই পরম জ্ঞান, ধ্যান, যোগ ও অনুরাগ। পরম গোপনীয় বিজ্ঞান কেবল রামনামই জানিবে।

পাপী হইয়াও যাহারা 'শ্রীরাম রাম রাম' এই নাম বলে, তাহারা কোটিসহস্র পাপ হইতে নিশ্চিত মুক্ত হয়।

হে দেবি। কলিযুগে সঙ্কীর্ত্তন হইতে সমস্ত পাপ নিঃশেষে বিনষ্ট হয়। সেইহেতু শ্রেষ্ঠ শ্রীরামনামসঙ্কীর্ত্তন করণীয়।

ব্রহ্মাণ্ড-পুরাণে

রামনামপ্রভা দিব্যা বেদবেদান্তপারগা
যেষাং হৃদ্যে সদা ভাতি তে পূজ্যা ভুবনত্রয়ে॥

বেদ ও বেদান্তের পারগামিনী রামনামের জ্যোতির্ম্ময়ী প্রভা যাঁহাদের হৃদয়ে সর্ব্বদা দীপ্তি পান, তাঁহারা ত্রিভুবনে পূজনীয়।

উপপুরাণ—

গণেশ-পুরাণে

অহং পূজ্যোঽভবং লোকে শ্রীমন্নামানুকীর্ত্তনাৎ।
অতঃ শ্রীরামনাম্নস্তু কীর্ত্তনং সর্ব্বদোচিতম্॥
রামনাম পরং ধ্যেয়ং জ্ঞেয়ং পেয়মহর্নিশম্।
সর্ব্বদা সদ্ভিরিত্যুক্তং পূর্ব্বং মাং জগদীশ্বরৈঃ॥

বায়ু-পুরাণে

যাতনা যমলোকেষু তাবদেব ভবেন্নৃণাম্।
যাবন্ন ভজতে প্রীত্যা রামনাম পরাৎপরম্॥
সর্ব্বেষামবতারাণাং কারণং পরমদ্ভুতম্।
শ্রীমদ্রামেতি নামৈব কথ্যতে সদ্ভিরন্বহম্॥



CALCUTTA UNIVERSITY CENTRAL LIBRARY

আর্য্যশাস্ত্র

শ্রীশ্রী সীতারামদাস ওঙ্কারনাথ

প্রবর্ত্তিত

শ্রীশ্রীরামনাম-মাহাত্ম্য

শ্রীশ্রীসীতারামদাস ওঙ্কারনাথ

শ্রীগণেশ বলিয়াছেন, আমি শ্রীমদ্রামনাম উত্তমরূপে কীর্ত্তন করার জন্য জগতে সর্ব্বপ্রথমে পূজনীয় হইয়াছি। অতএব সর্ব্বদা শ্রীরামনাম কীর্ত্তন করা কর্ত্তব্য।

পূর্ব্বে আমাকে জগদীশ্বর ও সাধুগণ 'রামনাম শ্রেষ্ঠ ধ্যেয়-জ্ঞেয় এবং দিবানিশি পেয়' এই কথা বলিয়াছেন।

যমালয়ে মানবগণকে ততক্ষণই যন্ত্রণা ভোগ করিতে হয়, যাবৎকাল প্রেমের সহিত পরাৎপর রামনাম ভজনা না করে।

সাধুসকল অনুদিন শ্রীমদ্রামনামই সমস্ত অবতারের পরম আশ্চর্য্যজনক কারণ বলিয়া থাকেন।

নৃসিংহ-পুরাণে

রামনামরতা নারী স্বতং সৌভাগ্যমীপ্সিতম্।
ভর্ত্তুঃ প্রিয়ত্বং লভতে ন বৈধব্যং কদাচন॥
পতিব্রতানাং সর্ব্বাসাং রামনামানুকীর্ত্তনম্।
ঐহিকামুষ্মিকসৌখ্যদায়কং সর্ব্বশো মুনে॥

তত্রৈব কেদারখণ্ডে—

রামনামজপতাং কুতো ভয়ং
সর্ব্বতাপশমনৈকভেষজম্।
পশ্য তাত মম গাত্রসঙ্গতঃ
পাবকোঽপি সলিলায়তেঽধুনা॥

বৃহদ্বিষ্ণু-পুরাণে

রামরামেতি যো নিত্যং মধুরং জপতি ক্ষণম্।
সর্ব্বসিদ্ধিং সমাপ্নোতি রামনামানুভাবতঃ॥

বৃহন্নারদীয়-পুরাণে

স্মরণাৎ কীর্ত্তনাচ্চৈব শ্রবণাল্লেখনাদপি।
দর্শনাদ্ধারণাদেব রামনামাখিলেষ্টদম্॥

[চতুর্থ বর্ষ, মাঘ, ১৩৭২] [অষ্টম সংখ্যা—শ্রীশ্রীজগন্নাথদেবের ঝুলনযাত্রা (নবকলেবর যাত্রা)]

আর্য্যশাস্ত্র

শ্রীশ্রীসীতারামদাস ওঙ্কারনাথ প্রবর্ত্তিত

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীতম্

বিষ্ণুপুরাণম্

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্গত আঞ্চলিক ভাষার উন্নয়ন ও সমৃদ্ধিকল্পে মহামান্য সরকারমহোদয়ের অর্থানুকূল্যে এই পুস্তক সুলভমূল্যে দেওয়া সম্ভব হইতেছে।

মূল-সম্পূজক—

মহামহোপাধ্যায় শ্রীকালীপদতর্কাচার্য্য

শ্রীশ্রীজীবভট্টাচার্য্যন্যায়তীর্থ

[বার্ষিক মূল্য সডাক ১৫·০০ টাকা] [প্রতি সংখ্যা ১·৫০ টাকা]

স্বত্বাধিকারী :—
শ্রীসত্যধর্ম্মপ্রচারসঙ্ঘ
(জগদ্গুরু সম্প্রদায়)

সহ-সম্পাদক সঙ্ঘ

শ্রীশ্যামাশঙ্কর বিদ্যাভূষণ

শ্রীনারায়ণ গোস্বামী ন্যায়াচার্য্য

শ্রীরঘুনাথ কাব্য-ব্যাকরণতীর্থ

শ্রীহরিনারায়ণ তর্ক-বেদ-ব্যাকরণতীর্থ

শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ

মুদ্রণ-কর্ম্মিকর :—
ডাঃ জিতেন্দ্র নাথ দে. এম্. বি., ডি, ও, এম্, এস., ডি., পি., এইচ., ডি, টি, এম, এণ্ড এইচ (লণ্ডন)।

শ্রীহরেন্দ্র নাথ মণ্ডল. এম্, কম্।

শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ কর্তৃক শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়, ৭।৩, পি. ডব্লিউ. ডি. রোড, কলিকাতা—৩৫ হইতে প্রকাশিত ও ১৫বি, রায়বাগান ষ্ট্রীট্, কলিকাতা—৬ ইন্দু-নারায়ণ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মুদ্রাপিত। ১৫ই পৌষ, ১৩৭২।

কার্য্যালয় :—
৩৮সি বিধান সরণী (বিবেকানন্দ রোডের মোড়) কলিকাতা—৬
ফোন ৩৪-৪৪০৮

নিয়মাবলী

১। আর্য্যশাস্ত্র শাস্ত্রময় মাসিক পত্র। প্রতি মাসে ইহার ১টি সংখ্যা প্রকাশিত হয়। আষাঢ় (জুন-জুলাই) মাস হইতে ইহার বর্ষারম্ভ।

২। এই মাসিকপত্রে মন্বাদি বিংশতিসংহিতা, প্রজাপতি-স্মৃতি প্রভৃতি বহু দুর্লভ স্মৃতিগ্রন্থ ও বাল্মীকি-রামায়ণ প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানে বিষ্ণুপুরাণ প্রকাশিত হইতেছে। তারপর শ্রীমদ্ভাগবত-শ্রীমহাভারত ইত্যাদি যাবতীয় আর্য্যশাস্ত্র ধারাবাহিকভাবে প্রকাশিত হইবে।

৩। ইহার বার্ষিক গ্রাহকমূল্য ভারত ও পাকিস্তানে সডাক ১৫'০০, প্রতি সংখ্যা ১'৫০ মঃ পঃ মাত্র; অন্যত্র বার্ষিক সডাক ২০'০০, প্রতি সংখ্যা ২'০০ মাত্র। গ্রাহকমূল্য অগ্রিম দেয়।

৪। প্রতি বাংলা মাসের দ্বিতীয় সপ্তাহে ইহার একটি সংখ্যা প্রকাশিত হইবামাত্র গ্রাহকগণের নিকট পাঠান হয়। বাংলা মাসের তৃতীয় সপ্তাহের মধ্যে উক্ত সংখ্যা না পাইলে স্থানীয় ডাকঘরে খোঁজ লইয়া চতুর্থ সপ্তাহের মধ্যে কলিকাতা কার্য্যালয়ে অবশ্যই জানাইতে হইবে।

ঠিকানা-পরিবর্ত্তন পূর্ববর্তী বাংলা মাসের মধ্যে অবশ্যই জানাইতে হইবে।

৫। মাসিকপত্র-সংক্রান্ত যাবতীয় পত্রাদি এবং অর্থাদি "সকালক আর্য্যশাস্ত্র, ৩৮সি, বিধান সরণী, কলিকাতা—৬" এই ঠিকানায় পাঠাইতে হইবে।

মণি-অর্ডার কুপণ ও পত্রাদিতে গ্রাহকের নাম, ঠিকানা ও গ্রাহক-নম্বর সুস্পষ্টভাবে অবশ্যই লিখিতে হইবে।

৬। গ্রাহকগণের পত্র-লিখিত নির্দ্দেশ অনুযায়ী সকল ব্যবস্থা শীঘ্রই গ্রহণ করা হয়, কিন্তু প্রয়োজন না মনে করিলে পত্রের উত্তর দেওয়া হয় না। পত্রের উত্তর আশা করিলে গ্রাহকগণকে জবাবী-পত্র অবশ্যই দিতে হইবে।

৭। আর্য্যশাস্ত্রের পুরাতন সংখ্যাগুলি একত্রে ডাকে পাঠাইবার নির্দ্দেশ থাকিলে গ্রাহকগণকে পাঠাইবার ডাক-মাশুল অবশ্যই দিতে হইবে, কার্য্যালয়ে আসিয়া বা ডাকযোগ ব্যতীত অন্য কোন উপায়ে গ্রহণ করিলে তাহা দিতে হইবে না।

৮। উল্লিখিত ৪-৭ নং নিয়মাবলী পালিত না হইলে পত্র-পরিচালকগণের পক্ষে কোন দায়িত্ব গ্রহণ করা সম্ভব নহে।

৯। অনিবার্য্য কারণবশতঃ যে দুইটি সংখ্যা প্রকাশে বিলম্ব ঘটিয়াছে, তাহা পূরণ করিয়া লইতে কিছু সময় লাগিবে। তৎসম্পর্কে উক্ত নিয়মাবলী যথাসময়ে প্রযুজ্য বলিয়া গণ্য হইবে।

শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়
৭।৩, পি. ডব্লিউ. ডি. রোড, আলমবাজার
কলিকাতা—৩৫।

সম্পূজক—আর্য্যশাস্ত্র

'আর্য্যশাস্ত্র'

[১৯৫৬ সালের সংবাদপত্রসমূহের রেজিষ্ট্রীকরণ (কেন্দ্রীয়) আইনের ৮ নং ধারা অনুসারে নিম্নলিখিত তথ্য প্রকাশিত হইল। ফর্ম নং ৪]

প্রকাশনস্থান—	শ্রীশ্রীসীতারামবৈদিক মহাবিদ্যালয় ৭।৩, পি, ডব্লিউ, ডি, রোড, কলিকাতা ৩৫
প্রকাশনের কালক্রম—	মাসিক
মুদ্রাপকের নাম—	শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ
জাতি—	ভারতীয়
ঠিকানা—	৭।৩ পি, ডব্লিউ, ডি, রোড, কলিকাতা-৩৫
প্রকাশকের নাম—	শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ
জাতি—	ভারতীয়
ঠিকানা—	শ্রীসীতারামবৈদিক মহাবিদ্যালয় ৭।৩, পি, ডব্লিউ, ডি, রোড, কলিকাতা-৩৫
মুখ্য সম্পাদকের নাম—	মহামহোপাধ্যায় শ্রীযুক্তকালীপদতর্কাচার্য্য
জাতি—	ভারতীয়
ঠিকানা—	শান্তিনগর, পোঃ ভদ্রকালী, হুগলী, পশ্চিমবঙ্গ
	শ্রীশ্রীজীবভট্টাচার্য্যস্বামীতীর্থ
	ভারতীয়
	ভাটপাড়া, ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ
স্বত্বাধিকারিগণের নাম ও ঠিকানা এবং মোট মূলধনের শতকরা এক বা তাহার বেশী সংখ্যক অংশের মালিকগণ।	—শ্রীসত্যধর্মপ্রচারসঙ্ঘ (জগদ্গুরু সম্প্রদায়) ৭।৩, পি, ডব্লিউ, ডি, রোড, কলিকাতা-৩৫

আমি শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ এতদ্ দ্বারা ঘোষণা করিতেছি যে, উপরিপ্রদত্ত তথ্যগুলি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য।

স্বাক্ষর

শ্রীরামরঞ্জন কাব্যব্যাকরণতীর্থ

প্রকাশক

১।৩।৫৬

বিশেষ নিবেদন

আর্য্যশাস্ত্রের গ্রাহকগণের নিকট আমাদের বিনীত নিবেদন এই যে,—তাঁহারা যেন প্রত্যেকে অন্ততঃপক্ষে একটি করিয়াও গ্রাহক সংগ্রহ করিয়া দেন।

বিনীত

সম্পাদক—আর্য্যশাস্ত্র

ভগবান্ শ্রীবিষ্ণুঃ

ওঁ

বিষ্ণুবন্দনম্ ।

বিশ্বাতীতং বিশ্ববিধানং বিবুধেশং বিশ্বান্তং বিশ্বন্তরমাদ্যং বিভুমীড্যম্
বিদ্যাবিদ্যাবেদ্যবিহীনং হৃদি বেদ্যং বন্দে বিষ্ণুং বিশ্ববিলাসং বিধিবন্দ্যম্ ॥১

সত্যং সত্যাতীতপদস্থং সদসন্তং শুদ্ধং বুদ্ধং মুক্তমমুক্তং বিধিমুক্তম্ ।
সর্বং সর্বাদর্বন্দুরং সুখসান্দ্রং বন্দে বিষ্ণুং সর্বসহায়ং সুরসেব্যম্ ॥২

মানং মানাতীতমমেয়ং মনসাপ্যং মন্তুর্মন্তারং মুনিমান্যং মহিমাঢ্যম্ ।
মায়াক্রীড়ং মায়িনমাদ্যং গতমায়ং বন্দে বিষ্ণুং মোহমহারিং মহনীয়ম্ ॥৩

পারং পারাপারমপারং পরপারং পারাবারাধারমধার্য্যং স্থবিকার্য্যম্ ।
পূর্ণাকারং পূর্ণবিহারং পরিপূর্ণং বন্দে বিষ্ণুং পরমারাধ্যং পরমার্থম্ ॥৪

কালাতীতং কালকরালং করুণার্দ্রং কালাকাল্যং কেলিকলাঢ্যং কমনীয়ম্ ।
কামাধারং কামকুঠারং কমলাক্ষং বন্দে বিষ্ণুং কামবিলাসং কমলেশম্ ॥৫

নিত্যানন্দং নিত্যবিহারং নিরপায়ং নীরাধারং নীরদকান্তিং নিরবদ্যম্ ।
নানানানাকারমনাকারমুদারং বন্দে বিষ্ণুং নীরজনাভং নলিনাক্ষম্ ॥৬

প্রথমঃ অধ্যায়ঃ

[কলিধর্ম্মনিরূপণম্ ।]

মৈত্রেয় উবাচ ।

ব্যাখ্যাতা ভবতা সর্গ-বংশ-মন্বন্তরস্থিতিঃ ।
বংশানুচরিতঞ্চৈব বিস্তরেণ মহামুনে ॥১
শ্রোতুমিচ্ছাম্যহং ত্বত্তো যথাবদুপসংহৃতিম্ ।
মহাপ্রলয়সংস্থানং কল্পান্তে চ মহামুনে ॥২

পরাশর উবাচ ।

মৈত্রেয় শ্রূয়তাং মত্তো যথাবদুপসংহৃতিঃ ।
কল্পান্তে প্রাকৃতে চৈব প্রলয়ো জায়তে যথা ॥৩
অহোরাত্রং পিতৃণান্তু মাসোঽহর্দ্বিদিবৌকসাম্ ।
চতুর্যুগসহস্রে তু ব্রহ্মণো যে দ্বিজোত্তম ॥৪
কৃতং ত্রেতা দ্বাপরঞ্চ কলিশ্চৈব চতুর্যুগম্ ।
দিব্যৈর্বর্ষসহস্রৈস্তু তদ্ দ্বাদশভিরুচ্যতে ॥৫

চতুর্যুগাণ্যশেষাণি সদৃশানি স্বরূপতঃ ।
আদ্যং কৃতযুগং মুক্ত্বা মৈত্রেয়ান্তে তথা কলিম্ (ক)॥৬
আদ্যে কৃতযুগে সর্গো ব্রহ্মণা ক্রিয়তে যতঃ (খ) ।
ক্রিয়তে চোপসংহারস্তথান্তে চ কলৌ যুগে ॥৭

মৈত্রেয় উবাচ ।

কলেঃ স্বরূপং ভগবন্ বিস্তরাদ্ বক্তুমর্হসি ।
ধর্ম্মশ্চতুষ্পাদ্ভগবন্ (গ) যস্মিন্ বিপ্লবমৃচ্ছতি ॥৮

পরাশর উবাচ ।

কলেঃ স্বরূপং মৈত্রেয় যদ্ভবান্ প্রষ্টুমিচ্ছতি ।
তন্নিবোধ সমাসন্নং বর্ত্ততে ঘন্মহামুনে ॥৯
বর্ণাশ্রমাচারবতী প্রবৃত্তির্ন কলৌ নৃণাম্ ।
ন সাম-ঋগ্-যজুর্ব্বেদবিনিস্পাদনহেতুকা (ঘ) ॥১০

প্রথম অধ্যায়

[কলিধর্ম্ম নিরূপণ ।]

মৈত্রেয় বলিলেন,—হে মহামুনে ! সৃষ্টি, বংশ ও মন্বন্তরের স্থিতি এবং বংশানুচরিত আপনি সবিস্তারে আমার নিকট বলিলেন ।১

এক্ষণে প্রলয়কালে যে প্রকারে ভূতগণের উপসংহার হয়, তাহা এবং মহাপ্রলয়ের স্বরূপ আপনার নিকট শ্রবণ করিতে ইচ্ছা করি ।২

পরাশর বলিলেন,—হে মৈত্রেয় ! কল্পান্তকালে এবং প্রকৃতির প্রলয়ে যেরূপে ভূতগণের উপসংহার হয়, তাহা এবং প্রলয়ের স্বরূপ শ্রবণ কর ।৩

হে দ্বিজশ্রেষ্ঠ ! মনুষ্যগণের এক মাসে পিতৃগণের এক দিবারাত্রি, মনুষ্যগণের এক বৎসরে দেবগণের এক দিবারাত্রি হয় এবং তাহাদের দুই হাজার চতুর্যুগে ব্রহ্মার এক দিবারাত্রি হয় ।৪

সত্য, ত্রেতা, দ্বাপর ও কলি এই চারি প্রকার যুগ । দেবগণের বারহাজার বৎসরে মনুষ্যগণের এই চারি যুগ হয় ।৫

হে মৈত্রেয় ! সৃষ্টির প্রথমপ্রবৃত্ত সত্যযুগ ও সকলের শেষ কলিযুগ ব্যতীত অনন্ত-যুগসমূহের এক প্রকারই স্বরূপ ।৬

যেহেতু প্রথম সত্যযুগে ব্রহ্মা ভূতসমূহের সৃষ্টি করেন এবং অন্তিম কলিযুগে সমস্ত সৃষ্টি উপসংহার (নাশ) করিয়া থাকেন ।৭

মৈত্রেয় বলিলেন,—হে ভগবন্ ! যে কলিকালে চতুষ্পাদ ধর্ম্ম বিলুপ্তপ্রায় হইবে, সেই কলিকালের স্বরূপ আপনি বিস্তারপূর্ব্বক কীর্ত্তন করুন ।৮

পাঠান্তর :—(ক) —মৈত্রেয়াদ্যং তথাকলিম্ ।
(খ) —যথা ।
(গ) ধর্ম্মশ্চতুষ্পাদ্ ভগবান্— ।
(ঘ) ন সাম-ঋগ্-যজুর্ব্বেদবিনিস্পাদনহেতুকা ।

বিবাহা ন কলৌ ধর্ম্ম্যা ন শিষ্য-গুরুসংস্থিতিঃ।
ন দাম্পত্যক্রমো নৈব বহ্নিদৈবাত্মকঃ ক্রমঃ ॥১১
যত্র তত্র কুলে জাতো বলী সর্ব্বেশ্বরঃ কলৌ।
সর্ব্বেভ্য এব বর্ণেভ্যো যোগ্যঃ কন্যাবরোধনে ॥১২
যেন কেনৈব যোগেন দ্বিজাতির্দীক্ষিতঃ কলৌ।
যৈব সৈব চ মৈত্রেয় প্রায়শ্চিত্তক্রিয়া কলৌ ॥১৩
সর্ব্বমেব কলৌ শাস্ত্রং যস্য যদ্‌বচনং দ্বিজ।
দেবতাশ্চ কলৌ সর্ব্বাঃ সর্ব্বঃ সর্ব্বস্য চাশ্রমঃ ॥১৪
উপবাসস্তথায়াসো বিত্তোৎসর্গস্তথা কলৌ (ক)।
ধর্ম্মো যথাভিরুচিভৈরনুষ্ঠানৈরনুষ্ঠিতঃ ॥১৫

বিত্তেন ভবিতা পুংসাং স্বল্পেনাঢ্যমদঃ কলৌ।
স্ত্রীণাং রূপমদশ্চৈব কেশৈরেব ভবিষ্যতি ॥১৬
সুবর্ণমণিরত্নাদৌ বস্ত্রে চাপি ক্ষয়ং গতে (খ)।
কলৌ স্ত্রিয়ো ভবিষ্যন্তি তদা কেশৈরলঙ্কৃতাঃ ॥১৭
পরিত্যক্ষ্যন্তি ভর্ত্তারং বিত্তহীনং তথা স্ত্রিয়ঃ।
ভর্ত্তা ভবিষ্যতি কলৌ বিত্তবানেব যোষিতাম্ ॥১৮
যো যো দদাতি বহুলং স স স্বামী তদা নৃণাম্।
স্বামিত্বহেতুঃ সম্বন্ধো ভাবী নাভিজনস্তদা (গ) ॥১৯
গৃহাস্তা দ্রব্যসঞ্জ্যাতা দ্রব্যাস্তা চ তথা মতিঃ।
অর্থাশ্চাস্যোপভোগাস্তা ভবিষ্যন্তি কলৌ যুগে ॥২০

পরাশর বলিলেন,—হে মহামুনে মৈত্রেয়! কলিকালের স্বরূপ যাহা আমাকে জিজ্ঞাসা করিতেছ, তাহা আগতপ্রায়। উহা সম্যক্‌রূপে শ্রবণ কর।১৯

কলিকালে মনুষ্যগণের বর্ণ ও আশ্রমের আচারানুরূপ প্রবৃত্তিসকল বিলুপ্ত হইবে এবং ঐ সকল প্রবৃত্তি দ্বারা সাম, ঋক্ বা যজুর্ব্বেদবিহিত ক্রিয়াসমূহ নিষ্পাদিত হইবে না।১০

কলিকালে ধর্ম্মানুরূপ বিবাহ থাকিবে না, গুরু ও শিষ্যের সম্বন্ধ বিলুপ্ত হইবে; স্বামী ও স্ত্রীর ব্যবহার বিভিন্নরূপে পরিণত হইবে এবং হোমাদিক্রিয়া ও দেবতা-পূজা লোপ পাইবে।১১

কলিকালে যে-সে কুলে উৎপন্ন হইয়াও বলবান্ ব্যক্তি সকলের প্রভু এবং সকল বর্ণ হইতেই কন্যাবিবাহ করিবার উপযুক্ত পাত্র হইবে।১২

হে মৈত্রেয়! কলিকালে দ্বিজাতিগণ নিন্দিত-উপায়ানুষ্ঠান দ্বারাও আপনাদিগকে দীক্ষিত বলিয়া পরিচিত করিবে এবং পাপাত্মারা কেবল লোকসমূহকে সন্তুষ্ট রাখিবার জন্য যেমন তেমন ভাবে প্রায়শ্চিত্তের অনুষ্ঠান করিবে।১৩

হে মৈত্রেয়! কলিকালে যাহার যাহা মুখে আসিবে, সে তাহাই শাস্ত্র বলিয়া প্রকাশ করিবে; আপন আপন অভিপ্রায়ানুসারে সকলে সকল দেবতারই উপাসনা করিবে এবং সকল আশ্রমে অক্ষুণ্ণভাবে প্রবেশ করিবে।১৪

কলিযুগে উপবাস, ক্লেশসাধ্য ব্রত ও ধনদান প্রভৃতি ধর্ম্মের যাহার যেরূপ অভিরুচি, সে সেই প্রকারেই অনুষ্ঠান করিবে।১৫

কলিকালে মনুষ্যগণ অতি অল্পমাত্র ধনের অধিকারী হইয়াই অত্যন্ত গর্ব্ব প্রকাশ করিবে এবং স্ত্রীগণ কেবল কেশ দ্বারাই আপনাদিগকে সুন্দরী মনে করিবে।১৬

সেই সময়ে স্ত্রীগণ সুবর্ণ, মণি, রত্ন ও বস্ত্রাদি হইতে বঞ্চিত হইয়াও কেবল কেশের পারিপাট্য দ্বারা আপনাদিগকে ভূষিত করিবে।১৭

কলিযুগে স্ত্রীগণ ধনহীন পতিকে পরিত্যাগ করিবে। যে ব্যক্তি ধনবান্, সেই ব্যক্তিই স্ত্রীগণের ভর্ত্তা হইবে।১৮

মনুষ্যমধ্যে যে যাহাকে বহুল পরিমাণে অর্থ প্রদান করিবে, সেই ব্যক্তিই তাহার প্রভু হইবে; প্রভুত্বের কারণ সম্বন্ধ হইবে না এবং সৎকুলোৎপন্ন শিষ্টব্যক্তিরাও প্রভুত্বের কারণ হইবে না।১৯

কলিযুগে মনুষ্যগণ ধর্ম্মের জন্য ব্যয় না করিয়া কেবল গৃহাদি নির্ম্মাণেই অর্থসমূহের ক্ষয় করিবে; মনুষ্যের বুদ্ধি পরকালের চিন্তা না করিয়া কেবল অর্থ উপার্জ্জনের চিন্তাতেই নিরন্তর নিমগ্ন থাকিবে এবং মনুষ্যেরা অর্থ দ্বারা অতিথি প্রভৃতির কোন উপকার না করিয়াই কেবল

পাঠান্তর :—(ক) —বিত্তোৎসর্গতঃ কালৌ। (খ) —বস্ত্রে চোপক্ষয়ং গতে।
(গ) যো যৈ দদাতি বহুলং স স স্বামী তদা নৃণাম্। স্বামিত্বহেতুঃ সম্বন্ধো ন চাভিজনতা তথা॥

স্ত্রিয়ঃ কলৌ ভবিষ্যন্তি বৈরিণ্যো ললিতস্পৃহাঃ।
অন্যায়ার্জ্জিতবিত্তেষু পুরুষাশ্চ স্পৃহালবঃ (ক) ॥২১
অভ্যর্থিতোঽপি সুহৃদা স্বার্থহানিং ন মানবঃ।
পণার্দ্ধার্দ্ধার্দ্ধমাত্রেঽপি করিষ্যতি তদা দ্বিজ ॥২২
সমানং পৌরুষক্ষেত্রো ভাবি বিপ্রেষু বৈ কলৌ।
ক্ষীরপ্রদানসম্বন্ধি ভাবি গোষু চ গৌরবম্ ॥২৩
অনাবৃষ্টিভয়প্রায়াঃ প্রজাঃ ক্ষুদ্ভয়কাতরাঃ।
ভবিষ্যন্তি তদা সর্ব্বা গগনাপক্তদৃষ্টয়ঃ ॥২৪
কন্দপর্ণফলাহারাস্তাপসা ইব মানবাঃ।
আত্মানং পাতয়িষ্যন্তি তদা বৃষ্ট্যাদিদুঃখিতাঃ (খ) ॥২৫
দুর্ভিক্ষমেব সততং তদা ক্লেশমনীশ্বরাঃ।
প্রাপ্স্যন্তি ব্যাহতসুখপ্রমোদা মানবাঃ কলৌ ॥২৬
অস্নানভোজিনো নাগ্নিদেবতাতিথিপূজনম্।
করিষ্যন্তি কলৌ প্রাপ্তে ন চ পিত্র্যোদকক্রিয়াম্ ॥২৭
লোলুপা হ্রস্বদেহাশ্চ বহ্বন্নাননতৎপরাঃ।
বহুপ্রজাল্পভাগ্যাশ্চ ভবিষ্যন্তি কলৌ স্ত্রিয়ঃ ॥২৮
উভাভ্যামেব পাণিভ্যাং শিরঃ কণ্ডূয়নং স্ত্রিয়ঃ।
কুর্ব্বন্ত্যো গুরুভর্তৃণামাজ্ঞাং ভেৎস্যন্ত্যনাদৃতাঃ ॥২৯
স্বপোষণপরাঃ ক্ষুদ্রা দেহসংস্কারবর্জ্জিতাঃ।
পরুষানৃতভাষিণ্যো ভবিষ্যন্তি কলৌ স্ত্রিয়ঃ ॥৩০
দুঃশীলা দুষ্টশীলেষু কুর্ব্বন্ত্যঃ সততং স্পৃহাম্।
অসদ্বৃত্তা ভবিষ্যন্তি পুরুষেষু কুলাঙ্গনাঃ ॥৩১
বেদাদানং করিষ্যন্তি বটবশ্চ তদাব্রতাঃ।
গৃহস্থাশ্চ ন হোষ্যন্তি ন দাস্যন্ত্যর্চিতান্যপি ॥৩২
বনবাসা (গ) ভবিষ্যন্তি গ্রাম্যাহারপরিগ্রহাঃ।
ভিক্ষবশ্চাপি মিত্রাদিস্নেহসম্বন্ধযন্ত্রিতাঃ ॥৩৩
অরক্ষিতারো হর্ত্তারঃ শুল্কব্যাজেন পার্থিবাঃ।
হারিণো জনবিত্তানাং সংপ্রাপ্তে তু কলৌ যুগে ॥৩৪

আপনার ভোগের জন্য সমস্ত অর্থ অপব্যয় করিবে।২০

কলিকালে স্ত্রীগণ সাধারণতঃ স্বেচ্ছাচারিণী এবং বিলাসোপকরণে অতিশয় অনুরাগিণী হইবে ও পুরুষেরা অন্যায় দ্বারা অর্থ উপার্জ্জন করিতে অভিলাষ করিবে।২১

হে দ্বিজ! ঐ সময়ে মনুষ্যগণ সুহৃদ্‌দিগের প্রার্থনাতেও নিজের অল্পমাত্রও স্বার্থ পরিত্যাগ করিবে না।২২

কলিতে ব্রাহ্মণগণের সহিত শূদ্র আদি সমানতার দাবী করিবে এবং গাভীগণ দুগ্ধ দেয় বলিয়াই সকলে তাহাদিগকে আদর করিবে।২৩

তখন প্রজাসমূহ অনাবৃষ্টির ভয়ে ক্ষুধায় কাতর হইয়া এক দৃষ্টিতে আকাশের দিকে তাকাইয়া থাকিবে।২৪

সেই সময়ে মনুষ্যগণ (অন্নের অভাবে) তাপসদের ন্যায় কন্দ, পত্র, ফল প্রভৃতি আহার করিবে; অনাবৃষ্টি প্রভৃতি দ্বারা দুঃখিত হইয়া আত্মহত্যা করিতে থাকিবে। সেই সময়ে অসমর্থ মানবগণ ধনহীন এবং সুখহর্ষরহিত হইয়া নিরন্তর কেবল দুর্ভিক্ষ ও ক্লেশ ভোগ করিবে।২৫-২৬

কলিকাল আসিলে মানবগণ স্নান না করিয়া ভোজন করিবে। তাহারা অগ্নি, দেবতা ও অতিথির পূজা করিবে না এবং ভুলিয়াও তর্পণাদির দ্বারা পিতৃগণকে পরিতুষ্ট করিতে যত্নবান্ হইবে না। কলিকালে স্ত্রীগণ নিতান্ত লোভী হইবে, দেহসকল ক্রমশঃ হ্রস্ব হইয়া আসিবে, বহু ভোজনশীল হইবে এবং প্রত্যেকেরই প্রায় বহুতর সন্তান হইবে ও সকলেই ভাগ্যহীন হইবে।২৭-২৮

স্ত্রীগণ উভয় হস্ত দ্বারা মস্তক চুলকাইতে চুলকাইতে অনায়াসে স্বামীর আজ্ঞা অবহেলা করিবে।২৯

কলিতে স্ত্রীগণ ক্ষুদ্রাশয় হইয়া নিজের দেহপোষণে ব্যস্ত থাকিবে, শরীরাদির বিশেষ সংস্কার করিবে না; নিরন্তর কঠোর ও মিথ্যা বাক্য বলিবে।৩০

কুলস্ত্রীগণ দুঃশীলা হইবে এবং অসচ্চরিত্র পুরুষসমূহে স্পৃহাবতী হইয়া নিরন্তর অসদাচারে রত থাকিবে।৩১

আচারহীন অথচ ব্রহ্মচারীর বেশ ধারণপূর্ব্বক ব্রাহ্মণতনয়গণ বেদ অধ্যয়ন করিবে। গৃহস্থগণ হোমাদি করিবে না ও উচিত দানসমূহও প্রদান করিবে না।৩২

বনবাসী ভিক্ষুকগণ (নিজ আহার কন্দ-ফলাদি ত্যাগ করত) গ্রাম্য আহার গ্রহণ করিবে এবং মিত্রাদির সহিত স্নেহসূত্রে আবদ্ধ হইবে।৩৩

কলিযুগ আসিলে, রাজারা প্রজাপালন করিবে না; অথচ করগ্রহণচ্ছলে বলপূর্ব্বক প্রজার বিত্ত হরণ করিবে।৩৪

পাঠান্তর :— (ক)—পুরুষাঃ স্পৃহয়ালবঃ। (খ) আত্মানং পাতয়িষ্যন্তি হ্যনাবৃষ্ট্যাদি দুঃখিতাঃ। (গ) বানপ্রস্থা—।

যো যোঽশ্বরথনাগাঢ্যঃ স স রাজা ভবিষ্যতি।
যশ্চ যশ্চাবলঃ সর্ব্বঃ স স ভৃত্যঃ কলৌ যুগে ॥৩৫
বৈশ্যাঃ কৃষিবাণিজ্যাদি সন্ত্যজ্য নিজকর্ম্ম যৎ।
শূদ্রবৃত্ত্যা প্রবৎস্যন্তি কারুকর্ম্মোপজীবিনঃ ॥৩৬
ভৈক্ষ্যব্রতাস্তথা (ক) শূদ্রা প্রব্রজ্যালিঙ্গিনোঽধমাঃ।
পাষণ্ডসংশ্রয়াং বৃত্তিমাশ্রয়িষ্যন্ত্যসংবৃতাঃ ॥৩৭
দুর্ভিক্ষকরপীড়াভিরতীবোপদ্রুতা জনাঃ।
গবেধুককদন্নাদ্যান্ (খ) দেশান্ যাস্যন্তি দুঃখিতাঃ ॥৩৮
বেদমার্গে প্রণীনে চ পাষণ্ডাদ্যে ততো জনে।
অধর্ম্মবৃদ্ধ্যা লোকানাং স্বল্পমায়ুর্ভবিষ্যতি ॥৩৯
অশাস্ত্রবিহিতং ঘোরং তপ্যমানেষু বৈ তপঃ।
নরেষু নৃপদোষেণ বালমৃত্যুর্ভবিষ্যতি (গ) ॥৪০

কলিযুগে যাহার যাহার অশ্ব, রথ, হস্তী থাকিবে, সেই সেই ব্যক্তিই রাজা হইবে এবং যে যে ব্যক্তি শক্তিহীন হইবে, তাহারাই ভৃত্য বলিয়া পরিগণিত হইবে।৩৫

বৈশ্যগণ কৃষি বাণিজ্য প্রভৃতি স্বীয় কর্ত্তব্যকর্ম্ম পরিত্যাগ করিয়া শূদ্রবৃত্তি শিল্পকর্ম্ম প্রভৃতি দ্বারা জীবন-যাত্রা নির্ব্বাহ করিবে।৩৬

অধম শূদ্রজাতি তাপসের বেশ ধারণপূর্ব্বক ভিক্ষাব্রতে ব্রতী হইবে। দ্বিজাতিগণ সংস্কারবর্জ্জিত হইয়া পাষণ্ডগণের আচরিত বৃত্তিসমূহকে অবলম্বন করিবে।৩৭

লোকসমূহ দুর্ভিক্ষ, রাজকর এবং ব্যাধিদ্বারা নিতান্ত পীড়িত হইয়া গবেধুক (দেওধান্য) কদন্নাদিযুক্ত দেশসমূহে আশ্রয় গ্রহণ করিবে।৩৮

তাহার পর বৈদিক ক্রিয়াকলাপ বিলুপ্ত হওয়ায় লোকসমূহ পাষণ্ডপ্রায় হইলে, ক্রমশঃ অধর্ম্মের বৃদ্ধিহেতু জীবগণের পরমায়ু অল্প হইয়া আসিবে।৩৯

সেই সময়ে তাপিত মনুষ্যগণ অশাস্ত্র-বিহিত তপস্যা করিবে; তাহাতেও অধার্ম্মিক রাজার দোষে লোক-মধ্যে অকালমৃত্যুর প্রাদুর্ভাব হইবে।৪০

ভবিত্রী (ঘ) যোষিতাং সূতিঃ পঞ্চষট্সপ্তবার্ষিকী।
নবাষ্টদশবর্ষাণাং মনুষ্যাণাং তথা কলৌ ॥৪১
পলিতোদ্ভবশ্চ ভবিতা তদা দ্বাদশবার্ষিকঃ।
নাতিজীবতি বৈ কশ্চিৎ কলৌ বর্ষাণি বিংশতিম্ ॥৪২
অল্পপ্রজ্ঞা বৃথালিঙ্গা দুষ্টান্তঃকরণাঃ কলৌ।
যতস্ততো বিনঙ্ক্ষ্যন্তি কালেনাল্পেন মানবাঃ* ॥৪৩
যদা যদা হি পাষণ্ডবৃদ্ধির্মৈত্রেয় লক্ষ্যতে।
তদা তদা কলের্বৃদ্ধিরনুমেয়া বিচক্ষণৈঃ (ঙ) ॥৪৪
যদা যদা সতাং হানির্বেদমার্গানুসারিণাম্†।
প্রারম্ভাশ্চাবসীদন্তি যদা ধর্ম্মভৃতাং নৃণাম্।
তদানুমেয়ং প্রাধান্যং কলের্মৈত্রেয় পণ্ডিতৈঃ ॥৪৫

কলিকালে অষ্টম, নবম এবং দশমবর্ষ-বয়স্ক পুরুষের সহবাসেই পঞ্চম, ষষ্ঠ এবং সপ্তম বর্ষীয়া বালিকারাই সন্তান প্রসব করিবে। কলিকালে দ্বাদশবর্ষ বয়সেই মনুষ্যগণ বৃদ্ধ হইয়া পড়িবে এবং বিংশতি বৎসরের অধিক কেহই জীবিত থাকিবে না।৪১-৪২

যেহেতু কলিকালে লোকসমূহের প্রজ্ঞা অতি অল্প, যেহেতু ইন্দ্রিয় প্রভৃতি অভিনয় কুৎসিত ও অন্তঃকরণ অভিনয় অপবিত্র হইবে, সেইহেতু তাহারা অল্পকালেই বিনাশলাভ করিবে।৪৩

হে মৈত্রেয়! যে সময়ে পাষণ্ড ব্যক্তিগণের অত্যন্ত বৃদ্ধি পরিলক্ষিত হইবে, সেই সময়ে বিচক্ষণ জনগণ কলির অত্যন্ত বৃদ্ধি হইয়াছে,—ইহাই অনুমান করিবেন।৪৪

হে মৈত্রেয়! যখন বেদমার্গানুসারী সৎপুরুষগণের হানি পরিলক্ষিত হইবে ও ধার্ম্মিকগণের কর্ম্মারম্ভসমুদয় অবসন্ন হইয়া আসিবে, সেই সময়ে পণ্ডিতগণ কলির প্রাধান্য অনুমান করিবেন। যে সময়ে পুরুষগণ সমস্ত যজ্ঞের অধীশ্বর পুরুষোত্তম ভগবান্ নারায়ণকে আর

পাঠান্তর :—(ক) ভৈক্ষ্যব্রতপরাঃ—। (খ) গোধূমান্নবরান্নাদ্যান্—। (গ) —বালো মৃত্যুর্ভবিষ্যতি। (ঘ) ভবিতা—। (ঙ) —মন্যন্তি:।

* কোন কোন গ্রন্থে ৪০ শ্লোকের পর নিম্নলিখিত শ্লোকটি অধিক দেখা যায়,—
'যদা যদা হি মৈত্রেয় হানির্ধর্ম্মস্য লক্ষ্যতে। তদা তদা কলের্বৃদ্ধিরনুমেয়া বিচক্ষণৈঃ।'

† কোন কোন গ্রন্থে এইস্থলে নিম্নলিখিত পাদটি দিয়া একটি শ্লোক ধরা হইয়াছে—
'তদা তদা কলের্বৃদ্ধিরনুমেয়া বিচক্ষণৈঃ'

যদা যদা ন যজ্ঞানামীশ্বরঃ পুরুষোত্তমঃ।
ইজ্যতে পুরুষৈর্যজ্ঞৈস্তদা জ্ঞেয়ং কলের্বলম্ ॥৪৬
ন প্রীতির্বেদবাদেষু পাষণ্ডেষু যদা রতিঃ।
কলের্বৃদ্ধিস্তদা প্রাজ্ঞৈরনুমেয়া বিচক্ষণৈঃ ॥৪৭
কলৌ জগৎপতিং বিষ্ণুং সর্ব্বস্রষ্টারমীশ্বরম্।
নার্চ্চয়িষ্যন্তি মৈত্রেয় পাষণ্ডোপহতা নরাঃ ॥৪৮
কিং বেদৈঃ কিং দ্বিজৈর্দেবৈঃ কিং শৌচেনাদ্ভুতেন।
ইত্যেবং বিপ্র বক্ষ্যন্তি পাষণ্ডোপহতা নরাঃ ॥৪৯
স্বল্পাম্বুবৃষ্টিঃ পর্জ্জন্যঃ শস্যং স্বল্পফলং তথা।
ফলং তথাল্পসারঞ্চ বিপ্র প্রাপ্তে কলৌ যুগে ॥৫০
শাণীপ্রায়াণি বস্ত্রাণি শমীপ্রায়া মহীরুহাঃ।
শূদ্রপ্রায়াস্তথা বর্ণা ভবিষ্যন্তি কলৌ যুগে ॥৫১
অণুপ্রায়াণি ধান্যানি অল্পপ্রায়ং তথা পয়ঃ।
ভবিষ্যতি কলৌ প্রাপ্তে ঊষরক্ষামুলেপনম্ ॥৫২
শ্বশ্রূ-শ্বশুরভূয়িষ্ঠা গুরবশ্চ নৃণাং কলৌ।
শ্যালাঢ্যা হারিভার্য্যাশ্চ সুহৃদো মুনিসত্তম ॥৫৩
কস্য মাতা পিতা কস্য যদা কর্ম্মানুগঃ পুমান্।
ইতি চোদাহরিষ্যন্তি শ্বশুরানুগতা নরাঃ ॥৫৪
বাঙ্মনঃকায়িকৈর্দোষৈরভিভূতাঃ পুনঃপুনঃ।
নরাঃ পাপান্যনুদিনং করিষ্যন্ত্যল্পমেধসঃ ॥৫৫
নিঃসত্ত্বানাহশৌচানাং নিশ্রীকাণাং তথা নৃণাম্ (ক)।
যদ্যদ্ দুঃখায় তৎ সর্ব্বং কলিকালে ভবিষ্যতি ॥৫৬
নিঃস্বাধ্যায়বষট্‌কারে স্বধাস্বাহাবিবর্জ্জিতে।
তথা প্রবিরলো বিপ্র কচিল্লোকো নিবৎস্যতি (খ) ॥৫৭
তথাপ্যেনৈব যত্নেন পুণ্যস্কন্ধমনুত্তমম্।
করোতি যৎ কৃতযুগে ক্রিয়তে তপসা হি সঃ ॥৫৮

ইতি বিষ্ণুপুরাণে ষষ্ঠাংশে প্রথমঃ অধ্যায়ঃ ॥

যজ্ঞ দ্বারা পূজা করিবে না, সেই কালে কলি অত্যন্ত বলবান্ হইয়াছে, ইহাই জানিবে ।৪৫-৪৬

যে সময়ে মনুষ্যগণের বেদ-বাক্যে প্রীতি থাকিবে না এবং পাষণ্ডগণের উপদেশে বিশ্বাস হইবে, সেই সময়ে প্রাজ্ঞ ব্যক্তিগণ কলির বৃদ্ধি অনুমান করিবেন ।৪৭

হে মৈত্রেয়! কলিকালে মনুষ্যগণ পাষণ্ডগণের উপদেশে মোহিত হইয়া সকলের স্রষ্টা জগৎপতি পরমেশ্বর বিষ্ণুকে অর্চ্চনা করিবে না ।৪৮

পাষণ্ডের উপদেশে মুগ্ধ হইয়া মনুষ্যগণ "বেদের দ্বারা কি হইবে? ব্রাহ্মণগণের কি ক্ষমতা আছে? দেবগণ কি করিতে পারেন? জলাদি দ্বারা শৌচ করিলে কি হয়?" ইত্যাদি নানাপ্রকার প্রলাপবাক্য বলিবে ।৪৯

হে দ্বিজ! কলিকাল আসিলে মেঘসমূহে অতিঅল্পমাত্র জল থাকিবে, কাজেই তাহা হইতে অতি অল্প পরিমাণেই বৃষ্টি হইবে, শস্যসমূহ অতি অল্প ফল প্রসব করিবে ।৫০

কলিকালে সমস্ত বস্ত্রই প্রায় শণের সূত্র দ্বারা নির্ম্মিত হইবে; সকল বৃক্ষই প্রায় শমীবৃক্ষের তুল্য হইবে এবং সমস্ত বর্ণই শূদ্রপ্রায় হইয়া আসিবে। ধান্যসমূহ ক্রমশঃ ছোট হইয়া আসিবে, গো-সকল স্বল্পপরিমাণে দুগ্ধ দিবে, ঊষরই (খস-খস) মনুষ্যগণের অনুলেপন হইবে ।৫১-৫২

হে মুনিসত্তম! কলিকালে শ্বশুর ও শাশুড়ীই মনুষ্যগণের প্রধান গুরু হইবে এবং শ্যালক ও যাহাদের স্ত্রী অতিশয় সুন্দরী, তাহারাই বন্ধু হইবে। মনুষ্যগণ শ্বশুরের অনুগত হইয়া "কাহার মাতা, কাহার পিতা; সকলেই আপন কর্ম্মানুসারে সৃষ্ট হইয়াছে" এই কথা বলিবে ।৫৩-৫৪

অল্পবুদ্ধি মনুষ্যগণ বাক্য, মন এবং কায়িক দোষসমূহ দ্বারা অভিভূত হইয়া পুনঃপুনঃ প্রতিদিন পাপেরই অনুষ্ঠান করিবে। তেজোহীন, অশুচি এবং শ্রীভ্রষ্ট মনুষ্যগণের যাহা যাহা দুঃখের, সে সমস্তই কলিকালে হইবে ।৫৫-৫৬

হে বিপ্র! স্বাধ্যায় ও বষট্‌কারবর্জ্জিত এবং স্বধা ও স্বাহাবিবর্জ্জিত হইয়া লোকসমূহ তখন অতি বিরল ভাবে কোন কোন স্থানে নিবাস করিবে ।৫৭

কলির এই সমস্ত মহৎ দোষ থাকিলেও একটী পরমগুণ এই যে, সত্যকালে কঠোর তপস্যা দ্বারা যে পুণ্য অর্জ্জিত হয়, কলিতে অতি অল্প পরিশ্রম করিলেই মনুষ্য তাহা অর্জ্জন করিতে পারে ।৫৮

পাঠান্তর :— (ক) —নিশ্রীকাণাং তথা নৃণাম্।
(খ) —বর্ষঃ কচিল্লোকে নিবৎস্যতি।

বিষ্ণুপুরাণের ষষ্ঠাংশে প্রথম অধ্যায় সমাপ্ত।

দ্বিতীয়ঃ অধ্যায়ঃ

[বেদব্যাসেন কলিযুগস্য, শূদ্রাণাং, স্ত্রিয়াঞ্চ মহত্ত্বস্য বর্ণনম্ ।]

পরাশর উবাচ ।

ব্যাসশ্চাহ মহাবুদ্ধির্নৈত্রেব হি বক্ষ্যমি ।
তচ্ছ্রূয়তাং মহাভাগ গদতো মম তত্ত্বতঃ ॥১
কস্মিন্ কালেঽল্পকো ধর্ম্মো দদাতি সুমহৎ ফলম্ ।
মুনীনামিত্যভূদ্ বাদঃ কৈশ্চাসৌ ক্রিয়তে সুখম্ ॥২
সন্দেহনির্ণয়ার্থায় বেদব্যাসং মহামুনিম্ ।
যযুস্তে সংশয়ং প্রষ্টুং মৈত্রেয় মুনিপুঙ্গবাঃ ॥৩
দদৃশুস্তে মুনিং তত্র জাহ্নবীসলিলে দ্বিজাঃ (ক) ।
বেদব্যাসং মহাভাগমর্দ্ধস্নাতং মহামতিম্ ॥৪
স্নানাবসানং তস্যাথ প্রতীক্ষন্তো মহর্ষয়ঃ ।
তস্মুস্তটে মহানদ্যাস্তরূষণ্ডমুপাশ্রিতাঃ ॥৫
মগ্নোঽথ জাহ্নবীতোয়াদুত্থায়াহ সুতো মম ।
কলিঃ সাধুঃ কলিঃ সাধুরিত্যেবং শৃণ্বতাং বচঃ ॥৬

তেষাং মুনীনাং ভূয়শ্চ মমজ্জ স নদীজলে ।
উত্থায় সাধু সাধ্বিতি শূদ্র ধন্যোঽসি চাব্রবীৎ ॥৭
স নিমগ্নঃ সমুত্থায় পুনঃ প্রাহ মহামুনিঃ ।
যোষিতঃ সাধুধন্যাস্তাস্তাভ্যো ধন্যতরোঽস্তি কঃ ॥৮
ততঃ স্নাত্বা যথান্যায়মায়ান্তং কৃতসংক্রিয়ম্ ।
উপতস্থুর্মহাভাগং মুনয়স্তে সুতং মম ॥৯
কৃতসংবন্দনাংশ্চাহ কৃতাসনপরিগ্রহান্ ।
কিমর্থমাগতা যূয়মিতি সত্যবতীসুতঃ ॥১০
তমূচুঃ সংশয়ং প্রষ্টুং ভবন্তং বয়মাগতাঃ ।
অলং তেনাস্তু তাবন্নঃ কথ্যতামপরং ত্বয়া ॥১১
কলিঃ সাধ্বিতি যৎ প্রোক্তং শূদ্রঃ সাধ্বিতি যোষিতঃ ।
যদাহ ভগবান্ সাধু ধন্যাশ্চেতি পুনঃ পুনঃ ॥১২

দ্বিতীয় অধ্যায়

[বেদব্যাস কর্ত্তৃক কলিযুগ, শূদ্র ও স্ত্রীদিগের মহত্ত্বের বর্ণন ।]

পরাশর বলিলেন,—হে মৈত্রেয়! মহামতি ব্যাস এই সময়ে যে সমস্ত তত্ত্ব কহিয়াছেন, তাহা আমার নিকট শ্রবণ কর ।১

কোন সময়ে মুনিগণের পরস্পর "কোন্ কালে ধর্ম্ম স্বল্পমাত্র অনুষ্ঠিত হইয়াও মহৎ ফল প্রদান করে?" এই বিষয় লইয়া তুমুল বিবাদ উপস্থিত হইয়াছিল ।২

হে মুনিশ্রেষ্ঠ মৈত্রেয়! তাঁহারা সকলেই সংশয়িত হইয়া সন্দেহভঞ্জনের নিমিত্ত মহামুনি ব্যাসের নিকট গমন করিয়াছিলেন। সেই মুনিগণ তথায় উপস্থিত হইয়া দেখিলেন যে, মুনিবর মহামতি ব্যাস অর্দ্ধস্নাত-অবস্থায় পবিত্র জাহ্নবী সলিলে অবস্থান করিতেছেন ।৩-৪

সুতরাং মহর্ষিগণ তাঁহার স্নানসমাপ্তি পর্য্যন্ত জাহ্নবী-তীরস্থ বৃক্ষসমূহের মূলদেশে অপেক্ষা করিতে লাগিলেন ।৫

পরে আমার পুত্র ব্যাস স্নানানন্তর জাহ্নবীজল হইতে উত্থিত হইয়া মুনিগণকে শুনাইতে শুনাইতে "কলিকালই সাধু, কলিকালই সাধু" এই বাক্য বলিয়াছিলেন ।৬

পুনরায় নদীজলে মজ্জিত হওয়ার পর উত্থিত হইয়া সেই মুনিগণের শ্রুতিগোচর করত "হে শূদ্র! তুমিই সাধু এবং তুমিই ধন্য" এই বাক্য বলিয়াছিলেন ।৭

পরে তিনি আবার স্নান করিয়া উত্থানপূর্ব্বক "হে স্ত্রীগণ! তোমরাই সাধু, তোমরাই ধন্য, তোমাদের অধিক ধন্যতর এ জগতে আর কে আছে?" এই কথা বলিয়াছিলেন ।৮

তৎপরে যথাবিধি স্নানপূর্ব্বক নিত্যক্রিয়া সমাপন করিয়া আশ্রমে প্রত্যাবৃত্ত হইলে, সেই মুনিগণ তাঁহার নিকট আগমন করিলেন ।৯

পাঠান্তর :—(ক) —দ্বিজ ।

তৎ সর্ব্বং শ্রোতুমিচ্ছামো ন চেদ্ গুহ্যং মহামুনে।
তৎ কথ্যতাং ততো হৃৎস্থং প্রক্ষ্যামস্ত্বাং
প্রয়োজনম্ ॥১৩

ইত্যুক্তো মুনিভির্ব্যাসঃ প্রহস্যেদমথাব্রবীৎ।
শ্রূয়তাং ভো মুনিশ্রেষ্ঠা যদ্গুহ্যং সাধু সাধ্বিতি ॥১৪

যৎকৃতে দশভির্বর্ষৈস্ত্রেতায়াং হায়নেন যৎ।
দ্বাপরে যচ্চ মাসেন অহোরাত্রেণ তৎ কলৌ ॥১৫

তপসো ব্রহ্মচর্য্যস্য জপাদেশ্চ ফলং দ্বিজাঃ।
প্রাপ্নোতি পুরুষস্তেন কলিঃ সাধ্বিতি ভাষিতম্ ॥১৬

ধ্যায়ন্ কৃতে যজন্ যজ্ঞৈস্ত্রেতায়াং দ্বাপরেঽর্চ্চয়ন্।
যদাপ্নোতি তদাপ্নোতি কলৌ সংকীর্ত্ত্য কেশবম্ ॥১৭
ধর্ম্মোঽকর্ষমতীবাত্র প্রাপ্নোতি পুরুষঃ কলৌ।
অল্পায়াসেন ধর্ম্মজ্ঞাস্তেন তুষ্টোঽস্ম্যহং কলেঃ ॥১৮
ব্রতচর্য্যাপরৈর্গ্রাহ্যো বেদঃ পূর্ব্বং দ্বিজাতিভিঃ।
ততঃ স্বধর্ম্মসম্প্রাপ্তৈর্বক্তব্যং বিধিনাধ্বরৈঃ (ক)॥১৯
বৃথা কথা বৃথা ভোজ্যং বৃথেজ্যা চ দ্বিজন্মনাম্।
পতনায় তথা ভাষ্যং হৈস্তুসংযমিভিঃ সদা (খ) ॥২০
অসম্যক্করণে দোষস্তেষাং সর্ব্বেষু কর্ম্মসু (গ)।
ভোজ্যপেয়াদিকক্বৈষাং নেচ্ছাপ্রাপ্তিকরং দ্বিজাঃ ॥২১

যথাবিধি অভিবাদনের পর মুনিগণ আসন পরিগ্রহ করিলে, সত্যবতীসুত ব্যাস তাঁহাদিগকে জিজ্ঞাসা করিলেন,—"হে মহর্ষিগণ! আপনারা কি নিমিত্ত এখানে আগমন করিয়াছেন? ১০

মুনিগণ বলিলেন,—হে মহাভাগ! আমাদের কোন বিষয়ে সন্দেহ উপস্থিত হইয়াছিল, তাহারই নির্ণয়ের জন্য আপনার নিকট আসিয়াছি। কিন্তু তাহা এখন থাকুক, আপনি অন্য বিষয় আমাদিগকে বলুন। আপনি স্নান করিতে করিতে বারংবার বলিলেন যে, কলিই সাধু, শূদ্রও সাধু এবং স্ত্রীগণও সাধু ও অতি ধন্য।১১-১২

হে মহামুনে! যদি এ বিষয়ের তত্ত্ব আমাদিগের নিকট প্রকাশ করিতে কোন বাধা না থাকে, তাহা হইলে অনুগ্রহপূর্ব্বক কীর্ত্তন করুন; কারণ এই বিষয় শুনিতে আমাদের সকলের অভিলাষ হইয়াছে। পরে আমাদিগের হৃদয়স্থিত প্রয়োজনীয় বিষয় আপনাকে জিজ্ঞাসা করিব।১৩

মহর্ষি বেদব্যাসকে মুনিগণ এইরূপ জিজ্ঞাসা করিলে, তিনি ঈষৎ হাস্য করিয়া বলিলেন,—হে মুনিপ্রবরগণ! আমার মুখ হইতে যে 'কলি সাধু, শূদ্র সাধু' ইত্যাদি বাক্য শ্রবণ করিয়াছেন, তাহার তত্ত্ব আমি আপনাদিগকে বলিতেছি, শ্রবণ করুন।১৪

সত্যযুগে দশ বৎসর পরিশ্রম করিয়া, ত্রেতাযুগে এক বৎসর পরিশ্রম করিয়া এবং দ্বাপর যুগে একমাসকাল পরিশ্রম করিয়া তপস্যা, ব্রহ্মচর্য্য অথবা জপাদির যে ফল হইয়া থাকে, হে দ্বিজগণ! কলিকালে মনুষ্য এক দিবারাত্রির পরিশ্রমেই সেই ফল লাভ করিয়া থাকে; এই নিমিত্তই কলিকে 'সাধু' অর্থাৎ শ্রেষ্ঠ বলিয়া উল্লেখ করিয়াছি।১৫-১৬

সত্যযুগে বহুক্লেশসাধ্য ধ্যানযোগ করিয়া, ত্রেতাযুগে নানাবিধ যজ্ঞের অনুষ্ঠান করিয়া এবং দ্বাপরযুগে বহুতর অর্চ্চনাদি দ্বারা যে ফল লাভ হয়, কলিযুগে কেবল হরিনাম সঙ্কীর্ত্তন করিয়াই মনুষ্য সেই ফল লাভ করিতে পারে।১৭

কলিযুগে মনুষ্য অতি অল্পমাত্র আয়াস স্বীকার করিয়াই বহুতর ধর্ম্ম অর্জ্জন করিতে পারে। হে ধর্ম্মজ্ঞ মহর্ষিগণ! আমি এই নিমিত্তই কলির উপর অত্যন্ত তুষ্ট হইয়াছি।১৮

দ্বিজাতিগণ রীতিমত ব্রহ্মচর্য্য ব্রত অবলম্বনপূর্ব্বক বেদাধ্যয়নে অধিকারী হইয়া থাকেন, তারপর রীতিমত বেদাধ্যয়ন করিয়া তাঁহাদিগকে স্বীয় ধর্ম্ম পরিপালনের জন্য যথাবিধি বহুবিধ যজ্ঞেরও অনুষ্ঠান করিতে হয়।১৯

তাঁহারা অসংযত হইয়া যদি বৃথা কথা কিংবা বৃথা ভোজ্য অথবা বৃথা যজ্ঞাদিতে কালক্ষেপ করেন, তাহা

পাঠান্তর :— (ক) —বিধিবদ্বরৈঃ।
(খ) —হৈস্তু সংযমিভিঃ সদা।
(গ) —যজনু।

পারতন্ত্র্যং সমস্তেষু তেষাং কার্য্যেষু বৈ ততঃ।
জয়ন্তি তে নিজান্ লোকান্ ক্লেশেন মহতা দ্বিজাঃ ॥২২
দ্বিজশুশ্রূষয়ৈবৈষ পাকযজ্ঞাধিকারবান্।
নিজান্ জয়তি বৈ লোকাঞ্ শূদ্রো ধন্যতরস্ততঃ ॥২৩
ভক্ষ্যাভক্ষ্যেষু নাস্ত্যস্তি পেয়াপেয়েষু বৈ যতঃ।
নিয়মো মুনিশার্দ্দূলাস্তেনাসৌ সাধিতীরিতঃ ॥ ২৪
স্বধর্ম্মস্যাবিরোধেন নরৈর্লব্ধং ধনং সদা।
প্রতিপাদনীয়ং পাত্রেষু যষ্টব্যঞ্চ যথাবিধি ॥২৫
তস্যার্জ্জনে মহাক্লেশঃ পালনে চ দ্বিজোত্তমাঃ।
তথা সদ্‌বিনিয়োগায় (ক) বিজ্ঞেয়ং গহনং নৃণাম্ ॥২৬
এভিরন্যৈস্তথা ক্লেশৈঃ পুরুষা দ্বিজসত্তমাঃ।
নিজান্ জয়ন্তি বৈ লোকান্ প্রাজাপত্যাদিকান্
ক্রমাৎ ॥২৭

যোষিচ্ছুশ্রূষণং ভর্ত্তুঃ কর্ম্মণা মনসা গিরা।
কুর্ব্বতী সমবাপ্নোতি (ক)তৎসালোক্যং যতো দ্বিজাঃ ॥২৮
নাতিক্লেশেন মহতা তানেব পুরুষো যথা।
তৃতীয়ং ব্যাহৃতং তেন ময়া সাধ্বিতি যোষিতঃ ॥২৯
এতদ্ বঃ কথিতং বিপ্রা যন্নিমিত্তমিহাগতাঃ।
তৎ পৃচ্ছধ্বং (খ)যথাকামং সর্ব্বং বক্ষ্যামি বঃ স্ফুটম্ ॥৩০

পরাশর উবাচ।

ততস্তে মুনয়ঃ প্রোচুর্যৎ প্রষ্টব্যং মহামুনে।
অস্মিন্নেব তৎ পৃষ্টে যথাবৎ কথিতং ত্বয়া ॥৩১
ততঃ প্রহস্য তান্ প্রাহ কৃষ্ণদ্বৈপায়নো মুনিঃ।
বিস্ময়োৎফুল্লনয়নাংস্তাপসাংস্তানুপাগতান্ ॥৩২
ময়ৈব ভবতাং প্রশ্নো জ্ঞাতো দিব্যেন চক্ষুষা।
ততো হি বঃ প্রসঙ্গেন সাধু সাধ্বিতি ভাষিতম্ ॥৩৩

হইলে স্বধর্ম্ম হইতে বিচ্যুত হইয়া থাকেন। হে দ্বিজগণ! যে কোন কর্ত্তব্য কর্ম্মের কোন অংশে ত্রুটি হইলে, তাঁহারা পাপের ভাগী হন এবং তাঁহারা ইচ্ছানুরূপ ভোজ্য অথবা পানাদি কিছুই গ্রহণ করিতে পারেন না।২০-২১

সমস্ত কার্য্যেই তাঁহাদিগকে পরাধীনের ন্যায় শাস্ত্রের অনুগামী হইয়া চলিতে হয়। ইহাতেও বহুতর ক্লেশ স্বীকার করিয়া ধর্ম্ম অর্জ্জন করিতে পারিলে, তবে তাঁহারা পরকালে সদ্‌গতি প্রাপ্ত হইয়া থাকেন। কিন্তু কেবল দ্বিজাতিগণের সেবা দ্বারাই শূদ্র পাক-যজ্ঞের ফল পাইবার অধিকারী হয় ও অন্তিমে উৎকৃষ্ট গতি প্রাপ্ত হইয়া থাকে, এই জন্যই শূদ্রজাতিকে ধন্যবাদ প্রদান করিয়াছি।২২-২৩

হে মুনিশ্রেষ্ঠগণ! যেহেতু ইহাদের ভক্ষ্য বা অভক্ষ্য পেয় বা অপেয় বিষয়ে কোন নিয়ম নাই, কাজেই ইহারা তজ্জন্য কোন প্রকার পাপেরও ভাগী হয় না; এইজন্যই ইহাদিগকে সাধু বলিয়াও কীর্ত্তন করিয়াছি।২৪

পুরুষগণ স্বধর্ম্মের অবিরোধে সর্ব্বদা ধন উপার্জ্জন করিবে এবং তাহা সৎপাত্রে অর্পণ করিবে ও তাহা দ্বারা যথাবিধি যজ্ঞের অনুষ্ঠান করিবে, ইহাই শাস্ত্রের নিয়ম। হে দ্বিজশ্রেষ্ঠগণ! সেই অর্থের উপার্জ্জন, তাহার রক্ষা করিতে পুরুষগণকে মহাক্লেশ পাইতে হয়, আবার তাহা সৎপাত্রে অর্পণ করাও দুষ্কর জানিও।২৫-২৬

হে দ্বিজসত্তমগণ! এই সমস্ত ও অন্যান্য বহুবিধ ক্লেশ সহ্য করিয়া স্বীয় ধর্ম্মরক্ষা করিতে পারিলে, তবে পুরুষগণ ক্রমে প্রাজাপত্যাদি লোকসমূহে গমন করিতে সমর্থ হইয়া থাকেন।২৭

কিন্তু হে দ্বিজগণ! স্ত্রীলোকেরা কায়মনোবাক্যে স্বামীর শুশ্রূষা করিয়াই অতিশয় ক্লেশ না করিয়াও পুরুষদিগের ন্যায় সেই সকল লোকে গমন করিতে পারে; এই নিমিত্তই আপনারা আমার মুখ হইতে তৃতীয়বার "স্ত্রীগণ সাধু" এই কথা শুনিতে পাইয়াছেন।২৮-২৯

হে বিপ্রগণ! এই ত আপনাদের নিকট সমস্ত বলিলাম। এক্ষণে আপনারা যে জন্য আমার নিকট আগমন করিয়াছেন, তাহা জিজ্ঞাসা করুন, আমি বিশদরূপে সে সমস্তের উত্তর প্রদান করিতেছি।৩০

পরাশর বলিলেন,—তারপর সেই মহর্ষিগণ

পাঠান্তর :—(ক) তথাসদ্‌বিনিয়োগায়—

পাঠান্তর :—(ক) তদ্ধিতাত্তদবাপ্নোতি—।
(খ) তৎপৃচ্ছত—।

স্বল্পেনৈব প্রযত্নেন ধর্ম্মঃ সিধ্যতি বৈ কলৌ।
নরৈরাত্মগুণাম্ভোভিঃ ক্ষালিতাখিলকিল্বিষৈঃ ॥৩৪
শূদ্রৈশ্চ দ্বিজশুশ্রূষাতৎপরৈর্নিগুণৈর্মুনে।
তথা স্ত্রীভিরনায়াসং (ক) পতিশুশ্রূষয়ৈব হি ॥৩৫
তত্তস্ত্রিতয়মপ্যেতন্মম ধন্যতমং মতম্।
ধর্ম্মসংসাধনে ক্লেশো দ্বিজাতীনাং কৃতাদিষু ॥৩৬
ভবদ্ভির্যদভিপ্রেতং তদেতৎ কথিতং ময়া।
অপৃষ্টেনাপি ধর্ম্মজ্ঞাঃ কিমন্যৎ কথ্যতাং দ্বিজাঃ (খ) ॥৩৭

ততঃ সম্পূজ্য তে ব্যাসং প্রশস্য চ পুনঃপুনঃ।
যথাগতং দ্বিজা জগ্মুর্ব্যাসোক্তিকৃতসংশয়াঃ (গ) ॥৩৮
ভবতোঽপি মহাভাগ রহস্যং কথিতং ময়া ॥৩৯
অত্যন্তদুষ্টস্য কলেরয়মেকো মহান্ গুণঃ।
কীর্ত্তনাদেব কৃষ্ণস্য মুক্তবন্ধঃ পরং ব্রজেৎ ॥৪০
যচ্চাহং ভবতা পৃষ্টো জগতামুপসংহৃতিম্।
প্রাকৃতামান্তরালাঞ্চ তামপ্যেষ বদামি তে ॥৪১

ইতি বিষ্ণুপুরাণে ষষ্ঠাংশে দ্বিতীয়ঃ অধ্যায়ঃ ॥

বলিলেন,—হে মহামুনে! আমরা যাহা জিজ্ঞাসা করিতে আসিয়াছি, আপনি অন্য বিষয়ের কথা-প্রসঙ্গে আমাদের সেই বিষয়েরই সম্যগ্‌রূপে উত্তর প্রদান করিয়াছেন।৩১

তৎপরে মহর্ষি দ্বৈপায়ন কিঞ্চিৎ হাস্য করিয়া বিস্ময়োৎফুল্ললোচন ও সমাগত সেই তাপসগণকে বলিলেন।৩২

হে মহর্ষিগণ! আমি দিব্যজ্ঞান-বলে আপনাদিগের জিজ্ঞাসিত বিষয় অবগত হইয়া আপনাদিগকে লক্ষ্য করিয়া "কলি সাধু, শূদ্র সাধু" ইত্যাদি বাক্য বলিয়াছিলাম।৩৩

কলিকালে যে মানবগণ নিজের সদ্‌গুণরূপ জল দ্বারা নিখিল পাপ ধৌত করিয়াছেন, তিনি অতি অল্প প্রয়াসেই ধর্ম্ম অর্জ্জন করিতে পারেন।৩৪

হে মুনিশ্রেষ্ঠগণ! শূদ্রগণও অক্লেশেই কেবল দ্বিজগণের সেবা দ্বারাই এবং স্ত্রীলোকেরা অনায়াসে কেবল পতিশুশ্রূষা দ্বারাই বহুতর ধর্ম্ম অর্জ্জন করিতে সমর্থ হয়।৩৫

সেই নিমিত্তই কলি, শূদ্র ও স্ত্রীলোক এই তিন-জনকেই আমি ধন্যতম বলিয়া উল্লেখ করিয়াছি। দেখুন, সত্য প্রভৃতি যুগসমূহে ধর্ম্ম অর্জ্জন করিতে হইলে, কেবল দ্বিজাতিগণকেই বিশেষ ক্লেশ সহ্য করিতে হইয়া থাকে।৩৬

হে দ্বিজগণ! আপনারা জিজ্ঞাসা করিবার পূর্ব্বেই আমি আপনাদের অভিপ্রেত বিষয় কীর্ত্তন করিলাম, এক্ষণে আর কি বলিব, তাহা বলুন।৩৭

তারপর সেই মহর্ষিগণ মহামতি ব্যাসকে বারংবার যথাবিধি পূজা ও বহুতর প্রশংসা করিয়া ব্যাসের বাক্যে সম্পূর্ণরূপে আপন আপন সংশয়ভঞ্জন করত যে স্থল হইতে আগমন করিয়াছিলেন, তথায় প্রস্থান করিলেন।৩৮

হে মহাভাগ মৈত্রেয়! তোমার নিকটেও আমি এই রহস্য প্রকাশ করিয়া বলিলাম।৩৯

(হে মৈত্রেয়!) অত্যন্ত দুষ্ট কলির এই একটী মহান্ গুণ যে, এই কালে মনুষ্যগণ কেবল কৃষ্ণনাম সঙ্কীর্ত্তন করিলেই সকল বন্ধন হইতে মুক্তিলাভ করত পরমপদ প্রাপ্ত হইয়া থাকে।৪০

এক্ষণে জগতের উপসংহার এবং প্রাকৃত প্রলয় ও অবান্তর প্রলয় বিষয়ে তুমি যাহা আমাকে জিজ্ঞাসা করিয়াছ, তাহাও বলিতেছি, শ্রবণ কর।৪১

পাঠান্তর :—(ক) তথা স্ত্রীভিরনায়াসাৎ—। (খ) —কিমন্যৎ ক্রিয়তাং দ্বিজাঃ। (গ) —ব্যাসোক্তিকৃতনিশ্চয়াঃ।

বিষ্ণুপুরাণের ষষ্ঠাংশে দ্বিতীয় অধ্যায় সমাপ্ত।

তৃতীয়ঃ অধ্যায়ঃ

[নিমেষাদিকালমানস্য নৈমিত্তিকপ্রলয়স্য চ বর্ণনম্ ।]

পরাশর উবাচ ।

সর্ব্বেষামেব ভূতানাং ত্রিবিধঃ প্রতিসঞ্চরঃ ।
নৈমিত্তিকঃ প্রাকৃতিকস্তথৈবাত্যন্তিকো মতঃ ॥১
ব্রাহ্মো নৈমিত্তিকস্তেষাং কল্পান্তে প্রতিসঞ্চরঃ ।
আত্যন্তিকশ্চ মোক্ষাখ্যঃ প্রাকৃতো দ্বিপরার্দ্ধিকঃ ॥২

মৈত্রেয় উবাচ ।

পরার্দ্ধসংখ্যাং ভগবন্ মমাচক্ষ্ব যয়া তু সঃ ।
দ্বিগুণীকৃতয়া জ্ঞেয়ঃ প্রাকৃতঃ প্রতিসঞ্চরঃ ॥৩

পরাশর উবাচ ।

স্থানাৎ স্থানং দশগুণমেকস্মাদ্ গণ্যতে দ্বিজ ।
ততোঽষ্টাদশমে স্থানে পরার্দ্ধমভিধীয়তে ॥৪
পরার্দ্ধদ্বিগুণং ষত্তু প্রাকৃতঃ প্রলয়ো দ্বিজ ।
তদাব্যক্তেঽখিলং ব্যক্তং স্বহেতৌ লয়মেতি বৈ ॥৫
নিমেষো মানুষো যোঽয়ং মাত্রামাত্রপ্রমাণতঃ (ক) ।
তৈঃ পঞ্চদশভিঃ কাষ্ঠা ত্রিংশৎকাষ্ঠাস্তথা কলাঃ ॥৬
নাড়িকা তু প্রমাণেন কলা দশ চ পঞ্চ চ (খ) ।
উন্মানেনাস্তসঃ সা তু পলান্যর্দ্ধত্রয়োদশ ॥৭
হেমমাষৈঃ কৃতচ্ছিদ্রশ্চতুভিশ্চতুরঙ্গুলৈঃ ।
মাগধেন প্রমাণেন জলপ্রস্থস্তু সম্মিতঃ ॥৮
নাড়িকাভ্যামথ দ্বাভ্যাং মুহূর্ত্তো দ্বিজসত্তম ।
অহোরাত্রং মুহূর্ত্তাস্তু ত্রিংশন্মাসো দিনৈস্তথা ॥৯
মাসৈর্দ্বাদশভির্বর্ষমহোরাত্রস্তু তদ্দিবি ।
ত্রিভির্বর্ষশতৈর্বর্ষং ষষ্ট্যা চৈবাসুরদ্বিষাম্ ॥১০
তৈস্তু দ্বাদশসাহস্রং চতুর্যুগমুদাহৃতম্ ।
চতুর্যুগসহস্রন্তু কথ্যতে ব্রহ্মণো দিনম্ ॥১১

তৃতীয় অধ্যায়

[নিমেষাদি কালের পরিমাণ এবং নৈমিত্তিক প্রলয়ের বর্ণনা ।]

পরশর বলিলেন,—হে মৈত্রেয়! নৈমিত্তিক, আত্যন্তিক ও প্রাকৃতিক ভেদে ভূতসমূহের প্রলয় তিন প্রকার কথিত হইয়া থাকে ।১

কল্পান্তে যে প্রলয় ব্রাহ্ম নামে কথিত হইয়া থাকে, তাহারই নাম নৈমিত্তিক প্রলয়; মোক্ষরূপ যে প্রলয় তাহার নাম আত্যন্তিক এবং দ্বিপরার্দ্ধিক যে প্রলয়, তাহাই প্রাকৃত বলিয়া অভিহিত হয় ।২

মৈত্রেয় বলিলেন,—হে ভগবন্! যাহার দ্বিগুণ-পরিমিত কালে প্রাকৃত প্রলয় হয় বলিয়া কীর্ত্তন করিলেন, সেই পরার্দ্ধ সংখ্যা আমাকে বলুন ।৩

পরাশর বলিলেন—হে দ্বিজ। এক হইতে ক্রমশঃ দশগুণ করিয়া গণনা করিলে অষ্টাদশ স্থানেতে পরার্দ্ধ সংখ্যা গণিত হইয়া থাকে* ।৪

(কোটি-কোটি সহস্রকল্প স্বরূপ) সেই পরার্দ্ধকে দ্বিগুণ করিলে যত কাল হয়, সেই পরিমিত কালে প্রাকৃত প্রলয় হইয়া থাকে। ঐ সময় অখিল ব্যক্তপদার্থ স্বীয় কারণ অব্যক্তে লয় হয় ।৫

মাত্রামাত্র পরিমাণে (একমাত্র লঘু অক্ষরের উচ্চারণ-কালতুল্য কালে) মনুষ্যগণের যে নিমেষ কথিত হইয়াছে, তাহার পঞ্চদশ নিমেষে এক কাষ্ঠাপরিমিত কাল হয় এবং তাহার ত্রিশ কাষ্ঠায় এক কলা পরিমিত কাল গণিত হইয়া থাকে ।৬

পাঠান্তর :—(ক) নিমেষো মানুষো যোঽসৌ মাত্রা যাত্র প্রমাণতঃ ।
(খ) —সা কলা দশ পঞ্চ চ ।

* বায়ু পুরাণে এই অষ্টাদশ সংখ্যা নিম্নরূপে দেখা যায়,—এক, দশ, শত, সহস্র, অযুত, নিযুত, প্রযুত, অর্ব্বুদ, ন্যর্ব্বুদ, কৃষ্ণ, বর্ষ, নিবর্ষ, পদ্ম, সমুদ্র, মধ্য, অন্ত ও পরার্দ্ধ।

স কল্পোঽপ্যত্র মনবশ্চতুর্দ্দশ মহামুনে।
তদন্তে চৈব মৈত্রেয় ব্রাহ্মো নৈমিত্তিকো লয়ঃ ॥১২
তস্য স্বরূপমত্যুগ্রং মৈত্রেয় গদতো মম।
শৃণুষ্ব প্রাকৃতং ভূয়স্তব বক্ষ্যাম্যহং লয়ম্ ॥১৩
চতুর্যুগসহস্রান্তে ক্ষীণপ্রায়ে মহীতলে।
অনাবৃষ্টিরতীবোগ্রা জায়তে শতবার্ষিকী ॥১৪
ততো যান্যল্পসারাণি তানি সত্ত্বান্যশেষতঃ।
ক্ষয়ং যান্তি মুনিশ্রেষ্ঠ পার্থিবান্যত্র পীড়নাৎ(ক) ॥১৫
ততঃ স ভগবান্ বিষ্ণু রুদ্ররূপধরোঽব্যয়ঃ।
ক্ষয়ায় যততে কর্ত্তুমাত্মস্থাঃ সকলাঃ প্রজাঃ ॥১৬
ততঃ স ভগবান্ বিষ্ণুর্ভানোঃ সপ্তসু রশ্মিষু।
স্থিতঃ পিবত্যশেষাণি জলানি মুনিসত্তম ॥১৭
পীয়মানাংসি সমস্তানি প্রাণিভূমিগতানি বৈ(খ)।
শোষং নয়তি মৈত্রেয় সমস্তং পৃথিবীতলম্ ॥১৮
সরিৎ-সমুদ্র-শৈলেষু শৈল-প্রস্রবণেষু চ।
পাতালেষু চ যত্তোয়ং তৎ সর্ব্বং নয়তি ক্ষয়ম্ ॥১৯
ততস্তস্যানুভাবেন তোয়াহারোপবৃংহিতাঃ।
ত এব রশ্ময়ঃ সপ্ত জায়ন্তে সপ্ত ভাস্করাঃ ॥২০
অধশ্চোর্দ্ধঞ্চ তে দীপ্তাস্ততঃ সপ্ত দিবাকরাঃ।
দহন্ত্যশেষং ত্রৈলোক্যং সপাতালতলং দ্বিজ ॥২১

পঞ্চদশ কলাতে এক নাড়িকা হয়। ঐ নাড়িকা সার্দ্ধদ্বাদশ পল তাম্র-নির্ম্মিত জলপাত্র হইতে জানা যায়। মগধদেশের মাপ অনুসারে উহাকে জলপ্রস্থ বলে। উহাতে চারি অঙ্গুলি লম্বা চারিমাষ সুবর্ণ শলাকা দ্বারা ছিদ্র থাকে। (উহা জলের উপর রাখিলে, সেই পাত্রটী পরিপূর্ণ হইতে যতকাল লাগে, সেই পরিমিত কালকে নাড়িকা কহা যায়)।৭-৮

হে দ্বিজসত্তম! সেই দুই নাড়িকায় এক মুহূর্ত্ত হইয়া থাকে, এই প্রকার ত্রিশ মুহূর্ত্তে এক দিবারাত্র হয় এবং ত্রিশ দিবারাত্রিতে একমাস হয়।৯

এইরূপ দ্বাদশ মাসে মনুষ্যগণের এক বৎসর হইয়া থাকে, এই এক বৎসরে দেবলোকের এক দিবারাত্রি হয় ও এইরূপ তিনশত ষাট বৎসরে দেবগণের এক বৎসর হয়।১০

সেই পরিমিত দ্বাদশ সহস্র বৎসরে মনুষ্যলোকের চারি যুগ পরিগণিত হইয়া থাকে, চারিযুগ সহস্রে ব্রহ্মার এক দিন হয়।১১

এই ব্রহ্মার একদিনকে এককল্প বলা হয়। হে মহামুনে! এই কল্পে চতুর্দ্দশ মনু উৎপন্ন হইয়া থাকেন। হে মৈত্রেয়! তদনন্তর ব্রাহ্ম নামে নৈমিত্তিক প্রলয় হইয়া থাকে।১২

সেই প্রলয়ের স্বরূপ অত্যন্ত উগ্র, তোমার নিকট ইহা কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর; প্রাকৃতলয়ের বিষয় তোমাকে পরে বলিব।১৩

চতুর্যুগ সহস্রের পর মহীতল ক্ষীণ হইয়া আসিলে, শতবর্ষ পর্য্যন্ত অত্যন্ত কঠোর অনাবৃষ্টি হইয়া থাকে।১৪

হে মুনিশ্রেষ্ঠ! তারপর ঐ অনাবৃষ্টির পীড়নে অল্পশক্তিশালী যাবতীয় পার্থিব জীবসমূহ ক্ষয় প্রাপ্ত হয়। তদনন্তর সেই অব্যয়াত্মা ভগবান্ বিষ্ণু রুদ্ররূপ ধারণ করিয়া প্রলয়ের জন্য আপনাতে প্রজাসমূহকে বিলয় করিবার চেষ্টা করেন।১৫-১৬

হে মুনিশ্রেষ্ঠ! তৎপরে রুদ্ররূপী সেই ভগবান্ বিষ্ণু সূর্য্যের সপ্তবিধ রশ্মিতে অবস্থানপূর্ব্বক যাবতীয় জলসমূহকে পান করিয়া থাকেন।১৭

হে মৈত্রেয়! ভূমিস্থিত সমস্ত প্রাণী ও জলসমূহ পান করিয়া সেই মহাপুরুষ পৃথিবীতলকে শোষণ করিয়া ফেলেন। তিনি নদী বা সমুদ্র, শৈল অথবা শৈল-প্রস্রবণ (পার্ব্বত্য ঝরণা) কিংবা পাতালে যে সমস্ত জল আছে, তাহাও শোষণ করেন। তৎপরে ঐ ভগবানের প্রভাবে প্রভাবিত এবং জলপান দ্বারা ক্রমশঃ পরিপুষ্ট হইয়া সূর্য্যের সেই সপ্তরশ্মি সাতটী সূর্য্যরূপে প্রকাশ পাইবে।১৮-২০

হে দ্বিজ! ঐ সময় ঊর্দ্ধ ও অধঃ সর্ব্বদিকেই দেদীপ্যমান সেই সপ্ত ভাস্কর পাতাল পর্য্যন্ত সম্পূর্ণ ত্রিলোকই অশেষরূপে দগ্ধ করিবেন।২১

পাঠান্তর :—(ক) —পার্থিবান্যুপপীড়নাৎ। (খ) —প্রাণিভূমিগতান্যপি।

দহ্যমানস্তু তৈর্দীপ্তৈস্ত্রৈলোক্যং দ্বিজ ভাস্করৈঃ।
সাদ্রিনদ্যর্ণবাভোগং নিঃস্নেহমতি জায়তে (ক) ॥২২
ততো নির্দগ্ধবৃক্ষাম্বু ত্রৈলোক্যমখিলং দ্বিজ।
ভবত্যেকা চ (খ)বসুধা কূর্ম্মপৃষ্ঠোপমাকৃতিঃ ॥২৩
ততঃ কালাগ্নিরুদ্রোঽসৌ ভূত্বা সর্ব্বহরো হরিঃ।
শেষনিঃশ্বাসসম্ভূতঃ পাতালানি বভস্ত্যধঃ(গ) ॥২৪
পাতালানি সমস্তানি স দগ্ধ্বা জ্বলনো মহান্।
ভূমিমভ্যেত্য সকলং বভস্তি বসুধাতলম্ ॥২৫
ভুবর্লোকং ততঃ সর্ব্বং স্বর্লোকঞ্চ সুদারুণঃ।
জ্বালামালামহাবর্ত্তস্তত্রৈব পরিবর্ত্ততে ॥২৬
অম্বরীষমিবাভাতি ত্রৈলোক্যমখিলং তদা।
জ্বালাবর্ত্তপরীবারমুপক্ষীণচরাচরম্ ॥২৭
ততস্তাপপরীতাস্তু লোকদ্বয়নিবাসিনঃ।
কৃতাধিকারা গচ্ছন্তি মহর্লোকং মহামুনে ॥২৮

হে দ্বিজ! তৎপরে সেই প্রদীপ্ত ভাস্করসমূহ দ্বারা দগ্ধ হইয়া ত্রিভুবন পর্ব্বত, নদী ও সমুদ্রাদির সহিত জলাভাবে শুষ্ক হইয়া যাইবে।২২

সেই সময় ত্রিভুবনের যাবতীয় বৃক্ষ ও জল বিশুষ্ক হইয়া যাইলে, একমাত্র বসুধা কূর্ম্মপৃষ্ঠের ন্যায় কঠোর (অত্যন্ত শক্ত) হইয়া পড়িবেন।২৩

তৎপরে সমস্ত সংহার করিতে উদ্যত ভগবান্ শ্রীহরি অনন্তদেবের নিঃশ্বাস-সম্ভূত কালাগ্নিরুদ্ররূপে পাতাল-সমূহকে ভস্ম করিবেন। তৎপরে সেই মহাকালানল সমস্ত পাতালখণ্ড দগ্ধ করত ঊর্দ্ধদিকে ভূমি পর্য্যন্ত আসিয়া পৃথিবীতলকে ভস্মসাৎ করিবেন।২৪-২৫

তাহার পর জাজ্বল্যমান সুদারুণ সেই অনল ভুবর্লোকসমূহকে দগ্ধ করিয়া স্বর্লোক ভস্মসাৎ করিবে। তারপর সেইখানেই ঘুরিতে থাকিবেন।২৬

এইরূপ ঐ জ্বালার আবর্ত্তে পরিপূর্ণ সমস্ত চরাচর ত্রিভুবন নষ্ট হইলে, উহা একখানি ভর্জ্জন-কটাহের (তপ্ত কড়াইয়ের) ন্যায় বোধ হইবে।২৭

তস্মাদপি মহাতাপতপ্তা লোকাস্ততঃ পরম্।
গচ্ছন্তি জনলোকং তে দগ্ধারুত্যা পরৈষিণঃ ॥২৯
ততো দগ্ধ্বা জগৎ সর্ব্বং রুদ্ররূপী জনার্দ্দনঃ।
মুখনিঃশ্বাসজান্ মেঘান্ করোতি মুনিসত্তম ॥৩০
ততো গজকুলপ্রখ্যাস্তড়িদ্বন্তো নিনাদিনঃ।
উত্তিষ্ঠন্তি তদা ব্যোম্নি ঘোরাঃ সংবর্ত্তকা ঘনাঃ ॥৩১
কেচিন্নীলোৎপলশ্যামাঃ কেচিৎ কুমুদসন্নিভাঃ।
ধূম্রবর্ণা ঘনাঃ কেচিৎ কেচিৎ পীতাঃ পয়োধরাঃ ॥৩২
কেচিদ্রাসভবর্ণাভা লাক্ষারসনিভাস্তথা।
কেচিদ্বৈদূর্য্যসঙ্কাশা ইন্দ্রনীলনিভাঃ পরে ॥৩৩
শঙ্খকুন্দনিভাশ্চান্যে জাত্যঞ্জননিভাস্তথা(ঘ)।
ইন্দ্রগোপনিভাঃ কেচিৎ মনঃশিলাভাস্তথাঽ ॥৩৪
চাষপাত্রনিভাঃ কেচিদুত্তিষ্ঠন্তি ঘনা ঘনাঃ।
কেচিৎ পুরবরাকারাঃ কেচিৎ পর্ব্বতসন্নিভাঃ ॥৩৫

হে মহামুনে! সেই সময়ে ভুবর্লোক ও স্বর্গলোক—এই লোকদ্বয় নিবাসী মনু প্রভৃতি মহাত্মগণ প্রচণ্ড অনলতাপে পীড়িত হইয়া মহর্লোকে আশ্রয় গ্রহণ করিবেন।২৮

কিন্তু তথায়ও সেই উগ্র অনলের তাপে সন্তপ্ত হইয়া বাঁচিবার আশায় তাঁহারা জনলোকে গমন করিবেন।২৯

হে মুনিশ্রেষ্ঠ! তৎপরে সেই রুদ্ররূপী ভগবান্ জনার্দ্দন সমস্ত জগৎ দগ্ধ করিয়া মুখনিঃশ্বাস দ্বারা মেঘ-সমূহকে উৎপাদন করিবেন।৩০

তারপরে বিদ্যুৎ এবং বজ্রধ্বনিবিশিষ্ট সংবর্ত্তক নামে সেই ভয়ঙ্কর মেঘসমূহ বৃহদাকার হস্তিসমূহের ন্যায় আকাশ মার্গ ব্যাপ্ত করিবে।৩১

তখন কতকগুলি মেঘ নীলোৎপলের ন্যায় শ্যামবর্ণ কতকগুলি কুমুদের ন্যায় শ্বেত বর্ণ, কতকগুলি ধূম্রবর্ণ এবং কতকগুলি পীতবর্ণ।৩২

কতকগুলি রাসভ (গাধা)বর্ণ, কতকগুলি আলতার ন্যায় রক্তবর্ণ, কতকগুলি বৈদূর্য্যমণিসদৃশ দীপ্তিশালী এবং কতকগুলি ইন্দ্রনীল মণি তুল্য।৩৩

পাঠান্তর :—(ক)—নিঃস্নেহমতিজায়তে। (খ) তবত্যেষা চ—। (গ) শেষাহিশ্বাসসম্ভূতঃ পাতালানি দহত্যধঃ। (ঘ) —জাত্যঞ্জননিভাঃ পরে।

• কোন কোন গ্রন্থে এই স্থলে নিম্নলিখিত পাঠ এবং তাহার পর একটি শ্লোক অধিক দেখা যায়,—
ইন্দ্রগোপনিভাঃ কেচিৎ শুকঃ শিখিনিভাস্তথা। ঘনঃশিলাভাঃ কেচিৎ বৈ হরিতালনিভাঃ পরে।
চাষপক্ষনিভাঃ কেচিদুত্তিষ্ঠন্তি ঘনাঘনাঃ।

কূটাগারনিভাশ্চান্যে কেচিৎ স্থূলনিভা ঘনাঃ।
মহারাবা মহাকায়াঃ পূরয়ন্তি নভস্তলম্ (ক) ॥৩৬
বর্ষন্তস্তে মহাসারৈ (খ)-স্তমগ্নিমতিভৈরবম্।
শময়ন্ত্যখিলং বিপ্র ত্রৈলোক্যান্তরবিস্তৃতম্ (গ) ॥৩৭
নষ্টে চাগ্নৌ শতং তেঽপি বর্ষাণামনিবারিতাঃ।
প্লাবয়ন্তো জগৎ সর্ব্বং বর্ষন্তি মুনিসত্তম (ঘ) ॥৩৮
ধারাভিরক্ষমাত্রাভিঃ (ঙ) প্লাবয়িত্বাখিলং ভুবম্।
ভুবর্লোকং তথৈবোর্দ্ধং প্লাবয়ন্তি দিবং দ্বিজ ॥৩৯
অন্ধকারীকৃতে লোকে নষ্টে স্থাবরজঙ্গমে।
বর্ষন্তি তে মহামেঘা বর্ষাণামধিকং শতম্ ॥৪০

ইতি বিষ্ণুপুরাণে ষষ্ঠাংশে তৃতীয়ঃ অধ্যায়ঃ ॥

কতকগুলি শঙ্খ ও কুন্দ পুষ্পের ন্যায় শ্বেতবর্ণ, কেহ জাতি পুষ্পের ন্যায় উজ্জ্বলবর্ণ, কতকগুলি কজ্জলের ন্যায় কৃষ্ণবর্ণ, কতকগুলি ইন্দ্রগোপ কীট (বর্ষাকালে এই পোকাগুলি দেখা যায়।) তুল্য রক্তবর্ণ, কতকগুলি মনঃশিলাসদৃশ গেরুয়াবর্ণ।৩৪

কতকগুলি নেত্র চাষপক্ষ (নীলকণ্ঠপাখা) সদৃশ এবং অত্যন্ত গাঢ়তর; কেহ বা বৃহৎ প্রাসাদের আকার, কেহ বা পর্ব্বত সদৃশ বৃহৎ।৩৫

কেহ বা অতি কূটাগার (গৃহবিশেষ) সদৃশ মহাকায়। কেহ পৃথিবীতল সদৃশ বিস্তৃত, সেই মেঘসকল বিকটধ্বনি করিতে করিতে গগনতলকে আচ্ছন্ন করিয়া ফেলিবে।৩৬

হে বিপ্র! তৎপরে সেই মেঘসমূহ মুষলধারে বারি বর্ষণপূর্ব্বক ত্রিভুবনব্যাপী সেই ভয়ঙ্কর অনলকে শান্ত করিবে।৩৭

হে মুনিশ্রেষ্ঠ! তৎপরে মেঘসকল সেই প্রদীপ্ত অনলকে শান্ত করিয়া শত বৎসর পর্য্যন্ত অবিশ্রান্ত ধারে বারিবর্ষণপূর্ব্বক সমস্ত জগৎকে প্লাবিত করিবে।৩৮

হে দ্বিজ! সেই মেঘসমূহ অবিশ্রান্ত বারিবর্ষণ দ্বারা ভূমণ্ডলকে প্লাবিত করিয়া ক্রমে ভুবর্লোক ও স্বর্গলোককেও প্লাবিত করিবে।৩৯

সেই সময়ে লোকসমূহ অন্ধকারময় হইবে এবং স্থাবর জঙ্গম যাবতীয় পদার্থ বিনষ্ট হইয়া যাইবে; কেবল সেই মেঘসকল শত বৎসরেরও অধিককাল ব্যাপিয়া অবিশ্রান্ত ধারে বারিবর্ষণ করিতে থাকিবে।৪০

পাঠান্তর :—(ক) নভঃস্থলম্। (খ) বর্ষন্তস্তে মহাসারাং—। (গ) —ত্রৈলোক্যান্তরস্থিতম্।
(ঘ) নষ্টে চাগ্নৌ চ সততং বর্ষণাণা হ্যনিন্দিতম্। প্লাবয়ন্তি জগৎ সর্ব্বমতিমুনিসত্তম।
(ঙ) ধারাভিরতিমাত্রাভিঃ—।
* কোন কোন গ্রন্থে ৪০ শ্লোকের পর নিম্নলিখিত শ্লোকটি অধিক দেখা যায়,—
এবং ভবন্তি কল্পান্তে সপ্তৈতে মুনিসত্তম। বাসুদেবস্য বাহ্যাস্যান্নিঃশ্বাসান্তে পরস্যমনঃ।

বিষ্ণুপুরাণের ষষ্ঠাংশে তৃতীয় অধ্যায় সমাপ্ত।

চতুর্থঃ অধ্যায়ঃ

[প্রাকৃতপ্রলয়বর্ণনম্ ।]

পরাশর উবাচ ।

সপ্তর্ষিস্থানমাক্রম্য স্থিতেঽম্ভসি মহামুনে ।
একার্ণবং ভবত্যেব ত্রৈলোক্যমখিলং ততঃ ॥১
মুখনিঃশ্বাসজো বিষ্ণোর্বায়ুস্তান্ জলদাংস্ততঃ ।
নাশয়িত্বা তু মৈত্রেয় বর্ষাণামধিকং শতম্ (ক) ॥২
সর্ব্বভূতময়োঽচিন্ত্যো ভগবান্ ভূতভাবনঃ ।
অনাদিরাদিবিশ্বস্য পীত্বা বায়ুমশেষতঃ ॥৩
একার্ণবে ততস্তস্মিন্ শেষশয্যাস্থিতঃ প্রভুঃ ।
ব্রহ্মরূপধরঃ শেতে ভগবানাদিকৃদ্ধরিঃ ॥৪
জনলোকগতৈঃ সিদ্ধৈঃ সনকাদ্যৈরভিষ্টুতঃ ।
ব্রহ্মলোকগতৈশ্চৈব চিন্ত্যমানো মুমুক্ষুভিঃ ॥৫

আত্মমায়াময়ীং দিব্যাং যোগনিদ্রাং সমাস্থিতঃ ।
আত্মানং বাসুদেবাখ্যং চিন্তয়ন্ পরমেশ্বরঃ (খ) ॥৬
এষ নৈমিত্তিকো নাম মৈত্রেয় প্রতিসঞ্চরঃ ।
নিমিত্তং তত্র যচ্ছেতে ব্রহ্মরূপধরো হরিঃ ॥৭
যদা জাগর্ত্তি বিশ্বাত্মা স তদা চেষ্টতে জগৎ ।
নিমীলত্যেতদখিলং যোগশয্যাশয়েঽচ্যুতে (গ) ॥৮
পদ্মযোনের্দ্দিনং যত্তু চতুর্যুগসহস্রবৎ ।
একার্ণবাপ্লুতে (ঘ) লোকে তাবতী রাত্রিরিষ্যতে ॥৯
ততঃ প্রবুদ্ধো রাত্র্যন্তে পুনঃ সৃষ্টিং করোত্যজঃ ।
ব্রহ্মস্বরূপধৃগ্ বিষ্ণুর্যথা তে কথিতং পুরা ॥১০

চতুর্থ অধ্যায়

[প্রাকৃত প্রলয়ের বর্ণনা ।]

পরাশর বলিলেন,—হে মহামুনে! যখন সপ্তর্ষিগণের স্থান পর্য্যন্ত জলমগ্ন হইবে, তখন সম্পূর্ণ ত্রিলোক একটি মহাসমুদ্রের ন্যায় হইয়া যাইবে ।১

হে মৈত্রেয়! তৎপরে ভগবান্ বিষ্ণুর মুখের নিঃশ্বাস হইতে উৎপন্ন বায়ু সেই মেঘসকলকে বিনাশ করত শতাধিক বৎসর ব্যাপিয়া প্রচণ্ডবেগে প্রবাহিত হইবে ।২

তৎপরে সমস্ত বিশ্বের আদিপুরুষ, অনাদিনিধন, সর্ব্বভূতময়, অচিন্তনীয় ও ভূতভাবন ভগবান্ বিষ্ণু সেই বায়ুকে নিঃশেষরূপে পান করিবেন এবং একাকার সেই সমুদ্রমধ্যে অবস্থানপূর্ব্বক শেষশয্যায় আধিকর্ত্তা ব্রহ্মরূপধারী ভগবান্ শ্রীহরি শয়ন করিবেন ।৩-৪

সেই সময়ে জনলোকস্থিত সনকাদি সিদ্ধ ঋষিগণ সেই মহাপ্রভুর স্তব এবং ব্রহ্মলোকস্থিত মুমুক্ষু ব্যক্তিগণ তাঁহার ধ্যান করিবেন ।৫

সেই সময়ে পরমেশ্বর ভগবান্ বিষ্ণু সমস্ত জগতের ব্যাপার হইতে বিশ্রাম লাভ করিয়া আত্মমায়াস্বরূপা যোগনিদ্রাকে আশ্রয় করত আপনাকে বাসুদেবরূপে চিন্তা করিতে থাকিবেন ।৬

হে মৈত্রেয়! যে সময়ে ব্রহ্মরূপধর শ্রীহরি জলমধ্যে শয়ন করিয়া থাকেন, সেই নৈমিত্তিক প্রলয়ের অবস্থা তোমার নিকট কীর্ত্তন করিলাম ।৭

অখিলবিশ্বের আত্মা সেই মহাবিষ্ণু যখন জাগরিত হন, তখন পুনরায় জগৎ কর্ম্মোপযোগী লাভ করে এবং যখন সেই মহাপুরুষ যোগশয্যায় শায়িত হন, তখন এই সমস্ত সৃষ্টির লয় হইয়া থাকে ।৮

চারিযুগ-সহস্র পরিমিত কালে ব্রহ্মার যেমন একদিন কথিত হইয়াছে, তদ্রূপ সমস্ত জগৎ জল দ্বারা প্লাবিত হইলে

পাঠান্তর :— (ক) নাশয়ন্ যাতি মৈত্রেয় বর্ষাণামধিকং শতম্ । (খ) — মধুসূদনঃ । (গ) — যোগশয্যাং গতেঽচ্যুতে । (ঘ) একার্ণবীকৃতে— ।

ইত্যেষ কল্পসংহারশ্চান্তরঃ প্রলয়ো দ্বিজ(ক)।
নৈমিত্তিকস্তে কথিতঃ প্রাকৃতং শৃণুতঃ পরম্ ॥১১
অনাবৃষ্ট্যাগ্নিসম্পর্কাৎ কৃতে সংক্ষালনে মুনে।
সমস্তেষেব লোকেষু পাতালেষখিলেষু চ ॥১২
মহদাদেবিকারস্য বিশেষান্তস্য সংক্ষয়ে।
কৃষ্ণেচ্ছাকারিতে তস্মিন্ প্রবৃত্তে প্রতিসঞ্চরে ॥১৩
আপো গ্রসন্তি বৈ পূর্ব্বং ভূমের্গন্ধাত্মকং গুণম্।
আহৃতগন্ধা ততো ভূমিঃ প্রলয়ায়ায় কল্পতে ॥১৪
প্রনষ্টে গন্ধতন্মাত্রেঽভবৎ পৃথ্বী জলাত্মিকা।
রসাদ্ভেদং সমুদ্ভূতং তস্মাদ্ভাতং রসাত্মকম্ ॥১৫
আপস্তদা প্রবৃদ্ধাস্তু বেগবত্যো মহাস্বনাঃ।
সর্ব্বমাপূরয়ন্ত্যীদং তিষ্ঠন্তি বিচরন্তি চ।
সলিলেনৈবোন্মিমতা লোকা ব্যাপ্তাঃ সমন্ততঃ ॥১৬

অপামপি গুণো যস্তু জ্যোতিষা পীয়তে তু সঃ
নশ্যন্ত্যাপস্ততস্তাশ্চ রসতন্মাত্রসংক্ষয়াৎ ॥১৭
ততশ্চাপো হৃতরসা জ্যোতিষ্ট্বং প্রাপ্নুবন্তি বৈ।
অম্ভোবন্ধে তু সলিলে তেজসা সর্ব্বতো বৃতে ॥১৮
স চাগ্নিঃ সর্ব্বতো ব্যাপ্য আদত্তে তজ্জলং তদা।
সর্ব্বমাপূর্য্য তেজোভি(খ)স্তল ভগবন্নিং শনৈঃ ॥১৯
অচ্চিভিঃ সংবৃতে তস্মিন্ তির্য্যগূর্দ্ধমধস্তথা।
জ্যোতিষোঽপি পরং রূপং বায়ুরত্তি প্রভাকরম্ ॥২০
প্রলীনে চ ততস্তস্মিন্ বায়ুভূতেঽখিলাত্মনি।
প্রনষ্টে রূপতন্মাত্রে হৃতরূপো বিভাবসুঃ ॥২১
প্রশাম্যতি তদা জ্যোতির্বায়ুর্বৌধূয়তে মহান্।
নিরালোকে তদা লোকে বায়ুবন্ধে চ তেজসি ॥২২
ততস্তু মূলমাদায় বায়ুঃ সম্ভবমাত্মনঃ।
ঊর্দ্ধকাধশ্চ তির্য্যক্ চ বোধয়ীতি নিশো দশ ॥২৩

সেই পরিমিত কালে তাঁহার এক রাত্রি হয়। তাহার রাত্রিশেষে ব্রহ্মরূপধারী অজ বিষ্ণু জাগরিত হইয়া পুনরায় আমি যেরূপ তোমাকে বলিয়াছি, সেইরূপ সৃষ্টি আরম্ভ করেন। এইভাবে নৈমিত্তিক প্রলয়ও তাহার পর পুনঃ সৃষ্টি হইয়া থাকে। এক্ষণে প্রাকৃতিক প্রলয়ের বিষয় শ্রবণ কর।৯-১১

হে মুনে! পূর্ব্বোক্তরূপ অনাবৃষ্টি ও অনলের সম্পর্কে সমুদয় ভুবন এবং পাতাল প্রভৃতি সমস্ত লোককে নিঃস্নেহ করিয়া মহত্তত্ত্বাদি পৃথিবী পর্য্যন্ত বিকারসমূহকে ধ্বংস করিবার নিমিত্ত ভগবানের ইচ্ছায় প্রলয়কাল সমুপস্থিত হইলে, প্রথমতঃ জলসমূহ পৃথিবীর গন্ধস্বরূপ গুণকে গ্রাস করিয়া থাকে। যখন পৃথিবী হইতে সমস্ত গন্ধ জল দ্বারা আকৃষ্ট হইয়া যায়, তখন পৃথিবী বিলয় প্রাপ্ত হয়।১২-১৪

গন্ধতন্মাত্র বিনষ্ট হইলে, পরে পৃথিবী জলের সহিত মিশ্রিত হইয়া যায়। রস হইতে জল উৎপন্ন হইয়াছে, সুতরাং জলকে রসাত্মক জানিবে।১৫

সেই সময়ে জলসমূহ অতিশয় বর্দ্ধিত হইয়া অত্যন্ত বেগে মহাশব্দ করিতে করিতে সমস্ত ভুবনকে প্লাবিত করিয়া প্রবাহিত হয়। তাহার তরঙ্গমালাপূর্ণ ঐ জল চতুর্দ্দিকে ব্যাপিয়া অবস্থান করে।১৬

তৎপরে জলের গুণ যে রস, অগ্নি তাহাকে শোষণ করিতে আরম্ভ করে; কালক্রমে অগ্নি কর্ত্তৃক শোষিত হইয়া রসতন্মাত্র বিনষ্ট হইলে জলসমূহ বিল্প প্রাপ্ত হয় এবং সেই রসহীন জলসমূহ তেজের মধ্যে প্রবেশ করে। তৎপরে তেজ ক্রমশঃ অতিশয় প্রবলরূপ ধারণ করিয়া সমস্ত ভুবনে ব্যাপ্ত হয়।১৭-১৮

সেই অগ্নি সর্ব্বদিকে ব্যাপ্ত হইয়া জলসমূহ গ্রাস করে এবং নিজ তেজ দ্বারা সমস্ত পূরিত করিয়া ধীরে ধীরে এই জগৎকে কবলিত করে। ঊর্দ্ধ ও অধঃ সমস্ত প্রদেশই যখন অগ্নি দ্বারা দগ্ধ হইয়া যায়, তখন বায়ু সমস্ত তেজের আধার প্রভাকরকে গ্রাস করিয়া থাকে।১৯-২০

তেজসমূহ বিনষ্ট হইলে সমস্ত ভুবন বায়ুময় হইয়া উঠে এবং তেজসকল হৃতরূপ হইয়া প্রশান্ত হয়; তখন কেবল প্রবল বায়ুই চতুর্দ্দিকে প্রবাহিত হয়। সেই তেজসমূহ বায়ুমধ্যে প্রবেশ করিলে সমস্ত ভুবনই অন্ধকারময় হইয়া যায়।২১-২২

তৎপরে সেই প্রচণ্ড বায়ু আপনার উৎপত্তিবীজ

পাঠান্তর :—(ক) ইত্যেষ কল্পসংহারোঽন্যান্তরপ্রলয়ো দ্বিজ। (খ) সর্ব্বমাপূর্য্যতেঽর্চ্চিভিঃ—।
*কোন কোন গ্রন্থে এই শ্লোকার্দ্ধটি দেখা যায় না।

বায়োরপি গুণং স্পর্শমাকাশো গ্রসতে পুনঃ।
প্রশাম্যতি ততো বায়ুঃ খস্থ তিষ্ঠত্যনাবৃতম্ ॥২৪
অরূপমরসস্পর্শমগন্ধং ন চ মূর্ত্তিমৎ।
সর্ব্বমাপূরয়চ্ছৈতৎ সুমহৎ সম্প্রকাশতে ॥২৫
পরিমণ্ডলং তচ্ছুষিরমাকাশং শব্দলক্ষণম্।
শব্দমাত্রং তদাকাশং সর্ব্বমাবৃত্য তিষ্ঠতি ॥২৬
ততঃ শব্দং গুণং তস্য ভূতাদির্গ্রসতে পুনঃ।
ভূতেন্দ্রিয়েষু যুগপদ্ ভূতাদৌ সংস্থিতেষু বৈ ॥২৭
অভিমানাত্মকো হ্যেষ ভূতাদিস্তামসঃ স্মৃতঃ।
ভূতাদিং গ্রসতে চাপি মহান্ বৈ বুদ্ধিলক্ষণঃ ॥২৮
উর্ব্বী মহাংশ্চ জগতঃ প্রান্তেঽন্তর্বাহ্যতস্তথা ॥২৯
এবং সপ্ত মহাবুদ্ধে ক্রমাৎ প্রকৃতয়স্তু বৈ।
প্রত্যাহারে তু তাঃ সর্ব্বাঃ প্রবিশন্তি পরস্পরম্ ॥৩০

আকাশকে অবলম্বন করিয়া ঊর্দ্ধ, অধঃ ও কোণ প্রভৃতি দশদিকে প্রবাহিত হইয়া বেড়ায় ।২৩

ক্রমে বায়ুর গুণ যে স্পর্শ, আকাশ তাহাকে গ্রাস করে ও বায়ু শান্ত হইয়া যায় এবং আকাশ তখন অনাবৃত থাকে। রূপ, রস, গন্ধ, স্পর্শ ও মূর্ত্তিহীন আকাশই এই সমস্ত লোক পরিপূর্ণ করিয়া পূর্ণরূপে প্রকাশিত হয়। সেই সময় চারিদিকে গোল, ছিদ্রযুক্ত, শব্দলক্ষণ আকাশই অবশিষ্ট থাকে এবং ঐ শব্দমাত্র আকাশ-সকলকে আচ্ছাদিত করিয়া অবস্থান করে ।২৪-২৬

তামস আকাশের গুণ শব্দকে ভূতাদি গ্রাস করে। এই ভূতাদিতেই একসঙ্গে পঞ্চভূত ক্ষিতি, জল, তেজ, বায়ু ও আকাশ—এই পঞ্চভূত, ইন্দ্রিয়সমূহ লয় প্রাপ্ত হইলে কেবল অহঙ্কারাত্মক অবস্থান করিলে পর উহাকে তামস ভূতাদি (তমঃপ্রধান) বলে। পুনরায় ঐ ভূতাদিকে সত্বপ্রধান বুদ্ধিরূপ মহত্তত্ত্ব গ্রাস করে ।২৭-২৮

যেরূপ পৃথিবী ও মহত্তত্ত্ব ব্রহ্মাণ্ডের অন্তর্জ্জগতের আদি এবং অন্তিমসীমা, সেইরূপ উহার বাহ্যজগতের আদি ও অন্তিমসীমা ।২৯

হে মহাপ্রাজ্ঞ! এইরূপে পৃথিবী আদিক্রমে যে সপ্ত

যেনেদমাবৃতং সর্ব্বমণ্ডমপ্সু প্রলীয়তে।
সপ্তদ্বীপসমুদ্রান্তং সপ্তলোকং সপর্ব্বতম্ ॥৩১
উদাকাবরণং যত্তু জ্যোতিষা পীয়তে তু তৎ।
জ্যোতির্বায়ৌ লয়ং যাতি যাত্যাকাশে সমীরণঃ ॥৩২
আকাশঞ্চৈব ভূতাতির্গ্রসতে তং তদা মহান্।
মহান্তমেভিঃ সহিতং প্রকৃতির্গ্রসতে দ্বিজ ॥৩৩
গুণসাম্যমনুদ্রিক্তমনূনঞ্চ মহামুনে।
প্রোচ্যতে প্রকৃতির্হেতুঃ প্রধানং কারণং পরম্ ॥৩৪
ইত্যেষা প্রকৃতিঃ সর্ব্বা ব্যক্তাব্যক্তস্বরূপিণী।
ব্যক্তস্বরূপমব্যক্তে তস্মিন্ মৈত্রেয় (ক)লীয়তে ॥৩৫
একঃ শুদ্ধোঽক্ষরো নিত্যঃ সর্ব্বব্যাপী তথা পুমান্।
সোঽপ্যংশঃ সর্ব্বভূতস্য মৈত্রেয় পরমাত্মনঃ ॥৩৬

প্রকৃতি (আবরণ) কথিত হইল, ঐ আবরণসমূহ প্রলয়কালে পরস্পর নিজ নিজ কারণে লীন হইয়া যায় ।৩০

যাহাতে এই সমস্ত লোক ব্যাপ্ত, সেই সম্পূর্ণ ভূমণ্ডল সপ্ত সমুদ্র, সপ্ত লোক ও সপ্ত দ্বীপ পর্ব্বতসমূহের সহিত জলে লীন হইয়া যায় ।৩১

যাহা জলের আবরণ, তাহা অগ্নি কর্ত্তৃক বিশোষিত হইয়া যায় এবং সেই সর্ব্বহর অগ্নিও বায়ুতে ও বায়ু আকাশে বিলীন হইয়া যাইবে ।৩২

হে দ্বিজ! আকাশকেও ভূতাদি তামস অহঙ্কারতত্ত্ব এবং তাহাকে মহত্তত্ত্ব গ্রাস করে ও ইহাদের সহিত মহত্তত্ত্বকে মূল প্রকৃতি নিজ মধ্যে লীন করেন ।৩৩

হে মহামুনে! ন্যূনাধিকরহিত যে সত্ত্ব, রজঃ ও তমোগুণের সাম্যাবস্থা, তাহাকে প্রকৃতি বলে। উঁহাকে প্রধানও বলা হয়। ইনিই সম্পূর্ণ জগতের পরম কারণ। এই প্রকৃতি ব্যক্ত ও অব্যক্ত উভয়রূপে সর্ব্বময়ী। ব্যক্তস্বরূপা প্রকৃতি সেই অব্যক্তে লয়প্রাপ্ত হন ।৩৪-৩৫

হে মৈত্রেয়! এতদতিরিক্ত যে নিত্য শুদ্ধস্বরূপ সর্ব্বব্যাপী একজন পুরুষ সর্ব্বভূতের অধিষ্ঠাতৃরূপে প্রকাশ পাইয়া থাকেন, তিনি পরমাত্মারই অংশ ।৩৬

পাঠান্তর :—(ক) —তস্মান্মৈত্রেয়—।

ন সন্তি যত্র সর্বেশে নামজাত্যাদিকল্পনাঃ।
সত্তামাত্রাত্মকে জ্ঞেয়ে জ্ঞানাত্মন্যাত্মনঃ পরে ॥৩৭
স ব্রহ্ম তৎ পরং ধাম (ক) পরমাত্মা স চেশ্বরঃ।
স বিষ্ণুঃ সর্বমেবেদং যতো নাবর্ত্ততে যতিঃ ॥৩৮
প্রকৃতির্যা ময়া খ্যাতা ব্যক্তাব্যক্তস্বরূপিণী।
পুরুষশ্চাপ্যুভাবেতৌ লীয়েতে পরমাত্মনি ॥৩৯
পরমাত্মা চ সর্বেষামাধারঃ পরমেশ্বরঃ।
বিষ্ণুর্নাম্না স বেদেষু বেদান্তেষু চ গীয়তে ॥৪০
প্রবৃত্তঞ্চ নিবৃত্তঞ্চ দ্বিবিধং কর্ম্ম বৈদিকম্।
তাভ্যামুভাভ্যাং পুরুষৈঃ সর্বমূর্তিঃ স ইজ্যতে ॥৪১
ঋগ্-যজুঃ-সামভির্মার্গৈঃ প্রবৃত্তৈরিজ্যতে হ্যসৌ।
যজ্ঞেশ্বরো যজ্ঞপুমান্ পুরুষৈঃ পুরুষোত্তমঃ ॥৪২
জ্ঞানাত্মা জ্ঞানযোগেন জ্ঞানমূর্তিঃ স চেজ্যতে।
নিবৃত্তৈর্যোগিভির্মার্গৈ(খ)র্বিষ্ণুর্মুক্তিফলপ্রদঃ ॥৪৩

হ্রস্ব-দীর্ঘ-প্লুতৈর্যস্তু কিঞ্চিদ্বস্তুভিধীয়তে (গ)।
যচ্চ বাচ্যবিষয়ে তৎসর্বং বিষ্ণুরব্যয়ঃ ॥৪৪
ব্যক্তং স এব চাব্যক্তং (ঘ) স এব পুরুষোঽব্যয়ঃ।
পরমাত্মা স বিশ্বাত্মা বিশ্বরূপধরো হরিঃ ॥৪৫
ব্যক্তাব্যক্তাত্মিকা তস্মিন্ প্রকৃতিঃ সম্প্রলীয়তে।
পুরুষশ্চাপি মৈত্রেয় ব্যাপিন্যব্যাহতাত্মনি ॥৪৬
দ্বিপরার্দ্ধাত্মকঃ কালঃ কথিতো যো ময়া তব।
তদহস্তস্য মৈত্রেয় বিষ্ণোরীশস্য কথ্যতে ॥৪৭
ব্যক্তে চ প্রকৃতৌ লীনে প্রকৃত্যাং পুরুষে তথা।
তত্র স্থিতে নিশা চাস্য (ঙ) তৎপ্রমাণা মহামুনে ॥৪৮
নৈবাহস্তস্য ন নিশা নিত্যস্য পরমাত্মনঃ।
উপচারস্তথাপ্যেব তস্যেশস্য দ্বিজোচ্যতে ॥৪৯
ইত্যেষ তব মৈত্রেয় কথিতঃ প্রাকৃতো লয়ঃ।
আত্যন্তিকমিতো (চ) ব্রহ্মন্নিবোধ প্রতিসঞ্চরম্ ॥৫০

ইতি বিষ্ণুপুরাণে ষষ্ঠাংশে চতুর্থঃ অধ্যায়ঃ ॥

যে সত্তামাত্রস্বরূপ আত্মা (দেহাদি সঙ্ঘাত) হইতে পৃথক্‌রূপে বিরাজমান জ্ঞানাত্মা এবং জ্ঞাতব্য সর্ব্বেশ্বরে জাত্যাদির কল্পনা নাই, তিনিই সকলের পরম আত্মা, পরব্রহ্ম, পরমাত্মা এবং সকলের অধীশ্বর। ঐ বিষ্ণুই এই অখিল বিশ্বরূপে অবস্থিত, তাঁহাকেই প্রাপ্ত হইয়া যোগিগণ আর সংসারে প্রত্যাবর্ত্তন করেন না।৩৭-৩৮

হে মৈত্রেয়! ব্যক্তাব্যক্তস্বরূপিণী যে প্রকৃতি এবং পরমাত্মার অংশস্বরূপ যে পুরুষের বিষয় তোমাকে বলিয়াছি, তাঁহারা উভয়েই এই পরমাত্মাতে লয়প্রাপ্ত হন।৩৯

সমস্তের আধার সেই পরমেশ্বর পরমাত্মাই বেদ ও বেদান্তাদি শাস্ত্রে বিষ্ণু বলিয়া কীর্ত্তিত হইয়া থাকেন।৪০

প্রবৃত্তি ও নিবৃত্তিরূপ দ্বিবিধ কর্ম্ম বেদে উক্ত হইয়াছে। সমস্ত পুরুষই এই দ্বিবিধ কর্ম্ম দ্বারা সর্ব্বমূর্তিময় সেই পরমাত্মার পূজা করিয়া থাকেন।৪১

ঋক্, যজুঃ ও সামবেদোক্ত সমস্ত প্রবৃত্তিরূপ কর্ম্ম দ্বারা পুরুষগণ কর্ত্তৃক যজ্ঞেশ্বর পুরুষশ্রেষ্ঠ সেই যজ্ঞপুরুষই পূজিত হইয়া থাকেন।৪২

জ্ঞানিগণ জ্ঞানযোগ দ্বারা সেই জ্ঞানমূর্ত্তি বিষ্ণুরই উপাসনা করিয়া থাকেন এবং যোগিগণ নিবৃত্তিমার্গ দ্বারা মুক্তিফলপ্রদ সেই বিষ্ণুরই আরাধনা করিয়া থাকেন। হ্রস্ব, দীর্ঘ এবং প্লুতরূপ স্বরভেদে যাহা উচ্চারিত হয় এবং যাহা বাক্যের অবিষয়, সে সমস্ত সেই অব্যয় বিষ্ণু। সেই অব্যয় মহাপুরুষই ব্যক্ত ও তিনিই অব্যক্ত এবং সেই বিশ্বাত্মা পরমেশ্বর হরিই বিশ্বরূপে বিরাজ করিয়া থাকেন। হে মৈত্রেয়! ব্যক্তাব্যক্তস্বরূপিণী প্রকৃতি এবং পুরুষ অব্যাহত-স্বরূপ ও সর্ব্বব্যাপী সেই পরমাত্মাতেই লয়প্রাপ্ত হন। হে মৈত্রেয়! দ্বিপরার্দ্ধ-পরিমিত যে কাল আমি তোমার নিকট কীর্ত্তন করিয়াছি, তাহা সেই মহাবিষ্ণুর একদিন বলিয়া কথিত হয়।৪৩-৪৭

হে মহামুনে! সমস্ত জগৎ প্রকৃতিতে এবং প্রকৃতি ও পুরুষ সেই পরমাত্মাতে লীন হইলে, সেই দ্বিপরার্দ্ধ পরিমিত কালে তাঁহার একরাত্রি হয়।৪৮

হে দ্বিজ! যদ্যপি সেই নিত্য পরমাত্মার দিন বা রাত্রি কিছুই নাই; তথাপি সর্ব্বাপেক্ষা তাঁহার শ্রেষ্ঠতা দেখাইবার জন্য এই পরিমাণে তাঁহার দিবা ও রাত্রি কল্পিত হইয়া থাকে। হে ব্রহ্মন্, মৈত্রেয়! এই প্রাকৃত প্রলয়ের অবস্থা তোমার নিকট কথিত হইল, অতঃপর আত্যন্তিক প্রলয়ের অবস্থা শ্রবণ কর।৪৯-৫০

পাঠান্তর :—(ক) তদ্‌ব্রহ্ম পরমং ধাম—। (খ) নিবৃত্তে যোগিভির্মার্গে—।
(গ) বিভিন্ন বস্তুভিধীয়তে। (ঘ) ব্যক্তং স এব চাব্যক্তং—। (ঙ) —চাস্য—। (চ) আত্যন্তিকমথো—।

বিষ্ণুপুরাণের ষষ্ঠাংশে চতুর্থ অধ্যায় সমাপ্ত।

পঞ্চমঃ অধ্যায়ঃ

[আধ্যাত্মিকাদিত্রিবিধতাপবর্ণনম্, ভগবান্ বাসুদেবশ্চেতি শব্দদ্বয়স্য ব্যাখ্যা, ভগবতঃ পারমার্থিকস্বরূপবর্ণনঞ্চ।]

পরাশর উবাচ।

আধ্যাত্মিকাদি মৈত্রেয় জ্ঞাত্বা তাপত্রয়ং বুধঃ।
উৎপন্নজ্ঞানবৈরাগ্যঃ প্রাপ্নোত্যাত্যন্তিকং লয়ম্ ॥১

আধ্যাত্মিকো বৈ দ্বিবিধঃ শারীরো মানসস্তথা।
শারীরো বহুভির্ভেদৈর্ভিদ্যতে শ্রূয়তাঞ্চ সঃ ॥২

শিরোরোগপ্রতিশ্যায়জ্বরশূলভগন্দরৈঃ।
গুল্মার্শঃ-শ্বয়থু-শ্বাস(ক)চ্ছর্দ্যাদিভিরনেকধা ॥৩

তথাক্ষিরোগাতীসার-কুষ্ঠাঙ্গাময়সংজ্ঞকৈঃ।
ভিদ্যতে দেহজস্তাপো মানসং শ্রোতুমর্হসি ॥৪

কাম-ক্রোধ-ভয়-দ্বেষ-লোভ-মোহবিষাদজঃ।
শোকাসূয়াবমানের্ষ্যামাৎসর্য্যাদিভবস্তথা (খ) ॥৫

মানসোঽপি দ্বিজশ্রেষ্ঠ তাপো ভবতি নৈকধা।
ইত্যেবমাদিভির্ভেদৈস্তাপো হ্যাধ্যাত্মিকঃ স্মৃতঃ ॥৬

মৃগ-পক্ষি-মনুষ্যাদ্যৈঃ পিশাচোরগ-রাক্ষসৈঃ।
সরীসৃপাদ্যৈশ্চ নৃণাং জন্যতে চাধিভৌতিকঃ (গ) ॥৭

শীতোষ্ণবাতবর্ষাম্বু-বৈদ্যুতাদিসমুদ্ভবঃ।
তাপো দ্বিজবরশ্রেষ্ঠ (ঘ) কথ্যতে চাধিদৈবিকঃ ॥৮

গর্ভ-জন্ম-জরাজ্ঞান-মৃত্যু-নারকজং তথা।
দুঃখং সহস্রশো ভেদৈর্ভিদ্যতে মুনিসত্তম ॥৯

সুকুমারতনুর্গর্ভে জন্তুর্বহুমলাবৃতে।
স্বসংবেষ্টিতো ভগ্নপৃষ্ঠগ্রীবাস্থিসংহতিঃ ॥১০

অত্যন্তকটু-তীক্ষ্ণোষ্ণ-লবণৈর্মাতৃভোজনৈঃ।
অত্যর্থতাপৈরত্যর্থং (ঙ) বর্দ্ধমানাতিবেদনঃ ॥১১

প্রসারণাকুঞ্চনাদের্নাঙ্গানাং প্রভুরাত্মনঃ।
শকৃন্মূত্রমহাপঙ্কশায়ী সর্ব্বত্র পীড়িতঃ ॥১২

পঞ্চম অধ্যায়

[আধ্যাত্মিকাদি ত্রিবিধ তাপবর্ণন, ভগবান্ ও বাসুদেব এই দুই শব্দের ব্যাখ্যা এবং ভগবানের পারমার্থিক স্বরূপ বর্ণন।]

পরাশর বলিলেন,—হে মৈত্রেয়। পণ্ডিত ব্যক্তি আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক—এই ত্রিবিধ তাপকে জানিয়া জ্ঞান-বৈরাগ্য উৎপন্ন হইলে আত্যন্তিক লয় প্রাপ্ত হইয়া থাকেন।১

আধ্যাত্মিক তাপ,—শারীর এবং মানসভেদে দুই প্রকার। তন্মধ্যে শারীর দুঃখ বহুবিধ, তাহা শ্রবণ কর।২

শিরোরোগ, পীনস, জ্বর, শূল, ভগন্দর, গুল্ম, অর্শঃ, শ্বাস, শোথ ও ছর্দ্দি প্রভৃতি এবং অক্ষিরোগ, অতীসার, কুষ্ঠ ও জলোদর প্রভৃতি ভেদে শারীর দুঃখ বহুবিধ; এক্ষণে মানস-তাপের বিষয় শ্রবণ কর।৩-৪

কাম, ক্রোধ, ভয়, দ্বেষ, লোভ, মোহ, বিষাদ, শোক, অসূয়া, অবমান, ঈর্ষা ও মাৎসর্য্যাদি হইতে উৎপন্ন মানস-দুঃখও অনেক প্রকার হইয়া থাকে। হে দ্বিজশ্রেষ্ঠ! পূর্ব্বোক্ত এইরূপ বহুবিধ ভেদযুক্ত দুঃখসমূহকে আধ্যাত্মিক তাপ বলা যায়।৫-৬

মৃগ, পক্ষী, মনুষ্য, পিশাচ, সর্প, রাক্ষস এবং সরীসৃপ (বিষ্ণা) প্রভৃতি ভূতগণ হইতে মনুষ্যগণের যে দুঃখ উৎপাদিত হইয়া থাকে, তাহার নাম আধিভৌতিক।৭

হে দ্বিজবরশ্রেষ্ঠ! শীত, উষ্ণ, বায়ু, বর্ষা ও বিদ্যুৎ প্রভৃতি দ্বারা যে দুঃখ উৎপন্ন হয়, তাহার নাম আধিদৈবিক।৮

হে মুনিসত্তম! এই সমস্ত ব্যতীত গর্ভবাস, জন্ম, জরা, অজ্ঞান, মৃত্যু এবং নরকাদিতে দুঃখও উৎপন্ন সহস্র সহস্র প্রকার ভেদ হইয়া থাকে।৯

বহুতর মল দ্বারা আবৃত গর্ভ মধ্যে সুকুমার-শরীর জীবগণ উল্ব (গর্ভচর্ম) দ্বারা বেষ্টিত হইয়া পৃষ্ঠ ও গ্রীবাস্থি-সমূহের সহিত কুণ্ডলাকারে মুচড়ান অবস্থায় থাকে।১০

পাঠান্তর :—(ক) শুল্মার্শঃ-শ্বসথু-শ্বাস—। (খ) —মাৎসর্য্যাদিসম্ভবস্তথা। (গ) —জায়তে চাধিভৌতিকঃ।
(ঘ) তাপো দ্বিজবর শ্রেষ্ঠঃ—। (ঙ) অতিতাপৈরত্যর্থং—।

নিরুচ্ছ্বাসঃ সচৈতন্যঃ স্মরন্ জন্মশতান্যথ।
আস্তে গর্ভেঽতিদুঃখেন নিজকর্ম্মনিবন্ধনঃ ॥১৩
জায়মানঃ পুরীষাস্তঃ মূত্রশুক্রাবিলাননঃ।
প্রাজাপত্যেন বাতেন পীড্যমানোঽতিবন্ধনঃ ॥১৪
অধোমুখো বৈ ক্রিয়তে প্রবলৈঃ সূতিমারুতৈঃ।
ক্লেশৈর্নিষ্ক্রান্তিমাপ্নোতি জঠরান্মাতুরাতুরঃ ॥১৫
মূর্চ্ছামবাপ্য মহতীং সংস্পৃষ্টো বাহ্যবায়ুনা।
বিজ্ঞানভ্রংশমাপ্নোতি জাতশ্চ মুনিসত্তম ॥১৬
কঙ্কটৈরিব (ক) ভুগ্নাঙ্গঃ ক্রকচৈরিব দারিতঃ।
পূতিব্রণান্নিপতিতো ধরণ্যাং কৃমিকো যথা ॥১৭
কণ্ডূয়নে চাপ্যশক্তঃ পরিবর্ত্তেঽপ্যনীশ্বরঃ।
স্তন্যপানাদিকাহারমবাপ্নোতি (খ) পরেচ্ছয়া ॥১৮
অশুচিঃ প্রস্তরে সুপ্তঃ কীটদংশাদিভিস্তথা।
ভক্ষ্যমাণোঽপি নৈবৈষ্যং সমর্থো বিনিবারণে ॥১৯
জন্মদুঃখান্যনেকানি জন্মনোঽনন্তরাণি বৈ।
বালভাবে যদাপ্নোতি আধিভৌতাদিকানি চ ॥২০
অজ্ঞানতমসচ্ছন্নো মূঢ়াস্তঃকরণো নরঃ।
ন জানাতি কুতঃ কোঽহং কাহং গন্তা কিমাত্মকঃ ॥২১
কেন বন্ধেন বদ্ধোঽহং কারণং কিমকারণম্।
কিং কার্য্যং কিমকার্য্যং বা কিং বাচ্যং
কিম্ন বোচ্যতে (গ) ॥২২
কোঽধর্ম্মঃ কশ্চ বৈ ধর্ম্মঃ কস্মিন্ বর্ত্তেত বা কথম্(ঘ)।
কিং কর্ত্তব্যমকর্ত্তব্যং কিংবা কিং গুণদোষবৎ ॥২৩

সেখানে তাহারা মাতার অত্যন্ত তাপপ্রদ, অতিশয় অম্ল, কটু, তীক্ষ্ণ, উষ্ণ ও লবণ প্রভৃতি যুক্ত ভুক্ত ভোজন দ্বারা মহাকষ্টে বর্দ্ধিত হয়।১১

হস্তপদাদি সঞ্চালনে অক্ষম হইয়া গর্ভস্থ সন্তান মলমূত্র রূপ মহাপঙ্ক মধ্যে শায়িত থাকে এবং সেখানে সর্ব্বত্রই পীড়া অনুভব করে।১২

তখন জীব শ্বাসহীন অথচ সচেতনভাবে পূর্ব্বজন্ম সমূহকে স্মরণ করিতে করিতে নিজ কর্ম্মদোষে অতি ক্লেশেই গর্ভে অবস্থান করে।১৩

তৎপরে জন্মগ্রহণ করিবার সময় তাহার মুখ মল, মূত্র ও শুক্রশোণিত দ্বারা লিপ্ত থাকে এবং উহার অস্থিবন্ধন প্রাজাপত্য (গর্ভসঙ্কোচক) বায়ু দ্বারা অতিশয় পীড়া প্রাপ্ত হয়।১৪

সেই সময় অতিশয় প্রবল সূতিনামে বায়ু তাহার মুখ অধোদিকে করিয়া দেয়; তৎপরে ভয়ানক ক্লেশে জীব মাতার জঠর হইতে নিষ্ক্রান্ত হইয়া থাকে।১৫

হে মুনিসত্তম! জীব জন্মগ্রহণ করিবার পর বাহ্য বায়ু দ্বারা স্পৃষ্ট হইয়া মূর্চ্ছিত হয় এবং ক্রমশঃ তাহার পূর্ব্ব সংস্কারসমূহকে বিস্মৃত হইয়া যায়।১৬

তখন সেই জীব কঙ্কট (কাঁকর) দ্বারা ব্যথিত-গাত্র অথবা বিদারণ-যন্ত্র (করাত) দ্বারা বিদারিত দুর্গন্ধ ব্রণাদি হইতে জাত একটি কৃমির ন্যায় ভূমিতে পড়িয়া থাকে।১৭

তখন তাহার নিজের দেহ চুলকাইবার বা এদিক-ওদিক ফিরিবারও শক্তি থাকে না এবং দুগ্ধপান প্রভৃতি তাহার যাহা কিছু আহার, সে সময়ে সমস্তই পরের অধীন থাকে।১৮

সেই জীব অশুচি অবস্থায় ভূমিতে নিদ্রিত থাকে, কীট ও মশকাদি কর্ত্তৃক দংশিত হইলেও তাহার তাহাদিগকে নিবারণ করিবার সামর্থ্য থাকে না।১৯

এইরূপ জন্মের বহুবিধ দুঃখ ভোগের পর বাল্যকালে জীব আধিভৌতিকাদি নানাপ্রকার দুঃখ পাইয়া থাকে।২০

অজ্ঞানরূপ অন্ধকার দ্বারা সমাচ্ছন্ন মূঢ়হৃদয় মনুষ্য "আমি কোথায় আসিয়াছি, আমি কে, কোথায়ই বা গমন করিব এবং আমার স্বরূপই বা কি?" এ সমস্তের কিছুই জানিতে পারে না।২১

কোন্ বন্ধনে আমি সংসার-কারাগারে আবদ্ধ রহিয়াছি, ইহার কোনও কারণ আছে, অথবা অকারণই এই দুঃখরাশি ভোগ করিতেছি; আমার কি কর্ত্তব্য, কি বা অকর্ত্তব্য; কি বা আমার বাচ্য, আর কিই বা অবাচ্য; কি ধর্ম্ম, কিই বা অধর্ম্ম; কি ভাবেই বা কোন্ পন্থা

পাঠান্তর :—(ক) কণ্টকৈরিব—। (খ) স্তন্য-পানাদিকাহারমপ্যাপ্নোতি—। (গ) —কিঞ্চ নোচ্যতে।
(ঘ) কো ধর্ম্মঃ কশ্চ বাধর্ম্মঃ কস্মিন্ বর্ত্তেথ বা কথম্।

এবং পশুসমৈর্মূঢ়ৈরজ্ঞানপ্রভবং মহৎ।
অবাপ্যতে নরৈর্দুঃখং শিশ্নোদরপরায়ণৈঃ ॥২৪
অজ্ঞানং তামসো ভাবঃ কার্য্যারম্ভাঃ প্রবৃত্তয়ঃ।
অজ্ঞানিনাং প্রবর্ত্তন্তে কর্ম্মলোপাস্ততো দ্বিজ ॥২৫
নরকং কর্ম্মণাং লোপাৎ ফলমাহুর্মহর্ষয়ঃ (ক)।
তস্মাদজ্ঞানিনাং দুঃখমিহ চামুত্র চোত্তমম্ ॥২৬
জরাজর্জ্জরদেহশ্চ শিথিলাবয়বঃ ক্রমাৎ।
বিগলচ্ছীর্ণদশনো বলীস্নায়ুশিরাবৃতঃ ॥২৭
দূরপ্রনষ্টনয়নো ব্যোমান্তর্গততারকঃ।
নাসাবিবরনির্য্যাত-লোমপুঞ্জশ্চলবপুঃ ॥২৮
প্রকটীকৃতসর্ব্বাস্থিনতপৃষ্ঠাস্থিসংহতিঃ।
উৎসন্নজঠরাগ্নিস্থাদম্লাহারোঽল্পচেষ্টিতঃ ॥২৯
কৃচ্ছ্রচঙ্ক্রমণোত্থান-শয়নাসনচেষ্টিতঃ।
মন্দীভবদ্ভ্রোত্রনেত্রঃ স্রবল্লালাবিলাননঃ ॥৩০
অনায়ত্তৈঃ সমস্তৈশ্চ করণৈর্মরণোন্মুখঃ।
তৎক্ষণেঽপ্যনুভূতানামস্মর্ত্তাখিলবস্তুনাম্ ॥৩১
সকৃদুচ্চারিতে বাক্যে সমুদ্ভূতমহাশ্রমঃ।
শ্বাস-কাসসমুদ্ভূতমহায়াসপ্রজাগরঃ ॥৩২
অন্যোন্যোত্থাপ্যতেঽন্যেন তথা সংবেশ্যতে ভৃশম্।
ভৃত্যাত্মপুত্রদারাণামবমানাস্পদীকৃতঃ ॥৩৩
প্রক্ষীণাখিলশৌচশ্চ বিহারাহারলম্পৃহঃ।
হাস্যঃ পরিজনস্যাপি নির্ব্বিণ্ণাশেষবান্ধবঃ ॥৩৪
অনুভূতমিবাত্মিন্ জন্মন্যাত্মবিচেষ্টিতম্।
সংস্মরন্ যৌবনে দীর্ঘং নিঃশ্বসত্যভিতাপিতঃ ॥৩৫

অবলম্বন করিব এবং কোন্ কার্য্যে দোষ বা কোন্ কার্য্যে গুণ" এবংবিধ বহুবিধ ভাবনায় কেবল শিশ্নোদরপরায়ণ হইয়া পশুর সমান মূঢ় ব্যক্তিগণ অজ্ঞানজনিত নানাবিধ দুঃখ ভোগ করিয়া থাকে।২২-২৪

হে দ্বিজ! অজ্ঞান তমোগুণের (জড়তার) স্বভাব, কিন্তু প্রবৃত্তিসমূহই কার্য্যের আরম্ভক; সুতরাং অজ্ঞান ব্যক্তিদিগের (জড়তার আধিক্যে প্রবৃত্তির অভাববশতঃ) ক্রমশঃ কর্ম্মলোপ প্রবর্ত্তিত হইয়া থাকে।২৫

কর্ম্মলোপবশতঃ নরক প্রাপ্তি হয়, ইহাই মহর্ষিগণ বলিয়াছেন। কাজেই অজ্ঞান ব্যক্তিরা ইহকাল এবং পরকালে কেবল দুঃখই ভোগ করিয়া থাকে।২৬

ক্রমে জীব জরাকর্ত্তৃক জর্জ্জরিত অর্থাৎ বৃদ্ধ হইলে তাহার অবয়ব সকল শিথিল, দন্তসকল পুরাণ হইয়া যাওয়ায় বিগলিত, মাংসসমূহ লোল এবং স্নায়ু ও শিরা দ্বারা আবৃত হয়। বৃদ্ধদিগের চক্ষুর তারা কোটরমধ্যে প্রবিষ্ট হওয়ায় দৃষ্টিশক্তি নষ্ট হইয়া যায়, নাসিকাবিবর হইতে লোমসমূহ বাহিরে আসিয়া পড়ে এবং দেহ সর্ব্বদা কাঁপিতে থাকে।২৭-২৮

দেহের যাবতীয় অস্থি প্রায় প্রকাশ পায় এবং দেহ ক্রমশঃ কুব্জ হইয়া আসে। সেই সময় জঠরের অগ্নি প্রায় নির্ব্বাণ হইয়া যায়; সুতরাং আহার কমিয়া আসে এবং শরীরের চেষ্টাসকলও ক্রমশঃ কমিয়া যায়।২৯

তখন অন্ধপ্রায় সেই জীব অতি কষ্টে ভ্রমণ, উত্থান, শয়ন ও উপবেশন করিতেও সমর্থ হয় না এবং তাহার মুখ হইতে অনবরত লালা নিঃসৃত হয়।৩০

ইন্দ্রিয়গণ আর তাহার আয়ত্তে না থাকায়, সেই সময়ে সে সর্ব্বপ্রকারেই মৃত্যুতে উন্মুখ হয় এবং সদ্য অনুভূত পদার্থও আর লক্ষই স্মরণ করিতে পারে না।৩১

একটী মাত্র কথা বলিয়াই অত্যন্ত পরিশ্রান্ত হইয়া পড়ে এবং শ্বাস ও কাসের জ্বালায় নিদ্রাসুখ হইতে একপ্রকার বঞ্চিত হয়।৩২

অন্য কেহ ধরিলে তবে উঠিতে বা বসিতে পারে এবং ভৃত্য, পুত্র, স্ত্রী প্রভৃতি সকলেরই অবমাননার পাত্র হয়।৩৩

তখন সে সমস্ত শৌচক্রিয়ারহিত হয়; কেবল বিহারে ও আহারে সস্পৃহ হইয়া পরিজনগণেরও হাস্যের কারণ হয় এবং সমস্ত স্বজনকেই ক্লেশ প্রদান করে।৩৪

যৌবন-আচরিত বিষয়সকল জন্মান্তর-বিচেষ্টিতের ন্যায় স্মরণ করিয়া নিতান্ত দুঃখে দীর্ঘনিঃশ্বাস সকল পরিত্যাগ করে।৩৫

পাঠান্তর :—(ক) —ফলমাহুর্মনীষিণঃ।

এবমাদীনি দুঃখানি ভর্ত্রায়মনুভূয় বৈ।
মরণে যানি দুঃখানি প্রাপ্নোতি শৃণু তান্যপি ॥৩৬
শ্লথগ্রীবাঙ্ঘ্রিহস্তোঽথ (ক) ব্যাপ্তো বেপথুনা ভৃশম্।
মুহুর্ন্নিপতিতশ্চো মুহুর্জ্জাতবাঞ্ছিতঃ ॥৩৭
হিরণ্যধান্যতনয়-ভার্য্যাভৃত্যগৃহাদিষু।
এতে কথং ভবিষ্যন্তি মমেতি মমতাকুলঃ ॥৩৮
মর্ম্মভিদ্ভির্মহারোগৈঃ ক্রকচৈরিব দারুণৈঃ।
শরৈরিবান্তকস্যোগ্রৈশ্ছিদ্যমানাস্থিবন্ধনঃ (খ) ॥৩৯
বিবর্ত্তমানতারাক্ষি (গ) হস্তপাদং মুহুঃ ক্ষিপন্।
সংস্তভ্যমানতালোষ্ঠকণ্ঠো ঘুরঘুরায়তে ॥৪০
নিরুদ্ধকণ্ঠো দোষৌঘৈরুল্লানশ্বাসপীড়িতঃ।
তাপেন মহতা ব্যাপ্তস্তৃষা চার্ত্তস্তথা ক্ষুধা ॥৪১
ক্লেশাদুৎক্রান্তিমাপ্নোতি যাম্যকিঙ্করপীড়িতঃ (ঘ)।
ততশ্চ যাতনাদেহং ক্লেশেন প্রতিপদ্যতে ॥৪২

এতান্যন্যানি চোগ্রাণি দুঃখানি মরণে নৃণাম্।
শৃণুষ্ব নরকে যানি প্রাপ্যন্তে পুরুষৈর্মৃতৈঃ ॥৪৩
যাম্যকিঙ্করপাশাদিগ্রহণং দণ্ডতাড়নম্।
যমস্য দর্শনক্লোগ্রদুর্নিরীক্ষ্যবিলোকনম্ ॥৪৪
করম্ভবালুকা-বহ্নি-যন্ত্র-শস্ত্রাদিভীষণে।
প্রত্যেকং নরকে যাশ্চ যাতনা দ্বিজ দুঃসহাঃ ॥৪৫
ক্রকচৈঃ পীড্যমানানাং মুদ্গরাঞ্চাপি লঙ্ঘতান্ (ঙ)।
কুঠারৈঃ কৃত্যমানানাং ভূমৌ চাপি নিখন্যতাম্ ॥৪৬
শূলেষ্বারোপ্যমাণানাং ব্যাঘ্রবক্ত্রে প্রবিশ্যতাম্ (চ)।
গৃধ্রৈঃ সম্ভক্ষ্যমাণানাং শ্বাপিভিশ্চোপভুজ্যতাম্ ॥৪৭
কাথ্যতাং তৈলমধ্যে চ ক্লিশ্যতাং ক্ষারকর্দ্দমৈঃ (ছ)।
উল্কাগ্নিপাত্যমানানাং ক্ষিপ্যতাং ক্ষেপণীস্ত্রকৈঃ ॥৪৮
নরকে যানি দুঃখানি পাপহেতূদ্ভবানি বৈ।
প্রাপ্যন্তে নারকৈর্বিপ্র তেষাং সংখ্যা ন বিদ্যতে ॥৪৯

বৃক্ষাবস্থায় এই সমস্ত দুঃখভোগ করিয়া মৃত্যুকালে যে সকল ক্লেশ পায়, তাহাও শ্রবণ কর ।৩৬

তখন গ্রীবা, পদ ও হস্ত ভাঙ্গিয়া যায়, শরীর অত্যন্ত কাঁপিতে থাকে, বারংবার মূর্চ্ছিত হয় এবং ক্ষণে ক্ষণে অল্প অল্প জ্ঞানের সঞ্চার থাকে ।৩৭

সেই সময় আমার 'আমার এই ঐশ্বর্য্য, ধান্য, পুত্র, ভার্য্যা, ভৃত্য, গৃহ প্রভৃতি আমার অভাবে কি প্রকারে থাকিবে', এই প্রকার মমতায় আকুল হয়। নিদারুণ করাতসদৃশ মর্ম্মভেদী মহারোগরূপ যমের ভয়ঙ্কর শরসমূহ দ্বারা দেহের অস্থি বন্ধনসকল বিচ্ছিন্ন হইতে থাকে ।৩৮-৩৯

তখন নেত্রদ্বয় ঘুরিতে থাকে, তালু, কণ্ঠ, ওষ্ঠ শুষ্ক হইয়া যায়। শ্লেষ্মায় কণ্ঠ রুদ্ধিয়া যাওয়াতে 'ঘুর ঘুর' শব্দ হইতে থাকে। তখন জীব যাতনায় কেবল বারংবার হাত পা ছুড়িতে থাকে ।৪০

দোষসমূহে কণ্ঠ রুদ্ধ হইলে, ঊর্দ্ধশ্বাস দ্বারা নিতান্ত পীড়িত হইয়া পড়ে এবং সে তখন মহাতাপে ব্যাপ্ত হইয়া ক্ষুধা ও তৃষ্ণার যাতনায় নিতান্ত ক্লেশ পাইতে থাকে ।৪১

তারপর যমকিঙ্করগণের প্রবল পীড়নে সে ক্লেশ হইতে অতিকষ্টে নিস্তার পাইয়া নরকভোগের নিমিত্ত যাতনাদেহ প্রাপ্ত হয় ।৪২

মরণকালে প্রাণিগণের এই সমস্ত এবং অন্যান্য অনেক প্রকার মহাদুঃখ উৎপন্ন হইয়া থাকে ; মৃত্যুর পরে তাহারা নরকে যে সমস্ত দুঃখ প্রাপ্ত হয়, তাহা শ্রবণ কর ।৪৩

প্রথমতঃ যমকিঙ্করেরা পাশ দ্বারা বন্ধন পূর্ব্বক দণ্ড দ্বারা তাড়ন করে, তৎপরে দুর্দর্শনীয় যমের দর্শন এবং নানাবিধ ভয়ঙ্কর মার্গসকল অবলোকন করিতে হয় ।৪৪

হে দ্বিজ! তপ্তবালুকা, অগ্নি, যন্ত্র ও শস্ত্রাদি দ্বারা অতিশয় ভীষণ নরকমধ্যে বিবিধ দুঃসহ যাতনা ভোগ করিতে হয় ।৪৫

কাহাকে করাতের দ্বারা বিদারিত করা হয়, কাহাকে জ্বলন্ত মুদ্গরমধ্যে দগ্ধ হইতে, কাহাকে কুঠার দ্বারা ছেদন করা এবং কাহাকেও মাটিতে পুঁতিয়া রাখা হয় ।৪৬

কাহাকে শূলের উপর আরোপিত, কাহাকে ব্যাঘ্রের মুখমধ্যে প্রবিষ্ট, কাহাকেও গৃধ্রসমূহ কর্ত্তৃক ভক্ষিত এবং

পাঠান্তর :—(ক) শ্লথগ্রীবাঙ্ঘ্রিহস্তোঽথ—। (খ) —শ্ছিদ্যমানাস্থিবন্ধনঃ। (গ) পরিবর্ত্তিততারাক্ষো—।
(ঘ) —যমকিঙ্করপীড়িতঃ। (ঙ) —পাট্যমানানাং মুদ্গরাং চাপি লঙ্ঘতাম্। (চ) —গ্রাসেষ্বতাম্। (ছ) —ক্লিশ্যতাং ক্ষারকর্দ্দমৈঃ।

ন কেবলং দ্বিজশ্রেষ্ঠ নরকে দুঃখসঙ্গতিঃ।
স্বর্গেঽপি পাতভীতস্য ক্ষয়িষ্ণোর্নাস্তি নির্বৃতিঃ ॥৫০
পুনশ্চ গর্ভে ভবতি জায়তে চ পুনঃ পুনঃ।
গর্ভে বিলীয়তে ভূয়ো জায়মানোঽস্তমেতি চ ॥৫১
ম্রিয়তে জাতমাত্রশ্চ বালভাবেঽথ যৌবনে।
মধ্যমং বা বয়ঃ প্রাপ্য বার্দ্ধকে বা ধ্রুবা মৃতিঃ (ক) ॥৫২
যাবজ্জীবতি তাবচ্চ দুঃখৈর্নানাবিধৈঃ প্লুতঃ।
তন্তুকারণপক্ষ্মৌঘৈরাততে কার্পাসবীজবৎ ॥৫৩
দ্রব্যনাশে তথোৎপত্তৌ পালনে চ তথা নৃণাম্।
ভবন্ত্যনেকদুঃখানি তথৈবেষ্টবিপত্তিষু ॥৫৪
যদ্ যৎ প্রীতিকরং পুংসাং বস্তু মৈত্রেয় জায়তে।
তদেব দুঃখবৃক্ষস্য বীজত্বমুপগচ্ছতি ॥৫৫
কলত্র-পুত্র-ভৃত্যাদি (খ) গৃহ-ক্ষেত্র-ধনাদিকৈঃ।
ক্রিয়তে ন তথা ভূরি সুখং পুংসাং যথাসুখম্ ॥৫৬
ইতি সংসারদুঃখার্ক-তাপতাপিতচেতসাম্।
বিমুক্তিপাদপচ্ছায়ামৃতে কুত্র সুখং নৃণাম্ ॥৫৭
তদস্য ত্রিবিধস্যাপি দুঃখজাতস্য পণ্ডিতৈঃ (গ)।
গর্ভজন্মজরাদ্যেষু স্থানেষু প্রভবিষ্যতঃ ॥৫৮
নিরন্তাতিশয়াহ্লাদসুখভাবৈকলক্ষণা।
ভৈষজ্যং (ঘ) ভগবৎপ্রাপ্তিরেকান্তাত্যন্তিকী মতা ॥৫৯
তস্মাৎ তৎপ্রাপ্তয়ে যত্নঃ কর্ত্তব্যঃ পণ্ডিতৈর্নরৈঃ।
তৎপ্রাপ্তিহেতুর্জ্ঞানঞ্চ কর্ম্ম চোক্তং মহামুনে ॥৬০
আগমোত্থং বিবেকোত্থং দ্বিধা জ্ঞানং তথোচ্যতে (ঙ)।
শব্দব্রহ্মাগমময়ং পরং ব্রহ্ম বিবেকজম্ ॥৬১

কাহাকেও বা হস্তিগণের পদতলে নিপীড়িত হইতে হয় ।৪৭

কেহ তপ্ত তৈল মধ্যে নিক্ষিপ্ত, ক্ষার ও কর্দ্দম দ্বারা ক্লিষ্ট, উচ্চ হইতে নীচে পাতিত এবং কেহ বা ক্ষেপযন্ত্র দ্বারা ঘুরে নিক্ষিপ্ত হয় ।৪৮

নিজ নিজ পাপের ফলে মনুষ্যগণ নরকে বহু দুঃখ ভোগ করে। নারকিগণ নরকে যে সমস্ত যাতনা প্রাপ্ত হইয়া থাকে, তাহা গণনা করিতে পারা যায় না ।৪৯

হে দ্বিজশ্রেষ্ঠ! কেবল নরকেই যে দুঃখ আছে, তাহা নহে, স্বর্গেতেও পতনভয়ে ভীত স্বর্গবাসিগণও ক্ষয়ের আশঙ্কায় সুখে কালযাপন করিতে পারেন না ।৫০

তৎপরে (নরক কিংবা স্বর্গভোগের পর) পুনরায় জীব গর্ভমধ্যে প্রবেশ করিয়া জন্মগ্রহণ করে এবং পুনরায় সেইভাবে মৃত্যুগ্রাসে নিপতিত হইয়া থাকে ।৫১

কেহ বা জন্মগ্রহণ করিয়াই, কেহ বা বাল্যকালে, কেহ বা যৌবনে, কেহ বা প্রৌঢ় বয়সে ও কেহ বা বৃদ্ধ হইয়া নিশ্চয়ই মৃত্যুমুখে নিপতিত হয় ।৫২

যেমন কার্পাসতুলাসমূহ দ্বারা কার্পাসবীজ ব্যাপ্ত থাকে, তদ্রূপ জীব যাবজ্জীবনই নানাবিধ দুঃখ দ্বারা ব্যাপ্ত থাকে ।৫৩

অর্থের নাশে, অর্জ্জনে ও পালনে এবং ইষ্টের বিপত্তিতেও অর্থাৎ প্রিয় ব্যক্তির অদর্শনে মনুষ্যগণের নানাপ্রকার দুঃখ উৎপন্ন হইয়া থাকে ।৫৪

হে মৈত্রেয়! যে যে পদার্থ মনুষ্যের প্রীতিকর বোধ হয়, তৎসমস্তই পরিণামে দুঃখরূপবৃক্ষের কারণ হইয়া উঠে ।৫৫

স্ত্রী, পুত্র, ভৃত্য, গৃহ, ক্ষেত্র এবং ধনাদি দ্বারা মনুষ্যের যত পরিমাণে ক্লেশ উৎপন্ন হয়, তদপেক্ষা সুখের ভাগ অতি অল্পই থাকে ।৫৬

এই সমস্ত সংসারদুঃখরূপ সূর্য্যতাপে তাপিতচিত্ত মানবগণের মুক্তি-বৃক্ষচ্ছায়া ব্যতীত আর কুত্রাপি সুখ হয় না ।৫৭

সেইজন্য আমার মতে গর্ভ, জন্ম ও জরা আদি অবস্থাতে আধ্যাত্মিকাদি ত্রিবিধ দুঃখসমূহের একমাত্র সনাতন ঔষধ—ভগবৎপ্রাপ্তিই,—যাহার একমাত্র লক্ষণ নিরতিশয় আনন্দরূপ সুখলাভ ।৫৮-৫৯

পণ্ডিত ব্যক্তিগণ সর্ব্বদা ভগবৎপ্রাপ্তির নিমিত্ত যত্ন

পাঠান্তর :—(ক) —বার্দ্ধকে বাথ বা মৃতিঃ। (খ) কলত্র-পুত্র-দ্বিত্রার্থ—। (গ) —বৈ যম।
(ঘ) ভেষজং—। (ঙ) —বিবেকাচ্চ দ্বিধা জ্ঞানং তদুচ্যতে।

অন্ধং তম ইবাজ্ঞানং দীপবচ্ছেন্দ্রিয়োদ্ভবম্ ।
যথা সূর্য্যস্তথা জ্ঞানং যদ্ বিপ্রর্ষে বিবেকজম্ ॥৬২
মনুরপ্যাহ বেদার্থং স্মৃত্বা যন্মুনিসত্তম ।
তদেতচ্ছ্রূয়তামত্র সম্বন্ধে গদতো মম ॥৬৩
দ্বে ব্রহ্মণী বেদিতব্যে শব্দব্রহ্ম পরঞ্চ যৎ ।
শব্দব্রহ্মণি নিষ্ণাতঃ পরং ব্রহ্মাধিগচ্ছতি ॥৬৪
দ্বে বিদ্যে বেদিতব্যে বৈ ইতি চাথর্ব্বণী শ্রুতিঃ ।
পরয়া ত্বক্ষরপ্রাপ্তির্ঋগ্বেদাদিময়াপরা ॥৬৫
যত্তদব্যক্তমজরমচিন্ত্যমজমব্যয়ম্ ।
অনির্দ্দেশ্যমরূপঞ্চ পাণিপাদাদ্যসংযুতম্ ॥৬৬
বিভুং সর্ব্বগতং নিত্যং ভূতযোনিমকারণম্ ।
ব্যাপ্যব্যাপ্যং যতঃ সর্ব্বং তদ্ বৈ পশ্যন্তি সূরয়ঃ ॥৬৭
তদ্ব্রহ্ম পরমং ধাম তদ্ ধ্যেয়ং মোক্ষকাঙ্ক্ষিভিঃ ।
শ্রুতিবাক্যোদিতং সূক্ষ্মং তদ্বিষ্ণোঃ পরমং পদম্ ॥৬৮
তদেব ভগবদ্বাচ্যং স্বরূপং পরমাত্মনঃ ।
বাচকো ভগবচ্ছব্দস্তস্যাপ্যাক্ষয়াত্মনঃ ॥৬৯
এবং নিগদিতার্থস্য তত্ত্বতঃ তস্য তত্ত্বতঃ ।
জায়তে যেন তজ্জ্ঞানং পরমন্তদ্ব্রবীমি তে ॥৭০
অশব্দগোচরস্যাপি তস্য বৈ ব্রহ্মণো দ্বিজ ।
পূজায়াং ভগবচ্ছব্দঃ ক্রিয়তে হ্যৌপচারিকঃ (ক) ॥৭১
শুদ্ধে মহাবিভূত্যাখ্যে পরে ব্রহ্মণি বর্ত্ততে (খ) ।
মৈত্রেয় ভগবচ্ছব্দঃ সর্ব্বকারণকারণে ॥৭২
সম্ভর্ত্তেতি তথা ভর্ত্তা ভকারোঽপ্যর্থদ্বয়ান্বিতঃ ।
নেতা গময়িতা স্রষ্টা গকারার্থস্তথামুনে ॥৭৩

করিবেন। হে মহামুনে! কর্ম্ম এবং জ্ঞান উভয়ই সেই ভগবৎপ্রাপ্তির হেতু ।৬০

জ্ঞান দুই প্রকার; এক আগম (শাস্ত্রজন্য)ও দ্বিতীয় বিবেক হইতে উৎপন্ন জ্ঞান। আগম দ্বারা শব্দব্রহ্ম এবং বিবেক দ্বারা পরমব্রহ্মকে জানা যায় ।৬১

হে বিপ্রর্ষে! অজ্ঞান ঘোর অন্ধকারের ন্যায়। উহাকে নষ্ট করিতে ইন্দ্রিয়োদ্ভবঞ্চ অর্থাৎ শাস্ত্রজন্য জ্ঞান দীপতুল্য, আর বিবেকোৎপন্ন জ্ঞান সূর্য্যতুল্য। (প্রদীপ যেমন অন্ধকারকে নষ্ট করিতে সমর্থ হয়, সেইরূপ আগম দ্বারা শব্দময় ব্রহ্মকে জানিলে অজ্ঞান কতক পরিমাণে ধ্বংস হয়, কিন্তু বিবেক দ্বারা পরম ব্রহ্মকে জানিতে পারিলে সমস্ত অজ্ঞান কাটিয়া যায়; যেমন সূর্য্য প্রকাশিত হইলে সমস্ত অন্ধকার ধ্বংস হইয়া থাকে) ।৬২

এই বিষয় সম্বন্ধে মনু বেদের তাৎপর্য্য স্মরণ করিয়া যাহা বলিয়াছেন, তাহাও তোমাকে কহিতেছি, শ্রবণ কর। ব্রহ্ম দুই প্রকার জানিবে; প্রথম শব্দময় ও দ্বিতীয় পরম। প্রথম শব্দব্রহ্মকে জানিলে, তবে পরমব্রহ্মকে জানিতে পারে। বিদ্যা দুই প্রকার; কর্ম্ম ও জ্ঞানরূপ; ইহাই আথর্ব্বণী-শ্রুতিতে উক্ত হইয়াছে। পরাবিদ্যা দ্বারা অক্ষরব্রহ্ম-প্রাপ্তি হইয়া থাকে। ঋগ্বেদাদিময়ী বিদ্যাই পরা ।৬৩-৬৫

যিনি অব্যক্ত, অজর, অচিন্ত্য, নিত্য, অব্যয়, অনির্দ্দেশ্য, অরূপ, হস্তপদাদিবিবর্জ্জিত, বিভু, সর্ব্বগত, ভূতসমূহের উৎপত্তি বীজ অথচ অকারণ, ব্যাপ্য ও ব্যাপক প্রভৃতি সর্ব্বরূপেই বিরাজমান, মুনিগণ তাঁহাকেই জ্ঞানচক্ষু দ্বারা দর্শন করিয়া থাকেন ।৬৬-৬৭

তিনিই ব্রহ্ম, তিনিই পরম ধাম। মোক্ষাভিলাষি-ব্যক্তিগণ তাঁহাকেই ধ্যান করিয়া থাকেন। তিনিই বেদে অতি সূক্ষ্ম ও বিষ্ণুর পরমপদ বলিয়া কথিত হইয়াছেন ।৬৮

পরমাত্মার সেই মূর্ত্তিই ভগবৎশব্দের বাচ্য এবং ভগবৎশব্দই সেই আদি ও অক্ষর পরমাত্মার বাচক ।৬৯

এইরূপ যথার্থ স্বরূপের তত্ত্ব যাঁহারা অবগত আছেন, সেই মুনিগণের যে জ্ঞান উৎপন্ন হয়, তাহাই পরম এবং তাহা বেদময় ।৭০

হে দ্বিজ! সেই পরমব্রহ্ম শব্দের অগোচর হইলেও তাঁহার পূজার জন্য তাঁহাকে ভগবৎশব্দ দ্বারা কীর্ত্তন করা যায় ।৭১

হে মৈত্রেয়! বিশুদ্ধ এবং সর্ব্বকারণের কারণ, মহাবিভূতিশালী সেই পরমব্রহ্মেই ভগবৎশব্দ প্রযুক্ত হইয়া থাকে ।৭২

* শ্রবণেন্দ্রিয় দ্বারা শাস্ত্রের গ্রহণ হয়, এইজন্য শাস্ত্রজন্য জ্ঞানকে 'ইন্দ্রিয়োদ্ভব' বলা হয়।

পাঠান্তর :—(ক) —ক্রিয়তে হ্যুপচারতঃ। (খ) —শব্দাতে।

ঐশ্বর্য্যস্য সমগ্রস্য ধর্ম্মস্য যশসঃ শ্রিয়ঃ।
জ্ঞান-বৈরাগ্যয়োশ্চৈব ষণ্ণাং ভগ ইতীঙ্গনা(ক) ॥৭৪
বসন্তি যত্র ভূতানি ভূতাত্মন্যখিলাত্মনি।
সর্ব্বভূতেষ্বশেষেষু (খ)বকারার্থস্ততোঽব্যয়ঃ ॥৭৫
এবমেষ মহাশব্দো ভগবানিতি সত্তম।
পরমব্রহ্মভূতস্য বাসুদেবস্য নান্যতঃ(গ) ॥৭৬
তত্র পূজ্যপদার্থোক্তি-পরিভাষাসমন্বিতঃ।
শব্দোঽয়ং নোপচারেণ অন্যত্র হ্যুপচারতঃ ॥৭৭
উৎপত্তিং প্রলয়ঞ্চৈব ভূতানামাগতিং গতিম্।
বেত্তি বিদ্যামবিদ্যাঞ্চ স বাচ্যো ভগবানিতি ॥৭৮
জ্ঞান-শক্তি-বলৈশ্বর্য্য-বীর্য্যতেজাংস্যশেষতঃ।
ভগবচ্ছব্দবাচ্যানি বিনা হেয়ৈর্গুণাদিভিঃ ॥৭৯

সর্ব্বাণি তত্র ভূতানি বসন্তি পরমাত্মনি।
ভূতেষু চ সর্ব্বাত্মা বাসুদেবস্ততঃ স্মৃতঃ ॥৮০
খাণ্ডিক্যজনকাদ্যাহ পৃষ্টঃ কেশিধ্বজঃ পুরা।
নামব্যাখ্যামনন্তস্য বাসুদেবস্য তত্ত্বতঃ ॥৮১
ভূতেষু বসতে সোঽন্তর্বসন্ত্যত্র চ তানি যৎ।
ধাতা বিধাতা জগতাং বাসুদেবস্ততঃ প্রভুঃ ॥৮২
স সর্ব্বভূতপ্রকৃতিং বিকারান্
গুণাংশ্চ দোষাংশ্চ (ঘ)মুনে ব্যতীতঃ।
অতীতসর্ব্বাবরণোঽখিলাত্মা
তেনাস্তৃতং যদ্ভুবনান্তরালে ॥৮৩
সমস্তকল্যাণগুণাত্মকো হি
স্বশক্তিলেশাবৃতভূতবর্গঃ।

হে মুনে! ভগবৎ শব্দের ভকারের দুইটি অর্থ, প্রথম তিনিই সকলের ভরণকর্ত্তা ও সমস্তের আধার এবং গকারের অর্থ গমনিতা (অর্থাৎ সমস্ত কর্ম্ম ও জ্ঞানের ফলের প্রাপক) ও স্রষ্টা—এই দুই প্রকার ।৭৩

সমগ্র ঐশ্বর্য্য, ধর্ম্ম, যশ, শ্রী, জ্ঞান ও বৈরাগ্য এই ছয়টীর নাম ভগ ।৭৪

অখিলের আত্মভূত সেই পরমাত্মায় ভূতগণ অবস্থান করিতেছে। সমস্ত ভূতসমূহে বাস—বকার দ্বারা এই অর্থ লাভ হইয়া থাকে, সেইহেতু তাঁহাকে বলা হয়—অব্যয় ।৭৫

হে সাধুশ্রেষ্ঠ! এবংবিধ অর্থসম্পন্ন 'ভগবৎ' এই মহান্ শব্দ পরমব্রহ্মস্বরূপ সেই বাসুদেব ব্যতিরিক্ত অন্য কুত্রাপি প্রযুক্ত হয় না ।৭৬

পূজ্যপদার্থসূচক লক্ষণযুক্ত এই ভগবান্ শব্দের কেবল পরমাত্মাতেই মুখ্যরূপে প্রয়োগ হয়, অন্যত্র গৌণরূপে ।৭৭

কারণ, ভূতসমূহের উৎপত্তি ও নাশ, আসা-যাওয়া ত্যাগ করিবার যোগ্য (ত্রিবিধ) গুণ (এবং তাহার ক্লেশ) আদি ছাড়া এবং বিদ্যা ও অবিদ্যাকে জানেন, তিনিই 'ভগবান্' শব্দদ্বারা অভিহিত হইবার যোগ্য ।৭৮

জ্ঞান, শক্তি, বল, ঐশ্বর্য্য, বীর্য্য ও তেজ প্রভৃতি সদ্‌গুণসমূহই ভগবৎ শব্দ দ্বারা উল্লিখিত হয় ।৭৯

সমস্ত ভূতগণ, সেই পরমাত্মাতে বাস করিতেছে এবং সকলের আত্মস্বরূপ সেই বাসুদেব সমস্ত ভূতেই বাস করিতেছেন ।৮০

পুরাকালে কেশিধ্বজ খাণ্ডিক্যজনক কর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া তাঁহাকে ভগবান্ অনন্তের 'বাসুদেব' নামের যথার্থ অর্থ এইরূপ কহিয়াছিলেন ।৮১

যেহেতু সমস্ত ভূতগণ তাঁহাতে বাস করিতেছে এবং তিনি সমস্ত ভূতেই ব্যাপিয়া রহিয়াছেন এবং জগতের ধাতা ও বিধাতারূপে অবস্থান করিতেছেন, সেই নিমিত্তই সেই প্রভুর নাম বাসুদেব ।৮২

হে মুনে! সেই পরমাত্মা স্বয়ং সমস্ত আবরণ হইতে মুক্ত এবং অখিলের আত্মারূপে সর্ব্বভূতের প্রকৃতি, বিকার, গুণ ও দোষসমূহ হইতে বিলক্ষণ; তিনি পৃথিবী এবং আকাশের মধ্যভাগে যাহা কিছু আছে, তাহা সমস্তই ব্যাপিয়া রহিয়াছেন ।৮৩

সমস্ত কল্যাণ-গুণের স্বরূপ সেই পরমাত্মা স্বীয় শক্তির কণামাত্র দ্বারা ভূতবর্গকে আবৃত করিয়া আপন ইচ্ছায়

পাঠান্তর :—(ক)— ইতীরণা। (খ) স চ ভূতেষশেষেষু—। (গ) —নান্যতঃ। (ঘ) —গুণাদিদোষাংশ্চ—।

ইচ্ছাগৃহীতাভিমতোরুদেহঃ
সংসাধিতাশেষজগদ্ধিতোঽসৌ ॥৮৪

তেজোবলৈশ্বর্য্যমহাববোধঃ
স্ববীর্য্যশক্ত্যাদিগুণৈকরাশিঃ।
পরঃ পরাণাং সকলা ন যত্র
ক্লেশাদয়ঃ সন্তি পরাপরেশে (ক) ॥৮৫

স ঈশ্বরো ব্যষ্টিসমষ্টিরূপো
ব্যক্তস্বরূপোঽপ্রকটস্বরূপঃ।
সর্ব্বেশ্বরঃ সর্ব্বগঃ সর্ব্ববেত্তা (খ)
সমস্তশক্তিঃ পরমেশ্বরাখ্যঃ ॥৮৬

সংজ্ঞায়তে যেন তদস্তদোষং
শুদ্ধং পরং নির্ম্মলমেকরূপম্।
সংদৃশ্যতে বাপ্যধিগম্যতে বা (গ)
তজ্জ্ঞানমজ্ঞানমতোঽন্যদুক্তম্ ॥৮৭

ইতি বিষ্ণুপুরাণে ষষ্ঠাংশে পঞ্চমঃ অধ্যায়ঃ ॥

বহুবিধ শরীর পরিগ্রহ করত জগতের অশেষরূপে কল্যাণ সাধন করিতেছেন ৮৪

যিনি তেজ, বল, ঐশ্বর্য্য ও মহাবোধশালী এবং স্বীয় বীর্য্য ও শক্তি প্রভৃতির একমাত্র রাশি ও পরাৎপর, যে পরমেশ্বরে সকল ক্লেশ প্রভৃতি নাই ৮৫

ঐ ঈশ্বরই ব্যষ্টি ও সমষ্টিরূপ; তিনিই ব্যক্ত ও তিনিই অব্যক্তস্বরূপ; তিনিই সকলের প্রভু ও সর্ব্বত্রগামী; তিনিই সর্ব্বজ্ঞ ও সর্ব্বশক্তিমান্ এবং তাঁহারই নাম পরমেশ্বর ৮৬

যাহা দ্বারা নির্দ্দোষ, বিশুদ্ধ, নির্ম্মল ও একরূপ সেই পরমেশ্বরকে দেখিতে বা জানিতে পারা যায়, তাহারই নাম জ্ঞান এবং তাহাই পরা বিদ্যা নামে অভিহিত হইয়া থাকে। ইহার বিপরীত যে, তাহার নাম অজ্ঞান ও তাহাকেই অপরা বিদ্যা বলা যায় ৮৭

পাঠান্তর :—(ক) —পরাবরেশে। (খ) সর্ব্বেশ্বরঃ সর্ব্বদৃক্ সর্ব্ববিচ্চ, (গ) সম্বুদ্যতে বাপ্যবগম্যতে,

বিষ্ণুপুরাণের ষষ্ঠাংশে পঞ্চম অধ্যায় সমাপ্ত।

ষষ্ঠঃ অধ্যায়ঃ

[কেশিধ্বজ-খাণ্ডিক্যয়োর্বিবরণম্ ।]

পরাশর উবাচ ।

স্বাধ্যায়-সংযমাভ্যাং স দৃশ্যতে পুরুষোত্তমঃ ।
তৎপ্রাপ্তিকারণং ব্রহ্ম তদেতদিতি চোচ্যতে (ক) ॥১
স্বাধ্যায়াদ্ যোগমাসীত যোগাৎ স্বাধ্যায়মেব চ ।
স্বাধ্যায়-যোগসম্পত্ত্যা পরমাত্মা প্রকাশতে ॥২
তদীক্ষণায় স্বাধ্যায়শ্চক্ষুর্যোগস্তথাপরম্ ।
ন মাংসচক্ষুষা দ্রষ্টুং ব্রহ্মভূতঃ স শক্যতে ॥৩

মৈত্রেয় উবাচ ।

ভগবংস্তমহং যোগং জ্ঞাতুমিচ্ছামি তং বদ ।
জ্ঞাতে যত্রাখিলাধারং পশ্যেয়ং পরমেশ্বরম্ ॥৪

পরাশর উবাচ ।

যথা কেশিধ্বজঃ প্রাহ খাণ্ডিক্যায় মহাত্মনে ।
জনকায় পুরা যোগং তথাহং কথয়ামি তে (খ) ॥৫

মৈত্রেয় উবাচ ।

খাণ্ডিক্যঃ কোঽভবদ্ ব্রহ্মন্ কো বা
কেশিধ্বজোঽভবৎ(গ) ।
কথং তয়োশ্চ সংবাদো যোগসম্বন্ধবানভূৎ ॥৬

পরাশর উবাচ ।

ধর্ম্মধ্বজো বৈ জনকস্তস্য পুত্রো মিতধ্বজঃ (ঘ) ।
কৃতধ্বজশ্চ নাম্না স (ঙ) সদাধ্যাত্মরতির্নৃপঃ ॥৭
কৃতধ্বজস্য পুত্রোঽভূৎ খ্যাতঃ কেশিধ্বজো দ্বিজঃ ।
পুত্রো মিতধ্বজস্যাপি খাণ্ডিক্যো জনকোঽভবৎ ॥৮
কর্ম্মমার্গেঽতি (চ) খাণ্ডিক্যঃ পৃথিব্যামভবৎ কৃতী ।
কেশিধ্বজোঽপ্যতীবাসীদাত্মবিদ্যাবিশারদঃ ॥৯
তাবুভাবপি চৈবাস্তাং বিজিগীষূ পরস্পরম্ ।
কেশিধ্বজেন খাণ্ডিক্যঃ স্বরাষ্ট্রাদবরোপিতঃ ॥১০

ষষ্ঠ অধ্যায়

[কেশিধ্বজ ও খাণ্ডিক্যের বিবরণ ।]

পরাশর বলিলেন,—স্বাধ্যায় ও সংযম দ্বারা সেই পুরুষোত্তমকে দেখিতে পাওয়া যায়; এই উভয়ই ব্রহ্ম প্রাপ্তির কারণ বলিয়া ইহারাও ব্রহ্ম বলিয়া অভিহিত হইয়া থাকে ।১

স্বাধ্যায় হইতে যোগকে এবং যোগ হইতে স্বাধ্যায়কে অবলম্বন করিবে; স্বাধ্যায় ও যোগরূপ সম্পত্তি দ্বারা পরমাত্মা প্রকাশিত (জ্ঞানের বিষয়) হইয়া থাকেন ।২

ব্রহ্মস্বরূপ পরমাত্মাকে দর্শন করিবার জন্য স্বাধ্যায় ও যোগ উভয়ই চক্ষুঃস্বরূপ, এই চর্ম্মচক্ষু দ্বারা তাঁহাকে দেখিতে পাওয়া যায় না ।৩

মৈত্রেয় বলিলেন,—হে ভগবন্ ! যে যোগকে জানিতে পারিলে আমি পরমেশ্বরকে দেখিতে পাইব; সেই যোগ কি ? আমি তাহা জানিতে ইচ্ছা করিতেছি; আপনি বলুন ।৪

পরাশর বলিলেন,—পূর্ব্বে কেশিধ্বজ মহাত্মা খাণ্ডিক্যজনককে যোগের বিষয় যেরূপ কহিয়াছিলেন, আমি তোমাকে তাহাই বলিতেছি ।৫

মৈত্রেয় বলিলেন,—হে ব্রহ্মন্ ! খাণ্ডিক্য কে ও কেশিধ্বজই বা কে ছিলেন এবং কি প্রকারেই বা উভয়ের যোগসম্বন্ধে কথাবার্ত্তা হইয়াছিল ? (তাহা কৃপা করিয়া বলুন) ।৬

পরাশর বলিলেন,—পূর্ব্বকালে ধর্ম্মধ্বজ জনক নামে একজন নৃপতি ছিলেন; তাঁহার মিতধ্বজ ও কৃতধ্বজ

পাঠান্তর :—(ক)—পঠ্যতে । (খ) —তমহং কথয়ামি তে । (গ) —কেশিধ্বজঃ কৃতী (ঘ) —পুত্রোঽমিতধ্বজঃ ।
(ঙ) —কৃতধ্বজশ্চ নাম্নাসীৎ— । (চ) কর্ম্মমার্গে— ।

পুরোধসা মন্ত্রিভিশ্চ সমবেতোঽল্পসাধনঃ।
রাজ্যাদ্বিবাকৃতঃ সোঽথ দুর্গারণ্যচরোঽভবৎ ॥১১
ইয়াজ সোঽপি তবহূন্ যজ্ঞান্ জ্ঞানব্যপাশ্রয়ঃ।
ব্রহ্মবিদ্যামধিষ্ঠায় তর্ত্তুং মৃত্যুমবিস্তরা ॥১২
একদা বর্ত্তমানস্য যোগে যোগবিদাংবর (ক)।
ধর্ম্মধেনুং জঘানোগ্র-শার্দ্দূলো বিজনে বনে ॥১৩
ততো রাজা হতং জ্ঞাত্বা (খ) ধেনুং ব্যাঘ্রেণ ঋত্বিজঃ।
প্রায়শ্চিত্তং স পপ্রচ্ছ কিমত্রেতি বিধীয়তে ॥১৪
তে চোচুর্ন (গ) বয়ং বিদ্মঃ কশেরুঃ পৃচ্ছ্যতামিতি।
কশেরুরপি তেনোক্তস্তথৈব প্রাহ ভার্গবম্ ॥১৫
শুনকং পৃচ্ছ রাজেন্দ্র নাহং বেদ্মি স বেৎস্যতি
স গত্বা তমপৃচ্ছচ্চ সোঽপ্যাহ শৃণু গম্যতাম্ ॥১৬
ন কশেরুর্ন চৈবাহং ন চান্যঃ সাম্প্রতং ভুবি।
বেত্ত্যেক এব বঙ্ক্রক্রঃ খাণ্ডিক্যো যো জিতত্বয়া ॥১৭
স চাহং তং প্রয়াম্যেষ (ঘ) প্রষ্টুমাত্মরিপুং মুনে।
প্রাপ্ত এব ময়া যজ্ঞো (ঙ) যদি মাং স হনিষ্যতি ॥১৮
প্রায়শ্চিত্তমশেষেণ যদি পৃষ্টো বদিষ্যতি (চ)।
ততশ্চাবিকলো যাগো মুনিশ্রেষ্ঠ ভবিষ্যতি ॥১৯

পরাশর উবাচ।

ইত্যুক্ত্বা রথমারুহ্য কৃষ্ণাজিনধরো নৃপঃ।
বনং জগাম যত্রাস্তে খাণ্ডিক্যঃ স মহামতিঃ ॥২০
তমায়ান্তং সমালোক্য (ছ) খাণ্ডিক্যো রিপুমাত্মনঃ।
প্রোবাচ ক্রোধতাম্রাক্ষঃ সমারোপিতকার্ম্মুকঃ ॥২১

নামে দুই পুত্র ছিল। কৃতধ্বজ অতিশয় অধ্যাত্মশাস্ত্রে অনুরাগী ছিলেন।৭

হে দ্বিজ! কৃতধ্বজের পুত্র কেশিধ্বজ নামে বিখ্যাত হন এবং মিতধ্বজের পুত্র ছিলেন খাণ্ডিক্য-জনক।৮

পৃথিবীতে খাণ্ডিক্য কর্ম্মমার্গে অতিশয় নিপুণ হইয়াছিলেন আর কেশিধ্বজ অধ্যাত্মবিদ্যায় অতিশয় নিপুণ ছিলেন। এই উভয়েরই পরস্পরের প্রতি অতিশয় বিজিগীষা ছিল অর্থাৎ উভয়ে উভয়কে পরাজিত করিবার জন্য সচেষ্ট ছিলেন। কালে কেশিধ্বজ কর্ত্তৃক খাণ্ডিক্য স্ব রাজ্য হইতে ভ্রষ্ট হন।৯-১০

তিনি রাজ্যভ্রষ্ট হইয়া পুরোহিত ও মন্ত্রিগণের সহিত অল্পমাত্র পরিজন লইয়া রাজ্য হইতে দূরে দুর্গম অরণ্যে বাস করিয়াছিলেন।১১

কেশিধ্বজ নৃপতি জ্ঞাননিষ্ঠ হইয়াও অবিদ্যা (কর্ম) দ্বারা মৃত্যু হইতে নিস্তার পাইবার জন্য জ্ঞানদৃষ্টির সাহায্যে বহুতর যজ্ঞের অনুষ্ঠান করিয়াছিলেন।১২

হে যোগিশ্রেষ্ঠ! একদা বিজনবনে এক ভয়ঙ্কর ব্যাঘ্র যোগানুষ্ঠানে রত সেই রাজার ধর্ম্মধেনুকে অর্থাৎ যজ্ঞ সাধনের অঙ্গ হবির জন্য দুগ্ধদাত্রী গাভীকে হত্যা করিয়াছিল।১৩

তৎপরে রাজা ব্যাঘ্র কর্ত্তৃক ধেনু হত্যা হইয়াছে জানিতে পারিয়া "আপনারা এ বিষয়ে কি প্রায়শ্চিত্তের বিধান দেন" এই কথা পুরোহিতগণকে জিজ্ঞাসা করিয়াছিলেন।১৪

"আমরা জানি না, আপনি কশেরুকে জিজ্ঞাসা করুন" পুরোহিতগণ এই উত্তর প্রদান করিয়াছিলেন। কশেরুও জিজ্ঞাসিত হইয়া নৃপতিকে বলিয়াছিলেন যে, হে রাজেন্দ্র! আমি এ বিষয় জানি না, "আপনি ভার্গব শুনককে জিজ্ঞাসা করুন" তিনি জানিতে পারেন। তৎপরে নৃপতি শুনকের নিকট গমন করিয়া তাঁহাকে জিজ্ঞাসা করিয়াছিলেন; তাহাতে শুনক যাহা উত্তর করিয়াছিলেন, হে মুনে! তাহা শ্রবণ কর।১৫-১৬

হে রাজন্! কশেরু বা আমি অথবা অন্য কেহ সম্প্রতি পৃথিবীতে এ বিষয় জ্ঞাত নহি; যিনি তোমা কর্ত্তৃক পরাজিত হইয়াছেন, সেই তোমার শত্রু একমাত্র খাণ্ডিক্যই এ বিষয় বিশেষরূপে অবগত আছেন।১৭

তৎপরে কেশিধ্বজ বলিলেন,—হে মুনে! আমি প্রায়শ্চিত্ত জিজ্ঞাসা করিবার জন্য আমার শত্রুর নিকট গমন করিতেছি, যদি সে আমাকে হত্যা করে, তাহা হইলেও আমি যজ্ঞের ফল প্রাপ্ত হইব।

পাঠান্তর :—(ক) —যাগে যোগবিদাং বর। (খ) ততো রাজা হতাং শ্রুত্বা—। (গ) তেঽপ্যূচুর্ন—। (ঘ) স চাহং তং প্রযাম্যেষ—। (ঙ) প্রাপ্ত এব ময়াযজ্ঞো—। (চ) —স চেৎপৃষ্টো বদিষ্যতি। (ছ) তমাপতন্তমালোক্য—।

খাণ্ডিক্য উবাচ।

কৃষ্ণাজিনং ত্বং কবচমাবধ্যাস্মাভিরংস্যসি (ক)।
কৃষ্ণাজিনধরে বেৎসি ন ময়ি প্রহরিষ্যতি ॥২২

মৃগাণাং যত (খ) পৃষ্ঠেষু মূঢ় কৃষ্ণাজিনং ন কিম্।
যেষাং ত্বয়া ময়া চোগ্রাঃ প্রহিতাঃ শিতদায়কাঃ ॥২৩

স ত্বামহং হনিষ্যামি ন মে জীবন্ বিমোক্ষ্যসে।
আততায্যসি দুর্ব্বুদ্ধে মম রাষ্ট্রহরো রিপুঃ ॥২৪

কেশিধ্বজ উবাচ।

খাণ্ডিক্য সংশয়ং প্রষ্টুং ভবন্তমহমাগতঃ।
ন ত্বাং হন্তুং বিচার্য্যৈতৎ কোপং বাণঞ্চ মুঞ্চ চ(গ) ॥২৫

পরাশর উবাচ।

ততঃ স মন্ত্রিভিঃ সার্দ্ধমেকান্তে সপুরোহিতঃ।
মন্ত্রয়ামাস খাণ্ডিক্যঃ সর্ব্বৈরেব মহামতিঃ ॥২৬

তমুচুর্মন্ত্রিণো বধ্যো রিপুরেষ বশং গতঃ।
হতে তু (ঘ) পৃথিবী সর্ব্বা তব বশ্যা ভবিষ্যতি ॥২৭

খাণ্ডিক্যশ্চাহ তান্ সর্ব্বানেতদেবং ন সংশয়ঃ।
হতে তু (ঙ) পৃথিবী সর্ব্বা মম বশ্যা ভবিষ্যতি ॥২৮

পরলোকজয়স্তস্য পৃথিবী সকলা মম।
ন হন্মি চেল্লোকজয়ো মম তস্য বসুন্ধরা।
নাহং মন্যে লোকজয়াদধিকা স্যাদ্ বসুন্ধরা ॥২৯

পরলোকজয়োঽনন্তঃ স্বল্পকালো মহীজয়ঃ।
তস্মাদেনং ন হিংসিষ্যে(চ) যৎপৃচ্ছতি বদামি তৎ ॥৩০

পরাশর উবাচ।

ততস্তমভ্যুপেত্যাহ খাণ্ডিক্যজনকো রিপুম্।
প্রষ্টব্যং যত্ত্বয়া সর্ব্বং তৎ পৃচ্ছস্ব বদাম্যহম্ ॥৩১

অথবা যদি সে জিজ্ঞাসিত হইয়া আমাকে ইহার যথাশাস্ত্র প্রায়শ্চিত্তের বিষয় বলে, তাহা হইলেও নির্বিঘ্নে সম্পূর্ণরূপেই আমার যজ্ঞ সম্পন্ন হইবে।১৮-১৯

পরাশর বলিলেন,—এই কথা বলিয়া সেই নৃপতি কৃষ্ণবর্ণ মৃগচর্ম্ম ধারণপূর্ব্বক রথারোহণ করিয়া যেখানে মহামতি খাণ্ডিক্য বাস করিতেন, সেই বনে গমন করিলেন।২০

এদিকে খাণ্ডিক্য আপনার শত্রু কেশিধ্বজকে আগমন করিতে দেখিয়া ক্রোধে চক্ষু রক্তবর্ণ করত ধনুক সজ্জিত করিয়া কহিলেন।২১

খাণ্ডিক্য বলিলেন,—তুমি কৃষ্ণাজিন ধারণ করিয়াছ; সুতরাং তোমাকে বধ করিব না,—এই ভাবিয়া কৃষ্ণাজিনের কবচ ধারণ করিয়া আমাকে বধ করিতে আসিয়াছ? ২২

রে মূঢ়! যে সমস্ত মৃগের প্রতি তুমি ও আমি শাণিত বাণসমূহ নিক্ষেপ করিয়াছি, তাহাদের পৃষ্ঠে কি কৃষ্ণাজিন ছিল না? ২৩

হে দুর্ব্বুদ্ধে! সেই আমি তোমাকে অবশ্যই হত্যা করিব, জীবন থাকিতে তুমি আমার হস্ত হইতে মুক্ত হইবে না, যেহেতু তুমি আমার রাজ্য হরণ করিয়া পরম আততায়ী শত্রুরূপে পরিণত হইয়াছ।২৪

কেশিধ্বজ উত্তর করিলেন,—হে খাণ্ডিক্য! আমার কোন সংশয় আপনাকে জিজ্ঞাসা করিবার জন্যই আপনার এখানে আসিয়াছি, আমি আপনাকে হত্যা করিতে আসি নাই, অতএব আপনি ইহা বিচার করিয়া ক্রোধ এবং বাণ পরিত্যাগ করুন।২৫

পরাশর বলিলেন,—তারপর মহামতি সেই খাণ্ডিক্য পুরোহিত ও মন্ত্রিগণের সহিত একান্তে মন্ত্রণা করিতে লাগিলেন।২৬

মন্ত্রিগণ তাঁহাকে বলিলেন,—যখন শত্রু আপনার বশে আসিয়াছে, তখন তাঁহাকে বধ করাই কর্ত্তব্য; কারণ, শত্রু বিনষ্ট হইলে সমস্ত পৃথিবী আপনার বশীভূত হইবে।২৭

খাণ্ডিক্য তাঁহাদের সকলকে বলিলেন,—ইহাতে কোন সংশয় নাই যে, এ হত হইলে সমস্ত পৃথিবীই আমার বশীভূত হইবে।২৮

কিন্তু তাহাতে ইহার পরলোক জয় হইবে ও আমার সমস্ত পৃথিবী লাভ হইবে; যদি আমি ইহাকে বধ না করি, তাহা হইলে আমারই পরলোক জয় হইবে এবং

পাঠান্তর :—(ক) —আবধ্যামান্ হনিষ্যসি। (খ) মৃগাণাং বধ—। (গ) —কোপং বাণং বিমুঞ্চ বা।
(ঘ) হতেঽস্মিন্—। (ঙ) হতেঽস্মিন্—। (চ) তস্মাদেনং হনিষ্যামি—।

পরাশর উবাচ।

ততঃ সর্ব্বং যথাবৃত্তং ধর্ম্মদেষ্বুবধং দ্বিজ।
কথয়িত্বা স পপ্রচ্ছ প্রায়শ্চিত্তং হি তৎকৃতম্ ॥৩২

স চাচষ্ট যথান্যায়ং দ্বিজ কেশিধ্বজায় তৎ।
প্রায়শ্চিত্তমশেষেণ যদ্ বৈ তত্র বিধীয়তে ॥৩৩

বিদিতার্থঃ স তেনৈবং সোঽনুজ্ঞাতো মহাত্মনা(ক)।
যাগভূমিমুপাশ্রিত্য চক্রে সর্ব্বাঃ ক্রিয়াঃ ক্রমাৎ ॥৩৪

ক্রমেণ বিধিবদ্ যাগং নীত্বা সোঽবভৃথাপ্লুতঃ।
কৃতকৃত্যস্ততো ভূত্বা চিন্তয়ামাস পার্থিবঃ ॥৩৫

পূজিতা ঋত্বিজঃ সর্ব্বে (খ)সদস্যা মানিতা ময়া।
তথৈবার্থিজনোঽপ্যর্থৈর্যোজিতোঽভিমতৈর্যথা ॥৩৬

যথার্হমস্য লোকস্য ময়া সর্ব্বং বিচেষ্টিতম্।
অনিষ্পন্নক্রিয়ং চেতস্তথাপি মম কিং যথা ॥৩৭

ইতি সঞ্চিন্ত্য যত্নেন (গ)সস্মার স মহীপতিঃ।
খাণ্ডিক্যায় ন দত্তেতি ময়া বৈ গুরুদক্ষিণা ॥৩৮

জগাম চ ততো ভূয়ো (ঘ)রথমারুহ্য পার্থিবঃ।
মৈত্রেয় দুর্গগহনং খাণ্ডিক্যো যত্র সংস্থিতঃ ॥৩৯

খাণ্ডিক্যোঽপি তথায়ান্তং পুনর্দৃষ্ট্বা ধৃতায়ুধঃ (ঙ)।
তস্থৌ হন্তুং কৃতমতিস্তথাহ স পুনর্নৃপঃ ॥৪০

ভো নাহং তেঽপকারায় প্রাপ্তঃ খাণ্ডিক্য মা ক্রুধঃ।
গুরোর্নিষ্ক্রয়দানায় মামবেহি ত্বমাগতম্ ॥৪১

নিষ্পাদিতো ময়া যাগঃ সম্যক্ ত্বদুপদেশতঃ।
সোঽহং তে দাতুমিচ্ছামি বৃণুষ্ব গুরুদক্ষিণাম্ ॥৪২

উহার বহুস্কর মাত্র থাকিবে। পরলোক জয় হইতে পৃথিবীর আধিপত্য আমার বিবেচনায় অধিক বোধ হয় না। পরলোকের জয় অনন্তকালের নিমিত্ত, কিন্তু মহীজয় অতি অল্পদিনেরই জন্য; সুতরাং আমি ইহাকে বধ করিব না, বরং এ যাহা জিজ্ঞাসা করিতেছে, তাহার যথার্থ উত্তর প্রদান করিব।২৯-৩০

পরাশর বলিলেন,—তৎপরে খাণ্ডিক্য-জনক সেই শত্রু কেশিধ্বজের নিকট গমন করিয়া কহিলেন, আপনার যাহা জিজ্ঞাস্য আছে, সমস্ত জিজ্ঞাসা করুন, আমি তাহার উত্তর প্রদান করিতেছি।৩১

পরাশর বলিলেন,—হে দ্বিজ! তৎপর সেই কেশিধ্বজ নৃপতি যেরূপ ধর্ম্মদেষ্বু বধ হইয়াছে, তাহা বলিয়া তাহার প্রায়শ্চিত্ত জিজ্ঞাসা করিলেন।৩২

হে দ্বিজ! তৎপরে খাণ্ডিক্যজনক শাস্ত্রানুসারে কেশিধ্বজকে সেই গোবধের যথাবিধি প্রায়শ্চিত্ত বলিয়াছিলেন। মহাত্মা খাণ্ডিক্যের নিকট প্রায়শ্চিত্তের বিধান জানিয়া এবং তাঁহার অনুমতি লইয়া কেশিধ্বজনৃপতি যজ্ঞভূমিতে উপস্থিত হইলেন এবং ক্রমশঃ সমস্ত ক্রিয়া নিষ্পন্ন করিয়াছিলেন। কালক্রমে যজ্ঞ সমাপ্তির পর অবভৃথ স্নানে কৃতকৃত্য হইয়া সেই নৃপতি পুনরায় ভাবিতে লাগিলেন।৩৩-৩৫

আমি সমস্ত ঋত্বিগ্‌গণকে যথাবিধি পূজা ও সদস্যগণকে যথাবিধি সম্মান করিয়াছি এবং অর্থিগণও আমার নিকট যাহা অভিরুচি, তাহা পাইয়াছে।৩৬

এই জগতে লোকের যাহা কর্ত্তব্য, সেই সমস্তই আমার নিষ্পন্ন হইয়াছে, তথাপি আমার চিত্ত অপ্রসন্ন অবস্থায় কেন রহিয়াছে?৩৭

এইরূপ অনেক ভাবিতে ভাবিতে সেই মহীপতি স্মরণ করিলেন যে, আমি এখনও খাণ্ডিক্যকে কোন গুরুদক্ষিণা প্রদান করি নাই।৩৮

হে মৈত্রেয়! তৎপরে সেই নৃপতি পুনরায় রথে আরোহণ করিয়া যেখানে খাণ্ডিক্য ছিলেন, সেই দুর্গম গহনে গমন করিলেন। খাণ্ডিক্যও পুনরায় তাঁহাকে আগমন করিতে দেখিয়া বধ করিবার অভিলাষে সশস্ত্র হইয়া রহিলেন। তখন কেশিধ্বজ তাঁহার নিকট উপস্থিত হইয়া পুনরায় বলিলেন।৩৯-৪০

পাঠান্তর :—(ক) বিদিতার্থঃ স তেনৈব হ্যনুজ্ঞাতো মহাত্মনা। (খ) পূজিতাশ্চ দ্বিজাঃ সর্ব্বে—। (গ) ইত্থং সঞ্চিন্ত্যমানেষু—। (ঘ) স জগাম তদা ভূয়ো—। (ঙ) খাণ্ডিক্যোঽপি পুনর্দৃষ্ট্বা ত্বমায়ান্তং কৃতায়ুধম্।

পরাশর উবাচ।

ভূয়ঃ স মন্ত্রিভিঃ সার্দ্ধং মন্ত্রয়ামাস পার্থিবঃ।
গুরুনিষ্ক্রয়িকামোঽত্র কিমস্মাং প্রার্থয়তামিতি(ক) ॥৪৩

তমূচুর্মন্ত্রিণো রাজ্যমশেষং প্রার্থয়তামিতি।
কৃতিভিঃ(খ) প্রার্থ্যতে রাজ্যমনায়াসিতসৈনিকৈঃ ॥৪৪

প্রহস্য তানাহ নৃপঃ স খাণ্ডিক্যো মহামতিঃ।
স্বল্পকালং মহীরাজ্যং(গ) মাদৃশৈঃ প্রার্থ্যতে কথম্ ॥৪৫

এবমেতদ্ভবদ্ভোঽত্র সর্ব্বসাধনমন্ত্রিণঃ(ঘ)।
পরমার্থঃ কথং কোঽত্র যূয়ং নাত্র বিচক্ষণাঃ ॥৪৬

পরাশর উবাচ।

ইত্যুক্ত্বা তমুপেত্যৈনং স তু কেশিধ্বজং নৃপম্।
উবাচ কিমবশ্যঞ্চেৎ (ঙ)দদাসি গুরুদক্ষিণাম্ ॥৪৭

বাঢ়মিত্যেব তেনোক্তঃ খাণ্ডিক্যস্তমথাব্রবীৎ।
ভবানধ্যাত্মবিজ্ঞানপরমার্থবিচক্ষণঃ ॥৪৮

যদি চেদ্দীয়তে মহ্যং ভবতা গুরুনিষ্ক্রয়ঃ।
তৎ ক্লেশপ্রশমায়ালং যৎ কর্ম্ম তদুদীরয় ॥৪৯

ইতি বিষ্ণুপুরাণে ষষ্ঠাংশে ষষ্ঠঃ অধ্যায়ঃ ॥

হে খাণ্ডিক্য! আমি তোমার কোন অপকার করিতে এখানে আসি নাই, সুতরাং তুমি ক্রোধ করিও না, গুরুদক্ষিণা প্রদান করিবার জন্যই তোমার নিকট আসিয়াছি—ইহা অবগত হও ।৪১

তোমার উপদেশে আমার যজ্ঞ সম্যগ্‌রূপে নিষ্পন্ন হইয়াছে, তাহাতেই তোমাকে গুরুদক্ষিণা প্রদান করিতে ইচ্ছা করিতেছি, যাহা ইচ্ছা চাহিতে পার ।৪২

পরাশর বলিলেন,—তৎপরে খাণ্ডিক্য আপন মন্ত্রিগণকে জিজ্ঞাসা করিলেন যে, কেশিধ্বজ আমাকে গুরুদক্ষিণা প্রদান করিতে আসিয়াছে, ইহার নিকট কি প্রার্থনা করা যাইবে? ৪৩

মন্ত্রিগণ উত্তর করিলেন,—হে রাজন্! আপনি ইহার নিকট সমস্ত রাজ্য প্রার্থনা করুন, সৈন্যগণকে ক্লেশ স্বীকার না করাইয়া কৃতী ব্যক্তিরা রাজ্যই প্রার্থনা করিয়া থাকেন ।৪৪

তখন মহামতি খাণ্ডিক্য তাঁহাদের বাক্যে হাস্য করিয়া বলিলেন,—মাদৃশ ব্যক্তিগণ কি প্রকারে স্বল্পকাল-ভোগ্য মহীরাজ্য প্রার্থনা করিবে? ৪৫

আপনারা সমস্ত সাধনেই আমাকে পরামর্শ দিয়া থাকেন সত্য, কিন্তু পরমার্থ কি এবং তাহা কি প্রকারে সাধিত হয়?—আপনারা তাহা বিশেষরূপে জানেন না ।৪৬

পরাশর বলিলেন,—মন্ত্রিগণকে এই কথা বলিয়া খাণ্ডিক্য কেশিধ্বজ নৃপতির নিকট গমন করিয়া তাঁহাকে বলিলেন, তুমি নিশ্চয় কি আমাকে গুরুদক্ষিণা প্রদান করিবে? ৪৭

কেশিধ্বজ উত্তর করিলেন,—হাঁ, আমি নিশ্চয় গুরু-দক্ষিণা দিব। তখন খাণ্ডিক্য বলিলেন—অধ্যাত্ম-বিজ্ঞানরূপ পরমার্থ বিষয়ে আপনি অতি বিচক্ষণ ।৪৮

যদি আপনি গুরুদক্ষিণা দিতে অভিলাষ করিয়া থাকেন, তবে যে কর্ম্ম করিলে সমস্ত ক্লেশের শান্তি হয়, তাহা আমাকে বলুন ।৪৯

পাঠান্তর :—(ক) গুরুনিষ্ক্রয়কামোঽয়ং কিং নস্ত্বা প্রার্থয়তামিতি। (খ) শক্তিঃ—। (গ) স্বল্পকালং মহীপাল্যং—।
(ঘ) —র্থসাধনমন্ত্রিণঃ। (ঙ) উবাচ কিমবশ্যং ত্বং—।

বিষ্ণুপুরাণের ষষ্ঠাংশে ষষ্ঠ অধ্যায় সমাপ্ত।

সপ্তমঃ অধ্যায়ঃ

[ব্রহ্মযোগনির্ণয়ঃ।]

কেশিধ্বজ উবাচ।

ন প্রার্থিতং ত্বয়া কস্মান্মম রাজ্যমকণ্টকম্(ক)।
রাজ্যলাভাদ্ বিনা নান্যৎ ক্ষত্রিয়াণামতিপ্রিয়ম্ ॥১

খাণ্ডিক্য উবাচ।

কেশিধ্বজ নিবোধ ত্বং যন্না ন প্রার্থিতং যতঃ।
রাজ্যমেতদশেষং তে যত্র গৃধ্যন্ত্যপণ্ডিতাঃ(খ) ॥২
ক্ষত্রিয়াণামযং ধর্ম্মো যৎ প্রজাপরিপালনম্।
বধশ্চ ধর্ম্মযুদ্ধেন স্বরাজ্যপরিপন্থিনাম্ ॥৩
যত্রাশক্তস্য মে দোষো নৈবাস্ত্যপহৃতে ত্বয়া।
বন্ধায়ৈব ভবত্যেষা অবিদ্যাপ্যক্রমোজ্ঝিতা ॥৪
জন্মোপভোগলিপ্সার্থমিয়ং রাজ্যস্পৃহা মম।
অন্যেষাং দোষজা নৈষা ধর্ম্মমেবানুরুধ্যতে(গ) ॥৫

ন যাচ্ঞা ক্ষত্রবন্ধূনাং ধর্ম্মো হ্যেতৎ সতাং মতম্(ঘ)।
অতো ন যাচিতং রাজ্যমবিদ্যান্তর্গতং তব ॥৬
রাজ্যে গৃধ্যন্ত্যবিদ্বাংসো (ঙ)মমত্বাহৃতচেতসঃ।
অহঙ্কারমহাপান-মদমত্তা ন মাদৃশঃ ॥৭

পরাশর উবাচ।

প্রহৃষ্টঃ সাধ্বিতি প্রাহ ততঃ কেশিধ্বজো নৃপঃ।
খাণ্ডিক্যজনকং প্রীত্যা শ্রূয়তাং বচনং মম ॥৮
অহম্ত্ববিদ্যামুচ্ছেত্তুং (চ)কামঃ করোমি বৈ।
রাজ্যং যাগাংশ্চ বিবিধান্ ভোগৈঃ পুণ্যক্ষয়ং তথা ॥৯
তদিদং তে মনো দিষ্ট্যা বিবেকৈকধুর্য্যতাং গতম্।
শ্রূয়তাং চাপ্যবিদ্যায়াঃ (ছ)স্বরূপং কুলনন্দন ॥১০

সপ্তম অধ্যায়

[ব্রহ্মযোগ নির্ণয়।]

কেশিধ্বজ বলিলেন,—আমার নিকট আপনি কেন নিষ্কণ্টক রাজ্য প্রার্থনা করিলেন না? ক্ষত্রিয়সন্তানের রাজ্যলাভ ব্যতীত আর কোন পদার্থই ত অতিপ্রিয় নহে।১

খাণ্ডিক্য বলিলেন,—হে কেশিধ্বজ! মূর্খগণ যাহার জন্য সর্ব্বদা লোলুপ, এমত বিশাল সাম্রাজ্য কেন প্রার্থনা করি নাই, তাহা শ্রবণ কর।২

ক্ষত্রিয়গণের প্রজাপালন ও ধর্ম্মযুদ্ধে নিজ রাজ্যের শত্রুসমূহকে বধ করাই ধর্ম্ম।৩

শক্তিহীন হওয়ায় আমার রাজ্য ত তুমি অপহরণ করিয়াছ, সুতরাং তাহার অপালনজন্য দোষ আমাতে কিছুই নাই; (কিন্তু রাজ্যগ্রহণ করিয়া তাহা ন্যায়মার্গে পালন না করিতে পারিলে, পাপেরই ভাগী হইতে হইবে) কারণ, যদিও এই রাজ্যপালনরূপ স্বকর্ম্ম অবিদ্যাই, তথাপি অনিচ্ছায় ইহাকে ত্যাগ করিলে বন্ধনেরই কারণ হইবে।৪

এই রাজ্যস্পৃহা আমার জন্মান্তরকৃত কর্ম্মসমূহ হইতে প্রাপ্ত সুখভোগের জন্যই হইবে এবং এই মন্ত্রী আদি অন্য ব্যক্তিগণের রাগ ও লোভ আদি দোষসমূহ হইতে উৎপন্ন বলিয়া জানিবে—কেবল ধর্ম্মানুরোধে নহে।৫

উত্তম ক্ষত্রিয়গণের রাজ্যাদি যাচ্ঞা ধর্ম্ম নহে, ইহাই সাধুলোকের মত; এই নিমিত্ত আমি অবিদ্যার অন্তর্গত রাজ্য প্রার্থনা করি নাই।৬

অহঙ্কাররূপ মদিরাপানে উন্মত্ত এবং মমত্বাকৃষ্টচিত্ত মূঢ় ব্যক্তিগণই রাজ্যে লুব্ধ হইয়া থাকে, কিন্তু মাদৃশ ব্যক্তি ইহা প্রার্থনা করে না।৭

পরাশর বলিলেন,—কেশিধ্বজনৃপতি খাণ্ডিক্যের বাক্যে অত্যন্ত হৃষ্ট হইয়া সাধুবাদ প্রদান করিলেন,

---

পাঠান্তর:—(ক) কস্মাদমম্ রাজ্যমকণ্টকম্। (খ) —গৃধ্নবঃ পণ্ডিতাঃ। (গ) অন্যেষাং দোষজা নৈব ধর্ম্মং বৈ নানুরুধ্যতে।
(ঘ) —ধর্ম্মায়ৈতৎ সতাং মতম্। (ঙ) রাজ্যে গৃধ্নব্যবিদ্বাংসো—। (চ) অহং হ্যবিদ্যয়া মৃত্যুং—। (ছ) তচ্ছ্রূয়তামবিদ্যায়াঃ—।

অনাত্মন্যাত্মবুদ্ধির্যা অস্মে স্বমিতি যা মতিঃ।
অবিদ্যাতরুসম্ভূতের্বীজমেতদ্ (ক)দ্বিধা স্থিতম্ ॥১১
পঞ্চভূতাত্মকে দেহে দেহী মোহতমোবৃতঃ।
অহমেতদিতীত্যুচ্চৈঃ (খ)কুরুতে কুমতির্মতিম্ ॥১২
আকাশবায্বগ্নিজলপৃথিবীভ্যঃ পৃথক্ স্থিতে।
আত্মন্যাত্মময়ং ভাবং কঃ করোতি কলেবরে ॥১৩
কলেবরোপভোগ্যং হি গৃহক্ষেত্রাদিকঞ্চ কঃ।
অদেহে স্বাত্মনি প্রাজ্ঞো মমেদমিতি মন্যতে ॥১৪
ইত্থঞ্চ পুত্র-পৌত্রেষু তদ্দেহোৎপাদিতেষু কঃ।
করোতি পণ্ডিতঃ স্বাম্যমনাত্মনি কলেবরে ॥১৫
সর্ব্বং দেহোপভোগায় কুরুতে কর্ম্ম মানবঃ।
দেহশ্চান্যো যদা পুংসস্তদা বন্ধায় তৎপরম্ ॥১৬

মৃন্ময়ঞ্চ যথা গেহং লিপ্যতে চ মৃদম্ভসা।
পার্থিবোঽয়ং তথা দেহো মৃদন্নালেপনন্বিতঃ(গ) ॥১৭
পঞ্চভূতাত্মকৈর্ভোগৈঃ পঞ্চভূতাত্মকং বপুঃ।
আপ্যায়তে যদি ততঃ পুংসো গর্ব্বোঽত্র
কিং ততঃ(ঘ) ॥১৮

অনেকজন্মদাহস্রীং সংসারপদবীং ব্রজন্।
মোহভ্রমং প্রয়াতোঽসৌ বাসনারেণুগুণ্ঠিতঃ(ঙ) ॥১৯
প্রক্ষাল্যতে যদা সোঽস্য রেণুর্জ্ঞানোক্ষবারিণা।
তদা সংসারপান্থস্য যাতি মোহভ্রমঃ শমম্ ॥২০
মোহভ্রমে শমং যাতে স্বস্থান্তঃকরণঃ পুমান্।
অনন্যাতিশয়াবাধং পরং নির্ব্বাণমৃচ্ছতি ॥২১

এবং সন্তুষ্ট হইয়া বাণ্ডিক্যজনককে কহিলেন, আমার বাক্য শ্রবণ করুন ।৮

আমি প্রজাপালনাদি অবিদ্যার ক্রিয়া দ্বারা কাম ক্রোধাদি হইতে বিমুক্তি পাইবার আশায় রাজ্য-পালন ও বহুতর যজ্ঞের অনুষ্ঠান করিয়া থাকি এবং ভোগ দ্বারা পুণ্যসমূহেরও ক্ষয় করিতেছি ।৯

হে কুলনন্দন! ভাগ্যক্রমে আপনার মন বিবেক-সম্পন্ন হইয়াছে, অতএব আপনি অবিদ্যার স্বরূপ কিঞ্চিৎ শ্রবণ করুন। সংসার বৃক্ষের বীজস্বরূপ অবিদ্যা দুই প্রকার—অনাত্মে আত্মবুদ্ধি এবং যাহা নিজের নয়, তাহা নিজের বলিয়া বোধ করা ।১০-১১

কুমতি জীব মোহরূপ অন্ধকারে আচ্ছন্ন হইয়া পঞ্চভূতাত্মক দেহেই আত্মবুদ্ধি অর্থাৎ 'আমি ও আমার' এই ভাব করিয়া থাকে ।১২

আকাশ, বায়ু, অগ্নি, জল এবং পৃথিবী হইতে আত্মা যখন পৃথক্‌রূপে অবস্থান করিতেছেন, তখন কোন্ বুদ্ধিমান্ এই পঞ্চভূতাত্মক কলেবরকে আত্মা বলিয়া ভাবনা করেন? ১৩

কোন্ প্রাজ্ঞ ব্যক্তি সেই শরীর দ্বারা উপভোগ্য গৃহ ক্ষেত্র প্রভৃতিকে আপনার বলিয়া বিবেচনা করেন? নিজের দেহ যখন আপনার নহে, তখন তাহা দ্বারা উৎপাদিত পুত্র পৌত্রাদিতেই বা কোন্ পণ্ডিতব্যক্তি মমত্ববোধ করিয়া থাকেন? ১৪-১৫

মনুষ্য দেহের উপভোগের জন্যই সমস্ত কর্ম্ম করিয়া থাকে, সেই দেহ যখন আত্মা হইতে ভিন্ন, তখন তাহাতে জীবের আত্মবুদ্ধি কেবল সংসারে আবদ্ধ হইবার জন্য ।১৬

যেমন মৃত্তিকা ও জললেপন দ্বারা মৃন্ময় গৃহকে রক্ষা করিতে হয়, তদ্রূপ এই পার্থিবদেহ অন্ন ও জলের দ্বারা রক্ষিত হইয়া থাকে ।১৭

যখন পঞ্চভূতাত্মক ভোগ দ্বারা পঞ্চভূতময় এই শরীরই আপ্যায়িত হইতেছে, তখন জীবের ইহাতে গর্ব্ব কি থাকিতে পারে? ১৮

জন্ম জন্ম সংসারপথে ভ্রমণ করত বাসনারূপ ধূলি দ্বারা ধূসরিত হইয়া জীব কেবল মোহরূপ পরিশ্রমই প্রাপ্ত হইতেছে ।১৯

জ্ঞানরূপ উষ্ণ বারি দ্বারা যখন তাহার সেই ধূলি প্রক্ষালিত হয়, তখন সংসারপথিক জীবের মোহ-শ্রম নিবৃত্ত হয় ।২০

পাঠান্তর :—(ক) সংসারতরুসম্ভূতির্বীজমেতদ্—। (খ) অহং মমেতদিত্যুচ্চৈঃ—। (গ) —মৃদন্নালেপনন্বিতঃ।
(ঘ) —পুংসো ভোগোঽত্র কিং কৃতম্। (ঙ) —বাসনারেণুগুণ্ঠিতঃ।

নির্ব্বাণময় এবাত্মাত্মা জ্ঞানময়োঽমলঃ ।
দুঃখাজ্ঞানমলা ধর্ম্মাঃ প্রকৃতেস্তে তু নাত্মনঃ ॥২২
জলস্য নাগ্নিসংসর্গঃ স্থালীসঙ্গাত্তথাপি হি ।
শব্দোদ্রেকাদিকান্ ধর্ম্মাংস্তৎ করোতি যথা মুনে ॥২৩
তথাত্মা প্রকৃতেঃ সঙ্গাদহম্মানাদিদূষিতঃ ।
ভঙ্কতে প্রাকৃতান্ ধর্ম্মানভ্যস্তেভ্যো হি সোঽব্যয়ঃ ॥২৪
তদেতৎ কথিতং বীজমবিদ্যায়াস্তব প্রভো (ক) ।
ক্লেশানাঞ্চ ক্ষয়করং যোগাদন্যন্ন বিদ্যতে ॥২৫

খাণ্ডিক্য উবাচ ।

তত্ত্ব ব্রূহি মহাভাগ যোগং যোগবিদুত্তম ।
বিস্তাতযোগশাস্ত্রার্থস্ত্বমস্যাং নিমিবংশতৌ ॥২৬

কেশিধ্বজ উবাচ ।

যোগস্বরূপং খাণ্ডিক্য শ্রূয়তাং গদতো মম ।
যত্র স্থিতো ন চ্যবতে প্রাপ্য ব্রহ্মলয়ং মুনিঃ ॥২৭
মন এব মনুষ্যাণাং কারণং বন্ধ-মোক্ষয়োঃ ।
বন্ধায় বিষয়াসঙ্গি মুক্ত্যৈ নির্ব্বিষয়ং তথা (খ) ॥২৮
বিষয়েভ্যঃ সমাহৃত্য বিজ্ঞানাত্মা মনো মুনিঃ ।
চিন্তয়েন্মুক্তয়ে তেন ব্রহ্মভূতং পরেশ্বরম্ ॥২৯
আত্মভাবং নয়ত্যেনং তদ্‌ব্রহ্ম ধ্যায়িনং মুনিম্ ।
বিকার্য্যমাত্মনঃ শক্ত্যা লোহমাকর্ষকো যথা ॥৩০
আত্মপ্রযত্নাপেক্ষা বিশিষ্টা যা মনোগতিঃ ।
তস্যা ব্রহ্মণি সংযোগো যোগ ইত্যভিধীয়তে ॥৩১
এবমত্যন্তবৈশিষ্ট্যযুক্তকর্ম্মোপলক্ষণঃ (গ) ।
যস্য যোগস্য বৈ যোগী মুমুক্ষুরভিধীয়তে ॥৩২
যোগযুক্ প্রথমং যোগী যুঞ্জমানো বিধীয়তে (ঘ) ।
বিনিষ্পন্নসমাধিস্তু পরং ব্রহ্মোপলব্ধিমান্ ॥৩৩
যস্তুরায়োদয়েনৈব দূষ্যতে নাস্য মানসম্ (ঙ) ।
জন্মান্তরৈরভ্যসতো মুক্তিঃ পূর্ব্বস্য জায়তে ॥৩৪

মোহভ্রম অপগত হইলে জীবের অন্তঃকরণ সুস্থ হয়; তখন সে নিরতিশয় ও বাধাহীন পরম নির্ব্বাণপদ লাভ করে ।২১

জ্ঞানময় এই বিমল আত্মা সর্ব্বদাই নির্ব্বাণময় অর্থাৎ মুক্তরূপে অবস্থান করিতেছেন; দুঃখ, অজ্ঞান প্রভৃতি যে মলসমূহ, ইহা প্রকৃতির ধর্ম্ম, আত্মার নহে ।২২

হে মুনে! যেমন স্থালীস্থিত জলের অগ্নির সহিত সম্বন্ধ না থাকিলেও স্থালীসম্পর্কবশতঃ উষ্ণতা দ্বারা শব্দাদি ধর্ম্ম উৎপন্ন হইয়া থাকে, তদ্রূপ প্রকৃতির সংসর্গেই সেই অব্যয় আত্মা অভিমানাদি দ্বারা দূষিত হইয়া প্রাকৃতিক ধর্ম্মসমূহকে ভোগ করিয়া থাকেন ।২৩-২৪

হে প্রভো! অবিদ্যার বীজ এই আপনার নিকট কীর্ত্তিত হইল, এই ক্লেশসমূহকে ক্ষয় করিতে যোগ ব্যতিরিক্ত আর অন্য কোন উপায় নাই ।২৫

খাণ্ডিক্য বলিলেন—হে যোগবিদ্‌গণের শ্রেষ্ঠ মহাভাগ কেশিধ্বজ। আপনি সেই যোগের স্বরূপ আমাকে বলুন, এই বিস্তৃত নিমিবংশে আপনিই বিশেষরূপে যোগশাস্ত্রের অর্থ জানিয়াছেন ।২৬

হে খাণ্ডিক্য! কেশিধ্বজ বলিলেন,—যে যোগ অবলম্বন করিয়া মুনিজন ব্রহ্মলয় প্রাপ্ত হইয়া সংসারে আর পুনরাবৃত্তিলাভ করেন না, আমি সেই যোগের স্বরূপ কীর্ত্তন করিতেছি, শ্রবণ করুন ।২৭

মনই মনুষ্যগণের বন্ধন ও মুক্তির কারণ; মন যখন বিষয়ে আসক্ত হয়, তখন বন্ধের এবং যখন বিষয় পরিত্যাগ করে, তখন মুক্তির কারণ হইয়া থাকে ।২৮

সেইজন্য জ্ঞানী মুনিজন বিষয় হইতে মনকে সমাহৃত করিয়া মুক্তির জন্য ব্রহ্মস্বরূপ পরমেশ্বরের চিন্তা করিবেন ।২৯

হে মুনে! যেমন চুম্বকপ্রস্তর দ্বারা লৌহ আকৃষ্ট হইয়া থাকে, তদ্রূপ ব্রহ্মও এই ভাবে চিন্তিত হইলে, স্বভাবতই যোগীকে আত্মভাবে আকৃষ্ট করিয়া থাকেন ।৩০

আত্মজ্ঞানের প্রযত্নভূত যম নিয়মাদির অপেক্ষাকারিণী মনের যে বিশিষ্ট গতি, উহার ব্রহ্মের সহিত সংযোগ স্থাপনের নামই যোগ ।৩১

যাঁহার যোগ এইরূপ অত্যন্ত বিশিষ্টাযুক্ত কর্ম্মদ্বারা উপলক্ষিত, সেই ব্যক্তিকেই যোগী ও মুমুক্ষু বলা যায় ।৩২

পাঠান্তর :—(ক) —ময়া তব। (খ) —মনঃ। (গ) —ধর্ম্মোপলক্ষণঃ। (ঘ) —যুঞ্জানো হভিধীয়তে।
(ঙ) —দূষ্যতে চাস্য মানসম্।

বিনিষ্পন্নসমাধিস্তু মুক্তিং তত্রৈব জন্মনি।
প্রাপ্নোতি যোগী যোগাগ্নিদগ্ধকর্ম্মচয়োঽচিরাৎ ॥৩৫
ব্রহ্মচর্য্যমহিংসা চ সত্যাস্তেয়াপরিগ্রহান্।
সেবেত যোগী নিষ্কামো যোগ্যতাং স্বমনো নয়ন্ ॥৩৬
স্বাধ্যায়-শৌচ-সন্তোষ-তপাংসি নিয়তাত্মবান্।
কুর্ব্বীত ব্রহ্মণি তথা পরস্মিন্ প্রবণং মনঃ ॥৩৭
এতে যমাঃ সনিয়মাঃ পঞ্চ পঞ্চ প্রকীর্ত্তিতাঃ (ক)।
বিশিষ্টফলদাঃ কাম্যা নিষ্কামাণাং বিমুক্তিদাঃ ॥৩৮
একং ভদ্রাসনাদীনাং সমাস্থায় গুণৈর্যুতঃ।
যমাখ্যৈর্নিয়মাখ্যৈশ্চ যুঞ্জীত নিয়তো যতিঃ ॥৩৯
প্রাণাখ্যমনিলং বশ্যমভ্যাসাৎ কুরুতে তু যৎ।
প্রাণায়ামঃ স বিজ্ঞেয়ঃ সবীজোঽবীজ এব চ ॥৪০

প্রথমতঃ যোগী যখন যোগযুক্ত হন, তখন তাঁহাকে যুঞ্জান বলা গিয়া থাকে, ক্রমশঃ সমাধিসম্পন্ন হইলে তাঁহার ব্রহ্মজ্ঞান হইয়া থাকে (এই শ্লোকের এস্থলে কেহ কেহ এরূপ অর্থও করেন—মুমুক্ষু যখন যোগ্যাভ্যাস করেন, তখন তাঁহাকে 'যোগযুক্ত যোগী' বলা হয় এবং তিনি যখন পরমব্রহ্মকে লাভ করেন, তখন তাঁহাকে 'বিনিষ্পন্নসমাধি' বলে।)। পূর্ব্বোক্ত যুঞ্জান যোগীর মন বিঘ্নদোষে যদি দূষিত না হয়, তাহা হইলে অভ্যাসবলে জন্মান্তরে তাঁহার মুক্তি হইয়া থাকে।৩৩-৩৪

কিন্তু সমাধিসম্পন্ন যোগী সেই জন্মেই মুক্তি পাইয়া থাকেন, যেহেতু যোগাগ্নি দ্বারা তাঁহার সমস্ত অদৃষ্ট অচিরেই দগ্ধ হইয়া যায়।৩৫

যোগী স্বীয় মনকে তত্ত্বজ্ঞানের উপযোগী করিবার জন্য নিষ্কাম হইয়া ব্রহ্মচর্য্য, অহিংসা, সত্য, অস্তেয় ও অপরিগ্রহে নিযুক্ত থাকিবেন। আর সংযতচিত্ত হইয়া স্বাধ্যায়, শৌচ, সন্তোষ, তপস্যা এবং মনকে সতত পরব্রহ্মের চিন্তায় নিযুক্ত রাখিবেন।৩৬-৩৭

পাঁচ প্রকার সংযমের সহিত এই পাঁচ প্রকার নিয়ম কথিত হইল। সকাম হইয়া ইহাদের সেবা করিলে

পরস্পরেণাভিভবং প্রাণাপানৌ যদানিলৌ (খ)।
কুরুতঃ সন্নিধানেন তৃতীয়ঃ সংযমাত্তয়োঃ ॥৪১
তস্য চালম্বনবতঃ স্থূলং রূপং বিজোত্তম।
আলম্বনমনস্তস্য যোগিনোঽভ্যাসতঃ স্মৃতম্ ॥৪২
শব্দাদিষ্বনুরক্তানি নিগৃহ্যাক্ষাণি যোগবিৎ।
কুর্য্যাচ্চিত্তানুচারীণি প্রত্যাহারপরায়ণঃ ॥৪৩
বশ্যতা পরমা তেন জায়তেঽতিচলাত্মনাম্।
ইন্দ্রিয়াণামবশ্যৈস্তৈর্ন যোগী যোগসাধকঃ ॥৪৪
প্রাণায়ামেন পবনৈঃ প্রত্যাহারেণ চেন্দ্রিয়ৈঃ।
বশীকৃতৈস্ততঃ কুর্য্যাৎ স্থিরকেতঃ শুভাশ্রয়ে(গ) ॥৪৫

খাণ্ডিক্য উবাচ।

কথ্যতাং মে মহাভাগ চেতসো যঃ শুভাশ্রয়ঃ।
যদাধারমশেষং তদ্ধন্তি দোষমশুভম্ (ঘ) ॥৪৬

বিশেষ ফল লাভ হয়, কিন্তু নিষ্কাম ভাবে সেবা করিলে ইহারা মুক্তি প্রদান করিয়া থাকে।৩৮

ভদ্রাসনাদির কোন একটী আসন অবলম্বনপূর্ব্বক গুণবান্ যতিব্যক্তি যম ও নিয়মাদি গুণযুক্ত হইয়া সংযতচিত্তে যোগ অভ্যাস করিবেন।৩৯

অভ্যাস-বলে প্রাণনামক বায়ুকে যাহা দ্বারা বশীভূত করা যায়, তাহার নাম প্রাণায়াম। সবীজ ও নির্বীজ ভেদে প্রাণায়াম দুই প্রকার জানিবে।৪০

সদ্‌গুরুদেবের উপদেশে বিশিষ্ট প্রণালী অনুসারে পরিচালিত হইয়া যখন যোগী প্রাণ ও অপান বায়ু দ্বারা একে অপরকে অভিভব (নিরোধ) করে, তখন (ক্রমশঃ রেচক ও পূরক নামক দুই প্রাণায়াম হয় এবং) উভয়ের সংযমহেতু কুম্ভকনামে তৃতীয় প্রাণায়াম হইয়া থাকে।৪১

হে বিজোত্তম! যোগী যখন প্রথম প্রাণায়াম অভ্যাস করেন, তখন ভগবানের স্থূলরূপ তাঁহার চিত্তের অবলম্বন হয়। ক্রমশঃ যোগী প্রত্যাহারপরায়ণ হইয়া শব্দাদি বিষয়সমূহে অনুরক্ত ইন্দ্রিয়গণকে নিগ্রহপূর্ব্বক চিত্তের অনুগামী করিবেন। তাহাতে অতি-চঞ্চল-স্বভাব ইন্দ্রিয়গণ বশীভূত হইয়া থাকে; তাহারা অবশ থাকিলে যোগী যোগসাধনে সমর্থ হন না।৪২-৪৪

পাঠান্তর :—(ক) —পঞ্চ পঞ্চ চ কীর্ত্তিতাঃ। (খ) —যদানিলৌ। (গ) প্রাণায়ামেন পবনে প্রত্যাহারেণ চেন্দ্রিয়ে।
(ঘ) —দোষমশেষতঃ। বশীকৃতে ততঃ কুর্য্যাৎ স্থিরং চেতঃ শুভাশ্রয়ে।

কেশিধ্বজ উবাচ।

আশ্রয়শ্চেতসো ব্রহ্ম দ্বিধা তচ্চ স্বভাবতঃ।
ভূপ মূর্ত্তমমূর্ত্তঞ্চ পরঞ্চাপরমেব চ ॥৪৭
ত্রিবিধা ভাবনা ভূপ বিষ্ণুমেতন্নিবোধ মে (ক)।
ব্রহ্মাখ্যা কর্ম্মসংজ্ঞা চ তথা চৈবোভয়াত্মিকা ॥৪৮
ব্রহ্মভাবাত্মিকা হেকা কর্ম্মভাবাত্মিকা পরা।
উভয়াত্মিকা তথৈবান্যা ত্রিবিধা ভাবভাবনা ॥৪৯
সনন্দনাদয়ো ব্রহ্মন্ (খ) ব্রহ্মভাবনয়া যুতাঃ।
কর্ম্মভাবনয়া চান্যে দেবাদ্যাঃ স্থাবরাশ্চয়াঃ ॥৫০
হিরণ্যগর্ভাদিষু চ ব্রহ্মকর্ম্মাত্মিকা দ্বিধা।
বোধাধিকারযুক্তেষু বিদ্যতে ভাবভাবনা ॥৫১
অক্ষীণেষু সমস্তেষু বিশেষজ্ঞানকর্ম্মসু।
বিশ্বমেতৎ পরং চান্যদ্ ভেদভিন্নদৃশাং নৃপ (গ) ॥৫২

প্রত্যস্তমিতভেদং যৎ সত্তামাত্রমগোচরম্।
বচসামাত্মসংবেদ্যং তজ্জ্ঞানং ব্রহ্মসংজ্ঞিতম্ ॥৫৩
তচ্চ বিষ্ণোঃ পরং রূপমরূপস্যাজমক্ষরম্।
বিশ্বরূপাচ্চ বৈরূপ্যলক্ষণং পরমাত্মনঃ (ঘ) ॥৫৪
ন তদ্‌যোগযুজা শক্যং নৃপ চিন্তয়িতুং যতঃ।
ততঃ স্থূলং হরে রূপং চিন্তয়েদ্ বিশ্বগোচরম্ ॥৫৫
হিরণ্যগর্ভো ভগবান্ বাসবোঽথ প্রজাপতিঃ।
মারুতো বসবো রুদ্রা ভাস্করাস্তারকা গ্রহাঃ ॥৫৬
গন্ধর্ব্ব-যক্ষা দৈত্যাদ্যাঃ সকলা দেবযোনয়ঃ।
মনুষ্যাঃ পশবঃ শৈলাঃ সমুদ্রাঃ সরিতো দ্রুমাঃ ॥৫৭
ভূপ ভূতান্যশেষাণি ভূতানাং যে চ হেতবঃ।
প্রধানাদিবিশেষান্তং চেতনাচেতনাত্মকম্ ॥৫৮
একপাদং দ্বিপাদঞ্চ বহুপাদমপাদকম্।
মূর্ত্তমেতদ্ধরে রূপং ভাবনাত্রিতয়াত্মকম্ ॥৫৯

---

* এইরূপে প্রাণায়াম দ্বারা বায়ুকে ও প্রত্যাহার দ্বারা ইন্দ্রিয়গণকে বশীভূত করিয়া শুভ আশ্রয়ে চিত্তকে সুস্থির করিবে ।৪৫

ঋষিকন্যা বলিলেন,—হে মহাভাগ! যাহাকে অবলম্বন করিয়া চিত্তদোষসমূহকে নষ্ট করা যায়, চিত্তের সেই শুভ আশ্রয় কি? তাহা আমাকে বলুন ।৪৬

কেশিধ্বজ বলিলেন,—হে রাজন্! ব্রহ্মই চিত্তের সেই শুভ আশ্রয়; পরন্তু তাহা স্বভাবতঃ দুইপ্রকার; মূর্ত্ত ও অমূর্ত্ত,—যাহাকে পর ও অপর বলা যায় ।৪৭

হে রাজন্! এই জগতে তিন প্রকার ভাবনা হইয়া থাকে, তাহা শ্রবণ করুন,—প্রথম এক ব্রহ্ম ভাবনা, দ্বিতীয় কর্ম্মভাবনা এবং তৃতীয় ব্রহ্ম ও কর্ম্ম উভয় ভাবনা। ভাবভাবনাও ত্রিবিধ—প্রথম ব্রহ্মভাবভাবনা, দ্বিতীয় কর্মভাবভাবনা এবং তৃতীয় ব্রহ্ম-কর্মভাব ভাবনা ।৪৮-৪৯

হে ব্রহ্মন্। সনন্দন প্রভৃতি ঋষিগণ ব্রহ্মভাবনাযুক্ত হইয়া থাকেন এবং দেবতা হইতে স্থাবর ও জঙ্গম সকলেই কর্ম্মভাবনা করিয়া থাকে ।৫০

হিরণ্যগর্ভ প্রভৃতিতে কর্ম্ম ও ব্রহ্ম উভয়বিধ ভাবনাই আছে। যাহার যেমন বোধ ও অধিকার, তাহার সেইরূপই ভাবভাবনা হইয়া থাকে ।৫১

হে রাজন্! ভেদজ্ঞানের হেতু কর্ম্মসমূহ যখন অক্ষীণ অবস্থায় থাকে, তখনই ভেদদৃষ্টিসম্পন্ন জীবগণের বিশ্ব ও পরমাত্মার ভেদজ্ঞান হইয়া থাকে ।৫২

যে জ্ঞানে সমস্ত ভেদ বিলয় প্রাপ্ত হয়, যাহা সত্তামাত্র ও বাক্যের অগোচর এবং যাহাকে কেবল আত্মাই জানিতে পারে, সেই জ্ঞানের নামই ব্রহ্মজ্ঞান ।৫৩

রূপহীন বিষ্ণুর তাহাই নিত্য ও পররূপ এবং তাহা সমস্ত বিশ্বরূপ হইতে বিলক্ষণ। প্রথমতঃ যোগী ব্যক্তি সেই পরমরূপ চিন্তা করিতে সমর্থ হন্না বলিয়াই পরমাত্মা শ্রীহরির বিশ্বগোচর স্থূল রূপই চিন্তা করিবেন ।৫৪-৫৫

হে রাজন্! ভগবান্ হিরণ্যগর্ভ, ইন্দ্র, প্রজাপতি, বায়ু, বসু, রুদ্র, ভাস্কর, নক্ষত্র, গ্রহ, গন্ধর্ব্ব, যক্ষ এবং দৈত্য প্রভৃতি সমস্ত দেবযোনি এবং মনুষ্য, পশু, শৈল, সমুদ্র, নদী ও বৃক্ষ প্রভৃতি অশেষ ভূতনিবহ এবং তাহাদের

পাঠান্তর :—(ক) —বিষ্ণুমেতন্নিবোধতাম্। (খ) সনন্দনাদয়ো যে তু—। (গ) —নৃপাত্ম্।
(ঘ) তচ্চ বিষ্ণোঃ পরং রূপমরূপস্যাব্যয়স্যুতম্। বিশ্বরূপবৈরূপ্য-লক্ষণং পরমাত্মনঃ।

এতৎ সর্ব্বমিদং বিশ্বং জগদেতচ্চরাচরম্।
পরব্রহ্মস্বরূপস্য বিষ্ণোঃ শক্তিসমন্বিতম্ ॥৬০

বিষ্ণুশক্তিঃ পরা প্রোক্তা ক্ষেত্রজ্ঞাখ্যা তথাপরা।
অবিদ্যা কর্ম্মসংজ্ঞান্যা তৃতীয়া শক্তিরিষ্যতে ॥৬১

যয়া ক্ষেত্রজ্ঞশক্তিঃ সা বেষ্টিতা নৃপ সর্ব্বগা।
সংসারতাপানখিলানবাপ্নোত্যনুসন্ততান্ ॥৬২

তয়া তিরোহিতত্বাচ্চ শক্তিঃ ক্ষেত্রজ্ঞসংজ্ঞিতা।
সর্ব্বভূতেষু ভূপাল তারতম্যেন লক্ষ্যতে ॥৬৩

অপ্রাণবৎসু মহ্যাদ্যা (ক) স্থাবরেষু ততোঽধিকা।
সরীসৃপেষু তেভ্যোঽন্যাপ্যতিশক্ত্যা পতত্রিষু ॥৬৪

পতত্রিভ্যো মৃগাস্তেভ্যঃ স্বশক্ত্যা পশবোঽধিকা।
পশুভ্যো মনুজাশ্চাতিশক্ত্যা পুংসঃ প্রভাবিতাঃ ॥৬৫

তেভ্যোঽপি নাগ-গন্ধর্ব্ব-যক্ষাদ্যা দেবতা নৃপ।
শক্রঃ সমস্তদেবেভ্যস্ততশ্চাতি প্রজাপতিঃ ॥৬৬

হিরণ্যগর্ভোঽতি ততঃ পুংসঃ শক্ত্যুপলক্ষিতঃ।
এতান্যশেষরূপস্য তস্য রূপাণি পার্থিব ॥৬৭

যতস্তচ্ছক্তিযোগেন ব্যাপ্তানি নভসা যথা।
দ্বিতীয়ং বিষ্ণুসংজ্ঞস্য যোগিধ্যেয়ং মহামতে ॥৬৮

অমূর্ত্তং ব্রহ্মণো রূপং যৎ সদিত্যুচ্যতে বুধৈঃ।
সমস্তাঃ শক্তয়শ্চৈতা নৃপ যত্র প্রতিষ্ঠিতাঃ।
তদ্বিশ্বরূপরূপং বৈ রূপমন্যদ্ধরের্মহৎ ॥৬৯

সমস্তশক্তিরূপাণি তৎ করোতি জনেশ্বর।
দেব-তির্য্যঙ্-মনুষ্যাদিচেষ্টাবন্তি স্বলীলয়া ॥৭০

জগতামুপকারায় ন সা কর্ম্মনিমিত্তজা।
চেষ্টা তস্যাপ্রমেয়স্য ব্যাপিন্যব্যাহতাত্মিকা ॥৭১

তদ্রূপং বিশ্বরূপস্য তস্য যোগযুজা নৃপ।
চিন্ত্যমাত্মবিশুদ্ধ্যর্থং সর্ব্বকিল্বিষনাশনম্ ॥৭২

কারণসমূহ ও প্রধান (প্রকৃতি) হইতে আরম্ভ করিয়া বিশেষ (পঞ্চতন্মাত্র) পর্য্যন্ত একপাদ, দ্বিপাদ, বহুপাদ অথবা অপাদ চেতন, অথবা অচেতনস্বরূপ এই সমস্তই,—ত্রিবিধ ভাবাত্মক পরমাত্মা শ্রীহরির মূর্ত্তরূপ ।৫৬-৫৯

এই চরাচর সমস্ত জগৎ পরব্রহ্মস্বরূপ বিষ্ণুর শক্তিসমন্বিত বিশ্বনামকরূপ ।৬০

শক্তি তিন প্রকার, পরা বিষ্ণুশক্তি, অপরা ক্ষেত্রজ্ঞ-শক্তি এবং তদন্যা কর্ম্মশক্তি বা অবিদ্যাশক্তি ।৬১

হে নৃপ! অবিদ্যাশক্তি দ্বারা আবৃত হইয়া সর্ব্বব্যাপিনী ক্ষেত্রজ্ঞশক্তি সর্ব্বপ্রকার সংসারের তাপসমূহকে প্রতি নিয়ত ভোগ করিয়া থাকে। হে রাজন্! সেই অবিদ্যাশক্তি দ্বারা তিরোহিত বলিয়াই এই ক্ষেত্রজ্ঞশক্তি সমস্ত ভূতেই তারতম্যভাবে লক্ষিত হইয়া থাকে ।৬২-৬৩

এই ক্ষেত্রজ্ঞ শক্তির প্রাণিহীন পদার্থসমূহে অত্যন্ত অল্প পরিমাণে, স্থাবর পদার্থে তাহা হইতে কিছু অধিক পরিমাণে, তদপেক্ষা অধিক সরীসৃপে (বিহঙ্গ প্রভৃতিতে) এবং তদপেক্ষা অধিক পক্ষিকুলে দেখা যায় ।৬৪

পক্ষী হইতে অধিক মৃগসমূহে, মৃগ হইতে অধিক পশুকুলে ও পশুগণ অপেক্ষা অধিক পরিমাণে মনুষ্যে ক্ষেত্রজ্ঞশক্তির প্রভাব লক্ষিত হয় ।৬৫

হে নৃপ! মনুষ্য অপেক্ষা অধিক পরিমাণে নাগ, গন্ধর্ব্ব যক্ষ প্রভৃতি দেবতাসমূহে, দেবগণ হইতে অধিক পরিমাণে ইন্দ্রে, ইন্দ্র হইতে অধিক পরিমাণে প্রজাপতিতে এবং প্রজাপতি হইতেও অধিক পরিমাণে হিরণ্যগর্ভে সেই ক্ষেত্রজ্ঞ শক্তি প্রকাশ পাইয়া থাকে। হে রাজন্! এই সমস্তই সেই অশেষরূপ ভগবানের রূপ ।৬৬-৬৭

যেহেতু এ সমস্তই আকাশের ন্যায় তাঁহার শক্তি দ্বারা ব্যাপ্ত রহিয়াছে। হে মহামতে! অতঃপর যোগিগণ সেই বিষ্ণুর যে রূপ ধ্যান করিয়া থাকেন, সেই দ্বিতীয় রূপের বিষয় শ্রবণ করুন। জ্ঞানিগণ ব্রহ্মের যে অমূর্ত্ত রূপ তাহাকে সৎ বলিয়া থাকেন। হে রাজন্! যে রূপে পূর্ব্বোক্ত সমস্ত শক্তি প্রতিষ্ঠিত রহিয়াছে, এই রূপই বিশ্বরূপের স্বরূপ। এতদ্ ব্যতিরিক্ত শ্রীহরির আরও অনেক রূপ আছে ।৬৮-৬৯

হে জনেশ্বর। ভগবানের ঐ রূপ স্বলীলায় দেবতা, তির্য্যক্ ও মনুষ্যাদির চেষ্টাবিশিষ্ট সর্ব্বশক্তিময় রূপসকল ধারণ করেন ।৭০

পাঠান্তর :—(ক) অপ্রাণবৎসু মহ্যা বা—।

যথাগ্নিরুদ্ধতশিখঃ কক্ষং দহতি সানিলঃ।
তথা চিত্তস্থিতো বিষ্ণুর্যোগিনাং সর্ব্বকিল্বিষম্ ॥৭৩
তস্মাৎ সমস্তশক্তীনামাধারে তত্র চেতসঃ।
কুর্ব্বীত সংস্থিতিং সা তু বিজ্ঞেয়া শুদ্ধধারণা ॥৭৪
শুভাশ্রয়ঃ স চিত্তস্য সর্ব্বগস্য তথাত্মনঃ(ক)।
ত্রিভাবভাবনাতীতো মুক্তয়ে যোগিনাং নৃপ ॥৭৫
অন্যে চ পুরুষব্যাঘ্র চেতসো যে ব্যপাশ্রয়াঃ।
অশুদ্ধান্তে সমস্তাস্তু দেবাদ্যাঃ কর্ম্মযোনয়ঃ ॥৭৬
মূর্ত্তং ভগবতো রূপং সর্ব্বাপাশ্রয়নিঃস্পৃহম্।
এষা বৈ ধারণা জ্ঞেয়া যচ্চিত্তং তত্র ধার্য্যতে ॥৭৭
যচ্চ মূর্ত্তং হরে রূপং যাদৃক্ চিন্ত্যং নরাধিপ।
তচ্ছ্রূয়তামনাধারে (খ)ধারণা নোপপদ্যতে ॥৭৮
প্রসন্নচারুবদনং পদ্মপত্রোপমেক্ষণম্।
সুকপোলং সুবিস্তীর্ণললাটফলকোজ্জ্বলম্ ॥৭৯

এই সকল রূপধারণে ভগবানের যে ব্যাপক এবং অব্যাহত চেষ্টা, তাহা জগতের উপকারের জন্য, কর্ম্ম জন্য নহে।৭১

হে রাজন্! যোগযুক্ত ব্যক্তি চিত্তের বিশুদ্ধির জন্য সমস্ত পাপবিনাশন বিষ্ণুরূপের সেই রূপ চিন্তা করিবেন। যেমন বায়ু দ্বারা সংবর্দ্ধিত ঊর্দ্ধশিখ অগ্নি শুষ্ক তৃণকে দগ্ধ করে, তদ্রূপ চিত্তস্থিত ভগবান্ বিষ্ণু যোগিগণের পাপরাশি ভস্ম করিয়া থাকেন।৭২-৭৩

অতএব সমস্ত শক্তির আধার সেই পরমেশ্বরে চিত্তকে স্থির করিবেন, তাঁহাতেই নাম বিশুদ্ধ ধারণা।৭৪

হে রাজন্! সর্ব্বব্যাপী আত্মারও আশ্রয় এবং ভাবনাত্রয়ের অতীত সেই পরমাত্মাই যোগিগণের মুক্তির জন্য চিত্তের শুভ আশ্রয়।৭৫

হে পুরুষশ্রেষ্ঠ! অন্যান্য যে সকল কর্ম্ম-যোনি দেবতাগণ চিত্তের আশ্রয় হন, তাঁহারা সকলেই অবিশুদ্ধ। ভগবানের এই মূর্ত্তরূপ চিত্তকে অন্যান্য আলম্বন হইতে নিস্পৃহ করিয়া থাকে। এইরূপে চিত্তকে ভগবানে স্থির করার নামই ধারণা।৭৬-৭৭

সমকর্ণান্তবিন্যস্ত-চারুকর্ণবিভূষণম্।
কম্বুগ্রীবং সুবিস্তীর্ণ-শ্রীবৎসাঙ্কিতবক্ষসম্ ॥৮০
বলীত্রিভঙ্গিনা নম্রনাভিনা চোদরেণ বৈ।
প্রলম্বাষ্টভুজং বিষ্ণুমথবাপি চতুর্ভুজম্ ॥৮১
সমস্থিতোরুজঙ্ঘঞ্চ সুস্থিরাঙ্ঘ্রিবরাম্বুজম্।
চিন্তয়েদ্ ব্রহ্ম মূর্ত্তঞ্চ পীতনির্ম্মলবাসসম্ ॥৮২
কিরীটচারুকেয়ূর-কটকাদিবিভূষিতম্।
শার্ঙ্গ-শঙ্খ-গদা-খড়্গ-চক্রাক্ষবলয়ান্বিতম্ ॥৮৩
চিন্তয়েত্তন্মনা যোগী সমাধায়াত্মমানসম্।
তাবদ্ যাবদ্ দৃঢ়ীভূতা তত্রৈব নৃপ ধারণা ॥৮৪
ব্রজতস্তিষ্ঠতো বাপি স্বেচ্ছয়া কর্ম্ম কুর্ব্বতঃ।
নাপযাতি যদা চিত্তাৎ সিদ্ধাং মন্যেত তাং তদা ॥৮৫
ততঃ শঙ্খ-গদা-চক্র-শার্ঙ্গাদিরহিতং বুধঃ।
চিন্তয়েদ্ভগবদ্রূপং প্রশান্তং সাক্ষসূত্রকম্ ॥৮৬

হে নরাধিপ! সেই ধারণা বিনা আধারে হয় না, সেইজন্য ভগবানের যে মূর্ত্ত রূপ যেভাবে চিন্তা করা উচিত, তাহা শ্রবণ করুন।৭৮

যাঁহার সুন্দর ও প্রসন্ন বদন, পদ্মপত্র সদৃশ আয়ত-নয়ন, শোভন কপোলদেশ, ললাট সুবিশাল ও উজ্জ্বল।৭৯

যাঁহার কর্ণের অন্তভাগ পর্য্যন্ত বিন্যস্ত সুন্দর কর্ণভূষণ (কুণ্ডল), শঙ্খ-সদৃশ সুন্দর গ্রীবা, সুবিস্তীর্ণ ও শ্রীবৎস চিহ্নাঙ্কিত বক্ষঃস্থল, তরঙ্গাকার ত্রিবলির ভঙ্গীতে নতনাভি-উদর দ্বারা বিশোভিত, যিনি আজানুলম্বিত অষ্টভুজ অথবা চতুর্ভুজ, যাঁহার উরু ও জঙ্ঘা সমভাবে অবস্থিত, পদ ও করকমল সুস্থির এবং যিনি নির্ম্মল পীতবসনধারী, সেই ব্রহ্মভূত বিষ্ণুর মূর্ত্তরূপ চিন্তা করিবে।৮০-৮২

যিনি সুন্দর কিরীট ও কটকাদি অলঙ্কারে বিভূষিত এবং শার্ঙ্গ, শঙ্খ, গদা, খড়্গ, চক্র, অক্ষ ও বলয়যুক্ত, ভগবানের পবিত্র বিষ্ণুমূর্ত্তিকে যোগী মনঃসংযমপূর্ব্বক তদ্গতচিত্ত হইয়া যে পর্য্যন্ত দৃঢ় ধারণা না হয়, তাবৎ চিন্তা করিবেন।৮৩-৮৪

পাঠান্তর :—(ক)—সর্ব্বসন্তাশ্রয়াত্মনঃ।
(খ) তচ্ছ্রূয়তামনাধারা—।

* কোন কোন গ্রন্থে এই শ্লোকের পর নিম্নলিখিত শ্লোক পঙ্‌ক্তিটি অধিক দেখা যায়,—'বরদাভয়হস্তঞ্চ মুদ্রিকারত্নভূষিতম্।'

সা যদা ধারণা তদবস্থানবতী ততঃ।
কিরীট-কেয়ূরমুখৈর্ভূষণৈ রহিতং স্মরেৎ ॥৮৭
তদেকাবয়বং দেবং চেতসা হি পুনর্বুধঃ।
কুর্য্যাত্ততোঽবয়বিনি প্রণিধানপরো ভবেৎ ॥৮৮
তদ্রূপপ্রত্যয়ায়ৈকা সন্ততিশ্চান্যনিস্পৃহা।
তদ্ধ্যানং প্রথমৈরঙ্গৈঃ ষড়্ভির্নিষ্পাদ্যতে নৃপ ॥৮৯
তস্যৈব কল্পনাহীনং স্বরূপগ্রহণং হি যৎ।
মনসা ধ্যাননিষ্পাদ্যঃ সমাধিঃ সোঽভিধীয়তে ॥৯০
বিজ্ঞানং প্রাপকং প্রাপ্যে পরে ব্রহ্মণি পার্থিব।
প্রাপণীয়স্তথৈবাত্মা প্রক্ষীণাশেষভাবনঃ ॥৯১
ক্ষেত্রজ্ঞঃ কারণং (ক)জ্ঞানং করণং তেন তস্য তৎ।
নিষ্পাদ্যং(খ) মুক্তিকার্য্যং বৈ কৃতকৃত্যো নিবর্ত্ততে ॥৯২
তদ্ভাবভাবনাপন্নস্ততোঽসৌ পরমাত্মনা।
ভবত্যভেদী ভেদশ্চ(গ) তস্যাজ্ঞানকৃতো ভবেৎ ॥৯৩
বিভেদজনকে জ্ঞানে(ঘ) নাশমাত্যন্তিকং গতে।
আত্মনো ব্রহ্মণো ভেদমসদ্ধুং কঃ করিষ্যতি ॥৯৪
ইত্যুক্তস্তে মহাযোগঃ (ঙ)ধাণ্ডিক্য পরিপৃচ্ছতঃ।
সংক্ষেপ-বিস্তরাভ্যান্তু কিমন্যৎ ক্রিয়তাং তব ॥৯৫

ধাণ্ডিক্য উবাচ।

কথিতে যোগসদ্ভাবে সর্ব্বমেব কৃতং মম।
তবোপদেশেনাশেষো নষ্টশ্চিত্তমলো যতঃ ॥৯৬
মমেতি যন্ময়া প্রোক্তমসদেতন্ন চান্যথা।
নরেন্দ্র গদিতুং শক্যমপি বিজ্ঞেয়ভেদিভিঃ(চ) ॥৯৭

কোন স্থানে গমন বা অবস্থান কিংবা স্বেচ্ছাপূর্ব্বক কোন কর্ম্ম করিবার সময়েও যখন যোগীর চিত্ত হইতে সেই রূপ অপগত না হইবে, তখন ধারণা সিদ্ধ হইয়াছে জানিবে। তার পরে জ্ঞানী ব্যক্তি শঙ্খ, গদা, চক্র ও শার্ঙ্গাদিবিরহিত এবং অক্ষসূত্রবিশিষ্ট ভগবানের প্রশান্তমূর্ত্তি ধ্যান করিবে। সেই মূর্ত্তিতেও যখন ঐরূপ ধারণা স্থির হইবে, তখন কিরীট কেয়ূর প্রভৃতি ভূষণরহিত ভগবানের মূর্ত্তি ধ্যান করিবে।৮৫-৮৭

বিজ্ঞব্যক্তি তৎপরে এক (প্রধান) অবয়ব বিশিষ্ট ভগবন্মূর্ত্তির চিন্তা করিবে; তাহাতে ধারণা পরিপক্ক হইলে যোগী অবয়বীর ধ্যান করিবে।৮৮

যাহাতে কেবল পরমেশ্বরের রূপই প্রতীতি হয়, এইরূপ যে বিষয়ান্তরে স্পৃহাশূন্য এক অবিচ্ছিন্ন ধারা, তাহারই নাম ধ্যান। হে রাজন! এই ধ্যান, যম প্রভৃতি পূর্ব্বোক্ত ছয় প্রকার অঙ্গ দ্বারা নিষ্পাদিত হইয়া থাকে।৮৯

ধ্যেয় পদার্থের সমস্ত কাল্পনিক অংশ পরিত্যাগপূর্ব্বক মন দ্বারা স্বরূপমাত্রের যে জ্ঞান, তাহার নাম সমাধি; এই সমাধি ধ্যান দ্বারা নিষ্পাদ্য।৯০

হে রাজন্! সমাধিই উত্তরকালে ভগবৎস্বরূপ সাক্ষাৎকারের একমাত্র বিজ্ঞান এবং উহা পরব্রহ্মরূপ প্রাপ্যবিষয়ের প্রাপক, আর পূর্ব্বোক্ত ত্রিবিধ ভাবনাবিহীন আত্মাই প্রাপণীয়। জীবের মুক্তির প্রতি ক্ষেত্রজ্ঞ কারণ এবং জ্ঞান করণ। জ্ঞানরূপী করণদ্বারা জীবের মুক্তিরূপ কার্য্য নিষ্পাদিত হয়। মুক্ত হইলে সেই জীব কৃতকৃত্য হয়; তখন তাহার সংসারের যাতায়াত নিবৃত্তি পায়। [এইস্থলে এইরূপ অর্থও দেখা যায়,—'মুক্তিলাভে ক্ষেত্রজ্ঞ কর্ত্তা, জ্ঞান করণ। পূর্ব্বোক্ত বিজ্ঞান জ্ঞানরূপী করণদ্বারা ক্ষেত্রজ্ঞের মুক্তিরূপ কার্য্য নিষ্পাদন করত স্বয়ং নিবৃত্ত হয়।] সেই পরমাত্মার ভাবনায় নিমগ্ন জীব পরমাত্মার সহিত অভিন্ন হয়। কিন্তু তাহার ভেদজ্ঞান অজ্ঞানতাবশতঃ হইয়া থাকে।৯১-৯৩

সমস্ত পদার্থের ভেদজনক জ্ঞান আত্যন্তিক বিনাশ প্রাপ্ত হইলে, আত্মা ও ব্রহ্মের যে অসৎ (অবিদ্যমান) ভেদ কে করিতে সমর্থ হয়? ৯৪

হে ধাণ্ডিক্য! এই আপনাকে সংক্ষেপে ও বিস্তাররূপে মহাযোগ বলিলাম, আপনার আর কি করিব বলুন? ৯৫

ধাণ্ডিক্য বলিলেন,—যখন মহাযোগ আমার নিকট বর্ণন করিলেন, তখন আপনি আমার সকলই করিয়াছেন; যেহেতু আপনার উপদেশে আমার চিত্তের সমস্ত মল বিনষ্ট হইয়াছে।৯৬

পাঠান্তর :—(ক) ক্ষেত্রজ্ঞঃ করণী—। (খ) নিষ্পাদ্য—। (গ) ভবত্যভেদী ভেদস্য—। (ঘ) বিভেদজনকেঽজ্ঞানে—।
(ঙ) ইত্যুক্তস্তে যদা যোগঃ—। (চ) —বিজ্ঞেয়বেদিভিঃ।

অহং মমেত্যবিদ্বেরং ব্যবহারস্তথানয়োঃ।
পরমার্থস্বসংলাপ্যো (ক) গোচরো বচসাং ন সঃ ॥৯৮
তদ্ গচ্ছ শ্রেয়সে সর্ব্বং মমৈতত্তবতা কৃতম্।
যদ্বিমুক্তিপ্রদো যোগঃ প্রোক্তঃ কেশিধ্বজাব্যয়ঃ ॥৯৯

পরাশর উবাচ।

যথার্হপূজয়া তেন খাণ্ডিক্যেন স পূজিতঃ।
আজগাম পুরং ব্রহ্মংস্ততঃ কেশিধ্বজো নৃপঃ ॥১০০
খাণ্ডিক্যোঽপি সুতং কৃত্বা রাজানং যোগসিদ্ধয়ে।
বনং জগাম গোবিন্দে বিনিবেশিতমানসঃ ॥১০১

তত্রৈকান্তরতির্ভূত্বা যমাদিগুণযোধিতঃ।
বিষ্ণ্বাখ্যে নির্ম্মলে ব্রহ্মণ্যবাপ নৃপতির্লয়ম্ ॥১০২

কেশিধ্বজোঽপি মুক্ত্যর্থং স্বকর্ম্মক্ষপণোন্মুখঃ।
বুভুজে বিষয়ান্ কর্ম্ম চক্রে চানভিসংহিতম্ ॥১০৩

স কল্পনোপভোগৈশ্চ ক্ষীণপাপোঽনলস্তথা।
অবাপ নির্ম্মলত্বন্তু তাপক্ষয়ফলাং দ্বিজ ॥১০৪

ইতি বিষ্ণুপুরাণে ষষ্ঠাংশেঃ সপ্তমঃ অধ্যায়ঃ ॥

হে মহেন্দ্র! "আমার" বলিয়া আমি যাহা বলিতেছি, তাহা সমস্তই মিথ্যা, তাহাতে সন্দেহ নাই; জ্ঞানী ব্যক্তি "আমার" বলিয়া কোন পদার্থের নির্দ্দেশ করিতে পারেন না।৯৭

"আমি" "আমার" এই বুদ্ধি ও ইহার ব্যবহার তো অবিদ্যা। পরমার্থ আলাপের বিষয় নহে; কারণ, তাহা বাক্যের অগোচর।৯৮

হে কেশিধ্বজ! আপনি যখন আমাকে মুক্তিপ্রদ অব্যয় যোগে বলিলেন,—তখন ইহাতে আমার সমস্ত উপকার করিলেন, এক্ষণে আপনার কল্যাণের নিমিত্ত আপনি গমন করুন।৯৯

পরাশর বলিলেন,—হে ব্রহ্মন্! তারপর কেশিধ্বজ নৃপতি খাণ্ডিক্য কর্ত্তৃক যথাযোগ্য পূজা দ্বারা পূজিত হইয়া আপনার নগরে আগমন করিলেন।১০০

খাণ্ডিক্যও আপন পুত্রকে রাজা* করিয়া ভগবানে চিত্ত নিবেশপূর্ব্বক যোগসিদ্ধির নিমিত্ত গহনবনে গমন করিয়াছিলেন।১০১

পরে খাণ্ডিক্যরাজা যমাদিসাধন দ্বারা পরমেশ্বর চিন্তায় রত থাকিয়া বিষ্ণুনামক নির্ম্মল ব্রহ্মে লয় প্রাপ্ত হইয়াছেন।১০২

কেশিধ্বজ নৃপতিও মুক্তির জন্য আপন অদৃষ্টক্ষয়ে উন্মুখ হইয়া বহুতর বিষয়ভোগ ও নিষ্কাম ভাবে কর্ম্মসমূহের অনুষ্ঠান করিয়াছিলেন।১০৩

হে দ্বিজ! ঐ রাজা অভিলষিত ভোগসমূহ দ্বারা ক্ষীণপাপ, সুতরাং নির্ম্মলচিত্ত হইয়া আত্যন্তিক তাপক্ষয়-রূপ ফলপূর্ণ সিদ্ধি প্রাপ্ত হইয়াছিলেন।১০৪

পাঠান্তর:—(ক) পরমার্থস্বসংলাপো—।

* যদিও খাণ্ডিক্য রাজা ছিলেন না, তথাপি বনে যে দুর্গ, মন্ত্রী ও সৈন্য প্রভৃতি ছিল, তাহাদিগেরই প্রভুরূপে নিজ পুত্রকে অভিষিক্ত করেন।

বিষ্ণুপুরাণের ষষ্ঠাংশে সপ্তম অধ্যায় সমাপ্ত।

অষ্টমঃ অধ্যায়ঃ

[শিষ্যপরম্পরাকথনম্, বিষ্ণুপুরাণস্য মহাত্ম্যমুপসংহারশ্চ ।]

পরাশর উবাচ ।

ইত্যেষ কথিতঃ সম্যক্ তৃতীয়ঃ প্রতিসঞ্চরঃ ।
আত্যন্তিকো বিমুক্তির্বা লয়ো ব্রহ্মণি শাশ্বতে ॥১
সর্গশ্চ প্রতিসর্গশ্চ বংশো মন্বন্তরাণি চ ।
বংশানুচরিতং চৈব ভবতো গদিতং ময়া ॥২
পুরাণং বৈষ্ণবঞ্চৈতৎ সর্ব্বকিল্বিষনাশনম্ ।
বিশিষ্টং সর্ব্বশাস্ত্রেভ্যঃ পুরুষার্থোপপাদকম্ ॥৩
তুভ্যং যথাবন্মৈত্রেয় প্রোক্তং শুশ্রূষবেঽব্যয়ম্ ।
যদন্যদপি বক্তব্যং তৎ পৃচ্ছাদ্য বদামি তে ॥৪

মৈত্রেয় উবাচ ।

ভগবন্ কথিতং সর্ব্বং যৎ পৃষ্টোঽসি ময়া মুনে ।
শ্রুতঞ্চৈতন্ময়া ভক্ত্যা নান্যৎ প্রষ্টব্যমস্তি তে ॥৫
বিচ্ছিন্নাঃ সর্ব্বসন্দেহা বৈমল্যং মনসঃ কৃতম্ ।
ত্বৎপ্রসাদান্ময়া জ্ঞাতা উৎপত্তি-স্থিতি-সংযমাঃ ॥৬
জ্ঞাতশ্চতুর্বিধো রাশিঃ শক্তিশ্চ ত্রিবিধা গুরো ।
বিজ্ঞাতা চাপি কার্ৎস্ন্যেন ত্রিবিধা ভাবভাবনা ॥৭
ত্বৎপ্রসাদান্ময়া জ্ঞাতং জ্ঞেয়মন্যৈরলং দ্বিজ ।
যথৈতদখিলং বিশ্বোর্জগন্ন ব্যতিরিচ্যতে ॥৮
কৃতার্থোঽস্ম্যপসন্দেহ-(ক) ত্বৎপ্রসাদান্মহামুনে ।
বর্ণধর্ম্মাদয়ো ধর্ম্মা বিদিতা যদশেষতঃ ॥৯
প্রবৃত্তঞ্চ নিবৃত্তঞ্চ জ্ঞাতং কর্ম্ম ময়াখিলম্ ।
প্রসীদ বিপ্রপ্রবর নান্যৎ প্রষ্টব্যমস্তি মে ॥১০
যদস্য কথনায়ালৈর্বোজিতোঽসি ময়া গুরো ।
তৎ ক্ষম্যতাং বিশেষোঽস্তি ন সতাং পুত্র-শিষ্যয়োঃ ॥১১

অষ্টম অধ্যায়

[শিষ্যপরম্পরা কথন, বিষ্ণুপুরাণের মাহাত্ম্য ও উপসংহার ।]

পরাশর বলিলেন,—তৃতীয় প্রলয়ের বিষয় এই সম্যগ্‌রূপে কথিত হইল, ইহারই নাম বিমুক্তি ; ইহাতেই জীবগণ শাশ্বত ব্রহ্মস্বরূপে আত্যন্তিকরূপে লয় প্রাপ্ত হয় ।১

তোমাকে আমি স্বর্গ, প্রতিসর্গ, বংশ, মন্বন্তর ও বংশানুচরিত প্রভৃতির বিষয় বলিলাম ।২

এই বিষ্ণুপুরাণ সমস্ত পাপ বিনাশ করে এবং সকল শাস্ত্র হইতে ইহা বিশিষ্ট ও মোক্ষের সাধক ।৩

তোমাকে শ্রবণে উৎসুক দেখিয়া যথাবৎ বর্ণন করিলাম । আর কি বলিতে হইবে, অদ্য জিজ্ঞাসা কর—বলিতেছি ।৪

মৈত্রেয় বলিলেন,—হে ভগবন্ । যাহা আমি আপনাকে জিজ্ঞাসা করিয়াছি, সে সমস্তই আপনি আমাকে বলিলেন । আমি ইহা ভক্তির সহিতই শ্রবণ করিয়াছি, আমার আর কিছু জিজ্ঞাস্য নাই । আমার সমস্ত সন্দেহ নষ্ট হইয়াছে । আপনার প্রসাদে আমার মন নির্ম্মল হইয়াছে ও আমি সৃষ্টি, স্থিতি এবং প্রলয়ের বিষয় জানিতে পারিয়াছি ।৫-৬

হে গুরো ! চারিপ্রকার রাশি (১) ও ত্রিবিধ শক্তি(২) আমি জানিয়াছি ; তিনপ্রকার ভাবভাবনাও(৩) সম্যগ্‌রূপে অবগত হইয়াছি ।৭

হে দ্বিজ ! আপনার কৃপায় জানিয়াছি যে, এই সমস্ত জগৎ বিষ্ণু হইতে ভিন্ন নয় ; অতএব আমার আর জানিবার কিছুই নাই ।৮

হে মহামুনে ! আপনার কৃপায় আমি কৃতার্থ হইয়াছি, আমার সন্দেহ সকল অপগত হইয়াছে, বর্ণধর্ম্ম

পাঠান্তর :—(ক) কৃতার্থোঽহমসন্দেহ— ।

(১) প্রথম অংশ, ২২ অধ্যায়, শ্লোকসংখ্যা—২১-৩১ ।
(২) ৬ষ্ঠ ৭ —৬১-৬৩ ।
(৩) —৪৮-৫১ ।

পরাশর উবাচ।

এতত্তে বহ্ময়াখ্যাতং পুরাণং বেদসম্মিতম্।
শ্রুতেঽস্মিন্ সর্ব্বদোষোত্থপাপরাশিঃ প্রশাম্যতি ॥১২
সর্গশ্চ প্রতিসর্গশ্চ বংশো মন্বন্তরাণি চ।
বংশানুচরিতং কৃৎস্নং ময়াত্র তব কীর্ত্তিতম্ ॥১৩
অত্র দেবাস্তথা দৈত্যা গন্ধর্ব্বোরগরাক্ষসাঃ।
যক্ষা বিদ্যাধরাঃ সিদ্ধাঃ কথ্যন্তেঽপ্সরসস্তথা ॥১৪
মুনয়ো ভাবিতাত্মানঃ কথ্যন্তে তপসান্বিতাঃ।
চাতুর্ব্বর্ণ্যং যথা পুংসাং বিশিষ্টচরিতা নরাঃ (ক) ॥১৫
পুণ্যাঃ প্রদেশা মেদিন্যাঃ পুণ্যা নদ্যোঽথ সাগরাঃ।
পর্ব্বতাশ্চ মহাপুণ্যাশ্চরিতানি চ ধীমতাম্ ॥১৬
বর্ণধর্ম্মাদয়ো ধর্ম্মা বেদধর্ম্মাশ্চ কৃৎস্নশঃ।
যেষাং সংশ্রবণাৎ সদ্যঃ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥১৭
উৎপত্তি-স্থিতি-নাশানাং হেতুর্যো জগতোঽব্যয়ঃ।
স সর্ব্বভূতঃ সর্ব্বাত্মা কথ্যতে ভগবান্ হরিঃ ॥১৮
অবশেনাপি যন্নাম্নি কীর্ত্তিতে সর্ব্বপাতকৈঃ।
পুমান্ বিমুচ্যতে সদ্যঃ সিংহত্রস্তৈর্মৃগৈরিব ॥১৯
যন্নাম কীর্ত্তিতং ভক্ত্যা বিলাপনমনুত্তমম্ (খ)।
মৈত্রেয়াশেষপাপানাং ধাতূনামিব পাবকঃ ॥২০
কলিকল্মষদুষ্টাগ্রং নরকাতিপ্রদং নৃণাম্।
প্রয়াতি বিলয়ং সদ্যঃ সকৃদ্যত্রানুসংস্মৃতে ॥২১
হিরণ্যগর্ভদেবেন্দ্ররুদ্রাদিত্যাশ্বিবায়ুভিঃ।
কিন্নরৈর্বসুভিঃ সাধ্যৈ(গ) র্বিশ্বেদেবাদিভিঃ সুরৈঃ ॥২২
যক্ষরক্ষোগণৈঃ (ঘ) সিদ্ধৈর্দৈত্যগন্ধর্ব্বপন্নগৈঃ।
অপ্সরোভিস্তথা তারানক্ষত্রৈঃ সকলৈর্গ্রহৈঃ ॥২৩
সপ্তর্ষিভিস্তথা ধিষ্ক্যৈর্দিক্ষ্বধিপতিভিস্তথা।
ব্রাহ্মণাদৈর্মনুষ্যৈশ্চ তথৈব পশুভির্খগৈঃ ॥২৪

প্রভৃতি যে সকল ধর্ম্ম আছে, সে সমস্তও বিদিত হইয়াছি।৯

প্রবৃত্ত ও নিবৃত্ত ভেদে সমস্ত কর্ম্মই আমি জানিয়াছি, হে বিপ্রবর! আপনি প্রসন্ন থাকুন, আমার আর কোন জিজ্ঞাস্য নাই।১০

হে গুরো! এই সমস্ত পুরাণ-কথনে আমা দ্বারা আপনি যে ক্লেশ পাইলেন, অনুগ্রহপূর্ব্বক তাহা ক্ষমা করুন; সাধুলোকের পুত্রে ও শিষ্যে কিছু বিশেষ নাই।১১

যস্যাস্যকমলগলিতং বাঙ্ময়মমৃতং জগৎ পিবতি॥
শুকরূপ প্রবোধজ্ঞ সর্ব্বশাস্ত্রবিশারদ।
এতৎকথাপ্রকাশেন মদজ্ঞানং বিনাশয়॥
সংসারসাগরে মগ্নং দীনং মাং করুণানিধে।
কর্ম্মগ্রাহগৃহীতাঙ্গং মামুদ্ধর ভবার্ণবাৎ॥
শ্রীমদ্ভাগবতাখ্যোঽয়ং প্রত্যক্ষঃ কৃষ্ণ এব হি।
স্বীকৃতোঽসি ময়া নাথ মুক্ত্যর্থং ভবসাগরে॥
মনোরথো মদীয়োঽয়ং সর্ব্বথা সফলস্ত্বয়া।
নির্ব্বিঘ্নেনৈব কর্ত্তব্যো দাসোঽহং তব কেশব॥

অতঃ পরং শ্রীমদ্ভাগবতমাহাত্ম্যং কীর্ত্তয়েৎ। তদনন্তরং যথাবিধি শ্রীমদ্ভাগবতং পঠেৎ।

পদ্ধতিরিয়ং বেদানুসারেণ নিরূপিতা। বঙ্গদেশ-প্রচলিত পদ্ধতিস্তু স্থলবিশেষে ভিন্নরূপা। সা তদ্বিশেষাভিজ্ঞেভ্যো জ্ঞাতব্যা।

প্রার্থনা

বন্দে শ্রীকৃষ্ণদেবং মুরনরকতিদং
বেদবেদান্তবেদ্যং
লোকে ভক্তিপ্রসিদ্ধং যদুকুলজলধৌ
প্রাদুরাসীদপায়ে।
যস্যাসীদ্ রূপমেবং ত্রিভুবনতরণে
ভক্তিযচ্চ স্বতন্ত্রম্।
শাস্ত্রং রূপঞ্চ লোকে প্রকটয়তি মুদা
যঃ স নো ভূতিহেতুঃ॥
নমঃ কৃষ্ণপদাব্জায় ভক্তাভীষ্টপ্রদায়িনে।
আরক্তং রোচয়েচ্ছশ্মামকে হৃদয়াম্বুজে॥
শ্রীভাগবতরূপং তৎ পূজয়েদ্ ভক্তিপূর্ব্বকম্।
অর্চকায়াখিলান্ কামান্ প্রযচ্ছতি ন সংশয়ঃ॥

শ্রীশুকদেবস্য নমস্কারঃ

যং প্রব্রজন্তমনুপেতমপেতকৃত্যং
দ্বৈপায়নো বিরহকাতর আজুহাব।
পুত্রেতি তন্ময়তয়া তরবোঽভিনেদু-
স্তং সর্বভূতহৃদয়ং মুনিমানতোঽস্মি॥

যঃ স্বানুভাবমখিলশ্রুতিসারমেক-
মধ্যাত্মদীপমতিতীর্ষতাং তমোঽন্ধম্।
সংসারিণাং করুণয়াহ পুরাণগুহ্যং
তং ব্যাসসূনুমুপযামি গুরুং মুনীনাম্॥

স্বমুখনিসৃতচেতাস্তদ্রুদন্তান্যভাবো-
ঽপ্যজিতরুচিরলীলাকৃষ্টসারস্তদীয়ম্।
ব্যতনুত কৃপয়া যস্তত্ত্বদীপং পুরাণং
তমখিলবৃজিনঘ্নং ব্যাসসূনুং নতোঽস্মি॥

যে শ্রীশুকদেবের যজ্ঞোপবীত সংস্কারও হয় নাই, সুতরাং লৌকিক-বৈদিক কর্মসকলের অনুষ্ঠানে যিনি অধিকারী নন, যাঁহাকে একাকী সন্ন্যাসগ্রহণের উদ্দেশে যাইতে দেখিয়া তাঁহার পিতা বেদব্যাস পুত্রবিরহে কাতরতাহেতু 'পুত্র পুত্র' বলিয়া আহ্বান করিয়াছিলেন, তন্ময়তার সহিত বেদব্যাসের আহ্বানে তৎকালীন সেবানকার বৃক্ষসকলও 'পুত্র পুত্র' এই বলিয়া প্রতিধ্বনি করিয়াছিল, সেই সর্ব্বজীবের হৃদয়ে বিরাজমান মুনি শুকদেবকে আমি প্রণাম করি। (১।২।২ শ্রীমদ্ভাগবত)

এই শ্রীমদ্ভাগবত অত্যন্ত গোপনীয়—রহস্যাত্মক পুরাণ। ইহা ভগবৎস্বরূপের অনুভবকারী এবং সমস্ত বেদের সারভূত। সংসারে স্থিত যে সকল ব্যক্তি এই ঘোর অজ্ঞানরূপ অন্ধকার হইতে নিস্তার পাইতে ইচ্ছা করেন, তাঁহাদের জন্য আধ্যাত্মিকতত্ত্বপ্রকাশকারী ইহা এক অদ্বিতীয় দীপস্বরূপ। বাস্তবিক পক্ষে উঁহাদের প্রতি করুণা করিয়া মুনিদিগের আচার্য্য শ্রীশুকদেব এই শ্রীমদ্ভাগবতের বর্ণনা করিয়াছেন। আমি সেই ব্যাসপুত্র শ্রীশুকদেবের শরণ লইতেছি (১।২।৩ শ্রীমদ্ভাগবত)।

শ্রীশুকদেব নিজ আত্মানন্দেই নিমগ্ন ছিলেন। এই অখণ্ড অদ্বৈতস্থিতিনিবন্ধন উঁহার ভেদ বুদ্ধি সর্ব্বপ্রকারে নিবৃত্ত হইয়াছে। পুনরায় শ্যামসুন্দরের মধুময়ী, মঙ্গলময়ী, মনোহারিণী লীলা যাহার বৃত্তিসমূহকে নিজের দিকে আকর্ষিত করিয়া রাখিয়াছে এবং যিনি জগতের প্রাণীদিগকে কৃপা করিবার জন্য ভগবৎতত্ত্বপ্রকাশক এই মহাপুরাণ প্রচার করিয়াছেন, আমি সেই সর্ব্বপাপহারী ব্যাসনন্দন শুকদেবকে প্রণাম করি। (১২।১২।৬৮)

ওঁ নমো ভগবতে বাসুদেবায়

শ্রীমদ্ভাগবতমাহাত্ম্যম্

ওঙ্কারনাথসেবক শ্রীরামরঞ্জনকাব্যব্যাকরণতীর্থকৃতবঙ্গভাষানুবাদসহিতম্

প্রথমঃ অধ্যায়ঃ

[ভক্তিদেব্যা সহ দেবর্ষি-নারদস্য সাক্ষাৎকারঃ।]

সচ্চিদানন্দরূপায় বিশ্বোৎপত্ত্যাদিহেতবে।
তাপত্রয়বিনাশায় শ্রীকৃষ্ণায় বয়ং নুমঃ ॥১

যং প্রব্রজন্তমনুপেতমপেতকৃত্যং
দ্বৈপায়নো বিরহকাতর আজুহাব।
পুত্রেতি তন্ময়তয়া তরবোঽভিনেদু-
স্তং সর্বভূতহৃদয়ং মুনিমানতোঽস্মি ॥২

নৈমিষে সূতমাসীনমভিবাদ্য মহামতিম্।
কথামৃতরসাস্বাদকুশলঃ শৌনকোঽব্রবীৎ ॥৩

শৌনক উবাচ।

অজ্ঞানধ্বান্তবিধ্বংসকোটিসূর্য্যসমপ্রভ।
সূতাখ্যাহি কথাসারং মম কর্ণরসায়নম্ ॥৪

ভক্তিজ্ঞানবিরাগাপ্তো বিবেকো বর্দ্ধতে মহান্।
মায়ামোহনিরাশশ্চ বৈষ্ণবৈঃ ক্রিয়তে কথম্ ॥৫

ইহ ঘোরে কলৌ প্রায়ো জীবশ্চাসুরতাং গতঃ।
ক্লেশাক্রান্তস্য তস্যৈব শোধনে কিং পরায়ণম্ ॥৬

ওঁ নমো ভগবতে বাসুদেবায়

কৃষ্ণং নারায়ণং বন্দে কৃষ্ণং বন্দে ব্রজপ্রিয়ম্।
কৃষ্ণং দ্বৈপায়নং বন্দে কৃষ্ণং বন্দে পৃথাসুতম্॥
মাধবং গোকুলানন্দং শ্রীগোপীজনবল্লভম্।
শ্রীরাধাসহিতং কৃষ্ণং সততং প্রণমাম্যহম্॥

প্রথম অধ্যায়

[ভক্তির সহিত দেবর্ষি নারদের সাক্ষাৎকার।]

যিনি সচ্চিদানন্দস্বরূপ, বিশ্বের উৎপত্তি, স্থিতি ও বিনাশের হেতু এবং আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক—এই ত্রিবিধ তাপ নাশ করেন, সেই ভগবান্ শ্রীকৃষ্ণের আমরা স্তব করি (স্তবমুখে প্রণাম করি।)।১

যাঁহার যজ্ঞোপবীত সংস্কার হয় নাই, সুতরাং যিনি লৌকিক-বৈদিক কর্মসকলের অনুষ্ঠানে অধিকারী নন, যাঁহাকে একাকী সন্ন্যাস গ্রহণের উদ্দেশে যাইতে দেখিয়া তাঁহার পিতা বেদব্যাস পুত্রবিরহে কাতরতা হেতু 'পুত্র পুত্র' বলিয়া আহ্বান করিয়াছিলেন, তৎকালীন তাঁহার তন্ময়তার সহিত বেদব্যাসের আহ্বানে তৎকালীন সেখানকার বৃক্ষসকলও 'পুত্র পুত্র' এই বলিয়া প্রতিধ্বনি করিয়াছিল; সেই সর্ব্বজীবের হৃদয়ে বিরাজমান মুনি শুকদেবকে আমি প্রণাম করি।২

ভগবৎকথামৃতরসের আস্বাদনে নিপুণ মুনিবর শৌনক একদা নৈমিষারণ্যে অবস্থিত মহামতি সূতকে প্রণাম করিয়া জিজ্ঞাসা করিলেন।৩

শৌনক বলিলেন—হে সূত। আপনার জ্ঞান অজ্ঞানরূপ অন্ধকারকে নষ্ট করিতে কোটি সূর্য্য-তুল্য, অতএব আপনি আমার কর্ণের রসায়ন অমৃতস্বরূপ সারগর্ভ কথা বলুন।৪

ভক্তি, জ্ঞান ও বৈরাগ্যযুক্ত মহান্ বিবেকের বৃদ্ধি কিরূপে হয় এবং বৈষ্ণবগণ কিরূপে নিজেকে মায়া-মোহ হইতে মুক্ত করেন?।৫

এই ঘোর কলিকালে জীব প্রায়ই আসুর

শ্রেয়সাং যদ্ভবেচ্ছ্রেয়ঃ পাবনানাঞ্চ পাবনম্।
কৃষ্ণপ্রাপ্তিকরং শশ্বৎ সাধনং তদ্ বদাধুনা ॥৭

চিন্তামণির্লৌকিসুখং সুরদ্রুঃ স্বর্গসম্পদম্।
প্রযচ্ছতি গুরুঃ প্রীতো বৈকুণ্ঠং যোগিদুর্লভম্ ॥৮

সূত উবাচ।

প্রীতিঃ শৌনক! চিত্তে তে হৃতো বক্ষ্যামি বিচার্য্য চ।
সর্বসিদ্ধান্তনিষ্পন্নং সংসারভয়নাশনম্ ॥৯

ভক্ত্যোঘবর্দ্ধনং যচ্চ কৃষ্ণসন্তোষহেতুকম্।
তদহং তেঽভিধাস্যামি সাবধানতয়া শৃণু ॥১০

কালব্যালমুখগ্রাসত্রাসনির্ণাশহেতবে।
শ্রীমদ্ভাগবতং শাস্ত্রং কলৌ কীরেণ ভাষিতম্ ॥১১

এতস্মাদপরং কিঞ্চিন্মনঃশুদ্ধ্যৈ ন বিদ্যতে।
জন্মান্তরে ভবেৎ পুণ্যং তদা ভাগবতং লভেৎ ॥১২

পরীক্ষিতে কথাং বক্তুং সভায়াং সংস্থিতে শুকে।
সুধাকুম্ভং গৃহীত্বৈব দেবাস্তত্র সমাগমন্ ॥১৩

শুকং নত্বাবদন্ সর্বে স্বকার্য্যকুশলাঃ সুরাঃ।
কথাসুধাং প্রযচ্ছস্ব গৃহীত্বৈব সুধামিমাম্ ॥১৪

এবং বিনিময়ে জাতে সুধা রাজ্ঞা প্রপীয়তাম্।
প্রপাস্যামো বয়ং সর্বে শ্রীমদ্ভাগবতামৃতম্ ॥১৫

ক্ব সুধা ক্ব কথা লোকে ক্ব কাচঃ ক্ব মণির্মহান্।
ব্রুবন্নিতো বিচার্য্যৈবং তদা দেবান্ জহাস হ ॥১৬

অভক্তাংস্তাংশ্চ বিজ্ঞায় ন দদৌ স কথামৃতম্।
শ্রীমদ্ভাগবতী বার্তা সুরাণামপি দুর্লভা ॥১৭

স্বভাবসম্পন্ন। বিবিধ ক্লেশে আক্রান্ত এই জীবগণকে শুদ্ধ (দৈবীশক্তিসম্পন্ন) করিবার শ্রেষ্ঠ উপায় কি? ৬

(হে সূত!) আপনি আমাকে কোন এইরূপ শাশ্বত সাধন বলুন, যাহা সকল কল্যাণকর সাধন হইতে অধিক কল্যাণকারী, পবিত্রকারীদিগেরও পবিত্রকর এবং ভগবান্ শ্রীকৃষ্ণকে লাভ করাইয়া দেয়।৭

চিন্তামণি কেবল লৌকিক সুখ এবং কল্পবৃক্ষ অধিক হইতেও অধিক স্বর্গীয় সম্পত্তি দান করেন; কিন্তু গুরুদেব প্রসন্ন হইয়া ভগবানের যোগিদুর্লভ নিত্য বৈকুণ্ঠধাম দান করেন।৮

সূত বলিলেন,—হে শৌনক! তোমার হৃদয়ে ভগবানের প্রেম বর্ত্তমান, সেইজন্য আমি বিচার করিয়া তোমাকে সম্পূর্ণ সিদ্ধান্তের সার বলিব; যাহা জন্ম-মৃত্যুর ভয় দূর করে।৯

যাহা ভক্তিপ্রবাহ বর্দ্ধিত করে এবং যাহা ভগবান্ শ্রীকৃষ্ণের প্রসন্নতার কারণ, আমি তোমাকে সেই সাধন বলিব—সাবধান হইয়া শ্রবণ কর।১০

শ্রীশুকদেব কলিকালে জীবগণের কালরূপী সর্পের মুখের গ্রাসের ভয় নাশ করিবার জন্য শ্রীমদ্ভাগবতশাস্ত্র বলিয়াছেন।১১

মনের শুদ্ধির জন্য ইহার চেয়ে আর বড় কোন সাধনা নাই। যখন মানুষের জন্ম-জন্মান্তরের পুণ্যের উদয় হয়, তখন এই ভাগবত শাস্ত্র লাভ করে।১২

যে সময় রাজা পরীক্ষিৎকে এই ভাগবতকথা বলিবার জন্য শুকদেব সভায় বিরাজ করিতেছিলেন, সেই সময় দেবগণ অমৃতকলস লইয়া তাঁহার নিকট উপস্থিত হইলেন।১৩

নিজ কার্য্যসাধনে নিপুণ দেবগণ সকলে শুকদেবকে প্রণাম করিয়া বলিলেন,—আপনি আমাদের এই সুধা গ্রহণ করিয়া আপনার কথা সুধা দান (বিনিময়) করুন।১৪

এইরূপে সুধার বিনিময় কার্য্য শেষ হইলে, তাঁহারা বলিলেন,—রাজা পরীক্ষিৎ সুধা পান করুন, আর আমরা সকলে (আপনার মুখনিঃসৃত) শ্রীমদ্ভাগবত সুধা পান করিব।১৫

কোথায় কাঁচ আর কোথায় মহামূল্য মণি, কোথায় সুধা আর কোথায় কথা—এইরূপ বিচার করত শুকদেব দেবগণকে হাসিয়া উড়াইয়া দিলেন।১৬

তিনি দেবগণকে ভক্তিশূন্য দেখিয়া তাঁহাদিগকে শ্রীমদ্ভাগবত কথামৃত দিলেন না। সুতরাং শ্রীমদ্ভাগবত কথা দেবতাদিগেরও দুর্লভ।১৭

রাজ্ঞো মোক্ষং তথা বীক্ষ্য পুরা ধাতাপি বিস্মিতঃ।
সত্যলোকে তুলাং বদ্ধ্বাতোলয়ৎ সাধনান্যজঃ ॥১৮
লঘূন্যন্যানি জাতানি গৌরবেণ ইদং মহৎ।
তদা ঋষিগণাঃ সর্বে বিস্ময়ং পরমং যযুঃ ॥১৯
মেনিরে ভগবদ্রূপং শাস্ত্রং ভাগবতং কলৌ।
পঠনাচ্ছ্রবণাৎ সদ্যো বৈকুণ্ঠফলদায়কম্ ॥২০
সপ্তাহেন শ্রুতঞ্চৈতৎ সর্বথা মুক্তিদায়কম্।
সনকাদ্যৈঃ পুরা প্রোক্তং নারদায় দয়াপরৈঃ ॥২১
যদ্যপি ব্রহ্মসম্বন্ধাচ্ছ্রুতমেতৎ সুরর্ষিণা।
সপ্তাহশ্রবণবিধিঃ কুমারৈস্তস্য ভাষিতঃ ॥২২

শৌনক উবাচ।

লোকবিগ্রহমুক্তস্য নারদস্যাস্থিরস্য চ।
বিধিশ্রবে কুতঃ প্রীতিঃ সংযোগঃ কুত্র তৈঃ সহ ॥২৩

সূত উবাচ।

অত্র তে কীর্তয়িষ্যামি ভক্তিযুক্তং কথানকম্।
শুকেন মম যৎ প্রোক্তং রহঃ শিষ্যং বিচার্য্য চ ॥২৪
একদা হি বিশালায়াং চত্বার ঋষয়োঽমলাঃ।
সৎসঙ্গার্থং সমায়াতা দদৃশুস্তত্র নারদম্ ॥২৫

কুমারা ঊচুঃ।

কথং ব্রহ্মন্ দীনমুখঃ কুতশ্চিন্তাতুরো ভবান্।
ত্বরিতং গম্যতে কুত্র কুতশ্চাগমনং তব ॥২৬
ইদানীং শূন্যচিত্তোঽসি গতবিত্তো যথা জনঃ।
তবেদং মুক্তসঙ্গস্য নোচিতং বদ কারণম্ ॥২৭

নারদ উবাচ।

অহন্তু পৃথিবীং যাতো দৃষ্ট্বা সর্বোত্তমামিতি।
পুষ্করঞ্চ প্রয়াগঞ্চ কাশীং গোদাবরীং তথা ॥২৮

পুরাকালে শ্রীমদ্ভাগবত শ্রবণ করত রাজা পরীক্ষিৎকে মুক্ত দেখিয়া ব্রহ্মা বিস্মিত হন। তিনি সত্যলোকে তুলাদণ্ড বাঁধিয়া সমস্ত সাধনকে তুলিত (ওজন) করিয়াছিলেন।১৮

অন্য সমস্ত সাধন তুলাদণ্ডে হাল্কা হইয়া যাইল, কিন্তু নিজের মহত্ত্বের জন্য শ্রীমদ্ভাগবত সর্বাপেক্ষা ভারী হইলেন। তখন ঋষিগণ সকলেই বিস্মিত হইলেন।১৯

তখন তাঁহারা সকলে মনে করিলেন,—কলিকালে এই ভগবদ্রূপী শ্রীমদ্ভাগবতশাস্ত্রের শ্রবণ-পঠনে তৎক্ষণাৎ বৈকুণ্ঠফললাভ অর্থাৎ মোক্ষলাভ হয়।২০

এই শ্রীমদ্ভাগবত সপ্তাহবিধিঅনুসারে শ্রবণ করিলে নিশ্চয়ই মুক্তি দান করেন। পুরাকালে দয়াপরবশ সনকাদি ঋষিরা নারদের নিকট বলিয়াছিলেন।২১

যদিও দেবর্ষি নারদ প্রথমে ইহা ব্রহ্মার মুখ হইতে শ্রবণ করিয়াছিলেন, তথাপি সপ্তাহশ্রবণের বিধি তো তাঁহাকে সনকাদিকুমারগণই বলিয়াছিলেন।২২

শৌনক বলিলেন,—সাংসারিক সুখ-দুঃখাদি হইতে মুক্ত এবং বিচরণপরায়ণ নারদের সনকাদির সহিত কোথায় সংযোগ (মিলন) হয় এবং সপ্তাহযজ্ঞ বিধির বিধানশ্রবণে প্রীতিই বা তাঁহার কিরূপে হয়?২৩

সূত বলিলেন,—এখন তোমাকে আমি ঐ ভক্তিপূর্ণ কথানক (আখ্যান) শুনাইতেছি; শুকদেব আমাকে তাঁহার অনন্য শিষ্য জানিয়া অতিগোপনে ইহা আমার নিকট বলিয়াছিলেন।২৪

একদিন বিশালানগরীতে (ঐ) চারিজন নির্মল ঋষি সৎসঙ্গের জন্য আগমন করেন। তাঁহারা সেখানে নারদকে দর্শন করিলেন।২৫

সনকাদি কুমারগণ জিজ্ঞাসা করিলেন,—হে ব্রহ্মন্! আপনার মুখ উদাস কেন? আপনি চিন্তাতুর কিরূপে হইলেন? এত শীঘ্রগতিতে আপনি কোথায় যাইতেছেন এবং কোথা হইতেই বা আপনি আগমন করিয়াছেন?২৬

হতধনব্যক্তির ন্যায় আপনি কখন শূন্যচিত্ত অর্থাৎ ব্যাকুল, আসক্তিরহিত আপনার এরূপ ব্যাকুলতা উচিত নয়। ইহার কারণ (প্রকাশ করিয়া) বলুন।২৭

নারদ বলিলেন,—আমি পৃথিবীকে সর্বোৎকৃষ্ট লোক বুঝিয়া এখানে আসিয়াছি, এখানে পুষ্কর, প্রয়াগ, কাশী, গোদাবরী (নাসিক), হরিদ্বার, কুরুক্ষেত্র, শ্রীরঙ্গ এবং

হরিক্ষেত্রং কুরুক্ষেত্রং শ্রীরঙ্গং সেতুবন্ধনম্।
এবমাদিষু তীর্থেষু ভ্রমমাণ ইতস্ততঃ ॥২৯

নাপশ্যং কুত্রচিচ্ছর্ম মনঃসন্তোষকারকম্।
কলিনাধর্মমিত্রেণ ধরেয়ং বাধিতাধুনা ॥৩০

সত্যং নাস্তি তপঃ শৌচং দয়া দানং ন বিদ্যতে।
উদরম্ভরিণো জীবা বরাকাঃ কূটভাষিণঃ ॥৩১

মন্দাঃ সুমন্দমতয়ো মন্দভাগ্যা হ্যুপদ্রুতাঃ।
পাষণ্ডনিরতাঃ সন্তো বিরক্তাঃ সপরিগ্রহাঃ ॥৩২

তরুণীপ্রভুতা গেহে শ্যালকো বুদ্ধিদায়কঃ।
কন্যাবিক্রয়িণো লোভাদ্দম্পতীনাঞ্চ কন্থনম্ ॥৩৩

আশ্রমা যবনৈ রুদ্ধাস্তীর্থানি সরিতস্তথা।
দেবতায়তনান্যত্র দুষ্টৈর্নষ্টানি ভূরিশঃ ॥৩৪

ন যোগী নৈব সিদ্ধো বা ন জ্ঞানী সৎক্রিয়ো নরঃ।
কলিদাবানলেনাদ্য সাধনং ভস্মতাং গতম্ ॥৩৫

অষ্টশূলা ছদ্মপন্নাঃ শিবশূলা বিজাতয়ঃ।
কামিন্যঃ কেশশূলিন্যঃ সম্ভবন্তি কলাবিহ ॥৩৬

এবং পশ্যন্ কলের্দোষান্ পর্য্যটন্নবনীমহম্।
যামুনং তটমাপন্নো যত্র লীলা হরের্ভুবং ॥৩৭

তত্রাশ্চর্য্যং ময়া দৃষ্টং শ্রূয়তাং তন্মুনীশ্বরাঃ।
একা তু তরুণী তত্র নিষণ্ণা খিন্নমানসা ॥৩৮

বৃদ্ধৌ দ্বৌ পতিতৌ পার্শ্বে নিঃশ্বসন্তাবচেতনৌ।
শুশ্রূষন্তী প্রবোধন্তী রুদতী চ তয়োঃ পুরঃ ॥৩৯

দশদিক্ষু নিরীক্ষন্তী রক্ষিতারং নিজং বপুঃ।
বীজ্যমানা শতস্ত্রীভির্বোধ্যমানা মুহুর্মুহুঃ ॥৪০

দৃষ্ট্বা দূরাদহং সোঽহং কৌতুকেন তদন্তিকম্।
মাং দৃষ্ট্বা চোত্থিতা বালা বিহ্বলা চাব্রবীদ্ বচঃ ॥৪১

বালোবাচ।

ভো ভোঃ সাধো ক্ষণং তিষ্ঠ মচ্চিন্তামপি নাশয়।
দর্শনং তব লোকস্য সর্বথাঘহরং পরম্ ॥৪২

সেতুবন্ধ রামেশ্বরাদি তীর্থসমূহে এদিক সেদিক ভ্রমণ করিতেছি; কিন্তু কোথাও আমার মনের সন্তোষপ্রদ শান্তি পাইলাম না। বর্ত্তমানে অধর্ম্মের সহায়ক কলিযুগ পৃথিবীকে পীড়িত করিতেছে ।২৮-৩০

এই সময় এখানে সত্য, তপস্যা, শৌচ (অন্তরে বাহিরে পবিত্রতা), দয়া ও দান আদি কিছুই নাই। দীন জীবগণ কেবল নিজের উদরপূরণে রত, অসত্যভাষী, নিষ্প্রভ, আলস্যপরায়ণ, মন্দবুদ্ধি, ভাগ্যহীন ও উপদ্রবগ্রস্ত। যাহারা সাধু বলিয়া পরিচিত, তাহারা পাষণ্ডকর্ম্মকারী, দেখিতে বিরক্ত হইলেও স্ত্রী এবং ধনাদি সবকিছুই পরিগ্রহ করে। গৃহে গৃহে স্ত্রীদিগের প্রাধান্য এবং শ্যালকগণই পরামর্শ দাতা। লোভবশতঃ মানুষ কন্যা বিক্রয় করিতেছে ও প্রতি গৃহেই দাম্পত্যকলহ দেখা দিয়াছে ।৩১-৩৩

মহাত্মাদিগের আশ্রম, তীর্থ ও পুণ্য নদীসকলকে যবনগণ (বিধর্মীরা) অধিকার করিয়াছে। ঐ দুষ্টগণ বহু দেবালয়ও নষ্ট করিয়া দিয়াছে ।৩৪

এই সময় এখানে না আছে কোন যোগী, না আছে কোন সিদ্ধপুরুষ, না আছে কোন জ্ঞানী এবং না আছে কোন সৎকর্মকারী পুরুষ। সমস্ত সাধনই আজ কলিরূপ দাবানলে জ্বলিয়া ভস্মীভূত হইয়া গিয়াছে ।৩৫

এই কলিযুগে প্রায় সকল দেশবাসীই (বাজারে) অন্ন বিক্রয় করিতেছে, ব্রাহ্মণগণ অর্থ লইয়া বেদের অধ্যাপনা করিতেছে এবং প্রায় সকল স্ত্রীরা বেশ্যাবৃত্তিতে রত হইয়াছে। 'অষ্টশল্যং শিবো বেদঃ শূলো বিক্রয় উচ্যতে। কেশো ভগমিতিপ্রোক্তমৃষিভিস্তত্ত্বদর্শিভিঃ' ।৩৬

এইরূপ কলির দোষসমূহ দেখিতে দেখিতে পৃথিবীপর্য্যটনে রত আমি যমুনাতীরে উপস্থিত হইলাম,—যেখানে শ্রীভগবান্ কৃষ্ণচন্দ্র বহু লীলা করিয়াছিলেন ।৩৭

হে মুনিবরবৃন্দ! আমি সেখানে এক মহা আশ্চর্য্য বস্তু দেখিলাম—উহা শ্রবণ করুন। তথায় এক যুবতী স্ত্রী অতিশয় দুঃখিতচিত্তে বসিয়াছিলেন ।৩৮

তাহার পার্শ্বে দুই বৃদ্ধ পুরুষ অচেতন অবস্থায় পতিত হইয়া অতি দীর্ঘস্বরে শ্বাসগ্রহণ করিতেছিল। ঐ স্ত্রী

বহুধা তব বাক্যেন দুঃখশান্তির্ভবিষ্যতি।
যদা ভাগ্যং ভবেদ্যুবি ভবতো দর্শনং তদা ॥৪৩

নারদ উবাচ।

কাসি ত্বং কাবিমৌ চেমা নার্য্যঃ কাঃ পদ্মলোচনাঃ।
বদ দেবি সবিস্তারং স্বস্য দুঃখস্য কারণম্ ॥৪৪

বালোবাচ।

অহং ভক্তিরিতি খ্যাতা ইমৌ মে তনয়ৌ মতৌ।
জ্ঞান-বৈরাগ্যনামানৌ কালযোগেন জর্জ্জরৌ ॥৪৫
গঙ্গাদ্যাঃ সরিতশ্চেমা মৎসেবার্থং সমাগতাঃ।
তথাপি ন চ মে শ্রেয়ঃ সেবিতায়াঃ সুরৈরপি ॥৪৬
ইদানীং শৃণু মদ্বার্ত্তাং সচিত্তত্বং তপোধন।
বার্ত্তা মে বিততাপাস্তি তাং শ্রুত্বা সুখমাবহ ॥৪৭

উৎপন্না দ্রবিড়ে সাহং বৃদ্ধিং কর্ণাটকে গতা।
ক্বচিৎ ক্বচিন্মহারাষ্ট্রে গুর্জ্জরে জীর্ণতাং গতা ॥৪৮
তত্র ঘোরকলের্যোগাৎ পাষণ্ডৈঃ খণ্ডিতাঙ্গকা।
দুর্বলাহং চিরং যাতা পুত্রাভ্যাং সহ মন্দতাম্ ॥৪৯
বৃন্দাবনং পুনঃ প্রাপ্য নবীনেব সুরূপিণী।
জাতাহং যুবতী সম্যক্ প্রেষ্ঠরূপা তু সাম্প্রতম্ ॥৫০
ইমৌ তু শঙ্কিতাবত্র সুতৌ মে ক্লিশ্যতঃ শ্রমাৎ।
ইদং স্থানং পরিত্যজ্য বিদেশং গম্যতে ময়া ॥৫১
জরঠত্বং সমায়াতৌ তেন দুঃখেন দুঃখিতা।
সাহং তু তরুণী কস্মাৎ সুতৌ বৃদ্ধাবিমৌ কুতঃ ॥৫২
ত্রয়াণাং সহচারিত্বাদ্ বৈপরীত্যং কুতঃ স্থিতম্।
ঘটতে জরঠা মাতা তরুণৌ তনয়াবিতি ॥৫৩

কখনও তাহাদের সেবা করিতে করিতে চেতনা আনিবার জন্য চেষ্টা করিতেছিল এবং কখনও বা তাহাদের অগ্রে বসিয়া কাঁদিতেছিল।৩৯

তখন সে নিজ শরীরের রক্ষক পরমাত্মাকে সকলকে দেখিতেছিল। তাহার চারিদিকে শত স্ত্রী পাখা দ্বারা বাতাস ও নানারূপ প্রবোধদান করিতেছিল।৪০

দূর হইতে আমি এইসব বৃত্তান্ত দেখিয়া কৌতূহলবশতঃ তাহার নিকট যাইলাম। আমাকে দেখিয়া ঐ বালিকা দাঁড়াইল এবং ব্যাকুল হইয়া বলিতে লাগিল।৪১

বালিকা বলিল,—হে মহাত্মন্! ক্ষণকাল অপেক্ষা করুন এবং আমার চিন্তাও দূর করুন। আপনার দর্শন তো মানুষের সকল পাপ সর্ব্বথা হরণ করে।৪২

আপনার বাক্যে আমার দুঃখের সব কিছুই শান্তি হইবে। যখন মানুষের ভাগ্য বহু (মহান্) হয়, তখনই আপনার দর্শন লাভ করে।৪৩

নারদ বলিলেন,—(আমি সেই স্ত্রীকে জিজ্ঞাসা করিলাম—) দেবি! তুমি কে? এই দুইজন পুরুষই বা কে এবং তোমার পার্শ্বে এই যে কমলনয়না স্ত্রীরা আছে, ইহারাই বা কে?৪৪

বালিকা বলিল,—আমার নাম ভক্তি, আর জ্ঞান ও বৈরাগ্য নামে এই দুইজন আমার পুত্র। কালের গতিতে (সময়ের ফেরে) ইহারা এইরূপ জর্জ্জরিত হইয়াছে।৪৫

এই দেবীগণ গঙ্গাদি নদীসমূহ। ইহারা সকলে আমার সেবা করিবার জন্য এখানে আসিয়াছে। এইরূপে সাক্ষাৎ দেবীগণকর্তৃক সেবিত হইয়াও আমার সুখশান্তি হইতেছে না।৪৬

হে তপোধন! এখন একাগ্রচিত্তে আমার বৃত্তান্ত শ্রবণ করুন। আমার কথা তো জগতে প্রসিদ্ধ আছে, তাহা শুনিয়া আপনি আমাকে শান্তি প্রদান করুন।৪৭

আমি দ্রাবিড় দেশে উৎপন্না হইয়া কর্ণাটকে বর্দ্ধিত হইয়াছি। মহারাষ্ট্রে কোন কোন স্থানে আমি সম্মানিতা হইলেও গুজরাটে আমি বৃদ্ধা হইয়া পড়ি।৪৮

সেখানে ঘোর কলিযুগের প্রভাবে পাষণ্ডগণ আমার অঙ্গসকল ভাঙ্গিয়া দিয়াছে। বহুকাল পর্য্যন্ত এইরূপ অবস্থায় থাকায় দুই পুত্রের সহিত আমি দুর্ব্বল ও নিস্তেজ হইয়া গিয়াছি।৪৯

এখন আমি যে সময় হইতে বৃন্দাবনে আসিয়াছি, সেই সময় হইতেই পুনঃ পরমা সুন্দরী রূপবতী নবযুবতীতে পরিণত হইয়াছি।৫০

এই আমার দুই পুত্র পরিশ্রমে কাতর হইয়া শায়িত

অতঃ শোচামি চাত্মানং বিস্ময়াবিষ্টমানসা।
বদ যোগনিধে ধীমন্ কারণং চাত্র কিং ভবেৎ ॥৫৪

নারদ উবাচ।

জ্ঞানেনাক্ষনি পশ্যামি সর্বমেতদ্ভবানঘে।
ন বিষাদস্ত্বয়া কার্য্যো হরিঃ শং তে করিষ্যতি ॥৫৫

সূত উবাচ।

ক্ষণমাত্রেণ তজ্জ্ঞাত্বা বাক্যমূচে মুনীশ্বরঃ ॥৫৬

নারদ উবাচ।

শৃণুধাবহিতা বালে যুগোঽয়ং দারুণঃ কলিঃ।
তেন লুপ্তঃ সদাচারো যোগমার্গস্তপাংসি চ ॥৫৭
জনা অঘাসুরায়ন্তে শাঠ্যদুষ্কর্মকারিণঃ।
ইহ সন্তো বিষীদন্তি প্রহৃষ্যন্তি হ্যসাধবঃ।
ধত্তে ধৈর্য্যং তু যো ধীমান্ স ধীরঃ পণ্ডিতোঽথবা ॥৫৮

অস্পৃশ্যানবলোক্যোয়ং শেষভারকরী ধরা।
বর্ষে বর্ষে ক্রমাজ্জাতা মঙ্গলং নাপি দৃশ্যতে ॥৫৯
ন ত্বামপি স্তুতৈঃ সাকং কোঽপি পশ্যতি সাম্প্রতম্।
উপেক্ষিতাসুরাগান্ধৈর্জর্জরত্বেন সংস্থিতা ॥৬০
বৃন্দাবনস্য সংযোগাৎ পুনস্ত্বং তরুণী নবা।
ধন্যং বৃন্দাবনং তেন ভক্তির্নৃত্যতি যত্র চ ॥৬১
অত্রেমৌ গ্রাহকাভাবাদ্ জরামপি বুকতঃ।
কিঞ্চিদাত্মসুখেনেহ প্রসুপ্তির্মন্যতেঽনয়োঃ ॥৬২

ভক্তিরুবাচ।

কথং পরীক্ষিতা রাজ্ঞা স্থাপিতো হ্যশুচিঃ কলিঃ।
প্রবৃত্তে তু কলৌ সর্বসারঃ কুত্র গতো মহান্ ॥৬৩
করুণাপরেণ হরিণাপ্যধর্মঃ কথমীক্ষ্যতে।
ইমং মে সংশয়ং ছিন্ধি ত্বন্বাচা সুখিতাস্ম্যহম্ ॥৬৪

রহিয়াছে। কিন্তু এখন আমি এই স্থান ত্যাগ করিয়া অন্যত্র যাইতে চাই।৫১

আমার এই দুই পুত্র বৃদ্ধ হইয়া গিয়াছে, এই দুঃখে আমি দুঃখিতা। আমি কেন তরুণী হইলাম, আর আমার দুই পুত্র কেনই বা বৃদ্ধ হইল? ৫২

আমরা তিনজন একত্রেই থাকি, তবে কেন এই বৈপরীত্য হইল? যদিবা হইল, তবে ইহাই হওয়া আবশ্যক ছিল যে, মাতা বৃদ্ধা ও দুই পুত্র তরুণ।৫৩

ইহাতে আমি আশ্চর্য্যান্বিত হইয়া নিজের এই অবস্থার জন্য শোক করিতেছি। হে বুদ্ধিমান্ যোগসাগর! ইহার কি কারণ আপনি আমাকে বলুন।৫৪

নারদ বলিলেন—হে সাধ্বি! আমি নিজ হৃদয়ে জ্ঞানদৃষ্টি দ্বারা তোমার সমস্ত দুঃখের কারণ দেখিতে পাইতেছি। তুমি বিষাদ করিও না। ভগবান্ শ্রীহরি তোমার কল্যাণ করিবেন।৫৫

সূত বলিলেন,—মুনিবর নারদ ক্ষণমাত্রেই উহার কারণ জানিয়া বলিলেন।৫৬

নারদ বলিলেন,—দেবি! সাবধান হইয়া শ্রবণ কর। এখন দারুণ কলিযুগ। সেইজন্য এই সময় সদাচার, যোগমার্গ ও তপ আদি লুপ্ত হইয়া গিয়াছে।৫৭

লোকসকল শঠতা ও দুষ্কর্ম করত অঘাসুর হইয়া পড়িয়াছে। এখন জগতের যেদিকেই তাকাইবে, সেই দিকেই দেখিতে পাইবে,—সৎপুরুষ দুঃখে ম্লান হইয়া গিয়াছে এবং দুষ্টগণ আনন্দেই কাল কাটাইতেছে।৫৮

পৃথিবী ক্রমশঃ প্রতিবর্ষে অনন্তের (ধরাবহনকারীর) জন্য অধিক ভার হইয়া পড়িতেছে। এই পৃথিবী বর্ত্তমানে স্পর্শ করারও যোগ্যা নয় (এত বেশী পাপ জমিয়াছে), এমনকি চোখে দেখিবারও অযোগ্য হইয়া গিয়াছে। ইহাতে কোন মঙ্গলই দেখিতেছি না।৫৯

আজ কোন ব্যক্তিই এখন পুত্রের সহিত তোমাকে দেখিতেই পাইতেছে না। বিষয়ানুরাগের কারণ অন্ধ হইয়া জীবগণ তোমাকে উপেক্ষা করায় তুমি জর্জরিত হইয়া পড়িয়াছ।৬০

বৃন্দাবনের সংযোগের ফলে তুমি আবার নবীনা তরুণী হইয়াছ। অতএব বৃন্দাবন ধন্য, যেখানে ভক্তিদেবী সর্বত্র নৃত্য করেন।৬১

নারদ উবাচ।

যদি পৃষ্টস্ত্বয়া বালে প্রেমতঃ শ্রবণং কুরু।
সর্বং বক্ষ্যামি তে ভদ্রে কশ্মলং তে গমিষ্যতি ॥৬৫

যদা মুকুন্দো ভগবান্ ক্ষ্মাং ত্যক্ত্বা স্বপদং গতঃ।
তদ্দিনাৎ কলিরায়াতঃ সর্বসাধনবাধকঃ ॥৬৬

দৃষ্টো দিগ্বিজয়ে রাজ্ঞা দীনবচ্ছরণং গতঃ।
ন বধ্যো মাদৃশোঽয়ং সারঙ্গ ইব সারভুক্ ॥৬৭

যৎফলং নাস্তি তপসা ন যোগেন সমাধিনা।
তৎফলং লভতে সম্যক্কলৌ কেশবকীর্তনাৎ ॥৬৮

একাকারং কলিং দৃষ্ট্বা সারবৎসারনীরসম্।
বিষ্ণুরাতঃ স্থাপিতবান্ কলিজানাং সুখায় চ ॥৬৯

কুকর্মাচরণাৎ সারঃ সর্বতো নির্গতোঽধুনা।
পদার্থাঃ সংস্থিতা ভূমৌ বীজহীনাস্তুষা যথা ॥৭০

বিপ্রৈর্ভাগবতী বার্তা গেহে গেহে জনে জনে।
কারিতা কণলোভেন কথাসারস্ততো গতঃ ॥৭১

অত্যুগ্রভূরিকর্মাণো নাস্তিকা ঘোরবা জনাঃ।
তেঽপি তিষ্ঠন্তি তীর্থেষু তীর্থসারস্ততো গতঃ ॥৭২

কাম-ক্রোধ-মহালোভ-তৃষ্ণাব্যাকুলচেতসঃ।
তেঽপি তিষ্ঠন্তি তপসি তপঃসারস্ততো গতঃ ॥৭৩

মনসশ্চাঞ্চল্যাল্লোভাদ্দম্ভাৎ পাষণ্ডসংশ্রয়াৎ।
শাস্ত্রানভ্যসনাচ্চৈব ধ্যানযোগফলং গতম্ ॥৭৪

পণ্ডিতাস্তু কলত্রেণ রমন্তে মহিষা ইব।
পুত্রস্তোৎপাদনে দক্ষা অদক্ষা মুক্তিসাধনে ॥৭৫

কিন্তু তোমার এই দুই পুত্রের কোন গ্রাহক (ধারক) না থাকায় ইহাদের রক্ষাবস্থা যাইতেছে না। পরন্তু এই স্থানে কিছু আত্মসুখ (ভগবৎস্পর্শজনিত আনন্দ) প্রাপ্তি হওয়ায় ইহারা প্রগাঢ় নিদ্রিত বলিয়া বোধ হইতেছে।৬২

ভক্তি বলিলেন,—রাজা পরীক্ষিৎ এই পাপী কলিদূতকে কেন স্থাপিত করিলেন? কলিদূত আসিতেই জানি না সকল বস্তুর মহান্ সারাংশ কোথায় চলিয়া গিয়াছে? ৬৩

করুণাময় শ্রীহরিও এই অধর্ম কিরূপে দেখিতেছেন? আপনি আমার এই সংশয় ভঞ্জন করুন; কারণ, আপনার বাক্যে আমি শান্তিলাভ করিব।৬৪

নারদ বলিলেন,—বালিকে! যদি তুমি ইহা জানিবার জন্য জিজ্ঞাসা কর, তবে তাহা অনুরাগের সহিত শ্রবণ কর। কল্যাণি! আমি তোমাকে সমস্ত বৃত্তান্ত বলিব, ইহাতে তোমার সব দুঃখ দূর হইবে।৬৫

যেদিন ভগবান্ শ্রীকৃষ্ণ এই ভূলোক ত্যাগ করিয়া নিজ পরমধামে গমন করেন, সেইদিনেই এখানে (এই পৃথিবীতে) সকল সাধনার বাধাদানকারী কলিদূত আসিয়া উপস্থিত হয়।৬৬

দিগ্‌বিজয়ের সময় রাজা পরীক্ষিৎ এই কলিকে দেখিলে, সে দীনের ন্যায় তাঁহার শরণ গ্রহণ করিল। ভ্রমরের ন্যায় সারগ্রাহী রাজা তখন নিশ্চয় করিলেন—ইহাকে বধ করা আমার উচিত হইবে না।৬৭

কারণ, যে ফল তপস্যা, যোগ ও সমাধি দ্বারা লাভ করা যায় না, এই কলিযুগে সেই ফল কেবল শ্রীহরির নাম কীর্তনে উত্তমরূপে লাভ করা যাইবে।৬৮

কলিকাল সারহীন হইলেও বিষ্ণুরাত (রাজা পরীক্ষিৎ) একদৃষ্টিতে ইহাকে এইরূপ সারযুক্ত দেখিয়া কলিকালোৎপন্ন জীবগণের সুখের জন্য তাহাকে স্থাপিত করিলেন।৬৯

এখন লোকসকলের কুকর্মে প্রবৃত্তি হওয়ায় সব বস্তুরই সারাংশ চলিয়া গিয়াছে এবং পৃথিবীর সকল পদার্থই বীজহীন তুষের ন্যায় অবস্থান করিতেছে।৭০

ব্রাহ্মণগণ কেবল অন্ন-ধনাদির লোভবশ হইয়া গৃহে গৃহে এবং প্রতিলোককে ভাগবতী কথা শুনাইতে থাকায়, কথার সারভাগও চলিয়া গিয়াছে।৭১

তীর্থসকলে নানা প্রকার অত্যন্ত ঘোর কর্মকারী, নাস্তিক ও মারকী পুরুষসকল বাস করায় তীর্থেরও সার (প্রভাব) নষ্ট হইয়াছে।৭২

ন হি বৈষ্ণবতা ক্বাপি সম্প্রদায়পুরঃসরা।
এবং প্রলয়তাং প্রাপ্তো বস্তুসারঃ স্থলে স্থলে ॥৭৬

অয়ং তু যুগধর্ম্মো হি বর্ত্ততে কস্য দূষণম্।
অতস্তু পুণ্ডরীকাক্ষঃ সহতে নিকটে স্থিতঃ ॥৭৭

সূত উবাচ।

ইতি তদ্বচনং শ্রুত্বা বিস্ময়ং পরমং গতা।
ভক্তিরূচে বচো ভূয়ঃ শ্রূয়তাং তচ্চ শৌনক ॥৭৮

ভক্তিরুবাচ।

সুরর্ষে ত্বং হি ধন্যোঽসি মদ্ভাগ্যেন সমাগতঃ।
সাধূনাং দর্শনং লোকে সর্বসিদ্ধিকরং পরম্ ॥৭৯

জয়তি জগতি মায়াং যস্য কায়াধবস্তে
বচনরচনমেকং কেবলং চাকলষ্য।

ধ্রুবপদমপি যাতো যৎকৃপাতো ধ্রুবোঽয়ং
সকলকুশলপাত্রং ব্রহ্মপুত্রং নতাস্মি ॥৮০

ইতি শ্রীপদ্মপুরাণে উত্তরখণ্ডে শ্রীমদ্ভাগবতমাহাত্ম্যে
ভক্তিনারদসংবাদো নাম প্রথমঃ অধ্যায়ঃ ॥

যাহার চিত্ত নিরন্তর কাম, ক্রোধ, অতিশয় লোভ ও নানা তৃষ্ণায় ব্যাকুল, সেই ব্যক্তিও তপস্যা করিতে আরম্ভ করিয়াছে, সেইজন্য তপস্যারও সারভাগ চলিয়া গিয়াছে।৭৩

মন বশীভূত না হইয়া লোভ, দম্ভ ও পাষণ্ডের আশ্রয় গ্রহণ করায় এবং শাস্ত্রের অভ্যাস না করায় ব্যায়ামযোগের ফল নষ্ট হইয়াছে।৭৪

পণ্ডিতগণেরও আজ এইরূপ দশা হইয়াছে যে, তাঁহারা মহিষের ন্যায় কেবল নিজ স্ত্রীর সহিত রমণে রত আছেন। তাঁহারা এখন কেবল সন্তান উৎপাদনেই দক্ষ, পরন্তু মুক্তিসাধনে তাঁহারা একেবারেই অপটু।৭৫

সম্প্রদায়ানুসারে প্রাপ্ত বৈষ্ণবতাও এখন কোথাও দেখা যায় না, এইরূপে স্থলে স্থলে সমস্ত বস্তুরই সারাংশ লোপ পাইয়াছে।৭৬

ইহা তো যুগধর্ম, সুতরাং ইহার জন্য কাহার আর দোষ দিব? সেইজন্য ভগবান্ পুণ্ডরীকাক্ষও অতি নিকটে বিরাজিত হইয়াও সব কিছুই সহ্য করিতেছেন।৭৭

সূত বলিলেন,—হে শৌনক! এইরূপ দেবর্ষি নারদের বাক্য শুনিয়া ভক্তি অত্যন্ত বিস্মিতা হইলেন এবং পুনরায় তিনি যাহা বলিয়াছিলেন, তাহা শ্রবণ কর।৭৮

ভক্তি বলিলেন,—হে দেবর্ষে! আপনি ধন্য! আমার আজ পরম সৌভাগ্য যে, আপনি এখানে আগমন করিয়াছেন। এই জগতে সাধুদিগের দর্শনলাভ সমস্ত সিদ্ধির পরম কারণ।৭৯

আপনার কেবল একবার উপদেশ ধারণ করিয়া কয়াধুকুমার প্রহ্লাদ এই জগতে মায়াকে জয় করিয়াছেন। ধ্রুব আপনার কৃপায় ধ্রুবপদ প্রাপ্ত হইয়াছেন। আপনি সর্ব্বমঙ্গলময় এবং সাক্ষাৎ ব্রহ্মার পুত্র, আমি আপনাকে প্রণাম করিতেছি।৮০

ওঙ্কারনাথসেবক শ্রীরামরতন কাব্য ব্যাকরণতীর্থকৃত অনুবাদসহিত পদ্মপুরাণের উত্তরখণ্ডে
শ্রীমদ্ভাগবতমাহাত্ম্যে প্রথম অধ্যায় সমাপ্ত।

দ্বিতীয়ঃ অধ্যায়ঃ

[ভক্তিদুঃখদূরীকরণায় নারদস্যোদ্যোগঃ]

নারদ উবাচ।

বৃথা খেদয়সে বালে অহো চিন্তাতুরা কথম্।
শ্রীকৃষ্ণচরণাম্ভোজং স্মর দুঃখং গমিষ্যতি ॥১
দ্রৌপদী চ পরিত্রাতা যেন কৌরবকল্মলাৎ।
পালিতা গোপসুন্দর্য্যঃ স কৃষ্ণঃ ক্বাপি নো গতঃ ॥২
ত্বং তু ভক্তিঃ প্রিয়া তস্য সততং প্রাণতোঽধিকা।
ত্বয়াহূতস্তু ভগবান্ যাতি নীচগৃহেষ্বপি ॥৩
সত্যাদিত্রিষুগে বোধবৈরাগ্যৌ মুক্তিসাধকৌ।
কলৌ তু কেবলা ভক্তির্ব্রহ্মসাযুজ্যকারিণী ॥৪
ইতি নিশ্চিত্য চিদ্রূপঃ সদ্রূপাং ত্বাং সসর্জ্জ হ।
পরমানন্দচিন্মূর্ত্তিঃ সুন্দরীং কৃষ্ণবল্লভাম্ ॥৫
বদ্ধাঞ্জলিং ত্বয়া পৃষ্টং কিং করোমীতি চৈকদা।
ত্বাং তদাজ্ঞাপয়ৎ কৃষ্ণো মদ্ভক্তান্ পোষয়েতি চ ॥৬
অঙ্গীকৃতং ত্বয়া তদ্ বৈ প্রসন্নোঽভূদ্ধরিস্তদা।
মুক্তিং দাসীং দদৌ তুভ্যং জ্ঞান-বৈরাগ্যকাবিমৌ ॥৭
পোষণং স্বেন রূপেণ বৈকুণ্ঠে ত্বং করোষি চ।
ভূমৌ ভক্তবিপোষায় ছায়ারূপং ত্বয়া কৃতম্ ॥৮
মুক্তিং জ্ঞানং বিরক্তিঞ্চ সহ কৃত্বা গতা ভুবি।
কৃতাদিদ্বাপরস্যান্তং মহানন্দেন সংস্থিতা ॥৯
কলৌ মুক্তিঃ ক্ষয়ং প্রাপ্তা পাষণ্ডাময়পীড়িতা।
ত্বদাজ্ঞয়া গতা শীঘ্রং বৈকুণ্ঠং পুনরেব সা ॥১০

দ্বিতীয় অধ্যায়

[ভক্তির দুঃখ দূর করিবার জন্য নারদের উদ্যোগ।]

নারদ বলিলেন,—বালিকে! তুমি বৃথা কেন খেদ করিতেছ? আহা! তুমি কেনই বা এত চিন্তাগ্রস্ত হইয়াছ? ভগবান্ শ্রীকৃষ্ণের চরণকমল চিন্তা কর, (তাঁহার কৃপায়) তোমার সমস্ত দুঃখ দূর হইবে।১

যিনি কৌরবদিগের অত্যাচার হইতে দ্রৌপদীকে রক্ষা করিয়াছিলেন এবং যিনি গোপসুন্দরীদিগকে পালন করিয়াছিলেন, সেই কৃষ্ণ কোথাও চলিয়া যান নাই।২

তুমি তো স্বয়ং ভক্তিদেবী এবং সর্ব্বদা তাঁহার প্রাণ অপেক্ষা অধিক প্রিয়া, সুতরাং তুমি যদি তাঁহাকে আহ্বান কর, তাহা হইলে ভগবান্ তো অতি নীচ গৃহেও চলিয়া আসিবেন।৩

সত্য, ত্রেতা এবং দ্বাপর—এই তিন যুগে জ্ঞান ও বৈরাগ্য মুক্তির সাধন ছিল, কিন্তু এই কলিযুগে কেবল ভক্তিই ব্রহ্মসাযুজ্য (মোক্ষ) দান করিয়া থাকেন।৪

এই বিবেচনা করিয়া পরমানন্দ চিন্ময়মূর্ত্তি জ্ঞানস্বরূপ শ্রীহরি নিজ সৎস্বরূপে তোমাকে সৃজন করিয়াছেন। তুমি সাক্ষাৎ কৃষ্ণচন্দ্রের পরমাসুন্দরী প্রিয়া।৫

একবার তুমি যখন হাতজোড় করিয়া জিজ্ঞাসা করিয়াছিলে,—আমি কি করিব? তখন ভগবান্ কৃষ্ণচন্দ্র এই আজ্ঞা দিয়াছিলেন যে, তুমি আমার ভক্তগণকে পোষণ কর।৬

তুমি ভগবানের ঐ আজ্ঞা স্বীকার করিয়া লইলে, শ্রীহরি তোমার উপর অত্যন্ত প্রসন্ন হন এবং তোমার সেবা করিবার জন্য মুক্তিকে তোমার দাসীরূপে ও জ্ঞান-বৈরাগ্যকে তোমার পুত্ররূপে দান করেন।৭

তুমি বৈকুণ্ঠধামে নিজ সাক্ষাদ্রূপে ভক্তগণের পোষণ করিয়া থাক। কিন্তু এই ভূলোকে ভক্তগণের পোষণের জন্য তুমি ছায়ারূপ ধারণ করিয়াছ।৮

স্মৃতা ত্বয়াপি চাত্রৈব মুক্তিরায়াতি যাতি চ।
পুত্রীকৃত্য ত্বয়েমৌ চ পার্শ্বে স্বস্যৈব রক্ষিতৌ ॥১১
উপেক্ষাতঃ কলৌ মন্দৌ বৃদ্ধৌ জাতৌ সুতৌ তব।
তথাপি চিন্তাং মুঞ্চ ত্বমুপায়ং চিন্তয়াম্যহম্ ॥১২
কলিনা সদৃশঃ কোঽপি যুগো নাস্তি বরাননে।
তস্মিংস্ত্বাং স্থাপয়িষ্যামি গেহে গেহে জনে জনে ॥১৩
অন্যধর্মাংস্তিরস্কৃত্য পুরস্কৃত্য মহোৎসবান্।
তদা নাহং হরের্দাসো লোকে স্যাং ন প্রবর্তয়ে ॥১৪
ত্বদন্বিতাশ্চ যে জীবা ভবিষ্যন্তি কলাবিহ।
পাপিনোঽপি গমিষ্যন্তি নির্ভয়ং কৃষ্ণমন্দিরম্ ॥১৫
যেষাং চিত্তে বসেদ্ভক্তিঃ সর্বদা প্রেমরূপিণী।
ন তে পশ্যন্তি কীনাশং স্বপ্নেঽপ্যমলমূর্তয়ঃ ॥১৬
ন প্রেতো ন পিশাচো বা রাক্ষসো বাসুরোঽপি বা।
ভক্তিযুক্তমনস্কানাং স্পর্শনে ন প্রভুর্ভবেৎ ॥১৭
ন তপোভির্ন বেদৈশ্চ ন জ্ঞানেনাপি কর্মণা।
হরির্হি সাধ্যতে ভক্ত্যা প্রমাণং তত্র গোপিকাঃ ॥১৮
নৃণাং জন্মসহস্রেণ ভক্তৌ প্রীতির্হি জায়তে।
কলৌ ভক্তিঃ কলৌ ভক্তির্ভক্ত্যা কৃষ্ণঃ পুরঃ স্থিতঃ ॥১৯
ভক্তিদ্রোহকরা যে চ তে সীদন্তি জগত্ত্রয়ে।
দুর্বাসা দুঃখমাপন্নঃ পুরা ভক্তবিনিন্দকঃ ॥২০
অলং ব্রতৈরলং তীর্থৈরলং যোগৈরলং মখৈঃ।
অলং জ্ঞানকথালাপৈর্ভক্তিরেকৈব মুক্তিদা ॥২১

সূত উবাচ।

ইতি নারদনির্ণীতং স্বমাহাত্ম্যং নিশম্য সা।
সর্বাঙ্গপুষ্টিসংযুক্তা নারদং বাক্যমব্রবীৎ ॥২২

তুমি সেই হইতে মুক্তি, জ্ঞান ও বৈরাগ্যকে সঙ্গে লইয়া এই ভূতলে আসিয়াছ এবং সত্যযুগ হইতে দ্বাপর যুগ পর্য্যন্ত মহা আনন্দেই অবস্থান করিতেছ।৯

কলিযুগে তোমার দাসী মুক্তি পাষণ্ডরূপ রোগে পীড়িত হইয়া ক্ষীণ হইয়া যাইতেছিল। সেইজন্য তোমারই আজ্ঞায় সে অতি সত্বর পুনরায় বৈকুণ্ঠধামে চলিয়া গিয়াছে।১০

এই ভূলোকে তুমি যখনই তাহাকে স্মরণ কর, তখনই ঐ মুক্তি এখানে আসে এবং আবার বৈকুণ্ঠে চলিয়া যায়। কিন্তু এই জ্ঞান ও বৈরাগ্যকে তুমি নিজ পুত্রবোধে তোমার কাছেই রাখিয়াছ।১১

এই কলিযুগে উহাদের প্রতি উপেক্ষা করায় তোমার এই দুই পুত্র উৎসাহহীন ও বৃদ্ধ হইয়া গিয়াছে। তথাপি তুমি চিন্তা করিও না, আমি ইহাদের নবজীবনের উপায় চিন্তা করিতেছি।১২

সুমুখি! কলির সদৃশ আর কোন যুগ নাই, এই যুগে আমি তোমাকে প্রতি গৃহে এবং প্রতি লোকের হৃদয়ে প্রতিষ্ঠিত করিয়া দিব।১৩

দেখ, অন্য সব ধর্মকে দাবাইয়া এবং ভক্তিবিষয়ক মহোৎসবের আদর বাড়াইয়া তোমাকে যদি আমি প্রতিষ্ঠিত করিয়া না দিই, তাহা হইলে আমি শ্রীহরির দাস নই।১৪

এই কলিকালে যাহারা তোমার সহিত যুক্ত থাকিবে, তাহারা পাপী হইলেও ভগবান্ শ্রীকৃষ্ণের অভয়-পদ প্রাপ্ত হইবে।১৫

যাঁহার হৃদয়ে নিরন্তর প্রেমরূপিণী ভক্তি নিবাস করেন, ঐ শুদ্ধান্তঃকরণ পুরুষ স্বপ্নেও যমরাজকে দেখেন না।১৬

যাঁহাদিগের মনে ভক্তি মহারাণী বাস করেন, তাঁহাদিগকে প্রেত, পিশাচ, রাক্ষস কিংবা দৈত্যাদি স্পর্শ করিতেও সমর্থ হয় না।১৭

ভগবান্ তপস্যা, বেদাধ্যয়ন, জ্ঞান এবং কর্ম আদি কোন কিছু সাধন দ্বারাতেই বশীভূত হন্ না, কিন্তু কেবল ভক্তি দ্বারা বশীভূত হন্—তাহার প্রমাণ গোপীরা।১৮

মনুষ্যগণের সহস্র জন্মের পুণ্যপ্রভাবে ভক্তিতে অনুরাগ আসে। কলিযুগে কেবল ভক্তি, ভক্তিই সার। ভক্তি হইতেই সাক্ষাৎ ভগবান্ শ্রীকৃষ্ণ সম্মুখে উপস্থিত হন্।১৯

ভক্তিরুবাচ।

অহো নারদ ধন্যোঽসি প্রীতিস্তে ময়ি নিশ্চলা।
ন কদাচিদ্ বিমুঞ্চামি চিত্তে স্থাস্যামি সর্বদা ॥২৩
কৃপালুনা ত্বয়া সাধো মদ্বাধা ধ্বংসিতা ক্ষণাৎ।
পুত্রয়োশ্চেতনা নাস্তি ততো বোধয় বোধয় ॥২৪

সূত উবাচ।

তস্যা বচঃ সমাকর্ণ্য কারুণ্যং নারদো গতঃ।
তয়োর্বোধনমারেভে করাগ্রেণ বিমর্দয়ন্ ॥২৫
মুখং সংযোজ্য কর্ণান্তে শব্দমুচ্চৈঃ সমুচ্চরন্।
জ্ঞান প্রবুধ্যতাং শীঘ্রং রে বৈরাগ্য প্রবুধ্যতাম্ ॥২৬
বেদ-বেদান্তঘোষৈশ্চ গীতাপাঠৈর্মুহুর্মুহুঃ।
বোধ্যমানৌ তদা তেন কথঞ্চিজ্জোম্ভিতৌ বলাৎ ॥২৭
নেত্রৈরনবলোকন্তৌ জৃম্ভন্তৌ সালসাবুভৌ।
বকবৎপলিতৌ প্রায়ঃ শুষ্ককাষ্ঠসমাঙ্গকৌ ॥২৮
ক্ষুৎক্ষামৌ তৌ নিরীক্ষ্যৈব পুনঃ স্বাপপরায়ণৌ।
ঋষিশ্চিন্তাপরো জাতঃ কিং বিধেয়ং ময়েতি চ ॥২৯
অহো নিদ্রা কথং যাতি বৃদ্ধত্বঞ্চ মহত্তরম্।
চিন্তয়ন্নিতি গোবিন্দং স্মারয়ামাস ভার্গব ॥৩০
ব্যোমবাণী তদৈবাভূন্মা ঋষে খিদ্যতামিতি।
উদ্যমঃ সফলস্তেঽয়ং ভবিষ্যতি ন সংশয়ঃ ॥৩১

যে ব্যক্তি ভক্তির সহিত দ্রোহ করে, সে ত্রিলোকমধ্যে শুধু দুঃখের পর দুঃখই লাভ করে। সেইজন্য পুরাকালে ভক্তজনের নিন্দাকারী ঋষি দুর্বাসা অত্যন্ত দুঃখপ্রাপ্ত হইয়াছিলেন।২০

ব্রত, তীর্থ, যোগ, যজ্ঞ এবং জ্ঞানচর্চা আদি বহু সাধনার কোন আবশ্যকতা নাই; একমাত্র ভক্তিই সকলকে মুক্তিদান করিবেন।২১

সূত বলিলেন,—ভক্তিদেবী নারদ কর্তৃক নির্দীত এইরূপ নিজ মাহাত্ম্য শ্রবণ করিয়া সকল অঙ্গেই পুষ্টি লাভ করিলেন এবং নারদকে বলিলেন।২২

ভক্তি বলিলেন,—অহো নারদ! আপনি ধন্য। আপনার আমাতে নিশ্চলা প্রীতি আছে। আমি কখনও আপনাকে পরিত্যাগ করিব না, আপনার চিত্তে সর্বদা বাস করিব।২৩

হে সাধো! আপনি অত্যন্ত কৃপালু। আপনি ক্ষণকালমধ্যেই আমার সমস্ত দুঃখ দূর করিয়া দিয়াছেন। কিন্তু আমার দুই পুত্রের এখনও চেতনা আসে নাই। আপনি ইহাদিগকে সচেতন করিয়া দিন, জাগাইয়া দিন।২৪

সূত বলিলেন,—ভক্তির এই কথা শুনিয়া নারদের অত্যন্ত করুণা হইল। তখন তিনি হস্তাগ্র দ্বারা জ্ঞান ও বৈরাগ্যের শরীরের এদিকে ওদিকে বুলাইতে বুলাইতে তাঁহাদিগকে জাগাইতে লাগিলেন।২৫

তারপর তিনি কানের পাশে মুখ লাগাইয়া অতি উচ্চৈঃস্বরে বলিলেন—অরে জ্ঞান! শীঘ্র জাগরিত হও, অরে বৈরাগ্য! শীঘ্র জাগরিত হও।২৬

অনন্তর তিনি মুহুর্মুহুঃ বেদধ্বনি, বেদান্ত-বাক্যোচ্চারণ ও গীতাপাঠ করিয়া জ্ঞান ও বৈরাগ্যকে জাগাইলেন। তাহাতে তাঁহারা কোন প্রকারে নিজ নিজ শক্তিতে ভর করিয়া উঠিলেন।২৭

কিন্তু আলস্যবশতঃ তাঁহারা ঘন ঘন হাই তুলিতে লাগিলেন ও চক্ষুতে কিছুই দেখিতে পাইলেন না। তাঁহাদের কেশ বকের পালকের ন্যায় সাদা হইয়া গিয়াছে এবং দেহও শুষ্ক কাষ্ঠের ন্যায় নিস্তেজ ও কঠোর হইয়া পড়িয়াছে।২৮

তখন ক্ষুধা এবং পিপাসায় অত্যন্ত দুর্বল জ্ঞান ও বৈরাগ্যকে পুনরায় নিদ্রিত দেখিয়া দেবর্ষি নারদ অতিশয় চিন্তিত হইয়া ভাবিতে লাগিলেন—এখন আমি কি উপায় করি।২৯

অহো! ইহাদের নিদ্রা কিভাবে দূর হইবে ও পূর্বাপেক্ষা অধিক বার্দ্ধক্যই বা কিভাবে যাইবে? হে শুনকবংশোৎপন্ন শৌনক! এইরূপে তিনি চিন্তা করিতে করিতে ভগবান্ গোবিন্দকে স্মরণ করিলেন।৩০

এতদর্থং তু সৎকর্ম স্বরর্ষে ত্বং সমাচর।
ততো কর্মাভিধাস্যন্তি সাধবঃ সাধুভূষণাঃ ॥৩২
সৎকর্মণি কৃতে তস্মিন্ সনিদ্রা বৃদ্ধতানয়োঃ।
গমিষ্যতি ক্ষণাদ্ভক্তিঃ সর্বতঃ প্রসরিষ্যতি ॥৩৩
ইত্যাকাশবচঃ স্পষ্টং তৎসর্বৈরপি বিশ্রুতম্।
নারদো বিস্ময়ং লেভে নেদং জ্ঞাতমিতি ব্রুবন্ ॥৩৪

নারদ উবাচ।

অনয়াকাশবাণ্যাপি গোপ্যত্বেন নিরূপিতম্।
কিং বা তৎ সাধনং কার্য্যং যেন কার্য্যং ভবেত্তয়োঃ ॥৩৫
ক ভবিষ্যন্তি সন্তস্তে কথং দাস্যন্তি সাধনম্।
ময়াত্র কিং প্রকর্তব্যং যদুক্তং ব্যোমভাষয়া ॥৩৬

সূত উবাচ।

তত্র স্থাবপি সংস্থাপ্য নির্গতো নারদো মুনিঃ।
তীর্থং তীর্থং বিনিক্রম্য পৃচ্ছন্মার্গে মুনীশ্বরান্ ॥৩৭
বৃত্তান্তং শ্রূয়তে সর্বৈঃ কশ্চিন্নিশ্চিত্য নোচ্যতে।
অসাধ্যং কেচন প্রোচুর্দুর্জ্ঞেয়মিতি চাপরে।
মূকীভূতাস্তথান্যে তু বিষয়স্থা পলায়িতাঃ ॥৩৮
হাহাকারো মহানাসীৎ ত্রৈলোক্যে বিস্ময়াবহঃ।
বেদ-বেদান্তঘোষৈশ্চ গীতাপাঠৈর্বিবোধিতম্ ॥৩৯
ভক্তি-জ্ঞান-বিরাগাণাং নোত্তিষ্ঠৎ ত্রিকং যদা।
উপায়ো নাপরোঽস্তীতি কর্ণে কর্ণেঽজপন্ জনাঃ ॥৪০
যোগিনা নারদেনাপি স্বয়ং ন জ্ঞায়তে তু যৎ।
তৎ কথং শক্যতে বক্তুমিতরৈরিহ মানুষৈঃ ॥৪১
এবমৃষিগণৈঃ পৃষ্টৈর্নির্ণীয়োক্তং দুরাসদম্ ॥৪২
ততশ্চিন্তাতুরঃ সোঽথ বদর্যাবনমাগতঃ।
তপশ্চরামি চাত্রেতি তদর্থং কৃতনিশ্চয়ঃ ॥৪৩
তাবদ্দদর্শ পুরতঃ সনকাদীন্মুনীশ্বরান্।
কোটিসূর্য্যসমাভাসাংস্তুবাচ মুনিসত্তমঃ ॥৪৪

সেই সময় আকাশবাণী হইল যে, হে ঋষে! তুমি খেদ করিও না, তোমার এই উত্তম নিঃসন্দেহে সফল হইবে।৩১

হে দেবর্ষে! ইহার জন্য তুমি এক সৎকর্মের অনুষ্ঠান কর, ঐ কর্ম তোমাকে সন্তশিরোমণি সাধুগণ বলিবেন।৩২

ঐ সৎকর্মের অনুষ্ঠানের সঙ্গে সঙ্গে জ্ঞান ও বৈরাগ্যের নিদ্রা এবং বৃদ্ধাবস্থা চলিয়া যাইবে ও সর্বত্র ভক্তির প্রসার হইবে।৩৩

এই আকাশবাণী তৎকালীন সেখানকার সকলেই শ্রবণ করিলেন। ইহাতে নারদ অত্যন্ত বিস্মিত হইলেন এবং বলিলেন—ইহার অভিপ্রায় আমি কিছুই বুঝিতে পারিলাম না।৩৪

নারদ বলিলেন,—এই আকাশবাণীও গুপ্তরূপেই কথা বলিলেন। কিন্তু সেই সাধন কি? যাহা অনুষ্ঠিত হইলে ইহাদের কার্য্য সিদ্ধি হইবে।৩৫

কোথায় ঐ সাধুগণ আছেন, কি প্রকারেই বা তাঁহারা এই সাধন আমাকে দান করিবেন? এখন আকাশবাণী আমাকে যাহা বলিলেন, সেই অনুসারে আমার কি করা কর্তব্য? ৩৬

সূত বলিলেন,—হে শৌনক! জ্ঞান ও বৈরাগ্য এই দুইজনকে সেখানে রাখিয়া নারদ মুনি চলিয়া যাইলেন এবং প্রতি তীর্থে ভ্রমণ করিতে করিতে পথে মিলিত মুনীশ্বরদিগকে সেই সাধনের কথা জিজ্ঞাসা করিতে লাগিলেন।৩৭

তাঁহার বাক্য সকলেই শুনিতে লাগিলেন বটে, কিন্তু কেহই নিশ্চিত উত্তর দিতে পারিলেন না। কেহ বলিলেন,—এই কর্ম অতিশয় দুঃসাধ্য, কেহ বলিলেন,—এই সাধন বুঝা অতি দুষ্কর। কেহ শুনিয়া কিছুই বলিলেন না, আবার কেহ কিছু না বলিয়াই চলিয়া যাইলেন।৩৮

ত্রিলোকে সেই সময় আশ্চর্য্যজনক মহা হাহাকার পড়িয়া গেল। সকল লোকে কানাকানি করিতে লাগিল যে, যখন বেদধ্বনি, বেদান্ত বাক্যোচ্চারণ ও পুনঃ পুনঃ গীতা পাঠ শুনাইয়াও ভক্তি, জ্ঞান ও

নারদ উবাচ।

ইদানীং ভূরিভাগ্যেন ভবদ্ভিঃ সঙ্গমোঽভবৎ।
কুমারা ব্রুবতাং শীঘ্রং কৃপাং কৃত্বা ময়োপরি ॥৪৫
ভবন্তো যোগিনঃ সর্বে বুদ্ধিমন্তো বহুশ্রুতাঃ।
পঞ্চহায়নসংযুক্তাঃ পূর্বেষামপি পূর্বকাঃ ॥৪৬
সদা বৈকুণ্ঠনিলয়া হরিকীর্ত্তনতৎপরাঃ।
লীলামৃতরসোন্মত্তাঃ কথামাত্রৈকজীবিনঃ ॥৪৭
হরিঃ শরণমেবং হি নিত্যং যেষাং মুখে বচঃ।
অতঃ কালসমাদিষ্টা জরা যুষ্মান্ন বাধতে ॥৪৮
যেষাং ভ্রূভঙ্গমাত্রেণ দ্বারপালৌ হরেঃ পুরা।
ভূমৌ নিপতিতৌ সদ্যো যৎ কৃপাতঃ পুরং গতৌ ॥৪৯

অহো ভাগ্যস্য যোগেন দর্শনং ভবতামিহ।
অনুগ্রহস্তু কর্তব্যো ময়ি দীনে দয়াপরৈঃ ॥৫০
অশরীরগিরোক্তং যত্তৎকিং সাধনমুচ্যতাম্।
অনুষ্ঠেয়ং কথং তাবৎ প্রব্রুবন্তু দবিস্তরম্ ॥৫১
ভক্তি-জ্ঞান-বিরাগাণাং সুখমুৎপদ্যতে কথম্।
স্থাপনং সর্ববর্ণেষু প্রেমপূর্বং প্রযত্নতঃ ॥৫২

কুমারা ঊচুঃ।

মা চিন্তাং কুরু দেবর্ষে হর্ষং চিত্তে সমাবহ।
উপায়ঃ সুখসাধ্যোঽত্র বর্ত্ততে পূর্ব এব হি ॥৫৩
অহো নারদ ধন্যোঽসি বিরক্তানাং শিরোমণিঃ।
সদা শ্রীকৃষ্ণদাসানামগ্রণীর্যোগভাস্করঃ ॥৫৪

বৈরাগ্য—এই তিনি জন জন্মিল না, তখন আর কোন উপায় নাই ।৩৯-৪০

স্বয়ং যোগিরাজ নারদ যাহা জানেন না, তাহা অন্য মানুষে কিরূপে বলিতে সমর্থ হইবে ? ৪১

এইরূপে যে সমস্ত ঋষিগণকে জিজ্ঞাসা করা হয়, তাঁহারা প্রত্যেকেই চিন্তা করিয়া বলেন যে, ইহা বলা অতি কঠিন ।৪২

তখন নারদ অত্যন্ত চিন্তান্বিত হইয়া বদরিকাবনে আগমন করিলেন। জ্ঞান-বৈরাগ্যকে জাগাইবার জন্য সেখানে তিনি এই নিশ্চয় করিলেন যে, আমি তপস্যা করিব ।৪৩

সেই সময় তিনি কোটি সূর্য্যতুল্য তেজস্বী সনকাদি মুনীশ্বরগণকে সম্মুখে দণ্ডায়মান দর্শন করিলেন। তাঁহাদিগকে দেখিয়া মুনিশ্রেষ্ঠ নারদ বলিলেন ।৪৪

নারদ বলিলেন,—হে মাহাত্মা সনৎকুমারগণ! এই সময় বড় ভাগ্যে আপনাদের সহিত আমার মিলন হইল, আপনারা আমার উপর কৃপা করিয়া শীঘ্র সেই সাধন বলুন ।৪৫

আপনারা সকলে মহাযোগী, বুদ্ধিমান্ এবং বিদ্বান্। আপনাদিগকে দেখিতে যদিও পাঁচবৎসর বয়স্ক বালকের ন্যায়, তথাপি আপনারা পূর্ব্বপূরুষগণের পূর্ব্বে জন্মগ্রহণ করিয়াছেন ।৪৬

আপনারা সদা বৈকুণ্ঠে বাস করেন, নিরন্তর শ্রীহরির নাম ও গুণ কীর্ত্তনে তৎপর আছেন, শ্রীভগবল্লীলারস আস্বাদন করিতে করিতে সর্ব্বদা তাহাতেই উন্মত্ত আছেন এবং একমাত্র ভগবৎকথাই আপনাদের জীবনের আধার ।৪৭

'হরিঃ শরণম্' (ভগবান্ শ্রীহরিই আমাদের রক্ষক) এই বাক্য (মন্ত্র)-ই আপনাদের মুখে সর্ব্বদা বিরাজ করিতেছে; সেইজন্যই কালপ্রেরিত জরাও (বৃদ্ধাবস্থাও) আপনাদিগকে বাধা দিতে পারে না ।৪৮

পুরাকালে যাঁহাদের ভ্রূভঙ্গীমাত্রেই শ্রীহরির দ্বারপাল জয় ও বিজয় তৎক্ষণাৎ পৃথিবীতে নিপতিত হন এবং পুনরায় আপনাদের কৃপাতেই বৈকুণ্ঠলোক প্রাপ্ত হন ।৪৯

অহো, ধন্য আমি, এই সময় আপনাদের দর্শন মহা সৌভাগ্যেই লাভ করিলাম। আমি অতীব দীন, আর আপনারা স্বভাবতই দয়ালু, অতএব আমার উপর অবশ্যই আপনাদের কৃপা করা উচিত ।৫০

আপনারা বলুন—আকাশবাণী যে বিষয় কহিয়াছেন,

স্বয়ি চিত্রং ন মন্তব্যং ভক্ত্যর্থমনুযুধ্যতি।
ঘটতে কৃষ্ণদাসস্য ভক্তেঃ সংস্থাপনা সদা ॥৫৫

ঋষিভির্বহবো লোকে পন্থানঃ প্রকটীকৃতাঃ।
শ্রমসাধ্যাশ্চ তে সর্বে প্রায়ঃ স্বর্গফলপ্রদাঃ ॥৫৬

বৈকুণ্ঠসাধকঃ পন্থা ন তু গোপ্যো হি বর্ত্ততে।
তস্যোপদেষ্টা পুরুষঃ প্রায়ো ভাগ্যেন লভ্যতে ॥৫৭

সৎকর্ম তব নির্দিষ্টং ব্যোমবাচা তু যৎ পুরা।
তদুচ্যতে শৃণুষ্বাদ্য স্থিরচিত্তঃ প্রসন্নধীঃ ॥৫৮

দ্রব্যযজ্ঞাস্তপোযজ্ঞা যোগযজ্ঞাস্তথাপরে।
স্বাধ্যায়জ্ঞানযজ্ঞাশ্চ তে তু কর্ম বিসূচকাঃ ॥৫৯

সৎকর্মসূচকো নূনং জ্ঞানযজ্ঞঃ স্মৃতো বুধৈঃ।
শ্রীমদ্ভাগবতালাপঃ স তু গীতঃ শুকাদিভিঃ ॥৬০

ভক্তি-জ্ঞান-বিরাগাণাং তদ্ঘোষেণ বলং মহৎ।
ব্রজিষ্যতি ত্বয়োঃ কষ্টং সুখং ভক্তের্ভবিষ্যতি ॥৬১

প্রলয়ং হি গমিষ্যন্তি শ্রীমদ্ভাগবতধ্বনেঃ।
কলের্দোষা ইমে সর্বে সিংহশব্দাদ্ বৃকা ইব ॥৬২

জ্ঞান-বৈরাগ্যসংযুক্তা ভক্তিঃ প্রেমরসাবহা।
প্রতিগেহং প্রতিজনং ততঃ ক্রীড়াং করিষ্যতি ॥৬৩

নারদ উবাচ

বেদ-বেদান্তঘোষৈশ্চ গীতাপাঠৈঃ প্রবোধিতম্।
ভক্তি-জ্ঞান-বিরাগাণাং নোদতিষ্ঠৎ ত্রিকং বদ ॥৬৪

সেই সাধন কি? আমি কি প্রকারেই বা উহার অনুষ্ঠান করিব? আপনারা সবিস্তারে তাহা বলুন ।৫১

ভক্তি, জ্ঞান ও বৈরাগ্যের কি প্রকারে সুখ লাভ হইবে? কি ভাবেই বা তাহাদের প্রেমের সহিত সকল বর্ণ মধ্যে সযত্নে প্রতিষ্ঠা হইবে? ৫২

সনকাদি কুমারগণ বলিলেন,—দেবর্ষে! আপনি চিন্তা করিবেন না, মনোমধ্যে আনন্দলাভ করুন। উহাদের উদ্ধারের এক সরল উপায় পূর্ব্ব হইতেই বিদ্যমান আছে ।৫৩

হে নারদ! আপনি ধন্য। আপনি বিরক্তদিগের শিরোমণি। শ্রীকৃষ্ণের দাসগণের সদা শাশ্বত পথপ্রদর্শক এবং ভক্তিযোগের ভাস্কর ।৫৪

আপনি ভক্তির জন্য যে উদ্যোগ করিতেছেন, ইহা আপনার পক্ষে কোন আশ্চর্য্যজনক বিষয় নহে—ইহা বুঝিতে হইবে। ভগবদ্ভক্তদিগের জন্য সর্ব্বদা ভক্তির স্থাপনা তো করাই উচিত ।৫৫

ঋষিগণ এই সংসারে বহু সাধনমার্গ প্রকটিত করিয়াছেন, কিন্তু ঐ সব সাধন অত্যন্ত কষ্টসাধ্য এবং পরিণামে তাহা কেবল স্বর্গ প্রাপ্তিই করায় ।৫৬

ভগবান্‌কে লাভ করার যে উপায়, তাহা তো অদ্যাবধি গুপ্তই রহিয়াছে। উহার উপদেষ্টা পুরুষ তো প্রায় সৌভাগ্যেই পাওয়া যায় ।৫৭

আকাশবাণী আপনাকে যে কর্ম করিবার সঙ্কেত দিয়াছেন, তাহা আমরা বলিতেছি,—একাগ্রচিত্তে ও প্রসন্নমনে অদ্য উহা শ্রবণ করুন ।৫৮

হে নারদ! দ্রব্যযজ্ঞ, তপোযজ্ঞ, যোগযজ্ঞ ও স্বাধ্যায়রূপ জ্ঞানযজ্ঞ—এই চতুর্বিধ যজ্ঞ কেবল স্বর্গাদি প্রাপ্তিকর কর্মেরই সঙ্কেত ।৫৯

পণ্ডিতগণ স্বাধ্যায়রূপ জ্ঞানযজ্ঞকেই সৎকর্মের (মুক্তিদায়ক কর্মের) সূচক বলিয়া মান্য করেন। উহা হইল—শ্রীমদ্ভাগবতকথা, যাঁহার গান শুকাদি মহানুভবগণ করিয়াছেন ।৬০

শ্রীমদ্ভাগবতের শব্দ শুনিলেই ভক্তি, জ্ঞান ও বৈরাগ্যের মহাশক্তি লাভ হইবে। ইহাতে জ্ঞান ও বৈরাগ্যের কষ্ট দূর হইবে এবং ভক্তি সুখলাভ করিবেন ।৬১

সিংহের গর্জ্জন শুনিয়া যেরূপ বৃক (কুকুরাকার বাঘ)-গণ পলায়ন করে, সেইরূপ শ্রীমদ্ভাগবতের ধ্বনিতে কলিযুগের সমস্ত দোষ নষ্ট হইয়া যাইবে ।৬২

তখন প্রেমরসবাহিনী ভক্তি জ্ঞান ও

শ্রীমদ্ভাগবতালাপাস্তৎ কথং বোধমেষ্যতি।
তৎকথাস্তু বেদার্থঃ শ্লোকে শ্লোকে পদে পদে ॥৬৫
ছিন্দন্তু সংশয়ং হ্যেনং ভবন্তোঽমোঘদর্শনাঃ।
বিলম্বো নাত্র কর্ত্তব্যঃ শরণাগতবৎসলাঃ ॥৬৬

কুমারা ঊচুঃ

বেদোপনিষদাং সারাজ্জাতা ভাগবতী কথা।
অত্যুত্তমা ততো ভাতি পৃথগ্‌ভূতা ফলাকৃতিঃ ॥৬৭
আমূলাগ্রং রসস্তিষ্ঠত্যাস্তে ন স্যাস্ততে যথা।
স ভূয়ঃ সম্পৃথগ্‌ভূতঃ ফলে বিশ্বমনোহরঃ ॥৬৮
যথা দুগ্ধে স্থিতং সর্পির্ন স্বাদায়োপকল্পতে।
পৃথগ্‌ভূতং হি তদ্‌গব্যং দেবানাং রসবর্দ্ধনম্ ॥৬৯
ইক্ষূণামপি মধ্যান্তং শর্করা ব্যাপ্য তিষ্ঠতি।
পৃথগ্‌ভূতা চ সা মিষ্টা তথা ভাগবতী কথা ॥৭০
ইদং ভাগবতং নাম পুরাণং ব্রহ্মসম্মিতম্।
ভক্তি-জ্ঞান-বিরাগাণাং স্থাপনায় প্রকাশিতম্ ॥৭১
বেদান্ত-বেদসম্ভাতে গীতায়া অপি কর্ত্তরি।
পরিতাপবতি ব্যাসে মুহ্যত্যজ্ঞানসাগরে ॥৭২
তদা ত্বয়া পুরা প্রোক্তং চতুঃশ্লোকসমন্বিতম্।
তদীয়শ্রবণাৎ সদ্যো নির্বাধো বাদরায়ণঃ ॥৭৩
তত্র তে বিস্ময়ঃ কেন যতঃ প্রশ্নকরো ভবান্।
শ্রীমদ্ভাগবতং শ্রাব্যং শোকদুঃখবিনাশনম্ ॥৭৪

বৈরাগ্যকে সঙ্গে লইয়া প্রতিগৃহে এবং প্রতি মানুষের অন্তরে ক্রীড়া করিবেন।৬৩

নারদ বলিলেন,—আমি বেদ-বেদান্তধ্বনি এবং গীতাপাঠ করিয়া উহাদের জাগাইবার চেষ্টা করিয়াছি, কিন্তু তাহাতে ভক্তি, জ্ঞান ও বৈরাগ্য—এই তিনজন জাগরিত হন নাই।৬৪

এইরূপ অবস্থায় শ্রীমদ্ভাগবত শুনাইলে তাঁহারা কিরূপে জাগিবেন? কারণ, ঐ ভাগবতের কথার প্রতিশ্লোকে এবং প্রত্যেক পদে তো বেদেরই সারাংশ সন্নিবেশিত আছে? ৬৫

আপনারা শরণাগতবৎসল এবং আপনাদের দর্শন কখনই ব্যর্থ হয় না, সেইজন্য আমার এই সন্দেহ আপনারা দূর করুন, আর বিলম্ব করিবেন না।৬৬

সনকাদি কুমারগণ বলিলেন,—শ্রীমদ্ভাগবতের কথা বেদ ও উপনিষদের সারাংশ দিয়া নির্ম্মিত। সেইজন্য বেদ হইতে পৃথক্ অথচ উহার ফলস্বরূপ হওয়ায় শ্রীমদ্ভাগবত অতি উত্তম বলিয়া প্রতীতি হয়।৬৭

যেরূপ রস বৃক্ষের মূল হইতে শাখাগ্র পর্য্যন্ত থাকে, কিন্তু তাহার এই স্থিতিতে উহার আস্বাদন হয় না; ঐ রসই যখন পৃথক্ হইয়া ফলাকারে পরিণত হয়, তখনই সকল লোকের আস্বাদ্যরূপে প্রিয় হইয়া উঠে।৬৮

যেরূপ দুধে ঘি আছে সত্য, কিন্তু দুধ খাইলে ঘিয়ের আস্বাদ পাওয়া যায় না; দুধ হইতে পৃথক্ হইয়া যখন ঘি উৎপন্ন হয়, তখনই উহা দেবগণেরও স্বাদবর্ধক হইয়া উঠে।৬৯

শর্করা (চিনি) ইক্ষুর (আখের) মধ্য হইতে মূল পর্য্যন্ত বিস্তৃত থাকিলেও, ইক্ষু ভোজনে উহার মিষ্টতা পাওয়া যায় না, কিন্তু যখনই ইক্ষু হইতে পৃথক্ হইয়া চিনিরূপে পরিণত হয়, তখনই ঐ মিষ্টতা পাওয়া যায়, সেইরূপ শ্রীমদ্ভাগবতের কথা জানিবে।৭০

এই শ্রীমদ্ভাগবতপুরাণ বেদতুল্য। শ্রীমন্মহর্ষি বেদব্যাস ভক্তি, জ্ঞান ও বৈরাগ্যকে স্থাপিত করিবার জন্য ইহা প্রকাশিত করিয়াছেন।৭১

পুরাকালে যে সময় বেদ-বেদান্ত পারগামী এবং গীতারও রচয়িতা ভগবান্ বেদব্যাস খিন্ন হইয়া অজ্ঞান সমুদ্রে মুগ্ধ হইয়া পড়েন, ঐ সময়ে আপনিই (নারদই) তাঁহাকে চারিটি শ্লোকে উপদেশ দিয়াছিলেন। উহা শুনিয়াই বাদরায়ণ (ব্যাসদেব) সদ্যই সমস্ত বাধা (দুঃখ) হইতে মুক্তিলাভ করেন।৭২-৭৩

সুতরাং ইহাতে কেন আপনার বিস্ময় জাগিতেছে, যাহার জন্য আপনি প্রশ্ন করিতেছেন? আপনি ভক্তি, জ্ঞান ও বৈরাগ্যের সকল দুঃখবিনাশক শ্রীমদ্ভাগবতশাস্ত্র তাঁহাদিগকে শ্রবণ করান।৭৪

নারদ উবাচ

যদ্দর্শনঞ্চ বিনিহন্ত্যশুভানি সদ্যঃ
শ্রেয়স্তনোতি ভবদুঃখদবার্দিতানাম্।
নিঃশেষশেষমুখগীতকথৈকপানাঃ
প্রেমপ্রকাশকৃতয়ে শরণং গতোঽস্মি ॥৭৫

ভাগ্যোদয়েন বহুজন্মসমর্জিতেন
সৎসঙ্গমঞ্চ লভতে পুরুষো যদা বৈ।
অজ্ঞানহেতুকৃতমোহমদান্ধকার-
নাশং বিধায় হি তদোদয়তে বিবেকঃ ॥৭৬

ইতি পদ্মপুরাণে উত্তরখণ্ডে শ্রীমদ্ভাগবতমাহাত্ম্যে
দ্বিতীয়ঃ অধ্যায়ঃ ॥

নারদ বলিলেন,— যাঁহাদিগের দর্শন মানুষের সকল অশুভ তৎক্ষণাৎ নাশ করে এবং সংসারের নানা দুঃখরূপ দাবানলে যাহারা তাপিত, তাহাদের শীঘ্র শান্তিদান করিয়া থাকে, যাঁহারা নিরন্তর শেষনাগের সহস্র মুখে গীত ভাগবত কথা পান করেন। আমি প্রেমলক্ষণ ভক্তির প্রকাশের জন্য তাঁহাদের শরণাপন্ন হইলাম। বহুজন্মে অর্জ্জিত পুণ্যের উদয় হইলে পর মনুষ্যের যখন সৎসঙ্গ লাভ হয়, তখন তাহার অজ্ঞানজনিত মোহ এবং মদরূপ অন্ধকার বিনাশ করিয়া বিবেক উদিত হয়।৭৫-৭৬

ওঙ্কারনাথসেবক শ্রীরামতরণকাব্যব্যাকরণতীর্থকৃত বঙ্গানুবাদসহিত পদ্মপুরাণের উত্তরখণ্ডে
শ্রীমদ্ভাগবতমাহাত্ম্যে দ্বিতীয় অধ্যায় সমাপ্ত।

তৃতীয়ঃ অধ্যায়ঃ

[ভক্তিকষ্টনিবৃত্তিঃ।]

নারদ উবাচ

জ্ঞানযজ্ঞং করিষ্যামি শুকশাস্ত্রকথোজ্জ্বলম্।
ভক্তি-জ্ঞান-বিরাগাণাং স্থাপনার্থং প্রযত্নতঃ ॥১
কুত্র কার্য্যো ময়া যজ্ঞঃ স্থলং তদ্‌বাচ্যতামিহ।
মহিমা শুকশাস্ত্রস্য বক্তব্যো বেদপারগৈঃ ॥২
কিয়দ্ভিদিবসৈঃ শ্রাব্যা শ্রীমদ্ভাগবতী কথা।
কো বিধিস্তত্র কর্তব্যো মমেদং ব্রূবতামিতঃ ॥৩

কুমারা ঊচুঃ

শৃণু নারদ বক্ষ্যামো বিনম্রায় বিবেকিনে।
গঙ্গাদ্বারসমীপে তু তটমানন্দনামকম্ ॥৪
নানাঋষিগণৈর্জুষ্টং দেবসিদ্ধনিষেবিতম্।
নানাতরুলতাকীর্ণং নবকোমলবালুকম্ ॥৫
রম্যমেকান্তদেশস্থং হেমপদ্মসুগৌরভম্।
যৎসমীপস্থজীবানাং বৈরং চেতসি ন স্থিতম্ ॥৬
জ্ঞানযজ্ঞস্ত্বয়া তত্র কর্তব্যো হ্যুপ্রযত্নতঃ।
অপূর্বরসরূপা চ কথা তত্র ভবিষ্যতি ॥৭
পুরঃস্থং নির্বলং চৈব জরাজীর্ণকলেবরম্।
সুতং ধৃত্বা পুরস্কৃত্য ভক্তিস্তত্রাগমিষ্যতি ॥৮
যত্র ভাগবতী বার্তা তত্র ভক্ত্যাদিকং ত্রয়ং।
কথাশব্দং সমাকর্ণ্য তৎত্রিকং তরুণায়তে ॥৯

তৃতীয় অধ্যায়

[ভক্তির কষ্টের নিবৃত্তি।]

নারদ বলিলেন,—ভক্তি, জ্ঞান ও বৈরাগ্যকে স্থাপিত করিবার জন্য অতি আমি অতিশয় যত্নের সহিত শ্রীশুকদেবকথিত শ্রীমদ্ভাগবতশাস্ত্রের কথা দ্বারা উজ্জ্বল জ্ঞানযজ্ঞ করিব।১

এই যজ্ঞ আমি কোথায় করিব? আপনারা তাহা বলুন। আপনারা বেদের পারগামী, অতএব শুকদেবকথিত ভাগবতশাস্ত্রের মহিমা কীর্তন করুন।২

শ্রীমদ্ভাগবতী কথা কত দিনে শুনিতে (শোনাইতে) হয় এবং শ্রবণের বিধিই বা কি? আপনারা তাহা বলুন।৩

সনকাদি কুমারগণ বলিলেন,—হে নারদ! আপনি অত্যন্ত বিনীত ও বিবেকী, সেইজন্য আপনাকে সমস্ত বিষয়ই বলিব—শ্রবণ করুন। হরিদ্বারের নিকট আনন্দনামক এক গঙ্গার ঘাট আছে।৪

সেখানে বহু ঋষি বিরাজ করিতেছেন এবং দেবতা ও সিদ্ধলোকগণও উহার সেবা করেন। সেখানে মধ্যে মধ্যে বহু বৃক্ষ ও লতা থাকায়, উহা অতি নিবিড় বলিয়া বোধ হয় এবং ঐ স্থলে অত্যন্ত কোমল (মসৃণ) নূতন বালুকা বিস্তৃত আছে।৫

ঐ ঘাট অতি রমণীয় এবং একান্ত (কোলাহল শূন্য) প্রদেশে স্থিত। সেখানে সর্ব্বদা সুবর্ণপদ্মের সৌগন্ধ বিদ্যমান রহিয়াছে। তাহার পার্শ্ববর্তী বনভাগে স্থিত সিংহ-ব্যাঘ্র ও হস্তী প্রভৃতি পরস্পর বিরোধী জীবগণের চিত্তে বৈরিভাব দেখা যায় না।৬

আপনি ঐস্থানে গিয়া বিশেষ যত্নের সহিত জ্ঞান-যজ্ঞ আরম্ভ করুন, সেখানে ভাগবতী কথা হইলে অপূর্ব্ব রসের সমাগম (উদয়) হইবে।৭

ভক্তিদেবীও সম্মুখে স্থিত দুর্বল ও জরাজীর্ণ অবস্থায় পতিত জ্ঞান এবং বৈরাগ্যকে সঙ্গে লইয়া সেখানে আগমন করিবেন।৮

কারণ, যেখানে শ্রীমদ্ভাগবতের কথা আরম্ভ হয়,

সূত উবাচ

এবমুক্ত্বা কুমারাস্তে নারদেন সমং ততঃ।
গঙ্গাতটং সমাজগ্মুঃ কথাপানায় সত্বরাঃ ॥১০
যদা যাতাস্তটং তে তু তদা কোলাহলোঽভবৎ।
ভূর্লোকে দেবলোকে চ ব্রহ্মলোকে তথৈব চ ॥১১
শ্রীভাগবতপীযূষপানায় রসলম্পটাঃ।
ধাবন্তোঽপ্যাযযুঃ সর্বে প্রথমং যে চ বৈষ্ণবাঃ ॥১২
ভৃগুর্বশিষ্ঠশ্চ্যবনশ্চ গৌতমো
মেধাতিথির্দেবল-দেবরাতৌ।
রামস্তথা গাধিসুতশ্চ শাকলো
মৃকণ্ডুপুত্রাত্রিকপিপ্পলাদাঃ ॥১৩
যোগেশ্বরৌ ব্যাস-পরাশরৌ চ
ছায়াশুকো জাজলি-জহ্নুমুখ্যাঃ।
সর্বেঽপ্যমী মুনিগণাঃ সহপুত্রশিষ্যাঃ
স্বস্ত্রীভিরাযযুরতিপ্রণয়েন যুক্তাঃ ॥১৪

সেখানে ভক্তি প্রভৃতি উপস্থিত হন। তারপর সেখানে শ্রীভাগবতের কথামৃত শ্রবণ করিয়া ভক্তি, জ্ঞান ও বৈরাগ্য—এই তিন জন তরুণ হইয়া যান।৯

সূত বলিলেন,—এইরূপ বলিয়া সনক প্রভৃতি কুমারগণ নারদের সহিত শ্রীমদ্ভাগবতের কথা শ্রবণ করিবার জন্য অতি সত্বর হরিদ্বারে আগমন করিলেন।১০

তাঁহারা যখন ঐ গঙ্গাতটে উপনীত হন, তখন ভূর্লোক, দেবলোক ও ব্রহ্মলোক—সব স্থানে মহা কোলাহল উত্থিত হইল।১১

যাঁহারা যাঁহারা শ্রীমদ্ভাগবতকথার রসিক বিষ্ণুভক্ত ছিলেন, তাঁহারা সকলেই শ্রীমদ্ভাগবতামৃত পান করিবার জন্য সর্বাগ্রে দৌড়াইতে দৌড়াইতে আগমন করিলেন।১২

ভৃগু, বশিষ্ঠ, চ্যবন, গৌতম, মেধাতিথি, দেবল, দেবরাত, পরশুরাম, বিশ্বামিত্র, শাকল, মার্কণ্ডেয়, দত্তাত্রেয়, পিপ্পলাদ, যোগেশ্বর ব্যাস ও পরাশর, ছায়াশুক, জাজলি এবং জহ্নু আদি সব প্রধান প্রধান

বেদাস্তানি চ বেদাশ্চ মন্ত্রাস্তন্ত্রাঃ সমূর্তয়ঃ।
দশসপ্তপুরাণানি ষট্ শাস্ত্রাণি তথাযযুঃ ॥১৫
গঙ্গাদ্যাঃ সরিতস্তত্র পুষ্করাদিসরাংসি চ।
ক্ষেত্রাণি চ দিশঃ সর্বা দণ্ডকাদিবনানি চ ॥১৬
নগাদয়ো যযুস্তত্র দেব-গন্ধর্ব-দানবাঃ।
গুরুত্বাত্তত্র নায়াতান্ ভৃগুঃ সম্বোধ্য চানয়ৎ ॥১৭
দীক্ষিতা নারদেনাথ দত্তমাসনমুত্তমম্।
কুমারা বন্দিতাঃ সর্বৈর্নিষেদুঃ কৃষ্ণতৎপরাঃ ॥১৮
বৈষ্ণবাশ্চ বিরক্তাশ্চ ন্যাসিনো ব্রহ্মচারিণঃ।
মুখভাগে স্থিতাস্তে চ তদগ্রে নারদঃ স্থিতঃ ॥১৯
একভাগে ঋষিগণাস্তদন্যত্র দিবৌকসঃ।
বেদোপনিষদোঽন্যত্র তীর্থান্যত্র স্ত্রিয়োঽন্যতঃ ॥২০
জয়শব্দো নমঃশব্দঃ শঙ্খশব্দস্তথৈব চ।
চূর্ণ-লাজা-প্রসূনানাং নিক্ষেপঃ সুমহানভূৎ ॥২১

মুনিগণ নিজ নিজ পুত্র, শিষ্য ও স্ত্রীর সহিত প্রেমভরে সেখানে আগমন করিলেন।১৩-১৪

এতদ্ব্যতীত বেদ, বেদান্ত (উপনিষদ্), মন্ত্র, তন্ত্র, সপ্তদশ (১৭) পুরাণ এবং ছয় শাস্ত্র মূর্তিধারণ করিয়া সেখানে উপস্থিত হইলেন।১৫

গঙ্গা আদি নদী, পুষ্কর আদি সরোবর, কুরুক্ষেত্র আদি সমস্ত ক্ষেত্র, দিক্ সমূহ, দণ্ডক প্রভৃতি বন, হিমালয় আদি পর্বত এবং দেব, গন্ধর্ব ও দানবাদি সকলেই ঐ ভাগবতী কথা শুনিবার জন্য গমন করিলেন। যাঁহারা নিজের গৌরববোধে আগমন করেন নাই, তাঁহাদিগকে মহর্ষি ভৃগু বুঝাইয়া আনয়ন করিলেন।১৬-১৭

কথা শোনাইবার জন্য দীক্ষিত হইয়া শ্রীকৃষ্ণপরায়ণ সনকাদি কুমারগণ নারদকর্তৃক প্রদত্ত উত্তম আসনে উপবেশন করিলেন। তখন সকল শ্রোতারা তাঁহাদিগকে বন্দনা করিলেন।১৮

শ্রোতাদিগের অগ্রভাগে বৈষ্ণব, বিরক্ত, সন্ন্যাসী ও

বিমানানি সমারুহ্য কিন্নরো দেবনায়কাঃ।
কল্পবৃক্ষপ্রসূনৈস্তান্ সর্বাংস্তত্র সমাকিরন্ ॥২২

সূত উবাচ

এবং তেষ্বেকচিত্তেষু শ্রীমদ্ভাগবতস্য চ।
মাহাত্ম্যমুচিরে স্পষ্টং নারদায় মহাত্মনে ॥২৩

কুমারা ঊচুঃ

অথ তে বর্ণ্যতেঽস্মাভির্মহিমা শুকশাস্ত্রজঃ।
যস্য শ্রবণমাত্রেণ মুক্তিঃ করতলে স্থিতা ॥২৪
সদা সেব্যা সদা সেব্যা শ্রীমদ্ভাগবতী কথা।
যস্যাঃ শ্রবণমাত্রেণ হরিশ্চিত্তং সমাশ্রয়েৎ ॥২৫
গ্রন্থোঽষ্টাদশসাহস্রো দ্বাদশস্কন্ধসন্মিতঃ।
পরীক্ষিচ্ছুকসংবাদঃ শৃণু ভাগবতঞ্চ তৎ ॥২৬

তাবৎ সংসারচক্রেঽস্মিন্ ভ্রমতেঽজ্ঞানতঃ পুমান্।
যাবৎ কর্ণগতা নাস্তি শুকশাস্ত্রকথা ক্ষণম্ ॥২৭
কিং শ্রুতৈর্বহুভিঃ শাস্ত্রৈঃ পুরাণৈশ্চ ভ্রমাবহৈঃ।
একং ভাগবতং শাস্ত্রং মুক্তিদানেন গর্জতি ॥২৮
কথা ভাগবতস্যাপি নিত্যং ভবতি যদ্গৃহে।
তদ্গৃহং তীর্থরূপং হি বসতাং পাপনাশনম্ ॥২৯
অশ্বমেধসহস্রাণি বাজপেয়শতানি চ।
শুকশাস্ত্রকথায়াশ্চ কলাং নার্হন্তি ষোড়শীম্ ॥৩০
তাবৎ পাপানি দেহেঽস্মিন্নিবসন্তি তপোধনাঃ।
যাবন্ন শ্রূয়তে সম্যক্ শ্রীমদ্ভাগবতং নরৈঃ ॥৩১
ন গঙ্গা ন গয়া কাশী পুষ্করং ন প্রয়াগকম্।
শুকশাস্ত্রকথায়াশ্চ ফলেন সমতাং নয়েৎ ॥৩২

ব্রহ্মচারিগণ উপবেশন করেন। তাঁহাদের সকলের অগ্রে নারদ উপবিষ্ট হইলেন।১৯

একদিকে ঋষিগণ, একদিকে দেবতারা, একদিকে বেদ ও উপনিষদাদি এবং একদিকে সমস্ত তীর্থ উপবেশন করিলেন ও দ্বিতীয় দিকে সকল স্ত্রীগণ আসন পরিগ্রহ করিলেন।২০

তারপর চারিদিকেই জয়-জয় ধ্বনি, নমস্কার শব্দ ও শঙ্খধ্বনি হইতে লাগিল এবং প্রভূত আবীর, খই ও পুষ্পবর্ষণ আরম্ভ হইল।২১

কোন কোন দেবশ্রেষ্ঠগণ বিমানে আরোহণ করিয়া সেখানে উপবিষ্ট সকল শ্রোতাদিগের উপর কল্পবৃক্ষের পুষ্পবৃষ্টি করিলেন।২২

সূত বলিলেন,—এইরূপে পূজা ও সম্মানাদি প্রদর্শিত হইবার পর, যখন সকলে একাগ্রচিত্ত হইলেন, সনকাদি কুমারগণ মহাত্মা নারদকে শ্রীমদ্ভাগবতের মাহাত্ম্য স্পষ্ট করিয়া বর্ণনা করিতে লাগিলেন।২৩

সনকাদি কুমারগণ বলিলেন,—এখন আমরা আপনাকে শুকদেবরচিত শ্রীমদ্ভাগবতের মহিমা শুনাইব, যাহা শ্রবণ করিবামাত্র মুক্তি করতলগতা হন।২৪

শ্রীমদ্ভাগবতী কথা সদা সর্ব্বদা সেবন ও আস্বাদন করিতে হয়। কারণ, ইহার শ্রবণমাত্রই ভগবান্ শ্রীহরি হৃদয়ে বিরাজ করেন।২৫

এই গ্রন্থে অষ্টাদশ (আঠার) হাজার শ্লোক এবং দ্বাদশ (বার) স্কন্ধ বিদ্যমান এবং শ্রীশুকদেব ও রাজা পরীক্ষিতের আলাপ সন্নিবিষ্ট আছে। আপনি সেই ভগবত একাগ্রচিত্তে শ্রবণ করুন।২৬

মানুষ সেই পর্য্যন্তই অজ্ঞানবশে সংসারচক্রে পরিভ্রমণ করে, যে পর্য্যন্ত না ক্ষণকালও শুকদেবকথিত শ্রীমদ্ভাগবতশাস্ত্রের কথা কর্ণে না আসে।২৭

বহু শাস্ত্র এবং পুরাণ শ্রবণে কি লাভ? ইহাতে তো কেবল ভ্রমই (কর্ত্তব্য বিষয়ে নানা সংশয়ই) বর্দ্ধিত হয়। আর মুক্তি দিবার জন্য তো একমাত্র ভাগবতশাস্ত্রই গর্জ্জন করিতেছে।২৮

যে গৃহে নিত্য শ্রীমদ্ভাগবতের কথা হয়, সেই গৃহ তীর্থরূপে পরিণত হয় এবং সেখানে যাহারা বাস করে, তাহাদের সকল পাপ বিনষ্ট হয়।২৯

হাজার অশ্বমেধ যজ্ঞ এবং শত বাজপেয় যজ্ঞ শুকদেবকথিত এই ভাগবতশাস্ত্রের কথার ষোল ভাগের এক ভাগ হইতেও সমর্থ হইবে না।৩০

শ্লোকার্দ্ধং শ্লোকপাদং বা নিত্যং ভাগবতোদ্ভবম্।
পঠস্ব স্বমুখেনৈব যদীচ্ছসি পরাং গতিম্ ॥৩৩
বেদাদির্বেদমাতা চ পৌরুষং সূক্তমেব চ।
ত্রয়ী ভাগবতং চৈব দ্বাদশাক্ষর এব চ ॥৩৪
দ্বাদশাত্মা প্রয়াগশ্চ কালঃ সংবৎসরাত্মকঃ।
ব্রাহ্মণাশ্চাগ্নিহোত্রঞ্চ সুরভির্দ্বাদশী তথা ॥৩৫
তুলসী চ বসন্তশ্চ পুরুষোত্তম এব চ।
এতেষাং তত্ত্বতঃ প্রাজ্ঞৈর্ন পৃথগ্ভাব ইষ্যতে ॥৩৬
যশ্চ ভাগবতং শাস্ত্রং বাচয়েদর্থতোঽনিশম্।
ভস্মকোটিকৃতং পাপং নশ্যতে নাত্র সংশয়ঃ ॥৩৭
শ্লোকার্দ্ধং শ্লোকপাদং বা পঠেদ্ভাগবতং চ যঃ।
নিত্যং পুণ্যমবাপ্নোতি রাজসূয়াশ্বমেধয়োঃ ॥৩৮
উক্তং ভাগবতং নিত্যং কৃতঞ্চ হরিচিন্তনম্।
তুলসীপোষণং চৈব ধেনূনাং সেবনং সমম্ ॥৩৯

অন্তকালে তু যৈর্নৈব শ্রূয়তে শুকশাস্ত্রবাক্।
প্রীত্যা তস্যৈব বৈকুণ্ঠং গোবিন্দোঽপি প্রযচ্ছতি ॥৪০
হেমসিংহযুতং চৈতদ্ বৈষ্ণবায় দদাতি চ।
কৃষ্ণেন সহ সাযুজ্যং স পুমাংল্লভতে ধ্রুবম্ ॥৪১
আজন্মমাত্রমপি যেন শঠেন কিঞ্চি-
চ্ছিত্রং বিধায় শুকশাস্ত্রকথা ন পীতা।
চাণ্ডালবচ্চ খরবদ্ বত তেন নীতং
মিথ্যা স্বজন্ম জননীজনিদুঃখভা
জীবস্ত্রবো নিগদিতঃ স তু পাপকর্মা
যেন শ্রুতং শুককথাবচনং ন কিঞ্চিৎ।
ধিক্ তং নরং পশুসমং ভুবি ভারভূত-
মেবং বদন্তি নিখি দেবসমাজমুখ্যাঃ ॥৪৩
দুর্লভৈব কথা লোকে শ্রীমদ্ভাগবতোদ্ভবা।
কোটিজন্মসমুত্থেন পুণ্যেনৈব তু লভ্যতে ॥৪৪

হে তপোধনগণ! যে পর্য্যন্ত মনুষ্যবৃন্দ এই শ্রীমদ্ভাগবত সমাগ্রূপে শ্রবণ না করে, সেই পর্য্যন্তই তাহাদের শরীরে পাপসকল অবস্থান করে।৩১

গঙ্গা, গয়া, কাশী, পুষ্কর এবং প্রয়াগও শুকদেবকথিত এই ভাগবতশাস্ত্রের কথার ফলের সহিত সমানতা আনিতে সক্ষম হন্ না।৩২

যদি স্বীয় পরম গতির ইচ্ছা হয়, তাহা হইলে নিজ মুখে শ্রীমদ্ভাগবতের শ্লোকার্দ্ধ অথবা শ্লোকের একপাদ নিয়মপূর্ব্বক নিত্য পাঠ করিবে।৩৩

ওঙ্কার, গায়ত্রী, পুরুষসূক্ত, তিন বেদ, শ্রীমদ্ভাগবত, 'ওঁ নমো ভগবতে বাসুদেবায়' এই দ্বাদশাক্ষর মন্ত্র, দ্বাদশমূর্ত্তি সূর্য্যদেব, প্রয়াগ, সংবৎসররূপ কাল, ব্রাহ্মণ, অগ্নিহোত্র, গৌ, দ্বাদশী তিথি, তুলসী, বসন্ত ঋতু ও ভগবান্ পুরুষোত্তম—এই সকল মধ্যে কোন বুদ্ধিমান্ ব্যক্তিই বস্তুতঃ কোন পার্থক্য দেখেন না।৩৪-৩৬

যে ব্যক্তি সতত অর্থের সহিত শ্রীমদ্ভাগবত পাঠ করে, তাহার কোটি জন্মের পাপ নষ্ট হইয়া যায়,—ইহাতে কোন সংশয় নাই।৩৭

যে ব্যক্তি নিত্য ভাগবতের শ্লোকার্দ্ধ অথবা একপাদ শ্লোকও পাঠ করে, সেই ব্যক্তি রাজসূয়-যজ্ঞ ও অশ্বমেধ-যজ্ঞের ফল লাভ করে।৩৮

নিত্য ভাগবতপাঠ, শ্রীহরির চিন্তা, তুলসীবৃক্ষে জলদান ও গোমাতার সেবা করা—এই চারি কর্ম্ম সমফলদায়ক।৩৯

যে মৃত্যুকালে ভাগবতের বাক্য শ্রবণ করে, তাহার প্রতি ভগবান্ প্রসন্ন হইয়া তাহাকে বৈকুণ্ঠলোক দান করেন।৪০

যে ব্যক্তি সুবর্ণের সিংহাসনে ভাগবত রাখিয়া তাহা বৈষ্ণবকে দান করেন, তিনি অবশ্যই শ্রীকৃষ্ণের সহিত সাযুজ্য প্রাপ্ত হন।৪১

যে দুষ্ট নিজের সমস্ত জীবনকাল মধ্যে চিত্তকে একাগ্র করিয়া শ্রীমদ্ভাগবতশাস্ত্রকথামৃত একবারও পান করে নাই, সে তো নিজের জন্মটাই চাণ্ডাল ও গাধার ন্যায় ব্যর্থভাবে কাটাইয়াছে; সে মাতার প্রসবব্যথা দিবার জন্যই উৎপন্ন হইয়াছে।৪২

যে এই ভাগবতশাস্ত্রের অল্প কিছু বচনও শ্রবণ

তেন যোগনিধে ধীমন্ শ্রোতব্যা সা প্রযত্নতঃ।
দিনানাং নিয়মো নাস্তি সর্বদা শ্রবণং মতম্ ॥৪৫
সত্যেন ব্রহ্মচর্য্যেণ সর্বদা শ্রবণং মতম্।
অশক্যত্বাৎ কলৌ বোধ্যো
বিশেষোঽত্র শুকাজ্ঞয়া ॥৪৬
মনোবৃত্তিজয়শ্চৈব নিয়মাচরণং তথা।
দীক্ষা কর্তুমশক্যত্বাৎ সপ্তাহশ্রবণং মতম্ ॥৪৭
শ্রদ্ধাতঃ শ্রবণে নিত্যং মাঘে তাবদ্বি যৎ ফলম্।
তৎফলং শুকদেবেন সপ্তাহশ্রবণে কৃতম্ ॥৪৮
মনসশ্চাজয়াদ্রোগাৎ পুংসাং চৈবায়ুষঃ ক্ষয়াৎ।
কলের্দোষবহুত্বাচ্চ সপ্তাহশ্রবণং মতম্ ॥৪৯

যৎফলং নাস্তি তপসা ন যোগেন সমাধিনা।
অনায়াসেন তৎসর্বং সপ্তাহশ্রবণে লভেৎ ॥৫০
যজ্ঞাদ্গর্জতি সপ্তাহঃ সপ্তাহো গর্জতি ব্রতাৎ।
তপসো গর্জতি প্রোচ্চৈস্তীর্থাদ্বিত্যং হি গর্জতি ॥৫১
যোগাদ্গর্জতি সপ্তাহো ধ্যানাজ্জ্ঞানাচ্চ গর্জতি।
কিং ব্রুমো গর্জনং তস্য রে রে গর্জতি গর্জতি ॥৫২

শৌনক উবাচ

সাশ্চর্য্যমেতৎ কথিতং কথানকং
জ্ঞানাদিধর্মান্ বিগণয্য সাম্প্রতম্।
নিঃশ্রেয়সে ভাগবতং পুরাণং
জাতং কুতো যোগবিদাদিসূচকম্ ॥৫৩

করে নাই, ঐ পাপাত্মা জীবিত থাকিলেও তাহাকে মৃতের ন্যায় জানিতে হইবে। পৃথিবীর ভারস্বরূপ সেই পশুতুল্য মানুষকে ধিক্—এই কথা স্বর্গলোকে দেবগণ-প্রধান ইন্দ্রাদি বলিয়াছেন ।৪৩

সংসারে শ্রীমদ্ভাগবতী কথা লাভ করা অত্যন্ত দুর্লভ; কোটি জন্মার্জিত পুণ্য বলেই তাহা লাভ হইয়া থাকে ।৪৪

ধীমান্, যোগনিধে, নারদ! (হে নারদ! তুমি অত্যন্ত বুদ্ধিমান্ এবং যোগের সাগর।) আপনি অতিশয় যত্নের সহিত ভাগবত কথা শ্রবণ করুন। ইহা শ্রবণ করিতে দিনের কোন নিয়ম নাই। ইহা তো সর্ব্বদাই শুনিতে হয় ।৪৫

সত্য ভাষণ ও ব্রহ্মচর্য্য পালনপূর্ব্বক সর্ব্বদা ইহা শ্রবণ করার বিধি শ্রেষ্ঠ বলিয়া জানিবে, কিন্তু কলিকালে তাহা পালন করা দুঃসাধ্য, সেইজন্য শুকদেব যে বিশেষ বিধি বলিয়াছেন, তাহা জানা প্রয়োজন ।৪৬

কলিকালে বহুদিন ধরিয়া চিত্তবৃত্তিকে বশে রাখা, নিয়মে বাঁধা থাকা এবং কোন পুণ্য কার্য্যে দীক্ষিত হওয়া কঠিন, সেই জন্য ইহার সাতদিন শ্রবণ বিধি কথিত হইয়াছে ।৪৭

শ্রদ্ধাপূর্ব্বক নিত্য ভাগবত ও মাঘমাসে ভাগবত শ্রবণ করিলে যে ফল হয়, সপ্তাহব্যাপী (সাতদিন ধরিয়া) শ্রবণ করিলে সেই ফল লাভ হয়—ইহা শুকদেব নির্ধারিত করিয়াছেন ।৪৮

মনের অসংযম, রোগের বাহুল্য ও আয়ুর অল্পতা হেতু এবং কলিযুগে বহু দোষের সম্ভাবনায় শুকদেব সপ্তাহ শ্রবণের বিধান দিয়াছেন ।৪৯

যে ফল তপস্যা, যোগ ও সমাধি দ্বারা লাভ করা যায় না, সেই ফল ভাগবতের সপ্তাহশ্রবণে লাভ হইয়া থাকে ।৫০

এই সপ্তাহশ্রবণ যজ্ঞ, ব্রত, তপস্যা ও তীর্থপর্য্যটন হইতেও সদা অধিক ফলদায়ী ।৫১

এই সপ্তাহশ্রবণ যোগ, ধ্যান ও জ্ঞান হইতে অধিক। অরে! এই সপ্তাহের ফলের আমি কি বর্ণনা করিব? ইহা সব হইতেই অধিক ফলদায়ক ।৫২

শৌনক জিজ্ঞাসা করিলেন,—হে সূত! আপনি আজ অত্যন্ত আশ্চর্য্য কথা বলিলেন। অবশ্যই এই ভাগবতপুরাণ যোগজ্ঞ ব্রহ্মারও আদিকারণ শ্রীনারায়ণের নিরূপণ করিয়াছেন, কিন্তু ইহা মোক্ষপ্রাপ্তির কারণ জ্ঞানাদি সকল সাধনকে তিরস্কার করিয়া এইযুগে কিরূপে বর্দ্ধিত হইলেন? ।৫৩

সূত উবাচ

যদা কৃষ্ণো ধরাং ত্যক্ত্বা স্বপদং গন্তুমুদ্যতঃ।
একাদশং পরিশ্রুত্যাপ্যুদ্ধবো বাক্যমব্রবীৎ ॥৫৪

উদ্ধব উবাচ

ত্বং তু যাস্যসি গোবিন্দ ভক্তকার্য্যং বিধায় চ।
মচ্চিত্তে মহতী চিন্তা তাং শ্রুত্বা শমমাবহ ॥৫৫
আগতোঽয়ং কলির্ঘোরো ভবিষ্যন্তি পুনঃ খলাঃ।
তৎসঙ্গেনৈব সন্তোঽপি গমিষ্যন্ত্যগ্রতাং যদা ॥৫৬
তদা ভারবতী ভূমির্গৌরূপেণং কমাশ্রয়েৎ।
অন্যো ন দৃশ্যতে ত্রাতা ত্বতঃ কমললোচন ॥৫৭
অতঃ সৎসু দয়াং কৃত্বা ভক্তবৎসল মা ব্রজ।
ভক্তার্থং সগুণো জাতো নিরাকারোঽপি চিন্ময়ঃ ॥৫৮

ত্বদ্বিয়োগেন তে ভক্তাঃ কথং স্থাস্যন্তি ভূতলে।
নির্গুণোপাসনে কষ্টমতঃ কিঞ্চিদ্ বিচারয় ॥৫৯

ইত্যুদ্ধববচঃ শ্রুত্বা প্রভাসেঽচিন্তয়ন্ধরিঃ।
ভক্তাবলম্বনার্থায় কিং বিধেয়ং ময়েতি চ ॥৬০
স্বকীয়ং যদ্ধরেস্তেজস্তচ্চ ভাগবতেঽদধাৎ।
তিরোধায় প্রবিষ্টোঽয়ং শ্রীমদ্ভাগবতার্ণবম্ ॥৬১
তেনেয়ং বাঙ্ময়ী মূর্তিঃ প্রত্যক্ষা বর্ত্ততে হরেঃ।
সেবনাচ্ছ্রবণাৎ পাঠাদ্দর্শনাৎ পাপনাশিনী ॥৬২
সপ্তাহশ্রবণং তেন সর্বেভ্যোঽপ্যধিকং কৃতম্।
সাধনানি তিরস্কৃত্য কলৌ ধর্মোঽয়মীরিতঃ ॥৬৩
দুঃখ-দারিদ্র্য-দৌর্ভাগ্য-পাপপ্রক্ষালনায় চ।
কাম-ক্রোধজয়ার্থং হি কলৌ ধর্মোঽয়মীরিতঃ ॥৬৪

সূত বলিলেন,—হে শৌনক! যখন ভগবান্ শ্রীকৃষ্ণ ধরাধাম ত্যাগ করিয়া নিজ নিত্যধামে যাইতে উদ্যুক্ত হইলেন, তখন তাঁহার শ্রীমুখারবিন্দ হইতে শ্রীমদ্ভাগবতের একাদশ স্কন্ধের জ্ঞানোপদেশ শুনিয়া উদ্ধব জিজ্ঞাসা করিলেন ।৫৪

উদ্ধব বলিলেন,—হে গোবিন্দ! আজ আপনি ভক্তগণের কার্য্য সমাধা করিয়া নিজ পরমধামে গমন করিবেন, কিন্তু আমার মনে এক মহতী চিন্তা উপস্থিত হইয়াছে। উহা শুনিয়া আপনি আমাকে শান্ত করুন ।৫৫

এখন ঘোর কলিকাল আসিয়াছে, সুতরাং পুনরায় জগতে বহু দুষ্ট ব্যক্তি জন্মিবে; তাহাদের সংসর্গে সৎপুরুষগণও উগ্রপ্রকৃতি হইয়া পড়িবে, তখন তাহাদের ভারে অবনত গোরূপিণী ধরা কাহার শরণ গ্রহণ করিবেন? হে কমললোচন! আপনি ভিন্ন দ্বিতীয় অন্য কেহ তো ইঁহার রক্ষাকর্ত্তা দেখিতেছি না ।৫৬-৫৭

সেইজন্য হে ভক্তবৎসল! আপনি সাধুদিগের প্রতি কৃপা করিয়া এই পৃথিবী হইতে চলিয়া যাইবেন না। হে ভগবন্! আপনি নিরাকার ও চিন্ময়মাত্র হইয়াও ভক্তগণের জন্যই তো সগুণরূপ ধারণ করিয়াছেন। আপনার বিয়োগে আপনার ভক্তগণ কিরূপে পৃথিবীতে অবস্থান করিবেন? নির্গুণ উপাসনা তো অত্যন্ত কষ্টসাধ্য, সেই জন্য কিছু বিবেচনা করুন ।৫৮-৫৯

প্রভাসক্ষেত্রে উদ্ধবের এই বাক্য শুনিয়া ভগবান্ শ্রীহরি চিন্তা করিতে লাগিলেন যে, ভক্তগণের অবলম্বনের আমি কি ব্যবস্থা করিব? ৬০

(হে শৌনক!) তখন ভগবান্ আপনার সমস্ত শক্তি ভাগবতে অর্পণ করিলেন এবং অন্তর্হিত হইয়া এই ভাগবতসমুদ্রে প্রবেশ করিলেন ।৬১

সেইজন্য এই ভাগবত ভগবানের সাক্ষাৎ শব্দময়ী মূর্ত্তি। সেইহেতু ইহার সেবন, শ্রবণ, পাঠ কিংবা দর্শনে মনুষ্যের সকল পাপ নষ্ট হইয়া যায় ।৬২

সেইকারণে ইহার সপ্তাহশ্রবণ সকল সাধন হইতে অধিক নির্দ্ধারিত করিয়াছেন এবং সব সাধন পরিত্যাগ করিয়া কলিকালে এই ধর্ম্মই কথিত হইয়াছে ।৬৩

দুঃখ, দারিদ্র্য, দুর্ভাগ্য ও পাপ মোচন করিয়া থাকেন এবং কাম ক্রোধাদি শত্রুগণকে জয় করাইয়া থাকেন বলিয়া কলিকালে ইহাই ধর্ম্ম বলিয়া উক্ত হইয়াছে ।৬৪

অন্যথা বৈষ্ণবী মায়া দেবৈরপি সুদুস্ত্যজা।
কথং ত্যাজ্যা ভবেৎ পুন্তিঃ সপ্তাহোঽয়ং প্রকীর্তিতঃ ॥৬৫

সূত উবাচ

এবং নগাহশ্রবণোরুধর্মে
প্রকাশ্যমানে ঋষিভিঃ সভায়াম্।
আশ্চর্য্যমেকং সমভূত্তদানীং
তদুচ্যতে সংশৃণু শৌনকত্বম্ ॥৬৬

ভক্তিঃ সুতৌ তৌ তরুণৌ গৃহীত্বা
প্রেমৈকরূপা সহসাবিরাসীৎ।
শ্রীকৃষ্ণ গোবিন্দ হরে মুরারে
নাথেতি নামানি মুহুর্বদন্তী ॥৬৭

তাং চাগতাং ভাগবতার্থভূষাং
সুচারুবেষাং দদৃশুঃ সদস্যাঃ।
কথং প্রবিষ্টা কথমাগতেয়ং
মধ্যে মুনীনামিতি তর্কয়ন্তঃ ॥৬৮

উচুঃ কুমারা বচনং তদানীং
কথার্থতো নিষ্পতিতাধুনেয়ম্।
এবং গিরঃ সা সদৃতা নিশম্য
সনৎকুমারং নিজগাদ নম্রা ॥৬৯

ভক্তিরুবাচ

ভবদ্ভিরস্মৈব কৃতাস্মি পুষ্টা
কলিপ্রনষ্টাপি কথারসেন।
কাহং তু তিষ্ঠাম্যধুনা ব্রুবন্তু
ব্রহ্মা ইদং তাং গিরমূচিরে তে ॥৭০

ভক্তেষু গোবিন্দস্বরূপকর্ত্রী
প্রেমৈকধর্ত্রী ভবরোগহন্ত্রী।
সা ত্বঞ্চ তিষ্ঠস্ব সুধৈর্যসংশ্রয়া
নিরন্তরং বৈষ্ণবমানসানি ॥৭১

তস্তোঽপি দোষাঃ কলিজা ইমে ত্বাং
দ্রষ্টুং ন শক্তাঃ প্রভবোঽপি লোকে।

অন্যথা বিষ্ণুর এই মায়া হইতে পরিত্রাণ পাওয়া দেবগণেরও দুঃসাধ্য, সেখানে মনুষ্যগণ কিরূপে মুক্তিলাভ করিবে? সেই হেতু এই সপ্তাহশ্রবণের বিধান উল্লিখিত হইয়াছে।৬৫

সূত বলিলেন,—হে শৌনক! যে সময়ে সনকাদি মুনীশ্বর এই সপ্তাহশ্রবণের মহিমা সভায় কীর্ত্তন করিতেছিলেন, সেই সময়ে ঐ সভায় এক আশ্চর্য্য ঘটনা হইয়াছিল, আমি তাহা বলিতেছি—শ্রবণ করুন।৬৬

সেখানে তরুণ অবস্থা লাভ করত জ্ঞান ও বৈরাগ্য নামে নিজ দুই পুত্রের সহিত বিশুদ্ধ প্রেমরূপা ভক্তি বার বার 'শ্রীকৃষ্ণ! গোবিন্দ! হরে! মুরারে! হে নাথ! নারায়ণ! বাসুদেব!' আদি ভগবন্নামসকল উচ্চারণ করিতে করিতে অকস্মাৎ প্রকটিত হইলেন।৬৭

তখন সব সদস্যগণ দেখিলেন যে, পরমা সুন্দরী ভক্তিদেবী ভাগবতের অর্থরূপ ভূষণ ধারণ করিয়া সভায় উপস্থিত হইয়াছেন। মুনিগণের সেই সভায় তখন তর্ক বিতর্ক হইতে লাগিল যে, ইনি কিরূপে আসিলেন এবং কিভাবেই বা প্রবেশ করিলেন? ৬৮

সেই সময় সনকাদি কুমারগণ বলিলেন,—'এই ভক্তি দেবী এখনই ভাগবতের কথার অর্থ হইতে নিষ্ক্রান্ত হইয়াছেন।' তাঁহাদিগের এই বাক্য শ্রবণ করিয়া ভক্তিদেবী নিজ পুত্রের সহিত অত্যন্ত বিনম্র হইয়া সনৎকুমারকে বলিলেন।৬৯

ভক্তি দেবী বলিলেন,—আমি কলিযুগে নষ্টপ্রায় হইয়া গিয়াছিলাম, কিন্তু আপনার কথারসে সিঞ্চিত হইয়া পুষ্ট হইয়াছি। এখন আপনি ইহা বলুন—আমি কোথায় অবস্থান করিব?' এই কথা শুনিয়া সনকাদি মুনিগণ তাঁহাকে বলিলেন।৭০

আপনি ভক্তগণের নিকট ভগবানের স্বরূপ প্রকাশ করিয়া থাকেন, আপনি তাঁহাদের অনঙ্গ প্রেমদান করেন ও সংসাররোগনাশ করেন, অতএব আপনি ধৈর্য্য ধারণ করিয়া নিত্য নিরন্তর বিষ্ণুভক্তগণের হৃদয়মধ্যে বাস করুন।৭১

এবং তদাজ্ঞাবসরেঽপি ভক্তি-
স্তদা নিমগ্না হরিদাসচিত্তে ॥৭২

সকলদুঃখমধ্যে নির্ধনাস্তেঽপি ধন্যা
নিবসতি হৃদি যেষাং শ্রীহরের্ভক্তিরেকা।

হরিরপি নিজলোকং সর্বথাতো বিহায়
প্রবিশতি হৃদি তেষাং ভক্তিসূত্রোপনদ্ধঃ ॥৭৩

ক্রমোঽস্য তে কিমধিকং মহিমানমেবং
ব্রহ্মাত্মকস্য ভুবি ভাগবতাভিধস্য।
যৎ সংশ্রয়ান্নিগদিতে লভতে স্ববক্ত্রা
শ্রোতাপি কৃষ্ণসমতামলমন্যধর্মৈঃ ॥৭৪

ইতি পদ্মপুরাণে উত্তরখণ্ডে শ্রীমদ্ভাগবতমাহাত্ম্যে
ভক্তিকষ্টনিবর্তনং নাম তৃতীয়ঃ অধ্যায়ঃ ॥

তাহা হইলেই কালিকালোৎপন্ন এই দোষদকল নিজ প্রভাব বিস্তার করিলেও আপনাকে দেখিতে পাইবে না। সেই সময় এইরূপ তাঁহাদের আজ্ঞা পাইয়াই ভক্তি দেবী অতি সত্বর ভগবদ্ভক্তগণের হৃদয়ে বাস করিতে লাগিলেন।৭২

যাঁহার হৃদয়ে একমাত্র শ্রীহরির ভক্তি বাস করেন, তিনি ত্রিলোকমধ্যে অত্যন্ত নির্ধন হইলেও পরম ধন্য; কারণ, এই ভক্তির সূত্রে (তোরে) বদ্ধ হইয়া সাক্ষাৎ ভগবান্ পরমধাম ত্যাগ করত তাঁহার হৃদয়ে বাস করেন।৭৩

পৃথিবীতে এই শ্রীমদ্ভাগবত সাক্ষাৎ পরমব্রহ্মের বিগ্রহ, আমরা ইঁহার এইরূপ মহিমা অধিক আর কি বর্ণনা করিব? ইঁহার আশ্রয় লইয়া ভাগবতপাঠকগণ এবং শ্রোতারা—এই উভয়েই ভগবান্ শ্রীকৃষ্ণের সমতা লাভ করেন। অতএব ইঁহাকে ছাড়িয়া অন্য ধর্ম আশ্রয়ের কি প্রয়োজন? ৭৪

ওঙ্কারনাথসেবক শ্রীরামময়দত্ত কাব্যব্যাকরণতীর্থকৃত-বঙ্গভাষানুবাদসহিত পদ্মপুরাণের উত্তরখণ্ডে
ভক্তিকষ্টনিবৃত্তিনামে তৃতীয় অধ্যায় সমাপ্ত।

চতুর্থঃ অধ্যায়ঃ

[শোকর্ণোপাখ্যানারম্ভঃ।]

সূত উবাচ

অথ বৈষ্ণবচিত্তেষু দৃষ্ট্বা ভক্তিমলৌকিকীম্।
নিজলোকং পরিত্যজ্য ভগবান্ ভক্তবৎসলঃ ॥১

বনমালী ঘনশ্যামঃ পীতবাসা মনোহরঃ।
কাঞ্চীকলাপরুচিরো লসন্মুকুটকুণ্ডলঃ ॥২

ত্রিভঙ্গললিতশ্চারুকৌস্তুভেন বিরাজিতঃ।
কোটিমন্মথলাবণ্যো হরিচন্দনচর্চিতঃ ॥৩

পরমানন্দচিন্মূর্তির্মধুরো মুরলীধরঃ।
আবিবেশ স্বভক্তানাং হৃদয়ান্যমলানি চ ॥৪

বৈকুণ্ঠবাসিনো যে চ বৈষ্ণবা উদ্ধবাদয়ঃ।
তৎকথাশ্রবণার্থং তে গূঢ়রূপেণ সংস্থিতাঃ ॥৫

তদা জয়জয়ারাবো রসপুষ্টিরলৌকিকী।
চূর্ণপ্রসূনবৃষ্টিশ্চ মুহুঃ শঙ্খরবোঽপ্যভূৎ ॥৬

তৎসভাসংস্থিতানাঞ্চ দেহগেহাত্মবিস্মৃতিঃ।
দৃষ্ট্বা চ তন্ময়াবস্থাং নারদো বাক্যমব্রবীৎ ॥৭

অলৌকিকোঽয়ং মহিমা মুনীশ্বরাঃ
সপ্তাহজন্যোঽদ্য বিলোকিতো ময়া।
মূঢ়া শঠা যে পশুপক্ষিণোঽত্র
সর্বেঽপি নিষ্পাপতমা ভবন্তি ॥৮

চতুর্থ অধ্যায়

[শোকর্ণের উপাখ্যান আরম্ভ।]

সূত বলিলেন,—(মুনিবর!) সেই সময় নিজ ভক্তগণের চিত্তে অলৌকিক ভক্তির প্রাদুর্ভাব দেখিয়া ভক্তবৎসল ভগবান্ নিজধাম পরিত্যাগ করত তাঁহাদের হৃদয়ে আবির্ভূত হইলেন।১

তখন তাঁহার গলে বনমালা শোভা পাইতেছিল, শ্রীঅঙ্গ সজল জলধরের ন্যায় শ্যামবর্ণ, তাহাতে মনোহর পীতবর্ণের বস্ত্র সুশোভিত ছিল, কটিদেশ কাঞ্চীদামে সুসজ্জিত, মস্তকে মুকুট ও কর্ণে কুণ্ডল শোভা বর্দ্ধন করিতেছিল।২

তিনি ভক্তগণের হৃদয়ে তখন ত্রিভঙ্গললিতভাবে দণ্ডায়মান ছিলেন, বক্ষঃস্থলে সুন্দর কৌস্তুভমণি শোভিত ও সারা অঙ্গে হরিচন্দনে চর্চ্চিত ছিল। (তাঁহার রূপের শোভার কি বর্ণনা করিব? তখন মনে হইতেছিল)—কোটি কামদেবের রূপমাধুরী যেন একত্রে সন্নিবেশিত হইয়াছে।৩

পরমানন্দ চিন্ময়বিগ্রহ মধুরাতিমধুর মুরলীধর শ্রীকৃষ্ণের এই ভুবনমোহন মূর্ত্তি স্বভক্তগণের নির্ম্মল হৃদয়মধ্যে আবির্ভূত হইলেন।৪

ভগবানের নিত্যলোকনিবাসী লীলাপরিকর উদ্ধব প্রভৃতি সেখানে গুপ্তভাবে ভাগবতী কথা শুনিবার জন্য আগমন করিয়াছিলেন।৫

প্রভু প্রকটিত হইবার সঙ্গে সঙ্গেই চতুর্দ্দিকে 'জয় জয়' ধ্বনি উত্থিত হইতে লাগিল। সেই সময় ভক্তিরসের অদ্ভুত প্রবাহ চলিতেছিল। বারংবার আবীর ও পুষ্পবৃষ্টি এবং শঙ্খধ্বনি হইতে লাগিল।৬

ঐ সভায় যাঁহারা উপবিষ্ট ছিলেন, তখন তাঁহাদের কাহারও দেহ, গৃহ ও আত্মীয়গণের কথা মনে ছিল না। তাঁহাদের এই তন্ময় অবস্থা দেখিয়া নারদ বলিতে লাগিলেন।৭

হে মুনীশ্বরগণ! আজ আমি এই সপ্তাহশ্রবণের অলৌকিক মহিমা দর্শন করিলাম। এখানে যে অতি মূর্খ ও দুষ্ট লোক এবং পশুপক্ষী প্রভৃতিও আছে, তাহারা সকলেই একেবারে নিষ্পাপ হইয়া যাইল।৮

অতো নৃলোকে নমু নাস্তি কিঞ্চি-
চ্চিত্তস্য শোধায় কলৌ পবিত্রম্।
অঘৌঘবিধ্বংসকরং তথৈব
কথাসমানং ভুবি নাস্তি চান্যৎ ॥৯
কে কে বিশুধ্যন্তি বদস্তু মহ্যং
সপ্তাহযজ্ঞেন কথাময়েন।
কৃপালুভির্লোকহিতং বিচার্য্য
প্রকাশিতঃ কোঽপি নবীনমার্গঃ ॥১০

কুমারা ঊচুঃ

যে মানবাঃ পাপকৃতস্তু সর্ব্বদা
সদা দুরাচাররতা বিমার্গগাঃ।
ক্রোধাগ্নিদগ্ধাঃ কুটিলাশ্চ কামিনঃ
সপ্তাহযজ্ঞেন কলৌ পুনন্তি তে ॥১১
সত্যেন হীনাঃ পিতৃমাতৃদূষকা-
স্তৃষ্ণাকুলাশ্চাশ্রমধর্ম্মবর্জিতাঃ।
যে নাস্তিকা মৎসরিণোঽপি হিংসকাঃ।
সপ্তাহযজ্ঞেন কলৌ পুনন্তি তে ॥১২
পঞ্চোগ্রপাপাশ্চলচুম্বকারিণঃ
ক্রূরাঃ পিশাচা ইব নির্দ্দয়াশ্চ যে।
ব্রহ্মস্বপুষ্টা ব্যভিচারকারিণঃ
সপ্তাহযজ্ঞেন কলৌ পুনন্তি তে ॥১৩
কায়েন বাচা মনসাপি পাতকং
নিত্যং প্রকুর্বন্তি শঠা হঠেন যে।
পরস্বপুষ্টা মলিনা দুরাশয়াঃ
সপ্তাহযজ্ঞেন কলৌ পুনন্তি তে ॥১৪
অত্র তে কীর্ত্তয়িষ্যাম ইতিহাসং পুরাতনম্।
যস্য শ্রবণমাত্রেণ পাপহানিঃ প্রজায়তে ॥১৫
তুঙ্গভদ্রাতটে পূর্বমভূৎ পত্তনমুত্তমম্।
যত্র বর্ণাঃ স্বধর্ম্মেণ সত্যসৎকর্ম্মতৎপরাঃ ॥১৬
আত্মদেবঃ পুরে তস্মিন্ সর্ব্ববেদবিশারদঃ।
শ্রৌতস্মার্ত্তেষু নিষ্ণাতো দ্বিতীয় ইব ভাস্করঃ ॥১৭

অতএব এই বিষয়ে কোন সন্দেহ নাই যে, এই কলিকালে চিত্তশুদ্ধির জন্য শ্রীমদ্ভাগবত কথার সমান মর্ত্ত্যলোকে পাপসমূহনাশকারী অন্য কোন দ্বিতীয় পবিত্র সাধন নাই ।৯

হে মুনিবরবৃন্দ! আপনারা অত্যন্ত কৃপালু, আপনার সমস্ত লোকগণের কল্যাণ চিন্তা করিয়াই এখন এই এক নূতন মার্গ প্রকাশিত করিলেন। সম্প্রতি আপনারা আমাকে কৃপা করিয়া বলুন—ভাগবতকথারূপ সপ্তাহ যজ্ঞ দ্বারা কোন্ কোন্ লোক শুদ্ধি লাভ করিবেন ।১০

সনকাদি কুমারগণ বলিলেন,—যে মনুষ্যগণ সর্ব্বদা পাপকর্ম্ম করে, নিরন্তর দুরাচারে তৎপর, অসৎপথগামী, ক্রোধরূপ অগ্নিদ্বারা দগ্ধ অর্থাৎ অত্যন্ত ক্রোধী, কুটিল ও কামুক, তাহারা সপ্তাহ যজ্ঞ দ্বারা পবিত্র হইয়া যাইবে ।১১

যাহারা সত্য হইতে চ্যুত, মাতাপিতার নিন্দুক, বিষয়াদি নানাবিধ তৃষ্ণায় ব্যাকুল, ব্রহ্মচর্য্যাদি আশ্রমধর্ম্ম রহিত, নাস্তিক, মাৎসর্য্যপরায়ণ ও হিংসুক, তাহারা কলিকালে সপ্তাহ যজ্ঞ দ্বারা পবিত্র হয় ।১২

যাহারা মদ্যপান, ব্রহ্মহত্যা, সুবর্ণচুরী, গুরুস্ত্রীগমন ও বিশ্বাসঘাতকতা—এই পঞ্চবিধ মহাপাপ করে, যাহারা ছলচাতুরী করে, যাহারা ক্রূর, পিশাচের ন্যায় নির্দ্দয়, ব্রাহ্মণগণের ধনে পুষ্ট ও ব্যভিচারী, তাহারাও কলিযুগে সপ্তাহ যজ্ঞ দ্বারা পবিত্র হইয়া যায় ।১৩

যে শঠ ব্যক্তিগণ সর্ব্বদা মন, বাক্য ও শরীর দ্বারা পাপ কর্ম্ম করে, যাহারা অপরের ধনে পুষ্ট, যাহাদের মন মলিন ও হৃদয় দুষ্ট, তাহারাও এই কলিযুগে সপ্তাহ যজ্ঞ দ্বারা পবিত্র হয় ।১৪

হে নারদ! আজ আপনার নিকটে আমরা এক প্রাচীন ইতিহাস কীর্ত্তন করিব, উহা শ্রবণ করিবামাত্র সব পাপ নষ্ট হইয়া যায় ।১৫

পূর্ব্বকালে তুঙ্গভদ্রা নদীর তীরে এক অনুপম নগর

ভিক্ষুকো বিত্তবানাসীল্লোকে তৎপ্রিয়া ধুস্কুলী স্মৃতা।
স্ববাক্যস্থাপিকা নিত্যং সুন্দরী সুকুলোদ্ভবা ॥১৮
লোকবার্ত্তারতা ক্রূরা প্রায়শো বহুজল্পিকা।
শূরা চ গৃহকৃত্যেষু কৃপণা কলহপ্রিয়া ॥১৯
এবং নিবসতোঃ প্রেম্না দম্পত্যো রমমাণয়োঃ।
অর্থাঃ কামাস্তয়োরাসন্ সুখায় গৃহাদিকম্ ॥২০
পশ্চাদ্ধর্ম্মাঃ সমারব্ধাস্তাভ্যাং সন্তানহেতবে।
গো-ভূ-হিরণ্য-বাসাংসি দীনেভ্যো সজ্জতঃ সদা ॥২১
ধনার্দ্ধং ধর্ম্মমার্গেণ তাভ্যাং নীতং তথাপি চ।
ন পুত্রো নাপি বা পুত্রী ততশ্চিন্তাতুরো ভৃশম্ ॥২২
একদা স দ্বিজো দুঃখাদ্ গৃহং ত্যক্ত্বা বনং গতঃ।
মধ্যাহ্নে তৃষিতো ভ্রান্তস্তড়াগং সমুপেয়িবান্ ॥২৩
পীত্বা জলং নিষণ্ণস্ত প্রজাদুঃখেন কর্শিতঃ।
মুহূর্ত্তাদপি তত্রৈব সন্ন্যাসী কশ্চিদাগতঃ ॥২৪
দৃষ্ট্বা পীতজলং তন্তু বিপ্রো ঘাতস্তদন্তিকম্।
নত্বা চ পাদয়োস্তস্ত নিঃশ্বসন্ সংস্থিতঃ পুরঃ ॥২৫

যতিরুবাচ

কথং রোদিষি বিপ্র! ত্বং কা তে চিন্তা বলীয়সী।
বদ ত্বং দয়য়া মহ্যং স্বস্য দুঃখস্য কারণম্ ॥২৬

ব্রাহ্মণ উবাচ

কিং ব্রবীমি ঋষে! দুঃখং পূর্ব্বপাপেন সঞ্চিতম্।
মদীয়াঃ পূর্ব্বজাস্তোয়ং কথোষ্ণমুপভুঞ্জতে ॥২৭
মদ্দত্তং নৈব গৃহ্ণন্তি প্রীত্যা দেবা দ্বিজাতয়ঃ।
প্রজাদুঃখেন শূন্যোঽহং প্রাণাংস্ত্যক্তুমিহাগতঃ ॥২৮

ছিল। সেখানে সমস্ত বর্ণের মানুষই নিজ নিজ ধর্ম অনুসারে সত্যাশ্রয়ী ও সৎকর্ম্মপরায়ণ ছিলেন।১৬

ঐ নগরে সকল বেদে বিশেষজ্ঞ এবং শ্রৌত-স্মার্ত্ত-কর্ম্মনিপুণ আত্মদেব নামে এক ব্রাহ্মণ বাস করিতেন। তিনি দ্বিতীয় সূর্য্যতুল্য অত্যন্ত তেজস্বী ছিলেন।১৭

তিনি ধনী হইয়াও ভিক্ষা দ্বারা জীবিকা নির্ব্বাহ করিতেন। ধুন্ধুলী নামে তাঁহার প্রিয়া পত্নী কুলীন এবং সুন্দরী হইলেও সদা নিজ বাক্যপালনে তৎপরা ছিল।১৮

সে অন্যের কথা নিয়া সর্ব্বদা আলোচনা করিত। তাঁহার স্বভাব ছিল ক্রূর এবং প্রায়শই বহু কথা বলিত। সে গৃহকার্য্যে নিপুণ, কৃপণ ও কলহপ্রিয় (কসড়াটে) ছিল।১৯

ঐ ব্রাহ্মণ দম্পতী এইভাবে অনুরাগের সহিত নিজ গৃহমধ্যে বাস ও বিহার করিতেন। উঁহার (ব্রাহ্মণের) নিকট অর্থ এবং ভোগবিলাসের বহু সামগ্রী ছিল, গৃহাদিও সুন্দর ছিল, কিন্তু ইহাতে তাঁহার সুখলাভ হইত না। যখন তাঁহাদের কোন সন্তানাদি হইল না, তখন তাঁহারা সন্তান লাভের আশায় পুণ্য কর্ম্ম করিতে আরম্ভ করিলেন। তাঁহারা দীনদুঃস্থীদিগকে গো, ভূমি, সুবর্ণ ও বস্ত্রাদি দান করিতে লাগিলেন।২০-২১

এইরূপে ধর্ম্ম কর্ম্ম দ্বারা তাঁহারা নিজেদের অর্দ্ধেক ধন শেষ করিয়া ফেলিলেন, তথাপি তাঁহারা পুত্র কিংবা কন্যার মুখ দেখিতে পাইলেন না। সেইজন্য ব্রাহ্মণ অত্যন্ত চিন্তান্বিত হইলেন।২২

একদিন সেই দ্বিজ দুঃখে গৃহ ছাড়িয়া বনে যাইলেন। সেখানে মধ্যাহ্নকালে (দুপুরবেলায়) ভীষণ তৃষ্ণায় কাতর হইয়া এক সরোবরের নিকট গমন করিলেন।২৩

পুত্র না হওয়ার দুঃখে তাঁহার শরীর অত্যন্ত শুকাইয়া যায়। তিনি জলপান করিয়া উপবিষ্ট হইলে, মুহূর্ত্তকালমধ্যে সেখানে এক সন্ন্যাসী আগমন করিলেন।২৪

তারপর ঐ ব্রাহ্মণ যখন দেখিলেন যে, সন্ন্যাসীর জলপান শেষ হইয়াছে, তখন তাঁহার নিকট যাইলেন এবং চরণদ্বয়ে প্রণাম করত দীর্ঘশ্বাস ফেলিয়া অগ্রে দাঁড়াইয়া রহিলেন।২৫

সন্ন্যাসী জিজ্ঞাসা করিলেন,—হে বিপ্র! তুমি কেন রোদন করিতেছ? তোমার কি এমন মহা চিন্তা

ধিগ্ জীবিতং প্রজাহীনং ধিগ্ গৃহঞ্চ প্রজাং বিনা।
ধিগ্ ধনঞ্চানপত্যস্য ধিক্ কুলং সন্ততিং বিনা ॥২৯
পাল্যতে যা ময়া ধেনুঃ সা বন্ধ্যা সর্ব্বথা ভবেৎ।
যো ময়া রোপিতো বৃক্ষঃ সোঽপি বন্ধ্যত্বমাশ্রয়েৎ ॥৩০
যৎ ফলং মদ্‌গৃহায়াতং তচ্চ শীঘ্রং বিনশ্যতি।
নির্ভাগ্যস্যানপত্যস্য কিমতো জীবিতেন মে ॥৩১
ইত্যুক্ত্বা স রুরোদোচ্চৈস্তৎপার্শ্বং দুঃখপীড়িতঃ।
তদা তস্য যতেশ্চিত্তে করুণাভূদগরীয়সী ॥৩২
তদ্ভালাক্ষরমালাঞ্চ বাচয়ামাস যোগবান্।
সর্বং জ্ঞাত্বা যতিঃ পশ্চাদ্ বিপ্রমূচে সবিস্তরম্ ॥৩৩

যতিরুবাচ

মুঞ্চাজ্ঞানং প্রকারূপং বলিষ্ঠা কর্ম্মণো গতিঃ।
বিবেকস্তু সমাদায় ত্যজ সংসারবাসনাম্ ॥৩৪
শৃণু বিপ্র! ময়া তেঽস্য প্রারব্ধস্য বিলোকিতম্।
সপ্তজন্মাবধি তব পুত্রো নৈব চ নৈব চ ॥৩৫
সন্ততেঃ সগরো দুঃখমবাপাল্পঃ পুরা তথা।
রে মুঞ্চাস্য কুটুম্বাশাং সন্ন্যাসে সর্ব্বথা সুখম্ ॥৩৬

ব্রাহ্মণ উবাচ

বিবেকেন ভবেৎ কিং মে পুত্রং দেহি বলাদপি।
নো চেত্ত্যজাম্যহং প্রাণাংস্ত্বদগ্রে শোকমূর্চ্ছিতঃ ॥৩৭

আসিয়াছে? তুমি অতি শীঘ্র তোমার দুঃখের সমস্ত কারণ আমাকে বল।২৬

ব্রাহ্মণ বলিলেন,—মহারাজ! আমি পূর্ব্বজন্মের পাপে সঞ্চিত দুঃখের কারণ কি বর্ণনা করিব? আমার পিতৃ-পিতামহাদি আমার দেওয়া জল নিজ চিন্তাজনিত দীর্ঘশ্বাসে ঈষৎ উষ্ণ (গরম) করিয়া পান করিতেছেন।২৭

আমার প্রদত্ত বস্তু দেবতা ও দ্বিজগণ প্রসন্নমনে গ্রহণ করিতেছেন না। সন্তানের জন্য আমি এরূপ দুঃখিত হইয়াছি যে, আমার সব কিছুই শূন্য মনে হইতেছে। সেইজন্য আমি প্রাণত্যাগ করিতে এই বনে আসিয়াছি।২৮

পুত্রহীন জীবনকে ধিক্, পুত্রহীন গৃহকেও ধিক্! পুত্রহীন ধনকে ধিক্ এবং পুত্রহীন কুলকে ধিক্।২৯

আমি যে গাভী পালন করিতেছি, সে-ও সর্ব্বথা বন্ধ্যা হইয়া যাইবে; আমি যে বৃক্ষ রোপণ করিয়াছি, সেই বৃক্ষতেও ফল-ফুল হইতেছে না।৩০

আমার গৃহে ফল আসিতেছে, তাহাও শীঘ্র নষ্ট হইয়া যাইতেছে। যে আমি এইরূপ অভাগা ও পুত্রহীন, তাহার আর এই জীবন রাখিয়া লাভ কি?৩১

এই বলিয়া সেই ব্রাহ্মণ দুঃখে ব্যাকুল হইয়া ঐ মহাত্মা সন্ন্যাসীর নিকট উচ্চৈঃস্বরে কাঁদিতে লাগিলেন। তখন সেই যতির চিত্তে অত্যন্ত করুণার সঞ্চার হইল।৩২

যোগিশ্রেষ্ঠ যতি ব্রাহ্মণের কপালের লেখা দেখিয়া সমস্ত বৃত্তান্ত জানিতে পারিলেন এবং তাঁহাকে বিস্তৃতভাবে সব কথা বলিলেন।৩৩

যতি বলিলেন,—(হে ব্রাহ্মণ!) তুমি পুত্রপ্রাপ্তির মোহ ত্যাগ কর। কর্ম্মের গতি অতি প্রবল, বিবেকের আশ্রয় লইয়া সংসারের বাসনা পরিহার কর।৩৪

হে বিপ্র! তুমি শ্রবণ কর,—আমি আজ তোমার কপালের লেখা দেখিয়া তোমার প্রারব্ধবিষয়ে এইরূপ নিশ্চিত হইয়াছি যে, তোমার সাত জন্ম পর্য্যন্ত কোন প্রকারে পুত্র হইবে না।৩৫

পূর্ব্বকালে রাজা সগর এবং অন্য সন্তানের জন্য দুঃখ ভোগ করিয়াছিলেন। ব্রাহ্মণ! তুমি কুটুম্বের আশা পরিত্যাগ কর। সন্ন্যাসেই সর্ব্ব প্রকার সুখ বিদ্যমান আছে।৩৬

ব্রাহ্মণ বলিলেন,—(হে মহাত্মন্!) বিবেকে আমার কি হইবে? আমাকে আপনার শক্তিবলে পুত্র দান করুন; তাহা না হইলে আমি আপনার সম্মুখে শোকগ্রস্ত হইয়া প্রাণ ত্যাগ করিব।৩৭

পুত্রাদিসুখহীনোঽয়ং সন্ন্যাসঃ শুষ্ক এব হি।
গৃহস্থঃ সরসো লোকে পুত্রপৌত্রসমন্বিতঃ ॥৩৮
ইতি বিপ্রাগ্রহং দৃষ্ট্বা প্রাব্রবীৎ স তপোধনঃ।
চিত্রকেতুর্গতঃ কষ্টং বিধিলেখবিমার্জনাৎ ॥৩৯
ন যাস্যসি সুখং পুত্রাদ্ যথা দৈবহতোঽয়নঃ।
অতো হঠেন মুক্তোঽসি ত্বয়িনং কিং বদাম্যহম্ ॥৪০
তস্যাগ্রহং সমালোক্য ফলমেকং স দত্তবান্।
ইদং ভক্ষয় পত্ন্যা ত্বং ততঃ পুত্রো ভবিষ্যতি ॥৪১
সত্যং শৌচং দয়া দানমেকভক্তন্তু ভোজনম্।
বর্ষাবধি ক্রিয়া কার্য্যং তেন পুত্রোঽতিনির্ম্মলঃ ॥৪২
এবমুক্ত্বা যযৌ যোগী বিপ্রস্তু গৃহমাগতঃ।
পত্ন্যাঃ পাণৌ ফলং দত্ত্বা স্বয়ং যাতস্তু কুত্রচিৎ ॥৪৩

তরুণী কুটিলা তস্য সখ্যাগ্রে চ রুরোদ হ।
অহো চিন্তা মমোৎপন্না ফলঞ্চাহং ন ভক্ষয়ে ॥৪৪
ফলভক্ষেণ গর্ভঃ স্যাদ্গর্ভেণোদররৃদ্ধিতা।
স্বল্পভক্তঃ ততোঽশক্তির্গৃহকার্য্যং কথং ভবেৎ ॥৪৫
দৈবাদ্ ঘাটী ব্রজেদ্গ্রামে পলায়েদ্ গর্ভিণী কথম্।
শুকবন্নিবসেদ্গর্ভস্তং কুক্ষেঃ কথমুৎসৃজেৎ ॥৪৬
তির্য্যক্ চেদাগতো গর্ভস্তদা মে মরণং ভবেৎ।
প্রসূতৌ দারুণং দুঃখং সুকুমারী কথং সহে ॥৪৭
মন্দায়াং ময়ি সর্ব্বস্বং ননান্দা সংহরেত্তদা।
সত্যশৌচাদিনিয়মো দুরারাধ্যঃ স দৃশ্যতে ॥৪৮
লালনে পালনে দুঃখং প্রসূতায়াশ্চ বর্ত্ততে।
বন্ধ্যা বা বিধবা নারী সুখিনী চেতি মে মতিঃ ॥৪৯

যাহাতে পুত্রাদির সুখ নাই, সেই সন্ন্যাস তো সর্ব্বথা নীরস। পৃথিবীতে পুত্রকন্যাসমন্বিত গৃহস্থাশ্রমই তো সরস ।৩৮

ব্রাহ্মণের এইরূপ আগ্রহ দেখিয়া ঐ তপোধন বলিলেন,—বিধিলিপির উপর হঠকারিতা দেখাতে গিয়া চিত্রকেতু অত্যন্ত কষ্টভোগ করিয়াছিল ।৩৯

দৈব যাহার সকল উদ্যম নিষ্ফল করিয়া দিতেছেন, সেই পুরুষের ন্যায় তুমি কখনই পুত্র হইতে সুখ লাভ করিতে পারিবে না। তুমি অত্যন্ত হঠযুক্ত, অথচ প্রার্থীরূপে আমার সম্মুখে আসিয়াছ, এই অবস্থায় আমি তোমাকে কি বলিব ? ৪০

ঐ মহাত্মা দেখিলেন যে, যখন ব্রাহ্মণ কিছুতেই নিজ আগ্রহ ছাড়িতেছে না, তখন তাঁহাকে একটি ফল দিয়া বলিলেন,—যাও, এটি তোমার স্ত্রীকে খাওয়াও, তাহা হইলে তোমার একটি পুত্র হইবে ।৪১

তোমার স্ত্রী যদি এক বৎসর যাবৎ সত্য, শৌচ, দয়া, দান ও এক অন্ন ভোজনের নিয়ম মানিয়া চলে, তাহা হইলে তোমার পুত্র অত্যন্ত শুদ্ধস্বভাব হইবে ।৪২

এই বলিয়া সেই যোগিবর চলিয়া যাইলেন এবং ব্রাহ্মণও গৃহে ফিরিয়া আসিলেন। সেখানে আসিয়া ব্রাহ্মণ সেই ফল নিজ স্ত্রীর হাতে দিলেন, তারপর নিজে কোথায় চলিয়া যাইলেন ।৪৩

উঁহার স্ত্রী অত্যন্ত কুটিল ছিল, সে কোন এক সখীর অগ্রে কাঁদিতে কাঁদিতে বলিল,—সখী! আমি তো ভীষণ চিন্তায় পড়িয়াছি, আমি এই ফল খাইব না ।৪৪

ফল খাইলে গর্ভ হইবে, তাহাতে উদর (পেট) বাড়িয়া যাইবে। আমি বেশী কিছু খাইতে পারিব না, সুতরাং শক্তি কমিয়া আসিবে; তাহা হইলে আমি গৃহ কর্ম্ম কি করিয়া করিব ? ৪৫

যদি কোনদিন দৈববশে গ্রামে ডাকাতের আক্রমণ হয়, তাহা হইলে গর্ভ অবস্থায় আমি কি করিয়া পলাইব ? যদি ব্যাসপুত্র শুকদেবের ন্যায় গর্ভেতেই সন্তান থাকিয়া যায়, তাহা হইলে আমি কি করিয়া তাহাকে বাহির করিব ? ৪৬

আর প্রসবকালে যদি বাঁকা হইয়া বাহির হইতে আসে, তাহা হইলে আমার মৃত্যু হইবে। তা ছাড়া প্রসবের যা নিদারুণ কষ্ট, আমি অতিশয় সুকুমারী হইয়া তাহা কিভাবে সহ্য করিব ? ৪৭

তারপর আমি যখন দুর্ব্বল হইয়া পড়িব, তখন

এবং কুতর্কযোগেন তৎ ফলং নৈব ভক্ষিতম্।
পত্যা পৃষ্টং ফলং ভুক্তং ভুক্তং চেতি তয়েরিতম্ ॥৫০
একদা ভগিনী তস্যাস্তৎকৃতং স্বেচ্ছয়াগতা।
তদগ্রে কথিতং সর্বং চিন্তেয়ং মহতী হি মে ॥৫১
দুর্বলা তেন দুঃখেন হ্যনুজে করবাণি কিম্।
সাব্রবীদ্ভগ্নি গর্ভোঽস্তি তং দাস্যামি প্রসূতিতঃ ॥৫২
তাবৎ কালং সগর্ভেব গুপ্তা তিষ্ঠ গৃহে সুখম্।
বিত্তং ত্বং মৎপতের্যচ্ছ স তে দাস্যতি বালকম্ ॥৫৩
যাস্যাসিকো মৃতো বাল ইতি লোকো বদিষ্যতি।
তং বালং পোষয়িষ্যামি নিত্যমাগত্য তে গৃহে ॥৫৪
ফলমর্পয় ধেন্যৈ ত্বং পরীক্ষার্থন্তু সাম্প্রতম্।
তত্তদাচরিতং সর্বং তথৈব স্ত্রীস্বভাবতঃ ॥৫৫
অথ কালেন সা নারী প্রসূতা বালকং তদা।
আনীয় জনকো বালং রহস্যে ধুন্ধুলীং দদৌ ॥৫৬
তথা চ কথিতং ভর্ত্রে প্রসূতঃ সুখমর্ভকঃ।
লোকস্য সুখনুৎপন্নমাত্মদেবপ্রজোদয়াৎ ॥৫৭
দদৌ দানং বিজাতিভ্যো জাতকর্ম বিধায় চ।
গীতবাদিত্রঘোষোঽভূত্তদ্দ্বারে মঙ্গলং বহু ॥৫৮
ভর্তুরগ্রেঽব্রবীদ্ বাক্যং স্তন্যং নাস্তি কুচে মম।
অন্যস্তন্যেন নির্দুগ্ধা কথং পুষ্ণামি বালকম্ ।৫৯
মৎস্বসুশ্চ প্রসূতায়া মৃতো বালস্তু বর্ত্ততে।
তামাকার্য্য গৃহে রক্ষ সা তেঽর্ভং পোষয়িষ্যতি ॥৬০
পতিনা তৎ কৃতং সর্বং পুত্ররক্ষণহেতবে।
পুত্রস্য ধুন্ধুকারীতি নাম মাত্রা প্রতিষ্ঠিতম্ ॥৬১

আমার ননান্দা (ননদ) আসিয়া আমার যথাসর্বস্ব লইয়া পলাইবে। আর এই সত্য-শৌচাদি নিয়ম পালন করাও তো আমার পক্ষে কঠিন ।৪৮

যে স্ত্রী পুত্রের জননী, তাহাকে তাহার পুত্রের লালন-পালন করিতে কত না কষ্ট ভোগ করিতে হয়। আমার মনে হয়—যে স্ত্রী বন্ধ্যা কিংবা বিধবা, তাহারাই সুখী ।৪৯

মনে মনে এইরূপ নানা কুতর্ক করিয়া ব্রাহ্মণপত্নী সেই ফল খাইল না এবং যখন স্বামী আসিয়া জিজ্ঞাসা করিলেন—ফল খাইয়াছ? তখন সে বলিল—হাঁ, খাইয়াছি—খাইয়াছি ।৫০

তারপর একদিন তাহার ভগিনী স্বেচ্ছায় তাহার গৃহে আসিল; তখন সে তাহাকে সব বৃত্তান্ত শুনাইয়া বলিল,—আমার মনে ইহার জন্য অত্যন্ত চিন্তা হইতেছে ।৫১

আমি এই দুঃখের জন্য দিনে দিনে দুর্বল হইয়া পড়িতেছি। ভগিনি। আমি এখন কি করি? তখন তাহার ভগিনী বলিল—আমি গর্ভবতী, আমার সন্তান জন্মিলে, আমি তাহাকে তোমায় দান করিব ।৫২

তুমি ততদিন পর্য্যন্ত গর্ভবতীর ন্যায় গুপ্তভাবে সুখে বাস কর। তুমি কিছু ধন আমার স্বামীকে দিবে, তাহা হইলে তিনি তোমাকে পুত্র দান করিবেন ।৫৩

(আমি এরূপ প্রচার করিব) যাহাতে সব লোক এই কথা বলিবে যে, 'ইহার পুত্র ছয় মাস হইল মারা গিয়াছে'। আর আমি নিত্য তোমার গৃহে আসিয়া সেই বালককে লালন-পালন করিব ।৫৪

তুমি এখন পরীক্ষার জন্য এই ফলটি কোন গাভীকে খাওয়াইয়ে দাও। ব্রাহ্মণী স্ত্রীস্বভাববশতঃ ভগিনী যাহা যাহা বলিল, তাহাই করিল ।৫৫

তারপর সময়ানুসারে যখন ঐ স্ত্রীর (ভগিনীর) পুত্র হইল। তখন সেই পুত্রের পিতা গোপনে আসিয়া ব্রাহ্মণপত্নী ধুন্ধুলীকে নিজ পুত্র প্রদান করিল ।৫৬

তৎক্ষণাৎ ব্রাহ্মণপত্নী নিজপতি আত্মদেবকে বলিল যে, আমি নির্বিঘ্নে এই পুত্র প্রসব করিয়াছি। এইরূপে আত্মদেবের পুত্র হইয়াছে সংবাদ পাইয়া সকল লোকে আনন্দিত হইল ।৫৭

ব্রাহ্মণ উহার জাতকর্ম সংস্কার করিয়া বিপ্রগণকে ধনদান করিলেন। তাহার গৃহদ্বারে গান বাজনা আরম্ভ এবং বহু মাঙ্গলিক অনুষ্ঠান সম্পন্ন করাইলেন ।৫৮

ধুন্ধুলী নিজপতিকে বলিল—আমার স্তনে দুধ নাই;

ত্রিমাসে নির্গতে চাথ সা ধেনুঃ সুষুবেঽর্ভকম্।
সর্বাঙ্গসুন্দরং দিব্যং নির্মলং কনকপ্রভম্ ॥৬২
দৃষ্ট্বা প্রসন্নো বিপ্রস্তু সংস্কারান্ স্বয়মাদধে।
মত্বাশ্চর্য্যং জনাঃ সর্বে দিদৃক্ষার্থং সমাগতাঃ ॥৬৩
ভাগ্যোদয়োঽধুনা জাত আত্মদেবস্য পশ্যত।
যেন্না বালঃ প্রসূতস্তু দেবরূপীতি কৌতুকম্ ॥৬৪
ন জ্ঞাতং তদ্রহস্যন্তু কেনাপি বিধিযোগতঃ।
গোকর্ণং তং সুতং দৃষ্ট্বা গোকর্ণং নাম চাকরোৎ ॥৬৫
কিয়ৎকালেন তৌ জাতৌ তরুণৌ তনয়াবুভৌ।
গোকর্ণঃ পণ্ডিতো জ্ঞানী ধুন্ধুকারী মহাখলঃ ॥৬৬
স্নানশৌচক্রিয়াহীনো দুর্ভক্ষী ক্রোধবর্দ্ধিতঃ।
দুষ্পরিগ্রহকর্ত্তা চ শবহস্তেন ভোজনম্ ॥৬৭
চৌরঃ সর্বজনদ্বেষী পরবেশ্মপ্রদীপকঃ।
লালনায়ার্ভকান্ ধৃত্বা সদ্যঃ কূপে ন্যপাতয়ৎ ॥৬৮
হিংসকঃ শস্ত্রধারী চ দীনান্ধানাং প্রপীড়কঃ।
চাণ্ডালাভিরতো নিত্যং পাশহস্তঃ শ্বসঙ্গতঃ ॥৬৯
তেন বেশ্যাকুসঙ্গেন পিত্র্যং বিত্তন্তু নাশিতম্।
একদা পিতরৌ তাড্য পাত্রাণি স্বয়মাহরৎ ॥৭০
তৎপিতা কৃপণঃ প্রোচ্চৈর্দদৌ নৈবাস রুরোদ হ।
বন্ধ্যাত্বং তু সমীচীনং কুপুত্রো দুঃখদায়কঃ ॥৭১

আমি কিরূপে অন্য প্রাণীর দুগ্ধ দ্বারা এই বালকের লালন-পালন করিব ? ৫৯

আমার ভগিনীর পুত্র হইয়াছিল। সে মারা গিয়াছে; তাহাকে বলিয়া এখানে রাখিলে, সে এই বালককে পোষণ করিবে।৬০

তখন পুত্রের রক্ষার জন্য আত্মদেব তাহাই করিলেন। মাতা ধুন্ধুলী ঐ পুত্রের 'ধুন্ধুকারী' নাম রাখিল।৬১

ইহার তিন মাস পরে সেই গাভীরও এক মনুষ্যাকার বাচ্চা হইল। সে সর্ব্বাঙ্গসুন্দর, দিব্য, নির্ম্মল ও সুবর্ণের ন্যায় কান্তিমান্ ছিল।৬২

ঐ সন্তানকে দেখিয়া ব্রাহ্মণের অতিশয় আনন্দ হইল। তখন তিনি স্বয়ংই উহার সব সংস্কার করিলেন। এই সংবাদে চারিদিকের লোকজন অত্যন্ত আশ্চর্য্যান্বিত হইল। তাহারা উহাকে দেখিবার জন্য সেখানে আসিতে লাগিল।৬৩

তারপর তাহারা সকলে বলিতে লাগিল যে, দেখ, আজ আত্মদেবের কিরূপ সৌভাগ্যের উদয় হইয়াছে। আশ্চর্য্যের কথা গোরুরও এইরূপ দিব্যকান্তি বালক উৎপন্ন হইল ? ৬৪

দৈবযোগে সেই গুপ্ত রহস্যের কথা কেহ জানিতে পারে নাই। আত্মদেব ঐ বালকের গোরুর সমান কান দেখিয়া উহার নাম রাখিলেন—গোকর্ণ।৬৫

কিছুকাল গত হইলে পর জাত দুই পুত্র বর্দ্ধিত হইয়া যুবক হইল। উহাদের মধ্যে গোকর্ণ পণ্ডিত এবং জ্ঞানী ছিল, আর ধুন্ধুকারী অতিশয় দুষ্ট হইল।৬৬

স্নান-শৌচাদি ব্রাহ্মণোচিত আচরণ উহার ছিল না এবং ভোজনেরও কোন নিয়ম ছিল না। সে অতি তীব্র ক্রোধী ছিল, নানারূপ অসদ্ বস্তু সংগ্রহ করিত এবং মৃতের হস্তস্পৃষ্ট খাদ্যও ভোজন করিত।৬৭

অপরের বস্তু চুরি করা এবং সকল লোকের প্রতি দ্বেষ করাই ছিল তাহার স্বভাব। গোপনে সে পরের গৃহে আগুন লাগাইয়া দিত ও অপরের ছেলেদের খেলাইবার জন্য কোলে নিয়া পরে তাহাদেরকে কূপমধ্যে ফেলিয়া দিত।৬৮

যে কোন ছলে হিংসা করাই স্বভাবে পরিণত হইল। সর্ব্বদাই সে যে কোন অস্ত্র সঙ্গে রাখিত এবং দীন দুঃখী ও অন্ধ ব্যক্তিদিগকে অকারণে লাঞ্ছনা করিত। চণ্ডালদিগের সহিত তাহার বেশী প্রীতি ছিল। সে সর্ব্বদা পাশ (জাল প্রভৃতি) হাতে করিয়া পশুপক্ষী শিকার করিবার জন্য কুকুরের সহিত ঘুরিয়া বেড়াইত।৬৯

সে বেশ্যাদের কুসঙ্গে পড়িয়া সকল পৈতৃক ধন নষ্ট

ক্ব তিষ্ঠামি ক্ব গচ্ছামি কো মে দুঃখং ব্যপোহয়েৎ।
প্রাণাংস্ত্যজামি দুঃখেন হা কষ্টং মম সংস্থিতম্ ॥৭২
তদানীন্তু সমাগত্য গোকর্ণো জ্ঞানসংযুতঃ।
বোধয়ামাস জনকং বৈরাগ্যং পরিদর্শয়ন্ ॥৭৩
অসারঃ খলু সংসারো দুঃখরূপী বিমোহকঃ।
সুতঃ কস্য ধনং কস্য স্নেহবান্ জ্বলতেঽনিশম্ ॥৭৪
ন চেন্দ্রস্য সুখং কিঞ্চিন্ন সুখং চক্রবর্তিনঃ।
সুখমস্তি বিরক্তস্য মুনেরেকান্তজীবিনঃ ॥৭৫
মুঞ্চাজ্ঞানং প্রজারূপং মোহতো নরকে গতিঃ।
নিপতিষ্যতি দেহোঽয়ং সর্বং ত্যক্ত্বা বনং ব্রজ ॥৭৬

তদ্বাক্যন্তু সমাকর্ণ্য গন্তুকামঃ পিতাব্রবীৎ।
কিং কর্ত্তব্যং বনে তাত ত্বং বদ সবিস্তরম্ ॥৭৭
অন্ধকূপে স্নেহপাশে বদ্ধঃ পঙ্গুরহং শঠঃ।
কর্ম্মণা পতিতো নূনং মামুদ্ধর দয়ানিধে ॥৭৮

গোকর্ণ উবাচ

দেহেঽস্থিমাংসরুধিরেঽভিমতিং ত্যজ ত্বং
জায়াসুতাদিষু সদা মমতাং বিমুঞ্চ।
পশ্যানিশং জগদিদং ক্ষণভঙ্গনিষ্ঠং
বৈরাগ্যরাগরসিকো ভব ভক্তিনিষ্ঠঃ ॥৭৯

করিয়া ফেলিল। একদিন মাতা পিতাকে মারধর করিয়া গৃহের সকল পাত্র (থাল, গ্লাস প্রভৃতি) নিজেই লইয়া পলায়ন করিল।৭০

এইরূপে যখন সকল ধন নষ্ট হইয়া যাইল, তখন তার কৃপণ পিতা উচ্চৈঃস্বরে কাঁদিতে কাঁদিতে বলিতে লাগিলেন,—ইহার চেয়ে ইহার মাতা যদি বন্ধ্যা (সন্তানহীনা) থাকিত, তাহা হইলেই ভাল হইত; এই কুপুত্র কেবল আমাদের দুঃখই দিতেছে।৭১

এখন আমি কোথায় থাকিব? কোথায় যাইব? কে আমার এই দুঃখ মোচন করিবে। হায়। আমার উপর ভয়ানক বিপত্তি পতিত হইয়াছে, এই দুঃখের জন্যই হয়তো আমাকে প্রাণত্যাগ করিতে হইবে।৭২

ঠিক এই সময়েই পরমজ্ঞানী গোকর্ণ সেখানে আসিলেন এবং পিতাকে বৈরাগ্যের উপদেশ দিয়া বহু বুঝাইলেন।৭৩

তিনি বলিলেন,—হে পিতঃ! এই সংসার অসার, ইহা কেবল দুঃখময় ও মোহকারী। পুত্র কাহার? ধনই বা কাহার? স্নেহবান্ পুরুষ কেবল দিনরাত জ্বালাই ভোগ করে।৭৪

দেবরাজ ইন্দ্রের সুখ নাই এবং চক্রবর্ত্তী রাজারও সুখ নাই। সুখ তো কেবল বিরক্ত নির্জ্জনবাসী মুনিগণে বিদ্যমান।৭৫

'এ আমার পুত্র'—এইরূপ অজ্ঞান ত্যাগ করুন; কারণ, মোহেতেই মানুষের নরক প্রাপ্তি হয়। আর এই দেহ তো একদিন নষ্ট হইবেই, সুতরাং সব ত্যাগ করিয়া আপনি (পরমানন্দলাভের জন্য) বনে গমন করুন।৭৬

পিতা আত্মদেব গোকর্ণের এই বাক্য শুনিয়া বনে যাইবার জন্য ইচ্ছা করত তাঁহাকে বলিলেন,—হে পুত্র! বনে যাইয়া আমাকে কি করিতে হইবে? সেই সব আমাকে বিস্তার করিয়া বল।৭৭

আমি অত্যন্ত মূর্খ। এবং কর্ম্মবশ স্নেহপাশে আবদ্ধ থাকিয়া পঙ্গুর ন্যায় গৃহরূপ অন্ধকূপে পতিত আছি। তুমি অত্যন্ত দয়ালু, অতএব আমাকে উদ্ধার কর।৭৮

গোকর্ণ বলিলেন,—(হে পিতঃ!) এই দেহ অস্থি (হাড়), মাংস ও রক্তের পিণ্ড; ইহাতে আপনি 'অহং বুদ্ধি' ত্যাগ করুন এবং পুত্র স্ত্রী প্রভৃতির উপরও মমতা পরিহার করুন। এই জগৎকে সর্ব্বদা ক্ষণভঙ্গুর দর্শন করুন; অতএব ইহার কোন বস্তুকেই স্থায়ী বোধ করিয়া তাহার উপর অনুরাগ করিবেন না। তারপর বৈরাগ্য রসের রসিক হইয়া ভগবানের ভক্তিতে একনিষ্ঠ হউন।৭৯

ভগবদ্ভজনই সর্ব্বাপেক্ষা উত্তম ধর্ম্ম, অতএব নিরন্তর উহারই আশ্রয় গ্রহণ করুন। অন্য যাবতীয়

ধর্মং ভজস্ব সততং ত্যজ লোকধর্মান্
সেবস্ব সাধুপুরুষান্ জহি কামতৃষ্ণাম্।
অন্যস্য দোষগুণচিন্তনমাশু মুক্ত্বা
সেবাকথারসমহো নিতরাং পিব ত্বম্ ॥৮০

এবং সুতোক্তিবশতোঽপি গৃহং বিহায়
যাতো বনং স্থিরমতির্গতষষ্টিবর্ষঃ।
যুক্তো হরেরনুদিনং পরিচর্য্যয়াসৌ
শ্রীকৃষ্ণমাপ নিয়তং দশমস্য পাঠাৎ ॥৮১

ইতি শ্রীপদ্মপুরাণে উত্তরখণ্ডে শ্রীমদ্ভাগবতমাহাত্ম্যে
চতুর্থঃ অধ্যায়ঃ ॥

লৌকিক ধর্ম্ম ত্যাগ করুন। সর্ব্বদা সাধু সজ্জনগণের সেবায় নিরত থাকুন এবং কোনরূপ ভোগবাসনা যাহাতে না আসে, সেইভাবে মনকে বিচারপরায়ণ করুন। অতি সত্বর অন্যের দোষ-গুণ বিচার ছাড়িয়া একমাত্র ভগবৎসেবা ও ভগবানের কথার রস সর্ব্বদা পান করুন ৮০

এইরূপ পুত্রের বাক্যে প্রভাবিত হইয়া আত্মদেব গৃহ ত্যাগ করিয়া বনে গমন করিলেন। যদিও তাঁহার তখন ৬০ বৎসর হইয়াছিল, তথাপি তাঁহার বুদ্ধির স্থিরতা তখনও অধিক ছিল। তিনি দিবারাত্র ভগবান্ শ্রীহরির সেবায় নিযুক্ত থাকিয়া নিয়মপূর্ব্বক প্রতিদিন শ্রীমদ্ভাগবতের দশম স্কন্ধ পাঠ করত ভগবান্ শ্রীকৃষ্ণকে লাভ করিলেন ৮১

ওঙ্কারনাথসেবক-শ্রীরামরঞ্জন কাব্যব্যাকরণতীর্থকৃত-বঙ্গভাষানুবাদসহিত পদ্মপুরাণের উত্তরখণ্ডে
শ্রীমদ্ভাগবতমাহাত্ম্যে চতুর্থ অধ্যায় সমাপ্ত।

পঞ্চমঃ অধ্যায়ঃ

[ধুন্ধুকারিণঃ প্রেতযোনিলাভঃ, তস্য মুক্তিশ্চ।]

সূত উবাচ

পিতর্যুপরতে তেন জননী তাড়িতা ভৃশম্।
ক বিত্তং তিষ্ঠতি ব্রূহি হনিষ্যে লগুড়েন চেৎ ॥১

ইতি তদ্বাক্যসন্ত্রাসাদ্ধনন্যা পুত্রদুঃখতঃ।
কূপে পাতঃ কৃতো রাত্রৌ তেন সা নিধনং গতা ॥২

গোকর্ণস্তীর্থযাত্রার্থং নির্গতো যোগসংস্থিতঃ।
ন দুঃখং ন সুখং তস্য ন বৈরী নাপি বান্ধবঃ ॥৩

ধুন্ধুকারী গৃহেঽতিষ্ঠৎ পঞ্চপণ্যবধূরতঃ।
অত্যুগ্রকর্মকর্ত্তা চ তৎপোষণবিমূঢ়ধীঃ ॥৪

একদা কুলটাস্তাস্তু ভূষণান্যভিলিপ্সবঃ।
তদর্থং নির্গতো গেহাৎ কামান্ধো মৃত্যুমস্মরন্ ॥৫

ঘতস্ততশ্চ সংহৃত্য বিত্তং বেশ্ম পুনর্গতঃ।
তাভ্যোঽযচ্ছৎ স্ববস্ত্রাণি ভূষণানি কিয়ন্তি চ ॥৬

বহুবিত্তচয়ং দৃষ্ট্বা রাত্রৌ নার্য্যো ব্যচারয়ন্।
চৌর্য্যং করোত্যসৌ নিত্যমতো রাজা গ্রহীষ্যতি ॥৭

বিত্তং হৃত্বা পুনশ্চৈনং মারয়িষ্যতি নিশ্চিতম্।
অতোঽর্থগুপ্তয়ে গূঢ়মস্মাভিঃ কিং ন হন্যতে ॥৮

নিহত্যৈনং গৃহীত্বার্থং যাস্যামো যত্র কুত্রচিৎ।
ইতি তা নিশ্চয়ং কৃত্বা সুপ্তং দম্বন্ধ রশ্মিভিঃ ॥৯

পাশং কণ্ঠে নিধায়াস্য তস্মুস্ত্যুমুপচক্রমুঃ।
ত্বরিতং ন মমারাসৌ চিন্তাধুক্রান্তমানসঃ ॥১০

পঞ্চম অধ্যায়

[ধুন্ধুকারীর প্রেতযোনিলাভ এবং উহার মুক্তি।]

সূত বলিলেন,—হে শৌনক! পিতা আত্মদেব বনে চলিয়া যাইলে, একদিন ধুন্ধুকারী মাতাকে ভীষণভাবে প্রহার করিল এবং বলিল—কোথায় ধন রাখিয়াছ বল, নতুবা এই মশাল দিয়া তোমাকে পুড়াইয়া মারিব।১

তাহার এই উক্তিতে ভয় পাইয়া এবং পুত্রের উপদ্রবে দুঃখিত হইয়া রাত্রিতে ধুন্ধুলী কূপে ঝাঁপ দিয়া পড়িল, তাহাতে তাহার মৃত্যু হইল।২

এদিকে যোগনিষ্ঠ গোকর্ণ তীর্থযাত্রার জন্য বহির্গত হইলেন। পূর্ব্বোক্ত ঘটনায় তাঁহার দুঃখ কি সুখ কিছুই হয় নাই; কারণ, তাঁহার কোন শত্রু বা মিত্র ছিল না।৩

ধুন্ধুকারী পাঁচবেশ্যার সহিত গৃহে বাস করিতে লাগিল। তাহাদের ভোগ-বিলাসসামগ্রী সংগ্রহের জন্য উহার বুদ্ধি নষ্ট হইয়া যাইল, সে তখন নানারূপ ক্রূর কর্ম্ম করিতে লাগিল।৪

একদিন কুলটাগণ তাহার নিকট বহু অলঙ্কার চাহিল। ধুন্ধুকারী কামে অন্ধ ছিল এবং তাহার মৃত্যুর চিন্তা কখনও আসে নাই। সে ঐ অলঙ্কার সংগ্রহের জন্য গৃহ হইতে বাহির হইল।৫

সে নানাস্থান হইতে বহু ধন চুরি করিয়া গৃহে আসিল। তারপর তাহাদিগকে কিছু সুন্দর বস্ত্র এবং অলঙ্কার আনিয়া দিল।৬

তাহার বহু ধন সামগ্রী দেখিয়া এক রাত্রিতে বেশ্যা নারীরা বিচার করিতে লাগিল যে, ধুন্ধুকারী নিত্য চুরি করে, সুতরাং একদিন না একদিন রাজা ইহাকে ধরিয়া ফেলিবেন।৭

তারপর রাজা ইহার সমস্ত ধন কাড়িয়া লইবেন এবং তখন নিশ্চয় প্রাণদণ্ডও দিতে পারেন। সুতরাং আমরা এই ধনসকল রক্ষার জন্য ইহাকে গোপনে হত্যা করিয়া ফেলি না কেন!৮

ইহাকে হত্যা করিয়া আমরা ইহার সমুদয় ধন লইয়া যে কোন স্থানে চলিয়া যাইব। এইরূপ নিশ্চয়

তপ্তাঙ্গারসমূহাংশ্চ তন্মুখে হি বিচিক্ষিপুঃ।
অগ্নিজ্বালাতিদুঃখেন ব্যাকুলো নিধনং গতঃ ॥১১
তং দেহং মুমুচুর্গর্তে প্রায়ঃ সাহসিকাঃ স্ত্রিয়ঃ।
ন জ্ঞাতং তদ্রহস্যং তু কেনাপীদং তথৈব চ ॥১২
লোকৈঃ পৃষ্টা বদন্তি স্ম দূরং যাতঃ প্রিয়ো হি নঃ।
আগমিষ্যতি বর্ষেঽস্মিন্ বিত্তলোভবিকর্ষিতঃ ॥১৩
স্ত্রীণাং নৈব তু বিশ্বাসং দুষ্টানাং কারয়েদ্ বুধঃ।
বিশ্বাসে যঃ স্থিতো মূঢ়ঃ স দুঃখৈঃ পরিভূয়তে ॥১৪
সুধাবদ্বচো যাসাং কালিনাং রসবর্দ্ধনম্।
হৃদয়ং ক্ষুরধারাভং প্রিয়ঃ কো নাম যোষিতাম্ ॥১৫
সংহৃত্য বিত্তং তা যাতাঃ কুলটা বহুভর্তৃকাঃ।
ধুন্ধুকারী বভূবাথ মহান্ প্রেতঃ কুকর্মতঃ ॥১৬
বাত্যারূপধরো নিত্যং ধাবন্ দশদিশোঽন্তরম্।
শীতাতপপরিক্লিষ্টো নিরাহারঃ পিপাসিতঃ ॥১৭
ন লেভে শরণং ক্বাপি হা দৈবেতি মুহুর্বদন্।
কিয়ৎকালেন গোকর্ণো মৃতং লোকাদবুধ্যত ॥১৮
অনাথং তং বিদিত্বৈব গয়াশ্রাদ্ধমচীকরৎ।
যস্মিংস্তীর্থে তু সংযাতি তত্র শ্রাদ্ধমবর্ত্তয়ৎ ॥১৯
এবং ভ্রমন্ স গোকর্ণঃ স্বপুরং সমুপেয়িবান্।
রাত্রৌ গৃহাঙ্গণে স্বপ্তুমাগতোঽলক্ষিতঃ পরৈঃ ॥২০
তত্র সুপ্তং স বিজ্ঞায় ধুন্ধুকারী স্ববান্ধবম্।
নিশীথে দর্শয়ামাস মহারৌদ্রতরং বপুঃ ॥২১
সকৃন্মেষঃ সকৃদ্ধস্তী সকৃচ্চ মহিষোঽভবৎ।
সকৃদিন্দ্রঃ সকৃচ্চাগ্নিঃ পুনশ্চ পুরুষোঽভবৎ ॥২২

করিয়া তাহারা নিদ্রিত ধুন্ধুকারীকে রজ্জু দ্বারা উত্তমরূপে বন্ধন করত গলায় ফাঁস লাগাইয়া তাহাকে মারিবার জন্য চেষ্টা করিতে লাগিল। তাহাতে যখন উহার সত্বর মৃত্যু হইল না, তখন তাহারা চিন্তান্বিত হইয়া পড়িল।৯-১০

সেই সময় তাহারা ধুন্ধুকারীর মুখে জ্বলন্ত অঙ্গার-সমূহ নিক্ষেপ করিল। তাহাতে সে অগ্নির জ্বালায় বহু কষ্ট পাইয়া ছট্‌পট্ করিতে করিতে মৃত্যুমুখে পতিত হইল।১১

তখন সেই বেশ্যাগণ তাহার দেহকে এক গর্ত্তে পুঁতিয়া দিল। (অতএব) স্ত্রীলোকেরা প্রায়শঃই এইরূপ দুঃসাহসী হয়। তাহাদের গুপ্ত কর্ম্ম কেহই জানিতে পারিল না।১২

লোকে জিজ্ঞাসা করিলে, তাহারা বলিত—আমাদের প্রিয়তম ধনলোভে আকৃষ্ট হইয়া বহু দূর চলিয়া গিয়াছেন, এই বর্ষের মধ্যেই ফিরিয়া আসিবেন।১৩

বুদ্ধিমান্ ব্যক্তি দুষ্ট স্ত্রীদিগকে কখনই বিশ্বাস করিবেন না। যে মূর্খ ইহাদিগকে বিশ্বাস করে, তাহারাই দুঃখ লাভ করিয়া থাকে।১৪

ইহাদের আলাপ তো কামুকদিগের নিকট অমৃত বলিয়া বোধ হয়, সেইজন্যই তাহাদের চিত্তে রসের সঞ্চার হয়; কিন্তু ইহাদের হৃদয় ক্ষুরের ধারের ন্যায় তীক্ষ্ণ, সুতরাং এইরূপ স্ত্রীগণকে কোন্ ব্যক্তি প্রিয়বোধে অনুরাগ করিয়া থাকে?১৫

ঐ কুলটাগণ বহু পুরুষ কর্ত্তৃক উপভুক্ত, তাহারা ধুন্ধুকারীর সমস্ত ধন লইয়া পলায়ন করিল। ধুন্ধুকারী নিজের কুকর্ম্মবশতঃ ভয়ঙ্কর প্রেতরূপ ধারণ করিল।১৬

সে ভীষণ বায়ুরূপ ধারণ করিয়া সর্ব্বদা দশদিকে ভ্রমণ করিতে লাগিল। তখন সে শীত ও গ্রীষ্মে অত্যন্ত পীড়িত, ক্ষুধায় জর্জ্জরিত ও পিপাসায় কাতর হইয়া পড়িত। সে কাহারও আশ্রয় পাইল না। তখন 'হায় আমার ভাগ্য' এই কথা পুনঃ পুনঃ বলিতে লাগিল। কিছুকালের পর গোকর্ণ লোকমুখে শুনিলেন যে, ধুন্ধুকারীর মৃত্যু হইয়াছে।১৭-১৮

তখন গোকর্ণ তাহাকে অনাথ জানিয়া গয়াতে তাহার শ্রাদ্ধ করিলেন এবং যে যে তীর্থে তিনি যাইতেন, সেই স্থানেই তাহার শ্রাদ্ধ অবশ্যই করিতেন।১৯

এইরূপে ভ্রমণ করিতে করিতে গোকর্ণ নিজ নগরে উপনীত হইলেন এবং রাত্রিকালে অন্যের অলক্ষিতে নিজের গৃহে নিদ্রা যাইবার জন্য প্রবেশ করিলেন।২০

বৈপরীত্যমিদং দৃষ্ট্বা গোকর্ণো ধৈর্য্যসংযুতঃ।
অয়ং দুর্গতিকঃ কোঽপি নিশ্চিত্যাথ তমব্রবীৎ ॥২৩

গোকর্ণ উবাচ

কস্ত্বমুগ্রতরো রাত্রৌ কৃতো যাতো দশামিমাম্।
কিং বা প্রেতঃ পিশাচো বা
রাক্ষসোঽসীতি শংস নঃ ॥২৪

সূত উবাচ

এবং পৃষ্টস্তদা তেন রুরোদোচ্চৈঃ পুনঃ পুনঃ।
অবক্তো বচনোচ্চারে সংজ্ঞামাত্রং চকার হ ॥২৫
ততোঽঞ্জলৌ জলং কৃত্বা গোকর্ণস্তমুদৈরয়ৎ।
তৎসেকহতপাপোঽসৌ প্রবক্তুমুপচক্রমে ॥২৬

প্রেত উবাচ

অহং ভ্রাতা ত্বদীয়োঽস্মি ধুন্ধুকারীতি নামতঃ।
স্বকীয়েনৈব দোষেণ ব্রহ্মত্বং নাশিতং ময়া ॥২৭
কর্মণো নাস্তি সংখ্যা মে মহাজ্ঞানে বিবর্তিনঃ।
লোকানাং হিংসকঃ সোঽহং ক্রীভির্দুঃখেন মারিতঃ ॥২৮
অতঃ প্রেতত্বমাপন্নো দুর্দশাঞ্চ বহাম্যহম্।
বায়াহারেণ জীবামি দৈবাধীনফলোদয়াৎ ॥২৯
অহো বন্ধো কৃপাসিন্ধো ভ্রাতর্মামাশু মোচয়।
গোকর্ণো বচনং শ্রুত্বা তস্মৈ বাক্যমথাব্রবীৎ ॥৩০

গোকর্ণ উবাচ

ত্বদর্থং তু গয়াপিণ্ডো ময়া দত্তো বিধানতঃ।
তৎ কথং নৈব মুক্তোঽসি মনাশ্চর্য্যমিদং মহৎ ॥৩১
গয়াশ্রাদ্ধান্ন মুক্তিশ্চেদুপায়ো নাপরস্ত্বিহ।
কিং বিধেয়ং ময়া প্রেত তত্ত্বং বদ সবিস্তরম্ ॥৩২

প্রেত উবাচ

গয়াশ্রাদ্ধশতেনাপি মুক্তির্মে ন ভবিষ্যতি।
উপায়মপরং কঞ্চিৎ ত্বং বিচারয় সাম্প্রতম্ ॥৩৩

ধুন্ধুকারী সেখানে নিজ ভ্রাতাকে নিদ্রা যাইতে দেখিয়া গভীর রাত্রিতে স্বীয় মহাভয়ঙ্করূপ দেখাইল।২১

সে একবার মেষ, একবার হাতী, একবার মহিষ, কখনও ইন্দ্র এবং কখনও বা অগ্নির রূপ ধারণ করিল। শেষে আবার মনুষ্যরূপেই প্রকটিত হইল।২২

এই বিপরীত অবস্থা দেখিয়াও গোকর্ণ ধৈর্য্য ধারণ করিয়া চিন্তা করত নিশ্চয় করিলেন যে, এ কোন দুর্গতি-প্রাপ্ত জীব। তখন তিনি তাহাকে জিজ্ঞাসা করিলেন।২৩

গোকর্ণ বলিলেন—তুমি কে? রাত্রিকালে এইরূপ ভয়ানক রূপ কেন দেখাইলে? তোমার এরূপ দশা কিরূপে হইল? তুমি প্রেত, পিশাচ অথবা কোন রাক্ষস—আমাকে ইহা বল।২৪

সূত বলিলেন,—হে শৌনক! গোকর্ণ এরূপ জিজ্ঞাসা করিলে, সে বারংবার উচ্চৈঃস্বরে কাঁদিতে লাগিল। উহার বলিবার কোন শক্তি ছিল না, সেইজন্য কেবল সঙ্কেত মাত্র করিল।২৫

তখন গোকর্ণ অঞ্জলিতে জল লইয়া অভিমন্ত্রিত করত তাহার উপর ছিটাইয়া দিলেন। তাহাতে ধুন্ধুকারীর পাপ নাশ হওয়ায়, সে বলিতে আরম্ভ করিল।২৬

প্রেত বলিল,—আমি তোমার ভ্রাতা, আমার নাম ধুন্ধুকারী। আমি নিজের দোষেই আমার ব্রাহ্মণত্ব নষ্ট করিয়াছি।২৭

আমার কুকর্ম্মের গণনা করিবার সংখ্যা নাই, আমি মহা অজ্ঞানে পড়িয়া ঘোরপাক খাইতেছি, সেইজন্য কত লোকের উপর হিংসা করিয়াছি। শেষে সেই আমি কুলটা স্ত্রীগণের দ্বারা মহাকষ্টে নিহত হইয়াছি।২৮

সেইহেতু আমি প্রেতযোনি লাভ করিয়া এই দুর্দ্দশা ভোগ করিতেছি। এখন দৈববশে কর্ম্মফলের উদয়ে আমি কেবল বায়ু ভক্ষণ করিয়া জীবিত আছি।২৯

হে হিতকারী ভ্রাতঃ! তুমি গয়ার সাগর, তুমি যে কোনরূপে সত্বর আমাকে প্রেতযোনি হইতে মুক্ত কর। গোকর্ণ ধুন্ধুকারীর সমস্ত বাক্য শুনিয়া তাহাকে বলিলেন।৩০

ইতি তদ্বাক্যমাকর্ণ্য গোকর্ণো বিস্ময়ং গতঃ।
শতশ্রাদ্ধৈর্ন মুক্তিশ্চেদসাধ্যং মোচনং তব ॥৩৪
ইদানীং তু নিজং স্থানমাতিষ্ঠ প্রেত নির্ভয়ঃ।
ত্বন্মুক্তিসাধকং কিঞ্চিদাচরিষ্যে বিচার্য্য চ ॥৩৫
ধুন্ধুকারী নিজস্থানং তেনাদিষ্টস্ততো গতঃ।
গোকর্ণশ্চিন্তয়ামাস তাং রাত্রিং ন তদধ্যগাৎ ॥৩৬
প্রাতস্তমাগতং দৃষ্ট্বা লোকাঃ প্রীতা সমাগতাঃ।
তৎ সর্বং কথিতং তেন যজ্জাতঞ্চ যথা নিশি ॥৩৭
বিদ্বাংসো যোগনিষ্ঠাশ্চ জ্ঞানিনো ব্রহ্মবাদিনঃ।
তন্মুক্তিং নৈব তেঽপশ্যন্ পশ্যন্তঃ শাস্ত্রসঞ্চয়ান্ ॥৩৮
ততঃ সর্বৈঃ সূর্য্যবাক্যং তন্মুক্তৌ স্থাপিতং পরম্।
গোকর্ণঃ স্তম্ভনং চক্রে সূর্য্যবেগস্য বৈ তদা ॥৩৯
তুভ্যং নমো জগৎসাক্ষিন্ ব্রূহি মে মুক্তিহেতুকম্।
তচ্ছ্রুত্বা দূরতঃ সূর্য্যঃ স্ফুটমিত্যভ্যভাষত ॥৪০
শ্রীমদ্ভাগবতান্মুক্তিঃ সপ্তাহং বাচনং কুরু।
ইতি সূর্য্যবচঃ সর্বৈর্ধর্মরূপং তু বিশ্রুতম্ ॥৪১
সর্বেঽব্রুবন্ প্রযত্নেন কর্তব্যং সুকরং হ্যিদম্।
গোকর্ণো নিশ্চয়ং কৃত্বা বাচনার্থং প্রবর্তিতঃ ॥৪২
তত্র সংশ্রবণার্থায় দেশগ্রামাজ্জনা যযুঃ।
পঙ্গ্বন্ধ-বৃদ্ধ-মন্দাশ্চ তেঽপি পাপক্ষয়ায় বৈ ॥৪৩

গোকর্ণ বলিলেন,—ভ্রাতঃ! আমি যে তোমার জন্য বিধি অনুসারে গয়ায় পিণ্ডদান করিয়াছি, তথাপি তুমি কেন প্রেতযোনি হইতে মুক্তি লাভ কর নাই—ইহা আমার নিকট অত্যন্ত আশ্চর্য্য মনে হইতেছে।৩১

যদি গয়া শ্রাদ্ধ হইতেও তোমার মুক্তি না হয়, তবে আর দ্বিতীয় কোন উপায় নাই। প্রেত! এখন তুমি সবিস্তারে বল—আমায় কি করিতে হইবে?৩২

প্রেত বলিল—শত গয়াশ্রাদ্ধেও আমার মুক্তি হইবে না। সম্প্রতি তুমি অন্য কোন উপায় চিন্তা কর।৩৩

প্রেতের এই কথা শুনিয়া গোকর্ণ অত্যন্ত বিস্মিত হইলেন এবং বলিলেন—যদি শত গয়াশ্রাদ্ধেতেও তোমার মুক্তি না হয়, তাহা হইলে অন্য কোন উপায়ে তোমার মুক্তি অসম্ভব।৩৪

আচ্ছা, এখন তুমি নির্ভয় হইয়া নিজস্থানে অবস্থান কর; আমি বিচার করিয়া তোমার মুক্তির জন্য দ্বিতীয় কোন উপায় স্থির করিব।৩৫

গোকর্ণের এই আজ্ঞা পাইয়া ধুন্ধুকারী সেখান হইতে নিজস্থানে চলিয়া আসিল। এদিকে গোকর্ণ সারারাত্রি চিন্তা করিয়াও কোন উপায় স্থির করিতে পারিলেন না।৩৬

প্রাতঃকালে তাঁহার আগমন দেখিয়া সকল লোক প্রণয়ভরে তাঁহার সহিত দেখা করিতে আসিলেন। তখন গোকর্ণ রাত্রিকালে যে সব ঘটনা ঘটিয়াছিল, সেই সব ঘটনা তাঁহাদিগকে শুনাইলেন।৩৭

তাঁহাদের মধ্যে যাঁহারা বিদ্বান্, যোগনিষ্ঠ, জ্ঞানী ও বেদজ্ঞ ছিলেন, তাঁহারা বহু শাস্ত্র দেখিয়াও ধুন্ধুকারীর মুক্তির কোন উপায় পাইলেন না।৩৮

কিন্তু সকলে এই নিশ্চয় করিলেন যে, এ বিষয়ে সূর্য্যদেব যাহা আজ্ঞা করিবেন, তাহাই করিতে হইবে। তখন গোকর্ণ স্বীয় তপোবলে সূর্য্যের গতি রোধ করিলেন।৩৯

তারপর স্তবমুখে বলিলেন,—ভগবন্! আপনি সমুদয় জগতের সাক্ষী, অতএব আপনাকে প্রণাম করি। আপনি কৃপা করিয়া আমাকে ধুন্ধুকারীর মুক্তির সাধন বলুন। গোকর্ণের এই প্রার্থনা শুনিয়া সূর্য্যদেব দূর হইতে স্পষ্ট স্বরে বলিলেন,—শ্রীমদ্ভাগবত হইতে ইহার মুক্তি হইবে; সেইজন্য তুমি ইহার নিমিত্ত সপ্তাহসাধ্য ভাগবত পাঠ করাও। সূর্য্যদেবের এই ধর্ম্মময় বাক্য সেখানকার সকলেই শ্রবণ করিলেন।৪০-৪১

তখন তাঁহারা সকলে বলিলেন,—তুমি যত্নের সহিত ইহার অনুষ্ঠান কর। এই সাধন তো অতি সরল। সেইহেতু গোকর্ণ তদনুসারে নিশ্চয় করিয়া ভাগবতী কথা শুনাইবার জন্য প্রস্তুত হইলেন।৪২

সমাজস্তু মহান্ জাতো দেববিস্ময়কারকঃ।
যদৈবসেনমায়ান্তং গোকর্ণোঽকপয়ং কথাম্ ॥৪৪
স প্রেতোঽপি তদায়াতঃ স্থানং পশ্যন্নিতস্ততঃ।
সপ্তগ্রন্থিযুতং তত্রাপশ্যৎ কীচকমুচ্ছ্রিতম্ ॥৪৫
তন্মূলচ্ছিদ্রমাবিশ্য শ্রবণার্থং স্থিতো হ্যসৌ।
বাতরূপী স্থিতিং কর্তুমশক্তো বংশমাবিশৎ ॥৪৬
বৈষ্ণবং ব্রাহ্মণং মুখ্যং শ্রোতারং পরিকল্প্য সঃ।
প্রথমস্কন্ধতঃ স্পষ্টমাখ্যানং ধেনুজোঽকরোৎ ॥৪৭
দিনান্তে রক্ষিতা গাথা তদা চিত্রং বভূব হ।
বংশৈকগ্রন্থিভেদোঽভূৎ সশব্দং পশ্যতাং সতাম্ ॥৪৮
দ্বিতীয়েঽহ্নি তথা সায়ং দ্বিতীয়গ্রন্থিভেদনম্।
তৃতীয়েঽহ্নি তথা সায়ং তৃতীয়গ্রন্থিভেদনম্ ॥৪৯

এবং সপ্তদিনৈশ্চৈব সপ্তগ্রন্থিবিভেদনম্।
কৃত্বা স দ্বাদশস্কন্ধশ্রবণাৎ প্রেততাং জহৌ ॥৫০
দিব্যরূপধরো জাতস্তুলসীলসমন্বিতঃ।
পীতবাসা ঘনশ্যামো মুকুটী কুণ্ডলান্বিতঃ ॥৫১
ননাম ভ্রাতরং সদ্যো গোকর্ণমিতি চাব্রবীৎ।
ত্বয়াহং মোচিতো বন্ধো কৃপয়া প্রেতযন্ত্রণাৎ ॥৫২
ধন্যা ভাগবতী বার্তা প্রেতপীড়াবিনাশিনী।
সপ্তাহোঽপি তথা ধন্যঃ কৃষ্ণলোককরঃ পরঃ ॥৫৩
কল্পন্তে সর্বপাপানি সপ্তাহশ্রবণে দ্বিতে।
অস্মাকং প্রলয়ং সদ্যঃ কথা চেয়ং করিষ্যতি ॥৫৪
আর্দ্রং শুষ্কং লঘু স্থূলং বাঙ্মনঃকর্মভিঃ কৃতম্।
শ্রবণং বিলহেৎ পাপং পাবকঃ সমিধো যথা ॥৫৫

ঐ কথা শুনিবার জন্য নানা দেশ ও গ্রাম হইতে বহু লোক উপস্থিত হইল। যাহারা পঙ্গু, অন্ধ, কুষ্ঠ ও মূর্খ ব্যক্তি ছিল, তাহারাও নিজ নিজ পাপক্ষয়ের জন্য সেখানে উপনীত হইল ।৭৩

এইরূপে সেখানে এত লোকের সমাগম হইল যে, তাহাতে দেবগণও বিস্মিত হইলেন। যখন গোকর্ণ ব্যাসাসনে উপবিষ্ট হইয়া ভাগবতী কথা পাঠ করিতে আরম্ভ করিলেন, তখন সেই প্রেতও সেখানে আসিয়া উপস্থিত হইল এবং বসিবার এদিক্ ওদিকে স্থান অন্বেষণ করিতে লাগিল। তখন সে দেখিল—একটি সরল সপ্ত গ্রন্থিযুক্ত উন্নত বাঁশ রহিয়াছে ।৪৪-৪৫

তাহার নীচেতে একটি ছিদ্রমধ্যে প্রবেশ করিয়া ভাগবত শুনিবার জন্য অবস্থান করিতে লাগিল। সে বায়ুরূপ ধারণ করায়, সেখানে বহির্ভাগে বসিতে সমর্থ হইল না, সেইজন্য সে বাঁশের অন্তরে প্রবেশ করিল ।৪৬

গোকর্ণ এক বৈষ্ণব ব্রাহ্মণকে মুখ্য শ্রোতারূপে কল্পনা করিয়া প্রথম স্কন্ধ হইতে স্পষ্টস্বরে পাঠ শুনাইতে আরম্ভ করিলেন ।৪৭

দিনের শেষে সন্ধ্যার সময় যখন ঐ কথার বিশ্রাম হইল, তখন এক আশ্চর্য্য ঘটনা ঘটিল। সেখানে সভাসদ্‌গণের সম্মুখেই সেই বাঁশের একটি গ্রন্থি শব্দ করিতে করিতে ফাটিয়া যাইল ।৪৮

এইরূপে দ্বিতীয়দিনের সায়ংকালে দ্বিতীয় গ্রন্থি এবং তৃতীয় দিনের সন্ধ্যায় তৃতীয় গ্রন্থি ফাটিয়া যাইল ।৪৯

এই প্রকারে সাতদিনে সাত গ্রন্থি (গাঁঠ) ভেদ করিয়া দ্বাদশ স্কন্ধ শুনিবার পর প্রেতযোনি হইতে মুক্তি লাভ করিল ।৫০

তখন সে দিব্যরূপ ধারণ করিয়া সকলের সম্মুখে প্রকটিত হইল। উহার গাত্রবর্ণ মেঘের ন্যায় শ্যাম, বস্ত্র পীত বর্ণ এবং কণ্ঠে তুলসীমালা সুসজ্জিত ছিল। তাহার মস্তক মুকুটে ও কর্ণ কুণ্ডলে শোভিত ছিল ।৫১

সে ভ্রাতা গোকর্ণকে সত্বর প্রণাম করিয়া বলিল,—উপকারী বন্ধো! তুমি কৃপা করিয়া আমাকে প্রেতযোনি-যাতনা হইতে মুক্ত করিয়াছ ।৫২

প্রেতপীড়ানাশকারিণী শ্রীমদ্ভাগবতের কথা ধন্য এবং শ্রীকৃষ্ণচন্দ্রের ধামপ্রাপ্তিকর ইহার সপ্তাহ পারায়ণও ধন্য ।৫৩

যখন সপ্তাহ শ্রবণের জন্য মানুষ উপবিষ্ট হয়, তখনই পাপসকল কাঁপিতে থাকে; কারণ, এই ভাগবতী কথা আমাদিগকে সদ্যই ধ্বংস করিবে ।৫৪

কথাসমাপ্তৌ যজ্জাতং শ্রূয়তাং তচ্চ নারদ ॥৭৯
বিমানৈঃ সহ ভক্তেভ্যশ্চ হরিরাবির্বভূব হ।
জয়শব্দা নমঃশব্দাস্তত্রাসন্ বহবস্তদা ॥৮০
পাঞ্চজন্যধ্বনিং চক্রে হর্ষাত্তত্র স্বয়ং হরিঃ।
গোকর্ণস্তু সমালিঙ্ক্যাকরোৎ স্বসদৃশং হরিঃ ॥৮১
শ্রোতৃনন্যান্ ঘনশ্যামান্ পীতকৌশেয়বাসসঃ।
কিরীটিনঃ কুণ্ডলিনস্তথা চক্রে হরিঃ ক্ষণাৎ ॥৮২
তদ্গ্রামে যে স্থিতা জীবা আশ্বচাণ্ডালজাতয়ঃ।
বিমানে স্থাপিতাস্তেঽপি গোকর্ণকৃপয়া তদা ॥৮৩
প্রেষিতা হরিলোকে তে যত্র গচ্ছন্তি যোগিনঃ।
গোকর্ণেন স গোপালো গোলোকং গোপবল্লভম্।
কথাশ্রবণতঃ প্রীতো নির্যযৌ ভক্তবৎসলঃ ॥৮৪
অযোধ্যাবাসিনঃ পূর্বং যথা রামেণ সঙ্গতাঃ।
তথা কৃষ্ণেন তে নীতা গোলোকং যোগিদুর্লভম্ ॥৮৫
যত্র সূর্যস্য সোমস্য সিদ্ধানাং ন গতিঃ কদা।
তং লোকং হি গতাস্তে তু শ্রীমদ্ভাগবতশ্রবাৎ ॥৮৬
ক্রমোঽত্র তে কিং ফলবৃন্দমুজ্জ্বলং
সপ্তাহযজ্ঞেন কথাসু সঞ্চিতম্।
কর্ণৈর্ন গোকর্ণকথাক্ষরো যৈঃ
পীতশ্চ তে গর্ভগতা ন ভূয়ঃ ॥৮৭

গুরুবাক্যে বিশ্বাস, নিজের দৈন্য ভাব, মনের দোষসমূহের বিজয় ও কথায় চিত্তের একাগ্রতা—এই সকল নিয়ম পালন করিয়া যদি ভাগবত শ্রবণ করা যায়, তবেই শ্রবণে ফল লাভ হয়। যদি এই শ্রোতা পুনরায় শ্রীমদ্ভাগবত পাঠ শ্রবণ করেন, তাহা হইলে নিশ্চয়ই বৈকুণ্ঠলোকে গমন করিবেন।৭৫-৭৬

হে গোকর্ণ! তোমাকে তো ভগবান্ স্বয়ং আসিয়া গোলকধামে লইয়া যাইবেন। এই বলিয়া তাঁহারা সকলে শ্রীহরির নাম কীর্তন করিতে করিতে বৈকুণ্ঠে গমন করিলেন।৭৭

শ্রাবণমাসে গোকর্ণ পুনরায় সেই প্রকার সপ্তাহক্রমে শ্রীমদ্ভাগবতের কথা আরম্ভ করিলেন এবং পূর্বের শ্রোতারা পুনরায় তাহা শ্রবণ করিলেন।৭৮

হে নারদ। ঐ কথার শেষে যাহা সংঘটিত হইয়াছিল। তাহা শ্রবণ করুন।৭৯

সেখানে ভক্তবৃন্দে পরিপূর্ণ বহু বিমানের সহিত শ্রীভগবান্ আবির্ভূত হইলেন। তখন চতুর্দিকে 'জয় জয়' ধ্বনি ও নমস্কারধ্বনি উত্থিত হইতে লাগিল।৮০

ভগবান্ শ্রীহরি স্বয়ং আনন্দিত হইয়া পাঞ্চজন্যশঙ্খের ধ্বনি করিতে লাগিলেন এবং গোকর্ণকে আলিঙ্গন করিয়া নিজের সমান করিয়া দিলেন।৮১

ক্ষণকালমধ্যেই অন্য সব শ্রোতাদিগকেও মেঘের ন্যায় শ্যামবর্ণ, রেশমী পীতবস্ত্র পরিধারী ও কিরীট-কুণ্ডলাদিতে শোভিত করিলেন।৮২

ঐ গ্রামে কুকুর ও চণ্ডাল হইতে যত জীব বাস করিত, তাহারা সকলেই গোকর্ণের কৃপায় সেই সময় বিমানে আরোপিত হইল।৮৩

যেখানে যোগিগণ গমন করেন, সেই ভগবদ্ধামে তাঁহারা প্রেরিত হইলেন। এইরূপে ভক্তবৎসল ভগবান্ শ্রীকৃষ্ণ কথাশ্রবণে প্রীত হইয়া গোকর্ণের সহিত গোপপ্রিয় গোলোকে গমন করিলেন।৮৪

যেরূপ পূর্বকালে অযোধ্যাবাসী ভগবান্ শ্রীরামচন্দ্রের সহিত সাকেতধামে গমন করিয়াছিলেন, সেইরূপ ভগবান্ শ্রীকৃষ্ণ ইঁহাদের সকলকেই যোগিগণেরও দুর্লভ গোলোকধামে লইয়া যাইলেন।৮৫

যে লোকে সূর্য, চন্দ্র এবং সিদ্ধগণের কখনও গমন করিবার শক্তি নাই, ইঁহারা শ্রীমদ্ভাগবত শ্রবণে সেই লোকে গমন করিলেন।৮৬

হে নারদ! সপ্তাহযজ্ঞ দ্বারা শ্রীমদ্ভাগবতের কথা শ্রবণ করিলে যেরূপ উজ্জ্বল ফলসমূহ সঞ্চিত হয়, সেই বিষয়ে আমি আপনাকে কি বলিব? অহো! যাহারা নিজ কর্ণে গোকর্ণের কথার এক অক্ষরও পান (শ্রবণ) করিয়াছিল, তাহাদিগকে পুনরায় আর মাতার গর্ভে আসিতে হয় নাই।৮৭

বায়ভাম্বুপর্ণাশনদেহশোষণৈ-
স্তপোভিরুগ্রৈশ্চিরকালসঞ্চিতৈঃ।
যোগৈশ্চ সংযান্তি ন তাং গতিং বৈ
সপ্তাহগাথাশ্রবণেন যান্তি যাম্ ॥৮৮

ইতিহাসমিমং পুণ্যং শাণ্ডিল্যোঽপি মুনীশ্বরঃ।
পঠতে চিত্রকূটস্থো ব্রহ্মানন্দপরিপ্লুতঃ ॥৮৯

আখ্যানমেতৎ পরমং পবিত্রং
শ্রুতং সকৃদ্ বৈ বিদহেদঘৌঘম্।
শ্রাদ্ধে প্রযুক্তং পিতৃতৃপ্তিমাবহে-
দ্বিতাং ত্রিপাঠাদপুনর্ভবঞ্চ ॥৯০

ইতি শ্রীপদ্মপুরাণে উত্তরখণ্ডে শ্রীমদ্ভাগবতমাহাত্ম্যে
পঞ্চমঃ অধ্যায়ঃ ॥

বায়ু, জল ও গাছের পাতা খাইয়া দেহকে শুষ্ক করত বহুকাল ধরিয়া কঠোর তপস্যা দ্বারা এবং যোগ দ্বারা যে গতি লাভ করা যায় না, কেবল সপ্তাহকাল শ্রীমদ্ভাগবতের কথা শুনিয়া সেই গতি লাভ করা যায় ॥৮৮

চিত্রকূটপর্ব্বতে অবস্থান করত মুনীশ্বর শাণ্ডিল্যও ব্রহ্মানন্দে মগ্ন থাকিয়া এই পরমপবিত্র ইতিহাসের পাঠ করিতেছেন। এই আখ্যান (শ্রীমদ্ভাগবতী কথা) অতি পবিত্র। একবার শ্রবণ করিলেই সমস্ত পাপরাশি ভস্মীভূত হইয়া যায়। যদি শ্রাদ্ধের সময় ইহার পাঠ করা হয়, তাহা হইলে পিতৃগণ অত্যন্ত তৃপ্ত হন এবং নিত্য বিধি অনুসারে পাঠ করিলে মোক্ষপ্রাপ্তি হয় ॥৮৯-৯০

ওঙ্কারনাথসেবক-শ্রীরামরতনকাব্যব্যাকরণতীর্থকৃত-বঙ্গভাষানুবাদসহিত পদ্মপুরাণের উত্তরখণ্ডে
শ্রীমদ্ভাগবতমাহাত্ম্যে পঞ্চম অধ্যায় সমাপ্ত।

ষষ্ঠঃ অধ্যায়ঃ

[সপ্তাহযজ্ঞবিধিকথনম্ ।]

কুমারা ঊচুঃ

অথ তে সম্প্রবক্ষ্যামঃ সপ্তাহশ্রবণে বিধিম্ ।
সহায়ৈর্বন্ধুভিশ্চৈব প্রায়ঃ সাধ্যো বিধিঃ স্মৃতঃ ॥১
দৈবজ্ঞস্তু সমাহূয় মুহূর্তং পৃচ্ছ্য যত্নতঃ ।
বিবাহে যাদৃশং বিত্তং তাদৃশং পরিকল্পয়েৎ ॥২
নভস্য আশ্বিনোর্জৌ চ মার্গশীর্ষঃ শুচির্নভাঃ ।
এতে মাসাঃ কথারম্ভে শ্রোতৃণাং মোক্ষসূচকাঃ ॥৩
মাসানাং বিপ্র ! হেয়ানি তানি ত্যাজ্যানি সর্বথা ।
সহায়াংশ্চতরে তত্র কর্তব্যাঃ সোদ্যমাশ্চ যে ॥৪
দেশে দেশে তথা দেয়ং বার্তা প্রেষ্যা প্রযত্নতঃ ।
ভবিষ্যতি কথা চাত্র আগন্তব্যং কুটুম্বিভিঃ ॥৫
দূরে হরিকথাঃ কেচিদ্দূরে চাচ্যুতকীর্তনাঃ ।
স্ত্রিয়ঃ শূদ্রাদয়ো যে চ তেষাং বোধো যতো ভবেৎ ॥৬
দেশে দেশে বিরক্তা যে বৈষ্ণবাঃ কীর্তনোৎসুকাঃ ।
তেষেব পত্রং প্রেষ্যঞ্চ তল্লেখনমিতীরিতম্ ॥৭
সতাং সমাগমো ভবিতা সপ্তরাত্রং সুদুর্লভঃ ।
অপূর্বরসরূপৈষা কথা চাত্র ভবিষ্যতি ॥৮
শ্রীভাগবতপীযূষপানায় রসলম্পটাঃ ।
ভবন্তশ্চ তথা শীঘ্রমায়ান্তু প্রেমতৎপরাঃ ॥৯
নাবকাশঃ কদাচিচ্ছেদ্দিনমাত্রং তথাপি তু ।
সর্বথাগমনং কার্য্যং ক্ষণোঽত্রৈব সুদুর্লভঃ ॥১০

ষষ্ঠ অধ্যায়

[সপ্তাহযজ্ঞের বিধি কথন ।]

সনকাদি কুমারগণ বলিলেন,—হে নারদ ! অতঃপর আমরা আপনাকে সপ্তাহশ্রবণের বিধি বলিব। এই বিধি প্রায় মানুষের সহায়ে ও ধনের দ্বারা সাধ্য বলিয়া অভিহিত হইয়াছে ।১

প্রথমে যত্নের সহিত জ্যোতিষীকে ডাকিয়া মুহূর্ত জিজ্ঞাসা করিতে হইবে। তারপর বিবাহে যেরূপ পণের জন্য ধন দিবার পরিকল্পনা করিতে হয়, সেইরূপ এখানেও ধনের পরিকল্পনা করিতে হইবে ।২

কথা আরম্ভ করিতে ভাদ্রপদ, আশ্বিন, কার্ত্তিক, মার্গশীর্ষ (অগ্রহায়ণ), আষাঢ় ও শ্রাবণ—এই ছয় মাসই শ্রোতাদিগের জন্য মোক্ষপ্রাপ্তির কারণ ।৩

হে দেবর্ষে ! এই মাসগুলিমধ্যেও ভদ্রা-ব্যতীপাতাদি কুযোগসমূহ সর্বথা ত্যাগ করিতে হইবে। অন্য ব্যক্তিদের মধ্যে যাহারা উৎসাহী, তাহাদিগকেও নিজের সহায় করিয়া লইবে ।৪

তারপর যত্নপূর্বক দেশ দেশান্তরে সংবাদ পাঠাইতে হইবে যে, এই স্থানে ভাগবতকথা হইবে, অতএব সপরিবারে আপনারা আগমন করুন ।৫

স্ত্রী এবং শূদ্রাদিগণ ভগবৎকথা ও ভগবন্নামকীর্তন হইতে বহু দূরে পড়িয়া গিয়াছে, সুতরাং তাহাদের যাহাতে বোধ হয়, সেইরূপ ব্যবস্থা করা উচিত ।৬

দেশে দেশে যে সব বিরক্ত, বৈষ্ণব ও কীর্তনোৎসুক ব্যক্তি আছেন, তাহাদের নিমন্ত্রণ পত্র পাঠাইতে হইবে। ঐ পত্র লিখিবার বিধি এইরূপ কথিত আছে ।৭

(হে মহানুভবগণ !) এইস্থানে সাতদিন পর্য্যন্ত সৎপুরুষদলের অত্যন্ত দুর্লভ সমাগম হইবে এবং অপূর্ব রসময়ী শ্রীমদ্ভাগবতের কথা হইবে ।৮

আপনারা ভগবদ্রসের রসিক, অতএব শ্রীভাগবতামৃত পান করিবার জন্য প্রেমভরে সত্বর আগমন করুন। যদি আপনাদের বিশেষ কার্য্যবশতঃ সাত দিনের জন্য অবকাশ না পান, তবে অন্ততঃ একদিনের জন্যও অবশ্যই কৃপা করিয়া আসিবেন ; কারণ, এখানকার একক্ষণও তো অতীব দুর্লভ ।৯-১০

এবমাকারণং তেষাং কর্ত্তব্যং বিনয়েন চ।
আগন্তুকানাং সর্বেষাং বাসস্থানানি কল্পয়েৎ ॥১১
তীর্থে বাপি বনে বাপি গৃহে বা শ্রবণং মতম্।
বিশালা বসুধা যত্র কর্ত্তব্যং তৎ কথাস্থলম্ ॥১২
শোধনং মার্জনং ভূমের্লেপনং ধাতুমণ্ডনম্।
গৃহোপস্করমুদ্ধৃত্য গৃহকোণে নিবেশয়েৎ ॥১৩
অর্বাক্‌পঞ্চাহতো যত্নাদাস্তীর্ণানি প্রমেলয়েৎ।
কর্ত্তব্যো মণ্ডপঃ প্রোচ্চৈঃ কদলীখণ্ডমণ্ডিতঃ ॥১৪
ফলপুষ্পদলৈর্বিষগ্‌ বিতানেন বিরাজিতঃ।
চতুর্দিক্ষু ধ্বজারোপো বহুসম্পদ্‌ বিরাজিতঃ ॥১৫
ঊর্দ্ধং সপ্তৈব লোকাশ্চ কল্পনীয়াঃ সবিস্তরম্।
তেষু বিপ্রা বিরক্তাশ্চ স্থাপনীয়াঃ প্রবোধ্য চ ॥১৬
পূর্বং তেষামাসনানি কর্ত্তব্যানি যথোচিতম্।
বক্তুশ্চাপি তদা দিব্যমাসনং পরিকল্পয়েৎ ॥১৭
উদঙ্‌মুখো ভবেদ্‌ বক্তা শ্রোতা বৈ প্রাঙ্‌মুখস্তদা।
প্রাঙ্‌মুখশ্চেদ্ভবেদ্‌ বক্তা শ্রোতা চোদঙ্‌মুখস্তদা ॥১৮
অথবা পূর্বদিগ্‌ জ্ঞেয়া পূজ্যাপূজকমধ্যতঃ।
শ্রোতৃণামাগমে প্রোক্তো দেশকালাদিকোবিদৈঃ ॥১৯
বিরক্তো বৈষ্ণবো বিপ্রো বেদশাস্ত্রবিশুদ্ধিকৃৎ।
দৃষ্টান্তকুশলো ধীরো বক্তা কার্য্যোঽতিনিঃস্পৃহঃ ॥২০
অনেকধর্মবিভ্রান্তা স্ত্রৈণাঃ পাষণ্ডবাদিনঃ।
শুকশাস্ত্রকথোচ্চারে ত্যাজ্যাস্তে যদি পণ্ডিতাঃ ॥২১
বন্ধুঃ পার্শ্বে সহায়ার্থমন্যঃ স্বাপ্যস্তথাবিধঃ।
পণ্ডিতঃ সংশয়চ্ছেত্তা লোকবোধনতৎপরঃ ॥২২
বক্তা কৌরং প্রকর্ত্তব্যং দিনাদর্বাগ্‌ ব্রতাপ্লবে।
অরুণোদয়বেলায়াং নির্বর্ত্ত্য শৌচং স্নানং সমাচরেৎ ॥২৩
নিত্যং সংক্ষেপতঃ কৃত্বা সন্ধ্যাহ্নং বৈ প্রযত্নতঃ।
কথাবিঘ্নবিঘাতায় গণনাথং প্রপূজয়েৎ ॥২৪

এই প্রকার বিনয়পূর্ব্বক তাঁহাদিগকে নিমন্ত্রিত করিতে হইবে এবং যাঁহারা আসিবেন, তাঁহাদের জন্য যথোচিত বাসস্থানের ব্যবস্থাও করিতে হইবে।১১

সপ্তাহকথা শ্রবণ কোন তীর্থে, বনে কিংবা নিজ গৃহে করিতে হয়—ইহাই উহার বিধি। যেখানে বিশাল ভূমি অর্থাৎ লম্বা চৌড়া ময়দান থাকিবে, সেইখানে কথাস্থল রচনা করিতে হইবে।১২

ভূমির শোধন, মার্জ্জন ও গোময়াদি লেপন করিয়া এবং বিল্বফলের ধাতু দ্বারা মণ্ডন করিবে এবং গৃহের সমস্ত সামগ্রী আনিয়া এককোণে রক্ষা করিতে হইবে।১৩

পাঁচদিন পূর্ব্ব হইতেই যত্নের সহিত বিছাইবার বহু বস্ত্র সংগ্রহ করিবে এবং কদলীবৃক্ষ সুশোভিত এক উচ্চ মণ্ডপ প্রস্তুত করিতে হইবে।১৪

চতুর্দিকে ফল, পুষ্প, পত্র এবং চাঁদোয়া দ্বারা উহা সুসজ্জিত করিবে। চারিদিকে ধ্বজা দিয়া নানা দ্রব্য সম্ভারে পূর্ণ রাখিবে।১৫

ঐ মণ্ডপে উচ্চ করিয়া সাতটি বিশাল লোক কল্পনা করিবে এবং সেখানে বিরক্ত ও ব্রাহ্মণগণকে আহ্বান করিয়া বসাইবে।১৬

পূর্ব্ব হইতেই তাঁহাদের জন্য যথাযোগ্য আসন-সমূহ প্রস্তুত রাখিবে। তারপর বক্তার জন্য সেই সময় এক দিব্য আসনের ব্যবস্থা করিবে।১৭

যদি বক্তার মুখ উত্তর দিকে থাকে, তবে শ্রোতাদের পূর্ব্ব দিকে মুখ করিয়া বসিবার আসন করিবে। আর যদি বক্তার মুখ পূর্ব্ব দিকে হয়, তাহা হইলে শ্রোতাদের মুখ উত্তর দিকে হইবে।১৮

অথবা বক্তা ও শ্রোতাদের পূর্ব্বদিকে মুখ করিয়া বসিবারই আসন করিবে। দেশ-কালাদি বিষয়ে অভিজ্ঞ পণ্ডিতগণ শ্রোতাদের জন্য এইরূপ নিয়মই বলিয়াছেন।১৯

যিনি বেদ-শাস্ত্রের স্পষ্ট ব্যাখ্যা করিতে সমর্থ, মধ্যে মধ্যে দৃষ্টান্ত দিতে নিপুণ, বিবেকী ও অত্যন্ত নিঃস্পৃহ, তাদৃশ বিরক্ত ও বিষ্ণু ভক্তকেই বক্তা (পাঠক) রূপে বরণ করিবে।২০

শ্রীমদ্ভাগবতপাঠে এইরূপ লোককে বিমুক্ত

পিতৃন্ সন্তর্প্য শুদ্ধ্যর্থং প্রায়শ্চিত্তং সমাচরেৎ।
মণ্ডলঞ্চ প্রকর্ত্তব্যং তত্র স্থাপ্যো হরিস্তথা ॥২৫
কৃষ্ণমুদ্দিশ্য মন্ত্রেণ চরেৎ পূজাবিধিং ক্রমাৎ।
প্রদক্ষিণনমস্কারান্ পূজান্তে স্তুতিমাচরেৎ ॥২৬
সংসারসাগরে মগ্নং দীনাং মাং করুণানিধে।
কর্ম্মমোহগৃহীতাঙ্গং মামুদ্ধর ভবার্ণবাৎ ॥২৭
শ্রীমদ্ভাগবতস্যাপি ততঃ পূজা প্রযত্নতঃ।
কর্ত্তব্যা বিধিনা প্রীত্যা ধূপদীপসমন্বিতা ॥২৮
ততস্তু শ্রীফলং ধৃত্বা নমস্কারং সমাচরেৎ।
স্তুতিঃ প্রসন্নচিত্তেন কর্ত্তব্যা কেবলং তদা ॥২৯

শ্রীমদ্ভাগবতাখ্যোঽয়ং প্রত্যক্ষঃ কৃষ্ণ এব হি।
স্বীকৃতোঽসি ময়া নাথ মুক্ত্যর্থং ভবসাগরে ॥৩০
মনোরথো মদীয়োঽয়ং সফলঃ সর্ব্বথা ত্বয়া।
নির্ব্বিঘ্নেনৈব কর্ত্তব্যো দাসোঽহং তব কেশব ॥৩১
এবং দীনবচঃ প্রোচ্য বক্তারঞ্চাথ পূজয়েৎ।
সভূষ বস্ত্রভূষাভিঃ পূজান্তে তঞ্চ সংস্তবেৎ ॥৩২
গুরুরূপ প্রবোধজ্ঞ সর্ব্বশাস্ত্রবিশারদ।
এতৎকথাপ্রকাশেন মদজ্ঞানং বিনাশয় ॥৩৩
তদগ্রে নিয়মঃ পশ্চাৎ কর্ত্তব্যঃ শ্রেয়সে মুদা।
সপ্তরাত্রং যথাশক্ত্যা ধারণীয়ঃ স এব হি ॥৩৪

করিবে না, যিনি পণ্ডিত হইলেও অনেক ধর্ম্মে বিভ্রান্ত, স্তৈণ ও পাষণ্ডপ্রচারক ।২১

বক্তার পার্শ্বে তাহার সহায়তার জন্য এক এইরূপ বিদ্বান্ স্থাপিত করিবে, যিনি সর্ব্বপ্রকার সংশয়ভঞ্জন করিতে পারিবেন ও লোকদিগকে বুঝাইতে সমর্থ হইবেন ।২২

কথারম্ভের একদিন পূর্ব্বে ব্রতগ্রহণের জন্য বক্তা ক্ষৌরকর্ম্ম করিবেন এবং অরুণোদয় সময়ে শৌচ হইতে নিবৃত্ত হইয়া উত্তমরূপে স্নান করিবেন ।২৩

তারপর সন্ধ্যাদি নিজের নিত্য কর্ম যত্নের সহিত সমাপন করত সপ্তাহকথার বিঘ্ননাশের জন্য গণেশের পূজা করিবে ।২৪

অতঃপর পিতৃগণের তর্পণ করিয়া নিজের পূর্ব্ব পাপের শুদ্ধির জন্য প্রায়শ্চিত্ত করিবেন। তদনন্তর এক মণ্ডল প্রস্তুত করিয়া সেখানে ভগবান্ শ্রীহরিকে স্থাপিত করিবেন ।২৫

তারপর ভগবান্ শ্রীকৃষ্ণের উদ্দেশে মন্ত্রোচ্চারণ পূর্ব্বক ক্রমশঃ ষোড়শোপচারবিধিতে পূজা করিবেন, তৎপশ্চাৎ প্রদক্ষিণ ও নমস্কারাদি করিয়া এইরূপ স্তুতি করিবেন ।২৬

'হে করুণাসাগর! আমি সংসাররূপ সমুদ্রে নিমগ্ন এবং অতি দীন। কর্ম্মসকলের মোহ আমাকে গ্রাস করিয়াছে। আপনি এই সংসারসাগর হইতে আমাকে উদ্ধার করুন ।২৭

শ্রীভগবানের পূজার পর ধূপ-দীপ প্রভৃতি সামগ্রী দ্বারা শ্রীমদ্ভাগবতেরও উৎসাহ ও প্রীতিপূর্ব্বক যথাবিধি পূজা করিবে ।২৮

তারপর শ্রীমদ্ভাগবতগ্রন্থের অগ্রভাগে নারিকেল ফল রাখিয়া নমস্কার করিবে এবং প্রসন্নচিত্তে এইরূপ স্তুতি করিবে ।২৯

শ্রীমদ্ভাগবতরূপে আপনি সাক্ষাৎ ভগবান্ শ্রীকৃষ্ণই বিরাজমান আছেন। হে নাথ! আমি সংসারসমুদ্র হইতে মুক্তি পাইবার জন্য আপনার শরণ গ্রহণ করিলাম ।৩০

(হে ভগবন্!) আমার এই মনোরথ আপনি নির্ব্বিঘ্নে সফল করুন। হে কেশব! আমি আপনার দাস ।৩১

এই দীনতাপূর্ণ বাক্য বলিয়া বক্তার (পাঠকের) পূজা করিবে। তাঁহাকে সুন্দর বস্ত্র ও ভূষণাদি দ্বারা বিভূষিত করিয়া পূজা করিবে। তারপর তাঁহারও স্তব করিবে ।৩২

হে গুরুস্বরূপ ভগবন্! আপনি বুঝাইবার বিষয়ে নিপুণ ও সকলশাস্ত্রেই অভিজ্ঞ; কৃপা করিয়া এই ভাগবতী কথা প্রকাশ করত আমার অজ্ঞান দূর করুন ।৩৩

বরণং পঞ্চবিপ্রাণাং কথাভঙ্গনিবৃত্তয়ে।
কর্ত্তব্যং তৈর্দ্বাদশাক্ষরবিদ্যয়া ॥৩৫
ব্রাহ্মণান্ বৈষ্ণবাংশ্চান্যাংস্তথা কীর্ত্তনকারিণঃ।
নত্বা সম্পূজ্য দাতব্যঃ স্বয়মাসনমাবিশেৎ ॥৩৬
লোকবিত্তধনাগারপুত্রচিন্তাং বুধস্ত্যজেৎ।
কথাচিত্তঃ শুদ্ধমতিঃ স লভেৎ ফলমুত্তমম্ ॥৩৭
আসূর্য্যোদয়মারভ্য সার্দ্ধত্রিপ্রহরান্তকম্।
বাচনীয়া কথা সম্যগ্ ধীরকণ্ঠং সুধীমতা ॥৩৮
কথাবিরামঃ কর্ত্তব্যো মধ্যাহ্নে ঘটিকাদ্বয়ম্।
তৎকথাময়ং কার্য্যং বৈ কীর্ত্তনং বৈষ্ণবৈস্তদা ॥৩৯
মলমূত্রজয়ার্থং হি লঘ্বাহারঃ সুখাবহঃ।
হবিষ্যান্নেন কর্ত্তব্যো হ্যেকবারং কথার্থিনা ॥৪০

পুনরায় নিজ কল্যাণের জন্য আনন্দের সহিত উঁহার সম্মুখে নিয়মগ্রহণ করিবে এবং সাত দিন পর্য্যন্ত তাহা যথাশক্তি পালন করিবে ।৩৪

কোন বিঘ্নবশতঃ যাহাতে কথা ভঙ্গ না হয়, সেইজন্য পাঁচজন ব্রাহ্মণকে বরণ করিবে। তাঁহারা দ্বাদশাক্ষর মন্ত্র ('ওঁ নমো ভগবতে বাসুদেবায়') দ্বারা ভগবানের নাম জপ করিবেন ।৩৫

পুনর্ব্বার ব্রাহ্মণ, অন্য বিষ্ণুভক্ত এবং কীর্ত্তনকারিগণকে নমস্কার ও পূজা করত তাঁহাদের আজ্ঞা লইয়া নিজে আসনে উপবেশন করিবে ।৩৬

যে ব্যক্তি লোক, সম্পত্তি, ধন, গৃহ ও পুত্রাদির চিন্তা ত্যাগ করিয়া শুদ্ধচিত্তে কেবল কথাতেই ধ্যান রাখেন, তিনি এই শ্রবণের উত্তম ফল লাভ করেন ।৩৭

বুদ্ধিমান্ পাঠক সূর্য্যোদয় হইতে আরম্ভ করিয়া সাড়ে তিন প্রহর পর্য্যন্ত মধ্যমস্বরে উত্তমরূপে ভাগবতী কথা পাঠ করিবেন ।৩৮

মধ্যাহ্নকালে দুই ঘণ্টা কথা বন্ধ রাখিবেন। সেই সময় কথার প্রসঙ্গ অনুসারে বৈষ্ণবগণ ভগবানের লীলাগুণ কীর্ত্তন করিবেন—(ব্যর্থ আলাপ আলোচনা করিবেন না।) ।৩৯

কথার সময় যাহাতে মলমূত্রের বেগ বশে থাকে, সেইজন্য সুখকর অল্পাহার করিতে হয়। ইহার কারণে শ্রোতারা একবার হবিষ্যান্ন করিবে ।৪০

উপোষ্য সপ্তরাত্রং বৈ শক্তিশ্চেচ্ছৃণুয়াত্তদা।
দুগ্ধপানং পয়ঃপানং কৃত্বা বৈ শৃণুয়াৎ সুখম্ ॥৪১
ফলাহারেণ বা ভাব্যমেকভুক্তেন বা পুনঃ।
সুখসাধ্যং ভবেদ্ যত্তু কর্ত্তব্যং শ্রবণায় তৎ ॥৪২
ভোজনন্তু বরং মন্যে কথাশ্রবণকারকম্।
নোপবাসো বরঃ প্রোক্তঃ কথাবিঘ্নকরো যদি ॥৪৩
সপ্তাহব্রতিনাং পুংসাং নিয়মান্ শৃণু নারদ।
বিষ্ণুদীক্ষাবিহীনানাং নাধিকারঃ কথাশ্রবে ॥৪৪
ব্রহ্মচর্য্যমধঃসুপ্তিঃ পত্রাবল্যাঞ্চ ভোজনম্।
কথাসমাপ্তৌ ভুক্তিঞ্চ কুর্য্যান্নিত্যং কথাব্রতী ॥৪৫
দ্বিদলং মধু তৈলঞ্চ গরিষ্ঠান্নং তথৈব চ।
ত্যজেদ্দুষ্টং পর্য্যুষিতং ভক্ষ্যান্নিত্যং কথাব্রতী ॥৪৬

যদি সামর্থ্য থাকে, তাহা হইলে সাত দিন উপবাস থাকিয়া কিংবা ঘৃত বা দুগ্ধ পান করিয়া সুখপূর্ব্বক কথা শ্রবণ করিবে ।৪১

অথবা ফলাহার কিংবা একদময় একবারই ভোজন করিবে। যাহার যেরূপ নিয়ম সুখসাধ্য হইবে, সেইরূপ নিয়মই কথা শ্রবণের জন্য গ্রহণ করিবে ।৪২

আমি তো উপবাস অপেক্ষা ভোজন করাই ভাল মনে করি,—যদি উহা কথাশ্রবণের সহায়ক হয়। যদি উপবাস করিলে কথাশ্রবণের ব্যাঘাত ঘটে, তাহা হইলে উহা শ্রেষ্ঠ বলিয়া বিবেচিত হইবে না ।৪৩

হে নারদ! নিয়ম করিয়া যাহারা সপ্তাহশ্রবণ করে, তাহাদের সেই নিয়ম শ্রবণ করুন। যাহারা বিষ্ণুমন্ত্রদীক্ষা গ্রহণ করে নাই, তাহারা এই কথা শ্রবণে অধিকারী নয় ।৪৪

যে ব্যক্তি নিয়মানুসারে কথা শ্রবণ করে, সে

কামং ক্রোধং মদং মানং মৎসরং লোভমেব চ।
দম্ভং মোহং তথা দ্বেষং দূরয়েচ্চ কথাব্রতী ॥৪৭
বেদবৈষ্ণববিপ্রাণাং গুরুগোব্রতিনাং তথা।
স্ত্রীরাজমহতাং নিন্দাং বর্জয়েদ্ যঃ কথাব্রতী ॥৪৮
রজস্বলান্ত্যজম্লেচ্ছপতিতব্রাত্যকৈস্তদা।
দ্বিজদ্বিড়্বেদবাহ্যৈশ্চ ন বদেদ্ যঃ কথাব্রতী ॥৪৯
সত্যং শৌচং দয়াং মৌনমার্জবং বিনয়ং তথা।
উদারমানসং তদ্বদেবং কুর্য্যাৎ কথাব্রতী ॥৫০
দরিদ্রশ্চ ক্ষয়ী রোগী নির্ভাগ্যঃ পাপকর্ম্মবান্।
অনপত্যো মোক্ষকামঃ শৃণুয়াচ্চ কথামিমাম্ ॥৫১
অপুষ্পা কাকবন্ধ্যা চ বন্ধ্যা যা চ মৃতার্ভকা।
স্রবদ্গর্ভা চ যা নারী তয়া শ্রাব্যা প্রযত্নতঃ ॥৫২

এতেষু বিধিনা শ্রাবে তদক্ষয়তরং ভবেৎ।
অত্যুত্তমা কথা দিব্যা কোটিযজ্ঞফলপ্রদা ॥৫৩
এবং কৃত্বা ব্রতবিধিমুদ্‌যাপনমথাচরেৎ।
জন্মাষ্টমীব্রতমিব কর্ত্তব্যং ফলকাঙ্ক্ষিভিঃ ॥৫৪
অকিঞ্চনেষু ভক্তেষু প্রায়ো নোদ্‌যাপনাগ্রহঃ।
শ্রবণেনৈব পূতাস্তে নিষ্কামা বৈষ্ণবা যতঃ ॥৫৫
এবং নগাহযজ্ঞেঽস্মিন্ সমাপ্তে শ্রোতৃভিস্তদা।
পুস্তকস্য চ বক্তুশ্চ পূজা কার্য্যাতিভক্তিতঃ ॥৫৬
প্রসাদতুলসীমালা শ্রোতৃভ্যশ্চাথ দীয়তাম্।
মৃদঙ্গতালললিতং কর্ত্তব্যং কীর্ত্তনং ততঃ ॥৫৭
জয়শব্দং নমঃশব্দং শঙ্খশব্দঞ্চ কারয়েৎ।
বিপ্রেভ্যো যাচকেভ্যশ্চ বিত্তমগ্রঞ্চ দীয়তাম্ ॥৫৮

ব্রহ্মচর্য্য পালন, ভূমিতে শয়ন এবং প্রতিদিন কথাশ্রবণের পর পাত্রাতে ভোজন করিবে।৪৫

ডাল, মধু, তৈল, পরিষ্ঠ অন্ন, ভাবদূষিত পদার্থ এবং বাসী অন্ন—কথা শ্রবণকারীর নিত্য ত্যাজ্য।৪৬

শ্রোতা কাম, ক্রোধ, মদ, মান, মৎসর, লোভ, দম্ভ, মোহ ও দ্বেষ—ইহাদের দূরে রাখিবে অর্থাৎ পরিত্যাগ করিবে।৪৭

যে কথাশ্রবণে ব্রতী হইবে, সে বেদ, বৈষ্ণব, ব্রাহ্মণ, গুরু, গো-সেবক এবং স্ত্রী, রাজা ও মহাপুরুষগণের নিন্দা বর্জ্জন করিবে।৪৮

নিয়মপূর্ব্বক কথাশ্রবণকারী রজস্বলাস্ত্রী, অন্ত্যজ, ম্লেচ্ছ, পতিত, গায়ত্রীবিহীন দ্বিজ, ব্রাহ্মণদিগের দ্বেষকারী এবং বেদবিন্দুকগণের সহিত বাক্যালাপ করিবে না।৪৯

সর্ব্বদা সত্য, শৌচ, দয়া, মৌন, সরলতা, বিনয় ও উদারতা—এই গুণসকল কথাশ্রবণকারী আশ্রয় করিবে।৫০

দরিদ্র, ক্ষয়রোগী, অন্যপ্রকার রোগগ্রস্ত, ভাগ্যহীন, পাপী, পুত্র-কন্যাহীন ও মুমুক্ষু এই কথা শ্রবণ করিবে।৫১

যে স্ত্রীর ঋতু বন্ধ হইয়াছে এবং একটি মাত্র সন্তান হইয়া সন্তান সম্ভাবনা রুদ্ধ হইয়াছে, যে স্ত্রী বন্ধ্যা, যাহার সন্তান হইয়া মরিয়া যায়, কিংবা যাহার গর্ভ নষ্ট হইয়া যায়, তাহারা যত্নের সহিত এই কথা শ্রবণ করিবে।৫২

ইহারা সকলে যদি বিধি অনুসারে শ্রবণ করে, তবে অক্ষয় ফল লাভে সমর্থ হইবে। অত্যুত্তম এই দিব্য কথা কোটি যজ্ঞের ফলদান করিয়া থাকে।৫৩

এইরূপে কথা ব্রত পালন করিয়া উদ্‌যাপন করিবে। যাহার ইহাতে বিশেষ ফল লাভের ইচ্ছা আছে, সে জন্মাষ্টমী ব্রতের ন্যায় এই কথাব্রতের উদ্‌যাপন করিবে।৫৪

কিন্তু যাঁহারা ভগবানের অকিঞ্চন ভক্ত, তাঁহারা এই কথাব্রতের উদ্‌যাপনে আগ্রহ দেখান না। তাঁহারা শ্রবণেই পবিত্র হইয়া যান; কারণ, বৈষ্ণবগণ নিষ্কাম ভক্ত।৫৫

এইরূপে যখন সপ্তাহযজ্ঞ শেষ হইবে, তখন শ্রোতারা অতিশয় ভক্তির সহিত শ্রীমদ্ভাগবতগ্রন্থের ও পাঠকের পূজা করিবে।৫৬

তারপর বক্তা শ্রোতাদিগকে প্রসাদ, তুলসীমালা এবং প্রসাদী অন্তবিধ মালা দিবেন। অনন্তর সকলে

বিরক্তশ্চেদ্ভবেচ্ছ্রোতা গীতা বাচ্যা পরেঽহনি।
গৃহস্থশ্চেত্তদা হোমঃ কর্ত্তব্যঃ কর্ম্মশান্তয়ে ॥৫৯
প্রতিশ্লোকন্তু জুহুয়াদ্ বিধিনা দশমস্য চ।
পায়সং মধু সর্পিশ্চ তিলাদ্যাদিকসংযুতম্ ॥৬০
অথবা হবনং কুর্য্যাদ্গায়ত্র্যা সুসমাহিতঃ।
তন্ময়ত্বাৎ পুরাণস্য পরমস্য চ তত্ত্বতঃ ॥৬১
হোমাশক্তৌ বুধো হোম্যং দদ্যাত্তৎফলসিদ্ধয়ে।
নানাচ্ছিদ্রনিরোধার্থং ন্যূনতাধিকতানয়োঃ ॥৬২
দোষয়োঃ প্রশমার্থঞ্চ পঠেন্নামসহস্রকম্।
তেন স্যাৎ সফলং সর্বং নান্যস্মাদধিকং যতঃ ॥৬৩
দ্বাদশ ব্রাহ্মণান্ পশ্চাদ্ভোজয়েন্মধুপায়সৈঃ।
দদ্যাৎ সুবর্ণং ধেনুঞ্চ ব্রতপূর্ণত্বহেতবে ॥৬৪
শক্তৌ পলত্রয়মিতং স্বর্ণসিংহং বিধায় চ।
তত্রাস্য পুস্তকং স্থাপ্যং লিখিতং ললিতাক্ষরম্ ॥৬৫
সম্পূজ্যাবাহনাদ্যৈস্তদুপচারৈঃ সদক্ষিণম্।
বস্ত্রভূষণগন্ধাদ্যৈঃ পূজিতায় মহাত্মনে ॥৬৬
আচার্য্যায় সুধীর্দত্ত্বা মুক্তঃ স্যাদ্ ভববন্ধনৈঃ।
এবং কৃতে বিধানে চ সর্বপাপনিবারণে ॥৬৭
ফলদং স্যাৎ পুরাণস্য শ্রীমদ্ভাগবতং শুভম্।
ধর্ম্মকামার্থমোক্ষাণাং সাধনং স্যান্ন সংশয়ঃ ॥৬৮

কুমারা ঊচুঃ

ইতি তে কথিতং সর্বং কিং ভূয়ঃ শ্রোতুমিচ্ছসি।
শ্রীমদ্ভাগবতেনৈব ভুক্তিমুক্তী করে স্থিতে ॥৬৯

মিলিত হইয়া মৃদঙ্গ (খোল) করতালাদির সুমধুর ধ্বনিতে সুন্দরভাবে কীর্ত্তন করিবে ।৫৭

অতঃপর জয়ধ্বনি, প্রণাম ও শঙ্খবাদ্য করাইবে এবং ব্রাহ্মণ ও প্রার্থীদিগকে ধন এবং অন্নদান করিবে ।৫৮

শ্রোতা যদি বিরক্ত (ত্যাগী) হন, তবে কর্ম্মের শান্তির জন্য দ্বিতীয় দিনে গীতা পাঠ করিবেন। আর শ্রোতা যদি গৃহস্থ হন, তবে হোম করিবেন ।৫৯

ঐ হোমে দশমস্কন্ধের এক এক শ্লোক পাঠ করত বিধিপূর্ব্বক পায়স, মধু, ঘৃত, তিল ও অন্নাদি সামগ্রী আহুতি দিবে ।৬০

অথবা একাগ্রচিত্তে গায়ত্রী মন্ত্রদ্বারা হবন করিবে; কারণ, তত্ত্বতঃ এই মহাপুরাণ গায়ত্রীরই স্বরূপ ।৬১

যদি হোম করিবার শক্তি না থাকে, তবে উহার ফলপ্রাপ্তির জন্য ব্রাহ্মণদিগকে হবনসামগ্রী দান করিবে এবং নানাপ্রকারের ত্রুটিসকল দূর করিবার জন্য ও বিধিতে যে সকল ন্যূনাধিক্য (কম-বেশী) হইয়াছে, তাহার শান্তির জন্য 'বিষ্ণু সহস্র'নাম পাঠ করিবে। উহাতে কর্ম্ম সফল হইয়া যাইবে; কারণ, কোন কর্ম্মই ইহা (বিষ্ণু সহস্রনাম পাঠ) হইতে অধিক নয় ।৬২-৬৩

পুনরায় দ্বাদশ (বার) জন ব্রাহ্মণকে পায়স ও মধু আদি উত্তম উত্তম অন্ন ভোজন করাইবে। ব্রতপূর্ত্তির জন্য নবপ্রসূতা গাভী ও সুবর্ণ দান করিবে ।৬৪

যদি সামর্থ্য থাকে, তবে তিন তোলা ওজনের স্বর্ণ দ্বারা সিংহাসন প্রস্তুত করাইয়া, উহাতে সুন্দর অক্ষরে লিখিত শ্রীমদ্ভাগবতগ্রন্থ স্থাপন করত আবাহনাদি বিবিধ উপচার দ্বারা পূজা করিবে। তারপর জিতেন্দ্রিয় আচার্য্যকে বস্ত্র, অলঙ্কার ও গন্ধাদি দ্বারা পূজা করত তাঁহাকে ঐ স্বর্ণসিংহাসন সহ শ্রীমদ্ভাগবতগ্রন্থ দক্ষিণার সহিত সমর্পণ করিবে ।৬৫-৬৬

বুদ্ধিমান্ ব্যক্তি এইরূপে আচার্য্যকে দান করিয়া (জন্ম-মৃত্যুর কারণ) সংসারবন্ধন হইতে মুক্তি লাভ করে। এইরূপে যথাবিধি সপ্তাহযজ্ঞের পারায়ণ করিলে, সর্ব্বপাপ হইতে নিবৃত্তিলাভ হয় এবং এবং এই মঙ্গলময় শ্রীমদ্ভাগবতপুরাণ অভীষ্ট ফল দান করেন ও ধর্ম্ম, অর্থ, কাম এবং মোক্ষ—এই চতুর্বিধ ফল প্রাপ্তির সাধন নিষ্পন্ন হয়—ইহাতে কোন সংশয় নাই ।৬৭-৬৮

সনকাদি কুমারগণ বলিলেন,—হে নারদ! এইরূপে আপনাকে এই সপ্তাহশ্রবণের বিধি আমরা সম্পূর্ণ বলিলাম। এক্ষণে আপনি আর কি শুনিতে ইচ্ছা

সূত উবাচ

ইত্যুক্ত্বা তে মহাত্মানঃ প্রোচুর্ভাগবতীং কথাম্।
সর্বপাপহরাং পুণ্যাং ভুক্তিমুক্তিপ্রদায়িনীম্ ॥৭০
শৃণ্বতাং সর্বভূতানাং সপ্তাহং নিয়তাত্মনাম্।
যথাবিধি ততো দেবং তুষ্টুবুঃ পুরুষোত্তমম্ ॥৭১
তদন্তে জ্ঞানবৈরাগ্যভক্তীনাং পুষ্টতা পরা।
তারুণ্যং পরমঞ্চাভূৎ সর্বভূতমনোহরম্ ॥৭২
নারদশ্চ কৃতার্থোঽভূৎ সিদ্ধে স্বীয়ে মনোরথে।
পুলকীকৃতসর্বাঙ্গঃ পরমানন্দসম্প্লুতঃ ॥৭৩
এবং কথাং সমাকর্ণ্য নারদো ভগবৎপ্রিয়ঃ।
প্রেমগদ্গদয়া বাচা তানুবাচ কৃতাঞ্জলিঃ ॥৭৪

নারদ উবাচ

ধন্যোঽস্ম্যনুগৃহীতোঽস্মি ভবদ্ভিঃ করুণাপরৈঃ।
অদ্য মে ভগবান্লব্ধঃ সর্বপাপহরো হরিঃ ॥৭৫
শ্রবণং সর্বধর্মেভ্যো বরং মন্যে তপোধনাঃ।
বৈকুণ্ঠস্থো যতঃ কৃষ্ণঃ শ্রবণাদস্য লভ্যতে ॥৭৬

সূত উবাচ

এবং ব্রুবতি বৈ তত্র নারদে বৈষ্ণবোত্তমে।
পরিভ্রমন্ সমায়াতঃ শুকো যোগেশ্বরস্তদা ॥৭৭
তত্রাষ্টমো ষোড়শবার্ষিকস্তদা
ব্যাসাত্মজো জ্ঞানমহাব্ধিচন্দ্রমাঃ।
কথাবসানে নিজলাভপূর্ণঃ
প্রেম্না পঠন্ ভাগবতং শনৈঃ শনৈঃ ॥৭৮
দৃষ্ট্বা সদস্থাঃ পরমোরুতেজসং
সদ্যঃ সমুত্থায় দদুর্মহাসনম্।
প্রীত্যা তদর্পিতমপূজয়ৎ সুখং
স্থিতোঽবদৎ সংশৃণুতামলাং গিরম্ ॥৭৯

শ্রীশুক উবাচ

নিগমকল্পতরোর্গলিতং ফলং
শুকমুখাদমৃতদ্রবসংযুতম্।
পিবত ভাগবতং রসমালয়ং
মুহুরহো রসিকা ভুবি ভাবুকাঃ ॥৮০

করেন? এই শ্রীমদ্ভাগবত হইতেই ভোগ ও মোক্ষ—দুইই করতলগত হয়।৬৯

সূত বলিলেন,—শৌনক! এই কথা বলিয়া মহাত্মা সনকাদি মুনিগণ যথাবিধি এক সপ্তাহ পর্য্যন্ত সর্ব্বপাপনাশিনী, পরমপবিত্র এবং ভোগ ও মোক্ষ-প্রদাত্রী শ্রীমদ্ভাগবতী কথা বলিয়াছিলেন। তখন সকল প্রাণীই নিয়মানুসারে এই কথা শুনিয়াছিল। তাহার পর তাঁহারা বিধিপূর্ব্বক ভগবান্ পুরুষোত্তমের স্তব করিয়াছিলেন।৭০-৭১

কথার শেষে জ্ঞান, বৈরাগ্য ও ভক্তিদেবীর অত্যন্ত পুষ্টি হইয়াছিল এবং তখন তাঁহারা উত্তম তারুণ্য লাভ করিয়া সকল প্রাণীরই আনন্দদায়ক হইয়াছিলেন।৭২

নিজ মনোরথ পূর্ণ হওয়ায় নারদও কৃতার্থ হইয়াছিলেন। তখন তাঁহার সর্ব্বাঙ্গে পুলকের সঞ্চার হইল এবং তিনি পরমানন্দে পূর্ণ হইয়া যাইলেন।৭৩

এইরূপে কথা শ্রবণ করিয়া ভগবানের অতি প্রিয় নারদ হাত জোড় করত প্রেমগদ্গদবাক্যে সনকাদি মুনিগণকে বলিলেন।৭৪

নারদ বলিলেন,—আমি ধন্য হইলাম; করুণাপরায়ণ আপনাদের করুণায় আমি অনুগৃহীত হইলাম। আজ আমি সর্ব্বপাপহারী ভগবান্ শ্রীহরিকে লাভ করিলাম।৭৫

হে তপোধনবৃন্দ! আমি শ্রীমদ্ভাগবতশ্রবণকে সকল ধর্ম্ম হইতেই শ্রেষ্ঠ মনে করি; কারণ, ইহার শ্রবণে বৈকুণ্ঠবিহারী শ্রীকৃষ্ণকে লাভ করা যায়।৭৬

সূত বলিলেন,—হে শৌনক! বৈষ্ণবশ্রেষ্ঠ নারদ এই কথা বলিতেছেন, এমন সময় যোগেশ্বর শুকদেব ভ্রমণ করিতে করিতে সেখানে উপস্থিত হইলেন।৭৭

কথা সমাপ্ত হইবার পর ব্যাসনন্দন শুকদেব আগমন করিলেন। তখন তাঁহার বয়স ছিল ষোল বৎসর। তিনি আত্মলাভে পূর্ণ এবং জ্ঞানরূপী মহাসাগরের সংবর্দ্ধনের জন্য চন্দ্রস্বরূপ ছিলেন। সেই

ধর্মঃ প্রোজ্ঝিতকৈতবোঽত্র পরমো
নির্মৎসরাণাং সতাং,
বেদ্যং বাস্তবমত্র বস্তু শিবদং তাপত্রয়োন্মূলনম্।
শ্রীমদ্ভাগবতে মহামুনিকৃতে কিং বা পরৈরীশ্বরঃ,
সদ্যো হৃদ্যবরুধ্যতেঽত্র কৃতিভিঃ
শুশ্রূষুভিস্তৎক্ষণাৎ ॥৮১

শ্রীমদ্ভাগবতং পুরাণতিলকং যদ্বৈষ্ণবানাং ধনং,
যস্মিন্ পারমহংস্যমেবমমলং জ্ঞানং পরং গীয়তে।
যত্র জ্ঞানবিরাগভক্তিসহিতং নৈষ্কর্ম্ম্যমাবিষ্কৃতং,
তচ্ছৃণ্বন্ প্রপঠন্ বিচারণপরো
ভক্ত্যা বিমুচ্যেন্নরঃ ॥৮২

স্বর্গে সত্যে চ কৈলাসে বৈকুণ্ঠে নাস্ত্যয়ং রসঃ।
অতঃ পিবন্তু সদ্ভাগ্যা মা মা মুঞ্চত কর্হিচিৎ ॥৮৩

সূত উবাচ

এবং ব্রুবাণে সতি বাদরায়ণৌ
মধ্যে সভায়াং হরিরাবিরাসীৎ।
প্রহ্লাদবল্যুদ্ধবকাঙ্ক্ষ্মাদিভি-
র্বৃতঃ সুরর্ষিস্তমপূজয়চ্চ তান্ ॥৮৪

দৃষ্ট্বা প্রসন্নং মহদাসনে হরিং
তে চক্রিরে কীর্ত্তনমগ্রতস্তদা।
ভবো ভবান্যা কমলাসনস্তু
তত্রাগমৎ কীর্ত্তনদর্শনায় ॥৮৫

সময় তিনি ধীরে ধীরে শ্রীমদ্ভাগবত পাঠ করিতেছিলেন।৭৮

পরমতেজস্বী শুকদেবকে দেখিয়া সমস্ত সভাসদ্‌গণ অতিশীঘ্র দণ্ডায়মান হইলেন এবং তাঁহাকে এক উচ্চ আসনে বসাইলেন। দেবর্ষি নারদ প্রেমভরে শুকদেবের পূজা করিলেন। তারপর তিনি সুখে বসিয়া বলিলেন,—আপনারা আমার নির্মল বাণী শ্রবণ করুন।৭৯

শ্রীশুকদেব বলিলেন,—রসিক ও ভাবুক সভাসদ্‌গণ! এই শ্রীমদ্ভাগবত বেদরূপ কল্পবৃক্ষের পরিপক্ক ফল। শ্রীশুকদেবরূপ শুক-মুখের সংযোগ হওয়ায় অমৃতরসে পরিপূর্ণ। ইহা কেবল রসেই পূর্ণ; অতএব যতক্ষণ দেহে প্রাণ আছে, ততক্ষণ আপনারা বারংবার ইহা পান করুন।৮০

মহামুনি ব্যাসদেব শ্রীমদ্ভাগবত মহাপুরাণ রচনা করিয়াছেন। ইহাতে নিষ্কপট—নিষ্কাম পরম ধর্ম নিরূপিত হইয়াছে। ইহাতে শুদ্ধান্তঃকরণ সৎপুরুষগণের জানিবার যোগ্য কল্যাণকারী বাস্তবিক বস্তুর বর্ণনা আছে, যাহা দ্বারা ত্রিবিধ (আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক) তাপ উপশমিত হয়। ইহার আশ্রয় লইলে দ্বিতীয় অন্য কোন শাস্ত্র কিংবা সাধনার আবশ্যকতা নাই। যখন কোন পুণ্যাত্মা মনুষ্য এই শ্রীমদ্ভাগবতশ্রবণ ইচ্ছা করেন, তখনই ঈশ্বর অবিলম্বে উহার হৃদয়ে অবরুদ্ধ হন।৮১

এই শ্রীমদ্ভাগবত পুরাণ সকলের তিলক এবং বৈষ্ণবগণের (পরম) ধন। ইহার মধ্যে পরমহংসগণের প্রাপ্য বিশুদ্ধ জ্ঞান বর্ণিত এবং জ্ঞান বৈরাগ্য ও ভক্তির সহিত নিবৃত্তিমার্গ প্রকাশিত হইয়াছে। যে ব্যক্তি ভক্তিপূর্ব্বক ইহার শ্রবণ, পঠন ও মননে তৎপর থাকেন, তিনি মুক্ত হইয়া যান।৮২

(শ্রীমদ্ভাগবতে নিবেশিত) এই রস স্বর্গলোক, সত্যলোক, কৈলাস ও বৈকুণ্ঠধামেও নাই, সেইজন্য ভাগ্যবান্ শ্রোতৃবৃন্দ! আপনারা ইহা পান করুন; কখনও ইহা ত্যাগ করিবেন না, ত্যাগ করিবেন না।৮৩

সূত বলিলেন,—শ্রীশুকদেব এইরূপ ভাগবতমাহাত্ম্য বর্ণনা করিতেছেন, এই সময় ঐ সভার মধ্যস্থলে প্রহ্লাদ, বলি, উদ্ধব ও অর্জ্জুনাদি পার্ষদগণের সহিত সাক্ষাৎ শ্রীহরি প্রকটিত হইলেন। তখন দেবর্ষি নারদ ভগবান্ শ্রীহরির ও তাঁহার ভক্তগণের যথোচিত পূজা করিলেন।৮৪

ভগবান্‌কে প্রসন্ন দেখিয়া দেবর্ষি তাঁহাকে এক বিশাল সিংহাসনে বসাইলেন এবং সকল লোকে তখন উহার সম্মুখে কীর্ত্তন করিতে লাগিলেন। ঐ কীর্ত্তন

প্রহ্লাদস্তালধারী তরলগতিতয়া চোদ্ধবঃ কাংস্যধারী
বীণাধারী সুরর্ষিঃ স্বরকুশলতয়া রাগকর্ত্তার্জুনোঽভূৎ।
ইন্দ্রোঽবাদীন্মৃদঙ্গং জয়জয়মুখরাঃ কীর্ত্তনে তে কুমারা
যত্রাগ্রে ভাববক্তা সরসরচনয়া ব্যাসপুত্রো বভূব ॥৮৬

ননর্ত্ত মধ্যে ত্রিকমেব তত্র
ভক্ত্যাদিকানাং নটবৎ সুতেজসাম্।
অলৌকিকং কীর্ত্তনমেতদীক্ষ্য
হরিঃ প্রসন্নোঽপি বচোঽব্রবীত্তৎ ॥৮৭

মত্তো বরং ভাবয়তাদ্ বৃণুধ্বং
প্রীতঃ কথাকীর্ত্তনতোঽস্মি সাম্প্রতম্।
শ্রুত্বেতি তদ্বাক্যমতিপ্রসন্নাঃ
প্রেমার্দ্রচিত্তা হরিমূচিরে তে ॥৮৮

নগাহগাথাসু চ সর্বভক্তৈ-
রেভিস্ত্বয়া ভাব্যমিতি প্রযত্নাৎ
মনোরথোঽয়ং পরিপূরণীয়-
স্তথেতি চোক্ত্বান্তরধীয়তাচ্যুতঃ ॥৮৯

ততোঽনমন্তচ্চরণেষু নারদ-
স্তথা শুকাদীনপি তাপসাংশ্চ।
অথ প্রহৃষ্টাঃ পরিনষ্টমোহাঃ
সর্বে যযুঃ পীতকথামৃতাস্তে ॥৯০

ভক্তিঃ সুতাভ্যাং সহ রক্ষিতা সা
শাস্ত্রে স্বকীয়েঽপি তদা শুকেন।
অতো হরির্ভাগবতস্য সেবনা-
চ্চিত্তং সমায়াতি হি বৈষ্ণবানাম্ ॥৯১

দর্শন করিবার জন্য শ্রীপার্ব্বতীদেবীর সহিত মহাদেব এবং ব্রহ্মা আগমন করিলেন ।৮৫

কীর্ত্তন আরম্ভ হইলে, প্রহ্লাদ চঞ্চলগতি (স্ফূর্ত্তিমান্) হওয়ায় করতাল বাজাইতে লাগিলেন, উদ্ধব কংস্য (কাঁসর) বাদ্য করিতে লাগিলেন, দেবর্ষি নারদ বীণা ধারণ করিলেন অর্থাৎ বীণাধ্বনি আরম্ভ করিলেন, স্বরবিজ্ঞানে (সঙ্গীতবিদ্যায়) কুশল অর্জ্জুন রাগ আলাপ করিতে লাগিলেন, ইন্দ্র মৃদঙ্গ বাদ্য আরম্ভ করিলেন, সনকাদি কুমারগণ মধ্যে মধ্যে 'জয় ঘোষণা' করিতে লাগিলেন এবং সকলের অগ্রভাগে ব্যাসপুত্র শুকদেব মাঝে মাঝে সরস অঙ্গভঙ্গী করিতে করিতে ভাব-প্রকাশ করিতে লাগিলেন ।৮৬

ইঁহাদের সকলের মধ্যস্থলে পরমতেজস্বী ভক্তি, জ্ঞান ও বৈরাগ্য নর্ত্তকের ন্যায় নৃত্য করিতে লাগিলেন। এইরূপ অলৌকিক কীর্ত্তন দেখিয়া শ্রীভগবান্ প্রসন্ন হইয়া বলিলেন ।৮৭

আমি তোমাদের এই কথা ও কীর্ত্তনে অত্যন্ত প্রসন্ন হইয়াছি, তোমাদের এই ভক্তিভাব আমাকে বশীভূত করিয়াছে। অতএব তোমরা আমার নিকট বর প্রার্থনা কর। শ্রীভগবানের এই কথা শুনিয়া সকলে অতিশয় প্রসন্ন হইলেন এবং প্রেমার্দ্রচিত্তে তাঁহাকে বলিলেন ।৮৮

হে ভগবন্! আমাদের এই অভিলাষ কি যে, যেখানে যেখানে ভবিষ্যতে সপ্তাহ কথা হইবে, সেখানে আপনি এই পার্ষদগণের সহিত অবশ্যই উপস্থিত হইবেন। আপনি আমাদের এই মনোরথ পূর্ণ করুন। ভগবান্ 'তথাস্তু' (তাহাই হউক) বলিয়া অন্তর্হিত হইলেন ।৮৯

তারপর নারদ ভগবান্ এবং উঁহার পার্ষদগণের চরণ লক্ষ্য করিয়া প্রণাম করিলেন এবং শুকদেব প্রভৃতি তপস্বিগণকেও প্রণাম করিলেন। কথামৃত পান করিয়া সকল ব্যক্তিরই অত্যন্ত আনন্দ হইল এবং তাঁহাদের সকল মোহ নষ্ট হইয়া যাইল। অনন্তর সকল লোক নিজ নিজ স্থানে গমন করিলেন ।৯০

সেই সময় শুকদেব ভক্তিদেবীকে উঁহার পুত্রদ্বয়ের সহিত স্বীয় শাস্ত্রমধ্যে স্থাপিত করিয়া দিলেন। এই হেতু ভাগবতের সেবা করিলে, ভগবান্ শ্রীহরি বৈষ্ণবগণের হৃদয় মধ্যে আসিয়া বিরাজিত হন ।৯১

দারিদ্র্যদুঃখদবদাহিতানাং
মায়াপিশাচীপরিমর্দিতানাম্।
সংসারসিন্ধৌ পরিপাতিতানাং
ক্ষেমায় বৈ ভাগবতং প্রবর্ত্ততে ॥৯২

শৌনক উবাচ

শুকেনোক্তং কদা রাজ্ঞে গোকর্ণেন কদা পুনঃ।
সুরর্ষয়ে কদা ব্রাহ্মেশ্ছিন্ধি মে সংশয়ং দ্বিজম্ ॥৯৩

সূত উবাচ

আকৃষ্ণনির্গমাৎ ত্রিংশদ্বর্ষাধিকগতে কলৌ।
নবম্যাং নভসে চ কথারম্ভং শুকোঽকরোৎ ॥৯৪
পরীক্ষিচ্ছ্রবণান্তে চ কলৌ বর্ষশতদ্বয়ে।
শুক্লে শুচৌ নবম্যাঞ্চ ধেনুকোঽকথয়ৎ কথাম্ ॥৯৫
তস্মাদপি কলৌ প্রাপ্তে ত্রিংশদ্বর্ষগতে সতি।
উচুরার্দ্রে সিতে পক্ষে নবম্যাং ব্রহ্মণঃ সুতাঃ ॥৯৬

ইত্যেতৎ কথিতাখ্যাতং যৎ পৃষ্টোঽহং দ্বয়ানঘ।
কলৌ ভাগবতী বার্ত্তা ভবরোগবিনাশিনী ॥৯৭
কৃষ্ণপ্রিয়ং সকলকল্মষনাশকঞ্চ
মুক্ত্যেকহেতুমিহ ভক্তিবিলাসকারি।
সন্তঃ কথানকমিদং পিবতাদরেণ
লোকে হি তীর্থপরিসেবনসেবয়া কিম্ ॥৯৮
স্বপুরুষমপি বীক্ষ্য পাশহস্তং
বদতি যমঃ কিল তস্য কর্ণমূলে।
পরিহর ভগবৎকথাসু মত্তান্
প্রভুরহমন্যনৃণাং ন বৈষ্ণবানাম্ ॥৯৯
অসারে সংসারে বিষয়বিষসঙ্গাকুলধিয়ঃ
ক্ষণার্দ্ধং ক্ষেমার্থং পিবত শুকগাথামৃতসুধাম্।
কিমর্থং ব্যর্থং ভো ব্রজত কুপথে কুৎসিতকথে
পরীক্ষিৎ সাক্ষী যচ্ছ্রবণগতমুক্তিকথনে ।১০০

যাঁহারা দারিদ্র্যদুঃখের দবের জ্বালায় দগ্ধ হইতেছেন, যাঁহারা মায়ারূপিণী পিশাচীদ্বারা নিষ্পেষিত হইতেছেন এবং যাঁহারা সংসাররূপ সমুদ্রে নিমগ্ন, তাঁহাদের কল্যাণের জন্য শ্রীমদ্ভাগবত সিংহনাদ করিতেছেন ।৯২

শৌনক জিজ্ঞাসা করিলেন,—হে সূত! শুকদেব রাজা পরীক্ষিৎকে, গোকর্ণ ধুন্ধুকারীকে এবং সনকাদি কুমারগণ নারদকে কোন কোন সময়ে এই গ্রন্থ শুনাইয়াছিলেন? এই বিষয়ে আমার সংশয় দূর করুন ।৯৩

সূত বলিলেন,—ভগবান্ শ্রীকৃষ্ণ স্বধাম গমন করিবার পর কলিযুগের ত্রিশ বৎসরের কিছু অধিক কাল হইলে, ভাদ্রপদ মাসের শুক্লা নবমীতে শুকদেব কথা আরম্ভ করিয়াছিলেন ।৯৪

রাজা পরীক্ষিৎ কথা শুনাইবার পর কলিযুগের দুই শত বৎসর অতীত হইলে, আষাঢ় মাসের শুক্লা নবমীতে গোকর্ণ ধুন্ধুকারীকে এই কথা শুনাইয়াছিলেন ।৯৫

তারপরও কলিকালের তিন শত বৎসর গত হইলে, কার্ত্তিক মাসের শুক্লা নবমী তিথিতে সনকাদি কুমারগণ এই কথা বলিয়াছিলেন অর্থাৎ নারদকে শুনাইয়াছিলেন ।৯৬

হে নিষ্পাপ শৌনক! আপনি যে সমস্ত বিষয় জিজ্ঞাসা করিয়াছিলেন, আমি তাহা আপনাকে সম্যক্‌রূপে বলিলাম। এই কলিযুগে ভাগবতের কথা ভবরোগ নাশ করেন ।৯৭

হে সাধুগণ! আপনারা আদরের সহিত এই কথামৃত পান করুন। ইহা শ্রীকৃষ্ণের অতি প্রিয়, সমস্ত পাপ নাশকারী, মুক্তির একমাত্র কারণ এবং ভক্তি বর্দ্ধিত করিয়া থাকেন। এই পৃথিবীতে অন্য কল্যাণকারী সাধনসমূহের বিচারে ও তীর্থসকলের সেবা করিয়া কি হইবে? ৯৮

নিজ দূতকে হস্তে পাশ গ্রহণ করিতে দেখিয়া যমরাজ তাহার কর্ণে বলিলেন,—যাঁহারা শ্রীভগবৎ-কথায় মত্ত, তুমি তাঁহাদিগের নিকট হইতে দূরে থাকিবে; কারণ, আমি অন্য মনুষ্যদিগকে দণ্ডদান করিতে সমর্থ, বৈষ্ণবগণকে নহি ।৯৯

এই অসার সংসারে বিষয়রূপ বিষে আসক্তিবশতঃ

রসপ্রবাহসংস্থেন শ্রীশুকেনেরিতা কথা।
কণ্ঠে সম্বধ্যতে যেন স বৈকুণ্ঠপ্রভুর্ভবেৎ ॥১০১
ইতি চ পরমগুহ্যং সর্বসিদ্ধান্তসিন্ধুং
সপদি নিগদিতং তে শাস্ত্রপুঞ্জং বিলোক্য।
জগতি শুককথাতো নির্মলং নাস্তি কিঞ্চিৎ।
পিব পরসুখহেতোর্দ্বাদশস্কন্ধসারম্ ॥১০২
এতাং যো নিয়তস্তা শৃণোতি ভক্ত্যা
যশ্চৈনাং কথয়তি শুদ্ধবৈষ্ণবাগ্রে।
তৌ সম্যগ্ বিধিকরণাৎ ফলং লভেতে।
যাথার্থ্যান্ন হি ভুবনে কিমপ্যসাধ্যম্ ॥১০৩

ইতি পদ্মপুরাণে উত্তরখণ্ডে শ্রীমদ্ভাগবতমাহাত্ম্যে
শ্রবণবিধিকথনং নাম ষষ্ঠঃ অধ্যায়ঃ ॥

॥ সমাপ্তমিদং শ্রীমদ্ভাগবতমাহাত্ম্যম্ ॥

॥ হরিঃ ওঁ তৎসৎ ॥

চঞ্চলবুদ্ধি মনুষ্যগণ! তোমরা নিজ কল্যাণের নিমিত্ত অর্দ্ধক্ষণের জন্যও শুককথারূপ অনুপম সুধা পান কর। ওহে জনগণ! নিন্দিত কথাবহুযুক্ত কুপথে তোমরা কেন বার্থ যাতায়াত করিতেছ? এই ভাগবতকথা শ্রবণ করিলে যে মুক্তি হয়, তাহার তো স্বয়ং রাজা পরীক্ষিৎই সাক্ষী।১০০

প্রেমরসের প্রবাহে অবস্থান করত শ্রীশুকদেব এই শ্রীমদ্ভাগবতীকথা বলিয়াছেন। ইহা যাঁহার কণ্ঠের সহিত সম্বন্ধযুক্ত হইয়াছে, তিনি বৈকুণ্ঠের পতি হইয়াছেন।১০১

হে শৌনক! আমি বহু শাস্ত্র দেখিয়া আপনাকে এই পরম গোপনীয় রহস্য সম্প্রতি বলিলাম। ইহা সকল শাস্ত্রের সিদ্ধান্তসমূহের মধ্যে অতি পরম সিদ্ধ বাক্য। জগতে এই শুকশাস্ত্র হইতে অধিক পবিত্র আর কোনও বস্তু নাই; অতএব আপনারা পরমানন্দ প্রাপ্তির জন্য দ্বাদশস্কন্ধরূপ রস পান করুন।১০২

যে ব্যক্তি নিয়মপূর্ব্বক এই শ্রীমদ্ভাগবতীকথা ভক্তিভাবে শ্রবণ করেন এবং যে ব্যক্তি শুদ্ধান্তঃকরণে ভগবদ্ভক্তগণের সম্মুখে ইহা কীর্ত্তন করেন, ইঁহারা উভয়েই সম্যগ্‌রূপে বিধি পালন করায় ইহার যথার্থ ফল লাভ করেন। ত্রিলোকে ইঁহাদের কোন কিছুরই অসাধ্য থাকে না।১০৩

পদ্মপুরাণের উত্তরখণ্ডে শ্রীমদ্ভাগবতমাহাত্ম্যে ষষ্ঠ অধ্যায় সমাপ্ত।

ওঙ্কারনাথসেবক-শ্রীরামরঞ্জনকাব্যব্যাকরণতীর্থকৃত বঙ্গভাষানুবাদসহিত
শ্রীমদ্ভাগবতমাহাত্ম্য সম্পূর্ণ।

চতুঃশ্লোকি ভাগবতম্

ওঙ্কারনাথসেবক শ্রীরামরঞ্জনকাব্যব্যাকরণতীর্থকৃতস্বরচিতভাষানুবাদসহিতম্।

অহমেবাসমেবাগ্রে নান্যদ্ যদ্ সদসৎ পরম্।
পশ্চাদহং যদেতচ্চ যোঽবশিষ্যেত সোঽস্ম্যহম্ ॥১
ঋতেঽর্থং যৎ প্রতীয়েত ন প্রতীয়েত চাত্মনি।
তদ্ বিদ্যাদাত্মনো মায়াং যথাভাসো যথা তমঃ ॥২
যথা মহান্তি ভূতানি ভূতেষূচ্চাবচেষ্বনু।
প্রবিষ্টান্যপ্রবিষ্টানি তথা তেষু ন তেষ্বহম্ ॥৩
এতাবদেব জিজ্ঞাস্যং তত্ত্বজিজ্ঞাসুনাত্মনঃ।
অন্বয়-ব্যতিরেকাভ্যাং যৎ স্যাৎ সর্বত্র সর্বদা ॥৪

সৃষ্টির পূর্বে কেবল আমিই ছিলাম। আমি ভিন্ন সৎ অর্থাৎ স্থূল, অসৎ অর্থাৎ সূক্ষ্ম এবং এই দুইয়েরই কারণ কিছুই ছিল না। এই সৃষ্টির পরেও আমি—আমিই আছি এবং এই সৃষ্টজগদ্রূপে যাহা কিছু প্রতীত হয়, উহাও আমি এবং যাহা কিছু অবশিষ্ট থাকিবে, তাহাও আমি।১

যেরূপ আভাস অর্থাৎ বিচ্ছটাদি বস্তু বাস্তবিক কোন পদার্থ না হইলেও প্রতীত হয় এবং তম অন্ধকার যেরূপ সৎ অর্থাৎ পদার্থ হইলেও তাহার প্রতীতি হয় না, সেইরূপ অর্থ অর্থাৎ সত্তা বস্তু বিনা যাহা প্রতীত হয় এবং থাকিয়াও স্বপ্রকাশ আত্মাতে প্রকাশ পায় না, তাহাকেই আমার মায়া বলিয়া জানিবে।২

যেরূপ প্রাণিসমূহের পঞ্চভূত নির্ম্মিত ছোট-বড় কিংবা উত্তম অধম দেহ সকলে আকাশাদি পঞ্চ মহাভূত ঐ শরীরের কার্যরূপে নির্ম্মিত হওয়ায় প্রবেশও করে এবং প্রথম হইতেই ঐ স্থানও রূপসমূহে কারণরূপে বিদ্যমান থাকে বলিয়া প্রবেশও করে না, সেইরূপ প্রাণিগণের শারীরিক দৃষ্টিতে আমি তাহাদের আত্মারূপে প্রবেশ করি এবং আত্মদৃষ্টিতে আমি ভিন্ন অপর কোন বস্তু না থাকায় উহাতে প্রবেশও করি না।৩

যিনি আত্মতত্ত্ব জিজ্ঞাসু, তাঁহার ইহাই বিচারের দ্বারা জানিতে হইবে যে, যে পরম বস্তু অন্বয় অর্থাৎ অনুবৃত্তি (আমি যে আত্মতত্ত্ব অন্বেষণ করিতেছি সেই তত্ত্ব যিনি জানেন, তাঁহার নিকট যাইয়া সেই তত্ত্ব অবধারণ করা) এবং ব্যতিরেক অর্থাৎ ব্যাবৃত্তি (আত্মতত্ত্ব অবগত হইয়া প্রতিনিবৃত্ত হওয়া) অনুসারে সর্ব্বদা সর্ব্বত্র বিরাজমান থাকেন, তাহাই আত্মা। (এই ব্যাখ্যা শ্রীধরসম্মত)।৪

এই শ্লোকের অন্যরূপ ব্যাখ্যাও দেখা যায়,—ইহা ব্রহ্ম নয়, ইহা ব্রহ্ম নয়—এইরূপ ব্যতিরেক অর্থাৎ নিষেধপদ্ধতিতে এবং ইহা ব্রহ্ম, ইহা ব্রহ্ম—এইরূপ অন্বয়পদ্ধতিতে ইহাই সিদ্ধ হয় যে, সর্ব্বাতীত ও সর্ব্বস্বরূপ ভগবান্‌ই সর্ব্বদা ও সর্ব্বত্র স্থিত আছেন—ইহাই বাস্তবিক তত্ত্ব। যিনি আত্মা অথবা পরমাত্মার তত্ত্ব জানিতে চাহিবেন, তাঁহার ইহাই কেবল জানিবার আবশ্যকতা থাকিবে।৪

চতুঃশ্লোকি ভাগবতের অনুবাদ সমাপ্ত।

রসপ্রবাহসংস্থেন শ্রীশুকেনেরিতা কথা।
কণ্ঠে সম্বধ্যতে যেন স বৈকুণ্ঠপ্রভূর্ভবেৎ ॥১০১
ইতি চ পরমগুহ্যং সর্বসিদ্ধান্তসিদ্ধং
সপদি নিগদিতং তে শাস্ত্রপুঞ্জং বিলোক্য।
জগতি শুককথাতো নির্মলং নাস্তি কিঞ্চিৎ।
পিব পরমুখহেতোর্দ্বাদশস্কন্ধসারম্ ॥১০২
যঃ যো নিয়ততয়া শৃণোতি ভক্ত্যা
যশ্চৈনাং কথয়তি শুদ্ধবৈষ্ণবাগ্রে।
তৌ সম্যগ্ বিধিকরণাৎ ফলং লভেতে।
যাথার্থ্যান্ন হি ভুবনে কিমপ্যসাধ্যম্ ॥১০৩

ইতি পদ্মপুরাণে উত্তরখণ্ডে শ্রীমদ্ভাগবতমাহাত্ম্যে
শ্রবণবিধিকথনং নাম ষষ্ঠঃ অধ্যায়ঃ ॥

॥ সমাপ্তমিদং শ্রীমদ্ভাগবতমাহাত্ম্যম্ ॥

চঞ্চলবুদ্ধি মনুষ্যগণ! তোমরা নিজ কল্যাণের নিমিত্ত অর্দ্ধক্ষণের জন্যও শুককথারূপ অনুপম সুধা পান কর। ওহে জনগণ! নিন্দিত কথাসমূহযুক্ত কুপথে তোমরা কেন বৃথা ঘাতায়াত করিতেছ? এই ভাগবতকথা শ্রবণ করিলে যে মুক্তি হয়, তাহার তো স্বয়ং রাজা পরীক্ষিৎই সাক্ষী।১০০

প্রেমরসের প্রবাহে অবস্থান করত শ্রীশুকদেব এই শ্রীমদ্ভাগবতীকথা বলিয়াছেন। ইহা যাঁহার কণ্ঠের সহিত সম্বন্ধযুক্ত হইয়াছে, তিনি বৈকুণ্ঠের পতি হইয়াছেন।১০১

হে শৌনক! আমি বহু শাস্ত্র দেখিয়া আপনাকে এই পরম গোপনীয় রহস্য সম্প্রতি বলিলাম। ইহা সকল শাস্ত্রের সিদ্ধান্তসমূহের মধ্যে অতি পরম সিদ্ধ বাক্য। জগতে এই শুকশাস্ত্র হইতে অধিক পবিত্র আর কোনও বস্তু নাই; অতএব আপনারা পরমানন্দ প্রাপ্তির জন্য দ্বাদশস্কন্ধরূপ রস পান করুন।১০২

যে ব্যক্তি নিয়মপূর্বক এই শ্রীমদ্ভাগবতীকথা ভক্তিভাবে শ্রবণ করেন এবং যে ব্যক্তি শুদ্ধান্তঃকরণে ভগবদ্ভক্তগণের সম্মুখে ইহা কীর্তন করেন, ইঁহারা উভয়েই সম্যগ্‌রূপে বিধি পালন করায় ইহার যথার্থ ফল লাভ করেন। ত্রিলোকে ইঁহাদের কোন কিছুই অসাধ্য থাকে না।১০৩

পদ্মপুরাণের উত্তরখণ্ডে শ্রীমদ্ভাগবতমাহাত্ম্যে ষষ্ঠ অধ্যায় সমাপ্ত।

ওঙ্কারনাথসেবক-শ্রীরামরঞ্জনকাব্যব্যাকরণতীর্থকৃত বঙ্গভাষানুবাদসহিত
শ্রীমদ্ভাগবতমাহাত্ম্য সম্পূর্ণ।

চতুঃশ্লোকি ভাগবতম্

ওঙ্কারনাথসেবক শ্রীরামরঞ্জনকাব্যব্যাকরণতীর্থকৃতবঙ্গভাবানুবাদসহিতম্।

অহমেবাসমেবাগ্রে নান্যদ্ যৎ সদসৎ পরম্।
পশ্চাদহং যদেতচ্চ যোঽবশিষ্যেত সোঽস্ম্যহম্ ॥১
ঋতেঽর্থং যৎ প্রতীয়েত ন প্রতীয়েত চাত্মনি।
তদ্ বিদ্যাদাত্মনো মায়াং যথাভাসো যথা তমঃ ॥২
যথা মহান্তি ভূতানি ভূতেষূচ্চাবচেষ্বনু।
প্রবিষ্টান্যপ্রবিষ্টানি তথা তেষু ন তেষ্বহম্ ॥৩
এতাবদেব জিজ্ঞাস্যং তত্ত্বজিজ্ঞাসুনাত্মনঃ।
অন্বয়-ব্যতিরেকাভ্যাং যৎ স্যাৎ সর্বত্র সর্বদা ॥৪

সৃষ্টির পূর্বে কেবল আমিই ছিলাম। আমি ভিন্ন সৎ অর্থাৎ স্থূল, অসৎ অর্থাৎ সূক্ষ্ম এবং এই দুইয়েরই কারণ কিছুই ছিল না। এই সৃষ্টির পরেও আমি—আমিই আছি এবং এই সৃষ্টজগদ্রূপে যাহা কিছু প্রতীত হয়, উহাও আমি এবং যাহা কিছু অবশিষ্ট থাকিবে, তাহাও আমি।১

যেরূপ আভাস অর্থাৎ বিচন্দ্রাদি বস্তু বাস্তবিক কোন পদার্থ না হইলেও প্রতীত হয় এবং তম অন্ধকার যেরূপ সৎ অর্থাৎ পদার্থ হইলেও তাহার প্রতীতি হয় না, সেইরূপ অর্থ অর্থাৎ সত্য বস্তু বিনা যাহা প্রতীত হয় এবং থাকিয়াও স্বপ্রকাশ আত্মাতে প্রকাশ পায় না, তাহাকেই আমার মায়া বলিয়া জানিবে।২

যেরূপ প্রাণিসমূহের পঞ্চভূত নির্ম্মিত ছোট-বড় কিংবা উত্তম অধম দেহ সকলে আকাশাদি পঞ্চ মহাভূত ঐ শরীরের কার্যরূপে নির্ম্মিত হওয়ায় প্রবেশও করে এবং প্রথম হইতেই ঐ স্থানও রূপসমূহে কারণরূপে বিদ্যমান থাকে বলিয়া প্রবেশও করে না, সেইরূপ প্রাণিগণের শারীরিক দৃষ্টিতে আমি তাহাদের আত্মারূপে প্রবেশ করি এবং আত্মদৃষ্টিতে আমি ভিন্ন অপর কোন বস্তু না থাকায় উহাতে প্রবেশও করি না।৩

যিনি আত্মতত্ত্ব জিজ্ঞাসু, তাঁহার ইহাই বিচারের দ্বারা জানিতে হইবে যে, যে পরম বস্তু অন্বয় অর্থাৎ অনুবৃত্তি (আমি যে আত্মতত্ত্ব অন্বেষণ করিতেছি সেই তত্ত্ব যিনি জানেন, তাঁহার নিকট যাইয়া সেই তত্ত্ব অবধারণ করা) এবং ব্যতিরেক অর্থাৎ ব্যাবৃত্তি (আত্মতত্ত্ব অবগত হইয়া প্রতিনিবৃত্ত হওয়া) অনুসারে সর্ব্বদা সর্ব্বত্র বিরাজমান থাকেন, তাহাই আত্মা। (এই ব্যাখ্যা শ্রীধরসম্মত)।৪

এই শ্লোকের অন্যরূপ ব্যাখ্যাও দেখা যায়,—ইহা ব্রহ্ম নয়, ইহা ব্রহ্ম নয়—এইরূপ ব্যতিরেকে অর্থাৎ নিষেধপদ্ধতিতে এবং ইহা ব্রহ্ম, ইহা ব্রহ্ম—এইরূপ অন্বয়পদ্ধতিতে ইহাই সিদ্ধ হয় যে, সর্ব্বাতীত ও সর্ব্বস্বরূপ ভগবান্‌ই সর্ব্বদা ও সর্ব্বত্র স্থিত আছেন—ইহাই বাস্তবিক তত্ত্ব। যিনি আত্মা অথবা পরমাত্মার তত্ত্ব জানিতে চাহিবেন, তাঁহার ইহাই কেবল জানিবার আবশ্যকতা থাকিবে।৪

চতুঃশ্লোকি ভাগবতের অনুবাদ সমাপ্ত।

॥ ওঁ নমো ভাগবতে বাসুদেবায় ॥

যং ব্রহ্মা বরুণেন্দ্র-রুদ্র-মরুতঃ স্তুন্বন্তি দিব্যৈঃ স্তবৈ-
র্বেদৈঃ সাঙ্গপদোক্রমোনিষদৈর্গায়ন্তি যং সামগাঃ।
ধ্যানাবস্থিততদ্গতেন মনসা পশ্যন্তি যং যোগিনো
যস্যান্তং ন বিদুঃ সুরাসুরগণা দেবায় তস্মৈ নমঃ ॥

বর্হাপীড়ং নটবরবপুঃ কর্ণয়োঃ কর্ণিকারং
বিভ্রদ্ বাসঃ কনককপিশং বৈজয়ন্তীঞ্চ মালাম্।
রন্ধ্রান্ বেণোরধরসুধয়া পূরয়ন্ গোপবৃন্দৈ-
র্বৃন্দারণ্যং স্বপদরমণং প্রাবিশদ্ গীতকীর্তিঃ ॥
হে কৃষ্ণ রাধিকানাথ পরমেশ্বর মাধব।
ভক্তবৎসল গোবিন্দ কৃপাময় নমোঽস্তু তে ॥

নম আনন্দকন্দায়
জগৎকল্যাণকারিণে।
কৃষ্ণায় বাসুদেবায়
বৃন্দাবনবিলাসিনে ॥

———০———

শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাস-ওঙ্কারনাথপ্রবর্ত্তিত আর্য্যশাস্ত্রে

শ্রীমদ্ভাগবতম্

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীতম্

পণ্ডিতপ্রবর শ্রীচারুকৃষ্ণশর্ম্মনাচার্য্যকৃতবঙ্গভাষানুবাদসহিতম্।

পণ্ডিতশিরোমণি শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়সম্বলিতম্।

প্রকাশনস্থানম্ :
শ্রীসীতারামবৈদিক মহাবিদ্যালয়ঃ
৭।৩, পি, ডব্লিউ, ডি, রোড
কলিকাতা:—৩৪

শ্রীমদ্ভাগবতমহাপুরাণম্

প্রথমঃ স্কন্ধঃ

প্রথমঃ অধ্যায়ঃ

[সূতসমীপে শৌনকাদিমুনীনাং প্রশ্নঃ।]

জন্মাদ্যস্য যতোঽন্বয়াদিতরতশ্চার্থেষ্বভিজ্ঞঃ স্বরাট্।
তেনে ব্রহ্ম হৃদা য আদিকবয়ে মুহ্যন্তি যৎ সূরয়ঃ।
তেজোবারিমৃদাং যথা বিনিময়ো যত্র ত্রিসর্গোঽমৃষা।
ধাম্না স্বেন সদা নিরস্তকুহকং সত্যং পরং ধীমহি ॥১

অস্য বিশ্বস্য, জন্মাদি জন্মস্থিতিভঙ্গং, যতঃ ভবতি, অর্থেষু কার্য্যাকার্য্যেষু, অন্বয়াদিতরতঃ চ অন্বয়-ব্যতিরেকাভ্যাং সদ্রূপেণ যঃ অস্তি, অত্র দৃষ্টান্তঃ, তেজোবারিমৃদাং যথা বিনিময়ঃ ব্যত্যয়ঃ অন্যস্মিন্ অন্যাবভাসঃ, তথা যত্র ভগবৎস্বরূপে, ত্রিসর্গঃ ত্রয়াণাং মায়াগুণানাং তমোরজঃসত্ত্বানাং সর্গঃ কার্য্যবর্গঃ, অমৃষা সত্যবৎ প্রতীয়তে, যঃ অভিজ্ঞঃ স্বরাট্ স্বতঃ-সিদ্ধজ্ঞানবান্, যৎ যস্মিন্ বেদে, সূরয়ঃ মুহ্যন্তি, তৎ ব্রহ্ম বেদম্ আদিকবয়ে ব্রহ্মণে, হৃদা মনসা, যঃ তেনে প্রকাশিতবান্, স্বেন ধাম্না তেজসা, সদা কালত্রয়ে হি, নিরস্তং কুহকং কপটং যস্মিন্ তং সত্যং পরং পরমেশ্বরং বয়ং ধীমহি ধ্যায়েম ইতি ॥১

প্রথম অধ্যায়

[সূতের নিকট শৌনকাদি মুনিগণের প্রশ্ন।]

ভগবান্ বেদব্যাস দেবর্ষি নারদের উপদেশে ভগবল্লীলাবর্ণনপ্রধান শ্রীমদ্ভাগবত গ্রন্থ প্রণয়ন করিতে আরম্ভ করিয়া পরমেশ্বরের ধ্যানরূপ মঙ্গলকার্য্য করিতেছেন,—যথা, যাঁহা হইতে এই বিরাট্ বিশ্বের সৃষ্টি, স্থিতি ও প্রলয় হয়, সেই পরমেশ্বরকে ধ্যান করি, পরমেশ্বর হইতেই সমগ্র জগতের সৃষ্টি, স্থিতি ও প্রলয় হয়; এই কারণে তিনিই সমগ্র জগতে সত্যস্বরূপে বিরাজ করিতেছেন, অর্থাৎ জগতের সমস্ত বস্তুকেই যে সত্য বলিয়া দেখা যাইতেছে, ইহার কারণ—সত্য পরমেশ্বর হইতেই তাহা উৎপন্ন হইয়াছে। যেমন সুবর্ণ হইতে জাত অলঙ্কারকে সুবর্ণ বলিয়াই দেখিতে পাওয়া যায়, সেইরূপ। আর আকাশকুসুম বা রজ্জুসর্প প্রভৃতি যে কোন কোন তুচ্ছ বিষয়ের নাম করা হয়, তাহা সত্য নহে, কারণ—তাহা সত্য পরমেশ্বর হইতে উৎপন্ন হয় নাই। আর তিনি সমস্ত বিষয়েই অভিজ্ঞ, অর্থাৎ জগতের সমস্ত বস্তুকেই তিনি উত্তমরূপে দেখিতে পান। ইহার দ্বারা বলা হইল এই যে—সাংখ্যোক্ত অচেতন প্রধান জগতের কারণ নহে, কারণ—প্রধান অচেতন বলিয়া তাহার কোন জ্ঞানই হইতে পারে না। আর তিনি স্বরাট্ অর্থাৎ সম্পূর্ণ স্বাধীনভাবে বিরাজ করেন। ইহার দ্বারা প্রজাপতি ব্রহ্মার কারণত্ব নিষেধ করা হইল, কারণ—ব্রহ্মাও সম্পূর্ণ স্বাধীন নন, তিনিও ভগবানের অনুগ্রহেই জ্ঞান লাভ করেন। ইহাই স্পষ্টরূপে বুঝাইয়া বলিতেছেন যে—পরমেশ্বর ব্রহ্মার মনের দ্বারা ব্রহ্মাকে বেদশাস্ত্র জানাইয়া দিয়াছিলেন, অর্থাৎ ব্রহ্মার মনে বেদের যাবতীয় তত্ত্ব প্রকাশ করিয়া দিয়াছিলেন। কারণ—অত্যন্ত দুর্বোধ বেদে অতিবড় বিচক্ষণ ব্যক্তিগণও ভ্রান্ত হইয়া পড়েন, অতএব ব্রহ্মারও নিজে নিজে বেদ বুঝিবার সামর্থ্য ছিল না, ভগবৎকৃপায়ই তিনি বেদ বুঝিয়াছিলেন। তেজোময় সুবর্ণ প্রভৃতি এবং জল ও মৃত্তিকার যেমন পরিণাম রূপ বিনিময় হয় সেইরূপ—যে পরমেশ্বরে আকাশাদি পঞ্চভূত চক্ষু কর্ণ ত্বক্ প্রভৃতি ইন্দ্রিয়, দিক্ বায়ু প্রভৃতি দেবতারূপ ত্রিবিধ সৃষ্টি হইয়াছে এবং ত্রিবিধ সৃষ্টিই সত্য, অর্থাৎ সুবর্ণ হইতে যেমন অলঙ্কার উৎপন্ন হয়, জলে যেমন ফেনা উৎপন্ন হয়, মৃত্তিকাতে যেমন সরাব বা ঘট প্রভৃতি উৎপন্ন হয় এবং সেগুলি যেমন সমস্তই সত্য, সেইরূপ—যে পরমেশ্বরে উৎপন্ন উক্ত তিন প্রকার বস্তুই সত্য, মিথ্যা নহে। অর্থাৎ তিনি সত্য বলিয়া তাহার সৃষ্ট জগৎও সত্য। বেদও বলিয়াছেন,—"ইদং বৈ তদ্ব্রহ্মাগ্রে

ধর্মঃ প্রোজ্ঝিতকৈতবোঽত্র পরমো
নির্মৎসরাণাং সতাং,
বেদ্যং বাস্তবমত্র বস্তু শিবদং তাপত্রয়োন্মূলনম্।
শ্রীমদ্ভাগবতে মহামুনিকৃতে কিং বা পরৈরীশ্বরঃ,
সদ্যো হৃদ্যবরুধ্যতেঽত্র কৃতিভিঃ
শুশ্রূষুভিস্তৎক্ষণাৎ ॥২

নিগমকল্পতরোর্গলিতং ফলং
শুকমুখাদমৃতদ্রবসংযুতম্।
পিবত ভাগবতং রসমা-লয়ং
মুহুরহো রসিকা ভুবি ভাবুকাঃ ॥৩
নৈমিষেঽনিমিষক্ষেত্রে ঋষয়ঃ শৌনকাদয়ঃ।
সত্রং স্বর্গায় লোকায় সহস্রসমমাসত ॥৪

অত্র মহামুনিকৃতে শ্রীনারায়ণেন সংক্ষেপতঃ কৃতে শ্রীমতি সুন্দরে, ভাগবতে, নির্মৎসরাণাম্ ঈর্ষ্যাশূন্যানাং, সতাং ভূতানুকম্পিনাং, প্রোজ্ঝিতকৈতবঃ ফলাভিসন্ধিরহিতঃ, অত এব পরমঃ কেবলমীশ্বরারাধনলক্ষণঃ ধর্ম্মঃ নিরূপ্যতে, অতঃ তাপত্রয়োন্মূলনম্ আধ্যাত্মিকাদিদুঃখত্রয়াবঘাতকং, শিবদং পরমসুখদং বাস্তবং পরমার্থভূতং বস্তু বেদ্যং ; পরৈঃ শাস্ত্রৈঃ, কিংবা ঈশ্বরঃ সদ্যঃ অবিলম্বেন হৃদি অবরুধ্যতে ? অপি তু ন, কিন্তু তৈঃ কথঞ্চিদ্ বিলম্বেন স হৃদি অবরুধ্যতে স্থিরীক্রিয়তে, অত্র তু কৃতিভিঃ শুশ্রূষুভিঃ শ্রবণেচ্ছামাত্রেণৈব তৎক্ষণাদেব অবরুধ্যতে ॥২

অহো ভাবুকাঃ রসিকাঃ জনাঃ ! নিগমকল্পতরোঃ ফলং ফলনামকম্ ইদং রসং ভাগবতং শাস্ত্রং অগ্রে শুকমুখে নিহিতং ততঃ ভুবি গলিতং, অমৃতদ্রবসংযুতম্ অতীব স্বাদু সুপক্কং মুহুর্মুহুঃ, আ-লয়ং লয়ং মোক্ষং অভিব্যাপ্য পিবত ॥৩

অনিমিষক্ষেত্রে বিষ্ণুক্ষেত্রে, নৈমিষে অরণ্যে,

"নামরূপে সত্যং" "কথমসতঃ সজ্জায়েত" অর্থাৎ পরমেশ্বর হইতে সত্য জগৎ জন্মিয়াছিল, নাম ও রূপ সত্য, অসৎ হইতে সত্য জগৎ কি করিয়া উৎপন্ন হইবে ? এবং যাঁহার নিজের প্রভাবে প্রবঞ্চনা প্রভৃতি সমস্ত দূরীভূত হইয়াছে অর্থাৎ ভগবান্ সম্পূর্ণ বিশুদ্ধ বলিয়া তাঁহাতে কোন দোষের লেশও নাই এবং তিনি সত্য, অর্থাৎ অসত্য বা মিথ্যা নহে ।১

ভগবান্ বেদব্যাসের কৃত এই শ্রীমদ্ভাগবত গ্রন্থে যাঁহাদের কিছুমাত্র ঈর্ষা বিদ্বেষ প্রভৃতি কোন দোষই নাই, সেই সমস্ত মহাপুরুষগণের চিরাচরিত সর্ব্বোত্তম ধর্ম্মই বলা হইতেছে। যে ধর্ম্মে কিছুমাত্র কপটতা নাই, অর্থাৎ কোন স্বার্থসিদ্ধির ইচ্ছায় যাহা করা হয় না, এমন কি মোক্ষলাভের ইচ্ছায়ও নহে ; অতএব ইহাই সর্ব্বোত্তম নির্ম্মল ধর্ম্ম। ইহাতে বাস্তব বস্তু অর্থাৎ যিনি চিরদিনই আছেন ও থাকিবেন কোন কালেই যাঁহার বিনাশ হয় না, সেই পরমেশ্বরতত্ত্ব অনায়াসেই জানিতে পারা যাইবে। যিনি পরমানন্দ দান করেন এবং আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক এই তিন প্রকার দুঃখকে সম্পূর্ণ বিনাশ করিয়া দেন। অন্যান্য শাস্ত্র বা সাধনার দ্বারা কি ভগবান্ তৎক্ষণাৎ ভক্তের হৃদয়ে অবরুদ্ধ হইয়া পড়েন ? না, তাহা নহে, কিন্তু যাঁহারা বহুপুণ্য কর্ম্ম করিয়া পবিত্রচিত্ত হইয়াছেন, তাঁহারা এই শাস্ত্র শ্রবণ করিতে ইচ্ছুক হইবামাত্রই তৎক্ষণাৎ ভগবান্ তাঁহাদের হৃদয়ে অবরুদ্ধ হইয়া পড়েন, অর্থাৎ যে কোন ও সামান্য ব্যক্তির সর্ব্বশাস্ত্রশিরোমণি এই শ্রীমদ্ভাগবত শ্রবণ করিবার প্রবৃত্তিই আসিবে না, সেজন্য সৌভাগ্য অর্জ্জন করা আবশ্যক। অতএব যাঁহারা বহু পুণ্যকর্ম্ম করিয়া বিশিষ্ট সৌভাগ্য অর্জ্জন করিয়াছেন, তাঁহারাই এই শাস্ত্ররত্ন শ্রবণ করিবার জন্য আন্তরিক আগ্রহসম্পন্ন হন্ এবং শ্রবণ করিতে করিতে ভক্তিরসে আপ্লুত হইয়া ভগবানে তন্ময় হইয়া যান্। অতএব বুদ্ধিমান্ ব্যক্তির পক্ষে সর্ব্বদা এই শাস্ত্রের আলোচনাতেই মগ্ন হইয়া থাকা একান্ত কর্ত্তব্য ।২

এই ভাগবত শাস্ত্র বেদরূপ কল্পবৃক্ষের ফল। ইহা এতকাল বৈকুণ্ঠের সম্পদই ছিল, দেবর্ষি নারদ বৈকুণ্ঠ হইতে আনিয়া আমাকে দান করিয়াছিলেন,

ত একদা তু মুনয়ঃ প্রাতর্হুতহুতাগ্নয়ঃ।
সৎকৃতং সূতমাসীনং পপ্রচ্ছুরিদমাদরাৎ ॥৫

ঋষয় ঊচুঃ

ত্বয়া খলু পুরাণানি সেতিহাসানি চানঘ।
আখ্যাতান্যপ্যধীতানি ধর্মশাস্ত্রাণি যান্যুত ॥৬

যানি বেদবিদাং শ্রেষ্ঠো ভগবান্ বাদরায়ণঃ।
অন্যে চ মুনয়ঃ সূত! পরাবরবিদো বিদুঃ ॥৭
বেত্থ ত্বং সৌম্য তৎ সর্বং তত্ত্বতস্তদনুগ্রহাৎ।
ব্রূয়ুঃ স্নিগ্ধস্য শিষ্যস্য গুরবো গুহ্যমপ্যুত ॥৮
তত্র তত্রাঞ্জসায়ুষ্মন্! ভবতা যদ্ বিনিশ্চিতম্।
পুংসামেকান্ততঃ শ্রেয়স্তন্নঃ শংসিতুমর্হসি ॥৯

শৌনকাদয়ঃ ঋষয়ঃ, স্বর্গায় লোকায় বিষ্ণুলোক-প্রাপ্তয়ে, সহস্রসমং সত্রং যজ্ঞম্ আসত আকূর্বত ॥৪

একদা তে মুনয়ঃ তু প্রাতর্হুতহুতাগ্নয়ঃ (প্রাতঃ-কালীন-নিত্যনৈমিত্তিকহোমং সমাপ্য অবস্থিতাঃ) সন্তঃ সৎকৃতম্ অতঃ আসীনং সূতম্ ইদম্ আদরাৎ পপ্রচ্ছুঃ ॥৫

হে অনঘ! ত্বয়া খলু সেতিহাসানি পুরাণানি ধর্মশাস্ত্রাণি অপি অধীতানি, উত আখ্যাতানি ব্যাখ্যাতানি চ ॥৬

হে সূত! যানি শাস্ত্রাণি চ বেদবিদাং শ্রেষ্ঠঃ ভগবান্ বাদরায়ণঃ অন্যে চ পরাবরবিদঃ মুনয়ঃ বিদুঃ, তানি ॥৭

হে সৌম্য! তদনুগ্রহাৎ তৎ সর্বং ত্বং তত্ত্বতঃ

আমি ইহা ভগবৎপরায়ণ মহাপুরুষ শুকদেবের মুখে অর্পণ করিয়াছিলাম, এখন তাঁহার মুখ হইতে পৃথিবীতে পড়িয়াছে, অর্থাৎ বৈকুণ্ঠের সেই পরম সম্পদটি শিষ্য-প্রশিষ্যাদিক্রমে পৃথিবীতে আসিয়া উপস্থিত হইয়াছেন। ইহা একমাত্র অমৃতময় রসেই পরিপূর্ণ। হে রসিক ভাবুকগণ! আপনারা অর্থাৎ যাঁহারা রসময়বস্তুর আস্বাদনে অভিজ্ঞ, তন্মধ্যে আবার যাঁহারা সেই পরমানন্দময় তত্ত্বেরই একান্ত চিন্তায় সুদক্ষ, তাঁহারা এই ভাগবতরূপ কেবল রসময় ফলটি বারংবার পান করুন। কেবল যে যাবজ্জীবনই পান করিতে পারিবেন তা নয়, মুক্তি হইলে বৈকুণ্ঠে গিয়াও ভগবল্লীলারসপূর্ণ এই ভাগবতেরই আস্বাদন করিয়া প্রেমিক ভক্তগণ পরম শান্তিসুখ অনুভব করিবেন। পরে "যস্মিন্ মহদ্মুখরিতা" এই শ্লোকে ইহাই বলা হইবে। জীবনে এক মুহূর্তও যদি কেহ অত্যাশ্চর্যময় এই ভাগবতরসের অদ্ভুত আস্বাদনের পরম সৌভাগ্য লাভ করিতে পারেন, তবে সমগ্র বিশ্বের প্রলয় হইলেও তিনি নিত্যধামে থাকিয়া প্রতিক্ষণ নবনবায়মান শ্রীহরির অমৃতময় লীলারসের বিবিধ বৈচিত্র্যপূর্ণ আস্বাদনে অভিনিবিষ্ট হইয়া এক অনির্বচনীয় সুখসাগরে নিমগ্ন থাকেন। কারণ—

হরিও সুন্দর, তাঁর লীলাও সুন্দর, তাঁর রসও সুন্দর, তাঁর আস্বাদনও সুন্দর, সে সাধকও সুন্দর, সমস্ত চিরসুন্দরের একত্র সন্নিবেশ হওয়ায় এক অপূর্ব রসকদম্বের সম্বন্ধ ঘটিয়া থাকে, সুতরাং কোন যুগেও তাহাতে অরুচি বা বিতৃষ্ণা হয় না, বরং নিত্য নিত্য নূতন নূতন হইয়াই তাহা ভক্তচিত্তকে প্রফুল্ল করিতে থাকে। অনুক্ষণ যাহা নব-নব রূপ ধারণ করে, তাহা লোকচিত্তকে অবিরাম প্রফুল্ল করিয়া থাকে 'পুরাণ হয় না যাহা দেখি বারে বারে, সুন্দর তাহাকে বলি এ বিশ্বমাঝারে'। কলিযুগের প্রথমে বিষ্ণুক্ষেত্র নৈমিষারণ্যতীর্থে শৌনকপ্রভৃতি ঋষিগণ স্বর্গলোক পাইবার ইচ্ছায় সহস্র বৎসর ধরিয়া যজ্ঞের অনুষ্ঠান করিয়াছিলেন ।৩-৪

একদিন সেই মুনিগণ প্রাতঃকালে নিত্যনৈমিত্তিক হোম সমাপ্ত করিয়াছেন, এমন সময় রোমহর্ষণপুত্র সূত সেই স্থানে আসিয়া উপস্থিত হইলেন। তাঁহারা তাঁহাকে দেখিয়া সমাদরপূর্বক বসিতে আসন দিলেন, তিনি উপবেশন করিলে যত্নপূর্বক তাঁহাকে ইহা জিজ্ঞাসা করিলেন ।৫

হে নিষ্পাপ সূত! তুমি মহাভারতপ্রভৃতি

প্রায়েণাল্পায়ুষঃ সভ্য ! কলাবস্মিন্ যুগে জনাঃ।
মন্দাঃ সুমন্দমতয়ো মন্দভাগ্যা হ্যুপদ্রুতাঃ ॥১০
ভূরীণি ভূরিকর্ম্মাণি শ্রোতব্যানি বিভাগশঃ।
অতঃ সাধোঽত্র যৎ সারং সমুদ্ধৃত্য মনীষয়া ॥
ব্রূহি ভদ্রায় ভূতানাং যেনাত্মা সুপ্রসীদতি ॥১১
সূত ! জানাসি ভদ্রং তে ভগবান্ সাত্বতাং পতিঃ।
দেবক্যাং বসুদেবস্য জাতো যস্য চিকীর্ষয়া ॥১২

তত্রঃ শুশ্রূষমাণানামর্হস্যঙ্গানুবর্ণিতুম্।
যস্যাবতারো ভূতানাং ক্ষেমায় চ ভবায় চ ॥১৩

আপন্নঃ সংসৃতিং ঘোরাং যন্নাম বিবশো গৃণন্।
ততঃ সদ্যো বিমুচ্যেত যদ্ বিভেতি স্বয়ং ভয়ম্ ॥১৪

যৎপাদসংশ্রয়াঃ সূত ! মুনয়ঃ প্রশমায়নাঃ।
সদ্যঃ পুনন্ত্যুপস্পৃষ্টাঃ স্বর্ধুন্যাপোঽনুসেবয়া ॥১৫

বেত্থ, যতঃ গুরবঃ স্নিগ্ধস্য শিষ্যস্য গুহ্যমপি উত ব্রুবুঃ ॥৮

হে আয়ুষ্মন্ ! তত্র তত্র অর্থবোধকবাক্যেষু, অঞ্জসা নীত্রঃ, পুংসাং কলিভাবাপন্নানাম্ একান্ততঃ শ্রেয়ঃ যৎ ভবতা বিনিশ্চিতং তৎ নঃ শংসিতুং বক্তুম্ অর্হসি ॥৯

হে সভ্য ! অস্মিন্ কলৌ যুগে প্রায়েণ জনাঃ অল্পায়ুষঃ মন্দাঃ অলসাঃ সুমন্দমতয়ঃ স্বল্পবুদ্ধয়ঃ, মন্দভাগ্যাঃ স্বল্পপুণ্যাঃ, হি যতঃ উপদ্রুতাঃ রোগাদিভিঃ ॥১০

তথা ভূরিকর্ম্মাণি ভূরীণি শ্রোতব্যানি শাস্ত্রাণি সন্তি, অতঃ, হে সাধো ! অত্র যৎ সারং তৎ মনীষয়া সমুদ্ধৃত্য ভূতানাং ভদ্রায় ব্রূহি, যেন আত্মা সুপ্রসীদতি ॥১১

হে সূত ! তে ভদ্রং ভবতু, সাত্বতাং ভক্তানাং পতিঃ ভগবান্ সম্পূর্ণৈশ্বর্য্যাদিযুক্তঃ, যস্য চিকীর্ষয়া বসুদেবস্য ভার্য্যায়াং দেবক্যাং জাতঃ, জগদ্দৃশ্যঃ বভূব, তৎ ত্বং জানাসি ॥১২

হে অঙ্গ ! যস্যাবতারঃ ভূতানাং ক্ষেমায় সংসারমুক্তয়ে চ ভবায় চ, শুশ্রূষমাণানাং শ্রোতুকামানাং নঃ তৎ যশঃ অনুবর্ণিতুম্ অর্হসি ॥১৩

ঘোরাং দুস্তরাং, সংসৃতিং জন্মমরণরূপসংসার-প্রবাহম্ আপন্নঃ প্রাপ্তোঽপি জনঃ যন্নাম বিবশঃ অপি গৃণন্ উচ্চারয়ন্ ততঃ সংসৃতেঃ সদ্যঃ তৎক্ষণমেব, বিমুচ্যেত, যৎ যতঃ ভয়ম্ অপি স্বয়ং বিভেতি ॥১৪

হে সূত ! যৎপাদসংশ্রয়াঃ প্রশমায়নাঃ মুনয়ঃ উপস্পৃষ্টাঃ সন্নিধিমাত্রেণ, সেবিতাঃ সদ্যঃ দর্শনাদেব সদ্যঃ পুনন্তি স্বর্ধুনী গঙ্গা তস্যাঃ তু অপোঽনুসেবয়া, অবগাহনাদিনা পুনন্তি ॥১৫

ইতিহাসের সহিত পুরাণগুলি অধ্যয়ন করিয়াছ এবং উহার ব্যাখ্যাও করিয়াছ, অন্য যে সমস্ত ধর্ম্মশাস্ত্র আছে, সেগুলিও অধ্যয়ন করিয়াছ ।৬

বিদ্বান্‌ব্যক্তিদিগের মধ্যে শ্রেষ্ঠ ভগবান্ বেদব্যাস যে সমস্ত শাস্ত্র জানেন এবং সগুণ নির্গুণ বিবিধ ব্রহ্মতত্ত্বে অভিজ্ঞ অন্যান্য মুনিগণও যে সমস্ত শাস্ত্র জানেন, হে সূত। তুমি সে সমস্তই উত্তমরূপে জান, কারণ, গুরুগণ স্নেহের পাত্র শিষ্যকে অত্যন্ত গোপনীয় তত্ত্বও বলিয়া থাকেন ।৭-৮

যাহার দ্বারা জীবগণের নিশ্চয় কল্যাণ হইবে বলিয়া তুমি সেই সমস্ত শাস্ত্রের সরল অর্থ গ্রহণ করিয়া যাহা স্থির করিয়াছ, তাহা আমাদের নিকট বল ।৯

হে সজ্জন ! এই কলিযুগে মনুষ্যগণ প্রায়ই অল্পায়ু, তাহাতে আবার অলস, তাহাতে আবার অত্যন্ত অল্পবুদ্ধি, তাহাতে আবার নানাবিধ বাধাবিঘ্নে ব্যতিব্যস্ত, তাহার উপর বহুবিধ রোগে অতিশয় উপদ্রবযুক্ত ।১০

শাস্ত্রও রাশি রাশি আছে এবং তাহাতে কর্ত্তব্য কর্ম্মও রাশি রাশি বলা হইয়াছে এবং শ্রবণ করিবার উপযুক্ত বিভিন্ন বিষয়ও বলা হইয়াছে। অতএব হে সজ্জন ! এই সকল শাস্ত্রে যাহা সার তত্ত্ব আছে, তাহা প্রতিভার দ্বারা সংগ্রহ করিয়া জীবগণের মঙ্গলের জন্য বল, যাহার দ্বারা আত্মা প্রসন্ন হয় ।১১

কো বা ভগবতস্তস্য পুণ্যশ্লোকেড্যকর্মণঃ।
শুশ্রূষিতো ন শৃণুয়াদ্ যশঃ কলিমলাপহম্ ॥১৬
তস্য কর্মাণ্যুদারাণি পরিগীতানি সূরিভিঃ।
ব্রূহি নঃ শ্রদ্দধানানাং লীলয়া দধতঃ কলাঃ ॥১৭
অথাখ্যাহি হরের্ধীমন্নবতারকথাঃ শুভাঃ।
লীলা বিদধতঃ স্বৈরমীশ্বরস্যাত্মমায়য়া ॥১৮
বয়ন্তু ন বিতৃপ্যাম উত্তমশ্লোকবিক্রমে।
যচ্ছৃণ্বতাং রসজ্ঞানাং স্বাদু স্বাদু পদে পদে ॥১৯
কৃতবান্ কিল কর্মাণি সহ রামেণ কেশবঃ।
অতিমর্ত্যানি ভগবান্ গূঢ়ঃ কপটমানুষঃ ॥২০

পুণ্যশ্লোকেড্যকর্মণঃ তস্য ভগবতঃ কলিমলাপহং যশঃ শুশ্রূষিতঃ কো বা ন শৃণুয়াৎ ॥১৬

লীলয়া স্বেচ্ছয়া কলাঃ অবতারান্ দধতঃ তস্য শ্রীকৃষ্ণস্য সূরিভিঃ নারদাদিভিঃ পরিগীতানি উদারাণি পরমানন্দদাতৃণি কর্মাণি জন্মাদীনি চ শ্রদ্দধানানাং নঃ অস্মাকং ব্রূহি ॥১৭

অথ হে ধীমন্! আত্মমায়য়া নিজেচ্ছারূপয়া যোগমায়য়া স্বৈরং যথেষ্টং লীলাঃ সৃষ্ট্যাদিকর্ম্মরূপাঃ

হে সূত! তোমার মঙ্গল হোক, ভক্তগণের প্রতিপালক ভগবান্ যে বিশেষ কার্য্য করিবার জন্য বসুদেবের পত্নী দেবকীর গর্ভে জন্ম গ্রহণ করিয়াছিলেন, তাহা তুমি নিশ্চয় জান।১২

হে প্রিয়! তাহা আমাদের নিকট বর্ণনা কর, আমরা তাহা শ্রবণ করিবার জন্য অত্যন্ত উৎসুক হইয়া রহিয়াছি, যাঁহার সমস্ত অবতার হইতেই জীবগণের পালন হয় ও উন্নতি হয়।১৩

অত্যন্ত ভয়ঙ্কর সংসারকারাগারে আবদ্ধ জীব সম্পূর্ণ পরাধীন হইয়াও যাঁহার নাম উচ্চারণ করিলে সেই সংসার কারাগার হইতে তৎক্ষণাৎ মুক্তি লাভ করে; কারণ, ভয় নিজেও যে নামকে ভয় পায়।১৪

হে সূত! যাঁহার পাদপদ্মকে একান্তচিত্তে আশ্রয় করায় শান্তিপরায়ণ মুনিগণ এতই পবিত্র হইয়া থাকেন যে, কেবল তাঁহাদের নিকটবর্ত্তী হইলেই তাঁহারা সেবকদিগকে তৎক্ষণাৎ পবিত্র করিয়া থাকেন, কিন্তু গঙ্গার জল পবিত্র হইলেও তাহাতে পুনঃ পুনঃ স্নানাদি করিলেই তবে সে লোককে পবিত্র করে। অতএব

ভূভারহরণাদিরূপাশ্চ বিদধতঃ কুর্ব্বতঃ হরেঃ ঈশ্বরস্য শ্রীকৃষ্ণস্য শুভাঃ অবতারাণাং মৎস্যাদীনাং কথাঃ বিবরণম্ আখ্যাহি ॥১৮

বয়ং তু উত্তমশ্লোকবিক্রমে ন বিতৃপ্যামঃ যৎ শৃণ্বতাং রসজ্ঞানাং পদে পদে প্রতিক্ষণং, স্বাদু অতিস্বাদু স্বাদুতোঽপি স্বাদু বা ॥১৯

গূঢ়ঃ যঃ কপটমানুষঃ ভগবান্ কেশবঃ রামেণ সহ যানি অতিমর্ত্যানি অলৌকিকানি কিল কর্ম্মাণি কৃতবান্, তানি বদ ॥২০

গঙ্গাস্নানাদি অপেক্ষাও শুকদেবপ্রভৃতি মহাপুরুষগণের সেবা করিয়া লোক শীঘ্র ধন্য হইতে পারে।১৫

যিনি নিজকে পবিত্র করিতে ইচ্ছা করেন, এইরূপ কোন্ ব্যক্তিই বা সেই ভগবানের কীর্ত্তি শ্রবণ করিবেন না? পবিত্রকীর্ত্তিশালী ব্যক্তিগণও যে ভগবানের কর্ম্মগুলিকে প্রশংসা করেন এবং যাঁহার যশ-কীর্ত্তন সংসারের যাবতীয় দুঃখকে বিনাশ করে।১৬

যিনি লীলায় ব্রহ্মা শিব প্রভৃতি অবতারমূর্ত্তি ধারণ করেন, সেই ভগবানের মহত্বপূর্ণ কর্ম্মগুলি আমাদিগকে বল, নারদাদি মহাপুরুষগণ যাহা যত্নপূর্ব্বক কীর্ত্তন করিয়া থাকেন এবং আমরা যাহাতে অত্যন্ত শ্রদ্ধাশীল।১৭

তাহার পর যিনি স্বেচ্ছায় নিজের মায়ার দ্বারা লীলা করেন, জগদীশ্বর সেই হরির মৎস্য-কূর্ম্মপ্রভৃতি অন্যান্য অবতারের মঙ্গলময় কথাগুলি বল।১৮

আমরা ভগবানের লীলাশ্রবণে করিয়া কদাপি উহাতে নিঃস্পৃহ হই না অর্থাৎ আর প্রয়োজন নাই বলিয়া মনে করি না, কারণ যাঁহারা রসবিশেষের আস্বাদনে

কলিমাগতমাজ্ঞায় ক্ষেত্রেঽস্মিন্ বৈষ্ণবে বয়ম্ ।
আসীনা দীর্ঘসত্রেণ কথায়াং সক্ষণা হরেঃ ॥২১

ত্বং নঃ সন্দর্শিতো ধাত্রা দুস্তরং নিস্তিতীর্ষতাম্ ।
কলিং সত্ত্বহরং পুংসাং কর্ণধার ইবার্ণবম্ ॥২২

ব্রহ্মণ্যে ব্রাহ্মণপ্রতিপালকে, ধর্ম্মবর্ম্মণি ধর্ম্মরক্ষকে, যোগেশ্বরে কৃষ্ণে স্বাং কাষ্ঠাং নিজনিত্যধাম উপেতে সম্প্রাপ্তে সতি অধুনা ধর্ম্মঃ কং শরণং গতঃ তৎ ত্বং ব্রূহি ॥২৩

ব্রূহি যোগেশ্বরে কৃষ্ণে ব্রহ্মণ্যে ধর্ম্মবর্ম্মণি ।
স্বাং কাষ্ঠামধুনোপেতে ধর্ম্মঃ কং শরণং গতঃ ॥২৩

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং প্রথমস্কন্ধে
নৈমিষীয়োপাখ্যানে প্রথমঃ অধ্যায়ঃ ॥

ইতি প্রথমস্কন্ধে প্রথমঃ অধ্যায়ঃ ॥

বিষ্ণুপদং গন্তুকামাঃ বয়ং কলিম্ আগতম্ আজ্ঞায় তস্মাৎ দীর্ঘসত্রেণ বহুকালসাধ্যযজ্ঞমিষেণ হরেঃ কথায়াং সক্ষণাঃ লব্ধাবকাশাঃ সন্তঃ বৈষ্ণবে অস্মিন্ ক্ষেত্রে আসীনাঃ স্মঃ ॥ অথবং তর্ত্তুম্ ইচ্ছতাং কর্ণধারঃ ইব সত্ত্বহরং দুস্তরং কলিং নিস্তিতীর্ষতাং নঃ অস্মাকম্ উপদেষ্টা ত্বং ধাত্রা সন্দর্শিতঃ ॥২১-২২

অভিজ্ঞ তাঁহাদের পক্ষে ইহা শ্রবণ করিতে করিতে অনুক্ষণ মধুর অপেক্ষাও মধুর বলিয়া মনে হয় ।১৯

ভগবান্ কৃষ্ণ আত্মগোপনপূর্ব্বক মানুষ সাজিয়া রসের সহিত মানুষের অসাধ্য লীলা গোবর্দ্ধনধারণাদি করিয়াছেন ।২০

কলিকাল উপস্থিত হইয়াছে জানিয়া সেই ভয়ে আমরা দীর্ঘকালসাধ্য যজ্ঞ করার ছলে এই বৈষ্ণবক্ষেত্রে আসিয়া হরির কথাশ্রবণে অবসর পাইয়াছি ।২১

যিনি সমুদ্র পার হইতে ইচ্ছা করেন, তাঁহার পক্ষে নাবিকের মত বিধাতা আমাদের পক্ষে তোমাকে উপস্থিত করিয়া দিয়াছেন, আমরা দুরতিক্রমণীয় কলিসাগর পার হইতে ইচ্ছা করিতেছি, যে কলির প্রভাবে জীবগণের বিচারবুদ্ধি নষ্ট হইয়া যায় ।২২

যে কৃষ্ণ ব্রাহ্মণপ্রতিপালক ও ধর্ম্মের রক্ষাকবচ সর্ব্বশক্তিমান্, সেই কৃষ্ণ এক্ষণে স্বধামে গমন করিয়াছেন, অতএব এখন এই অবস্থায় ধর্ম্ম কাহাকে আশ্রয় করিয়া রহিলেন ? ২৩

শ্রীমদ্ভাগবতের প্রথম স্কন্ধে প্রথম অধ্যায় সমাপ্ত ।

দ্বিতীয়ঃ অধ্যায়ঃ

[শ্রীভগবৎকথায়াঃ শ্রীভগবদ্ভক্তেশ্চ মাহাত্ম্যবর্ণনম্ ।]

ব্যাস উবাচ

ইতি সম্প্রশ্নসংহৃষ্টো বিপ্রাণাং রৌমহর্ষণিঃ ।
প্রতিপূজ্য বচস্তেষাং প্রবক্তুমুপচক্রমে ॥১

সূত উবাচ

যং প্রব্রজন্তমনুপেতমপেতকৃত্যং
দ্বৈপায়নো বিরহকাতর আজুহাব ।
পুত্রেতি তন্ময়তয়া তরবোঽভিনেদু-
স্তং সর্বভূতহৃদয়ং মুনিমানতোঽস্মি ॥২

ইতি এবং প্রকারেণ পূর্ব্বোক্তসম্প্রশ্নসংহৃষ্টঃ রৌমহর্ষণিঃ উগ্রশ্রবাঃ সূতঃ তেষাং বিপ্রাণাং বচঃ প্রতিপূজ্য অভিনন্দ্য প্রবক্তুম্ উপচক্রমে ॥১

প্রব্রজন্তং সন্ন্যস্য গচ্ছন্তম্ অনুপেতম্ অননুগতম্ একাকিনম্ অপেতকৃত্যং কৃত্যশূন্যং যং শুকং বিরহকাতরঃ দ্বৈপায়নঃ ব্যাসঃ পুত্র ইতি প্লুতেন আজুহাব আহূতবান্, তদা তন্ময়তয়া শুকরূপতয়া তরবঃ অভিনেদুঃ উত্তরং দদুঃ তং সর্ব্বভূতহৃদয়ং মুনিম্ আনতঃ অস্মি ॥২

দ্বিতীয় অধ্যায়

[শ্রীভগবৎ কথা ও শ্রীভগবদ্ ভক্তির মাহাত্ম্য বর্ণন ।]

ব্যাসদেব বলিলেন,—লোমহর্ষণের পুত্র সূত ঋষিগণের এই প্রকার উত্তম প্রশ্ন শ্রবণ করিয়া অত্যন্ত সন্তুষ্ট হইয়া তাঁহাদের বাক্যকে সম্মানপূর্ব্বক উত্তর দিতে আরম্ভ করিলেন ।১

সূত বলিলেন,—কোন বস্তু বা কর্ম্মই না থাকায় শুকদেব যখন একাকী সন্ন্যাসী হইয়া উত্তরদিকে গমন করিতে ছিলেন, তখন তাঁহার বিরহে কাতর হইয়া ভগবান্ ব্যাসদেব হে সুত! হে পুত্র! বলিয়া আহ্বান করিতে করিতে তাঁহার অনুসরণ করিয়াছিলেন এবং তিনিই যোগবলে সমস্ত প্রাণীর হৃদয়ে প্রবেশ করায় বৃক্ষগণও শুকদেবময় হইয়া গিয়াছিল, সেইজন্য তিনিই

যঃ স্বানুভাবমখিলশ্রুতিসারমেক-
মধ্যাত্মদীপমতিতীর্ষতাং তমোঽন্ধম্ ।
সংসারিণাং করুণয়াহ পুরাণগুহ্যং
তং ব্যাসসূনুমুপযামি গুরুং মুনীনাম্ ॥৩

নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমম্ ।
দেবীং সরস্বতীং ব্যাসং ততো জয়মুদীরয়েৎ ॥৪

যঃ শুকঃ অন্ধং গাঢ়ং তমঃ অবিবেকম্, অতিতিতীর্ষতাং তর্ত্তুমিচ্ছতাং, সংসারিণাং পুংসাং করুণয়া, স্বানুভাবম্ (স্বতএব রসোৎকর্ষসাধকম্) অখিলশ্রুতিসারং সর্ব্ববেদসারম্ অধ্যাত্মদীপম্ (কার্য্যকারণসংঘাতম্ অধিকৃত্য বর্ত্তমানম্ আত্মতত্ত্বং, তস্য প্রকাশকম্) একম্ অনুপমং পুরাণগুহ্যং ভাগবতম্ আহ তং মুনীনাং গুরুং ব্যাসসূনুং ব্যাসপুত্রং শুকদেবম্ উপযামি শরণং ব্রজামি । নারায়ণং নরং নরোত্তমং দেবীং সরস্বতীং ব্যাসঞ্চৈব নমস্কৃত্য ততঃ জয়ং সংসারং জয়তি অনেন ইতি সংসারজয়ং গ্রন্থম্ উদীরয়েৎ বাচয়েৎ ॥৩-৪

বৃক্ষরূপে তাহার উত্তর দিয়াছিলেন, সেই শুকমুনিকে আমি প্রণাম করি ।২

যাঁহারা গাঢ় অন্ধকারময় সংসারসাগর পার হইতে ইচ্ছা করেন, তাঁহাদের জন্য কৃপা করিয়া সাধারণের নিকট গোপনীয় এই শ্রীমদ্ভাগবত পুরাণখানি যিনি বলিয়াছিলেন, মুনিগণের গুরু সেই শুকদেবের আমি শরণাপন্ন হইলাম, যে শাস্ত্রখানি নিজের অসাধারণ প্রভাবে পরিপূর্ণ, সমস্ত বেদের সারভূত ও অদ্বিতীয় অর্থাৎ যাহার মত শাস্ত্র আর জগতে নাই, এবং আত্মতত্ত্ব প্রকাশ করিতে যাহা প্রদীপের মত অত্যন্ত উজ্জ্বল ।৩

নারায়ণ, নর, নরোত্তম, সরস্বতী দেবী ও বেদব্যাসকে প্রণাম করিয়া তাহার পর সেই শাস্ত্র পাঠ করিতে আরম্ভ করিবেন, যাহা দ্বারা সংসারকে জয় করিতে

মুনয়ঃ সাধু পৃষ্টোঽহং ভবদ্ভির্লোকমঙ্গলম্।
যৎ কৃতঃ কৃষ্ণসম্প্রশ্নো যেনাত্মা সুপ্রসীদতি ॥৫
স বৈ পুংসাং পরো ধর্ম্মো যতো ভক্তিরধোক্ষজে।
অহৈতুক্যপ্রতিহতা যয়াত্মা সম্প্রসীদতি ॥৬
বাসুদেবে ভগবতি ভক্তিযোগঃ প্রযোজিতঃ।
জনয়ত্যাশু বৈরাগ্যং জ্ঞানঞ্চ যদহৈতুকম্ ॥৭

ধর্ম্মঃ স্বনুষ্ঠিতঃ পুংসাং বিষ্বক্সেনকথাসু যঃ।
নোৎপাদয়েদ্ যদি রতিং শ্রম এব হি কেবলম্ ॥৮
ধর্ম্মস্য হ্যাপবর্গস্য নার্থোঽর্থায়োপকল্পতে।
নার্থস্য ধর্ম্মৈকান্তস্য কামো লাভায় হি স্মৃতঃ ॥৯
কামস্য নেন্দ্রিয়প্রীতির্লাভো জীবেত যাবতা।
জীবস্য তত্ত্বজিজ্ঞাসা নার্থো যশ্চেহ কর্ম্মভিঃ ॥১০

হে মুনয়ঃ! লোকমঙ্গলং সাধু যথা স্যাৎ তথা ভবদ্ভিঃ সম্যক্ অহং পৃষ্টঃ যৎ যস্মাৎ কৃষ্ণসম্প্রশ্নঃ কৃতঃ, যেন প্রশ্নেন আত্মা মনঃ সুষ্ঠু প্রসীদতি ॥৫

স বৈ এব পুংসাং পরঃ শ্রেষ্ঠঃ ধর্ম্মঃ যতঃ ধর্ম্মাৎ অধোক্ষজে অবাঙ্মনসগোচরে শ্রীকৃষ্ণে অহৈতুকী ফলানুসন্ধানরহিতা অপ্রতিহতা বিঘ্নশূন্যা ভক্তিঃ ভবতি, যয়া ভক্ত্যা আত্মা বুদ্ধিঃ সুপ্রসীদতি সমুপশাম্যতি ॥৬

ভগবতি বাসুদেবে প্রযোজিতঃ দাস্যসখ্যাদিনা সম্বন্ধঃ ভক্তিযোগঃ যৎ অহৈতুকং জ্ঞানং বৈরাগ্যঞ্চ আশু (ঈষৎ শ্রবণমাত্রেণ) জনয়তি ॥৭

পুংসাং যঃ ধর্ম্মঃ স্বনুষ্ঠিতোঽপি অঙ্গভঙ্গাদি-রহিতত্বাৎ সুষ্ঠু আচরিতোঽপি যদি বিষ্বক্সেনস্য শ্রীকৃষ্ণস্য কথাসু লীলাবর্ণনেষু রতিং প্রীতিং রুচিং ন উৎপাদয়েৎ জনয়েৎ তদা হি নিশ্চিতং কেবলং স বিফলঃ শ্রমঃ এব ॥৮

আপবর্গস্য (মোক্ষম্ অভিব্যাপ্য আচরিতস্য) ধর্ম্মস্য (প্রবৃত্তিনিবৃত্তিলক্ষণস্য) অর্থঃ অর্থায় ফলত্বায় ন উপকল্পতে মন্যতে, ধর্ম্মৈকান্তস্য অর্থস্য কামঃ লাভায় হি নিশ্চিতং ন স্মৃতঃ (অপবর্গস্য ইত্যপি পাঠঃ তত্র অপবর্গস্য ইত্যর্থঃ) ॥৯

ইন্দ্রিয়প্রীতিঃ কামস্য লাভঃ ফলং ন, অপি তু

পারা যায়। হে মুনিগণ! আপনারা উত্তমরূপেই আমাকে জিজ্ঞাসা করিয়াছেন, কারণ ইহা সমস্ত লোকেরই হিতকর, যেহেতু আপনারা সেই কৃষ্ণকথা জিজ্ঞাসা করিয়াছেন, যাহা দ্বারা আত্মা প্রসন্ন হয় ।৪-৫

তাহাই সর্ব্বশ্রেষ্ঠ ধর্ম্ম, যে ধর্ম্ম হইতে ভগবানে ভক্তি হয় এবং যে ভক্তি কোন স্বার্থসিদ্ধির জন্য করা হয় না অর্থাৎ নিষ্কাম ভক্তি এবং যাহা কোন বাধা বিঘ্ন দ্বারা নষ্ট হয় না ।৬

ভগবান্ বাসুদেবে ভক্তি হইলে, তাহা শীঘ্রই বিষয়ে বৈরাগ্য আনিয়া দেয় এবং অহৈতুক যে জ্ঞান তাহাই করিয়া দেয়, অর্থাৎ আত্মদর্শনের জন্য যে যে নিষ্কিঞ্চন হেতু আছে, তাহা ব্যতিরেকেই ভক্তির দ্বারা আত্মদর্শন হইয়া থাকে। উহা ভগবান্‌ই বলিয়াছেন,—"দদামি বুদ্ধিযোগং তং যেন মামুপযান্তি তে"। অর্থাৎ যাঁহারা একান্তচিত্তে ভগবানে ভক্তি করিতে পারেন, ভগবান্ কৃপা করিয়া তাহাদের হৃদয়ে আত্মজ্ঞান দান করেন। জগতে যাহা ধর্ম্ম বলিয়া প্রসিদ্ধ, সেই ধর্ম্ম সুচারুরূপে নিষ্পাদিত হইয়াও যদি হরিকথা শ্রবণ করিতে অনুরাগ সৃষ্টি করিয়া না দেয়, তাহা হইলে উহা কেবল পণ্ডশ্রম বলিয়া জানিবে ।৭-৮

করিয়াছ, সমস্ত কার্য্য ও কারণের নিয়ামক যে ভগবান্ কিছুমাত্র সম্পর্কিত না হইয়াই সত্ত্বাদিগুণের দ্বারা ইচ্ছামাত্রে বিশ্বের সৃষ্টি, স্থিতি ও প্রলয় করেন ।৬

এবং তুমি সূর্য্যের মত ত্রিভুবন ভ্রমণ করিয়া সমস্ত প্রত্যক্ষ করিতেছ, যোগবলে প্রাণবায়ুর মত সকলের হৃদয়ে প্রবিষ্ট হইয়া অন্তরের ভাবটি পর্য্যন্ত দেখিতে পাইতেছ, অতএব যোগবলে পরমব্রহ্মে এবং অধ্যয়ন প্রভৃতির দ্বারা বেদে বিশেষজ্ঞ হইলেও আমার আন্তরতৃপ্তি না হওয়ার কারণ কি স্থির করিয়া বল ।৭

নারদ বলিলেন,—হে বেদব্যাস! ভগবানের নির্ম্মল লীলা প্রায় তুমি বলই নাই, যাহা ব্যতীত কেবল ধর্ম্মাদির জ্ঞানের দ্বারা তিনি সন্তুষ্ট হন না, সে জ্ঞানকে ব্যর্থ মনে করি ॥৮

যথা ধর্ম্মাদয়শ্চার্থা মুনিবর্য্যানুকীর্ত্তিতাঃ।
ন তথা বাসুদেবস্য মহিমা হ্যনুবর্ণিতঃ ॥৯
ন যদ্ বচশ্চিত্রপদং হরের্যশো
জগৎপবিত্রং প্রগৃণীত কর্হিচিৎ।
তদ্ বায়সং তীর্থমুশন্তি মানসা
ন যত্র হংসা নিরমন্ত্যুশিক্ক্ষয়াঃ ॥১০
তদ্বাগ্বিসর্গো জনতাঘবিপ্লবো
যস্মিন্ প্রতিশ্লোকমবদ্ধবত্যপি।
নামান্যনন্তস্য যশোঽঙ্কিতানি যৎ
শৃণ্বন্তি গায়ন্তি গৃণন্তি সাধবঃ ॥১১
নৈষ্কর্ম্ম্যমপ্যচ্যুতভাববর্জ্জিতং
ন শোভতে জ্ঞানমলং নিরঞ্জনম্।
কুতঃ পুনঃ শশ্বদভদ্রমীশ্বরে
ন চার্পিতং কর্ম্ম যদপ্যকারণম্ ॥১২
অথো মহাভাগ! ভবানমোঘদৃক্
শুচিশ্রবাঃ সত্যরতো ধৃতব্রতঃ।

হে মুনিবর্য্য! যথা ধর্ম্মাদয়শ্চ পুরুষার্থাঃ অনুকীর্ত্তিতাঃ পুরুষার্থত্বেন তথা প্রাধান্যেন বাসুদেবস্য মহিমা নহি অনুবর্ণিতঃ ॥৯

চিত্রপদং চিত্রাণি বিচিত্ররসালঙ্কারাদিবিশিষ্টানি পদানি যত্র তৎ, যৎ বচঃ বাঙ্ময়ঃ গ্রন্থঃ হরেঃ জগৎপবিত্রং যশঃ কর্হিচিৎ ন প্রগৃণীত, তৎ বায়সং তীর্থং কামিদেব্যং রতিস্থানম্ উশন্তি মন্যন্তে ; যত্র হি উশিক্ক্ষয়াঃ ব্রহ্মনিবাসাঃ মানসাঃ ভক্তাঃ হংসাঃ যত্রয়ঃ ন নিরমন্তি নিতরাং রমন্তে ॥১০

যস্মিন্ অবদ্ধবতি অপশব্দাদিযুক্তেঽপি বাক্‌প্রয়োগে প্রতিশ্লোকম্ অনন্তস্য যশোঽঙ্কিতানি যশো-

---

হে মুনিশ্রেষ্ঠ! তুমি ধর্ম্মাদি বস্তুগুলি যেরূপ সবিস্তারে বলিয়াছ, ভগবানের মহিমা সেরূপ সবিস্তারে বর্ণনা কর নাই ।৯

যে বাক্য হরির বিশ্বপাবন গুণাবলী কীর্ত্তন না করে, সে বাক্য বিবিধ অলঙ্কার ও গুণপ্রভৃতি ভূষিত উত্তম পদের দ্বারা রচিত হইলেও তাহা কাকের প্রিয় আবর্জ্জনাপূর্ণ আস্তাকুড়ের মত ভোগবিলাসলম্পট কামুকেরই প্রীতিকর হয় বলিয়া সজ্জনগণ মনে করেন, কারণ পবিত্রমানসসরোবরবিহারী রাজহংসতুল্য বিশুদ্ধমনোময়রাজ্যে নিরন্তর পরমানন্দময় হরিপাদপদ্মসেবী মহাপুরুষগণ সে বাক্যে কখনই প্রীতি লাভ করেন না ।১০

আর যে বাক্যে প্রত্যেক পদে অনন্ত মহিমান্বিত বর্ণনলেশসংযোজিতানি নামানি সন্তি, যৎ যানি নামানি সাধবঃ শৃণ্বন্তি গায়ন্তি গৃণন্তি, তদ্বাগ্‌বিসর্গঃ জনতাঘবিপ্লবঃ তদ্বাক্যোচ্চারণং জনসমূহস্য পাপনিবর্ত্তকম্ ॥১১

নৈষ্কর্ম্ম্যং মোক্ষস্য সাধনং, নিরঞ্জনম্ অবিদ্যানিবর্ত্তকং জ্ঞানমপি চেৎ অচ্যুতভাববর্জ্জিতং ভক্তিরহিতং তৎ অলম্ অত্যর্থং ন শোভতে, পুনঃ শশ্বৎ সাধনকালে ফলকালে চ অভদ্রং দুঃখরূপং কাম্যং কর্ম্ম যদপি অকারণম্ অকাম্যং, কর্ম্ম ঈশ্বরে চেৎ ন অর্পিতং কুতঃ শোভতে ॥১২

অথ হে মহাভাগ! ভবান্ অমোঘদৃক্ অব্যর্থজ্ঞানঃ শুচিশ্রবাঃ শুদ্ধযশাঃ সত্যরতঃ ধৃতব্রতশ্চ,

---

ভগবানের পবিত্র গুণাবলীযুক্ত নামগুলি বর্ত্তমান থাকে, তাহা অপভাষায় দ্বারা রচিত হইলেও সেই বাক্য উচ্চারণ করিলে তাহা অসংখ্য লোকের পাপ নাশ করিতে সক্ষম হয়, যেহেতু মহাপুরুষগণ উপযুক্ত বক্তা পাইলে তাহা শ্রবণ করেন, উপযুক্ত শ্রোতা পাইলে কীর্ত্তন করেন এবং তাহা না হইলে নিজেরাই কীর্ত্তন করিতে থাকেন ।১১

নিরুপাধি ব্রহ্মজ্ঞান পর্য্যন্ত হরিভক্তির সম্পর্কশূন্য হইলে একান্তই শোভা পায় না, অর্থাৎ ব্রহ্ম দর্শন করাইতে সক্ষম হয় না, তখন সর্ব্বদা অশুভময় সকাম কর্ম্ম এবং যাহা নিষ্কাম কর্ম্ম তাহাও যদি ভগবানে সমর্পণ করা না হয়, তাহা আর কি করিয়া শোভা পাইতে পারে ? ১২

উরুক্রমস্যাখিলবন্ধমুক্তয়ে
সমাধিনানুস্মর তদ্বিচেষ্টিতম্ ॥১৩
ততোঽন্যথা কিঞ্চন যদ্বিবক্ষতঃ
পৃথগ্‌দৃশস্তৎকৃতরূপনামভিঃ।
ন কুত্রচিৎ ক্বাপি চ দুঃস্থিতা মতি-
র্লভেত বাতাহতনৌরিবাস্পদম্ ॥১৪
জুগুপ্সিতং ধর্ম্মকৃতেঽনুশাসতঃ
স্বভাবরক্তস্য মহান্ ব্যতিক্রমঃ।
যদ্বাক্যতো ধর্ম্ম ইতীতরঃ স্থিতো
ন মন্যতে তস্য নিবারণং জনঃ ॥১৫
বিচক্ষণোঽস্যার্হতি বেদিতুং বিভো-
রনন্তপারস্য নিবৃত্তিতঃ সুখম্।
প্রবর্ত্তমানস্য গুণৈরনাত্মন-
স্ততো ভবান্ দর্শয় চেষ্টিতং বিভোঃ ॥১৬
ত্যক্ত্বা স্বধর্ম্মং চরণাম্বুজং হরে-
র্ভজন্নপক্কোঽথ পতেৎ ততো যদি।

অতস্তমখিলস্য বন্ধমুক্তয়ে সমাধিনা চিত্তৈকাগ্র্যেণ উরুক্রমস্য বহুপরাক্রমস্য শ্রীকৃষ্ণস্য বিচেষ্টিতং লীলাম্ অনুস্মর স্মৃত্বা চ তদ্ বর্ণয় ॥১৩

ততোঽন্যথা হরিচেষ্টিতাৎ পৃথগ্ দৃশঃ তৎ পৃথগ্ দর্শনকৃতরূপনামভিঃ যৎ কিঞ্চন বিবক্ষতঃ পুংসঃ দুঃস্থিতা মতিঃ কর্হিচিৎ কালে ক্বাপি চ স্থানে বাতাহতা নৌঃ ইব আস্পদং স্থানং ন লভেত ॥১৪

স্বভাবরক্তস্য অনাদিবিষয়বাসনয়া স্বভাবতঃ এব কামনাপরস্য পুরুষস্য ধর্ম্মকৃতে অভ্যুদয়নিঃশ্রেয়স-সাধকধর্ম্মার্থং জুগুপ্সিতং নিন্দ্যং কাম্যকর্ম্ম ধর্ম্মত্বেন অনুশাসতঃ উপদিশতঃ তব মহান্ অয়ং ব্যতিক্রমঃ অন্যায়ঃ জাতঃ। যতঃ যদ্‌বাক্যতঃ যস্য তব বাক্যতঃ অধর্ম্মঃ ধর্ম্মঃ ইতি বা স্থিতঃ ব্যবস্থিতঃ, ইতরঃ জনঃ তস্য কাম্যকর্ম্মণঃ (অধর্ম্মত্বেন) নিবারণং ন মন্যতে ॥১৫

বিচক্ষণঃ অতিনিপুণঃ জনঃ নিবৃত্তিতঃ প্রত্যাহৃতে-ন্দ্রিয়পূর্ব্বকং সর্ব্বতো নিষ্কামধর্ম্মাচরণেন নিবৃত্তি-পূর্ব্বকমনন্তপারস্য (কালতো দেশতশ্চ অনবচ্ছিন্নস্য) বিভোঃ পরমেশ্বরস্য, পরমাত্মস্বরূপং সুখং বেদিতু-মর্হতি, ততঃ কারণাৎ হে বিভো! অনাত্মনঃ (অসতি

এইজন্য অত্যন্ত ভাগ্যবান্ হে বেদব্যাস তুমি অব্যর্থ জ্ঞানসম্পন্ন পবিত্র কীর্ত্তনশীল সত্যনিষ্ঠ মুনিগণসম্পন্ন, সুতরাং ভগবৎ মহিমা বর্ণনা করিবার যথার্থ উপযুক্ত পাত্র, অতএব অনন্ত লোকের সংসারবন্ধন মুক্তির জন্য যোগবলে ভগবানের বিবিধ লীলা স্মরণ করিয়া কীর্ত্তন কর ।১৩

ভগবল্লীলাভিন্ন অন্য কোন বিষয় তোমার লক্ষ্য হইলে তদ্‌ভিন্ন যাহা কিছু তুমি বলিতে ইচ্ছা করিবে, সেজন্য তোমার বক্তব্যরূপে যে সকল বিভিন্ন বস্তু ও নাম মনে পড়িবে, তাহার দ্বারা তোমার বুদ্ধি এত চঞ্চল হইয়া উঠিবে যে, বায়ুর দ্বারা ইতস্তত বিক্ষিপ্ত নৌকার মত কোন কালেও কোন স্থানে স্থির হইতে পারিবে না ।১৪

আরও দেখ, এক্ষে লোক স্বভাবতই বিষয়ে অনুরক্ত, তাহাদের ধর্ম্মের জন্য তুমি আবার যে নিন্দিত কাম্য কর্ম্ম করিতে আদেশ করিয়াছ, তাহা তোমার অত্যন্ত অন্যায় হইয়াছে, কারণ যাঁহার কথামত কাম্য কর্ম্মকেই প্রধান ধর্ম্ম বলিয়া সাধারণ লোক স্থির করিয়া ফেলিয়াছে সেই কাম্য কর্ম্ম করা উচিত নহে বলিয়া যদি কেহ নিষেধ করে অথবা তুমি নিজেও যদি নিষেধ কর, তাহা আর সত্য বলিয়া লোক বিশ্বাস করিবে না ।১৫

তাহলে সন্ন্যাসী হইয়া জ্ঞান লাভ করাই ত ভাল, ভগবল্লীলা শ্রবণ করিয়া কি হইবে? এইজন্য বলিতেছেন যিনি অত্যন্ত সুদক্ষ লোক তিনিই সন্ন্যাস গ্রহণ করিয়া অনন্ত ও অপরিমিত পরব্রহ্মের আনন্দময় স্বরূপ উপলব্ধি করিতে সক্ষম হন, কিন্তু যিনি আত্মতত্ত্বে অনভিজ্ঞ, অতএব দেহাভিমানী সাধারণ লোক সুতরাং সত্ত্বাদিগুণের দ্বারা নানাবিধ কর্ম্মেই প্রবৃত্তিশীল, সেই

যত্র ক বাভদ্রমভূদমুষ্য কিং
কো বার্থ আপ্তোঽভজতাং স্বধর্ম্মতঃ ॥১৭
তস্যৈব হেতোঃ প্রযতেত কোবিদো
ন লভ্যতে যদ্ ভ্রমতামুপর্য্যধঃ।
তল্লভ্যতে দুঃখবদন্যতঃ সুখং
কালেন সর্ব্বত্র গভীররংহসা ॥১৮

দেহাদৌ আত্মাভিমানিনঃ) অতএব গুণৈঃ গুণকার্য্য-সত্ত্বাদিভিঃ প্রবর্ত্তমানস্য জনস্য পরমসুখায় হরেঃ চেষ্টিতং লীলাং দর্শয় বর্ণয় ॥১৬

স্বধর্ম্মং বর্ণাশ্রমপ্রোক্তং ত্যক্ত্বা হরেঃ চরণাম্বুজং ভজন্ সন্ অথ যদি অপক্কঃ ভজনা পরিপক্কঃ ভগবৎ-প্রাপ্তযোগ্যঃ এব পতেৎ ম্রিয়েত, ততশ্চ যত্র ক্বাপি অবস্থায়াম্ অমুষ্য কিমভদ্রং ভবেৎ ? ন ইত্যর্থঃ। যতোঽভজতাং স্বধর্ম্মতঃ কো বা অর্থঃ আপ্তঃ প্রাপ্তঃ ! ন কোঽপীত্যর্থঃ ॥১৭

অতএব কোবিদঃ বিবেকী তস্য ভগবদ্ভক্তি-সুখার্থমেব প্রযতেত যত্নং কুর্য্যাৎ, যৎ উপরি ব্রহ্মলোকপর্য্যন্তম্, অধঃ স্থাবরপর্য্যন্তং চ ভ্রমতাং ভ্রমদ্ভির্জীবৈঃ ন লভ্যতে। তত্তু বিষয়সুখং গভীর-

ব্যক্তির জন্য তুমি ভগবল্লীলা প্রচার কর, তুমি এ বিষয়ে সুদক্ষ ।১৬

কোন লোক স্বজাতীয় ধর্ম্ম ত্যাগ করিয়া ভগবদ্ভক্তি করিতে করিতে যদি সিদ্ধি লাভ না করিয়াই মৃত্যুমুখে পতিত হয় অথবা অন্য কোন কারণে সাধনা হইতে বিচ্যুত হয়, তাহলে কোন নীচজাতিতেও এই ভগবদ্-ভক্তের কোন অমঙ্গল হইবে কি ? নিশ্চয় হইবে না। আর ভক্তি না করিয়া কেবল স্বধর্ম্ম করিলেই বা কি পুরুষার্থ লাভ হয় ।১৭

উপরে সত্যলোক পর্য্যন্ত এবং নিম্নে স্থাবরযোনি পর্য্যন্ত ভ্রমণ করিতে করিতে লোকে যাহা পায় না, বুদ্ধিমান্ লোক তাহার জন্যই যত্নবান্ হইবেন। দুঃখ যেমন পূর্বজন্মের কর্ম্মবশতঃ আপনিই উপস্থিত হয়, সেইরূপ

ন বৈ জনো জাতু কথঞ্চনাব্রজে-
মুকুন্দসেব্যন্যবদঙ্গ সংসৃতিম্।
স্মরন্ মুকুন্দাঙ্ঘ্র্যুপগূহনং পুন-
র্বিহাতুমিচ্ছেন্ন রসগ্রহো জনঃ ॥১৯
ইদং হি বিশ্বং ভগবানিবেতরো
যতো জগৎস্থাননিরোধসম্ভবাঃ।

রংহসা অব্যক্তবেগেন কালেন দুঃখবদন্যতঃ প্রাচীন-কর্ম্মণা এব সর্ব্বত্র নরকাদৌ অপি লভ্যতে অযত্ন-সিদ্ধমেব ॥১৮

হে অঙ্গ ! মুকুন্দসেবী জনঃ জাতু কদাচিৎ কথঞ্চন বিঘ্নান্তরাক্ষিপ্তচিত্ত নিকৃষ্টযোনিগতোঽপি অন্যবৎ কর্ম্মিজনবৎ বৈ প্রসিদ্ধে সংসৃতিং সংসারং নাব্রজেৎ ; যতোঽয়ং রসগ্রহঃ প্রেমালোড়িতঃ জনঃ মুকুন্দাঙ্ঘ্র্যুপগূহনং মুক্তিদাতুঃ চরণস্পর্শজং সুখং স্মরন্ পুনঃ বিহাতুং ন ইচ্ছেৎ ॥১৯

হি যস্মাদিদং বিশ্বং ভগবানিব সদানন্দরূপমিব ন তু সাক্ষাৎ ভগবানেব স্যাৎ, যতো ভগবান্ বিশ্বস্মাৎ ইতরঃ বিলক্ষণঃ যতঃ মায়াশক্তিমতঃ সকাশাৎ জগতঃ স্থাননিরোধসম্ভবাঃ পালননাশোৎপত্তয়ঃ

প্রচণ্ড শক্তিশালী কালের প্রভাবে পূর্ব্বকর্ম্মবশতই সুখ আসিয়া থাকে ।১৮

হরিপরায়ণ ব্যক্তি কখনও এমন কি নিম্নজাতিতে জন্ম গ্রহণ করিয়াও কর্ম্মযোগীর মত পুনর্ব্বার সংসারে আবিষ্ট হন না ; কারণ, ভগবৎ-পাদপদ্মমকরন্দরসাস্বাদন করিয়া তিনি কখনই তাহা ভুলিতে পারেন না, অতএব পূর্ব্বজন্মের প্রবণ হরিভক্তির সংস্কারবশতঃ বর্ত্তমান জন্মেও তিনি অজ্ঞাতসার ভক্তিরসের আবেশেই নিবিষ্ট হইয়া পড়েন ।১৯

এখন বলা হইতেছে ভগবান্ কে ? তাঁহার লীলাই বা কি ? ইত্যাদি। এই জগৎ ভগবান্ হইতে ভিন্ন নহে, কিন্তু ভগবান্ জগৎ হইতে ভিন্ন ; কারণ ভগবান্ হইতেই জগতের সৃষ্টি, স্থিতি ও প্রলয় হয়। তাহা তুমি

তদ্ধি স্বয়ং বেদ ভবাংস্তথাপি তে
প্রাদেশমাত্রং ভবতঃ প্রদর্শিতম্ ॥২০
ত্বমাত্মনাত্মানমবেহ্যমোঘদৃক্
পরস্য পুংসঃ পরমাত্মনঃ কলাম্।
অজং প্রজাতং জগতঃ শিবায় তৎ-
মহানুভাবাভ্যুদয়োঽধিগণ্যতাম্ ॥২১
ইদং হি পুংসস্তপসঃ শ্রুতস্য বা
স্বিষ্টস্য সূক্তস্য চ বুদ্ধিদত্তয়োঃ।
অবিচ্যুতোঽর্থঃ কবিভির্নিরূপিতো
যদুত্তমঃশ্লোকগুণানুবর্ণনম্ ॥২২

অহং পুরাতীতভবেঽভবং মুনে
দাস্যাশ্চ কস্যাশ্চন বেদবাদিনাম্।
নিরূপিতো বালক এব যোগিনাং
শুশ্রূষণে প্রাবৃষি নির্বিবিক্ষতাম্ ॥২৩
তে ময্যপেতাখিলচাপলেঽর্ভকে
দান্তেঽধৃতক্রীড়নকেঽনুবর্তিনি।
চক্রুঃ কৃপাং যদ্যপি তুল্যদর্শনাঃ
শুশ্রূষমাণে মুনয়োঽল্পভাষিণি ॥২৪
উচ্ছিষ্টলেপাননুমোদিতো দ্বিজৈঃ
সকৃৎ স্ম ভুঞ্জে তদপাস্তকিল্বিষঃ।

ভবন্তি। তৎসর্ব্বং ভবান্ ভগবতোঽংশত্বাৎ স্বয়ং বেদ। তথাপি সর্ব্বজ্ঞস্যাপি ভবতঃ পরিতোষার্থং তে তুভ্যং প্রাদেশমাত্রং বিতস্তিপরিমিতমেকদেশমাত্রং প্রদর্শিতম্ ॥২০

হে অমোঘদৃক্! ত্বম্ আত্মনা স্বয়মাত্মানং পরস্য পরমাত্মনঃ পুংসঃ কলামংশভূতম্ অবেহি অনুসন্ধেহি। পুনশ্চ জগতঃ শিবায় (শ্রীকৃষ্ণরূপেণ) প্রজাতম্ অজং হরিম্ অবেহি। তৎ তস্মাৎ স্বয়ং জ্ঞাত্বা মহানুভাবস্য অবতারশিরোমণেঃ শ্রীকৃষ্ণস্য অভ্যুদয়ো লীলাঃ অধি অধিকং গণ্যতাং নিরূপ্যতাম্ ॥২১

পুংসঃ ইদং যৎ উত্তমঃশ্লোকগুণানুবর্ণনমেব হি নিশ্চিতং তপসঃ শ্রুতস্য শাস্ত্রশ্রবণস্য স্বিষ্টস্য শোভনযোজনস্য সূক্তস্য প্রবচনস্য অধ্যয়নস্য বুদ্ধিদত্তয়োঃ জ্ঞানস্য দানস্য চ অবিচ্যুতঃ নিত্যঃ অর্থঃ ফলমিতি কবিভিঃ নিরূপিতঃ ॥২২

হে মুনে! অহং পুরা পূর্বকল্পে অতীতভবে প্রাগ্‌জন্মনি বেদবাদিনাং কস্যাশ্চন দাস্যাঃ গর্ভে জাতঃ প্রাবৃষি বর্ষাসু, নির্বিবিক্ষতাম্ একত্রবাসং কর্তুমিচ্ছতাং যোগিনাং শুশ্রূষণে নিরূপিতঃ এব বালকঃ আসম্ ॥২৩

যদ্যপি তুল্যদর্শনাস্তে মুনয়ঃ অপেতাখিলচাপলে বালোচিতচাঞ্চল্যবর্জিতে দান্তে জিতেন্দ্রিয়ে, অধৃতক্রীড়নকে ত্যক্তক্রীড়নকে অনুবর্তিনি আজ্ঞানুসারিণি অল্পভাষিণি শুশ্রূষমাণে ময়ি কৃপাং চক্রুঃ ॥২৪

দ্বিজৈঃ অনুমোদিতঃ সন্ উচ্ছিষ্টলেপান্

দ্বিজেই জান, তথাপি তোমাকে সামান্য কিছু বলিয়া দিলাম; কারণ, গুরুর উপদেশ ভিন্ন জ্ঞান হয় না ।২০

অব্যর্থ জ্ঞানসম্পন্ন হে বেদব্যাস! স্বয়ং পরমেশ্বরই তবে জগতের কল্যাণের জন্য জন্মগ্রহণ করিয়াছ জানিবে, কারণ তুমি পরমপুরুষ পরমাত্মার অংশ; অতএব ভগবানের মহিমা অতিশয় প্রচার কর ।২১

ভগবানের লীলাবর্ণন করাই মানুষের তপস্যা, শাস্ত্র অধ্যয়ন, উত্তমরূপে নির্ব্বাহ করা যজ্ঞ, সত্য কথা, জ্ঞান ও দানের অক্ষয় ফল—ইহা পণ্ডিতগণ সকলে স্থির করিয়াছেন ।২২

আমি পূর্ব্বকল্পে পূর্ব্বজন্মে বেদজ্ঞ ব্রাহ্মণের কোন দাসীর পুত্র হইয়া জন্মগ্রহণ করিয়াছিলাম এবং ঋষিগণ বর্ষাকালে (বনত্যাগ করিয়া সেই ব্রাহ্মণের বাড়ীতে) যখন একত্র বাস করিতেছিলেন, তখন তাঁহাদের সেবা করিবার জন্য আমি বাল্যকালেই নিযুক্ত হইয়াছিলাম ।২৩

এবং প্রবৃত্তস্য বিশুদ্ধচেতস-
স্তদ্ধর্ম্ম এবাত্মরুচিঃ প্রজায়তে ॥২৫
তত্রাহ্মহং কৃষ্ণকথাঃ প্রগায়তা-
মনুগ্রহেণাশৃণবং মনোহরাঃ।
তাঃ শ্রদ্ধয়া মেঽনুপদং বিশৃণ্বতঃ
প্রিয়শ্রবস্যঙ্গ মমাভবদ্রুচিঃ ॥২৬
তস্মিংস্তদা লব্ধরুচের্মহামতে
প্রিয়শ্রবস্যস্খলিতা মতির্মম।
যয়াহমেতৎ সদসৎ স্বমায়য়া
পশ্যে ময়ি ব্রহ্মণি কল্পিতং পরে ॥২৭

ভোজনাবশিষ্টপাত্রসংলগ্নম্ অন্নাদিকং সকৃৎ একবারং ভুক্তে স্ম, তদপাস্তকিল্বিষঃ তেন নিষ্পাপঃ জাতোঽহম্। এবং প্রবৃত্তস্য অথ বিশুদ্ধচেতসঃ মে তদ্ধর্ম্মে এব আত্মরুচিঃ প্রজায়তে স্ম ॥২৫

তত্র অন্নহং কৃষ্ণকথাঃ প্রগায়তাং বিপ্রাণা-মনুগ্রহেণ মনোহরাঃ তাঃ কৃষ্ণকথাঃ অহমশৃণবম্; এবং শ্রদ্ধয়া মে প্রিয়শ্রবসঃ হরেঃ তাঃ কথাঃ অনুপদং প্রত্যেকপদং বিশৃণ্বতঃ মম তস্মিন্ প্রিয়শ্রবসি কৃষ্ণে রতিঃ ভক্তির্মতিশ্চ অভবৎ ॥২৬

হে মহামতে! তদা তস্মিন্ প্রিয়শ্রবসি অচ্যুতে মম অস্খলিতা অচ্যুতা মতিঃ অভবৎ। যয়া মত্যা অহমেতৎ পরিদৃশ্যমানং সদসৎ (সমষ্টিব্যষ্টিরূপং কার্য্যকারণং) স্বমায়য়া যোগমায়য়া পরে ব্রহ্মণি

আমি বালকের স্বভাবসিদ্ধ চাঞ্চল্য, অপ্রয়োজনীয় বস্তুতে স্পৃহা ও খেলাধূলা ত্যাগ করিয়াছিলাম এবং অনুগত হইয়া তাঁহাদের সেবা করিতাম ও অল্প কথা বলিতাম, সেইজন্য তাঁহারা সকলের প্রতি সমদর্শী হইলেও আমার প্রতি কৃপা করিয়াছিলেন ।২৪

সেই ব্রাহ্মণগণের অনুমতি অনুসারে আমি তাঁহাদের ভোজনপাত্রের অবশিষ্ট অন্ন একবার মাত্র ভোজন করিতাম, এইরূপে ঋষিদিগের সেবায় আত্মনিয়োগ করিয়া আমার মন পবিত্র হইয়া গিয়াছিল, তখন

ইত্থং শরৎপ্রাবৃষিকাবৃতূ হরে-
র্বিশৃণ্বতো মেঽনুসবং যশোঽমলম্।
সঙ্কীর্ত্যমানং মুনিভির্মহাত্মভি-
র্ভক্তিঃ প্রবৃত্তাত্মরজস্তমোপহা ॥২৮
তস্যৈবং মেঽনুরক্তস্য প্রশ্রিতস্য হতৈনসঃ।
শ্রদ্দধানস্য বালস্য দান্তস্যানুচরস্য চ ॥২৯
জ্ঞানং গুহ্যতমং যত্তৎ সাক্ষাদ্ ভগবতোদিতম্।
অন্ববোচন্ গমিষ্যন্তঃ কৃপয়া দীনবৎসলাঃ ॥৩০
যেনৈবাহং ভগবতো বাসুদেবস্য বেধসঃ।
মায়ানুভাবমবিদং যেন গচ্ছন্তি তৎপদম্ ॥৩১

কল্পিতং, তথা সদসৎ ব্যষ্টিরূপং স্থূলং সূক্ষ্মঞ্চ শরীরং স্বমায়য়া স্বীয়াবিদ্যয়া ময়ি নিত্যমুক্তস্বরূপে গুণাতীতে সাক্ষীভূতে আত্মনি কেবলং কল্পিতং ন তু বস্তুতঃ অস্তীতি অহং পশ্যে ॥২৭

ইত্থং শরৎপ্রাবৃষিকৌ ঋতূ ঋতুদ্বয়ং ব্যাপ্য মহাত্মভিঃ মুনিভিঃ সংকীর্ত্যমানং হরেঃ অমলং যশঃ অনুসবং প্রতিকালং বিশৃণ্বতঃ মে আত্মনঃ জীবাত্মনঃ রজস্তমোপহা ভক্তিঃ প্রবৃত্তা নদীব প্রকর্ষেণ বর্দ্ধমানা অভূদিত্যর্থঃ ।২৮

তস্য পূর্ব্বোক্তস্য এবম্ভূতস্য অনুরক্তস্য প্রশ্রিতস্য হতৈনসঃ বিগতপাপস্য শ্রদ্দধানস্য দান্তস্য অনুচরস্য বালস্য মে ॥২৯

তৎস্থানাদ্ গমিষ্যন্তঃ গন্তুমিচ্ছন্তঃ দীনবৎসলাঃ

তাঁহাদের ধর্ম্ম হরিভক্তিতেই আমার মনের অভিলাষ হইয়াছিল ।২৫

তাঁহারা প্রত্যহ সেইস্থানে মধুর কৃষ্ণকথা গান করিতেন এবং তাঁহাদের অনুগ্রহে আমি তাহা শ্রবণ করিতাম এবং তাহাতে আমার স্বাভাবিক শ্রদ্ধা জন্মিয়াছিল, সেই শ্রদ্ধার সহিত প্রত্যেক কথাটি যত্নপূর্ব্বক শ্রবণ করিতে করিতে মধুর কীর্ত্তিশালী ভগবানে আমার অনুরাগ জন্মিয়াছিল ।২৬

হে মহামতি বেদব্যাস! তখন মধুরকীর্ত্তিশালী

এতৎ সংসূচিতং ব্রহ্মংস্তাপত্রয়চিকিৎসিতম্।
যদীশ্বরে ভগবতি কর্ম ব্রহ্মণি ভাবিতম্ ॥৩২
আময়ো যশ্চ ভূতানাং জায়তে যেন সুব্রত।
তদেব হ্যামযং দ্রব্যং ন পুনাতি চিকিৎসিতম্ ॥৩৩

এবং নৃণাং ক্রিয়াযোগাঃ সর্বে সংসৃতিহেতবঃ।
ত এবাত্মবিনাশায় কল্পন্তে কল্পিতাঃ পরে ॥৩৪
যদত্র ক্রিয়তে কর্ম ভগবৎপরিতোষণম্।
জ্ঞানং যত্তদধীনং হি ভক্তিযোগসমন্বিতম্ ॥৩৫

ঋষয়ঃ সাক্ষাদ্ ভগবতা নারায়ণেন উদিতং কথিতং যদ্ গুহ্যতমং জ্ঞানং তৎকৃপয়া অন্ববোচন্ উপদিষ্টবন্তঃ ॥৩০

যেনৈব স্বৎপদার্থজ্ঞানেন ভগবতঃ ষড়ৈশ্বর্য্যবতঃ বেধসঃ মায়াপ্রবর্ত্তকস্য বাসুদেবস্য মায়ানুভাবম্ (মায়ায়াঃ ত্রিগুণশক্তেশ্চ অনুভাবং মাহাত্ম্যং কার্য্যম্) অবিদং যেন জ্ঞানেন তৎপদং ব্রহ্মপদং গচ্ছন্তি ॥৩১

হে ব্রহ্মন্! ঈশ্বরে ভগবতি ব্রহ্মণি ভাবিতম্ অর্পিতং যৎ কর্ম তদেব তাপত্রয়চিকিৎসিতম্

ভগবানে অনুরাগসম্পন্ন আমার বুদ্ধি তাঁহাতে অবিচ্ছিন্ন হইয়া গিয়াছিল। যে বুদ্ধির দ্বারা দেখিতে পাইলাম—পরম ব্রহ্ম আমাতে মায়ার দ্বারা স্থূল ও সূক্ষ্মদেহ কল্পিত হইয়াছে ।২৭

এইরূপে মুনিগণ বর্ষাকাল ও শরৎকালে ত্রিসন্ধ্যায় হরির নির্ম্মল লীলা কীর্ত্তন করিতেন এবং তাহা শুনিতে শুনিতে আমার প্রগাঢ় ভক্তির উদয় হইয়াছিল, যে ভক্তির দ্বারা ভক্তের রজোগুণ ও তমোগুণ বিনষ্ট হইয়া যায় ।২৮

এইরূপে আমি ভগবানে অনুরক্ত বিনীত নিষ্পাপ ব্রহ্মচারী সংযত ও তাঁহাদের অনুগত হইয়াছিলাম ।২৯

স্নেহবশ ঋষিগণ যাইবার সময় কৃপা করিয়া আমাকে অত্যন্ত গোপনীয় ও জ্ঞান-বিজ্ঞানপূর্ণ এই শ্রীমদ্ভাগবত উপদেশ করিয়াছিলেন, পূর্ব্বে সাক্ষাৎ নারায়ণ যাহা ব্রহ্মাকে বলিয়াছিলেন ।৩০

যে শাস্ত্রের দ্বারাই আমি ভগবান্ বাসুদেবের মায়ার প্রভাব জানিতে পারিয়াছিলাম যাহার দ্বারা ভক্ত ভগবদ্ধামে গমন করেন ।৩১

হে ব্রাহ্মণ! আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক এই তিন প্রকার দুঃখের ঔষধ সেই কর্ম্মও

আধ্যাত্মিকাধিদৈবিকাধিভৌতিকদুঃখত্রয়স্য নির্ম্মূলনম্ ইতি, এতৎ সংসূচিতমবান্তরেণোক্তম্ ॥৩২

হে সুব্রত! ভূতানাং যশ্চ আময়ঃ রোগঃ যেন দ্রব্যেণ জায়তে, তদেব দ্রব্যং পুনঃ চিকিৎসিতং দ্রব্যান্তরেণ মিশ্রিতং সৎ আময়ং হি যতঃ পুনাতি নাশয়তি ॥৩৩

এবং তে এব সংসৃতিহেতবঃ বন্ধহেতবঃ ক্রিয়াযোগাঃ পরে পরমাত্মনি কল্পিতাঃ অর্পিতাঃ সন্তঃ

বলিয়া দিয়াছিলেন,—যে কর্ম্ম বিশ্বের শাসনকর্ত্তা সর্ব্বশক্তিমান্ পরমেশ্বরে সমর্পণ করিয়া করা হয় ।৩১

হে সৎকর্ম্মশীল! হে ব্রাহ্মণ! যে দ্রব্যের ব্যবহারে প্রাণীদিগের যে রোগ উৎপন্ন হয়, সেই দ্রব্যেই সেবনে কিন্তু সেই রোগের প্রতিকার হয় না, অন্য দ্রব্যের ভাবনা দিলে কিন্তু সেই দ্রব্যই সেই রোগকে নিবারণ করে ।৩৩

এইরূপ সমস্ত কর্ম্মই মনুষ্যগণের সংসার বন্ধনের হেতু হয় বটে, কিন্তু সেই কর্ম্মগুলি যদি ভগবানে সমর্পণ করা হয়, তাহলে কর্ম্মবন্ধন নিবারণের হেতু হইয়া থাকে। যেমন দেখুন অবিশুদ্ধ পারদ সেবন করিলে মানুষের গুরুতর সর্ব্বনাশ হয়, কিন্তু অন্যান্য দ্রব্যের সংমিশ্রণে বৈজ্ঞানিক প্রক্রিয়ায় পাক করিলে অর্থাৎ মকরধ্বজে পরিণত হইলে, সেই পারদই তখন প্রাণ বিনাশ না করিয়া মুমূর্ষু ব্যক্তিরও প্রাণদানই করিয়া থাকে ।৩৪

এই কর্ম্মক্ষেত্রে ভগবৎ-প্রীতিসাধনের জন্য যে কর্ম্ম করা হয়, ভক্তিযোগযুক্ত জ্ঞানটি তাহার অধীন। অর্থাৎ নিষ্কাম কর্ম্ম হইতেই ভক্তি যুক্ত জ্ঞান হইয়া থাকে ।৩৫

কুর্বাণা যত্র কর্ম্মাণি ভগবচ্ছিক্ষয়াসকৃৎ।
গৃণন্তি গুণনামানি কৃষ্ণস্যানুস্মরন্তি চ ॥৩৬

ওঁ নমো ভগবতে তুভ্যং বাসুদেবায় ধীমহি।
প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় নমঃ সঙ্কর্ষণায় চ ॥৩৭

ইতি মূর্ত্যভিধানেন মন্ত্রমূর্তিমমূর্তিকম্।
যজতে যজ্ঞপুরুষং স সম্যগ্ দর্শনঃ পুমান্ ॥৩৮

ইমং স্বনিগমং ব্রহ্মন্নবেত্য মদনুষ্ঠিতম্।
অদাম্মে জ্ঞানমৈশ্বর্য্যং স্বস্মিন্ ভাবঞ্চ কেশবঃ ॥৩৯

আত্মবিনাশায় কর্ম্মনিবৃত্তয়ে মোক্ষায় কল্পন্তে প্রভবন্তি ॥৩৪

যদ্ ভক্তিযোগসমন্বিতং মোক্ষদায়কং জ্ঞানম্ ইতি তদপি তৎ কর্ম্মাধীনং যৎকর্ম্ম ভগবৎপরিতোষণং কর্ম্ম ইতি ক্রিয়তে ॥৩৫

যত্র যদা ভগবচ্ছিক্ষয়া "যৎকরোষি যদশ্নাসীতি" গীতাদ্যুক্তয়া শিক্ষয়া কর্ম্মাণি অসকৃৎ কুর্ব্বাণাঃ ভবন্তি, তদা তে কৃতিনঃ কৃষ্ণস্য গুণনামানি গৃণন্তি অনুস্মরন্তি চ ॥৩৬

ওঁ নমো ভগবতে তুভ্যং বাসুদেবায় ধীমহি প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় নমঃ সঙ্কর্ষণায় চ ইতি ॥৩৭

মূর্ত্যভিধানেন স্বয়ং তু অমূর্তিকং কেবলং মন্ত্র-

যখন লোক ভগবানের শিক্ষানুসারে পুনঃ পুনঃ নিষ্কাম কর্ম্ম করিতে থাকেন তখন তিনি ভগবানের লীলা ও নাম কীর্ত্তন করিতে প্রবৃত্ত হন এবং কৃষ্ণকে সর্ব্বদা চিন্তা করিতে থাকেন অর্থাৎ ঐরূপ কর্ম্ম হইতে ভগবানে ভক্তি হইয়া থাকে।৩৬

তুমিই ভগবান্ বাসুদেব, তোমাকে মনে মনে প্রণাম করিতেছি এবং প্রদ্যুম্ন, অনিরুদ্ধ ও সঙ্কর্ষণকেও মনে মনে প্রণাম করিতেছি, এই প্রকারে মূর্ত্তির নাম উল্লেখ করিয়া যিনি যজ্ঞপুরুষকে পূজা করেন, তিনি ব্রহ্মতত্ত্ব দর্শন করিতে সক্ষম হন। মন্ত্রে যে মূর্ত্তির নির্দ্দেশ করা হইল, তাহাই তাহার মূর্ত্তি, তদ্ভিন্ন অন্য কোন মূর্ত্তি নাই।৩৭-৩৮

ত্বমপ্যদভ্রশ্রুতবিশ্রুতং বিভো
সমাপ্যতে যেন বিদাং বুভুৎসিতম্।
প্রখ্যাহি দুঃখৈর্মুহুরর্দ্দিতাত্মনাং
সংক্লেশনির্বাণমুশন্তি নান্যথা ॥৪০

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং প্রথমস্কন্ধে ব্যাসনারদ-সংবাদে পঞ্চমঃ অধ্যায়ঃ ॥

মূর্ত্তিকং যজ্ঞপুরুষং বিষ্ণুং যঃ পুমান্ যজতে, সএব সম্যগ্ দর্শনঃ জ্ঞানী ॥৩৮

হে ব্রহ্মন্! ইমং স্বনিগমং (স্বোপদেশং) মদনুষ্ঠিতম্ অবেত্য জ্ঞাত্বা কেশবঃ জ্ঞানম্ ঐশ্বর্য্যং তথা তস্মিন্ ভাবঞ্চ মে মহত্ত্বম্ অদাৎ ॥৩৯

অতঃ হে অদভ্রশ্রুত যশস্বিন্ ব্যাস! ত্বমপি বিভোঃ বিশ্রুতং যশঃ প্রখ্যাহি কথয়, যেন শ্রুতেন বিদাং বিদুষাং বুভুৎসিতং বোদ্ধুমিচ্ছা সমাপ্যতে, অন্যথা মুহুঃ দুঃখৈঃ অর্দ্দিতানাং জনানাং সংক্লেশ-নিবারণং ন উশন্তি মন্যন্তে বিবেকিনঃ ॥৪০

ইতি প্রথমস্কন্ধে শ্রীযুগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে পঞ্চমঃ অধ্যায়ঃ ॥

তাঁহার নিজের এই উপদেশ আমি পালন করিতেছি জানিয়া ভগবান্ আমাকে জ্ঞান (স্বরূপের উপলব্ধি) ঐশ্বর্য্য (অনিমা লঘিমা প্রভৃতি) দান করিয়াছিলেন এবং নিজের প্রতি প্রেমও দান করিয়াছিলেন।৩৯

হে মুনি! তুমিও বহু শাস্ত্রে পারদর্শী, তুমি ভগবানের বিখ্যাত লীলা প্রচার কর; যে লীলা শ্রবণ করিলে জ্ঞানীদিগের জানিবার ইচ্ছা শেষ হইয়া যায়। মনীষিগণ মনে করেন, যে সমস্ত জীব নানাবিধ দুঃখে নিরন্তর নিপীড়িত হইতেছে তাহাদের সেই নিদারুণ কষ্ট নিবৃত্তির ইহাই উপায়, অন্য কোন উপায় নাই।৪০

শ্রীমন্মহর্ষি বেদব্যাস প্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবত মহাপুরাণে প্রথম স্কন্ধে পঞ্চম অধ্যায় সমাপ্ত।

ষষ্ঠঃ অধ্যায়ঃ

[ব্যাসপ্রত্যয়ায় নারদেন নিজপূর্ব্বজন্মনি শ্রীকৃষ্ণসংকীর্ত্তনসম্ভূতসৌভাগ্যবর্ণনম্ ।]

সূত উবাচ ।

এবং নিশম্য ভগবান্ দেবর্ষের্জন্ম কর্ম্ম চ ।
ভূয়ঃ পপ্রচ্ছ তং ব্রহ্মন্ ব্যাসঃ সত্যবতীসুতঃ ॥১

ব্যাস উবাচ ।

ভিক্ষুভির্বিপ্রবসিতে বিজ্ঞানাদেষ্টৃভির্ভবান্ ।
বর্ত্তমানো বয়স্যাদ্যে ততঃ কিমকরোদ্ভবান্ ॥২

স্বায়ম্ভুব কয়া বৃত্ত্যা বর্ত্তিতং তে পরং বয়ঃ ।
কথং বেদমুদব্রাক্ষীঃ কালে প্রাপ্তে কলেবরম্ ॥৩

প্রাক্‌কল্পবিষয়ামেতাং স্মৃতিং তে মুনিসত্তম ।
ন হ্যেষ ব্যবধাৎ কাল এষ সর্ব্বনিরাকৃতিঃ ॥৪

নারদ উবাচ ।

ভিক্ষুভির্বিপ্রবসিতে বিজ্ঞানাদেষ্টৃভির্মম ।
বর্ত্তমানো বয়স্যাদ্যে তত এতদকারষম্ ॥৫

একাত্মজা মে জননী যোষিন্মূঢ়া চ কিঙ্করী ।
ময্যাত্মজেঽনন্যগতৌ চক্রে স্নেহানুবন্ধনম্ ॥৬

সাস্বতন্ত্রা ন কল্পাসীদ্ যোগক্ষেমং মমেচ্ছতী ।
ঈশস্য হি বশে লোকো যোষা দারুময়ী যথা ॥৭

অহঞ্চ তদ্ ব্রহ্মকুলে ঊষিবাংস্তদপেক্ষয়া ।
দিগ্‌দেশকালাব্যুৎপন্নো বালকঃ পঞ্চহায়নঃ ॥৮

সূতঃ উবাচ । হে ব্রহ্মন্ ! সত্যবতীসুতঃ ভগবান্ ব্যাসঃ এবং দেবর্ষেঃ জন্ম কর্ম্ম চ নিশম্য শ্রুত্বা ভূয়ঃ তং পপ্রচ্ছ ॥১

শ্রীব্যাস উবাচ । ভবং বিজ্ঞানাদেষ্টৃভিঃ ভিক্ষুভিঃ বিপ্রবসিতে আদ্যে বয়সি বর্ত্তমানঃ বালকঃ ভবান্ ততঃ কিমকরোৎ ॥২

হে স্বায়ম্ভুব ! তে ত্বয়া পরং বয়ঃ কয়া বিদ্যয়া বর্ত্তিতম্ ইদং দাসীসম্ভবং কলেবরং বা কালে প্রাপ্তে কথম্ উদব্রাক্ষীঃ উৎসৃষ্টবানসি ॥৩

হে মুনিসত্তম ! কথং বা তে প্রাক্‌কল্পবিষয়াম্ এতাং স্মৃতিম্ এষঃ কালঃ ন ব্যবধাৎ খণ্ডিতবান্, যতো হি এষঃ কালঃ সর্ব্বনিরাকৃতিঃ সর্ব্ববিনাশক এব ॥৪

নারদঃ উবাচ । মম বিজ্ঞানাদেষ্টৃভিঃ ভিক্ষুভিঃ বিপ্রবসিতে গমনে কৃতে সতি আদ্যে বয়সি বর্ত্তমানঃ অহং ততঃ এতৎ অকারষম্ কৃতবান্ ॥৫

যোষিৎ মূঢ়া তথা কিঙ্করী একাত্মজা একবৎসা মে জননী অনন্যগতৌ সহায়শূন্যে আত্মজে পুত্রে ময়ি স্নেহানুবন্ধনং চক্রে ॥৬

ষষ্ঠ অধ্যায়

[বেদব্যাসের প্রত্যয়ের জন্য নারদ কর্ত্তৃক কৃষ্ণ সংকীর্ত্তনজনিত পূর্ব্ব জন্মার্জ্জিত স্বীয় সৌভাগ্য বর্ণন ।]

সূত বলিলেন,—হে ব্রাহ্মণ ! দেবর্ষি নারদের এই প্রকার জন্ম ও কর্ম্মবৃত্তান্ত শ্রবণ করিয়া সত্যবতীর পুত্র ভগবান্ বেদব্যাস পুনর্বার নারদকে জিজ্ঞাসা করিলেন ।১

বেদব্যাস বলিলেন, হে নারদ ! যাঁহারা তোমাকে জ্ঞান উপদেশ করিলেন, সেই ভিক্ষু ব্রাহ্মণগণ সে স্থান হইতে বিদেশে চলিয়া গেলে, তাহার পর তুমি বালক কালে কি করিয়াছিলে ? ২

পরবর্ত্তী বয়স কি ভাবে অতিবাহিত করিয়াছিলে এবং মৃত্যুকাল উপস্থিত হইলে কিরূপেই বা এই দাসীপুত্র দেহ ত্যাগ করিয়াছিল ? ৩

হে মুনিশ্রেষ্ঠ ! যে কাল সমস্তই নষ্ট করিয়া দেয়, সেই কাল তোমার কল্পান্তকালের এই স্মরণশক্তিকে নষ্ট করিয়া দেয় নাই কেন ? ৪

নারদ বলিলেন,—আমার জ্ঞানদাতা ভিক্ষু ব্রাহ্মণগণ বিদেশে গমন করিলে, আমি বালককালে ইহা করিয়াছিলাম ।৫

আমার জননীর আমিই একমাত্র পুত্র ছিলাম, তিনি স্ত্রীজাতি অতএব নির্ব্বোধ ছিলেন, তাহার উপর দাসী ছিলেন, এইজন্য তাঁহার একমাত্র অবলম্বন আমার প্রতি স্নেহ-বন্ধন অত্যন্ত অধিক ছিল ।৬

একদা নির্গতাং গেহাদ্ দুহন্তীং নিশি গাং পথি।
সর্পোঽদশৎ পদা স্পৃষ্টঃ কৃপণাং কালচোদিতঃ ॥৯
তদা তদহমীশস্য ভক্তানাং শমভীপ্সতঃ।
অনুগ্রহং মন্যমানঃ প্রাতিষ্ঠং দিশমুত্তরাম্ ॥১০
স্ফীতান্ জনপদাংস্তত্র পুরগ্রামব্রজাকরান্।
খেটখর্বটবাটীশ্চ বনান্যুপবনানি চ ॥১১

অবতন্ত্রা সা মম যোগক্ষেমম্ ইচ্ছতি অপি ন কল্পা সমর্থা আসীৎ। হি যতঃ দারুময়ী যোষা যথা, তথা ঈশ্বস্য বশে লোকঃ বর্ত্ততে ॥৭

অহঞ্চ পঞ্চহায়নঃ পঞ্চবর্ষাত্মকঃ দিগ্‌দেশকালা-বুৎপন্নঃ অনভিজ্ঞঃ বালকঃ তদপেক্ষয়া স্নেহস্যাপেক্ষয়া তদ্‌ব্রহ্মকুলে উষিবান্ বাসং চক্রে ॥৮

একদা গাং দুহন্তীং নিশি গেহাৎ পথি নির্গতাং কৃপণাং তাং মাতরং কালচোদিতঃ কালেন প্রেরিতঃ সর্পং পদা স্পৃষ্টঃ সন্ অদশৎ ॥৯

তদ্ মাতুর্মরণং ভক্তানাং শং কল্যাণম্ অভিপ্সতঃ ঈশস্য অনুগ্রহমেব মন্যমানঃ অহমুত্তরাং দিশং

তিনি আমাকে লালন পালন করিতে অত্যন্ত ইচ্ছুক হইলেও স্বাধীন না হওয়ায় সক্ষম হইতেন না, কারণ কাষ্ঠনির্ম্মিত স্ত্রীমূর্ত্তির মত সমস্ত লোকই ঈশ্বরের অধীন। আমি মাত্র পাঁচ বৎসরের বালক, সুতরাং দিক্, দেশ কাল কিছুই বুঝিতাম না, অতএব সেই ব্রাহ্মণের বাড়ীতেই বাস করিতে থাকিলাম ।৭-৮

একদিন রাত্রিতে গাভী দোহন করিবার জন্য আমার মাতা গৃহ হইতে বাহির হইলে, পথে তাঁহার পদাহত সর্প কালপ্রেরিত হইয়া হতভাগিনী জননীকে দংশন করিল, তিনি মৃত্যুমুখে পতিত হইলেন ।৯

তখন আমি তাহা ভক্তের কল্যাণকামী ভগবানের অনুগ্রহ মনে করিয়া উত্তর দিকে প্রস্থান করিলাম ।১০

সেই দিকে বহু সমৃদ্ধ দেশ, নগর, গ্রাম, গোকুল, বিবিধ রত্নের খনি, কৃষকদিগের বাসস্থান, পর্ব্বতের নিকটবর্ত্তী গ্রাম, পুষ্পোদ্যান, বন ও উপবন (বাগান) সকল

চিত্রধাতুবিচিত্রাদ্রীনিভভগ্নভুজদ্রুমান্।
জলাশয়াঞ্ছিবজলান্ নলিনীঃ সুরসেবিতাঃ ॥১২
চিত্রস্বনৈঃ পত্ররথৈর্বিভ্রমদ্‌ভ্রমরশ্রিয়ঃ।
নলবেণুশরস্তম্বকুশকীচকগহ্বরম্ ॥১৩
এক এবাতিযাতোঽহমদ্রাক্ষং বিপিনং মহৎ।
ঘোরং প্রতিভয়াকারং ব্যালোলুকশিবাজিরম্ ॥১৪

প্রাতিষ্ঠং জগাম ॥১০

তত্র স্ফীতান্ জনপদান্ পুরগ্রামব্রজাকরান্ খেটখর্ব্বটবাটীশ্চ বনানি উপবনানি চ ॥১১

চিত্রধাতুবিচিত্রাদ্রীন্ ইভভগ্নভুজদ্রুমান্ শিবজলান্ জলাশয়ান্ চিত্রস্বনৈঃ বিচিত্রং গায়দ্ভিঃ পত্ররথৈঃ পক্ষিভিঃ বিভ্রমদ্ভ্রমরশ্রিয়ঃ সুরসেবিতাঃ নলিনীঃ, নলবেণুশরস্তম্বকুশকীচকগহ্বরং ব্যালোলুকশিবাজিরং প্রতিভয়াকারং ঘোরং মহৎ বিপিনম্ অতিযাতঃ এক এব অহমদ্রাক্ষম্ ॥১২-১৪

পরিশ্রান্তেন্দ্রিয়াত্মা তট্‌পরিতঃ বুভুক্ষিতোঽহং ন নত্বা হ্রদে স্নাত্বা পীত্বা উপস্পৃষ্টঃ গতশ্রমোঽহম্ ॥১৫

দেখিতে পাইলাম। সুবর্ণ ও রৌপ্যপ্রভৃতি নানাবিধ ধাতুর দ্বারা সুশোভিত পর্ব্বতশ্রেণী ও পর্ব্বতগাত্রে বিশাল বৃক্ষসকল দেখিতে পাইলাম, যাহাদের শাখাগুলিকে বন্য হস্তিগণ ভাঙ্গিয়া দিয়াছে। কোন স্থানে স্বচ্ছ শীতল জলপূর্ণ নদী ও সরোবর দেখিতে পাইলাম, যাহাদের জলে দেবতাগণ স্নানাদি করিয়া পরিতৃপ্ত হইতেন ।১১-১২

যাহাদের তীরে নানাবিধ মধুরকণ্ঠ পক্ষিগণের শব্দে উৎসাহিত হইয়া ভ্রমরগণ ইতস্তত ভ্রমণ করিতেছিল, আমি একাকী সেই স্থান অতিক্রম করিয়া যাইতে যাইতে একটি বিশাল বন দেখিতে পাইলাম, যে বনটি নলবেণু (সূক্ষ্মবংশবিশেষ) শরের ঝাড়, কুশ ও কীচকে (ছিদ্রযুক্ত যে বংশ হইতে বায়ুর আঘাতে বংশীধ্বনি নির্গত হয়) দুর্গম হইয়াছিল এবং ব্যাঘ্রাদি ভীষণ জন্তুগণের বাসস্থান হওয়ায় অতিশয় ভয়ঙ্কর হইয়াছিল ।১৩-১৪

পরিশ্রান্তেন্দ্রিয়াত্মাহং তৃট্‌পরীতো বুভুক্ষিতঃ।
স্নাত্বা পীত্বা হ্রদে নদ্যা উপস্পৃষ্টো গতশ্রমঃ ॥১৫
তস্মিন্ নির্মনুজেঽরণ্যে পিপ্পলোপস্থ আশ্রিতঃ।
আত্মনাত্মানমাত্মস্থং যথাশ্রুতমচিন্তয়ম্ ॥১৬
ধ্যায়তশ্চরণাম্ভোজং ভাবনির্জিতচেতসা।
ঔৎকণ্ঠ্যাশ্রুকলাক্ষস্য হৃদ্যাসীন্মে শনৈর্হরিঃ ॥১৭
প্রেমাতিভরনির্ভিন্নপুলকাঙ্গোঽতিনির্বৃতঃ।
আনন্দসংপ্লবে লীনো নাপশ্যমুভয়ং মুনে ॥১৮

নির্মনুজে জনশূন্যে তস্মিন্ অরণ্যে পিপ্পলোপস্থে অশ্বত্থমূলে আশ্রিতঃ উপবিষ্টঃ সন্ আত্মনা মনসা আত্মস্থং হৃদিস্থম্ আত্মানং পরমাত্মনমহম্ অচিন্তয়ম্ ॥১৬

ভাবনির্জিতচেতসা ভক্ত্যাকৃষ্টচিত্তেন চরণাম্ভোজং ধ্যায়তঃ ঔৎকণ্ঠ্যাশ্রুকলাক্ষস্য প্রেমনির্ভরত্বাদ্ বাষ্পাকুলিতলোচনস্য মে মম হৃদি হরিঃ শনৈঃ আসীৎ প্রাদুর্বভূব ॥১৭

হে মুনে! তদা প্রেমাতিভরনির্ভিন্নপুলকাঙ্গঃ প্রেমাতিরেকেন পুলকিতসর্বাঙ্গঃ অতএব অতিনির্বৃতঃ নিষ্পন্নঃ অহম্ আনন্দসংপ্লবে লীনঃ মগ্নঃ সন্ আনন্দমূর্চ্ছায়াম্ উভয়ম্ আত্মানং পরমাত্মনঞ্চ ন অপশ্যম্ ॥১৮

রূপং ভগবতো যত্তন্মনঃকান্তং শুচাপহম্।
অপশ্যন্ সহসোত্তস্থে বৈক্লব্যাদ্ দুর্মনা ইব ॥১৯
দিদৃক্ষুস্তদহং ভূয়ঃ প্রণিধায় মনো হৃদি।
বীক্ষমাণোঽপি নাপশ্যমবিতৃপ্ত ইবাতুরঃ ॥২০
এবং যতন্তং বিজনে মামাহাগোচরো গিরাম্।
গম্ভীরশ্লক্ষ্ণয়া বাচা শুচঃ প্রশময়ন্নিব ॥২১
হন্তাস্মিন্ জন্মনি ভবান্ মা মাং দ্রষ্টুমিহার্হতি।
অবিপক্বকষায়াণাং দুর্দর্শোঽহং কুযোগিনাম্ ॥২২

মনঃকান্তং প্রিয়তমং শুচাপহং তাপনাশনং যদ্ ভগবতঃ রূপং তৎ অপশ্যন্ সন্ বৈক্লব্যাদ্ দুর্মনাঃ ইব সহসা উত্তস্থে ॥১৯

পুনস্তদ্রূপং দিদৃক্ষুঃ অহং ভূয়ঃ হৃদি মনঃ প্রণিধায় বীক্ষমাণোঽপি ন অপশ্যম্। বৈক্লব্যাৎ তেন অবিতৃপ্তঃ অহমাতুর ইব অভবম্ ॥২০

এবং বিজনে বনে যতন্তং দর্শনায় যত্নং কুর্ব্বন্তং মাং গিরামগোচরঃ সংবেদনস্যাবিষয়ীভূতঃ আকাশবাক্ ঈশ্বরঃ গম্ভীরশ্লক্ষ্ণয়া মধুরয়া বাচা শুচঃ শোকং প্রশময়ন্ ইব আহ ॥২১

হন্ত ভোঃ নারদ! ভবান্ অস্মিন্ জন্মনি ইহ জগতি মা মাং দ্রষ্টুং মা ন অর্হতি যোগ্যঃ ভবতি।

অনেক দূর অতিক্রম করায় আমার ইন্দ্রিয়গণ ও দেহ ক্লান্ত হইয়া পড়িয়াছিল, আমি ক্ষুধা ও পিপাসায় কাতর হইয়া ছিলাম, একটি জলাশয়ে স্নান করিয়া ও সেই জল পান করিয়া এবং নদীর জলে আচমন করিয়া পরিশ্রম দূর করিয়াছিলাম ।১৫

তাহার পর সেই নির্জ্জন বনে অশ্বত্থবৃক্ষের নিকটে বসিয়া পূর্ব্বোক্ত ঋষিগণের মুখে শুনিয়াছিলাম যে, পরমাত্মা হৃদয়ে থাকেন। আমি তাঁহাকে বিশুদ্ধ মনের দ্বারা চিন্তা করিতে লাগিলাম ।১৬

ভক্তিতে আমার মন বশীভূত হইয়া গিয়াছিল, সেই মনের দ্বারা ভগবানের পাদপদ্ম ধ্যান করিতে করিতে উৎকণ্ঠায় আমার চক্ষু অশ্রুতে পরিপূর্ণ হইয়া উঠিল, তখন হরি ধীরে ধীরে আমার হৃদয়ে আবির্ভূত হইলেন ।১৭

অত্যধিক প্রেমে আমার দেহ পুলকিত হইয়া উঠিল, আমি অত্যন্ত সুখী হইলাম। গভীর আনন্দে মগ্ন হইয়া নিজেকেও পরমাত্মাকে দেখিতে পাইলাম না ।১৮

অত্যন্ত মনোভীষ্ট ও সর্ব্বদুঃখ বিমোচন ভগবানের সেইরূপ হঠাৎ দেখিতে না পাইয়া বিহ্বল হইয়া পড়ায় উন্মত্তের মত হইয়া উঠিয়া দাঁড়াইলাম ।১৯

আমি পুনর্বার তাহা দেখিবার জন্য হৃদয়ে মনকে স্থির করিয়া যত্নপরায়ণ হইয়াও দেখিতে পাইলাম না,

সকৃদ্ যদ্দর্শিতং রূপমেতৎ কামায় তেঽনঘ !
মৎকামঃ শনকৈঃ সাধুঃ সর্বান্ মুঞ্চতি হৃচ্ছয়ান্ ॥২৩
সৎসেবয়া দীর্ঘয়াপি জাতা ময়ি দৃঢ়া মতিঃ।
হিত্বাবদ্যমিমং লোকং গন্তা মজ্জনতামসি ॥২৪
মতির্ময়ি নিবদ্ধেয়ং ন বিপদ্যেত কর্হিচিৎ।
প্রজাসর্গনিরোধেঽপি স্মৃতিশ্চ মদনুগ্রহাৎ ॥২৫

এতাবদুক্ত্বোপররাম তন্মহদ্
ভূতং নভোলিঙ্গমলিঙ্গমীশ্বরম্।
অহঞ্চ তস্মৈ মহতাং মহীয়সে
শীর্ষ্ণাবনামং বিদধেঽনুকম্পিতঃ ॥২৬
নামান্যনন্তস্য হতত্রপঃ পঠন্
গুহ্যানি ভদ্রাণি কৃতানি চ স্মরন্।

যতঃ অবিপক্বকষায়াণাম্ অনির্দগ্ধচিত্তমলানাং সুতরাং কুযোগিনামহং দুর্দর্শঃ দ্রষ্টুমশক্যঃ ॥২২

হে অনঘ ! ময়া যৎ এতৎ রূপং সকৃৎ দর্শিতং, তৎ ময়ি তে তব কামায় প্রীতয়ে অনুরাগায় এব, যতঃ মৎকামঃ ময়ি অনুরক্তঃ সাধু সর্ব্বান্ হৃচ্ছয়ান্ বাসনারূপান্ কষায়ান্ শনকৈঃ মুঞ্চতি ত্যজতি ॥২৩

অদীর্ঘয়াপি সৎসেবয়া ময়ি তব দৃঢ়া মতিঃ জাতা মচ্চিন্তনং দৃঢ়মাসীৎ। অতঃ ইমম্ অবদ্যং নিন্দ্যং লোকং দেহগেহাদীন্ হিত্বা মজ্জনতাং মৎপার্ষদতাম্ অসি ত্বং গন্তা গমিষ্যসি ॥২৪

ময়ি নিবদ্ধা ইয়ং মতিঃ কর্হিচিৎ ন বিপদ্যেত ন নশ্যেত, তথা মদনুগ্রহাৎ তে এতজ্জন্মবিষয়া স্মৃতিশ্চ প্রজানাং সর্গে সৃষ্টৌ, নিরোধে প্রলয়ে, অপি ন নঙ্ক্ষ্যতি ॥২৫

তৎ মহদ্ভূতং প্রসিদ্ধং নভোলিঙ্গং শব্দমূর্ত্তিকং তথা চ অলিঙ্গং মূর্ত্তিরহিতম্ ঈশ্বরং নিয়ন্তৃ এতাবদুক্ত্বা উপররাম। তেন অনুকম্পিতঃ সন্ অহঞ্চ মহতাং মহীয়সে, সর্ব্বকর্ত্রে তস্মৈ ঈশ্বরায় শীর্ষ্ণা শিরসা অবনামং প্রণামং বিদধে কৃতবান্ ॥২৬

ততোঽহং হতত্রপঃ ব্যাকুলজ্ঞঃ ইব অনন্তস্য নামানি পঠন্ কীর্ত্তয়ন্ গুহ্যানি ভদ্রাণি মঙ্গলানি কৃতানি চরিতানি চ স্মরন্ গাং পৃথিবীং পর্য্যটন্ তুষ্টমনাঃ গতস্পৃহঃ অমদঃ বিমৎসরঃ সন্ কালং তৎকৃপাবসরং প্রতীক্ষমাণঃ আসম্ ॥২৭

অতএব তৃপ্তিলাভ না করিয়া রোগীব্যক্তির মত মনঃপীড়ায় কাতর হইতে লাগিলাম ।২০

আমি এইরূপ যত্ন করিতে থাকিলে, আমাকে বাক্যের অগোচর ভগবান্ গম্ভীর অথচ মধুর বাক্যে যেন দুঃখ নিবারণ করিবার জন্যই বলিতে লাগিলেন ।২১

দুঃখের বিষয়, এই জন্মে তুমি আর আমাকে দেখিতে পাইবে না। যাহাদের কাম ক্রোধ প্রভৃতি চিত্তমল বিনষ্ট হয় নাই, সেই অপক্ক যোগিগণ আমাকে দেখিতে পায় না ।২২

একবার যে তোমাকে আমার রূপ দেখাইলাম—ইহা আমার প্রতি প্রীতি হইবার জন্য। আমার প্রতি অনুরক্ত সাধুব্যক্তি ধীরে ধীরে সমস্ত কামনাই ত্যাগ করিয়া থাকেন ।২৩

তুমি অল্পদিন সাধুসেবা করিলেও তাহার দ্বারাই তোমার আমাতে দৃঢ় নিষ্ঠা হইয়াছে, ইহারই ফলে তুমি এই নিন্দনীয় দেহ ত্যাগ করিয়া আমার পার্ষদ হইবে ।২৪

আমাতে তোমার যে বুদ্ধি সংলগ্ন হইয়াছে—ইহা কখনও নষ্ট হইবে না এবং প্রাণীদিগের সৃষ্টি ও প্রলয় হইলেও আমার অনুগ্রহে তোমার ইহার স্মৃতি কখনও নষ্ট হইবে না ।২৫

এই পর্য্যন্ত বলিয়াই সেই পরমেশ্বর নিবৃত্ত হইলেন, তখন তাঁহার মূর্ত্তি আকাশেই ছিল এবং নিকটে থাকিলেও তাঁহাকে দেখিতে পাওয়া যায় নাই। আমি এইরূপে অনুগৃহীত হইয়া অনন্ত অপরমেয় সেই ভগবান্‌কে মস্তকের দ্বারা প্রণাম করিলাম ।২৬

তাহার পর আমি লজ্জা ত্যাগ করিয়া অনন্ত ভগবানের নাম কীর্ত্তন করিয়া এবং দুর্জ্ঞেয় মঙ্গলময় লীলা

গাং পর্য্যটংস্ত্বষ্টমনা গতস্পৃহঃ
কালং প্রতীক্ষন্নমলো বিমৎসরঃ ॥২৭
এবং কৃষ্ণমতের্ব্রহ্মন্নাসক্তস্যামলাত্মনঃ।
কালঃ প্রাদুরভূৎ কালে তড়িৎ সৌদামনী যথা ॥২৮
প্রযুজ্যমানে ময়ি তাং শুদ্ধাং ভাগবতীং তনুম্।
আরব্ধকর্মনির্বাণো ন্যপতৎ পাঞ্চভৌতিকঃ ॥২৯
কল্পান্ত ইদমাদায় শয়ানেঽম্ভস্যুদন্বতঃ।
শিশয়িষোরনুপ্রাণং বিবিশেঽন্তরহং বিভোঃ ॥৩০

হে ব্রহ্মন্! এবমনাসক্তস্য অমলাত্মনঃ কৃষ্ণমতেঃ মম তড়িৎ সৌদামিনী যথা তথা কালে স্বাবসরে কালঃ মৃত্যুঃ প্রাদুরভূৎ ॥২৮

ততঃ তাং প্রতিশ্রুতাং শুদ্ধাং সত্ত্বময়ীং ভাগবতীং পার্ষদরূপাং তনুং প্রতি ভগবতা ময়ি প্রযুজ্যমানে নীয়মানে সতি মম আরব্ধকর্ম্মনির্ব্বাণঃ প্রারব্ধকর্ম্মাবসানঃ পাঞ্চভৌতিকঃ দেহঃ ন্যপতৎ পপাত ॥২৯

কল্পান্তে ইদং বিশ্বমাদায় উদন্বতঃ একার্ণবস্য অম্ভসি শয়ানে শিশয়িষোঃ বিভোঃ ব্রহ্মণঃ অন্তঃ মধ্যমহম্ অনুপ্রাণং নিশ্বাসেন সহ বিবিশে প্রাবিশম্ ॥৩০

পুনঃ সহস্রযুগপর্য্যন্তে কল্পাদৌ উত্থায় ইদং

স্মরণ করত সর্ব্বত্র বিরক্ত হইয়া সন্তুষ্টচিত্তে পৃথিবীতে বিচরণ করিতে থাকিলাম এবং গর্ব্বিত ও পরশ্রীকাতরতা পরিহার করিয়া কালের অপেক্ষা করিতে লাগিলাম ।২৭

হে ব্রাহ্মণ! আমি এইরূপে আসক্তশূন্য ও নির্ম্মলচিত্ত হইয়া কৃষ্ণনিষ্ঠ হইয়া থাকিলাম। তাহার পর সময় হইলে মালাকৃতি বিদ্যুতের ন্যায় হঠাৎ মৃত্যু আসিয়া উপস্থিত হইল ।২৮

পূর্ব্বে প্রতিশ্রুত ভগবানের পার্ষদরূপ বিশুদ্ধ সত্ত্বময় দেহের জন্য আমাকে লইয়া গেলে, আরব্ধকর্ম্মের শেষ ফল পঞ্চভূত হইতে উৎপন্ন সেই দেহ পতিত হইয়া রহিল ।২৯

তাহার পর প্রলয়কাল উপস্থিত হইলে ভগবান্ সমস্ত জগৎকে প্রলয় করিয়া সমুদ্রের জলে শয়ন করিলে,

সহস্রযুগপর্য্যন্তে উত্থায়েদং সিসৃক্ষতঃ।
মরীচিমিশ্রা ঋষয়ঃ প্রাণেভ্যোঽহঞ্চ জজ্ঞিরে ॥৩১
অন্তর্বহিশ্চ লোকাংস্ত্রীন্ পর্য্যোম্যস্কন্দিতব্রতঃ।
অনুগ্রহান্মহাবিষ্ণোরবিঘাতগতিঃ ক্বচিৎ ॥৩২
দেবদত্তামিমাং বীণাং স্বরব্রহ্মবিভূষিতাম্।
মূর্চ্ছয়িত্বা হরিকথাং গায়মানশ্চরাম্যহম্ ॥৩৩
প্রগায়তঃ স্ববীর্য্যাণি তীর্থপাদঃ প্রিয়শ্রবাঃ।
আহূত ইব মে শীঘ্রং দর্শনং যাতি চেতসি ॥৩৪

সিসৃক্ষতঃ সৃষ্টুমিচ্ছতঃ ব্রহ্মণঃ প্রাণেভ্যঃ মরীচিমিশ্রা ঋষয়ঃ জজ্ঞিরে, অহঞ্চ জাতঃ ॥৩১

সোঽহম্ মহাবিষ্ণোঃ অনুগ্রহাৎ অস্কন্দিতব্রতঃ নিশ্চলভগবদ্ভক্তিনিয়মঃ ক্বচিৎ বৈকুণ্ঠাদৌ অপি অবিঘাতগতিঃ অকুণ্ঠগতিঃ সন্ ত্রীন্ লোকান্ তেষাম্ অন্তর্বহিশ্চ পর্য্যোমি পর্য্যটামি ॥৩২

স্বরব্রহ্মবিভূষিতাং দেবদত্তাম্ ইমাং বীণাং মূর্চ্ছয়িত্বা বাদয়ন্ হরিকথাং গায়মানঃ অহং চরামি ॥৩৩

তীর্থপাদঃ প্রিয়শ্রবাঃ ভগবান্ বিষ্ণুঃ এবং স্ববীর্য্যাণি প্রগায়তঃ মে মম চেতসি আহূতঃ ইব দর্শনং যাতি ॥৩৪

শয়ন করিতে ইচ্ছুক ব্রহ্মার নিঃশ্বাসের সহিত আমি তাঁহার দেহের মধ্যে প্রবেশ করিলাম ।৩০

তাহার পর সহস্রযুগ অতিবাহিত হইলে, যখন তিনি নিদ্রা হইতে উঠিয়া সৃষ্টি করিতে ইচ্ছা করিলেন, তখন তাঁহার ইন্দ্রিয়গণ হইতে মরীচি প্রভৃতি ঋষিগণ ও আমি জন্মগ্রহণ করিলাম ।৩১

আমি অখণ্ড ব্রহ্মচর্য্য ব্রতযুক্ত হইয়া ত্রিলোকের অন্তরে ও বাহিরে সর্ব্বত্রই বিচরণ করি, মহাবিষ্ণুর অনুগ্রহে আমার গতি কোথায় বাধাপ্রাপ্ত হয় না ।৩২

সর্ব ব্রহ্মের ব্যঞ্জনায় ব্যক্ত দেবদত্ত এই বীণায় মূর্চ্ছনা করিয়া হরিকথা গান করিতে করিতে আমি জগতে বিচরণ করিয়া থাকি ।৩৩

এতদ্ধ্যাতুরচিত্তানাং মাত্রাস্পর্শেচ্ছয়া মুহুঃ।
ভবসিন্ধুপ্লবো দৃষ্টো হরিচর্য্যানুবর্ণনম্ ॥৩৫
যমাদিভির্যোগপথৈঃ কামলোভহতো মুহুঃ।
মুকুন্দ-সেবয়া যদ্বৎ তথাত্মাত্মা ন শাম্যতি ॥৩৬
সর্বং তদিদমাখ্যাতং যৎ পৃষ্টোঽহং ত্বয়ানঘ।
জন্মকর্মরহস্যং মে ভবতশ্চাত্মতোষণম্ ॥৩৭

সূত উবাচ।

এবং সম্ভাষ্য ভগবান্ নারদো বাদরায়ণম্।
আমন্ত্র্য বীণাং রণয়ন্ যযৌ যদৃচ্ছিকো মুনিঃ ॥৩৮
অহো দেবর্ষির্ধন্যোঽয়ং যৎ কীর্তিং শার্ঙ্গধন্বনঃ।
গায়ন্মাদ্যন্নিদং তন্ত্র্যা রময়ত্যাতুরং জগৎ ॥৩৯

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং প্রথমস্কন্ধে
ব্যাসনারদসংবাদে ষষ্ঠঃ অধ্যায়ঃ ॥

মুহুঃ পুনঃ পুনঃ মাত্রাস্পর্শেচ্ছয়া বিষয়ভোগ-বাসনয়া আতুরচিত্তানাং ক্লিন্নহৃদয়ানাং সংসারিণাম্ এতদ্ হরিচর্য্যানুবর্ণনং হরিভজনম্ এব হি ভবসিন্ধু-প্লবঃ দৃষ্টঃ ॥৩৫

মুহুঃ মুকুন্দসেবয়া অঙ্গ সাক্ষাৎ কামলোভহতঃ আত্মা মনঃ যদ্বৎ যথা শাম্যতি, যমাদিভিঃ যোগপথৈঃ তথা ন শাম্যতি ॥৩৬

হে অনঘ ব্যাস! ত্বয়া যৎ অহং পৃষ্টঃ, তৎ যে মম জন্মকর্ম্মরহস্যং তথা ভবতঃ আত্মতোষণঞ্চ ইদং সর্ব্বং ময়া আখ্যাতম্ ॥৩৭

শ্রীসূত উবাচ। ভগবান্ মুনিঃ নারদঃ বাদরায়ণিং সূতং ব্যাসম্ এবং সম্ভাষ্য আমন্ত্র্য চ বীণাং রণয়ন্ যাদৃচ্ছিকঃ যযৌ ॥৩৮

অহো অয়ং দেবর্ষিঃ ধন্যঃ, যঃ তন্ত্র্যা বীণয়া শার্ঙ্গধন্বনঃ শ্রীকৃষ্ণস্য কীর্তিং গায়ন্ স্বয়ং মাদ্যন্ হৃষ্যন্ ইদমাতুরং তাপত্রয়পীড়িতং জগৎ রময়তি আনন্দয়তি ॥৩৯

ইতি প্রথমস্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতায়ন্নে
ষষ্ঠঃ অধ্যায়ঃ ॥

আমি যখন তাঁহার লীলাগান করিতে থাকি তখন তাহার দ্বারাই যেন তিনি আকৃষ্ট হইয়া আমার হৃদয়ে নেত্র দর্শনদান করেন। তিনি যে স্থানেই গমন করেন, সেই স্থানটিই তাঁহার পবিত্র চরণস্পর্শে তীর্থ হইয়া যায় এবং তাহার যশোরাশিও অতিশয় পবিত্র ।৩৪

পুনঃ পুনঃ নানাবিধ বিষয় ভোগের লালসায় যাহাদের মন সর্ব্বদাই অত্যন্ত ব্যাকুল থাকে, তাহাদের পক্ষে একমাত্র এই হরিলীলা কীর্ত্তনই সংসারসাগর পার হইবার উপযুক্ত নৌকা, ইহা আমি প্রত্যক্ষ অনুভব করিয়াছি ।৩৫

কাম লোভ প্রভৃতির দ্বারা পুনঃ পুনঃ আঘাতপ্রাপ্ত মন হরি সেবার দ্বারা যেমন প্রত্যক্ষ শান্তি লাভ করে, যম নিয়ম প্রভৃতি যোগাঙ্গের অনুষ্ঠানের দ্বারা তেমন শান্তি লাভ করে না ।৩৬

হে নিষ্পাপ বেদব্যাস! তুমি আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছিলে, সেই সমস্তই তোমাকে বলা হইল। আমার গোপনীয় জন্ম ও কর্ম্মের বৃত্তান্ত এবং যাহাতে তোমার মনস্তুষ্টি হয়, তাহাও বলা হইল ।৩৭

সূত বলিলেন,—যাঁহার কোন প্রয়োজনই নাই, ভগবান্ নারদমুনি সেই বেদব্যাসকে এইরূপ বলিয়া এবং অনুমতি লইয়া বীণা বাদন করিতে করিতে গমন করিলেন। অহো! এই দেবর্ষি নারদ ধন্য, তিনি বীণার দ্বারা ভগবানের লীলা গান করিতে করিতে আনন্দিত হইয়া ত্রিতাপতপ্ত এই জীবগণকে সুখী করিতেছেন ।৩৮-৩৯

শ্রীমদ্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণে প্রথম স্কন্ধে ষষ্ঠ অধ্যায় সমাপ্ত।

সপ্তমঃ অধ্যায়ঃ

[অশ্বত্থামেন দ্রৌপদীপুত্রাণাং নিধনম্, অর্জ্জুনস্য তস্মৈ দণ্ডপ্রদানঞ্চ।]

শৌনক উবাচ।

নির্গতে নারদে সূত ভগবান্ বাদরায়ণঃ।
শ্রুতবাংস্তদভিপ্রেতং ততঃ কিমকরোদ্ বিভুঃ ॥১

সূত উবাচ।

ব্রহ্মনদ্যাং সরস্বত্যামাশ্রমঃ পশ্চিমে তটে।
শম্যাপ্রাস ইতি প্রোক্ত ঋষীণাং সত্রবর্দ্ধনঃ ॥২
তস্মিন্ স্ব আশ্রমে ব্যাসো বদরীষণ্ডমণ্ডিতে।
আসীনোঽপ উপস্পৃশ্য প্রণিদধ্যৌ মনঃ স্বয়ম্ ॥৩

ভক্তিযোগেন মনসি সম্যক্ প্রণিহিতেঽমলে।
অপশ্যৎ পুরুষং পূর্বং মায়াঞ্চ তদুপাশ্রয়াম্ ॥৪
যয়া সম্মোহিতো জীব আত্মানং ত্রিগুণাত্মকম্।
পরোঽপি মনুতেঽনর্থং তৎকৃতঞ্চাভিপদ্যতে ॥৫
অনর্থোপশমং সাক্ষাদ্ভক্তিযোগমধোক্ষজে।
লোকস্যাজানতো বিদ্বাংশ্চক্রে সাত্বতসংহিতাম্ ॥৬
যস্যাং বৈ শ্রূয়মাণায়াং কৃষ্ণে পরমপুরুষে।
ভক্তিরুৎপদ্যতে পুংসঃ শোক-মোহ-ভয়াপহা ॥৭

শৌনক উবাচ। হে সূত! নারদে নির্গতে সতি তদভিপ্রেতং শ্রুতবান্ সন্ ভগবান্ বিভুঃ বাদরায়ণঃ ব্যাসঃ ততঃ কিমকরোৎ ॥১

সূত উবাচ। ব্রহ্মনদ্যাং সরস্বত্যাং পশ্চিমে তটে ঋষীণাং সত্রবর্দ্ধনঃ শম্যাপ্রাস ইতি প্রোক্তঃ আশ্রমঃ অস্তি ॥২

বদরীষণ্ডমণ্ডিতে তস্মিন্ স্বে আশ্রমে আসীনঃ ব্যাসঃ অপঃ উপস্পৃশ্য স্বয়ং মনঃ প্রণিদধ্যৌ সমাধিনা স্থিরীচকার ॥৩

ততঃ সম্যক্ প্রণিহিতে নিরুদ্ধবৃত্তিকে তথা ভক্তিযোগেন অমলে মায়াবরণশূন্যে মনসি পূর্ব্বং (বা পূর্ণং) পুরুষং তথা ঈশ্বরাধীনাং মায়াঞ্চ অপশ্যৎ ॥৪

যয়া মায়য়া সম্মোহিতঃ স্বরূপাবরণেন বিক্ষিপ্তঃ জীবঃ পরোঽপি গুণাতীতোঽপি আত্মানং ত্রিগুণাত্মকং গুণময়ং জড়স্বরূপং মনুতে, তথা তৎকৃতং মায়াকার্য্যাভিমানকৃতম্ অনর্থং কর্ত্তৃত্বাদিকং চ প্রাপ্নোতি ॥৫

সপ্তম অধ্যায়

[অশ্বত্থামা কর্ত্তৃক দ্রৌপদীপুত্রসকলের নিধন এবং তাঁহাকে অর্জ্জুনের দণ্ডপ্রদান।]

শৌনক বলিলেন,—হে সূত! নারদ সেখান হইতে গমন করিলে জ্ঞানবিজ্ঞানে নিপুণ ভগবান্ বেদব্যাস তাঁহার অভিপ্রেত বিষয় শ্রবণ করিয়া তাহার পর কি করিলেন? ১

সূত বলিলেন,—ব্রহ্মনদী সরস্বতীর নিকট পশ্চিম-তীরে শম্যাপ্রাস নামে প্রসিদ্ধ আশ্রম আছে, যেখানে ঋষিগণের যজ্ঞাদি পুণ্য কর্ম্ম বৃদ্ধি পাইত ।২

বহু কুশগাছে পরিপূর্ণ সেই নিজের আশ্রমে আচমনপূর্ব্বক উপবিষ্ট হইয়া বেদব্যাস নিজের মনকে ভগবদ্ধ্যানে নিযুক্ত করিলেন ।৩

ভক্তিযোগের দ্বারা নির্ম্মল হওয়ায় মন সম্পূর্ণ স্থির হইলে, সমগ্র ঐশ্বর্য্যে পরিপূর্ণ ভগবান্‌কে ও তাঁহার আশ্রিত মায়াকে তিনি দেখিতে পাইলেন ।৪

যে মায়ার দ্বারা মোহগ্রস্ত হইয়া জীব ত্রিগুণাতীত হইলেও নিজেকে ত্রিগুণদেহ বলিয়া মনে করে ও ত্রিগুণ হইতে যে অনর্থ (বিষয়ানুরাগ) হয়, তাহাও প্রাপ্ত হয় ।৫

স সংহিতাং ভাগবতীং কৃত্বানুক্রম্য চাত্মজম্।
শুকমধ্যাপয়ামাস নিবৃত্তিনিরতং মুনিম্ ॥৮

শৌনক উবাচ।

স বৈ নিবৃত্তিনিরতঃ সর্বত্রোপেক্ষকো মুনিঃ।
কস্য বা বৃহতীমেতামাত্মারামঃ সমভ্যসৎ ॥৯

সূত উবাচ।

আত্মারামাশ্চ মুনয়ো নির্গ্রন্থা অপ্যুরুক্রমে।
কুর্ব্বন্ত্যহৈতুকীং ভক্তিমিত্থম্ভূতগুণো হরিঃ ॥১০
হরের্গুণাক্ষিপ্তমতির্ভগবান্ বাদরায়ণিঃ।
অধ্যগান্মহদাখ্যানং নিত্যং বিষ্ণুজনপ্রিয়ঃ ॥১১

অধোক্ষজে (অধঃ অক্ষজম্ ইন্দ্রিয়জং জ্ঞানং যস্মাৎ তস্মিন্ ভগবতি) ভক্তিযোগমেব সাক্ষাৎ অনর্থোপশমমপশ্যৎ। অতঃ এবম্ অজানতঃ মূঢ়স্য লোকস্য (হিতায়) বিদ্বান্ সর্ব্বজ্ঞঃ বেদব্যাসঃ সাত্বতসংহিতাং শ্রীভাগবতীং সংহিতাং চক্রে ॥৬

যস্যাং সংহিতায়াং বৈ প্রসিদ্ধে শ্রূয়মাণায়াং পরমপুরুষে কৃষ্ণে পুংসঃ শোকমোহভয়াপহা সংসার-নাশিনী ভক্তিঃ উৎপদ্যতে আবির্ভবতি ॥৭

সঃ ঋষিঃ ব্যাসঃ এবং শোকমোহভয়াপহাং ভাগবতীং সংহিতাং কৃত্বা অনুক্রম্য সংশোধ্য চ নিবৃত্তিনিরতং ব্রহ্মানুভবনিমগ্নম্ আত্মজং মুনিং শুকম্ অধ্যাপয়ামাস আনন্দবৈশিষ্ট্যলম্ভনায় গ্রাহয়ামাস ॥৮

শৌনক উবাচ। হে সূত! নিবৃত্তিনিরতঃ সর্ব্বত্রোপেক্ষকঃ অতএব আত্মারামঃ বৈ সঃ শুকঃ মুনিঃ কস্য বা হেতোঃ বৃহতীং বিততাং লতাং সংহিতাং সমভ্যসৎ ॥৯

সূত উবাচ। আত্মারামাঃ অতএব নির্গ্রন্থাঃ চ বিধিনিষেধাতীতাঃ অপি মুনয়ঃ উরুক্রমে ভগবতি অহৈতুকীং ফলাভিসন্ধিরহিতাং ভক্তিং কুর্ব্বন্তি। যতঃ হরিঃ ইত্থম্ভূতগুণঃ এবম্প্রভাবঃ এব ॥১০

নিত্যং বিষ্ণুজনপ্রিয়ঃ হরের্গুণাক্ষিপ্তমতিঃ গুণাকৃষ্ট-

এবং নারায়ণে ভক্তিযোগই সেই অনর্থ নিবারণের উপায় ইহাও দেখিলেন, কিন্তু লোকে তাহা জানিত না বলিয়া তাহাদের জন্য এই ভাগবতসংহিতা প্রস্তুত করিলেন। অর্থাৎ সর্ব্বশক্তিমান্ সর্ব্বব্যাপী পরমেশ্বর মায়ার অধিপতি এবং জীব তাঁহার অতিক্ষুদ্র অংশমাত্র, অতএব মায়াই অধীন, সেইজন্য সে মায়ায় মুগ্ধ হইয়া দেহ ও ইন্দ্রিয়প্রভৃতিকে আমি বলিয়া মনে করে এবং তাহারই সুখের জন্য নানাবিধ কর্ম্ম করিয়া বন্ধনগ্রস্ত হয়, এই বন্ধন নিবারণের একমাত্র উপায়ই হইল—ভগবানে আন্তরিক ভক্তিযোগ, তাহার দ্বারা আত্মজ্ঞান লাভ হইলে জীবের মোক্ষ হয়। ইহাই ভাগবতের সংক্ষিপ্ত সারমর্ম্ম ।৬

যে ভাগবতসংহিতা শ্রবণ করিতে করিতেই পুরুষোত্তম শ্রীকৃষ্ণে ভক্তির উদয় হয়, যে ভক্তি হইলে মানুষের শোক, মোহ ও ভয় নষ্ট হইয়া যায় ।৭

তিনি ভাগবতসংহিতা রচনা করিয়া পূর্ব্বাপর সংশোধন করিয়া সংসারবিরক্ত নিজ-পুত্র শুকমুনিকে পাঠ করাইয়াছিলেন ।৮

শৌনক বলিলেন,—শুকদেব ত সংসার-বিরক্ত ছিলেন, কোন বস্তুতেই তাঁহার আসক্তি ছিল না, তিনি সর্ব্বদাই ব্রহ্মানন্দে নিমগ্ন থাকিতেন, তিনি কিজন্য এই সুবৃহৎ ভাগবতগ্রন্থ অধ্যয়ন করিলেন ? ৯

সূত বলিলেন,—যে সকল মুনি সর্ব্বদা ব্রহ্মানন্দে নিমগ্ন থাকেন এবং যাঁহাদের অহঙ্কাররূপ হৃদয়গ্রন্থি নষ্ট হইয়া গিয়াছে, তাঁহারা পর্য্যন্ত ভগবানে নিষ্কাম ভক্তি করিয়া থাকেন, হরির এইরূপই অদ্ভুত গুণ আছে অর্থাৎ ব্রহ্মানন্দনিমগ্ন জীবন্মুক্ত মহাপুরুষগণ পর্য্যন্ত তাঁহার অলৌকিক লীলারসে আকৃষ্ট না হইয়া থাকিতে পারেন না, ইহা তাঁহার লীলারই অত্যাশ্চর্য্য বৈভববিশেষ ।১০

ভগবান্ শুকদেবের বুদ্ধি ব্রহ্মানন্দে মগ্ন হইলেও হরির লীলারস আস্বাদনের জন্য অত্যন্ত আকৃষ্ট হইয়া

পরীক্ষিতোঽথ রাজর্ষের্জন্মকর্ম বিলাপনম্।
সংস্থাঞ্চ পাণ্ডুপুত্রাণাং বক্ষ্যে কৃষ্ণকথোদয়ম্ ॥১২
যদা মৃধে কৌরবসৃঞ্জয়ানাং
বীরেষ্বথো বীরগতিং গতেষু।
বৃকোদরাবিদ্ধগদাভিমর্শ-
ভগ্নোরুদণ্ডে ধৃতরাষ্ট্রপুত্রে ॥১৩
ভর্তুঃ প্রিয়ং দ্রৌণিরিতি স্ম পশ্যন্
কৃষ্ণাসুতানাং স্বপতাং শিরাংসি।
উপাহরদ্ বিপ্রিয়মেব তস্য
জুগুপ্সিতং কর্ম বিগর্হয়ন্তি ॥১৪
মাতা শিশূনাং নিধনং সুতানাং
নিশম্য ঘোরং পরিতপ্যমানা।
তদারুদদ্ বাষ্পকলাকুলাক্ষী
তাং সান্ত্বয়ন্নাহ কিরীটমালী ॥১৫
তদা শুচস্তে প্রমৃজামি ভদ্রে
যদ্ ব্রহ্মবন্ধোঃ শির আততায়িনঃ।
গাণ্ডীবমুক্তৈর্বিশিখৈরুপাহরে
ত্বাক্রম্য যৎ স্নাস্যসি দগ্ধপুত্রা ॥১৬
ইতিপ্রিয়াং বল্গুবিচিত্রজল্পৈঃ
স সান্ত্বয়িত্বাচ্যুতমিত্রসূতঃ।

চিতঃ ভগবান্ বাদরায়ণিঃ শুকঃ ইদং মহদাখ্যানং ভাগবতম্ অধ্যগাৎ অধীতবান্ ॥১১

অথ হে শৌনক! রাজর্ষেঃ পরীক্ষিতঃ কৃষ্ণকথোদয়ং জন্ম কর্ম্ম বিলাপনং মুক্তিং তথা পাণ্ডুপুত্রাণাং সংস্থাং মহাপ্রস্থানং চ অহং বক্ষ্যে ॥১২

যদা কৌরবসৃঞ্জয়ানাং মৃধে যুদ্ধে বীরেষু বীরগতিং স্বর্গং গতেষু অথ ধৃতরাষ্ট্রপুত্রে দুর্য্যোধনে বৃকোদরাবিদ্ধগদাভিগ্নোরুদণ্ডে (বৃকোদরেণ ভীমেন আবিদ্ধায়াঃ ক্ষিপ্তায়াঃ গদায়াঃ অভিমর্ষেণ আঘাতেন ভগ্নৌ উরুদণ্ডৌ যস্য তথাভূতে সতি) ॥১৩

ভর্তুঃ দুর্য্যোধনস্য প্রিয়ং স্ম (চেৎ ভবেৎ) ইতি এবং পশ্যন্ মন্যমানঃ দ্রৌণিঃ অশ্বত্থামা স্বপতাং শয়ানানাং কৃষ্ণাসুতানাং দ্রৌপদ্যাঃ পঞ্চপুত্রাণাং শিরাংসি উপাহরৎ অহরৎ। এতৎ কর্ম্ম বস্তুতস্তু তস্য দুর্য্যোধনস্য বিপ্রিয়মেবাভূৎ, যতঃ সর্ব্বে হি জুগুপ্সিতং নিন্দ্যং কর্ম্ম বিগর্হয়ন্তি নিন্দন্তে ॥১৪

মাতা দ্রৌপদী শিশূনাং সুতানাং নিধনং নিশম্য শ্রুত্বা বাষ্পকলাকুলাক্ষী অশ্রুলোচনা ঘোরং দুঃসহং যথা স্যাৎ তথা পরিতপ্যমানা সতী যদা অরুদৎ, তদা কিরীটমালী অর্জ্জুনঃ তাং সান্ত্বয়ন্ আহ ॥১৫

হে ভদ্রে! যৎ যদা আততায়িনঃ অতএব ব্রহ্মবন্ধোঃ ব্রাহ্মণাধমস্য অশ্বত্থাম্নঃ শিরঃ গাণ্ডীবমুক্তৈঃ বিশিখৈঃ বাণৈঃ অহম্ উপহারে যৎ শিরঃ দগ্ধপুত্রা

পড়িয়াছিল, সেইজন্য তিনি অত্যন্ত বৃহৎ হইলেও হরির উপাখ্যানপূর্ণ এই ভাগবতগ্রন্থখণ্ড অধ্যয়ন করিয়াছিলেন এবং তিনি বৈষ্ণবগণকে অত্যন্ত স্নেহ করিতেন ।১১

এইবার রাজর্ষি পরীক্ষিতের জন্ম, কর্ম্ম, মুক্তি ও পাণ্ডবগণের মহাপ্রস্থান বলিব, যাহাতে কৃষ্ণকথার উদয় হয় ।১২

কুরুপাণ্ডবের যুদ্ধে নিহত হইয়া বীরগণ বীরের প্রাপ্য স্বর্গে গমন করিলে, ভীমের নিক্ষিপ্ত গদার প্রচণ্ড আঘাতে যখন দুর্য্যোধনের উরু ভগ্ন হইল, তখন প্রভু দুর্য্যোধনের প্রীতিকর হইবে ইহা মনে করিয়া অশ্বত্থামা রাত্রিকালে নিদ্রিত দ্রৌপদীপুত্রগণের শিরশ্ছেদন করিয়া তাহাদের মস্তক দুর্য্যোধনকে উপহার দিলেন, কিন্তু ইহা দুর্য্যোধনের অপ্রিয়ই হইয়াছিল ; কারণ, ঐ ঘৃণিত কার্য্যকে সকলেই নিন্দা করিয়া থাকেন ।১৩-১৪

যখন এই ঘটনা ঘটিল, তখন শিশুপুত্রদিগের মাতা

অস্ত্রাদ্রবদ্ সংশিত উগ্রধন্বা
কপিধ্বজো গুরুপুত্রং রথেন ॥১৭
তমাপতন্তং স বিলোক্য দূরাৎ
কুমারহোদ্বিগ্নমনা রথেন।
পরাদ্রবৎ প্রাণপরীপ্সুরুর্ব্যাং
যাবদ্গমং রুদ্রভয়াদ্ যথার্কঃ ॥১৮

যদাশরণমাত্মানমৈক্ষত শ্রান্তবাজিনম্।
অস্ত্রং ব্রহ্মশিরো মেন আত্মপ্রাণং বিমোক্ষয়ন্ ॥১৯
অথোপস্পৃশ্য সলিলং সন্দধে তৎসমাহিতঃ।
অজানন্নুপসংহারং প্রাণকৃচ্ছ্র উপস্থিতে ॥২০
ততঃ প্রাদুষ্কৃতং তেজঃ প্রচণ্ডং সর্বতোদিশম্।
প্রাণাপদমভিপ্রেক্ষ্য বিষ্ণুং জিষ্ণুরুবাচ হ ॥২১

স্বং তং আক্রম্য আদদং বিধাস্যে যদা স্নাস্যসি তদা তে তব শুচঃ শোকাশ্রূণি প্রমৃজামি মার্জয়ামি ॥১৬

ইতি বস্ত্রবিচিত্রজল্পৈঃ প্রিয়াং দ্রৌপদীং সান্ত্বয়িত্বা অচ্যুতমিত্রসূতঃ (অচ্যুতঃ এব মিত্রং সূতশ্চ যস্য স) উগ্রধন্বা কপিধ্বজঃ অর্জুনঃ সংশিতঃ বদ্ধকবচঃ সন্ রথেন রথমারুহ্য গুরুপুত্রং দ্রৌণিম্ অনু পশ্চাৎ আদ্রবৎ ধাবিতবান্ ॥১৭

কুমারহা বালঘাতী সঃ দ্রৌণিঃ আপতন্তম্ আগচ্ছন্তম্ অর্জুনং দূরাদেব বিলোক্য উদ্বিগ্নমনাঃ কম্পিতহৃদয়ঃ সন্ রুদ্রভয়াৎ অর্কঃ যথা তথা প্রাণপরিপ্সুঃ যাবদ্গমং যথাশক্তিং রথেন পরাদ্রবৎ পলায়নং কৃতবান্ ॥১৮

বিজ্ঞাস্যন্তঃ দ্রৌণিঃ শ্রান্তবাজিনং পলায়নপরায়ণং অতঃ আত্মানম্ অশরণং রক্ষকরহিতং যদা ঐক্ষত, তদা ব্রহ্মশিরো অস্ত্রং ব্রহ্মাস্ত্রং এব আত্মত্রাণং রক্ষোপায়ং মেনে ॥১৯

অথ প্রাণকৃচ্ছ্রে প্রাণসঙ্কটে উপস্থিতে প্রাপ্তে সতি সংহারম্ অস্ত্রোপসংহারম্ অজানন্ অপি সলিলম্ উপস্পৃশ্য আচম্য সমাহিতঃ কৃতধ্যানঃ সন্ তদ্ ব্রহ্মাস্ত্রং সন্দধে নিক্ষেপয়ামাস ॥২০

ততঃ অস্ত্রাৎ সর্বতোদিশং প্রাদুষ্কৃতং অভিব্যাপ্তং প্রচণ্ডং ভয়াবহং তেজঃ ততঃ প্রাণাপদং চ অভিপ্রেক্ষ্য আলোক্য জিষ্ণুঃ ধনঞ্জয়ঃ বিষ্ণুং শ্রীকৃষ্ণম্ উবাচ হ ॥২১

দ্রৌপদী তাহা শুনিয়া অত্যন্ত শোকার্ত হইয়া ক্রন্দন করিতে লাগিলেন, তখন তাঁহার চক্ষু অশ্রুতে পরিপূর্ণ হইয়াছিল। অর্জুন তাঁহাকে সান্ত্বনা দিয়া বলিলেন,—হে ভদ্রে! যখন গাণ্ডীব হইতে নিক্ষিপ্ত বাণের দ্বারা আততায়ী ব্রাহ্মণাধম অশ্বত্থামার মস্তক ছেদন করিয়া তোমাকে আনিয়া দিব এবং তাহার উপর বসিয়া মৃতবৎসা তুমি স্নান করিবে, তখন তোমার শোক নিবারণ করিয়া দিব।১৫-১৬

এই প্রকার সুমিষ্ট বিচিত্র বাক্যের দ্বারা দ্রৌপদীকে সান্ত্বনা দিয়া কপিধ্বজ অর্জুন কবচ পরিধানপূর্বক প্রচণ্ড ধনু গ্রহণ করত রথে আরোহণ করিয়া অশ্বত্থামার পশ্চাৎ পশ্চাৎ ধাবন করিলেন।১৭

রুদ্রের ভয়ে ব্রহ্মা যেমন পলায়ন করিয়াছিলেন, সেইরূপ শিশুদিগের হত্যাকারী অশ্বত্থামা দূর হইতে অর্জুনকে আসিতে দেখিয়া ভয়ে ব্যাকুল হইয়া প্রাণ রক্ষার জন্য রথে আরোহণপূর্বক যতদূর পারিলেন, পৃথিবীর মধ্যে পলায়ন করিতে লাগিলেন।১৮

তিনি যখন নিজেকে নিরাশ্রয় ও অশ্বগণ ক্লান্ত হইয়া পড়িয়াছে দেখিলেন, তখন ব্রহ্মাস্ত্রকেই নিজের রক্ষাকর্তা বলিয়া স্থির করিলেন।১৯

তাহার পর তিনি ব্রহ্মাস্ত্রের উপসংহার করিতে না জানিলেও প্রাণের ভয় উপস্থিত হওয়ায় (প্রাণরক্ষার জন্য) জল হইয়া আচমনপূর্বক ধ্যান করিয়া ব্রহ্মাস্ত্র প্রয়োগ করিলেন।২০

তারপর সেই অস্ত্র হইতে চারিদিকে প্রচণ্ড তেজ আবির্ভূত হইল দেখিয়া এবং প্রাণের বিপদ বুঝিয়া অর্জুন কৃষ্ণকে বলিলেন।২১

নিরাময় পরমাত্মা জ্যোতির্ম্ময় "রাম" এই নাম উচ্চারণ করিলে নামকারিগণের নিশ্চিত অপণ্য মখ (যজ্ঞ) তীর্থসকলের ফললাভ হয়।

করুণাসাগর ভগবানের নিকট গর্ভমধ্যে যাহা বলিয়াছিলে—সতত সমাদরের সহিত রামনাম কীর্ত্তন করিব, (তাহা কর)।

আদি-পুরাণে

কুর্ব্বন্ বা কারয়ন্ বাপি রামনামজপস্তথা।
নীত্বা কুলসহস্রাণি পরং ধামাভিগচ্ছতি॥
স্বপ্নেঽপি রামনাম্নস্তু যেষামুচ্চারণং ন হি।
ভাগ্যহীনাস্তু তে নীচাঃ পাপিনামগ্রগামিণঃ॥

তত্রৈব, শ্রীকৃষ্ণঃ—

রামনামসদাগ্রাহী রামনামপ্রিয়ঃ সদা।
ভক্তিস্তস্মৈ প্রদাতব্যা ন চ মুক্তিঃ কদাচন॥
গায়ন্তি রামনামানি বৈষ্ণবাশ্চ যুগে যুগে।
ত্যক্ত্বা চ সর্ব্বকর্ম্মাণি ধর্ম্ম্যাণি চ কপিধ্বজ॥
রামনাম্নৈব নামৈব রামনাম্নৈব কেবলম্।
গতিস্তেষাং গতিস্তেষাং গতিস্তেষাং সুনিশ্চিতম্॥
শ্রদ্ধয়া হেলয়া নাম বদন্তি মনুজা ভুবি।
তেষাং নাস্তি ভয়ং পার্থ রামনামপ্রসাদতঃ॥
রামনামরতা যত্র গচ্ছন্তি প্রেমসংপ্লুতাঃ।
ভক্তানামনুগচ্ছন্তি মুক্তয়ঃ স্তুতিভিঃ সহ॥
মানবা যে সুধাসারং রামনাম জপন্তি হি।
তে ধন্যা মৃত্যুসন্ত্রাসরহিতা রামবল্লভাঃ॥

রামনাম জপ্ করিলে অথবা করাইলে সহস্রকুলের সহিত পরমধামে অনায়াসে গমন করে।

যাহাদের স্বপ্নেও রামনাম উচ্চারণ হয় না, সেই দুর্ভাগ্য নীচগণ পাপিদমূহের অগ্রগামী।

যে সর্ব্বদা রামনামগ্রহণকারী ও সদা রামনামপ্রিয়, তাহাকে ভক্তিপ্রদান করা উচিত, কখনও মুক্তি দেওয়া কর্ত্তব্য নয়। (তাহাকে ভক্তি দিই, কখনও মুক্তি দিই না)।

হে অর্জ্জুন! যুগে যুগে বৈষ্ণবগণ সমস্ত ধর্ম্ম্যকর্ম্ম পরিত্যাগপূর্ব্বক রামনামসকল গান করেন।

রামনামই, রামনামই, কেবল রামনামই তাহাদের গতি, তাহাদের গতি, সুনিশ্চিত তাহাদের গতি।

মানবগণ ইহলোকে যদি শ্রদ্ধা বা অবহেলা যে কোনও প্রকারে রামনাম বলেন, হে পার্থ! রামনামের প্রসাদে তাহাদের কোনও ভয় থাকে না।

প্রেমবিগলিত রামনাম-পরায়ণগণ যে স্থানে গমন করেন, সালোক্যাদি মুক্তিচতুষ্টয় স্তব করিতে করিতে সেই ভক্তসমূহের অনুগমন করিয়া থাকে।

যে মানবগণ সুধাসার রামনাম জপ করেন, দারুণমরণভয়বিরহিত সেই রাম-বল্লভ ধন্য—কৃতার্থ।

নামৈব পরমা মুক্তির্নামৈব পরমা গতিঃ।
নামৈব পরমা শান্তির্নামৈব পরমা মতিঃ॥
নামৈব পরমা ভক্তির্নামৈব পরমা ধৃতিঃ।
নামৈব পরমা প্রীতির্নামৈব পরমা স্মৃতিঃ॥
নামৈব পরমং পুণ্যং নামৈব পরমং তপঃ।
নামৈব পরমো ধর্ম্মো নামৈব পরমো গুরুঃ॥
নামৈব পরমং জ্ঞানং নামৈব চাখিলং জগৎ।
নামৈব জীবনং জন্তোর্নামৈব বিপুলং ধনম্॥
নামৈব জগতাং সত্যং নামৈব জগতাং প্রিয়ম্।
নামৈব জগতাং ধ্যানং নামৈব জগতাং পরম্॥
নামৈব শরণং জন্তোর্নামৈব জগতাং গুরুঃ।
নামৈব জগতাং বীজং নামৈব পাবনং পরম্॥
রামনামব্রতা যে চ তে বৈ শ্রীরামভাবুকাঃ।
তেষাং সন্দর্শনাদেব ভবেদ্ ভক্তী রসাত্মিকা॥
কামাদিগুণসংযুক্তা নামমাত্রৈকবান্ধবাঃ।
প্রীতিং কুর্ব্বন্তি তে পার্থ ন তথা জিৎষড়্ গুণাঃ॥
তং দেশং পবিতং মন্যে যত্র নাস্তি সুবৈষ্ণবঃ।
রামনামপরো নিত্যং পরানন্দবিবর্দ্ধনঃ॥

নামই পরমা মুক্তি, নামই পরমা গতি, নামই পরমা শান্তি, নামই পরমা মতি।

নামই পরমা ভক্তি, নামই পরমা ধৃতি (ধৈর্য্য), নামই পরমা প্রীতি, নামই পরমা স্মৃতি।

-5 MAY 1966

আর্য্যশাস্ত্র

শ্রীশ্রী সীতারামদাস ওঙ্কারনাথ

প্রবর্ত্তিত

শ্রীশ্রীরামনাম-মাহাত্ম্য

শ্রীশ্রীসীতারামদাস ওঙ্কারনাথ

নামই পরম পুণ্য, নামই পরম তপস্যা, নামই পরমধর্ম্ম, নামই পরম গুরু, নামই পরম জ্ঞান, নামই অখিল জগৎ, নামই জীবের জীবন, নামই বিপুল ধন।

ত্রিজগতের মধ্যে নামই সত্য, নামই ত্রিজগতের প্রিয়, নামই ত্রিজগতের ধ্যান, নামই ত্রিজগতের শ্রেষ্ঠ।

নামই প্রাণীর আশ্রয়, নামই ত্রিজগতের গুরু, নামই ত্রিভুবনের বীজ, নামই উত্তম পবিত্রকারক।

যাঁহারা রামনামরত, তাঁহারা নিশ্চয় শ্রীরামভাবনশীল, তাঁহাদের দর্শনমাত্রই রসময়ী ভক্তি হয়।

কাম-ক্রোধ-লোভাদিগুণসংযুক্ত একমাত্র নামাশ্রয়ী যেরূপ (আমার) প্রীতিসম্পাদন করে, তদ্রূপ ষড়্‌গুণজয়কারীগণ করে না।

পরমানন্দবিবৃদ্ধিকারক নিত্য রামনাম-পরায়ণ সুবৈষ্ণব যে দেশে নাই, সে স্থান পতিত বলিয়া মনে করি।

রামনামরতা জীবা ন পতন্তি কদাচন।
ইন্দ্রাদ্যাঃ সম্পতন্ত্যন্যে তথা চান্যেঽধিকারিণঃ॥
নামস্মরণমাত্রেণ প্রাণান্ মুঞ্চন্তি যে নরাঃ।
কলং তেষাং ন পশ্যামি ভজামি তাংশ্চ পার্থিব॥
নামস্মরণমাত্রেণ নরো যাতি নিরাপদম্।
যে স্মরন্তি সদা রামং তেষাং জ্ঞানেন কিং ফলম্॥
নামৈব জগতাং বন্ধুর্নামৈব জগতাং প্রভুঃ।
নামৈব জগতাং জন্ম নামৈব সচরাচরম্॥
নামৈব ধার্য্যতে বিশ্বং নামৈব পাল্যতে জগৎ।
নামৈব নীয়তে নাম নামৈব ভুজ্যতে ফলম্॥
নামৈব গৃহ্যতে নাম পরং গোপ্যং পরাৎপরম্।
নামৈব কার্য্যতে কর্ম্ম নামৈব নীয়তে ফলম্॥
নামৈব চাঙ্গশাস্ত্রাণাং তাৎপর্য্যার্থবরং মতম্।
নামৈব বেদসারাংশসিদ্ধান্তঃ সর্ব্বদা শিবঃ॥

শ্রীশ্রীঠাকুরসীতারামদাসওঙ্কারনাথ প্রবর্ত্তিত
আর্য্যশাস্ত্র মাসিক পত্রে

৪র্থ বর্ষ নবম বা ফাল্গুন সংখ্যা হইতে মূল, অন্বয় ও বঙ্গানুবাদ সহ শ্রীমদ্ভাগবত প্রকাশিত হইতেছে। ইতিমধ্যে বহু প্রশংসা পত্র আমরা পাইয়াছি—তাহাতে শ্রীশ্রীঠাকুরের মহিমাই কীর্ত্তিত হইয়াছে। আশা করা যায় ২৪ খণ্ডে সমাপ্ত হইবে, অর্থাৎ বার্ষিক গ্রাহক-মূল্য ১৫ টাকা দুই বৎসরের মধ্যে দুইবার বাদ করিলে এই অমূল্য অতুলনা দুষ্প্রাপ্য দুর্মূল্য ও শ্রেষ্ঠ ধর্ম্মগ্রন্থ সংগ্রহ করা সম্ভব হইবে।

আর্য্যশাস্ত্রের সডাক-গ্রাহক-মূল্য বার্ষিক ১৫ টাকা ও ষাণ্মাসিক ৭·৫০ টাকা। শ্রীমদ্ভাগবতের ষাণ্মাসিক গ্রাহকগণের পরবর্ত্তী গ্রাহক-মূল্য শ্রাবণের পূর্ব্বে এবং বার্ষিক গ্রাহকগণের আষাঢ়ের পূর্ব্বে দেয়—স্মরণ রাখিবেন। পুরাতন ষাণ্মাসিক গ্রাহকগণ পৌষের পূর্ব্বে এবং বার্ষিক গ্রাহকগণ পূর্ব্ববৎ আষাঢ়ের পূর্ব্বে তাহাদের উপাদেয় মনে করিয়া কার্য্যালয়ে পাঠাইবেন।

আমাদের এই শাস্ত্র-প্রচার-যজ্ঞে যোগদান করার জন্য প্রত্যেকের নিকট প্রার্থনা জানাইতেছি। আপনাদের গ্রাহক সংগ্রহে সাহায্য হইতে পারে মনে করিয়া এই মুদ্রিত পত্রের অপর পৃষ্ঠায় শ্রীমদ্ভাগবতের বিষয় সূচীর অংশ লিপিবদ্ধ করা হইল, দয়া করিয়া প্রয়োজন বোধে ব্যবহার করিবেন।

ইতি এবং সর্পনিক্ষেপেণ লঙ্ঘিতমর্য্যাদং কুলাঙ্গারং ততদ্রুহং তাতদ্রোহকারিণং মে ময়া চোদিতঃ প্রণোদিতঃ তক্ষকঃ সপ্তমে অহনি দিনে দঙ্ক্ষ্যতি ভক্ষয়িষ্যতি ॥৩৭

ততঃ বালঃ আশ্রমম্ অভ্যেত্য আগম্য গলে সর্পকলেবরং পিতরং বীক্ষ্য দুঃখার্তঃ মুক্তকণ্ঠঃ উচ্চৈঃ রুরোদ হ ॥৩৮

হে ব্রহ্মন্! সঃ আঙ্গিরসঃ শমীকঃ সুতবিলাপনং শ্রুত্বা শনকৈঃ নেত্রে উন্মীল্য অংসে স্কন্ধে মৃতোরগং মৃতসর্পং দৃষ্ট্বা তং সর্পং বিসৃজ্য পরিত্যজ্য পপ্রচ্ছ,—

করিতে শুনিতে পাইলেন,—রাজা পরীক্ষিৎ তাঁহার পিতার স্কন্ধে মৃত সর্প দিয়া তাঁহাকে অত্যন্ত অপমান করিয়াছেন, ইহা শুনিয়া তিনি সেই স্থানেই বলিতে লাগিলেন ।৩২

নৃপতিগণ প্রজাগণের রক্ষকমাত্র ও ব্রাহ্মণগণের দাস হইয়া রাজ্য ভোগ করত দেহকে স্থূল করিয়া নিজের প্রভুকেই অপমান করিতেছে; ইহাদের কত অধর্ম্ম দেখ, দ্বাররক্ষক কুক্কুরের মত ও কাকের মত প্রভুর অন্নে প্রতিপালিত হইয়া প্রভুকেই অপমান করিতেছে ।৩৩

ব্রাহ্মণগণ ক্ষত্রিয়গণকে গৃহের রক্ষাকর্ত্তা বলিয়া নিযুক্ত করিয়াছেন, সেই ব্যক্তি দ্বারপাল হইয়া গৃহমধ্যে ভাণ্ডেস্থিত খাদ্যদ্রব্য কি করিয়া খাইতে সাহস করে? ৩৪

উচ্ছৃঙ্খল লোকের শাসনকর্ত্তা ভগবান্ কৃষ্ণ স্বধামে গমন করায় উচ্ছৃঙ্খল রাজাকে আমি শাসন করিতেছি। তোমরা দেখ, আমার প্রভাব কত ।৩৫

ঋষিবালক শৃঙ্গী বন্ধুগণকে এই কথা বলিয়া ক্রোধে রক্তচক্ষু হইয়া কৌশিকীর জলে আচমন করত বজ্রের মত কঠোর বাক্য প্রয়োগ করিলেন অর্থাৎ অভিশাপ দিলেন যে, যে কুলাঙ্গার আমার পিতাকে অপমান করিয়া মর্য্যাদা লঙ্ঘন করিয়াছে, তাহাকে আমার আজ্ঞানুসারে তক্ষক মহাসর্প অদ্য হইতে সপ্তম দিবসে দংশন করিবে ।৩৬-৩৭

তাহার পর বালক আশ্রমে আসিয়া পিতার গলে সর্পের দেহ দেখিয়া দুঃখে কাতর হইয়া উচ্চৈঃস্বরে ক্রন্দন করিতে লাগিলেন ।৩৮

অঙ্গিরার বংশধর সেই শমীকমুনি পুত্রের বিলাপ শ্রবণ করিয়া ধীরে ধীরে চক্ষু উন্মীলন করত স্কন্ধে

নিশম্য শপ্তমতদর্হং নরেন্দ্রং
স ব্রাহ্মণো নাভ্যনন্দৎ সমভ্যনন্দৎ।
অহো বতাংহো মহদদ্য তে কৃত-
মল্পীয়সি দ্রোহ উরুর্দমো ধৃতঃ ॥৪১
ন বৈ নৃভির্নরদেবং পরাখ্যং
সম্মাতুমর্হস্যবিপক্কবুদ্ধে।
যত্তেজসা দুর্বিষহেণ গুপ্তা
বিন্দন্তি ভদ্রাণ্যকুতোভয়াঃ প্রজাঃ ॥৪২
অলক্ষ্যমাণে নরদেবনাম্নি
রথাঙ্গপাণাবয়মঙ্গলোকঃ।
তদা হি চৌরপ্রচুরো বিনঙ্ক্ষ্য-
ত্যরক্ষ্যমাণোঽবিবরূথবৎ ক্ষণাৎ ॥৪৩
তদদ্য নঃ পাপমুপৈত্যনন্বয়ং
যন্নষ্টনাথস্য বসোর্বিলুম্পকাৎ।
পরস্পরং ঘ্নন্তি শপন্তি রুন্ধতে
পশূন্ স্ত্রিয়োঽর্থান্ পুরুদস্যবো জনাঃ ॥৪৪
তদার্য্যধর্ম্মঃ সুবিলীয়তে নৃণাং
বর্ণাশ্রমাচারযুতস্ত্রয়ীময়ঃ।
ততোঽর্থকামাভিনিবেশিতাত্মনাং
শুনাং কপীনামিব বর্ণসঙ্করঃ ॥৪৫

বৎস! কস্মাৎ হি রোদিষি কেন অপি বা তে অপকৃতম্, ন শৃঙ্গী ইতি উক্তঃ ন্যবেদয়ৎ ॥৩৯-৪০

সঃ ব্রাহ্মণঃ শমীকঃ অতদর্হং শাপাযোগ্যং নরেন্দ্রং শপ্তং নিশম্য শ্রুত্বা আত্মজং পুত্রং ন অভ্যনন্দৎ ন আদৃতবান্। (উবাচ চ) অহো বত (খেদে) তে ত্বয়া অদ্য মহৎ অংহঃ পাপং কৃতং, যতঃ অল্পীয়সি দ্রোহে উরুঃ গুরুতরঃ দমঃ দণ্ডঃ ধৃতঃ ॥৪১

হে অপক্কবুদ্ধে! পরাখ্যং বিষ্ণুস্বরূপং নরদেবং রাজানং নৃভিঃ সাধারণমনুষ্যৈঃ সহ সম্মাতুং সমং প্রষ্টুং ন বৈ অর্হসি। দুর্বিষহেণ যত্তেজসা গুপ্তাঃ রক্ষিতাঃ প্রজাঃ অকুতোভয়াঃ নির্ভয়াঃ সন্তঃ ভদ্রাণি মঙ্গলানি বিন্দন্তি লভন্তে ॥৪২

অঙ্গ হে পুত্র! রথাঙ্গপাণৌ নরদেবনাম্নি রাজ্ঞি

অলক্ষ্যমাণে অদৃশ্যমানে সতি তদা হি চৌরপ্রচুরঃ অয়ং লোকঃ অরক্ষ্যমাণঃ সন্ অবিবরূথবৎ মেষসমূহবৎ ক্ষণাৎ বিনঙ্ক্ষ্যতি ॥৪৩

নষ্টনাথস্য হতস্বামিনঃ বসোঃ ধনস্য বিলুম্পকাৎ যৎ পাপম্ অনন্বয়ং সম্বন্ধশূন্যম্ অপি তৎপাপম্ অস্য নঃ অস্মান্ উপৈতি প্রাপ্নোতি। পুরুদস্যবঃ চৌরবহুলাঃ জনাঃ পরস্পরং ঘ্নন্তি, শপন্তি পরুষং বদন্তি। পশূন্ স্ত্রিয়ঃ অর্থান্ চ রুন্ধতে অপহরন্তি ॥৪৪

তদা ত্রয়ীময়ঃ বেদপ্রতিপাদ্যঃ বর্ণাশ্রমাচারযুতঃ নৃণাম্ আর্য্যধর্ম্মঃ সদাচারঃ সুবিলীয়তে। ততঃ শুনাং কুক্কুরাণাং কপীনাম্ ইব অর্থকামাভিনিবেশিতাত্মনাং বর্ণসঙ্করঃ (ভবিষ্যতি) ॥৪৫

মৃত সর্প দেখিয়া তাহা ফেলিয়া দিয়া পুত্রকে জিজ্ঞাসা করিলেন,—হে বৎস, তুমি ক্রন্দন করিতেছ কেন? কে তোমার অনিষ্ট করিয়াছে? বালক সমস্ত ঘটনা বলিয়া দিলেন ।৩৯-৪০

রাজা পরীক্ষিৎকে শাপ দেওয়া উচিত ছিল না, তথাপি তাঁহাকে শাপ দিয়াছে শুনিয়া সেই ব্রাহ্মণ পুত্রকে প্রশংসা করিলেন না, বরং অসন্তুষ্ট হইয়া বলিলেন,—ওঃ! তুমি আজ গুরুতর পাপ করিয়াছ, যেহেতু অত্যন্ত অল্প অপরাধে অতিশয় দণ্ড দিয়াছ ।৪১

তোমার বুদ্ধি পরিপক্ক হয় নাই, পরমেশ্বরতুল্য রাজাকে সাধারণ মানুষের সহিত সমান মনে করা উচিত হয় নাই, লোকের পক্ষে অসহনীয় যাঁহার প্রভাবে রক্ষিত হইয়া প্রজাগণ নির্ভয়ে কল্যাণ লাভ করে ।৪২

নারায়ণই রাজার মূর্ত্তি ধারণ করিয়া থাকেন, সেই রাজা না থাকিলে জগতে বহুলোক চোর হইবে, আর নৃপতি কর্ত্তৃক রক্ষিত না হইলে সমস্ত লোক মেঘপুঞ্জের মত তৎক্ষণাৎ ধ্বংস প্রাপ্ত হইবে ।৪৩

অরাজক হইলে বহুলোক চোর হয় এবং তাহারা পরস্পরকে হত্যা করে, দুর্বাক্য বলে, গবাদি পশু, স্ত্রীলোক ধনসম্পদ্ অপহরণ করে, অতএব রাজা না থাকিলে অর্থলুণ্ঠনকারী চোর হইতে যে পাপ হইবে আমরাই তাহার কারণ হওয়ায় চুরির সহিত আমাদের

ধর্মপালো নরপতিঃ স তু সম্রাড়্ বৃহচ্ছ্রবাঃ।
সাক্ষান্মহাভাগবতো রাজর্ষির্হয়মেধযাট্।
ক্ষুত্ট্শ্রমযুতো দীনো নৈবাস্মচ্ছাপমর্হতি ॥৪৬

অপাপেষু স্বভৃত্যেষু বালেনাপক্বুদ্ধিনা।
পাপং কৃতং তদ্ভগবান্ সর্ব্বাত্মা ক্ষন্তুমর্হতি ॥৪৭

তিরস্কৃতা বিপ্রলব্ধাঃ শপ্তাঃ ক্ষিপ্তা হতা অপি।
নাস্য তৎ প্রতিকুর্ব্বন্তি তদ্ভক্তাঃ প্রভবোঽপি হি ॥৪৮

ইতি পুত্রকৃতাঘেন সোঽনুতপ্তো মহামুনিঃ।
স্বয়ং বিপ্রকৃতো রাজ্ঞা নৈবাঘং তদচিন্তয়ৎ ॥৪৯

প্রায়শঃ সাধবো লোকে পরৈর্দ্বন্দ্বেষু যোজিতাঃ।
ন ব্যথন্তি ন হৃষ্যন্তি যত আত্মাগুণাশ্রয়ঃ ॥৫০

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং প্রথমস্কন্ধে
অষ্টাদশঃ অধ্যায়ঃ ॥

বৃহচ্ছ্রবাঃ মহাযশাঃ সাক্ষাৎ মহাভাগবতঃ হয়মেধযাট্ অশ্বমেধযাজী রাজর্ষিঃ সম্রাট্ ধর্মশীলঃ ক্ষুত্ট্শ্রমযুতঃ দীনঃ সঃ নরপতিঃ অস্মৎ অস্মত্তঃ শাপং ন অর্হতি ॥৪৬

অপক্বুদ্ধিনা তরলমতিনা বালেন অপাপেষু স্বভৃত্যেষু সেবকতুল্যেষু (যৎ) পাপং কৃতং, সর্ব্বাত্মা ভগবান্ তৎ পাপং ক্ষন্তুম্ অর্হতি ॥৪৭

তিরস্কৃতাঃ নিন্দিতাঃ বিপ্রলব্ধাঃ বঞ্চিতাঃ ক্ষিপ্তাঃ অবজ্ঞাতাঃ হতাঃ তাড়িতাঃ তদ্ভক্তাঃ বিষ্ণুভক্তাঃ অস্য তিরস্কারাদি প্রতিকর্ত্তুং প্রভবঃ সমর্থাঃ অপি তৎ ন প্রতিকুর্ব্বন্তি ॥৪৮

ইতি পুত্রকৃতাঘেন পুত্রকৃতাপরাধেন অনুতপ্তঃ সঃ মহামুনিঃ রাজ্ঞা স্বয়ং বিপ্রকৃতঃ অবমানিতঃ অপি তৎ অবম্ অপরাধং নৈব অচিন্তয়ৎ ॥৪৯

লোকে জগতি সাধবঃ পরৈঃ দ্বন্দ্বেষু সুখদুঃখাদিষু যোজিতাঃ সঙ্গমিতাঃ সন্তঃ প্রায়শঃ ন হৃষ্যন্তি ন ব্যথন্তি চ, যতঃ আত্মা অগুণাশ্রয়ঃ সুখদুঃখাদ্যাশ্রয়ঃ ন ভবতি ॥৫০

ইতি শ্রীবাগেশ্বরনাথশাস্ত্রিকৃতায়ামে অষ্টাদশঃ
অধ্যায়ঃ সমাপ্তঃ ॥

কোন সম্পর্ক না থাকিলেও আমাদের উপরই সে পাপ আসিয়া পড়িবে। তখন বেদোক্ত জাতি ও আশ্রমের উপযুক্ত আচারের সহিত আর্য্যগণের অনুষ্ঠিত ধর্ম্ম লোপ হইয়া যাইবে, তখন সমস্ত লোক কুক্কুর ও বানরের মত অর্থ ও কামে অত্যন্ত আবিষ্ট হইয়া পড়িবে বলিয়া তাহাদের বর্ণসঙ্কর হইয়া যাইবে ।৪৪-৪৫

আর সম্রাট্ পরীক্ষিৎ ধর্ম্মের প্রতিপালক, অতীব যশস্বী, সাক্ষাৎ অত্যন্ত ভগবদ্ভক্ত ও রাজর্ষি, তিনি অশ্বমেধ যজ্ঞও করিয়াছেন, তিনি ক্ষুধাপিপাসায় কাতর হইয়া শ্রান্তদেহে এখানে আসিয়াছিলেন, তাঁহাকে আমাদের শাপ দেওয়া উচিত হয় নাই ।৪৬

নিষ্পাপ নিজের ভৃত্যের প্রতি এই বালক অজ্ঞতাবশতঃ অপরাধ করিয়া ফেলিয়াছে, সকলের আত্মা ভগবান্ তাহা ক্ষমা করুন ।৪৭

যদি কেহ তিরস্কার করে, বঞ্চনা করে, অভিশাপ দেয়, অবজ্ঞা করে ও প্রহার করে, তাহলে ভগবদ্ভক্তগণ সমর্থ হইলেও তাহার কোন প্রতিকার করেন না, অতএব মহারাজ পরীক্ষিৎ এই বালককে নিশ্চয় প্রতিশাপও দিবেন না, সুতরাং এই পাপের প্রতিকারেরও কোন সম্ভাবনা নাই ।৪৮

মহর্ষি শমীক এই প্রকারে পুত্রের অপরাধে অনুতপ্ত হইতে লাগিলেন, কিন্তু রাজা যে তাঁহাকে অপমান করিয়াছেন, তাহা কিছুমাত্র চিন্তা করিলেন না ।৪৯

ঋষির পক্ষে ইহা উচিতই হইয়াছে, কারণ অন্য কেহ তাঁহাদের দুঃখ দিলে তাঁহারা দুঃখিত হন না এবং কেহ সুখ দিলেও সুখী হন না, সাধুগণ প্রায়ই একরূপ হন ; কারণ আত্মা নির্গুণ, সুতরাং তাহার সুখ দুঃখ কিছুই নাই ।৫০

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবত মহাপুরাণে প্রথম স্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীচারুকৃষ্ণ গর্দ্দনাচার্য্যকৃত বঙ্গভাষানুবাদসহিত-
অষ্টাদশ অধ্যায় সমাপ্ত।

ঊনবিংশঃ অধ্যায়ঃ

[মহারাজ-পরীক্ষিতো গঙ্গাতটে প্রায়োপবেশনম্, ঋষিসমাগমঃ, শুকদেবস্য শুভাগমনম্, রাজ্ঞঃ প্রশ্নশ্চ।]

সূত উবাচ।

মহীপতিস্ত্বথ তৎ কর্ম্ম গর্হ্যং
বিচিন্তয়ন্নাত্মকৃতং সুদুর্মনাঃ।
অহো ময়া নীচমনার্য্যবৎ কৃতং
নিরাগসি ব্রহ্মণি গূঢ়তেজসি ॥১

ধ্রুবং ততো মে কৃতদেবহেলনাদ্
দুরত্যয়ং ব্যসনং নাতিদীর্ঘাৎ।
তদস্তু কামং হ্যঘনিষ্কৃতায় মে
যথা ন কুর্য্যাং পুনরেবমদ্ধা ॥২

অত্যৈব রাজ্যং বলমৃদ্ধকোষং
প্রকোপিতব্রহ্মকুলানলো মে।
দহত্বভদ্রস্য পুনর্ন মেঽভূৎ
পাপীয়সী ধীর্দ্বিজদেবগোভ্যঃ ॥৩

স চিন্তয়ন্বিশ্বমথাশৃণোদ্ যথা
মুনেঃ সুতোক্তো নির্ঋতিস্তক্ষকাখ্যঃ।
স সাধু মেনে ন চিরেণ তক্ষকা-
নলং প্রসক্তস্য বিরক্তিকারণম্ ॥৪

অথো বিহায়েমমমুষ্য লোকং
বিমর্শিতৌ হেয়তয়া পুরস্তাৎ।
কৃষ্ণাঙ্ঘ্রিসেবামধিমন্যমান
উপাবিশৎ প্রায়মমর্ত্ত্যনদ্যাম্ ॥৫

অথ মহীপতিঃ রাজা তু আত্মকৃতং তৎ গর্হ্যং নিন্দ্যং কর্ম্ম বিচিন্তয়ন্ সুদুর্মনাঃ সন্ মনসি আহ। অহো ময়া গূঢ়তেজসি গুপ্ততেজঃসম্পন্নে নিরাগসি নিরপরাধে ব্রহ্মণি ব্রাহ্মণে অনার্য্যবৎ মূর্খবৎ নীচং পাপং কৃতম্ আচরিতম্ ॥১

ততঃ তস্মাৎ কৃতদেবহেলনাৎ ঈশ্বরাবজ্ঞাকরণাৎ নাতিদীর্ঘাৎ অচিরাৎ এব কালাৎ মে মম দুরত্যয়ং ব্যসনং দুঃখম্ অদ্ধা সাক্ষাৎ ধ্রুবং মে মম অঘনিষ্কৃতায় প্রায়শ্চিত্তায় (ভবিষ্যতি), তৎ ব্যসনং কামং অলঙ্কোচতঃ অস্তু। যথা এবং পুনঃ ন কুর্য্যাম্ ॥২

প্রকোপিতব্রহ্মকুলানলঃ ক্রুদ্ধব্রাহ্মণাগ্নিঃ অস্তু এব অভদ্রস্য কৃতপাপস্য মে মম ঋদ্ধকোষং পর্য্যাপ্ত-

---

ঊনবিংশ অধ্যায়

[গঙ্গাতীরে মহারাজ পরীক্ষিতের প্রায়োপবেশন, ঋষিগণের সমাগম, শুকদেবের শুভাগমন এবং রাজার প্রশ্ন।]

সূত বলিলেন,—তাহার পর মহারাজ পরীক্ষিৎ নিজের কৃত সেই অন্যায় কর্ম্ম চিন্তা করত দুঃখিত হইয়া ভাবিতে লাগিলেন—ওঃ! আমি অনার্য্যের মত নিরপরাধ ব্রাহ্মণের প্রতি অতি অন্যায় কার্য্য করিয়াছি, তাঁহার তপঃপ্রভাব প্রচ্ছন্ন ছিল, আমি বুঝিতে পারি নাই।১

আমি ব্রাহ্মণকে অপমান করিয়া ভগবান্‌কেই অবজ্ঞা করিয়াছি, সেইজন্য অচিরেই আমার নিশ্চয় গুরুতর বিপদ হইবে। আমার পাপের প্রায়শ্চিত্তের জন্য পুত্রাদির বিপদ না হইয়া অসঙ্কোচে আমারই বিপদ হউক্, এমন অন্যায় কাজ আর না করি।২

ব্রাহ্মণের কোপানল আজই আমার রাজ্য, সমৃদ্ধ ধনভাণ্ডারকে দগ্ধ করুক, যাহাতে ব্রাহ্মণ, দেবতা ও গুরুর প্রতি আমার দুর্বৃত্তের মত বুদ্ধি আর না হয়।৩

তিনি এইরূপ চিন্তা করিতেছেন, এমন সময় মহর্ষি

যা বৈ লসচ্ছ্রীতুলসীবিমিশ্র-
কৃষ্ণাঙ্ঘ্রিরেণ্বভ্যধিকাম্বুনেত্রী।
পুনাতি সেশানুভয়ত্র লোকান্
কস্তাং ন সেবেত মরিষ্যমাণঃ ॥৬
ইতি ব্যবচ্ছিদ্য স পাণ্ডবেয়ঃ
প্রায়োপবেশং প্রতি বিষ্ণুপন্থাম্।
দধৌ মুকুন্দাঙ্ঘ্রিমনন্যভাবো
মুনিব্রতো মুক্তসমস্তসঙ্গঃ ॥৭

তত্রোপজগ্মুর্ভুবনং পুনানা
মহানুভাবা মুনয়ঃ সশিষ্যাঃ।
প্রায়েণ তীর্থাভিগমাপদেশৈঃ
স্বয়ং হি তীর্থানি পুনন্তি সন্তঃ ॥৮
অত্রির্বসিষ্ঠশ্চ্যবনঃ শরদ্বা-
নরিষ্টনেমির্ভৃগুরঙ্গিরাশ্চ।
পরাশরো গাধিসুতোঽথ রাম
উতথ্য ইন্দ্রপ্রমদঃ সুবাহুঃ ॥৯

ধনং রাজ্যং দহতু। যেন দ্বিজদেবগোভ্যঃ দ্বিজদেবতাগাঃ দুঃখয়িতুং পুনঃ পাপীয়সী মে ধীঃ বুদ্ধিঃ ন অভূৎ ॥৩

সঃ রাজা ইত্থং চিন্তয়ন্ মুনেঃ যতোক্তঃ শৃঙ্গিণা কথিতঃ তক্ষকাখ্যঃ নির্ঋতিঃ মৃত্যুঃ ভবিষ্যতি ইতি যদা অশৃণোৎ, তদা স প্রসক্তস্য বিষয়াসক্তস্য জনস্য ন চিরাৎ তৎক্ষণমেব বিরক্তিকারণং বৈরাগ্যজনকং তক্ষকানলং সাধু মেনে ॥৪

অথো অনন্তরং পুরস্তাৎ শাপাৎ পূর্ব্বমেব হেয়তয়া বিমর্শিতৌ বিচারিতৌ ইমম্ অমুং চ লোকং বিহায় কৃষ্ণাঙ্ঘ্রিসেবাম্ অধিমন্যমানঃ অধিকাং জানন্ অমর্ত্যনদ্যাং গঙ্গায়াং প্রায়ম্ অনশনম্ উপাবিশৎ সংকল্পেন উপাবিবেশ ॥৫

শমীকের প্রেরিত শিষ্যের মুখে শুনিতে পাইলেন যে, ঋষির পুত্র শৃঙ্গী তাঁহাকে অভিশাপ দিয়াছেন—অদ্য হইতে সপ্তম দিনে মহাসর্প তক্ষক আপনার মৃত্যুরূপে উপস্থিত হইবে, ইহা শুনিয়া তিনি তক্ষকের বিষাগ্নিকে তৎক্ষণাৎ উত্তম বলিয়া মনে করিলেন, কারণ রাজ্যভোগে আসক্ত তাঁহার পক্ষে উহা বৈরাগ্যের হেতু হইবে ।৪

তাহার পর ইহলোক ও পরলোককে অগ্রাহ্য বলিয়া স্থির করত কৃষ্ণপাদপদ্মের সেবাকেই শ্রেষ্ঠ বলিয়া মনে করত তিনি গঙ্গাতীরে প্রায়োপবেশন করিলেন ।৫

যে গঙ্গা সুন্দর তুলসীযুক্ত হরিচরণের ধূলিদ্বারা

লসচ্ছ্রীতুলসীবিমিশ্র-কৃষ্ণাঙ্ঘ্রিরেণ্বভ্যধিকাম্বুনেত্রী নারায়ণচরণার্পিততুলসী তৎপাদরজশ্চ তাভ্যাং পবিত্রতরা যা গঙ্গা বৈ সেশান্ লোকপালসহিতান্ উভয়ত্র ইহ পরত্র চ লোকান্ পুনাতি। মরিষ্যমাণঃ আসন্নমরণঃ কঃ জনঃ তাং গঙ্গাং ন সেবেত ॥৬

ইতি পাণ্ডবেয়ঃ সঃ পরীক্ষিৎ বিষ্ণুপন্থাং গঙ্গায়াং প্রায়োপবেশম্ অনশনং প্রতি ব্যবচ্ছিদ্য নিশ্চিত্য অনন্যভাবঃ অনন্যমনাঃ মুনিব্রতঃ উপশান্তঃ মুক্তসমস্তসঙ্গঃ নির্ব্বাসনঃ সন্ মুকুন্দাঙ্ঘ্রিং দধৌ ধ্যাতবান্ ॥৭

ভুবনং পুনানাঃ পবিত্রং কুর্ব্বাণাঃ মহানুভাবাঃ সশিষ্যাঃ মুনয়ঃ তত্র উপজগ্মুঃ। সন্তঃ সাধবঃ প্রায়েণ তীর্থাভিগমাপদেশৈঃ তীর্থযাত্রাব্যাজৈঃ লোকসমাগমৈঃ মলিনীভূতানি তীর্থানি স্বয়ং হি পুনন্তি শোধয়ন্তি ।৮

অত্যন্ত উত্তম জলপ্রবাহকে বহন করিয়া মহাদেবের সহিত সমস্ত লোককে অন্তরে ও বাহিরে অর্থাৎ মন ও দেহকে পবিত্র করিতেছেন, কোন্ মুমূর্ষু ব্যক্তি তাঁহাকে সেবা না করিবে ? ৬

পাণ্ডুবংশের মহারাজ পরীক্ষিৎ গঙ্গাতে প্রায়োপবেশন করিতে স্থির করিয়া একাগ্রচিত্তে হরিপাদপদ্ম ধ্যান করিতে লাগিলেন, তখন তিনি মুনিদিগের মত শান্তিযুক্ত হইয়াছিলেন ও সমস্ত বিষয়ে আসক্তি ত্যাগ করিয়াছিলেন ।৭

জগৎপাবন মহাপ্রভাবশালী মহর্ষিগণ শিষ্যগণের

মেধাতিথির্দেবল আর্ষ্টিষেণো
ভরদ্বাজো গৌতমঃ পিপ্পলাদঃ।
মৈত্রেয় ঔর্ব্বঃ কবষঃ কুম্ভযোনি-
র্দ্বৈপায়নো ভগবান্ নারদশ্চ ॥১০
অন্যে চ দেবর্ষিব্রহ্মর্ষিবর্য্যা
রাজর্ষিবর্য্যা অরুণাদয়শ্চ।
নানার্ষেয়প্রবরান্ সমেতা-
নভ্যর্চ্চ্য রাজা শিরসা ববন্দে ॥১১
সুখোপবিষ্টেষ্বথ তেষু ভূয়ঃ
কৃতপ্রণামঃ স্বচিকীর্ষিতং যৎ।
বিজ্ঞাপয়ামাস বিবিক্তচেতা
উপস্থিতোঽগ্রেঽভিগৃহীতপাণিঃ ॥১২

শ্রীরাজোবাচ।

অহো বয়ং ধন্যতমা নৃপাণাং
মহত্তমানুগ্রহণীয়শীলাঃ।
রাজ্ঞাং কুলং ব্রাহ্মণপাদশৌচা-
দ্দূরাদ্ বিসৃষ্টং বত গর্হ্যকর্ম্ম ॥১৩
তস্যৈব মেঽঘস্য পরাবরেশো
ব্যাসক্তচিত্তস্য গৃহেষভীক্ষ্ণম্।

অত্রিঃ, বশিষ্ঠঃ, চ্যবনঃ, শরদ্বান্, অরিষ্টনেমিঃ, ভৃগুঃ, অঙ্গিরা চ, পরাশরঃ, গাধিসুতঃ বিশ্বামিত্রঃ, অথ রামঃ, পরশুরামঃ, উতথ্যঃ, ইন্দ্রপ্রমদঃ, সুবাহুঃ, মেধাতিথিঃ, দেবলঃ, আর্ষ্টিষেণঃ, ভরদ্বাজঃ, গৌতমঃ, পিপ্পলাদঃ, মৈত্রেয়ঃ, ঔর্ব্বঃ, কবষঃ, কুম্ভযোনিঃ অগস্ত্যঃ, দ্বৈপায়নঃ ব্যাসঃ, ভগবান্ নারদঃ চ দেবর্ষি-ব্রহ্মর্ষিবর্য্যাঃ অরুণাদয়ঃ চ রাজর্ষিবর্য্যা রাজর্ষিশ্রেষ্ঠাঃ তত্র উপজগ্মুঃ। রাজা সমেতান্ নানার্ষেয়প্রবরান্ বিবিধমুনিগোত্রোদ্ভবান্ তান্ শিরসা মস্তকেন (ভুবং স্পৃষ্ট্বা) ববন্দে ॥৯-১১

অথ তেষু সুখোপবিষ্টেষু সৎসু (রাজা) অগ্রে উপস্থিতঃ সন্মুখম্ আগতঃ ভূয়ঃ কৃতপ্রণামঃ, বিবিক্তচেতা নির্ম্মলচিত্তঃ অভিগৃহীতপাণিঃ কৃতাঞ্জলিঃ সন্ স্বচিকীর্ষিতং প্রায়োপবেশং যুক্তম্ অযুক্তম্ বা বিজ্ঞাপয়ামাস ॥১২

বত খেদে রাজ্ঞাং গর্হ্যকর্ম্ম নিন্দিতকর্ম্ম কুলং ব্রাহ্মণপাদশৌচাৎ পাদপ্রক্ষালনজলাৎ আরাৎ দূরে বিসৃষ্টং ক্ষিপ্তমপি বয়ং মহত্তমানুগ্রহণীয়শীলাঃ সন্তঃ নৃপাণাং মধ্যে ধন্যতমাঃ স্মঃ ॥১৩

গৃহেষু অভীক্ষ্ণং ব্যাসক্তচিত্তস্য অঘস্য পাপকারিণঃ তস্য এব মম পরাবরেশঃ ভগবান্ হরিঃ নির্ব্বেদমূলঃ বৈরাগ্যস্য কারণং বিজ্ঞাপরূপঃ বভূব, যত্র যস্মিন্

সহিত সেইস্থানে আগমন করিলেন, কারণ প্রায়ই মহাপুরুষগণ তীর্থযাত্রাচ্ছলে তীর্থগুলিকেই পবিত্র করিয়া থাকেন ॥৮

তাহাদের মধ্যে অত্রি, বশিষ্ঠ, চ্যবন, শরদ্বান্, অরিষ্টনেমি, ভৃগু, অঙ্গিরা, পরাশর, বিশ্বামিত্র, পরশুরাম, উতথ্য, ইন্দ্রপ্রমদ, সুবাহু, মেধাতিথি, দেবল, আর্ষ্টিষেণ, ভরদ্বাজ, গৌতম, পিপ্পলাদ, মৈত্রেয়, ঔর্ব, কবষ, অগস্ত্য, বেদব্যাস ও ভগবান্ নারদ এবং অন্যান্য শ্রেষ্ঠ দেবর্ষি ও মহর্ষিগণ এবং অরুণ প্রভৃতি রাজর্ষিগণ ঋষিবংশের প্রধান সেই সমস্ত উপস্থিত মুনিগণকে পূজা করিয়া রাজা মস্তক দিয়া প্রণাম করিলেন ॥৯-১১

তাঁহারা সুখে উপবেশন করিলে পুনর্ব্বার তাহাদিগকে প্রণাম করিয়া তাহাদের সম্মুখে উপস্থিত হইয়া নির্ম্মলচিত্তে কৃতাঞ্জলি হইয়া প্রায়োপবেশনাদি করা উচিত কি না জিজ্ঞাসা করিলেন ॥১২

তাঁহারা অনুমোদন করিলে রাজা বলিলেন,—ওঃ! আমি রাজাদিগের মধ্যে অত্যন্ত ধন্য, যেহেতু আমার কার্য্য মহাপুরুষদিগের অনুমোদন করিবার উপযুক্ত

নির্ব্বেদমূলো দ্বিজশাপরূপো
যত্র প্রসক্তো ভয়মাশু ধত্তে ॥১৪
তং মোপযাতং প্রতিযন্তু বিপ্রা
গঙ্গা চ দেবী ধৃতচিত্তমীশে।
দ্বিজোপসৃষ্টঃ কুহকস্তক্ষকো বা
দশত্বলং গায়ত বিষ্ণুগাথাঃ ॥১৫
পুনশ্চ ভূয়াদ্ভগবত্যনন্তে
রতিঃ প্রসঙ্গশ্চ তদাশ্রয়েষু।
মহৎসু যাং যামুপযামি সৃষ্টিং
মৈত্রস্তু সর্ব্বত্র নমো দ্বিজেভ্যঃ ॥১৬

ইতি স্ম রাজাধ্যবসায়যুক্তঃ
প্রাচীনমূলেষু কুশেষু ধীরঃ।
উদঙ্মুখো দক্ষিণকূল আস্তে
সমুদ্রপত্ন্যাঃ স্বসুতন্যস্তভারঃ ॥১৭
এবঞ্চ তস্মিন্ নরদেবদেবে
প্রায়োপবিষ্টে দিবি দেবসঙ্ঘাঃ।
প্রশস্য ভূমৌ ব্যকিরন্ প্রসূনৈ-
র্মুদা মুহুর্দুন্দুভয়শ্চ নেদুঃ ॥১৮
মহর্ষয়ো বৈ সমুপাগতা যে
প্রশস্য সাধ্বিত্যনুমোদমানাঃ।

ইতি প্রসক্তঃ গৃহেষু আসক্তঃ জনঃ আশু শীঘ্রং ভয়ং ধত্তে নির্বিন্নঃ ভবতি ॥১৪

হে বিপ্রাঃ! ঈশে শ্রীকৃষ্ণে ধৃতচিত্তং নিবিষ্টমানসং তং মাং প্রতিযন্তু জানন্তু দেবী গঙ্গা চ উপযাতং শরণাগতং প্রত্যেতু। দ্বিজোপসৃষ্টঃ ব্রাহ্মণনোদিতঃ কুহকঃ তক্ষকঃ বা অলং দশতু। (যূয়ং) বিষ্ণুগাথাঃ বিষ্ণোঃ কথাঃ গায়ত ॥১৫

(অহং) যাং যাং সৃষ্টিং জন্ম পুনঃ উপযামি প্রাপ্নোমি, (তস্যাং তস্যাং) ভবতি অনন্তে হরৌ মহৎসু তদাশ্রয়েষু তদ্ভক্তেষু রতিঃ অনুরাগঃ প্রসঙ্গঃ প্রকৃষ্টঃ সঙ্গঃ সর্ব্বত্র সর্ব্বজীবেষু মৈত্রঃ তু (ভূয়াৎ)। দ্বিজেভ্যঃ নমঃ ॥১৬

ধীরঃ রাজা ইতি অধ্যবসায়যুক্তঃ কৃতনিশ্চয়ঃ স্বসুত-ন্যস্তভারঃ জনমেজয়ে অর্পিতরাজ্যভারঃ সন্ সমুদ্রপত্ন্যাঃ গঙ্গায়াঃ দক্ষিণকূলে প্রাচীনমূলেষু কুশেষু উদঙ্মুখঃ আস্তে স্ম ॥১৭

তস্মিন্ নরদেবদেবে এবং প্রায়োপবিষ্টে সতি দিবি স্বর্গে দেবসঙ্ঘাঃ দেবসমূহাঃ প্রশস্য মুদা আনন্দেন

হইয়াছে, ব্রাহ্মণগণের পদধৌত করা জল অপেক্ষাও রাজসংশকে ব্রাহ্মণগণ দূরে ফেলিয়া রাখেন অর্থাৎ আমাদের সহিত কোন সম্পর্কই রাখেন না, কারণ নৃপতিগণ গর্হিত কর্ম্ম করিয়া থাকে ।১৩

আমি নিন্দিত কার্য্য করিয়াছি অতএব পাপী এবং আমার মন সর্ব্বদা গৃহে আসক্ত, আমার পক্ষে পরমেশ্বরই ব্রহ্মশাপরূপে উপস্থিত হইয়াছেন, যে অভিশাপ হইলে গৃহাসক্ত ব্যক্তির শীঘ্র বৈরাগ্য জন্মে এবং বৈরাগ্য হইলে তাঁহাকে পাওয়া যায় ।১৪

হে ব্রাহ্মণগণ! আপনারা আমাকে আপনাদের শরণাগত বলিয়া মনে করুন এবং দেবী গঙ্গাও আমাকে তাঁহার শরণাগত বলিয়া মনে করুন; আমি হরিপাদপদ্মে মন অর্পণ করিয়া দিয়াছি, এখন কপট তক্ষক ব্রাহ্মণের আজ্ঞাবশতঃ আসিয়া ইচ্ছামত দংশন করুক, আমি তাহাতে ভীত হইব না, আপনারা হরিলীলা কীর্ত্তন করিতে থাকুন ।১৫

আরও প্রার্থনা করিতেছি, আমি যতবার জন্মগ্রহণ করিব, সেই সমস্ত জন্মেই ভগবান্ অনন্তে যেন আমার রতি হয় এবং তাঁহার আশ্রিত মহাপুরুষের সহিত যেন আমার উৎকৃষ্ট সম্পর্ক হয় এবং সমস্ত জীবে যেন আমার বন্ধুত্ব হয়, আমি ব্রাহ্মণগণকে প্রণাম করি ।১৬

উত্তম বুদ্ধিযুক্ত রাজা পরীক্ষিৎ এইরূপ স্থির করিয়া নিজের পুত্র জনমেজয়ের উপর রাজ্যের ভার অর্পণ পূর্ব্বক গঙ্গার দক্ষিণতীরে উত্তরমুখ হইয়া কুশাসনে উপবেশন করিলেন। ঐ আসনের কুশগুলির মূল পূর্ব্বদিকে ছিল ।১৭

উচুঃ প্রজানুগ্রহশীলসারা-
যদুত্তমঃশ্লোকগুণাভিরূপম্ ॥১৯
ন বা ইদং রাজর্ষিবর্য্য চিত্রং
ভবৎসু কৃষ্ণং সমমুব্রতেষু।
যেঽধ্যাসনং রাজকিরীটজুষ্টং
সদ্যো জহুর্ভগবৎপার্শ্বকামাঃ ॥২০
সর্ব্বে বয়ং তাবদিহাস্মহেঽথ
কলেবরং যাবদসৌ বিহায়।
লোকং পরং বিরজস্কং বিশোকং
যাস্যত্যয়ং ভাগবতপ্রধানঃ ॥২১

আশ্রুত্যর্ষিগণবচঃ পরীক্ষিৎ
সমং মধুচ্যুদ্ গুরু চাব্যলীকম্।
আভাষতৈনানভিবন্দ্য যুক্তঃ
শুশ্রূষমাণশ্চরিতানি বিষ্ণোঃ ॥২২
সমাগতাঃ সর্ব্বত এব সর্ব্বে
বেদা যথা মূর্ত্তিধরাস্ত্রিপৃষ্ঠে।
নেহ চ নামুত্র চ কশ্চনার্থ
ঋতে পরানুগ্রহমাত্মশীলম্ ॥২৩
ততশ্চ বঃ পৃচ্ছাম্যিদং বিপৃচ্ছে
বিশ্রভ্য বিপ্রা ইতিকৃত্যতায়াম্।

প্রসূনৈঃ পুষ্পৈঃ ব্যকিরন্ বৃষ্টিম্ অকুর্ব্বন্। দুন্দুভয়শ্চ মুহুঃ নেদুঃ ॥১৮

প্রজানুগ্রহশীলসারাঃ লোকানুগ্রহে তৎপরাঃ যে মহর্ষয়ঃ সমুপাগতাঃ, তে সাধু ইতি প্রশস্য অনুমোদমানাঃ সন্তঃ যৎ উত্তমঃশ্লোকগুণাভিরূপং শ্রীকৃষ্ণস্য গুণৈঃ সুন্দরং (ভবেৎ তদেব) উচুঃ ॥১৯

হে রাজর্ষিবর্য্য! কৃষ্ণং সমমুব্রতেষু ভবৎসু ইদং বা ন চিত্রং, যে ভগবৎপার্শ্বকামাঃ যুধিষ্ঠিরাদয়ঃ সন্তঃ রাজকিরীটজুষ্টং রাজমুকুটান্বিতম্ অধ্যাসনং রাজ্যাসনং জহুঃ ॥২০

অথ সর্বে বয়ম্ ইহ গঙ্গাতীরে তাবৎ আস্মহে স্থাস্যামঃ, যাবৎ অয়ম্ অসৌ ভাগবতপ্রধানঃ পরীক্ষিৎ কলেবরং বিহায় পরং শ্রেষ্ঠং বিরজস্কং বিশোকং লোকং যাস্যতি ॥২১

বিষ্ণোঃ চরিতানি শুশ্রূষমাণঃ পরীক্ষিৎ সমং পক্ষপাতশূন্যং মধুচ্যুৎ গুরু অব্যলীকম্ ঋষিগণবচঃ আশ্রুত্য যুক্তঃ সন্ এতান্ ঋষীন্ অভিবন্দ্য আভাষত ॥২২

ত্রিপৃষ্ঠে সত্যলোকে মূর্ত্তিধরাঃ বেদাঃ যথা তত্তুল্যাঃ সর্ব্বে যূয়ং সর্ব্বত্র সমাগতাঃ। (যুষ্মাকম্) আত্মশীলং স্বস্বভাবং পরানুগ্রহম্ ঋতে কশ্চন অর্থঃ ইহ অথ অমুত্র চ ন (অস্তি) ॥২৩

সম্রাট্ পরীক্ষিৎ এইরূপে প্রায়োপবেশন করিলে স্বর্গবাসী দেবতাগণ আনন্দিত হইয়া পৃথিবীতে তাঁহার উপর পুষ্পবর্ষণ করিতে লাগিলেন এবং স্বর্গে পুনঃ পুনঃ দুন্দুভি বাজিতে লাগিল ।১৮

প্রজাগণের অনুগ্রহ করাই যাঁহাদের স্বভাব এবং দেইরূপ শক্তিশালী যে সমস্ত মহর্ষি সেইস্থানে সমাগত হইয়াছিলেন, তাঁহারা রাজাকে সাধুবাদ পূর্ব্বক প্রশংসা করিয়া ও তাহা অনুমোদন করিয়া ভগবানের গুণরাশির দ্বারা সুন্দর রাজাকে বলিতে লাগিলেন ।১৯

হে শ্রেষ্ঠ রাজর্ষি! কৃষ্ণের একান্ত অনুগত পাণ্ডবংশের পক্ষে এই প্রায়োপবেশন করা আশ্চর্য্যের বিষয় নহে, যে পাণ্ডবগণ ভগবানের সান্নিধ্য লাভ করিবার জন্য রাজাদিগের মুকুটের দ্বারা গৌরবান্বিত সিংহাসন তৎক্ষণাৎ পরিত্যাগ করিয়াছিলেন ।২০

ভগবদ্ভক্তগণের শ্রেষ্ঠ এই রাজা দেহত্যাগ করিয়া যেখানে রজোগুণ নাই ও কোন শোক নাই, সেই সর্ব্বোত্তম বৈকুণ্ঠ লোকে যতক্ষণ না গমন করেন, ততক্ষণ আমরা সকলে এই স্থানে থাকব ।২১

পরীক্ষিৎ ঋষিদিগের পক্ষপাতশূন্য অমৃতময় গভীর অর্থযুক্ত সত্য কথা শ্রবণ করিয়া তাঁহাদিগকে প্রণাম

সর্ব্বাত্মনা ম্রিয়মাণৈশ্চ কৃত্যং
শুদ্ধঞ্চ তত্রামৃশতাভিযুক্তাঃ ॥২৪
তত্রাভবদ্ভগবান্ ব্যাসপুত্রো
যদৃচ্ছয়া গামটমানোঽনপেক্ষঃ।
অলক্ষ্যলিঙ্গো নিজলাভতুষ্টো
বৃতশ্চ বালৈরবধূতবেশঃ ॥২৫
তং দ্ব্যষ্টবর্ষং সুকুমারপাদ-
করোরুবাহ্বংসকপোলগাত্রম্।
চার্ব্বায়তাক্ষোন্নসতুল্যকর্ণ-
সুভ্রাননং কম্বুসুজাতকণ্ঠম্ ॥২৬
নিগূঢ়জত্রুং পৃথুতুঙ্গবক্ষস-
মাবর্ত্তনাভিং বলিবল্গুদরঞ্চ।
দিগম্বরং বক্ত্রবিকীর্ণকেশং
প্রলম্ববাহুং স্বমরোত্তমাভম্ ॥২৭
শ্যামং সদাপীব্যবয়োঽঙ্গলক্ষ্ম্যা
স্ত্রীণাং মনোজ্ঞং রুচিরস্মিতেন।

হে বিপ্রাঃ! ততঃ তস্মাৎ কারণাৎ বিশ্রব্ভাঃ বিশ্বাসং কৃত্বা বঃ যুষ্মান্ পৃচ্ছ্যম্ ইদং বিপৃচ্ছে। (যূয়ং) অভিযুক্তাঃ পৃষ্টাঃ সন্তঃ সর্ব্বাত্মনা সর্ব্বাবস্থাসু ম্রিয়মাণৈঃ আসন্নমরণৈঃ অপি তত্র ইতিকৃত্যতায়াম্ ইতিকর্ত্তব্যতায়াং শুদ্ধং নির্দ্দোষং কৃত্যং কর্ত্তব্যতায়াং শুদ্ধং নির্দ্দোষং কৃত্যং কর্ত্তব্যম্ আমৃশত ॥২৪

অলক্ষ্যলিঙ্গঃ নিজলাভতুষ্টঃ অবধূতঃ বর্ণাশ্রমরহিতঃ অনপেক্ষঃ ভগবান্ ব্যাসপুত্রঃ শুকদেবঃ যদৃচ্ছয়া গাং পৃথিবীম্ অটমানঃ পর্য্যটন্ বালৈঃ বৃতঃ চ সন্ তত্র অভবৎ ॥২৫

ব্যষ্টবর্ষং ষোড়শবর্ষবয়স্কং সুকুমারপাদ-করোরু-বাহ্বংসকপোলগাত্রং মনোহরাঙ্গাবয়ববিশিষ্টং চার্ব্বায়তাক্ষোন্নসতুল্যকর্ণসুভ্রাননং মনোহরদীর্ঘনয়নাভ্যাম্ উন্নতনাসিকয়া তুল্যকর্ণাভ্যাং সুন্দরভ্রূভ্যাঞ্চ যুক্তম্ আননং ধারয়ন্তং কম্বুসুজাতকণ্ঠং শঙ্খগ্রীবং পৃথুতুঙ্গবক্ষসং নিগূঢ়জত্রুং মাংসাচ্ছাদিতকণ্ঠাস্থিভাগং বিস্তীর্ণম্ উন্নতং চ বক্ষঃস্থলং বহন্তম্ আবর্ত্তনাভিং বলিবল্গুদরং তির্য্যঙ্নিম্নরেখাভিঃ মনোহরম্ উদরং যস্য, দিগম্বরং বক্ত্রবিকীর্ণকেশং প্রলম্ববাহুং স্বমরোত্তমাভং শ্রীহরিতুল্যকান্তিং শ্যামং অপীব্যবয়োঽঙ্গলক্ষ্ম্যা যৌবনস্য

পূর্ব্বক একাগ্রচিত্তে হরিলীলা শ্রবণ করিতে ইচ্ছুক হইয়া বলিলেন,—সত্যলোকস্থিত মূর্ত্তিমান্ বেদসমূহের মত আপনারা সকলে সকলদিক্ হইতে এখানে শুভাগমন করিয়াছেন, স্বভাবসিদ্ধ পরের অনুগ্রহ করা ব্যতীত আপনাদের ইহলোকে ও পরলোকে অন্য কোন প্রয়োজনই নাই, সেইজন্য আপনাদিগকে এই জিজ্ঞাস্য বিষয় জিজ্ঞাসা করিতেছি যে, হে ব্রাহ্মণগণ! যে প্রকারে যাহা করিতে হইবে, সে বিষয়ে সকল অবস্থাতেই যাহা কর্ত্তব্য, বিশেষতঃ মৃত্যুর নিকটবর্ত্তী ব্যক্তির পক্ষে যাহা কর্ত্তব্য এবং যাহাতে পাপের কোন লেশই নাই, তাহা অতি বিচক্ষণ আপনারা বিচার করিয়া দেখুন ।২২-২৪

এই সময় ব্যাসের পুত্র ভগবান্ শুকদেব কিছুরই অপেক্ষা না করিয়া বিনা উদ্দেশ্যে পৃথিবীতে ভ্রমণ করিতে করিতে সেই স্থানে আসিয়া উপস্থিত হইলেন, কোন আশ্রমের লক্ষণই তাঁহাতে দেখা যায় নাই, তিনি আত্মস্বরূপের উপলব্ধি করিয়াই সন্তুষ্ট ছিলেন এবং বালকগণ তাঁহাকে পাগল মনে করিয়া তাঁহার চতুর্দ্দিক্ বেষ্টন করিয়া অবজ্ঞাসূচক ব্যবহার করিতেছিল এবং যাহাকে লোক অবজ্ঞা করিয়া সমাজ হইতে বহিষ্কৃত করিয়া দেয়, সেই অবধূতের মত তাঁহার বেশ ছিল ।২৫

তাঁহার বয়স ষোড়শ বৎসর, তাঁহার হস্ত, পদ, উরু, বাহু, স্কন্ধ, কপোল ও গাত্র অত্যন্ত সুন্দর, চক্ষু দুইটি সুন্দর অথচ বিস্তৃত, নাসিকা উচ্চ, কর্ণ দুইটি সমান অর্থাৎ ছোট বড় নহে, ভ্রূযুগল ও মুখখানি অত্যন্ত সুশ্রী এবং কণ্ঠ শঙ্খের মত তিনটি রেখাযুক্ত ও সুগঠিত। তাঁহার স্কন্ধস্থ অস্থি দুইটি মাংসে আবৃত, বক্ষঃস্থল বৃহৎ ও উচ্চ,

প্রত্যুত্থিতাস্তে মুনয়ঃ স্বাসনেভ্য-
স্তল্লক্ষণজ্ঞা অপি গূঢ়বর্চসম্ ॥২৮
স বিষ্ণুরাতোঽতিথয়ে আগতায়
তস্মৈ সপর্য্যাং শিরসাজহার।
ততো নিবৃত্তা হ্যবুধাঃ স্ত্রিয়োঽর্ভকা
মহাসনে সোপবিবেশ পূজিতঃ ॥২৯
স সংবৃতস্তত্র মহান্ মহীয়সাং
ব্রহ্মর্ষিরাজর্ষিদেবর্ষিসঙ্ঘৈঃ।
ব্যরোচতালং ভগবান্ যথেন্দু-
র্গ্রহর্ক্ষতারানিকরৈঃ পরীতঃ ॥৩০

প্রশান্তমাসীনমকুণ্ঠমেধসং
মুনিং নৃপো ভাগবতোঽভ্যুপেত্য।
প্রণম্য মূর্দ্ধাবহিতঃ কৃতাঞ্জলি-
র্নত্বা গিরা সূনৃতয়ান্বপৃচ্ছৎ ॥৩১

পরীক্ষিদুবাচ।

অহো অদ্য বয়ং ব্রহ্মন্ সৎসেব্যাঃ ক্ষত্রবন্ধবঃ।
কৃপয়াতিথিরূপেণ ভবদ্ভিস্তীর্থকাঃ কৃতাঃ ॥৩২
যেষাং সংস্মরণাৎ পুংসাং সদ্যঃ শুধ্যন্তি বৈ গৃহাঃ।
কিং পুনর্দর্শনস্পর্শ-পাদশৌচাসনাদিভিঃ ॥৩৩

অঙ্গকান্ত্যা সদা রুচিরস্মিতেন স্ত্রীণাং মনোজ্ঞং গূঢ়বর্চসং গুপ্ততেজসম্ অপি তং শুকদেবং তল্লক্ষণজ্ঞাঃ তে মুনয়ঃ স্বাসনেভ্যঃ প্রত্যুত্থিতাঃ প্রত্যুদ্গতবন্তঃ ॥২৬-২৮

সঃ বিষ্ণুরাতঃ পরীক্ষিৎ আগতায় তস্মৈ অতিথয়ে শুকদেবায় শিরসা সপর্য্যাং পূজাম্ আজহার, ততঃ অবুধ্যাঃ স্ত্রিয়ঃ অর্ভকাঃ চ নিবৃত্তাঃ হি। যঃ পূজিতঃ সন্ মহাসনে উপবিবেশ ॥২৯

মহীয়সাং মহতাং মহান্ সঃ শুকঃ তত্র সভায়াং ব্রহ্মর্ষি-রাজর্ষি-দেবর্ষিসঙ্ঘৈঃ সংবৃতঃ সন্ গ্রহর্ক্ষ-তারানিকরৈঃ পরীতঃ ভগবান্ ইন্দুঃ চন্দ্রঃ যথা তথা অলং ব্যরোচত শুশুভে ॥৩০

ভাগবতঃ নৃপঃ প্রশান্তম্ আসীনম্ অকুণ্ঠমেধসং সর্ব্বজ্ঞং মুনিং শুকম্ অভ্যুপেত্য সমীপে আগত্য অবহিতঃ সন্ মূর্দ্ধ্না প্রণম্য কৃতাঞ্জলিঃ সন্ (পুনঃ) নত্বা সূনৃতয়া গিরা অন্বপৃচ্ছৎ ॥৩১

হে ব্রহ্মন্! অহো অদ্য ক্ষত্রবন্ধবঃ বয়ং সৎসেব্যাঃ সতাম্ আদরযোগ্যাঃ মহৎসেবায়াম্ অধিকারিণঃ (অভূমঃ)। যতঃ ভবদ্ভিঃ কৃপয়া অতিথিরূপেণ তীর্থকাঃ যোগ্যাঃ কৃতাঃ। যেষাং ভবতাং সংস্মরণাৎ পুংসাং গৃহাঃ সদ্য বৈ শুধ্যন্তি। দর্শন-স্পর্শ-পাদশৌচাসনাদিভিঃ কিং পুনঃ ॥৩২-৩৩

নাভি জলের ঘূর্ণির ন্যায় গভীর, উদর বক্রাকৃতি তিনটি রেখাদ্বারা সুশ্রী, তাঁহার পরিধানে কিছুই নাই, কুঞ্চিত কেশগুলি মস্তকে ইতস্তত বিক্ষিপ্ত, বাহুদুইটি জানু পর্য্যন্ত দীর্ঘ, সর্ব্বোত্তম তাঁহার অত্যন্ত শোভাযুক্ত দেহখানি শ্যামবর্ণ, নবযৌবনবশতঃ মেঘের কান্তি ও মধুর মৃদুহাস্যের দ্বারা স্ত্রীলোকদিগের চিত্ত আকর্ষণ করিতেছেন। তাঁহার তেজ গুপ্ত থাকিলেও তাঁহার লক্ষণ দেখিয়াই সেই ঋষিগণ নিজ নিজ আসন হইতে উত্থিত হইয়া দাঁড়াইয়া অভ্যর্থনা করিলেন। রাজা পরীক্ষিৎ সমাগত সেই অতিথিকে মস্তকের দ্বারা সম্মান করিলেন অর্থাৎ আত্মনিবেদন করিলেন। যাহারা তাঁহাকে চিনিতে পারে নাই, সেই যুবতীগণ কন্দর্প মনে করিয়া তাঁহার সহিত আসিতেছিল, তাহারা সকলে যখন ফিরিয়া গেল, তিনি পূজিত হইয়া আসনে উপবেশন করিলেন।২৬-২৯

সমস্ত মহাপুরুষদিগের মধ্যে অত্যন্ত মহৎ ভগবান্ শুকদেব ব্রহ্মর্ষি, রাজর্ষি ও দেবর্ষিগণে পরিবৃত হইয়া গ্রহগণ, অশ্বিনী প্রভৃতি নক্ষত্র ও তারাগণে পরিবেষ্টিত চন্দ্রের ন্যায় অত্যন্ত শোভা পাইতে লাগিলেন।৩০

তিনি উপবেশন করিলে ভগবদ্ভক্ত পরীক্ষিৎ সুস্থ চিত্ত ও অব্যাহত স্মৃতিশক্তিযুক্ত মুনি শুকদেবের নিকটে আসিয়া মস্তক দিয়া প্রণাম করিয়া প্রশ্ন করিবার জন্য

সান্নিধ্যাৎ তে মহাযোগিন্ পাতকানি মহান্ত্যপি।
সদ্যো নশ্যন্তি বৈ পুংসাং বিষ্ণোরিব সুরেতরাঃ ॥৩৪

অপি মে ভগবান্ প্রীতঃ কৃষ্ণঃ পাণ্ডুসুতপ্রিয়ঃ।
পৈতৃষ্বস্রেয়প্রীত্যর্থং তদ্গোত্রস্যাত্মবান্ধবঃ ॥৩৫

অন্যথা তেঽব্যক্তগতের্দর্শনং নঃ কথং নৃণাম্।
নিতরাং ম্রিয়মাণানাং সংসিদ্ধস্য বনীয়সঃ ॥৩৬

অতঃ পৃচ্ছামি সংসিদ্ধিং যোগিনাং পরমং গুরুম্।
পুরুষস্যেহ যৎ কার্য্যং ম্রিয়মাণস্য সর্ব্বথা ॥৩৭

যচ্ছ্রোতব্যমথো জপ্যং যৎ কর্ত্তব্যং নৃভিঃ প্রভো।
স্মর্ত্তব্যং ভজনীয়ং বা ব্রূহি যদ্বা বিপর্য্যয়ম্ ॥৩৮

হে মহাযোগিন্! তে তব সান্নিধ্যাৎ পুংসাং মহান্তি পাতকানি অপি বিষ্ণোঃ সান্নিধ্যাৎ সুরেতরাঃ অসুরাঃ ইব সদ্যঃ বৈ নশ্যন্তি ॥৩৪

পৈতৃষ্বস্রেয়প্রীত্যর্থং যুধিষ্ঠিরাদীনাং সন্তোষার্থং তদ্গোত্রস্য তদ্বংশোদ্ভবস্য মে আত্মবান্ধবঃ গৃহীতকৃত্যঃ ভগবান্ পাণ্ডুসুতপ্রিয়ঃ কৃষ্ণঃ অপি মে প্রীতঃ প্রসন্নঃ জাতঃ ॥৩৫

অন্যথা নৃণাম্ অব্যক্তগতেঃ সংসিদ্ধস্য কৃতকৃত্যস্য বনীয়সঃ (মাং যাচস্ব ইতি প্রবর্ত্তকস্য) তে তব দর্শনং ম্রিয়মাণানাম্ আসন্নমরণানাং নঃ অস্মাকং কথং (ভবেৎ) ? ৩৬

অতঃ ম্রিয়মাণস্য পুরুষস্য ইহ সর্ব্বথা যৎ কার্য্যং যোগিনাং পরমং গুরুং ত্বাং সংসিদ্ধিং পৃচ্ছামি ।৩৭

হে প্রভো! নৃভিঃ মনুষ্যৈঃ যৎ শ্রোতব্যং অথো যৎ জপ্যং যৎ কর্ত্তব্যং স্মর্ত্তব্যং ভজনীয়ং বা (তৎ) ব্রূহি যদ্বা বিপর্য্যয়ম্ অশ্রোতব্যাদিকং (তৎ) ব্রূহি ॥৩৮

পুনর্বার প্রণাম করিয়া কৃতাঞ্জলি হইয়া সাবধানে মিষ্ট কথায় জিজ্ঞাসা করিলেন ।৩১

পরীক্ষিৎ বলিলেন,—হে ব্রাহ্মণ! ক্ষত্রিয়াধম আমি আজ সজ্জনদিগের সেবা করিবার অধিকারী হইলাম, ওঃ আমার কি সৌভাগ্য! কারণ আপনি কৃপা করিয়া অতিথিরূপে আমাকে পবিত্র করিলেন ।৩২

যাঁহাদিগকে কেবল স্মরণ করিলেই লোকের গৃহ তৎক্ষণাৎ পবিত্র হয়, তাঁহাদিগের দর্শন, স্পর্শ, পদধৌত ও উপবেশন প্রভৃতির দ্বারা যে গৃহ পবিত্র হইবে তাহা আর কি বলিব? ৩৩

হে মহাযোগী! বিষ্ণুর নিকটে অসুরগণ যেমন বিধ্বস্ত হয়, সেইরূপ আপনি নিকটে আগমন করিলেই গুরুতর পাপও নষ্ট হইয়া যায় ।৩৪

পাণ্ডবদিগের প্রিয় ভগবান্ কৃষ্ণ নিশ্চয় আমার প্রতি প্রসন্ন হইয়াছেন, যিনি তাঁহার পিসির পুত্রগণের প্রীতির জন্য তাঁহাদের বংশজাত আমার বন্ধুত্ব গ্রহণ করিয়াছেন ।৩৫

তাহা না হইলে যে আপনার গমনের কিছুই স্থিরতা নাই, সেই আপনার দর্শনলাভ করা মনুষ্যের পক্ষে বিশেষতঃ আসন্নমৃত্যু আমার পক্ষে কি করিয়া সম্ভব হইত? আপনি জীবন্মুক্ত ও আমাকে এই বলিয়া যেন প্রবৃত্ত করিতেছেন যে, তুমি আমাকে প্রার্থনা কর ।৩৬

এইজন্য যোগীদিগের পরমগুরু আপনাকে জিজ্ঞাসা করি, আসন্নমৃত্যু ব্যক্তির পক্ষে সর্ব্বোত্তম উপকার কি এবং সেজন্য কি করা উচিত? ৩৭

হে প্রভু! সমস্ত মনুষ্যগণের পক্ষে যাহা শ্রবণ করা উচিত, যাহা জপকরা উচিত এবং অবশ্য কর্ত্তব্য যে কার্য্য করা উচিত, যাঁহাকে শ্রবণ করা উচিত ও ভক্তি করা উচিত, তাহা বলুন এবং যাহা করা উচিত নহে, তাহাও বলুন ।৩৮

নূনং ভগবতো ব্রহ্মন্ গৃহেষু গৃহমেধিনাম্।
ন লক্ষ্যতে হ্যবস্থানমপি গোদোহনং ক্বচিৎ ॥৩৯

সূত উবাচ।

এবমাভাষিতঃ পৃষ্টঃ স রাজ্ঞা শ্লক্ষ্ণয়া গিরা।
প্রত্যভাষত ধর্ম্মজ্ঞো ভগবান্ বাদরায়ণিঃ ॥৪০

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং প্রথমস্কন্ধে
ঊনবিংশঃ অধ্যায়ঃ।
প্রথমস্কন্ধঃ সম্পূর্ণঃ ॥

হে ব্রহ্মন্! ক্বচিৎ গৃহমেধিনাং গৃহস্থানাং গৃহেষু ভগবতঃ অবস্থানং হি গোদোহনং গোদোহনকালম্ অপি নূনং ন লক্ষ্যতে ॥৩৯

ধর্ম্মজ্ঞঃ ভগবান্ বাদরায়ণিঃ ব্যাসপুত্রঃ রাজ্ঞা পরীক্ষিতা শ্লক্ষ্ণয়া মধুরয়া গিরা বাক্যেন আভাষিতঃ অভিমুখীকৃতঃ পৃষ্টঃ চ প্রত্যভাষত ॥৪০

ইতি প্রথমস্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতায়ে
ঊনবিংশঃ অধ্যায়ঃ সমাপ্তঃ ॥

হে ব্রাহ্মণ! একটি গাভীকে দোহন করিতে যতক্ষণ সময় লাগে, ততক্ষণ পর্য্যন্তও গৃহস্থদিগের গৃহে আপনার অবস্থান কখনো দেখিতে পাওয়া যায় না, অতএব এখনি বলুন ।৩৯

সূত বলিলেন,—এইরূপে রাজা মধুর বাক্যে নিজের প্রতি মনোযোগী করিয়া জিজ্ঞাসা করিলেন ধর্ম্মতত্ত্বে অভিজ্ঞ ভগবান্ শুকদেব উত্তর করিতে আরম্ভ করিলেন ।৪০

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসীসংহিতা শ্রীমদ্ভাগবত মহাপুরাণে প্রথম স্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীচারুকৃষ্ণশর্ম্মাচার্য্যকৃত বঙ্গভাষানুবাদসহিত-
ঊনবিংশ অধ্যায় সমাপ্ত।

প্রথম স্কন্ধ সমাপ্ত।

শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথপ্রবর্ত্তিত আর্য্যশাস্ত্রে

শ্রীমন্মহর্ষিবেদব্যাসকৃত শ্রীমদ্ভাগবতমহাপুরাণে

দ্বিতীয়ঃ স্কন্ধঃ

পণ্ডিতকুলতিলক শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতাম্বয়সমলঙ্কৃতঃ।

পণ্ডিতপ্রবর-শ্রীচারুকৃষ্ণশর্ম্মনাচার্য্যকৃতবঙ্গভাষানুবাদসহিতঃ।

প্রথম অধ্যায়

[শুকদেবের উত্তর দান এবং তাহার মধ্যে ভগবানের বিরাট্‌রূপ বর্ণন।]

শ্রীশুক উবাচ

বরীয়ানেষ তে প্রশ্নঃ কৃতো লোকহিতং নৃপ।
আত্মবিৎসম্মতঃ পুংসাং শ্রোতব্যাদিষু যঃ পরঃ ॥১

শ্রোতব্যাদীনি রাজেন্দ্র নৃণাং সন্তি সহস্রশঃ।
অপশ্যতামাত্মতত্ত্বং গৃহেষু গৃহমেধিনাম্ ॥২

নিদ্রয়া হ্রিয়তে নক্তং ব্যবায়েন চ বা বয়ঃ।
দিবা চার্থেহয়া রাজন্ কুটুম্বভরণেন বা ॥৩

দেহাপত্যকলত্রাদিষ্বাত্মসৈন্যেষ্বসৎস্বপি।
তেষাং প্রমত্তো নিধনং পশ্যন্নপি ন পশ্যতি ॥৪

উদ্যন্ত্‌ ভাবত সর্বাত্মা ভগবানীশ্বরো হরিঃ।
শ্রোতব্যঃ কীর্তিতব্যশ্চ স্মর্তব্যশ্চেচ্ছতাভয়ম্ ॥৫

এতাবান্ সাংখ্যযোগাভ্যাং স্বধর্মপরিনিষ্ঠয়া।
জন্মলাভঃ পরঃ পুংসামন্তে নারায়ণস্মৃতিঃ ॥৬

হে নৃপ! পুংসাং শ্রোতব্যাদিষু যঃ পরঃ শ্রেষ্ঠঃ, আত্মবিৎসম্মতঃ এষ বরীয়ান্ অতি শ্রেষ্ঠঃ প্রশ্নঃ এষ যে ত্বয়া কৃতঃ। (অতঃ) লোকহিতং (অতঃ) ॥১

হে রাজেন্দ্র! আত্মতত্ত্বং স্বস্বরূপং ভগবন্তং বা অপশ্যতাং অজানতাং গৃহেষু কলত্রাদিষু (অনুরক্তানাং) গৃহধানাং নৃণাং পরমমঙ্গলরূপেণ শ্রোতব্যাদীনি সহস্রশঃ বহূনি সন্তি ॥২

হে রাজন্! বয়ঃ তেষাং নক্তং বয়ঃ রাত্রৌ বৃথা ভীষণং তৎ নিদ্রয়া ব্যবায়েন রমণেন চ দিবা অহ্নি বয়ঃ অর্থেহয়া অর্থোপার্জনচেষ্টয়া কুটুম্বভরণেন চ হ্রিয়তে ॥৩

আত্মসৈন্যেষু সৈন্যবৎ পরিচরেষু অসৎসু মিথ্যাভূতেষু অপি দেহাপত্যকলত্রাদিষু প্রমত্তঃ জনঃ তেষাং নিধনং পশ্যন্ মিত্রাদি দৃষ্টান্তেন অবলোকয়ন্ অপি ন পশ্যতি ॥৪

প্রথম অধ্যায়

[শুকদেবের উত্তর দান এবং তাহার মধ্যে ভগবানের বিরাট্‌রূপ বর্ণন।]

শুকদেব বলিলেন,—মানুষের পক্ষে যাঁহাদের শ্রবণ ও কীর্তনাদি করা উচিত, তাঁহাদের মধ্যে যিনি সর্বশ্রেষ্ঠ তুমি তাঁহারই প্রশ্ন করিয়াছ। এই প্রশ্নই সর্বশ্রেষ্ঠ, কারণ ইহা লোকের অন্যান্য বিষয়ক প্রশ্ন যাঁহারা মুক্ত হইয়াছেন, তাঁহাদেরও সম্মত ॥১

যাহারা আত্মতত্ত্বে অনভিজ্ঞ এবং মূঢ় থাকিয়া কেবল সকলমুখী বিষয়েতেই লিপ্ত থাকে, সেই সকল লোকের শ্রবণ করিবার উপযুক্ত সহস্র সহস্র বিষয় আছে ॥২

তাহাদের রাত্রিকালটি নিদ্রা ও ভীষণভাবে অতিবাহিত হয় এবং দিবাভাগটি অর্থ সংগ্রহ ও আত্মীয়গণের ভরণপোষণের কাজেই অতিবাহিত হয় ॥৩

দেহ, পুত্র, পত্নী প্রভৃতি বিষয়ের পরিণামফল চিরস্থায়ী না হইলেও মূঢ় লোক তাহাদের অনুরাগী হইয়া দেখিয়াও দেখে না ॥৪

ভক্তের জন্মের যে পরীক্ষিৎ! সেইজন্য যিনি মোক্ষলাভের ইচ্ছা করেন, তাঁহার পক্ষে সকলের আত্মা ও ঈশ্বর ভগবান্ হরিকে সর্বদা স্মরণ করা উচিত, তাঁহার কথা উচিত ও স্মরণ করা উচিত ॥৫

প্রায়েণ মুনয়ো রাজন্ নিবৃত্তা বিধিসেধতঃ।
নৈর্গুণ্যস্থা রমন্তে স্ম গুণানুকথনে হরেঃ ॥৭

ইদং ভাগবতং নাম পুরাণং ব্রহ্মসম্মিতম্।
অধীতবান্ দ্বাপরাদৌ পিতুর্দ্বৈপায়নাদহম্ ॥৮

পরিনিষ্ঠিতোঽপি নৈর্গুণ্যে উত্তমঃশ্লোকলীলয়া।
গৃহীতচেতা রাজর্ষে আখ্যানং যদধীতবান্ ॥৯

তদহং তেঽভিধাস্যামি মহাপৌরুষিকো ভবান্।
যস্য শ্রদ্দধতামাশু স্যান্মুকুন্দে মতিঃ সতী ॥১০

এতন্নির্বিদ্যমানানামিচ্ছতামকুতোভয়ম্।
যোগিনাং নৃপ নির্ণীতং হরের্নামানুকীর্তনম্ ॥১১

হে ভারত ভরতবংশোদ্ভব! তস্মাৎ অভয়ম্ ইচ্ছতা (পুরুষেণ) সর্বাত্মা ভগবান্ ঈশ্বরঃ হরিঃ শ্রোতব্যঃ কীর্তিতব্যঃ চ স্মর্তব্যঃ চ ॥৫

স্বধর্মপরিনিষ্ঠয়া স্ববর্ণাশ্রমবিহিত-ধর্মানুষ্ঠানেন সাঙ্খ্যযোগাভ্যাং জ্ঞানযোগকর্মযোগাভ্যাং পুংসাম্ অন্তে অন্তকালে নারায়ণস্মৃতিঃ ইতি এতাবান্ পরঃ জন্মলাভঃ ॥৬

হে রাজন্! প্রায়েণ বিধিসেধতঃ নিবৃত্তাঃ বিধিনিষেধাতীতাঃ নৈর্গুণ্যস্থাঃ ব্রহ্মণি স্থিতাঃ অপি মুনয়ঃ হরেঃ গুণানুকথনে রমন্তে স্ম ॥৭

ইদং ভাগবতং নাম ব্রহ্মসম্মিতং সর্ববেদতুল্যং পুরাণং দ্বাপরাদৌ দ্বাপরোপান্তে পিতুঃ দ্বৈপায়নাৎ ব্যাসাৎ অহম্ ইদম্ অধীতবান্ ॥৮

হে রাজর্ষে! নৈর্গুণ্যে নিরঞ্জনে ব্রহ্মণি পরিনিষ্ঠিতঃ নিশ্চয়বান্, অপি উত্তমঃশ্লোকলীলয়া শ্রীকৃষ্ণচরিতামৃতেন গৃহীতচেতাঃ আকৃষ্টচিত্তঃ সন্ যৎ ভাগবতপুরাণম্ অহম্ অধীতবান্ ॥৯

ভবান্ মহাপৌরুষিকঃ বিষ্ণুনানুগৃহীতঃ (অতঃ) অহং তে তুভ্যং তৎ পুরাণম্ অভিধাস্যে কথয়িষ্যামি। যস্য যস্মিন্ শ্রদ্দধতাং পুংসাং মুকুন্দে শ্রীকৃষ্ণে সতী অহৈতুকী মতিঃ আশু স্যাৎ ॥১০

হে নৃপ! নির্বিদ্যমানানাং মুমুক্ষূণাম্ অকুতোভয়ং সর্বত্র নির্ভয়ত্বম্ ইচ্ছতাং যোগিনাম্ এতৎ হরেঃ নামানুকীর্তনম্ এব (সদ্ভিঃ) নির্ণীতং ফলত্বেন উপায়ত্বেন চ স্থিরীকৃতম্ ॥১১

আত্মজ্ঞান যোগ ও স্বধর্ম অনুষ্ঠানের দ্বারা নারায়ণের স্মরণ করাই মনুষ্যাদিদের জন্মগ্রহণের ফল আর মৃত্যুকালে নারায়ণের স্মরণ করা সর্বোত্তম ফল ।৬

হে মহারাজ! মুনিগণ প্রায়ই বিধি ও নিষেধকে অতিক্রম করিয়া নির্গুণ ব্রহ্মনিষ্ঠ হইয়াও সর্ববদা হরির গুণকীর্তনে আনন্দলাভ করিয়া থাকেন ।৭

এই ভাগবত পুরাণখানি সমস্ত বেদের সমকক্ষ, দ্বাপর যুগের শেষে পিতা বেদব্যাসের নিকট হইতে আমি ইহা অধ্যয়ন করিয়াছি ।৮

আমি নির্গুণ ব্রহ্মে একান্ত আবিষ্ট হইলেও পবিত্র কীর্তিশালী ভগবানের লীলায় আকৃষ্ট হইয়াছিলাম। হে মহারাজ! যেজন্য আমি এই পুরাণশাস্ত্র অধ্যয়ন করিয়াছি ।৯

আমি তোমাকে সেই ভাগবত পুরাণখানি বলিব, কারণ তুমি পুরুষোত্তম বিষ্ণুর কৃপালাভ করিয়াছ, যে গ্রন্থে শ্রদ্ধা করিলে মুকুন্দে অহৈতুক ভক্তি জন্মে ।১০

হে মহারাজ! যাঁহারা মোক্ষলাভ করিতে অভিলাষী যাঁহারা কোন বিষয়ের কামনা করেন এবং যাঁহারা জ্ঞানী, সকলের পক্ষেই ইহাই স্থির করা হইয়াছে যে সর্বদাই হরিনাম কীর্তন করা উচিত এবং ইহাতে ভয়ের কোন সম্ভাবনাই নাই অর্থাৎ দেশ, কাল, পাত্র ইত্যাদির কোন বিচারই নাই ।১১

নামৈব নীয়তে মেধা পরে ব্রহ্মণি নিশ্চলা।
নামৈব চঞ্চলং চিত্তং মনস্তস্মিন্ প্রলীয়তে॥
শ্রীরামস্মরণেনৈব নরো যাতি পরাং গতিম্।
সত্যং সত্যং পুনঃ সত্যং ন জানে নামজং ফলম্॥

ইন্দ্রাদি দেবতাবৃন্দ ও অন্য অধিকারিগণ ভোগকাল শেষ হইলে পতিত হ'ন, কিন্তু রামনামে অনুরাগী জীবগণ কোন সময়েও পতিত হ'ন না।

হে অর্জ্জুন! যে মানবগণ নামস্মরণমাত্রেই প্রাণত্যাগ করেন, তাঁহাদের ফল দেখি না (অর্থাৎ তাঁহারা অনন্ত অপরিমিত ফললাভ করেন), আমি তাঁহাদিগকে ভজনা করি।

নামস্মরণমাত্রেই মানব বিপদবিহীন হয়, যাঁহারা সতত রামকে স্মরণ করেন, তাঁহাদের জ্ঞানে কি ফল (প্রয়োজন)?

নামই ত্রিজগতের বন্ধু, নামই ত্রিজগতের প্রভু, নামই ত্রিজগতের জন্মের কারণ, নামই সচরাচর ভূমণ্ডল।

নামই বিশ্ব ধারণ করিয়া আছেন, নামই জগৎ পালন করিতেছেন, নামই নামকে প্রাপ্ত করান, নামই ফল ভোগ করেন।

নামই পরম গোপনীয় পরাৎপর নামকে গ্রহণ করেন, নামই কর্ম্ম করেন, নামই ফল প্রদান করেন।

নামই শাস্ত্রসমূহের অঙ্গ, শ্রেষ্ঠ মর্ম্মার্থ, নামই শ্রেষ্ঠ কল্যাণকর, বেদসারাংশ-সিদ্ধান্ত।

নামের দ্বারাই পরমব্রহ্মে নিশ্চলা বুদ্ধি নীত হয়, নামের দ্বারাই চঞ্চল চিত্ত ও মন তাঁহাতে প্রলীন হয়।

মানব শ্রীরামের স্মরণের দ্বারাই পরমগতি প্রাপ্ত হয়, সত্য-সত্য-পুনঃ সত্য-নামজাত ফল আমি জানি না।

রামনাম প্রভাবোঽয়ং সর্ব্বোত্তম উদাহৃতঃ।
সমাসেন তথা পার্থ বক্ষ্যেঽহং তব হেতবে॥
ন নামসদৃশং ধ্যানং ন নামসদৃশো জপঃ।
ন নামসদৃশস্ত্যাগো ন নামসদৃশী গতিঃ॥
ন নামসদৃশং তীর্থং ন নামসদৃশং তপঃ।
ন নামসদৃশং কর্ম্ম ন নাম সদৃশঃ শমঃ॥
ন নামসদৃশী মুক্তির্ন নামসদৃশী প্রভা।
যে গৃহ্ণন্তি সদা নাম তে এব জিতষড়্গুণাঃ॥

1 JUN 1966

কুর্ব্বন্ বা কারয়ন্ বাপি রামনামমঙ্গপস্তথা।
নীত্বা কুলসহস্রাণি পরং ধামাভিগচ্ছতি ॥
নামৈব নীয়তে পুণ্যং নামৈব নীয়তে তপঃ।
নামৈব নীয়তে ধর্ম্মো ভগবেতচ্চরাচরম্ ॥
রামনামপ্রভাবেণ সর্ব্বসিদ্ধীশ্বরো ভবেৎ।
বিশ্বাসেনৈব শ্রীরামনামজাপ্যং সদা বুধৈঃ ॥
শান্তো দান্তঃ ক্ষমাশীলো রামনামপরায়ণঃ।
তারয়ত্যুত্তমান্ বৈ তারয়েৎ সর্ব্বদা ক্ষমঃ ॥

প্রভাব সর্ব্বোত্তম বলিয়া কথিত হয়। আমি তোমার প্রয়োজন-

ামের মত ত্যাগ, নামের সদৃশী গতি

নামের মত কর্ম্ম, নামের সদৃশ শম

জ্যোতি নাই, যাঁহারা নিরন্তর নাম গ্রহণ করেন,

করাইলে সহস্রকুলের সহিত পরমধামে গমন

করে

নামের দ্বারাই পুণ্য নীত হয়, নামের দ্বারাই তপস্যা প্রাপিত হয়, নামের দ্বারাই ধর্ম্ম ও এই চরাচর জগৎ প্রাপিত হইয়া থাকে।

ভাবে মানব সিদ্ধিসমূহের ঈশ্বর হয়। বিশ্বাস সহকারে বুধগণের সর্ব্বদা শ্রীরামনাম জপ করা কর্ত্তব্য।

রামনামে অত্যাসক্ত শান্ত, দান্ত ও ক্ষমাশীল মানব অসংখ্য কুলজাতগণের উদ্ধারে সর্ব্বদা সক্ষম।

যে নামযুক্তা বিচরন্তি ভূমৌ
ত্যক্ত্বার্থকামান্ বিষয়াংশ্চ ভোগান্।
তেষাঞ্চ ভক্তিঃ পরমা চ নিষ্ঠা
সত্যং লভন্তে সুভগা ভবন্তি ॥*

[* পাঠান্তর—ধাস্যন্তি সত্যং মনসা নিযুক্তাঃ।]

CALCUTTA
CENTRAL
LIBRARY
UNIVERSITY

আর্য্যশাস্ত্র

শ্রীশ্রীসীতারামদাস ওঙ্কারনাথ

প্রবর্ত্তিত

শ্রীশ্রীরামনাম-মাহাত্ম্য

শ্রীশ্রীসীতারামদাস ওঙ্কারনাথ

স্মরন্তি রামনামানি ত্যক্ত্বা কর্ম্মাণি চাখিলম্।
তে পূতাঃ সর্ব্বপাপেভ্যঃ পদ্মপত্রমিবাম্ভসা॥
ত্যক্ত্বা শ্রীরামনামানি কর্ম্ম কুর্ব্বন্তি যেঽধমাঃ।
তেষাং কর্ম্মাণি বন্ধায় ন সুখায় কদাচন॥
যস্য চেতসি শ্রীরামনাম মাঙ্গলিকং পরম্।
স জিত্বা সকলাল্লোঁকান্ পরং ধাম পরিব্রজেৎ॥
নামযুক্তা জনাঃ পার্থ জাত্যন্তরসমন্বিতাঃ।
প্রীতিং কুর্ব্বন্তি শ্রীরামে ন তথা নষ্টষড়্গুণাঃ॥
গায়ন্তি রামনামানি সততং যে জনা ভুবি।
নমস্তেভ্যো নমস্তেভ্যো নমস্তেভ্যঃ পুনঃ পুনঃ॥

অর্থ, কামবস্তু, বিষয় ও ভোগসকল ত্যাগ করিয়া যাঁহারা নাম গ্রহণপূর্ব্বক ধরণীতলে বিচরণ করেন, তাঁহাদের ভক্তি, পরমা নিষ্ঠা সকলকালেই সত্য সুখদ হইয়া থাকে।

যাঁহারা নিত্য, নৈমিত্তিক ও কাম্য প্রভৃতি সমস্ত কর্ম্ম ত্যাগ করত নিরন্তর রামনাম স্মরণ করেন, পদ্মপত্রে জলের ন্যায় তাঁহারা পাপসমূহের দ্বারা লিপ্ত হ'ন না (সর্ব্বপাপ হইতে পবিত্র হ'ন)।

যে অধমগণ শ্রীরামনাম ত্যাগ করিয়া কর্ম্মানুষ্ঠান করে, তাহাদের কর্ম্মসকল নিষ্ফল হয়, কখনও সুখের কারণ হয় না।

যাঁহার চিত্তে পরমকল্যাণ (ভূমাসুখ)-দায়ক শ্রীরামনাম বিরাজমান, তিনি সমস্ত লোক জয় করিয়া পরমপদে গমন করেন।

হে পার্থ! নামযুক্ত নরগণ যদি নিম্নবর্ণ হয়, তাহা হইলে শ্রীরামচন্দ্র তাঁহাদের সহিত প্রেম করেন, কিন্তু উচ্চবর্ণ ষড়্গুণহীন হইলে তাঁহাদের প্রতি প্রসন্ন হ'ন না।

এ জগতে যাঁহারা সতত নামগান করেন, তাঁহাদিগকে প্রণাম—তাঁহাদিগকে প্রণাম—পুনঃ পুনঃ তাঁহাদিগকে প্রণাম।

রামনামাশ্রয়া যে বৈ ভাবুকাঃ প্রেমসংপ্লুতাঃ।
তে কৃতার্থাঃ সদা তাত! সত্যং সত্যং ন চান্যথা॥

আর্য্যশাস্ত্রে প্রকাশিত শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের প্রথমস্কন্ধে সপ্তম অধ্যায়ে ১০৯ পৃষ্ঠায় মুদ্রাকরের প্রমাদবশতঃ 'অশ্বত্থামেন' এই অশুদ্ধপদ সংশোধিত না হইয়া প্রকাশিত হইয়াছে। সহৃদয় পাঠকগণ ঐ অশুদ্ধপদটি 'অশ্বত্থাম্না' এইরূপে সংশোধন করিয়া লইবেন।

বিনীত
প্রকাশক

[চতুর্থ বর্ষ, বৈশাখ, ১৩৭৩]

[একাদশ সংখ্যা—চান্দনী যাত্রা]

আর্য্যশাস্ত্র

শ্রীশ্রীসীতারামদাস ওঙ্কারনাথ প্রবর্ত্তিত

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীতম্

শ্রীমদ্ভাগবতম্

পণ্ডিতপ্রবর শ্রীচারুকৃষ্ণদর্শনাচার্য্যকৃতবঙ্গভাষানুবাদসহিতম্

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্গত আঞ্চলিক ভাষার উন্নয়ন ও সমৃদ্ধিকল্পে মহামান্য সরকারমহোদয়ের অর্থানুকূল্যে এই পুস্তক সুলভমূল্যে দেওয়া সম্ভব হইতেছে।

---

* * *

যুগ্ম-সম্পাদক—

মহামহোপাধ্যায় শ্রীকালীপদতর্কাচার্য্য

শ্রীশ্রীজীবভট্টাচার্য্যন্যায়তীর্থ

[বার্ষিক মূল্য সডাক ১৫·০০ টাকা]

প্রতি সংখ্যা ১·৫০ টাকা]

স্বত্বাধিকারী :—
শ্রীসত্যধর্ম্মপ্রচারসঙ্ঘ
(জগদ্গুরু সম্প্রদায়)

সহ-সম্পূজকসঙ্ঘ

শ্রীশ্যামাশঙ্কর বিদ্যাভূষণ

শ্রীনারায়ণ গোস্বামী ন্যায়াচার্য্য

শ্রীরঘুনাথ কাব্য-ব্যাকরণতীর্থ

শ্রীহরিনারায়ণ তর্ক-বেদ-ব্যাকরণতীর্থ

শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ

মুখ্য-কর্ম্মাধিকার :—
ডাঃ জিতেন্দ্র নাথ দে. এম্. বি., ডি, ও, এম, এস., ডি., পি., এইচ., ডি, টি, এম, এণ্ড এইচ (লণ্ডন)।

শ্রীহরেন্দ্র নাথ মণ্ডল. এম্, কম্।

শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ কর্তৃক শ্রীসীতারাম-বৈদিক মহাবিদ্যালয়, ৭।৩, পি. ডব্লিউ. ডি. রোড, কলিকাতা—৩৫ হইতে প্রকাশিত ও ১৫বি, রাধাবাগান ষ্ট্রীট্, কলিকাতা—৬ ইন্দু-নারায়ণ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মুদ্রাপিত। ১৫ই বৈশাখ, ১৩৭৩।

কার্য্যালয় :—
৩৮সি বিধান সরণী (বিবেকানন্দ রোডের মোড়) কলিকাতা—৬
ফোন ৩৪-৪৪০৮

নিয়মাবলী

১। আর্য্যশাস্ত্র শাস্ত্রসম্বন্ধীয় মাসিক পত্র। প্রতি মাসে ইহার ১টি সংখ্যা প্রকাশিত হয়। আষাঢ় (জুন-জুলাই) মাস হইতে ইহার বর্ষারম্ভ।

২। এই মাসিকপত্রে মন্বাদি বিংশতিসংহিতা, প্রজাপতি-স্মৃতি প্রভৃতি বহু দুর্লভ স্মৃতিগ্রন্থ, বাল্মীকি-রামায়ণ ও শ্রীবিষ্ণুপুরাণ প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানে শ্রীমদ্ভাগবত প্রকাশিত হইতেছে। তারপর শ্রীমহাভারত ইত্যাদি যাবতীয় আর্য্যশাস্ত্র ধারাবাহিকভাবে প্রকাশিত হইবে।

৩। ইহার বার্ষিক গ্রাহকমূল্য ভারত ও পাকিস্তানে সডাক ১৫'০০, প্রতি সংখ্যা ১'৫০ নঃ পঃ মাত্র; অন্যত্র বার্ষিক সডাক ২০'০০, প্রতি সংখ্যা ২'০০ মাত্র। গ্রাহকমূল্য অগ্রিম দেয়।

৪। প্রতি বাংলামাসের দ্বিতীয় সপ্তাহে ইহার একটি সংখ্যা প্রকাশিত হইবামাত্র গ্রাহকগণের নিকট পাঠান হয়। বাংলামাসের তৃতীয় সপ্তাহের মধ্যে উক্ত সংখ্যা না পাইলে স্থানীয় ডাকঘরে খোঁজ লইয়া চতুর্থ সপ্তাহের মধ্যে কলিকাতা কার্য্যালয়ে অবশ্যই জানাইতে হইবে।

ঠিকানা-পরিবর্ত্তন পূর্ব্ববর্তী বাংলামাসের মধ্যে অবশ্যই জানাইতে হইবে।

৫। মাসিকপত্র-সংক্রান্ত যাবতীয় পত্রাদি এবং অর্থাদি "সম্পাদক আর্য্যশাস্ত্র, ৩৮সি, বিধান সরণী, কলিকাতা—৬" এই ঠিকানায় পাঠাইতে হইবে।

মনি-অর্ডার কুপন ও পত্রাদিতে গ্রাহকের নাম, ঠিকানা ও গ্রাহক-নম্বর সুস্পষ্টভাবে অবশ্যই লিখিতে হইবে।

৬। গ্রাহকগণের পত্র-লিখিত নির্দ্দেশ অনুযায়ী সকল ব্যবস্থা শীঘ্রই গ্রহণ করা হয়, কিন্তু প্রয়োজন না মনে করিলে পত্রের উত্তর দেওয়া হয় না। পত্রের উত্তর আশা করিলে গ্রাহকগণকে জবাবী-পত্র অবশ্যই দিতে হইবে।

৭। আর্য্যশাস্ত্রের পুরাতন সংখ্যাগুলি একত্রে ডাকে পাঠাইবার নির্দ্দেশ থাকিলে গ্রাহকগণকে পাঠাইবার ডাক-মাশুল অবশ্যই দিতে হইবে, কার্য্যালয়ে আসিয়া বা ডাকযোগ ব্যতীত অন্য কোন উপায়ে গ্রহণ করিলে তাহা দিতে হইবে না।

৮। উল্লিখিত ৪-৭ নং নিয়মাবলী পালিত না হইলে পত্র-পরিচালকগণের পক্ষে কোন দায়িত্ব গ্রহণ করা সম্ভব নহে।

৯। অনিবার্য্যকারণবশতঃ যে দুইটি সংখ্যা প্রকাশে বিলম্ব ঘটিয়াছে, তাহা পূরণ করিয়া লইতে সময় লাগিবে। তৎসম্পর্কে উক্ত নিয়মাবলী যথাসময়ে প্রযুজ্য বলিয়া গণ্য হইবে।

শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়
৭৮৩, পি. ডব্লিউ. ডি. রোড, আলমবাজার
কলিকাতা—৩৫।

সম্পাদক—আর্য্যশাস্ত্র

৺৺শ্রীশ্রীগুরবে নমঃ

শ্রীশ্রীঠাকুরের বাণী

পুষ্করমঠ
ভরতপুর-কুণ্ড
গৌহাটি
৮।৫।৭০

যে মায়েরা বাবারা একে (ওঙ্কারকে) সত্যসত্য ভালবাসে, তারা নিত্য আর্য্যশাস্ত্র প'ড়্বে ও প্রাণপণে আর্য্যশাস্ত্র প্রচারের চেষ্টা ক'র্বে। আর্য্যশাস্ত্রের সেবায় জগতের মহাকল্যাণ সাধিত হবেই হবে।

ওঙ্কার

বিশেষ নিবেদন

আর্য্যশাস্ত্রের গ্রাহকগণের নিকট আমাদের বিনীত নিবেদন এই যে,—তাঁহারা যেন প্রত্যেকে অন্ততঃপক্ষে একটি করিয়াও গ্রাহক সংগ্রহ করিয়া দেন।

বিনীত
সম্পাদক—আর্য্যশাস্ত্র



মহারাজ পরীক্ষিতের কলিদমন।

কিং প্রমত্তস্য বহুভিঃ পরোক্ষৈর্হায়নৈরিহ।
বরং মুহূর্ত্তং বিদিতং ঘটতে শ্রেয়সে যতঃ ॥১২
খট্বাঙ্গো নাম রাজর্ষির্জ্ঞাত্বেয়ত্তামিহায়ুষঃ।
মুহূর্ত্তাৎ সর্ব্বমুৎসৃজ্য গতবানভয়ং হরিম্ ॥১৩
তবাপ্যেতর্হি কৌরব্য সপ্তাহং জীবিতাবধিঃ।
উপকল্পয় তৎ সর্ব্বং তাবদ্ যৎ সাম্পরায়িকম্ ॥১৪

অন্তকালে তু পুরুষ আগতে গতসাধ্বসঃ।
ছিন্দ্যাদসঙ্গশস্ত্রেণ স্পৃহাং দেহেঽনু যে চ তম্ ॥১৫
গৃহাৎ প্রব্রজিতো ধীরঃ পুণ্যতীর্থজলাপ্লুতঃ।
শুচৌ বিবিক্ত আসীনো বিধিবৎ কল্পিতাসনে ॥১৬
অভ্যসেন্মনসা শুদ্ধং ত্রিবৃৎ ব্রহ্মাক্ষরং পরম্।
মনো যচ্ছেজ্জিতশ্বাসো ব্রহ্মবীজমবিস্মরন্ ॥১৭

ইহ জগতি প্রমত্তস্য অনবহিতজনস্য পরোক্ষৈঃ অলক্ষিতৈঃ বহুভিঃ হায়নৈঃ বর্ষৈঃ কিং বিদিতং (জীবনং বৃথা যাতি ইতি জ্ঞাতং) মুহূর্ত্তম্ অপি বরং শ্রেয়ঃ, যতঃ (যেন জ্ঞানেন) শ্রেয়সে মঙ্গলায় ঘটতে যত্নং করোতি ॥১২

খট্বাঙ্গঃ নাম রাজর্ষিঃ ইহ জগতি আয়ুষঃ ইয়ত্তাং পরিমাণং জ্ঞাত্বা মুহূর্ত্তাৎ সর্ব্বং বিষয়ম্ উৎসৃজ্য পরিত্যজ্য অভয়ং হরিং গতবান্ শরণং প্রাপ্তঃ ॥১৩

হে কৌরব্য কুরুবংশোদ্ভব! পরীক্ষিৎ তব তু এতর্হি ইদানীম্ অপি সপ্তাহং সপ্তদিনং জীবিতাবধিঃ আয়ুষঃ ইয়ত্তা অস্তি। যৎ সাম্পরায়িকং পারলৌকিক-সাধনং তাবৎ তাবতা কালেন তৎ সাম্পরায়িকম্ উপকল্পয় সম্পাদয় ॥১৪

অন্তকালে মৃত্যুসময়ে আগতে উপস্থিতে সতি পুরুষঃ গতসাধ্বসঃ মৃত্যুভয়শূন্যঃ সন্ অসঙ্গশস্ত্রেণ অনাসক্তি খড়্গেন দেহে স্বশরীরে তং দেহম্ অনু যে চ বিষয়াস্তেষু স্পৃহাং ছিন্দ্যাৎ ॥১৫

ধীরঃ ব্রহ্মচর্য্যাদিনা সংযতঃ পুরুষঃ গৃহাৎ প্রব্রজিতঃ নিষ্ক্রান্তঃ পুণ্যতীর্থজলাপ্লুতঃ পবিত্র-জলেন স্নাতঃ শুচৌ শুদ্ধে বিবিক্তে একান্তে বিধিবৎ কল্পিতাসনে কুশাজিনচেলৈঃ নির্ম্মিতে আসীনঃ উপবিষ্টঃ সন্ মনসা ত্রিবৃৎ অকারোকারমকারৈঃ গ্রথিতং শুদ্ধং পবিত্রং পরং সর্ব্বমন্ত্রপ্রধানং ব্রহ্মাক্ষরং

যে ব্যক্তি বিষয়ভোগ করিতে করিতে পাগলের মত বৎসরের পর বৎসরগুলিকে অতিবাহিত করিয়া যায় অথচ একটুও চিন্তা করে না যে বৃথা আয়ু অতিবাহিত হইতেছে, তাহার সে বৎসরগুলির দ্বারা কি ফল হয়? বরং এক মুহূর্ত্তও যদি চিন্তা হয় যে, জীবন বৃথা অতিবাহিত হইতেছে, তাহলে সেই মুহূর্ত্তটিই ভাল; কারণ, তখন নিজের মঙ্গলকর কার্য্যে যত্নবান্ হইবে, অতএব মহারাজ তোমার আয়ু অল্প আছে বলিয়া দুঃখিত হইও না।১২

পূর্ব্বে খট্বাঙ্গনামে এক রাজর্ষি দেবগণের নিকট নিজের আয়ুর অল্পতা জানিতে পারিয়া মুহূর্ত্তের মধ্যে সমস্ত বিষয় ত্যাগ করিয়া হরির শরণাগত হইয়াছিলেন, যে হরিকে আশ্রয় করিলে সম্পূর্ণ নির্ভয় হওয়া যায়।১৩

হে মহারাজ! এখনো তোমার সাতদিন আয়ু আছে, এই সময়ের মধ্যে তোমার পরলোকের কল্যাণকর কার্য্যের ব্যবস্থা কর।১৪

মৃত্যুকাল উপস্থিত হইলে জীব নির্ভয়ে বৈরাগ্যরূপ অস্ত্রের দ্বারা দেহ ও দেহের সম্বন্ধবশতঃ স্ত্রী-পুত্রাদিতে যে স্পৃহা থাকে, তাহা ছেদন করিবে।১৫

গৃহ হইতে সন্ন্যাস গ্রহণ পূর্ব্বক ব্রহ্মচর্য্য প্রভৃতি যোগের অঙ্গ সংযমের অনুষ্ঠান করিয়া পবিত্র তীর্থের জলে স্নানাদি নিয়মের পালন করত পবিত্র নির্জ্জন স্থানে বিধিপূর্ব্বক আসন প্রস্তুত করিয়া তাহাতে উপবেশন পূর্ব্বক অকার, উকার ও মকার এই তিনটি অক্ষরের দ্বারা গ্রথিত বিশুদ্ধ ও উত্তম ওঙ্কার মন্ত্র মনে মনে অভ্যাস করিবে। প্রণব জপ করিতে করিতেই প্রাণায়ামের দ্বারা নিশ্বাসকে জয় করিয়া মনকে স্থির করিবে।১৬-১৭

নিযচ্ছেদ্ বিষয়েভ্যোঽক্ষান্ মনসা বুদ্ধিসারথিঃ।
মনঃ কর্ম্মভিরাক্ষিপ্তং শুভার্থে ধারয়েদ্ধিয়া ॥১৮
তত্রৈকাবয়বং ধ্যায়েদব্যুচ্ছিন্নেন চেতসা।
মনো নির্ব্বিষয়ং যুক্ত্বা ততঃ কিঞ্চন ন স্মরেৎ।
পদং তৎ পরমং বিষ্ণোর্যন্মনো যত্র প্রসীদতি ॥১৯
রজস্তমোভ্যামাক্ষিপ্তং বিমূঢ়ং মন আত্মনঃ।
যচ্ছেদ্ধারণয়া ধীরো হন্তি যা তৎকৃতং মলম্ ॥২০

যতঃ সন্ধার্য্যমাণায়াং যোগিনো ভক্তিলক্ষণঃ।
আশু সংপদ্যতে যোগ আশ্রয়ং ভদ্রমীক্ষতঃ ॥২১

রাজোবাচ।

যথা সন্ধার্য্যতে ব্রহ্মন্ ধারণা যত্র সম্মতা।
যাদৃশী বা হরেদাশু পুরুষস্য মনোমলম্ ॥২২

শ্রীশুক উবাচ।

জিতাসনো জিতশ্বাসো জিতসঙ্গো জিতেন্দ্রিয়ঃ।
স্থূলে ভগবতো রূপে মনঃ সন্ধারয়েদ্ধিয়া ॥২৩

প্রণবম্ অভ্যসেৎ। ব্রহ্মবীজং প্রণবম্ অবিস্মরন্ এব জিতশ্বাসঃ কৃতপ্রাণায়ামঃ সন্ মনঃ যচ্ছেৎ নিশ্চলীকুর্য্যাৎ ॥১৬-১৭

বুদ্ধিসারথিঃ বুদ্ধিসহায়ঃ সন্ মনসা বিষয়েভ্যঃ রূপাদিভ্যঃ অক্ষান্ চক্ষুরাদীনি ইন্দ্রিয়াণি নিযচ্ছেৎ গৃহ্লীয়াৎ। কর্ম্মভিঃ আক্ষিপ্তম্ আকৃষ্টং মনঃ ধিয়া বুদ্ধ্যা শুভার্থে পরমমঙ্গলার্থে ভগবদ্রূপে ধারয়েৎ ॥১৮

অব্যুচ্ছিন্নেন সমগ্ররূপাৎ অবিমুক্তেন মনসা তত্র ভগবদ্রূপে একাবয়বং পাদাদ্যবয়বং ধ্যায়েৎ। ততঃ নির্ব্বিষয়ং বিষয়স্পর্শরহিতং মনঃ যুক্ত্বা সংযোজ্য ততঃ মনসি স্থিরীভূতে সতি কিঞ্চন ন স্মরেৎ। যত্র যস্মিন্ সতি মনঃ প্রসীদতি উপশাম্যতি তৎ এব বিষ্ণোঃ ভগবতঃ পরমং পদম্ ॥১৯

ধীরঃ যোগী রজস্তমোভ্যাম্ আক্ষিপ্তং চঞ্চলং বিমূঢ়ং বিবেকশূন্যম্ আত্মনঃ মনঃ ধারণয়া যচ্ছেৎ নিরুদ্ধং কুর্য্যাৎ। যা ধারণা তৎকৃতং রজস্তমোগুণকৃতং রাগাদিমলং হন্তি ॥২০

যতঃ যস্যাং ধারণায়াং সন্ধার্য্যমাণায়াং কৃতায়াং ভদ্রং সুখাত্মকম্ আশ্রয়ং বিষয়ম্ ঈক্ষতঃ পশ্যতঃ যোগিনঃ ভক্তিলক্ষণঃ যোগঃ আশু শীঘ্রং সংপদ্যতে সম্পন্নঃ ভবতি ॥২১

হে ব্রহ্মন্! যথা যেন প্রকারেণ সন্ধার্য্যতে ধারণা সম্মতা। যাদৃশী ধারণা বা পুরুষস্য মনোমলম্ আশু হরেৎ (তৎ বদ) ॥২২

জিতাসনঃ জিতশ্বাসঃ কৃতপ্রাণায়ামঃ জিতসঙ্গঃ আসক্তিরহিতঃ জিতেন্দ্রিয়ঃ সন্ ভগবতঃ হরেঃ স্থূলে রূপে ধিয়া বুদ্ধ্যা মনঃ সন্ধারয়েৎ যোজয়েৎ ॥২৩

নিশ্চয়াত্মিকা বুদ্ধিরূপ সারথির সাহায্যে নিয়ন্ত্রিত মনের দ্বারা ইন্দ্রিয়গণকে বিষয় হইতে নিবৃত্ত করিবে। নানাবিধ কর্ম্মের দ্বারা ইতস্তত আকৃষ্ট মনকে বুদ্ধির দ্বারা ভগবদ্মূর্ত্তিতে ধারণ করিবে।১৮

তাহার পর ভগবানের এক একটি অঙ্গকে ধ্যান করিবে, কিন্তু মনকে সমগ্র রূপ হইতে সম্পর্ক শূন্য করিবে না, মনকে বিষয় চিন্তা হইতে মুক্ত করিয়া আত্মাকে সমাধিযুক্ত করিয়া চিন্তা ত্যাগ করিবে।১৯

রজোগুণের দ্বারা মন চঞ্চল হইলে ও তমোগুণের দ্বারা মোহগ্রস্ত হইলে, ধীর সাধক ধারণার দ্বারা মনকে সংযত করিবেন, ধারণাই রজঃ ও তমোগুণ হইতে উৎপন্ন মলিনতাকে নষ্ট করে।২০

যে ধারণা করিতে থাকিলে আনন্দময় বিষয় দেখিয়া যোগীর ভক্তিরূপ যোগ শীঘ্রই হইয়া থাকে, অর্থাৎ সেই বিষয়েই অনুরাগ জন্মে।২১

রাজা বলিলেন,—হে ব্রহ্মন্! যেরূপে ধারণা করিতে হয় ও যাহাতে ধারণা করা উচিত এবং যে প্রকারে ধারণা করিলে তাহা লোকের মনের দোষকে শীঘ্র নষ্ট করিয়া দেয়, এই সমস্ত আমাকে বলুন।২২

শুকদেব বলিলেন,—স্বস্তিকাদি আসন, বিশ্বাস, বিষয়-

বিশেষস্তস্য দেহোঽয়ং স্থবিষ্ঠশ্চ স্থবীয়সাম্।
যত্রেদং ব্যজ্যতে বিশ্বং ভূতং ভব্যং ভবচ্চ সৎ ॥২৪

অণ্ডকোষে শরীরেঽস্মিন্ সপ্তাবরণসংযুতে।
বৈরাজঃ পুরুষো যোঽসৌ ভগবান্ ধারণাশ্রয়ঃ ॥২৫

পাতালমেতস্য হি পাদমূলং
পঠন্তি পাষ্ণিপ্রপদে রসাতলম্।
মহাতলং বিশ্বসৃজোঽথ গুল্ফৌ
তলাতলং বৈ পুরুষস্য জঙ্ঘে ॥২৬

দ্বে জানুনী সুতলং বিশ্বমূর্ত্তে-
রূরুদ্বয়ং বিতলমাতলঞ্চ।
মহীতলং তজ্জঘনং মহীপতে
নভস্তলং নাভিসরো গৃণন্তি ॥২৭

উরঃস্থলং জ্যোতিরনীকমস্য
গ্রীবা মহর্বদনং বৈ জনোঽস্য।
তপো বরাটীং বিদুরাদিপুংসঃ
সত্যন্তু শীর্ষাণি সহস্রশীর্ষ্ণঃ ॥২৮

তস্য ভগবতঃ হরেঃ অয়ং বিশেষঃ বিরাড্দেহঃ স্থবীয়সাম্ অতিস্থূলানাং স্থবিষ্ঠঃ স্থূলতমঃ, যত্র বিরাড়্-দেহে ভূতম্ অতীতং ভব্যং ভবিষ্যৎ ভবৎ বর্ত্তমানং চ সৎ কার্য্যমাত্রম্ ইদং বিশ্বং ভুবনং ব্যজ্যতে প্রকাশতে ॥২৪

সপ্তাবরণসংযুতে পৃথিব্যাদিমহত্তত্ত্বান্তৈঃ সপ্তভিঃ আবরণৈঃ আচ্ছাদিতে অস্মিন্ অণ্ডকোষে শরীরে ব্রহ্মাণ্ডে যঃ অসৌ বৈরাজঃ পুরুষঃ, সঃ ভগবান্ এব ধারণাশ্রয়ঃ ধারণাবিষয়ঃ ॥২৫

এতস্য বৈরাজপুরুষস্য পাদমূলং পাদস্য অধো-ভাগং পাতালং রসাতলং পাষ্ণিপ্রপদে পশ্চাদ্ভাগ-পুরোভাগৌ। অথ মহাতলং বিশ্বসৃজঃ বিধাতুঃ গুল্ফৌ, বৈ পুরুষস্য জঙ্ঘে পঠন্তি ॥২৬

হে মহীপতে পরীক্ষিৎ! সুতলং বিশ্বমূর্ত্তেঃ বিরাট্পুরুষস্য জানুনী, বিতলম্ অতলং চ ঊরুদ্বয়ম্। মহীতলং পৃথিবীং তজ্জঘনম্। নভস্তলম্ আকাশং নাভিসরঃ গৃণন্তি পঠন্তি ॥২৭

জ্যোতিরনীকং তেজসাং সমূহম্ অস্য উরঃস্থলং বক্ষঃস্থলং, মহঃ মহর্লোকঃ গ্রীবা ইতি বিদুঃ। জনঃ জনলোকঃ অস্য বদনম্। তপঃ তপোলোকঃ আদি-পুংসঃ হিরণ্যগর্ভস্য বরাটীং ললাটং, সত্যং সত্যলোকং সহস্রশীর্ষ্ণঃ সহস্রমস্তকস্য বিরাট্পুরুষস্য শীর্ষাণি মস্তকানি বিদুঃ জানন্তি ॥২৮

আসক্তি ও ইন্দ্রিয়গণকে জয় করিয়া বুদ্ধির দ্বারা মনকে ভগবানের স্থূলরূপে ধারণ করিবে ।২৩

ভগবানের এই বিরাট্ দেহ অত্যন্ত স্থূলপদার্থের মধ্যেও স্থূলতম, যে দেহে ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান সমস্ত জগৎই প্রকাশ পাইতেছে ।২৪

পৃথিবী, জল, অগ্নি, বায়ু, আকাশ, অহঙ্কার ও মহৎ-তত্ত্ব এই সাতটি আবরণযুক্ত ব্রহ্মাণ্ডে জীবের অন্তর্য্যামী যে ভগবান রহিয়াছেন, তিনিই ধারণার বিষয় ।২৫

বিশ্বের সৃষ্টিকর্ত্তা এই ভগবানের পদ পাতাল, চরণের অগ্রভাগ ও পশ্চাদ্ভাগ রসাতল, গুল্ফ দুইটি মহীতল এবং তাঁহার জঙ্ঘা দুইটি তলাতল ।২৬

বিশ্বদেহ ভগবানের জানু দুইটি সুতল এবং ঊরু দুইটির নিম্নভাগ বিতল ও ঊর্দ্ধভাগ অতল, তাঁহার কটিদেশ পৃথিবী, নাভিহ্রদ ভুবর্লোক ।২৭

তাঁহার বক্ষঃস্থল জ্যোতিঃসমূহ অর্থাৎ স্বর্গ, গ্রীবা মহর্লোক, মুখ জনলোক। সেই আদি পুরুষের ললাট তপোলোক, সহস্রমস্তক সেই ভগবানের মস্তক সত্যলোক। (কেহ পাতালকে বিশ্বের সৃষ্টিকর্ত্তা ভগবানের পদতল বলিয়া থাকেন, রসাতল তাঁহার

ইন্দ্রাদয়ো বাহব আহুরুশ্রাঃ
কর্ণৌ দিশঃ শ্রোত্রমমুষ্য শব্দঃ।
নাসত্যদস্রৌ পরমস্য নাসে
ঘ্রাণোঽস্য গন্ধো মুখমগ্নিরিদ্ধঃ ॥২৯
দ্যৌরক্ষিণী চক্ষুরভূৎ পতঙ্গঃ
পক্ষ্মাণি বিষ্ণোরহনী উভে চ।
তদ্ভ্রূবিজৃম্ভঃ পরমেষ্ঠিধিষ্ণ্য-
মাপোঽস্য তালু রস এব জিহ্বা ॥৩০
ছন্দাংস্যনন্তস্য শিরো গৃণন্তি
দংষ্ট্রা যমঃ স্নেহকলা দ্বিজানি।
হাসো জনোন্মাদকরী চ মায়া
দুরন্তসর্গো যদপাঙ্গ মোক্ষঃ ॥৩১
ব্রীড়োত্তরৌষ্ঠোঽধর এব লোভো
ধর্ম্মঃ স্তনোঽধর্ম্মপথোঽস্য পৃষ্ঠম্।
কস্তস্য মেঢ্রং বৃষণৌ চ মিত্রৌ
কুক্ষিঃ সমুদ্রা গিরয়োঽস্থিসঙ্ঘাঃ ॥৩২
নদ্যোঽস্য নাড্যোঽথ তনূরুহাণি
মহীরুহা বিশ্বতনোর্নৃপেন্দ্র।
অনন্তবীর্য্যঃ শ্বসিতং মাতরিশ্বা
গতির্বয়ঃ কর্ম্ম গুণপ্রবাহঃ ॥৩৩

ইন্দ্রাদয়ঃ উশ্রাঃ দেবাঃ বাহবঃ ইতি আহুঃ। দিশঃ কর্ণৌ, শব্দঃ অমুষ্য অস্য শ্রোত্রম্, নাসত্যদস্রৌ অশ্বিনৌ পরমস্য পুংসঃ নাসে নাসিকাপুটে; গন্ধঃ অস্য ঘ্রাণঃ, ইদ্ধঃ দীপ্তঃ অগ্নিঃ মুখম্ আহুঃ ॥২৯

দ্যৌঃ অন্তরীক্ষম্ অক্ষিণী, পতঙ্গঃ সূর্য্যঃ চক্ষুঃ অভূৎ। উভে যে অহনী রাত্রিন্দিবং বিষ্ণোঃ পক্ষ্মাণি নেত্রলোমানি আহুঃ, পরমেষ্ঠিধিষ্ণ্যং ব্রহ্মপদং তদ্ভ্রূবিজৃম্ভঃ তস্য ভ্রূকুটিঃ, আপঃ জলদেবতা বরুণঃ অস্য আদিপুংসঃ তালুঃ, রসঃ জিহ্বা ইতি ।৩০

ছন্দাংসি বেদাঃ অনন্তস্য আদিপুরুষস্য শিরঃ ব্রহ্মরন্ধ্রম্। যমঃ দংষ্ট্রা দন্তপঙ্‌ক্তিঃ, স্নেহকলা পুত্রাদি-স্নেহলেশাঃ দ্বিজানি দন্তাঃ। জনোন্মাদকরী মায়া হাসঃ চ, দুরন্তঃ অপারঃ সর্গঃ সংসারঃ অপাঙ্গমোক্ষঃ কটাক্ষপাতঃ ॥৩১

ব্রীড়া লজ্জা উত্তরৌষ্ঠঃ ঊর্দ্ধৌষ্ঠঃ, লোভঃ এব অধরঃ অধরৌষ্ঠঃ, ধর্ম্মঃ স্তনঃ, অধর্ম্মপথঃ অধর্ম্মমার্গঃ তস্য পৃষ্ঠম্, কঃ প্রজাপতিঃ মেঢ্রং লিঙ্গঃ। মিত্রৌ মিত্রাবরুণৌ বৃষণৌ অণ্ডকোষৌ চ। সমুদ্রাঃ কুক্ষিঃ, গিরয়ঃ পর্ব্বতাঃ অস্থিসঙ্ঘাঃ অস্থিসমূহাঃ ॥৩২

হে নৃপেন্দ্র রাজন্! নদ্যঃ বিশ্বতনোঃ বিরাট্-

চরণের অগ্রভাগ ও পশ্চাদ্‌ভাগ, মহাতল গুল্ফ দুইটি এবং তলাতল জঙ্ঘা দুইটি) ।২৮

ইন্দ্রাদি দেবগণ তাঁহার বাহু, পূর্ব্বাদি দশটিদিক্ তাঁহার কর্ণরন্ধ্র, শব্দ তাঁহার শ্রবণেন্দ্রিয়, অশ্বিনীকুমার দুইজন সেই পরমপুরুষের নাসিকাদ্বয়, গন্ধ তাঁহার ঘ্রাণেন্দ্রিয় এবং প্রজ্বলিত অগ্নি তাঁহার মুখ ।২৯

আকাশ তাঁহার চক্ষুর্গোলক, সূর্য্য তাঁহার চক্ষুরিন্দ্রিয়, রাত্রি ও দিন তাঁহার নেত্রলোম, সত্যলোক তাঁহার ভ্রূভঙ্গী, জল তাঁহার তালু, রস তাঁহার জিহ্বা ।৩০

বেদসমূহ তাঁহার ব্রহ্মরন্ধ্র, যম তাঁহার শ্রেষ্ঠ দন্ত, পুত্রাদির স্নেহকণা তাহার দন্তপঙ্‌ক্তি, প্রাণীদিগকে মুগ্ধ করিয়া দেয় যে মায়া, তাহা তাঁহার হাস্য এবং বিশাল সৃষ্টি তাঁহার কটাক্ষ ।৩১

লজ্জা তাঁহার ঊর্দ্ধ ওষ্ঠ, লোভ তাঁহার অধর, ধর্ম্ম তাঁহার স্তন, অধর্ম্মের পথ তাঁহার পৃষ্ঠদেশ, প্রজাপতি তাঁহার লিঙ্গ, মিত্র ও বরুণ তাঁহার অণ্ডকোষদ্বয়, সমুদ্রগুলি তাঁহার উদর, পর্ব্বতগুলি তাঁহার অস্থিপুঞ্জ ।৩২

হে রাজশ্রেষ্ঠ! নদীগুলি তাঁহার নাড়ীসমূহ, বৃক্ষসকল বিশ্বমূর্ত্তি ভগবানের রোমরাশি, অসীমশক্তিশালী বায়ু তাঁহার নিঃশ্বাস, কাল তাঁহার গতি এবং সংসারচক্র তাঁহার ক্রীড়া ।৩৩

ঈশস্য কেশান্ বিদুরম্বুবাহান্
　　বাসস্তু সন্ধ্যাং কুরুবর্য্য ভূম্নঃ।
অব্যক্তমাহুর্হৃদয়ং মনশ্চ
　　স চন্দ্রমাঃ সর্ব্ববিকারকোষঃ ॥৩৪

বিজ্ঞানশক্তিং মহিমামনন্তি
　　সর্ব্বাত্মনোঽন্তঃকরণং গিরিত্রম্।
অশ্বাশ্বতর্য্যুষ্ট্রগজা নখানি
　　সর্ব্বে মৃগাঃ পশবঃ শ্রোণিদেশে ॥৩৫

বয়াংসি তদ্ব্যাকরণং বিচিত্রং
　　মনুর্মনীষা মনুজো নিবাসঃ।
গন্ধর্ব্ববিদ্যাধরচারণাপ্সরঃ-
　　স্বরস্মৃতীরসুরানীকবীর্য্যঃ ॥৩৬

ব্রহ্মাননং ক্ষত্রভুজো মহাত্মা
　　বিড়ূরুরঙ্ঘ্রি শ্রিতকৃষ্ণবর্ণঃ।
নানাভিধাভীজ্যগণোপপন্নো
　　দ্রব্যাত্মকঃ কর্ম্মবিতানযোগঃ ॥৩৭

পুরুষস্য নাড্যঃ নাড়ীসমূহাঃ, অথ মহীরুহাঃ বৃক্ষাঃ তনূরুহাণি শরীরলোমানি। অনন্তবীর্য্যঃ মাতরিশ্বা বায়ুঃ শ্বসিতং নিশ্বাসঃ। বয়ঃ কালঃ গতিঃ গমনম্। গুণপ্রবাহঃ সংসার এব কর্ম্ম তস্য ক্রীড়া ইতি ॥৩৩

হে কুরুবর্য্যকুরুশ্রেষ্ঠ! অম্বুবাহান্ মেঘান্ ঈশস্য ঈশ্বরস্য কেশান্ বিদুঃ জানন্তি। সন্ধ্যাং ভূম্নঃ বিভোঃ তস্য বাসঃ আহুঃ। অব্যক্তং প্রধানং প্রকৃতিম্ ইত্যর্থঃ হৃদয়ম্ আহুঃ বদন্তি। সঃ প্রসিদ্ধঃ চন্দ্রমাঃ চন্দ্রঃ সর্ব্ববিকারকোষঃ সর্ব্ববিকারাশ্রয়ভূতং মনঃ ইতি আহুঃ ।৩৪

বিজ্ঞানশক্তিং মহিং মহত্তত্ত্বম্ আমনন্তি বদন্তি। গিরিত্রং শ্রীরুদ্রম্ অন্তঃকরণম্ অহঙ্কারম্। অশ্বাশ্বতর্য্যুষ্ট্রগজাঃ নখানি। শ্রোণিদেশে কটিদেশে মৃগাঃ পশবঃ ॥৩৫

বয়াংসি পক্ষিণঃ বিচিত্রং তদ্ব্যাকরণং তস্য শিল্পনৈপুণ্যম্। মনুঃ মনীষা বুদ্ধিঃ। মনুজঃ মনুষ্যঃ নিবাসে আশ্রয়ঃ, গন্ধর্ব্ববিদ্যাধরচারণাপ্সরসঃ অসুরানীকবর্য্যঃ প্রহ্লাদঃ, স্বরস্মৃতী গন্ধর্ব্বাপ্সরঃ স্বরঃ অসুরসৈন্যং স্মৃতিঃ ॥৩৬

ব্রহ্মা বিপ্রঃ তস্য আননং, সঃ মহাত্মা ক্ষত্রভুজঃ ক্ষত্রিয়াঃ ভুজাঃ যস্য সঃ; বিট্ বৈশ্যঃ তস্য উরুঃ, অঙ্ঘ্রি শ্রিতকৃষ্ণবর্ণাঃ শূদ্রাঃ তস্য পাদাঃ। নানাভিধাভীজ্যগণোপপন্নঃ বিবিধদেবগণযুক্তঃ দ্রব্যাত্মকঃ হবিঃসাধ্যঃ বিতানযোগঃ যজ্ঞপ্রয়োগঃ কর্ম্ম তস্য কার্য্যম্ ।৩৭

হে কুরুরাজ! মেঘগুলি ভগবানের কেশ, সন্ধ্যা সেই বিভুর বস্ত্র, প্রকৃতি তাঁহার হৃদয়, প্রসিদ্ধ চন্দ্র তাঁহার সমস্ত বিকারের কেন্দ্র মন ।৩৪

মহত্তত্ত্ব সেই সর্ব্বাত্মার চিত্ত, শিব তাঁহার অহঙ্কারতত্ত্ব, অশ্ব, অশ্বতর, উষ্ট্র ও হস্তী তাঁহার নখ, সমস্ত মৃগ ও পশুগণ তাঁহার কটিদেশ ।৩৫

পক্ষিগণ তাঁহার বিচিত্র শিল্পকৌশল, মনু তাঁহার বুদ্ধি, মনুষ্য তাঁহার বাসস্থান, গন্ধর্ব্ব, বিদ্যাধর, চারণ ও অপ্সরা তাঁহার ষড়্জাদি স্বর ও স্মৃতি, অসুরগণ তাঁহার বল ।৩৬

ব্রাহ্মণ তাঁহার মুখ, ক্ষত্রিয় তাঁহার বাহু, বৈশ্য তাঁহার উরু, কৃষ্ণবর্ণ শূদ্র তাঁহার চরণ। বসু ও রুদ্রাদি

ইয়ানসাবীশ্বরবিগ্রহস্য
যঃ সন্নিবেশঃ কথিতো ময়া তে।
সন্ধার্য্যতেঽস্মিন্ বপুষি স্থবিষ্ঠে
মনঃ স্থবুদ্ধ্যা ন যতোঽস্তি কিঞ্চিৎ ॥৩৮
স সর্ব্ববীরুদ্ব্যনুভূতসর্ব্ব
আত্মা যথা স্বপ্নজনেক্ষিতৈকঃ।
তং সত্যমানন্দনিধিং ভজেত
নান্যত্র সজ্জেদ্ যত আত্মপাতঃ ॥৩৯

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বিতীয়স্কন্ধে মহাপুরুষসংস্থানুবর্ণনং নাম প্রথমঃ অধ্যায়ঃ।

ইয়ান্ এতাবান্ ঈশ্বরবিগ্রহস্য ঈশ্বরশরীরস্য যঃ সন্নিবেশঃ অবয়বসংস্থানং, অসৌ ময়া তে তুভ্যং কথিতঃ বর্ণিতঃ। স্থবিষ্ঠে অতিস্থূলে অস্মিন্ বপুষি শরীরে স্থবুদ্ধ্যা মনঃ সন্ধার্য্যতে। যতঃ যস্মাৎ অন্যৎ কিঞ্চিৎ নাস্তি ॥৩৮

যথা এক এব মনুষ্যঃ স্বপ্নজনেক্ষিতা ভবতি স্বপ্নে বহুমিত্র-সৈন্যরাজ্যভোগান্ পশ্যতি, তথা সঃ আত্মা সর্ব্ববীরুদ্ব্যনুভূতসর্ব্বঃ সর্ব্বজীবস্থবুদ্ধিবৃত্তিম্ আশ্রিত্য সর্ব্বম্ অনুভবতি। আনন্দনিধিং তং সত্যং ভজেত। অন্যত্র অন্যবিষয়ে যতঃ সজ্জেৎ। অন্যত্র অন্যত্রাসক্তৌ আত্মপাতঃ আত্মনঃ অধঃপতনম্ এব ॥৩৯

ইতি দ্বিতীয় স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথপাত্রিকৃতান্বয়ে প্রথমঃ অধ্যায়ঃ ॥

বহুনামের দেবতাগণে সম্পর্কিত আছেন, হবির দ্বারা যে যজ্ঞ করা হয়, তাহাই তাঁহার অভিপ্রেত কর্ম্ম।৩৭

হে নৃপ! ঈশ্বর শরীরের এই যে অবয়ব বিন্যাসের কথা আমি তোমাকে বলিলাম, যোগিগণ ভগবানের এই বিরাট্ দেহে নিজের বুদ্ধির দ্বারা মনকে ধারণ করিয়া থাকেন, যে দেহ ভিন্ন অন্য কোন বস্তুই জগতে নাই।৩৮

জীব যেমন স্বপ্নকালে ইন্দ্রিয়ের দ্বারা বহু দেহকে প্রত্যক্ষ করে, সেইরূপ সকলের অন্তরাত্মা সেই ঈশ্বর একাকীই সকলের বুদ্ধিবৃত্তির দ্বারা সমস্ত বস্তুই অনুভব করেন। আনন্দঘন ও সত্যস্বরূপ সেই ঈশ্বরকে ভক্তি করিবে, অন্য কোন বস্তুতে আসক্ত হইবে না, যে আসক্তিবশতঃ নিজের অধঃপাত অর্থাৎ সংসার হয়।৩৯

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবত মহাপুরাণে দ্বিতীয় স্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীচারুকৃষ্ণদর্শনাচার্য্যকৃত বঙ্গভাষানুবাদসহিত
প্রথম অধ্যায় সমাপ্ত।

দ্বিতীয়ঃ অধ্যায়ঃ

[যোগিণাং যোগধারণয়োৎক্রমণপ্রকারস্য বর্ণনং, সদ্যোমুক্তি-ক্রমমুক্ত্যোর্নিরূপণঞ্চ ।]

শ্রীশুক-উবাচ ।

এবং পুরা ধারণয়াত্মযোনি-
র্নষ্টাং স্মৃতিং প্রত্যবরুধ্য তুষ্টাৎ ।
তথা সসর্জ্জেদমমোঘদৃষ্টি-
র্যথাপ্যয়াৎ প্রাগ্ ব্যবসায়বুদ্ধিঃ ॥১

শব্দস্য হি ব্রহ্মণ এষ পন্থা
যন্নামভির্ধ্যায়তি ধীরপার্থৈঃ ।
পরিশ্রমংস্তত্র স বিন্দতেঽর্থান্
মায়াময়ে বাসনয়া শয়ানঃ ॥২

অতঃ কবির্নামসু যাবদর্থঃ
স্যাদপ্রমত্তো ব্যবসায়বুদ্ধিঃ ।
সিদ্ধেঽন্যথার্থে ন যতেত তত্র
পরিশ্রমং তত্র সমীক্ষমাণঃ ॥৩

ব্যবসায়বুদ্ধিঃ ধারণায়াং নিশ্চিতবুদ্ধিঃ আত্মযোনিঃ ব্রহ্মা এবং ধারণয়া তুষ্টাৎ (হরেঃ) পুরা প্রলয়কালে নষ্টাং (সৃষ্টেঃ) স্মৃতিং প্রত্যবরুধ্য লব্ধ্বা অমোঘদৃষ্টিঃ সন্ অপ্যয়াৎ প্রলয়াৎ প্রাক্ যথাপূর্ব্বম্ ইদং বিশ্বম্ আদীৎ, তথা সসর্জ্জ ॥১

ধীঃ সাধকস্য বুদ্ধিঃ অপার্থৈঃ ব্যর্থৈঃ যন্নামভিঃ স্বর্গাদিনামভিঃ ধ্যায়তি, তত্তদিচ্ছাং করোতি ইতি, এষঃ হি শব্দস্য ব্রহ্মণঃ বেদস্য পন্থাঃ কর্ম্মফলবোধন-

প্রকারঃ বাসনয়া শয়ানঃ স্বপ্নান্ পশ্যন্ ইব মায়াময়ে পথি পরিভ্রমন্ তত্তল্লোকং সুখঞ্চ প্রাপ্তোঽপি অর্থান্ সুখং ন বিন্দতি ন লভতে ॥২

অতঃ অপ্রমত্তঃ সাবধানঃ ব্যবসায়বুদ্ধিঃ স্থিরধীঃ কবিঃ বুদ্ধিমান্ নামসু ভোগ্যবস্তুষু যাবদর্থঃ যাবতা দেহনির্ব্বাহঃ তথাভূতঃ স্যাৎ । তত্র তস্মিন্ অর্থে ভোগ্যে বস্তুনি অন্যথা প্রকারান্তরেণ সিদ্ধে সতি তত্র প্রযত্নে পরিশ্রমং সমীক্ষমাণঃ পশ্যন্ ন যতেত ॥৩

দ্বিতীয় অধ্যায়

[যোগধারণায় যোগিগণের উৎক্রমণ প্রকারবর্ণন ও
সদ্যোমুক্তি-ক্রমমুক্তি নিরূপণ ।]

শুকদেব বলিলেন,—প্রলয়াবসানে স্থিরবুদ্ধি কমলাসন ব্রহ্মা এই ধারণাবলেই ভগবান্ শ্রীহরিকে প্রসন্ন করিলেন এবং তাঁহার প্রসাদে অমোঘদর্শী হইলেন, পূর্ব্ব কল্পের সৃষ্টির স্মৃতিসকল তাঁহার স্মৃতিপথে উদিত হইল, তিনি পূর্ব্বকল্পের অনুসারে এই জগৎ পুনরায় সৃষ্টি করিলেন ।১

বেদবিহিত কর্ম্মমার্গ, স্বর্গাদির সুখমাত্র প্রদর্শন করাইয়া থাকে, মানুষের বুদ্ধি তদনুসারে স্বর্গাদিপ্রাপ্তি চিন্তায় নিমগ্ন হইয়া তদভিমুখেই ধাবিত হয়, কিন্তু

বাসনা সহ নিদ্রিত হইলে, যেমন অলীক স্বপ্নমাত্র দৃষ্ট হয়, তাদৃশ এই মায়াময় সংসারে ভ্রমণ করিয়া বিবিধ ভোগ প্রাপ্ত হইলেও প্রকৃত সুখলাভ করিতে পারা যায় না ।২

সর্ব্বকর্ম্মফল ত্যাগ করিলে, শরীরযাত্রা নির্ব্বাহ হইতে পারে না, তন্নিমিত্ত শরীর ধারণোপযোগী যে দ্রব্যের যে পরিমাণে প্রয়োজন, বুদ্ধিমান্ ব্যক্তি সেই পরিমাণে সেই দ্রব্যের জন্য চেষ্টা করিতে পারেন, কিন্তু তাহাতে যথার্থ সুখ নাই বিবেচনায় অনাসক্ত হইয়া চেষ্টা করিবেন । শরীররক্ষার্থ দ্রব্য অন্য প্রকারে লাভ হইলে, তাহাতে বিশেষ পরিশ্রম জানিয়া আর অধিক লাভার্থ যত্ন করিবেন না ।৩

সত্যাং ক্ষিতৌ কিং কশিপোঃ প্রয়াসৈ-
র্বাহৌ স্বসিদ্ধে হ্যুপবর্হণৈঃ কিম্।
সত্যঞ্জলৌ কিং পুরুধান্নপাত্র্যা
দিগ্বল্কলাদৌ সতি কিং দুকূলৈঃ ॥৪

চীরাণি কিং পথি ন সন্তি দিশন্তি ভিক্ষাং
নৈবাঙ্ঘ্রিপাঃ পরভৃতঃ সরিতোঽপ্যশুষ্যন্।
রুদ্ধা গুহাঃ কিমজিতোঽবতি নোপসন্নান্
কস্মাদ্ ভজন্তি কবয়ো ধনদুর্মদান্ধান্ ॥৫

এবং স্বচিত্তে স্বত এব সিদ্ধ
আত্মা প্রিয়োঽর্থো ভগবাননন্তঃ।
তং নির্বৃতঃ সন্ নিয়তার্থো ভজেত
সংসারহেতূপরমশ্চ যত্র ॥৬

কস্তাত্মনাদৃত্য পরানুচিন্তা-
মৃতে পশূনসতীং নাম কুর্য্যাৎ।
পশ্যন্ জনং পতিতং বৈতরণ্যাং
স্বকর্মজান্ পরিতাপান্ জুষাণম্ ॥৭

ক্ষিতৌ সত্যাং কশিপোঃ শয্যায়াঃ প্রয়াসৈঃ কিং ? স্বসিদ্ধে স্বতঃসিদ্ধে বাহৌ সতি উপবর্হণৈঃ উপাধানৈঃ কিম্ ? অঞ্জলৌ অঞ্জলিরূপপাত্রে সতি পুরুধান্নপাত্র্যা বহুবিধভোজনপাত্রেণ কিং ? দিগ্‌বল্কলাদৌ সতি দুকূলৈঃ পট্টবস্ত্রৈঃ কিম্ ? ৪

পথি চীরাণি বস্ত্রখণ্ডানি কিং ন সন্তি ? পরভৃতঃ ফলচ্ছায়াদিদানেন প্রতিপালকাঃ অঙ্ঘ্রিপাঃ বৃক্ষাঃ ভিক্ষাং কিং ন দিশন্তি দদতি ? সরিতঃ নদ্যঃ অপি কিম্ অশুষ্যন্ ? গুহাঃ পর্ব্বত-গুহাঃ কিং রুদ্ধাঃ ? অজিতঃ শ্রীকৃষ্ণঃ উপসন্নান্ শরণাগতান্ কিং ন অবতি রক্ষতি ? অতঃ কবয়ঃ বুদ্ধিমন্তঃ ধনদুর্মদান্ধান্ ধনগর্ব্বিতান্ কথং ভজন্তি সেবন্তে ? ৫

স্বচিত্তে স্বতঃ সিদ্ধ এব আত্মা প্রিয়ঃ অর্থঃ সত্যঃ, অনন্তশ্চ যঃ ভগবান্ বর্ত্ততে। এবং নিয়তার্থঃ বৈরাগ্যে কৃতনিশ্চয়ঃ নির্বৃতঃ চ সন্ তং ভগবন্তম্ এব ভজেত, যত্র যস্মিন্ ভজনে সতি সংসারহেতূপরমঃ অবিদ্যানাশঃ (ভবতি) ॥৬

কঃ জনঃ বৈতরণ্যাং বৈতরণী-সদৃশসংসারে

শরীর ধারণোপযোগী দ্রব্যসকল বিনা চেষ্টাতেও লাভ করিতে পারা যায়। দেখ, এই সুবিস্তৃত ভূমি-শয্যায় সুখে নিদ্রা হইলে, শয়নের জন্য কোমল শয্যার প্রয়োজন কি ? স্বতঃসিদ্ধ দুই বাহু বিদ্যমান রহিয়াছে, মস্তক স্থাপনের জন্য আর উপাধানের প্রয়োজন কি ? অঞ্জলিতে অন্ন ও জল রাখিয়া আহার করিতে পারা যায়, তখন বিবিধ অন্নপাত্রের প্রয়োজন কি ? যখন দিগম্বর হইয়া বা বল্কল পরিধান করিয়া দেহযাত্রা নির্ব্বাহ হইতে পারে, তখন পট্টবস্ত্রাদি লাভের কোন প্রয়োজন হয় না ।৪

বুদ্ধিমান্ লোকেরা অন্নবস্ত্রাদির জন্য ধনগর্ব্বিতদিগকে কেনই বা সেবা করিবে ? পথিমধ্যে কি জীর্ণ বস্ত্রখণ্ডসকল পতিত থাকে না ? তদ্দ্বারাই ত শীতাদি হইতে পরিত্রাণ পাইতে পারে। বৃক্ষসকল ফল প্রদানে সকলকেই প্রতিপালন করিয়া থাকে, তাহারা কি ফলদানে কাতর হইবে, তবে উদরান্নের জন্য চিন্তা কি ? নদীসকল কি শুষ্ক হইয়া গিয়াছে ? তাহাতেই জলের তৃষ্ণা নিবারণ হইতে পারে। গিরিগুহাসকলও রুদ্ধ হইয়া যায় নাই, তবে বৃষ্টি ও কায়ক্লেশে ভয় কি ? ভক্তবৎসল সর্ব্বান্তর্যামী ভগবান্ শ্রীহরি কি শরণাগতদিগকে রক্ষা করেন না, তবে ব্যাঘ্রাদি হইতে ভয় কি ? ৫

অতএব 'চিত্তে স্বতঃসিদ্ধ আত্মা প্রিয় সত্য ও অনন্তরূপে যে ভগবান্ নিত্য বিরাজ করিতেছেন, তাঁহার প্রতি নিশ্চলরূপে ধারণা করা কর্ত্তব্য। সংসার-সুখে জলাঞ্জলি দিয়া তাঁহার পাদপদ্মে চিত্ত সমর্পণ করিলে, পরম নির্বৃতিলাভ হয় এবং সংসারের কারণ অবিদ্যাও উপশমিত হইয়া যায় ।৬

আরও দেখ, যমযাতনা উভয় বৈতরণীসদৃশ বিবিধ যাতনাগ্রস্ত এই সংসারে পতিত হইয়া

কেচিৎ স্বদেহান্তর্হৃদয়াবকাশে
প্রাদেশমাত্রং পুরুষং বসন্তম্ ।
চতুর্ভুজং কঞ্জরথাঙ্গশঙ্খ-
গদাধরং ধারণয়া স্মরন্তি ॥৮
প্রসন্নবক্ত্রং নলিনায়তেক্ষণং
কদম্বকিঞ্জল্কপিশঙ্গবাসসম্ ।
লসন্মহারত্নহিরণ্ময়াঙ্গদং
স্ফুরন্মহারত্নকিরীটকুণ্ডলম্ ॥৯
উন্নিদ্রহৃৎপঙ্কজকর্ণিকালয়ে
যোগেশ্বরাস্থাপিতপাদপল্লবম্ ।
শ্রীলক্ষণং কৌস্তুভরত্নকন্ধর-
মম্লানলক্ষ্ম্যা বনমালয়াচিতম্ ॥১০
বিভূষিতং মেখলয়াঙ্গুরীয়কৈ-
র্মহাধনৈর্নূপুরকঙ্কণাদিভিঃ ।
স্নিগ্ধামলাকুঞ্চিতনীলকুন্তলৈ-
র্বিরোচমানাননহাসপেশলম্ ॥১১
অনীললীলাহসিতেক্ষণোল্লসদ্-
ভ্রূভঙ্গসংসূচিতভূর্ব্যনুগ্রহম্ ।
ঈক্ষেত চিন্তাময়মেতমীশ্বরং
যাবন্মনো ধারণয়াবতিষ্ঠতে ॥১২

পতিতং স্বকর্ম্মজ্ঞান্ পরিতাপান্ ক্লেশান্ অযাণং দেবমানং জনং পশ্যন্ সন্ তাং পরানুচিন্তাং ধারণাম্ অনাদৃত্য ত্যক্ত্বা পশূন্ ঋতে বিনা অসতীং বিষয়চিন্তাং নাম কুর্য্যাৎ ॥৭

কেচিৎ জনাঃ স্বদেহান্তর্হৃদয়াবকাশে বসন্তং প্রাদেশমাত্রং প্রাদেশপরিমিতং চতুর্ভুজং কঞ্জরথাঙ্গ-শঙ্খগদাধরং পদ্মং চক্রং শঙ্খং গদাং চ ধারয়ন্তং পুরুষং ধারণয়া স্মরন্তি ॥৮

প্রসন্নবক্ত্রং নলিনায়তেক্ষণং পদ্মলোচনং কদম্ব-কিঞ্জল্কপিশঙ্গবাসসং কটিদেশে কদম্বকেশরবৎ পীতবস্ত্রং পরিদধানং লসন্মহারত্নহিরণ্ময়াঙ্গদং মহারত্নখচিত-স্বর্ণাঙ্গদৈঃ সুশোভিতং স্ফুরন্মহারত্নকিরীটকুণ্ডলং মস্তকে মহারত্নখচিতেন মুকুটেন কর্ণয়োঃ কুণ্ডলাভ্যাং চ বিরাজিতম্ উন্নিদ্রহৃৎপঙ্কজকর্ণিকালয়ে বিকশিত-হৃৎপদ্মমধ্যে যোগেশ্বরাস্থাপিতপাদপল্লবং শ্রীলক্ষণং লক্ষ্মীরেখাযুক্তং কৌস্তুভরত্নকন্ধরং গলদেশে কৌস্তুভমণিনা শোভিতম্ অম্লানলক্ষ্ম্যা স্থিরশোভয়া বনমালয়া চিতং ব্যাপ্তং মেখলয়া মহাধনৈঃ বহুমূল্যৈঃ অঙ্গুরীয়কৈঃ নূপুরকঙ্কণাদিভিঃ চ বিভূষিতম্। স্নিগ্ধা-মলাকুঞ্চিতনীলকুন্তলৈঃ স্নিগ্ধাদিগুণযুক্তৈঃ কেশৈঃ বিরোচমানাননহাসপেশলং শোভমানে আননে সুন্দর-

---

লোকদিগকে স্ব স্ব কর্ম্মানুসারে ফলভোগ করিতে দেখিয়ে, পশুর ন্যায় নিতান্ত কর্ম্মজড় মানব ব্যতীত কোন্ ব্যক্তি সেই ভগবানের চিন্তায় পরাঙ্মুখ হইয়া অসৎ সংসার চিন্তায় নিমগ্ন থাকে ? ৭

কোন কোন সাধক নিজের দেহের মধ্যে হৃৎপদ্মে অবস্থিত অঙ্গুষ্ঠপরিমিত, শঙ্খ, চক্র ও গদাধর পরমেশ্বরকে ধারণাদ্বারা স্মরণ করিতে থাকেন ॥৮

তাঁহার মুখখানি প্রসন্ন, পদ্মের মত বিস্তৃত চক্ষু, পরিধানে কদম্বপুষ্পের কেশরের মত হরিদ্রাভ বস্ত্র বাহুচতুষ্টয়ে অত্যন্ত উজ্জ্বল রত্নখচিত কাঞ্চনময় অঙ্গদ বিরাজমান, মস্তকে অত্যুজ্জ্বল রত্নখচিত কিরীট ও কর্ণে কুণ্ডল শোভিত হইতেছে ।৯

মহাযোগীর প্রফুল্ল হৃৎপদ্মের মধ্যস্থলে পাদপদ্ম সুরক্ষিত, যাঁহাদিগের বক্ষঃস্থলে লক্ষ্মীর চিহ্ন, গলদেশে কৌস্তুভ রত্ন ও সর্ব্বদাই সমুজ্জ্বল বনমালা বিরাজিত ।১০

কটিদেশে মহামূল্য চন্দ্রহার, অঙ্গুলীতে অঙ্গুরী, চরণে নূপুর, মণিবন্ধে কঙ্কণ বিরাজিত। স্নিগ্ধ কুঞ্চিত নির্ম্মল

একৈকশোঽঙ্গানি ধিয়ানুভাবয়েৎ
পাদাদি যাবদ্ধসিতং গদাভৃতঃ।
জিতং জিতং স্থানমপোহ্য ধারয়েৎ
পরং পরং শুধ্যতি ধীর্যথা যথা ॥১৩
যাবন্ন জায়েত পরাবরেঽস্মিন্
বিশ্বেশ্বরে দ্রষ্টরি ভক্তিযোগঃ।
তাবৎ স্ববীয়ঃ পুরুষস্য রূপং
ক্রিয়াবসানে প্রয়তঃ স্মরেত ॥১৪
স্থিরং সুখঞ্চাসনমাস্থিতো যতি-
র্যদা জিহাসুরিমমঙ্গ লোকম্।
দেশে চ কালে চ মনো ন সজ্জয়েৎ
প্রাণান্ নিযচ্ছেন্মনসা জিতাসুঃ ॥১৫
মনঃ স্ববুদ্ধ্যামলয়া নিয়ম্য
ক্ষেত্রজ্ঞ এতাং নিলয়েৎ তমাত্মনি।
আত্মানমাত্মন্যবরুধ্য ধীরো
লব্ধোপশান্তির্বিরমেত কৃত্যাৎ ॥১৬
ন যত্র কালোঽনিমিষাং পরঃ প্রভুঃ
কুতো নু দেবা জগতাং য ঈশিরে।
ন যত্র সত্ত্বং ন রজস্তমশ্চ
ন বৈ বিকারো ন মহান্ প্রধানম্ ॥১৭

হাস্যমুক্তম্। অদীননীলাহসিতে ক্ষণোল্লসদ্ভ্রূভঙ্গ-সূচিতভূর্য্যনুগ্রহং স্মিতেন কৃপাকটাক্ষেণ চ অনুগ্রহং কুর্বতঃ। চিন্তামাত্রং চিন্তয়া আবির্ভবন্তম্ এতম্ ঈশ্বরম্ (তাবৎ) ঈক্ষেত পশ্যেৎ, যাবৎ মনঃ ধারণয়া আতিষ্ঠতে স্থিরী ভবতি ॥৯-১২

গদাভৃতঃ শ্রীকৃষ্ণস্য পাদাদিহসিতং যাবৎ অঙ্গানি একৈকশঃ ধিয়া বুদ্ধ্যা ভাবয়েৎ চিন্তয়েৎ। ধীঃ বুদ্ধিঃ যথা যথা শুধ্যতি নিশ্চলা ভবতি, জিতং জিতম্ অভ্যাসেন স্থিরীভূতম্ (তৎ তৎ) অঙ্গম্ অপোহ্য পরিত্যজ্য পরং পরং জ্ঞাস্যমঙ্গং ধারয়েৎ ধ্যায়েৎ ॥১৩

পরাবরে সর্বোত্তমে দ্রষ্টরি সর্ব্বসাক্ষিস্বরূপে অস্মিন্ বিশ্বেশ্বরে যাবৎ ভক্তিযোগঃ ন জায়েত। তাবৎ ক্রিয়াবসানে কর্ত্তব্যকর্ম্মানুষ্ঠানান্তে পরং প্রযতঃ সন্ মনঃ পুরুষস্য বিরাট্‌পুরুষস্য স্ববীয়ঃ স্থূলতমং রূপং স্মরেত ॥১৪

অঙ্গ হে রাজন্! যতিঃ যোগী যদা ইমং লোকং জিহাসুঃ ত্যক্তুম্ ইচ্ছুঃ (ভবতি), (তদা) দেশে চ কালে চ মনঃ ন সজ্জয়েৎ আসক্তং ন কুর্য্যাৎ। স্থিরং সুখম্ আসনং স্বস্তিকাদ্যাসনম্ অবস্থিতঃ জিতাসুঃ কৃত-প্রাণায়ামঃ চ সন্ প্রাণান্ ইন্দ্রিয়াণি মনসা নিযচ্ছেৎ ॥১৫

অমলয়া সুবুদ্ধ্যা মনঃ নিয়ম্য প্রবিলাপ্য এতাং

কৃষ্ণবর্ণ কেশরাশিতে সমুজ্জ্বল হাসিমাখা মুখখানি অতীব সুন্দর ।১১

অত্যন্ত উত্তম আনন্দপূর্ণ হাসিযুক্ত দৃষ্টি দ্বারা উল্লাসিত ভ্রূভঙ্গীতে ভক্তগণের প্রতি অপার অনুগ্রহ প্রকাশ পাইতেছে। চিন্তামাত্রেই হৃদয়ে আবির্ভূত অতি মনোরম সেই পরমেশ্বরকে ধারণা দ্বারা যতক্ষণ মনস্থির থাকে, ততক্ষণ দর্শন করিবেন ।১২

পাদপদ্ম হইতে হাসিমাখা মুখখানি পর্য্যন্ত ভগবানের এক একটি অঙ্গকে মনে মনে ধ্যান করিবেন। যে যে অঙ্গে ধ্যান করা অনায়াসসাধ্য হইয়া যাইবে, সেই সেই অঙ্গের ধ্যান করার প্রযত্ন ত্যাগ করিয়া অন্য অন্য অঙ্গ ধ্যান করিবে—যে যে প্রকারে মন পবিত্র হয় ।১৩

ব্রহ্মাদি সমস্ত দেবতাই যাঁহা অপেক্ষা ক্ষুদ্র, সমস্ত জগতের পরমেশ্বর ও চৈতন্যময় এই ভগবানের যতদিন পর্য্যন্ত প্রেমভক্তি না জন্মিবে, ততদিন পর্য্যন্ত অবশ্যকর্ত্তব্য নিত্য নৈমিত্তিক সমস্ত কর্ম্মের শেষে সযত্নে বিরাট্ পুরুষকে ধ্যান করিবে ।১৪

হে মহারাজ! এইরূপ সাধক যখন দেহত্যাগ করিতে ইচ্ছা করিবেন, তখন গঙ্গাতীর প্রভৃতি কোন পুণ্যতীর্থ বা উত্তরায়ণ প্রভৃতি পুণ্যকালের অপেক্ষা

পরং পদং বৈষ্ণবমামনন্তি তদ্-
যন্নেতি নেতীত্যতদুৎসিসৃক্ষবঃ।
বিসৃজ্য দৌরাত্ম্যমনন্যসৌহৃদা
হৃদোপগুহ্যার্হপদং পদে পদে ॥১৮
ইত্থং মুনিস্তূপরমেদ্ ব্যবস্থিতো
বিজ্ঞানদৃগ্বীর্য্যসুরদ্ধিতাশয়ঃ।
স্বপাঙ্ক্তিনাপীড্য গুদং ততোঽনিলং
স্থানেষু ষট্সূন্নময়েজ্জিতক্রমঃ ॥১৯
নাভ্যাং স্থিতং হৃত্যধিরোপ্য তস্মা-
দুদানগত্যোরসি তং নয়েন্মুনিঃ।
ততোঽনুসন্ধায় ধিয়া মনস্বী
স্বতালুমূলং শনকৈর্নয়েত ॥২০

বুদ্ধিং ক্ষেত্রজ্ঞে চিদাভাসে নিলয়েৎ প্রবিলয়েৎ। তৎ ক্ষেত্রজ্ঞম্ আত্মনি জীবস্বরূপে শুদ্ধচৈতন্যে তং জীবং চ আত্মনি ব্রহ্মণি অবরুধ্য একীকৃত্য লব্ধোপশান্তিঃ নির্বৃতঃ সন্ ধীরঃ কৃতাৎ যোগকার্য্যাৎ বিরমেৎ ॥১৬

যত্র পরমাত্মনি অনিমিষাং দেবানাং পরঃ নিয়ামকঃ কালঃ ন প্রভুঃ সমর্থঃ, তত্র যে দেবাঃ জগতাম্ ঈশিরে প্রভবন্তি, তে কুতঃ নু প্রভবঃ। যত্র পরমাত্মনি ন সত্ত্বং ন রজঃ ন তমঃ ন বৈ বিকারঃ অহঙ্কারতত্ত্বং ন মহান্ মহত্তত্ত্বং নাপি প্রধানং প্রকৃতিঃ সৃষ্ট্যাদৌ প্রভুঃ ॥১৭

যৎ যস্মাৎ নেতি নেতি বিচারতঃ অতৎ আত্মব্যতিরিক্তং বস্তু উৎসিসৃক্ষবঃ পরিত্যক্তুম্ ইচ্ছবঃ ভক্তাঃ দৌরাত্ম্যং দেহাদৌ মমতাং বিসৃজ্য অনন্যসৌহৃদাঃ সন্তঃ যৎ অর্হপদং পূজ্যপদং হৃদা উপগুহ্য আশ্লিষ্য স্থিতাঃ এব, তৎ বৈষ্ণবং পদং পরং শ্রেষ্ঠম্ আমনন্তি জানন্তি ॥১৮

ইত্থং ব্যবস্থিতঃ স্থিরমতিঃ মুনিঃ বিজ্ঞানদৃগ্বীর্য্যসুরদ্ধিতাশয়ঃ শাস্ত্রজ্ঞানেন লব্ধবিবেকঃ সন্ স্বপাঙ্ক্তিনা স্বপাদমূলেন গুদং মূলাধারম্ আপীড্য নিরুধ্য জিতক্রমঃ অতন্দ্রিতঃ ততঃ ষট্সু নাভিপ্রভৃতিষু স্থানেষু অনিলং প্রাণম্ উন্নময়েৎ ॥১৯

না করিয়া পদ্মাসন স্বস্তিকাসন প্রভৃতি অবলম্বন পূর্ব্বক প্রাণায়াম করত মনদ্বারা ইন্দ্রিয়গণকে সংযত করিবেন ।১৫

তারপর নির্ম্মল বুদ্ধিদ্বারা মনকে সংযত করিয়া এই বুদ্ধিকে জীবাত্মাতে সংলগ্ন করিবেন, শুদ্ধ জীবাত্মাকে পরমাত্মাতে সংলগ্ন করিয়া পরম শান্তি লাভ করিবেন, তারপর সমস্ত সাধনা হইতে নিবৃত্ত হইবেন ।১৬

এইরূপ সমাধিযুক্ত যোগীর প্রতি সমস্ত দেবতার প্রভু কালও প্রভুত্ব করিতে পারে না, অতএব যাঁহারা জগতের উপর আধিপত্য করেন, সেই দেবতাদের কথা আর কি বলিব ? সত্ত্ব, রজঃ ও তমোগুণ এবং অহঙ্কারতত্ত্ব মহত্তত্ত্ব ও প্রকৃতি পর্য্যন্ত এই যোগীর প্রতি কোন প্রভুত্ব করিতে সমর্থ হয় না ।১৭

দেহ, ইন্দ্রিয় ও মন প্রভৃতি আত্মা নহে—এইরূপ চিন্তা করিতে করিতে আত্মাভিন্ন সমস্ত বস্তুকেই উপেক্ষা করিয়া আমিই ব্রহ্ম এইরূপ দৃষ্টতা না করিয়া প্রতিমুহূর্ত্তেই পরমপূজ্য শ্রীভগবৎ-পাদপদ্মকে গভীর প্রেমে হৃদয়ে আলিঙ্গন করিয়া অন্য সমস্ত বস্তুতেই অনুরাগ পরিত্যাগ পূর্ব্বক যোগিগণ যে পরমানন্দে মগ্ন থাকেন, তাহাই ভগবানের সর্ব্বোত্তম তত্ত্ব, এই কথা আচার্য্যগণ বলিয়া থাকেন ।১৮

শাস্ত্রদৃষ্টির বলে সমস্ত বিষয় বাসনাকে নির্ম্মূল করিয়া যোগী পূর্ব্বোক্ত প্রকারে সমাধিস্থ হইয়া জগতের সমস্ত বস্তুর সম্পর্ক হইতে নিবৃত্ত হইবেন। তারপর কি প্রকারে দেহত্যাগ করিবেন—তাহাই বলিতেছেন, প্রথমে পাদমূল দ্বারা মূলাধারকে অবরুদ্ধ করিয়া অক্লান্তভাবে প্রাণবায়ুকে নাভি প্রভৃতি ছয়টি স্থানে উত্তোলন করিবেন ।১৯

তস্মাদ্ ভ্রুবোরন্তরমুন্নয়েত
নিরুদ্ধসপ্তাশ্বসনোঽনপেক্ষঃ।
স্থিত্বা মুহূর্ত্তার্দ্ধমকুণ্ঠদৃষ্টি-
র্নিভিদ্য মূর্দ্ধন্ বিসৃজেৎ পরং গতঃ ॥২১
যদি প্রযাস্যন্ নৃপ পারমেষ্ঠ্যং
বৈহায়সানামুত যদ্বিহারম্।
অষ্টাধিপত্যং গুণসন্নিবায়ে
সহৈব গচ্ছেন্মনসেন্দ্রিয়ৈশ্চ ॥২২
যোগেশ্বরাণাং গতিমাহুরন্ত-
র্বহিস্ত্রিলোক্যাঃ পবনান্তরাত্মনাম্।
ন কর্ম্মভিস্তাং গতিমাপ্নুবন্তি
বিদ্যাতপোযোগসমাধিভাজাম্ ॥২৩
বৈশ্বানরং যাতি বিহায়সা গতঃ
সুষুম্নয়া ব্রহ্মপথেন শোচিষা।
বিধূতকল্কোঽথ হরেরুদস্তাৎ
প্রযাতি চক্রং নৃপ শৈশুমারম্ ॥২৪
তদ্ বিশ্বনাভিং ত্বতিবর্ত্ত্য বিষ্ণো-
রণীয়সা বিরজেনাত্মনৈকঃ।
নমস্কৃতং ব্রহ্মবিদামুপৈতি
কল্পায়ুষো যদ্ বিবুধা রমন্তে ॥২৫

তদাহ। মুনিঃ নাভ্যাং মণিপুরকচক্রে স্থিতং তং প্রাণং হৃদি অনাহতচক্রে অধিরোপ্য তস্মাৎ অনাহত-চক্রাৎ উদানগত্যা উদানবায়োঃ অনুসরণক্রমেণ উরসি বিশুদ্ধচক্রে নয়েৎ। ততঃ মনস্বী জিতচিত্তঃ মুনিঃ প্রাণং ধিয়া বুদ্ধ্যা অনুসন্ধায় স্বতালুমূলং শনকৈঃ নয়েত ॥২০

নিরুদ্ধসপ্তাশ্বসনঃ শ্রোত্রাদিসপ্তশীর্ষন্যসপ্তপ্রাণমার্গান্ নিরুধ্য অনপেক্ষঃ নিরাকাঙ্ক্ষঃ সন্ তস্মাৎ ভ্রুবোঃ অন্তরম্ আজ্ঞাচক্রম্ উন্নয়েত। মুহূর্ত্তার্দ্ধং স্থিত্বা তত্র অকুণ্ঠদৃষ্টিঃ অপ্রতিহতদর্শনঃ পরং গতঃ সন্ মূর্দ্ধন্ ব্রহ্মরন্ধ্রে নির্ভিদ্য (দেহং) বিসৃজেৎ ॥২১

নাভিতে মণি-পুরচক্রে আনীত প্রাণবায়ুকে হৃদয়ে অনাহতচক্রে আনয়ন করিয়া সেখান হইতে উদান বায়ুর সাহায্যে কণ্ঠদেশের নিম্নে বিশুদ্ধচক্রে লইয়া যাইবেন, তারপর মনোজয়ী সেই যোগী বুদ্ধিদ্বারা বিচার করিয়া সেই বায়ুকে তালুমূলে অর্থাৎ বিশুদ্ধচক্রের অগ্রভাগে ধীরে ধীরে লইয়া যাইবেন।২০

তাহারপর কর্ণ, চক্ষু এবং নাসিকাদ্বয় ও মুখ এই সাতটি প্রাণবায়ুর পথকে অবরুদ্ধ করিয়া তালুমূল হইতে প্রাণবায়ুকে ভ্রূযুগের মধ্যে আজ্ঞাচক্রে লইয়া যাইবেন, যদি অন্য কোন লোকে যাইবার ইচ্ছা না থাকে, তাহা

হে নৃপ! পারমেষ্ঠ্যং ব্রহ্মপদম্ উত অথবা বৈহায়সানাং সিদ্ধানাং যৎ বিহারং ক্রীড়াভবনম্ অষ্টাধিপত্যম্ অণিমাদিসিদ্ধিং বা গুণসন্নিবায়ে সর্ব্বত্র ব্রহ্মাণ্ডে ভোগার্থং যদি যোগী প্রযাস্যন্ মনসা ইন্দ্রিয়ৈঃ চ সহৈব গচ্ছেৎ ॥২২

পবনান্তরাত্মনাং যোগেশ্বরাণাং গতিং ত্রিলোক্যাঃ অন্তঃ বহিঃ চ আহুঃ। বিদ্যাতপোযোগসমাধিভাজং যোগিনাং তাং গতিং কর্ম্মভিঃ ন আপ্নুবন্তি ॥২৩

বিহায়সা ব্রহ্মপথেন ব্রহ্মগমনপথস্বরূপয়া শোচিষা জ্যোতির্ময্যা সুষুম্নয়া নাড্যা বৈশ্বানরঃ যাতি। হে নৃপ! অথ বিধূতকল্কঃ নির্ম্মলঃ সন্ উদস্তাৎ ঊর্দ্ধে

হইলে কিছুক্ষণ থাকিয়া একাগ্র দৃষ্টিতে মস্তকে সহস্রারে ব্রহ্মকে লাভ করত ব্রহ্মরন্ধ্র ভেদ করিয়া দেহ ও ইন্দ্রিয়গণকে ত্যাগ করিবে।২১

হে মহারাজ! যদি কোন যোগী হিরণ্যগর্ভলোকে অথবা সমস্ত জগতে অণিমাদি আটটি ঐশ্বর্য্যযুক্ত সিদ্ধগণের বিহারভূমিতে যাইতে ইচ্ছা করেন, তাহলে দেহত্যাগের সময় মন ও ইন্দ্রিয়গণকে ত্যাগ না করিয়া তাহাদের সহিতই গমন করিবেন।২২

বায়ুর মধ্যে সূক্ষ্ম শরীরকে রাখিয়া মহাযোগিগণ জগতের মধ্যে ও বাহিরে গমন করিয়া থাকেন। যাঁহারা

অথো অনন্তস্য মুখানলেন
দন্দহ্যমানং স নিরীক্ষ্য বিশ্বম্।
নির্য্যাতি সিদ্ধেশ্বরজুষ্টধিষ্ণ্যং
যদ্দ্বৈপরার্দ্ধ্যং তদু পারমেষ্ঠ্যম্ ॥২৬
ন যত্র শোকো ন জরা ন মৃত্যু-
র্নার্ত্তির্ন চোদ্বেগ ঋতে কৃতশ্চিৎ।
যচ্চিত্তোঽয়ং কৃপয়ানিদংবিদাং
দুরন্তদুঃখপ্রভবানুদর্শনাৎ ॥২৭
ততো বিশেষং প্রতিপদ্য নির্ভয়-
স্তেনাত্মনাপোঽনলমূর্ত্তিরুল্বণম্।
জ্যোতির্ময়ো বায়ুমুপেত্য কালে
বায্বাত্মনা খং বৃহদাত্মলিঙ্গম্ ॥২৮
ঘ্রাণেন গন্ধং রসনেন বৈ রসং
রূপঞ্চ দৃষ্ট্যা ত্বসনং ত্বচৈব।
শ্রোত্রেণ চোপেত্য নভোগুণত্বং
প্রাণেন চাকূতিমুপৈতি যোগী ॥২৯

স্বিতং হরেঃ সম্বন্ধি শৈশুমারং জ্যোতিশ্চক্রং প্রয়াতি ॥২৪

বিষ্ণোঃ তৎ বিশ্বনাভিং চক্রম্ অতিবর্ত্ত্য একঃ তু অনীয়সা বিরজেন আত্মনা লিঙ্গশরীরেণ অন্যৈঃ নমস্কৃতং ব্রহ্মবিদাং স্থানং মহর্লোকম্ উপৈতি। যৎ যস্মিন্ কল্পায়ুষঃ বিবুধাঃ রমন্তে ॥২৫

অথো কল্পান্তে সঃ যোগী বিশ্বম্ অনন্তস্য মুখানলেন দংদহ্যমানং নিরীক্ষ্য দ্বৈপরার্দ্ধ্যং দ্বিপরার্দ্ধকালং ব্যাপ্য সিদ্ধেশ্বরজুষ্টধিষ্ণ্যং সিদ্ধগণনিষেবিতবিমানবিশিষ্টং বা তৎপারমেষ্ঠ্যং পদং নির্যাতি ॥২৬

অনন্দিংবিদাম্ এবং যোগম্ অজানতাং জনানাং দুরন্তদুঃখপ্রভবানুদর্শনাৎ কৃপয়া চিত্ততঃ হেতোঃ যৎ দুঃখম্ অনঃ ঋতে তৎ কুতশ্চিৎ যত্র শোকঃ ন, জরা ন, মৃত্যুঃ ন, আর্ত্তিঃ উদ্বেগং চ ন বিদ্যতে ॥২৭

ততঃ সঃ বিশেষং লিঙ্গদেহং প্রতিপদ্য প্রাপ্য নির্ভয়ঃ সন্ তেন আত্মনা ক্ষিত্যাদি আবরণরূপেণ

উপাসনা, তপস্যা, যোগ ও জ্ঞানসাধন করিয়া থাকেন, তাঁহাদেরই এইরূপ গতি হইয়া থাকে, কর্ম্মদ্বারা সেই গতি হয় না।২৩

যোগিপুরুষ ব্রহ্মলোকের পথে জ্যোতির্ম্ময় সুষুম্না নাড়ীদ্বারা আকাশ মার্গে যাইয়া অগ্নিলোকে গমন করেন, তারপর নিষ্পাপ হইয়া উপরে নারায়ণের অধিষ্ঠিত শিশুমারের মত জ্যোতিশ্চক্রে গমন করেন।২৪

তারপর অতিসূক্ষ্ম ও অত্যন্ত বিশুদ্ধ যোগী একাকীই সূর্য্য চন্দ্র প্রভৃতির আশ্রয় বিষ্ণুর সেই শিশুমার চক্র অতিক্রম করিয়া সকলের পূজনীয় ও ব্রহ্মজ্ঞ ঋষিগণের বাসস্থান মহর্লোকে গমন করেন, যেখানে কল্পকালজীবী ভৃগুপ্রভৃতি মহাপুরুষগণ সানন্দে থাকেন।২৫

তারপর প্রলয়ের সময় অনন্তদেবের মুখের বহ্নিতে যখন সমস্ত জগৎ দগ্ধ হইয়া যায়, তখন তাঁহারা জগৎ পরিত্যাগ করিয়া যাহা দ্বিপরার্দ্ধকালপর্য্যন্ত থাকে এবং সিদ্ধমহাপুরুষদের বিমানাবলীবিরাজিত, সেই সত্যলোকে গমন করেন।২৬

যাহারা ভগবানের ধামরূপ যোগ জানে না, তাহারা পুনঃ পুনঃ জন্মগ্রহণ করিয়া দারুণ দুর্গতিভোগ করে। তাহাদের পুনঃ পুনঃ সেই দুর্গতি ভোগ দেখিয়া ব্রহ্মলোকবাসী মহাপুরুষগণ তাহাদের প্রতি কৃপাবশতঃ অত্যন্ত মানসিক দুঃখ ভোগ করেন, তদ্ব্যতীত যেখানে কোন কারণবশতই শোক, জরা, মৃত্যু, দুঃখ ও ভয় নাই।২৭

তাহার পর তিনি সূক্ষ্ম শরীরে নির্ভয়ে ধীরে ধীরে পৃথিবী, জল ও অগ্নিমূর্ত্তি ধারণ করিয়া ইচ্ছামত নানাবিধ ভোগ করিতে থাকেন, এইরূপে অগ্নিমূর্ত্তি হইয়া তাহার পর বায়ুমূর্ত্তি হন, বায়ু হইয়া আকাশমূর্ত্তি হন এইপ্রকারে ভোগ শেষ হইলে উপাসনার উপযুক্ত পরমাত্মামূর্ত্তি হন।২৮

স ভূতসূক্ষ্মেন্দ্রিয়সন্নিকর্ষং
মনোময়ং দেবময়ং বিকার্য্যম্।
সংসাদ্য গত্যা সহ তেন যাতি
বিজ্ঞানতত্ত্বং গুণসন্নিরোধম্ ॥৩০
তেনাত্মনাত্মানমুপৈতি শান্ত-
মানন্দমানন্দময়োঽবসানে।
এতাং গতিং ভাগবতীং গতো যঃ
স বৈ পুনর্নেহ বিষজ্জতেঽঙ্গ ॥৩১

এতে স্মৃতী তে নৃপ বেদগীতে
ত্বয়াভিপৃষ্টে চ সনাতনে চ।
যে বৈ পুরা ব্রাহ্মণ আহ তুষ্ট
আরাধিতো ভগবান্ বাসুদেবঃ ॥৩২
নহ্যতোঽন্যঃ শিবঃ পন্থা বিশতঃ সংসৃতাবিহ।
বাসুদেবে ভগবতি ভক্তিযোগো যতো ভবেৎ ॥৩৩
ভগবান্ ব্রহ্ম কার্ৎস্ন্যেন ত্রিরন্বীক্ষ্য মনীষয়া।
তদধ্যবস্যৎ কূটস্থো রতিরাত্মন্ যতো ভবেৎ ॥৩৪

আপঃ জলাবরণং প্রতিপদ্য অবরন্ ত্বরাম্ অকুর্ব্বন্ জ্যোতির্ময়ঃ সন্ বায্বাত্মনা বায়ুং বায্বাবরণম্ উপেত্য কালে বৃহদাত্মলিঙ্গং খম্ আকাশম্ উপৈতি ॥২৮

যোগী ঘ্রাণেন গন্ধং, রসনেন রসং, দৃষ্ট্যা রূপঞ্চ, ত্বচা স্পর্শনং বায়ুম্ এব, শ্রোত্রেণ নভোগুণং শব্দং চ উপেত্য প্রাণেন কর্ম্মেন্দ্রিয়েণ আকূতিং তত্তৎক্রিয়াম্ উপৈতি ॥২৯

সঃ যোগী ভূতসূক্ষ্মেন্দ্রিয়সন্নিকর্ষঃ সূক্ষ্মভূতানাম্ ইন্দ্রিয়াণাং চ লয়স্থানং মনোময়ং দেবময়ং বিকার্য্যম্ অহঙ্কারতত্ত্বং সংসাদ্য প্রাপ্য গত্যাঃ ঐক্যগমনেন তেন অহঙ্কারেণ সহ বিজ্ঞানতত্ত্বং মহত্তত্ত্বং (ততঃ) গুণ-সন্নিরোধং প্রকৃতিং যাতি ॥৩০

তেন আত্মনা স্বরূপেণ আনন্দময়ঃ সন্ অবসানে উপাধীনামভাবে শান্তম্ আনন্দম্ আত্মানম্ আদি-পুরুষম্ উপৈতি। যঃ এতাং ভাগবতীং গতিং গতঃ, অঙ্গ হে রাজন্! সঃ ইহ সংসারে পুনঃ বৈ ন বিসজ্জতে ন আবর্ত্ততে ॥৩১

হে নৃপ! ত্বয়া অভিপৃষ্টে বেদগীতে বেদোক্তে সনাতনে নিত্য এতে স্মৃতী ব্রহ্মপ্রাপ্তিমার্গৌ তে তুভ্যং (কথিতে)। আরাধিতঃ ভগবান্ বাসুদেবঃ তুষ্টঃ সন্ পুরা বৈ ব্রহ্মণে যে স্মৃতী আহ ॥৩২

ইহ সংসৃতৌ অস্মিন্ সংসারে বিশ্বতঃ ভ্রমতঃ পুরুষস্য অতঃ অস্মাৎ অন্যঃ শিবঃ পন্থাঃ নহি বিদ্যতে।

তাহার পর যোগী ঘ্রাণেন্দ্রিয়কে অবলম্বন করত গন্ধতন্মাত্রক পাইয়া, রসনেন্দ্রিয়কে অবলম্বন পূর্ব্বক রসতন্মাত্রক পাইয়া, চক্ষুরিন্দ্রিয়কে অবলম্বন করত রূপতন্মাত্রকে পাইয়া, ত্বগিন্দ্রিয়কে অবলম্বন দ্বারা স্পর্শতন্মাত্রকে পাইয়া, শ্রবণেন্দ্রিয়কে অবলম্বন পূর্ব্বক শব্দতন্মাত্রকে পাইয়া এবং প্রাণকে অবলম্বন করত সমস্ত কর্ম্মকে পাইয়া থাকেন ॥২৯

যোগী সূক্ষ্ম ভূত ও ইন্দ্রিয়গণের লয়স্থান মনোময় অর্থাৎ তামস ও রাজস অহঙ্কারকে এবং দেবময় অর্থাৎ সাত্ত্বিক অহঙ্কারকে পাইয়া এইপ্রকার গমনদ্বারা অহঙ্কারের সহিত মহৎতত্ত্বকে প্রাপ্ত হন, তাহার পর যেখানে গুণসকলের লয় হয়, সেই প্রকৃতিতত্ত্বকে প্রাপ্ত হন ॥৩০

প্রকৃতি হইয়া তিনি আনন্দময় হন, আনন্দময় হইয়া উপাধিগুলির শেষ হইলে নির্ব্বিকার আনন্দস্বরূপ পরমাত্মাকে প্রাপ্ত হন, হে মহারাজ! যিনি এই ভগবদ্গতি প্রাপ্ত হন, তিনি আর জগতে আগমন করেন না ॥৩১

হে মহারাজ! সৃষ্টির প্রথমে ব্রহ্মার আরাধনায় সন্তুষ্ট হইয়া ভগবান্ নারায়ণ ব্রহ্মাকে যে দুইটি পথের কথা বলিয়াছিলেন, সেই এই দুইটি পথ অর্থাৎ উত্তরায়ণ পথ ও দক্ষিণায়ন পথ বেদে বলা হইয়াছে, তুমি এই

ভগবান্ সর্ব্বভূতেষু লক্ষিতঃ স্বাত্মনা হরিঃ।
দৃশ্যৈর্বুদ্ধ্যাদিভির্দ্রষ্টা লক্ষণৈরনুমাপকৈঃ ॥৩৫
তস্মাৎ সর্ব্বাত্মনা রাজন্ হরিঃ সর্ব্বত্র সর্ব্বদা।
শ্রোতব্যঃ কীর্ত্তিতব্যশ্চ স্মর্ত্তব্যো ভগবান্ নৃণাম্ ॥৩৬
পিবন্তি যে ভগবত আত্মনঃ সতাং
কথামৃতং শ্রবণপুটেষু সম্ভৃতম্।
পুনন্তি তে বিষয়বিদূষিতাশয়ং
ব্রজন্তি তচ্চরণসরোরুহান্তিকম্ ॥৩৭

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বিতীয়স্কন্ধে
দ্বিতীয়ঃ অধ্যায়ঃ ॥

যতঃ যস্মাদ্ ভগবতি বাসুদেবে পরা ভক্তিঃ ভবেৎ ॥৩৩

ভগবান্ ব্রহ্মা কূটস্থঃ একাগ্রচিত্তঃ সন্ ব্রহ্ম বেদং কার্ৎস্ন্যেন সাকল্যেন ত্রিঃ ত্রীন্ বারান্ অন্বীক্ষ্য বিচার্য্য তৎ ভক্তিযোগম্ অধ্যবস্যৎ নিশ্চিতবান্। যতঃ ভক্তিযোগাৎ আত্মন্ আত্মনি হরৌ রতিঃ ভবেৎ ॥৩৪

ভগবান্ হরিঃ সর্ব্বভূতেষু সর্ব্বপ্রাণিষু স্বাত্মনা ক্ষেত্রজ্ঞতয়া লক্ষিতঃ দৃষ্টঃ। দৃশ্যৈঃ বিষয়ৈঃ বুদ্ধ্যাদিভিঃ করণভূতৈঃ অনুমাপকৈঃ লক্ষণৈঃ দ্রষ্টা জীবঃ চ লক্ষিতঃ ॥৩৫

হে রাজন্! তস্মাৎ ভগবান্ হরিঃ সর্ব্বত্র সর্ব্বদা সর্ব্বাত্মনা নৃণাং মানবানাং শ্রোতব্যঃ কীর্ত্তিতব্যঃ স্মর্ত্তব্যঃ চ ॥৩৬

যে জনাঃ শ্রবণপুটেষু কর্ণেষু সম্ভৃতং সংগৃহীতং সতাম্ আত্মনঃ হরেঃ কথামৃতং পিবন্তি, তে বিষয়-বিদূষিতাশয়ং বিষয়ভোগেন কলুষিতম্ অন্তঃকরণং পুনন্তি, তচ্চরণসরোরুহান্তিকং বিষ্ণুপাদপদ্মং ব্রজন্তি ॥৩৭

ইতি দ্বিতীয়স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে
দ্বিতীয়ঃ অধ্যায়ঃ সমাপ্তঃ ॥

দুইটি পথের প্রশ্ন করিয়াছিলে এবং এই দুইটি পথ চিরদিনই আছে। এই পথ দুইটির কথা বলা হইল ॥৩২

সংসারে পুনঃ পুনঃ যাতায়াতকারী জীবের পক্ষে যে সাধনায় ভগবান্ বাসুদেবে ভক্তি হয়, তদ্ভিন্ন সুগমপথ ও নির্ব্বিঘ্ন পথ আর নাই ॥৩৩

ভগবান্ ব্রহ্মা স্থির হইয়া একাগ্রচিত্তে তিনবার সমগ্র বেদকে বিচার করিয়া যাহা হইতে ভগবানে রতি হয়, তাহাকেই উত্তম সাধনা বলিয়া সিদ্ধান্ত করিয়াছিলেন ॥৩৪

বুদ্ধি প্রভৃতি দৃশ্য বস্তুর দর্শন একজন দ্রষ্টা ব্যতীত হইতে পারে না, অতএব উহাদের দ্রষ্টা একজন আছেন বলিতে হইবে এবং বুদ্ধি প্রভৃতি কারণগুলি একজন কর্ত্তাদ্বারা পরিচালিত হয় বলিতে হইবে, কারণ কর্ত্তা ব্যতীত কারণগুলি কোন কার্য্য করিতে পারে না, এই দুইটি প্রমাণদ্বারা জীবাত্মার অস্তিত্ব বুঝিতে পারা যায় এবং তাহারও অন্তর্য্যামিরূপে ভগবান্ হরিকে সমস্ত প্রাণীতে দেখিতে পাওয়া যায় ॥৩৫

হে মহারাজ! সেইজন্য সমস্ত লোকেরই সকল অবস্থানে ও সকল সময়ে সর্ব্বতোভাবে ভগবান্ হরির কথা শ্রবণ করা উচিত, কীর্ত্তন করা উচিত ও স্মরণ করা উচিত ॥৩৬

যে সকল সৌভাগ্যশালী ব্যক্তি সজ্জনগণের আত্মার মত প্রিয় ভগবান্ হরির কথারূপ অমৃত কর্ণরূপ অঞ্জলি ভরিয়া সাগ্রহে পান করেন, তাঁহারা তাহা দ্বারাই বিষয় বাসনায় দূষিত হৃদয়কে পবিত্র করেন এবং তাঁহার পাদপদ্মের নিকটে গিয়া উপস্থিত হন ॥৩৭

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবত মহাপুরাণে দ্বিতীয় স্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীচারুকৃষ্ণদর্শনাচার্য্যকৃত বঙ্গভাষানুবাদসহিত
দ্বিতীয় অধ্যায় সমাপ্ত।

তৃতীয়ঃ অধ্যায়ঃ

[নানাবিধকামনাপূর্ত্তয়ে নানাদেবানামুপাসনাবর্ণনম্, শৌনকস্য প্রশ্নঃ, ভগবৎসেবাপরায়ণেন্দ্রিয়াণাং প্রশংসনঞ্চ ।]

শ্রীশুক উবাচ ।

এবমেতন্নিগদিতং পৃষ্টবান্ যদ্ ভবান্ মম ।
নৃণাং যদ্ম্রিয়মাণানাং মনুষ্যেষু মনীষিণাম্ ॥১
ব্রহ্মবর্চ্চসকামস্তু যজেত ব্রহ্মণঃ পতিম্ ।
ইন্দ্রমিন্দ্রিয়কামস্তু প্রজাকামঃ প্রজাপতীন্ ॥২
দেবীং মায়াস্তু শ্রীকামস্তেজস্কামো বিভাবসুম্ ।
বসুকামো বসূন্ রুদ্রান্ বীর্য্যকামোঽথ বীর্য্যবান্ ॥৩
অন্নাদ্যকামস্বদিতিং স্বর্গকামোঽদিতেঃ সুতান্ ।
বিশ্বান্ দেবান্ রাজ্যকামঃ সাধ্যান্
সংসাধকো বিশাম্ ॥৪
আয়ুষ্কামোঽশ্বিনৌ দেবৌ পুষ্টিকাম ইলাং যজেৎ ।
প্রতিষ্ঠাকামঃ পুরুষো রোদসী লোকমাতরৌ ॥৫
রূপাভিকামো গন্ধর্ব্বান্ স্ত্রীকামোঽপ্সর উর্ব্বশীম্ ।
আধিপত্যকামঃ সর্ব্বেষাং যজেত পরমেষ্ঠিনম্ ॥৬

শ্রীশুকঃ উবাচ—হে রাজন্ ! ভবান্ মম (মাং) যৎ পৃষ্টবান্, তৎ মনুষ্যেষু মনীষিণাং ম্রিয়মাণানাং নৃণাং যৎ (কৃত্যং) এতৎ এবং নিগদিতং কথিতম্ ॥১

তত্র ব্রহ্মবর্চ্চসকামঃ জনঃ ব্রহ্মণঃ বেদস্য পতিং (ব্রহ্মাণং), ইন্দ্রিয়কামঃ জনঃ ইন্দ্রং, প্রজাকামং প্রজাপতীন্ দক্ষাদীন্ যজেত ॥২

শ্রীকামঃ সন্ মায়াং দেবীং (দুর্গাং), তেজস্কামঃ বিভাবসুম্ (অগ্নিং), বসুকামঃ ধনার্থী বসূন্ তথা বীর্য্যবান্ বলবান্ বীর্য্যকামঃ প্রভাবাদিকামঃ সন্ রুদ্রান্ যজেত ॥৩

অন্নাদ্যকামঃ অদিতিং, স্বর্গকামঃ অদিতেঃ সুতান্ আদিত্যান্, রাজ্যকামঃ বিশ্বান্ দেবান্, বিশাং সংসাধকঃ কৃষ্যাদিকামঃ সাধ্যান্ ॥৪

তৃতীয় অধ্যায়

[বিভিন্ন কামনাপূর্ত্তির জন্য বিভিন্ন দেবতার উপাসনা বর্ণন, শৌনকের প্রশ্ন ও ভগবৎ-সেবাপরায়ণ ইন্দ্রিয়দিগের প্রশংসা ।]

শুকদেব বলিলেন,—হে মহারাজ ! তুমি আমাকে জিজ্ঞাসা করিয়াছিলে যে, মানুষের মধ্যে যাহার মৃত্যু নিকটবর্ত্তী, এইরূপ বিবেকী ব্যক্তির কর্ত্তব্য কি ? তাহার উত্তর এইরূপ দেওয়া হইল ।১

যিনি ব্রহ্মতেজ কামনা করেন, তিনি বেদের প্রচারক ব্রহ্মার উপাসনা করিবেন, যিনি ইন্দ্রিয়ের শক্তি কামনা করেন, তিনি ইন্দ্রের উপাসনা করিবেন, যিনি পুত্রকামনা করেন, তিনি কশ্যপপ্রভৃতি প্রজাপতিগণের উপাসনা করিবেন ।২

শরীরের সৌন্দর্য্য কামনা হইলে দুর্গাকে, তেজস্বী হইবার কামনা হইলে অগ্নিকে, অর্থের কামনা হইলে অষ্টবসুকে, প্রভুত্ব কামনা হইলে বলবান্ হইয়া রুদ্রদিগকে উপাসনা করিবেন ।৩

অন্ন প্রভৃতি খাদ্যবস্তুর কামনা হইলে আদিত্যকে, স্বর্গ কামনা হইলে দেবগণকে, রাজ্য কামনা হইলে সাধ্যগণকে উপাসনা করিবেন ।৪

দীর্ঘায়ু কামনা হইলে অশ্বিনীকুমারদ্বয়কে, শরীরের পোষণ কামনা হইলে পৃথিবীকে, স্বস্থানে প্রতিষ্ঠিত থাকার কামনা হইলে লোকমাতা স্বর্গ ও পৃথিবীকে উপাসনা করিবেন ।৫

অত্যন্ত লাবণ্য কামনা হইলে গন্ধর্ব্বগণকে, স্ত্রীকামনা

যজ্ঞং যজেদ্ যশস্কামঃ কোষকামঃ প্রচেতসম্।
বিদ্যাকামস্তু গিরিশং দাম্পত্যার্থ উমাং সতীম্ ॥৭
ধর্ম্মার্থ উত্তমঃশ্লোকং তন্তুং তন্বন্ পিতৃন্ যজেৎ।
রক্ষাকামঃ পুণ্যজনানোজস্কামো মরুদ্গণান্ ॥৮
রাজ্যকামো মনূন্ দেবান্ নির্ঋতিং ত্বভিচরন্ যজেৎ।
কামকামো যজেৎ সোমমকামঃ পুরুষং পরম্ ॥৯
অকামঃ সর্ব্বকামো বা মোক্ষকাম উদারধীঃ।
তীব্রেণ ভক্তিযোগেন যজেত পুরুষং পরম্ ॥১০
এতাবানেব যজতামিহ নিঃশ্রেয়সোদয়ঃ।
ভগবত্যচলো ভাবো যদ্ ভাগবতসঙ্গতঃ ॥১১
জ্ঞানং যদা প্রতিনিবৃত্তগুণোর্ম্মিচক্র-
মাত্মপ্রসাদ উত যত্র গুণেষ্বসঙ্গঃ।
কৈবল্যসম্মতপথস্ত্বথ ভক্তিযোগঃ
কো নির্ব্বৃতো হরিকথাসু রতিং ন কুর্য্যাৎ ॥১২

আয়ুষ্কামঃ অশ্বিনৌ দেবৌ অশ্বিনীকুমারৌ, পুষ্টিকামঃ ইলাং পৃথ্বীং, প্রতিষ্ঠাকামঃ পুরুষঃ লোকমাতরৌ রোদসী দ্যাবাপৃথিব্যৌ যজেত ॥৫

রূপাভিকামঃ সৌন্দর্য্যাভিলাষী গন্ধর্ব্বান্, স্ত্রীকামঃ অপ্সর-উর্ব্বশীং, সর্ব্বেষাম্ আধিপত্যকামঃ (জনঃ) পরমেষ্ঠিনং ব্রহ্মাণং যজেত ॥৬

যশস্কামঃ যজ্ঞং, কোষকামঃ প্রচেতসং বরুণং, বিদ্যাকামঃ গিরিশং শম্ভুং, দাম্পত্যার্থঃ উমাং সতীং যজেৎ ॥৭

ধর্ম্মার্থঃ ধর্ম্মকামঃ উত্তমঃশ্লোকং বিষ্ণুং, তন্তুং তন্বন্ পুত্রকামঃ পিতৃন্, রক্ষাকামঃ পুণ্যজনান্ যক্ষান্, ওজস্কামঃ মরুদ্গণান্ দেবান্ যজেৎ ॥৮

রাজ্যকামঃ মনূন্ দেবান্, অভিচরন্ শত্রুবধকামঃ নির্ঋতিং রাক্ষসং, কামকামঃ বিষয়কামঃ সোমম্, অকামঃ বৈরাগ্যকামঃ পরং পুরুষং প্রকৃত্যুপাধিকম্ ঈশ্বরং যজেৎ। অকামঃ সর্ব্বকামঃ বা মোক্ষকামঃ উদারধীঃ সুবুদ্ধিঃ জনঃ তীব্রেণ মুখ্যেন ভক্তিযোগেন পরং নিরুপাধিং পুরুষং পূর্ণং নারায়ণং যজেত ॥৯-১০

ইহ যজতাং জনানাং যৎ (দেবতান্তরভজনপুণ্যেন) ভাগবতসঙ্গতঃ সৎসঙ্গতঃ তথা ভগবতি অচলঃ ভাবঃ ভবেৎ। এতাবান্ এব নিঃশ্রেয়সোদয়ঃ পরমপুরুষার্থলাভঃ, অন্যৎ তুচ্ছম্ ॥১১

বিষয়েষু অসঙ্গঃ বিরক্তঃ স্যাৎ তথা কৈবল্যসম্মতপথঃ মুক্তিপ্রদঃ ভগবৎপ্রাপ্ত্যুপায়ঃ ভক্তিযোগঃ যতঃ ভবতি, কঃ খলু নির্বৃতঃ ভক্তিসুখে নিমগ্নঃ (জনঃ) তাসু হরিকথাসু রতিম্ আসক্তিং ন কুর্য্যাৎ ॥১২

হইলে উর্ব্বশী অপ্সরাকে, সকলের উপর আধিপত্য কামনা হইলে ব্রহ্মাকে উপাসনা করিবেন ।৬

যশের কামনা হইলে বিষ্ণুকে, অর্থসংগ্রহের কামনা হইলে বরুণকে, শাস্ত্রে বিদ্যার কামনা হইলে শিবকে, স্বামী-স্ত্রী সুখের কামনা হইলে ভগবতী দুর্গাকে উপাসনা করিবেন ।৭

ধর্ম্মকামনা হইলে ভগবান্ বিষ্ণুকে, বংশবৃদ্ধির কামনা হইলে পিতৃপুরুষগণকে, বাধানিবৃত্তির কামনা হইলে যক্ষগণকে, বলের কামনা হইলে বায়ুদিগকে উপাসনা করিবেন ।৮

রাজ্য কামনা হইলে মনুগণকে, শত্রুবধ কামনা হইলে রাক্ষসগণকে, ভোগ করার কামনা হইলে চন্দ্রকে, বৈরাগ্য কামনা হইলে ভগবান্‌কে উপাসনা করিবেন ।৯

যিনি একান্ত ভক্ত ও জগতের সমস্ত কামনাযুক্ত লোক এবং যিনি মোক্ষ কামনা করেন, এইরূপ উৎকৃষ্ট ব্যক্তি গভীর ভক্তিতে পরমপুরুষ ভগবান্‌কে উপাসনা করিবেন ।১০

যিনি যে কোন দেবতারই উপাসনা করেন, সেই উপাসনাদ্বারা ভগবদ্ভক্তগণের সঙ্গলাভ করিয়া যদি ভগবানে প্রগাঢ় ভক্তি জন্মে, তাহলেই এইটিই সর্ব্বোত্তম পুরুষার্থ লাভ হইল জানিবেন ।১১

যে হরিকথা শ্রবণ করিলে ভগবত্তত্ত্বের জ্ঞান হয়, যে তত্ত্বজ্ঞান হইলে সত্ত্বাদিগুণত্রয়ের তরঙ্গ রাগ দ্বেষ প্রভৃতি সমস্ত দোষই নষ্ট হইয়া যায়, তারপর চিত্তের প্রসন্নতা হয়, যে হরিকথা শ্রবণ করিলে ত্রিগুণের কার্য্য সমস্ত বিষয়ই বৈরাগ্য হয়, যে বৈরাগ্য মোক্ষলাভের

শৌনক উবাচ।

ইত্যভিব্যাহৃতং রাজা নিশম্য ভরতর্ষভঃ।
কিমন্যৎ পৃষ্টবান্ ভূয়ো বৈয়াসকিমৃষিং কবিম্ ॥১৩
এতচ্ছুশ্রূষতাং বিদ্বন্ সূত নোঽর্হসি ভাষিতুম্।
কথা হরিকথোদর্কাঃ সতাং স্যুঃ সদসি ধ্রুবম্ ॥১৪
স বৈ ভাগবতো রাজা পাণ্ডবেয়ো মহারথঃ।
বালঃ ক্রীড়নকৈঃ ক্রীড়ন্ কৃষ্ণক্রীড়াং য আদদে ॥১৫

বৈয়াসকিশ্চ ভগবান্ বাসুদেবপরায়ণঃ।
উরুগায়গুণোদারাঃ সতাং স্যুর্হি সমাগমে ॥১৬
আয়ুর্হরতি বৈ পুংসামুদ্যন্নস্তঞ্চ যন্নসৌ।
তস্যর্তে যৎ ক্ষণো নীত উত্তমঃশ্লোকবার্ত্তয়া ॥১৭
তরবঃ কিং ন জীবন্তি ভস্ত্রাঃ কিং ন শ্বসন্ত্যুত।
ন খাদন্তি ন মেহন্তি কিং গ্রামপশবোঽপরে ॥১৮

শৌনকঃ উবাচ—ভরতর্ষভঃ রাজা পরীক্ষিৎ ইতি অভিব্যাহৃতম্ উক্তম্ নিশম্য শ্রুত্বা ঋষিং ব্রহ্মনিষ্ঠং কবিং বেদজ্ঞং বৈয়াসিকং শুকং ভূয়ঃ অন্যৎ কিং পৃষ্টবান্ (তৎ বদ) ॥১৩

হে বিদ্বন্ সূত! শুশ্রূষতাং শ্রোতুকামানাং নঃ অস্মাকম্ এতৎ ভাষিতুং কথিতুম্ অর্হসি। যতঃ হরিকথোদর্কাঃ সতাং ভাগবতানাং সদসি সভায়াং ধ্রুবং নিশ্চিতং স্যুঃ ভবেয়ুঃ ॥১৪

সঃ বৈ মহারথঃ ভাগবতঃ পাণ্ডবেয়ঃ রাজা পরীক্ষিৎ বালঃ এব ক্রীড়নকৈঃ ক্রীড়ন্ এব (বালক্রীড়াভিঃ ক্রীড়ন্ ইতরঃ ক্রীড়াং বিহায় কৃষ্ণপূজাদিরূপাং) কৃষ্ণবিষয়কক্রীড়াং যঃ আদদে স্বীকৃতবান্ ॥১৫

কিঞ্চ ভগবান্ বৈয়াসকিঃ চ বাসুদেবপরায়ণঃ অতঃ সতাং পরীক্ষিৎশুকাদিনাং সমাগমে মিলনে উরুগায়গুণোদারাঃ শ্রীকৃষ্ণলীলাবর্ণিতকথাঃ স্যুঃ ॥১৬

অসৌ (সূর্য্যঃ) উদ্যন্ উদ্গচ্ছন্ অস্তং যন্ গচ্ছন্ উত্তমঃশ্লোকবার্ত্তয়া যৎক্ষণঃ নীতঃ, তস্য ঋতে তং ক্ষণং বিনা পুংসাম্ আয়ুঃ বৃথা হরতি ॥১৭

(নন্থ জীবনমেব আয়ুষঃ ফলং চেৎ তর্হি) তরবঃ বৃক্ষাঃ কি ন জীবন্তি, উত ভস্ত্রাঃ কিং ন শ্বসন্তি, গ্রামে অপরে পশবঃ ন খাদন্তি, ন মেহন্তি রত্যা সংযুজ্যন্তি ॥১৮

নিষ্ঠিষ্ট উপায়, তারপর ভগবানে গভীর ভক্তি হয়, অতএব কোন্ সুধী ব্যক্তি এমন হরিকথাতে অনুরাগ না করিবে? ১২

শৌনক বলিলেন,—ভরতবংশের কুলপ্রদীপ মহারাজ পরীক্ষিৎ শুকদেবের নিকট পূর্ব্বোক্ত সাধনসমূহের কথা শ্রবণ করিয়া সর্ব্বশাস্ত্রবিশারদ ও ব্রহ্মজ্ঞানে সমাহিত মহর্ষি শুকদেবকে পুনর্ব্বার আর কি জিজ্ঞাসা করিলেন? ১৩

হে বিদ্বন্ সূত! আমরা হরিকথা শ্রবণ করিতে ইচ্ছুক, তুমি আমাদের নিকট হরিকথা বল, সাধুদিগের সভাতে যে সকল সামাজিক কথাও হয়, সে সমস্তও পরিণামে হরিকথাতেই পর্য্যবসিত হয় ।১৪

পাণ্ডবদিগের কুলতিলক মহারথ ভগবানের পরম ভক্ত মহারাজ পরীক্ষিৎ বাল্যকালে খেলার ছলে কৃষ্ণ-সেবাবিষয়ক খেলাই করিতেন ।১৫

ভগবান্ শুকদেবও অত্যন্তই হরিপরায়ণ, অতএব এইরূপ মহাপুরুষদিগের সভাতে ভগবানের গুণাবলীর কথাই হইয়া থাকিবে ।১৬

যিনি ভগবৎকথার আলোচনায় সময় অতিবাহিত করেন, তাহার আয়ুই সার্থক, তদতিন্ন অন্য সকলের আয়ু প্রত্যহ সূর্য্যের উদয়ে ও অস্তগমনে বৃথা অতিবাহিত হয় ।১৭

বৃক্ষসকল কি জীবিত থাকে না? ভস্ত্রা অর্থাৎ কর্ম্মকারের অগ্নিতে বায়ুসঞ্চারের যন্ত্র কি নিঃশ্বাস-প্রশ্বাসের কাজ করে না? গ্রামের পশু কুকুর, বিড়াল প্রভৃতি কি আহার ও স্ত্রী সঙ্গ করেনা? অতএব মানুষ হইলে কেবল এই সকল কাজ করিলেই জীবন সার্থক হয় না ।১৮

শ্ববিড্‌বরাহোষ্ট্রখরৈঃ সংস্তুতঃ পুরুষঃ পশুঃ।
ন যৎকর্ণপথোপেতো জাতু নাম গদাগ্রজঃ ॥১৯

বিলে বতোরুক্রমবিক্রমান্ যে
ন শৃণ্বতঃ কর্ণপুটে নরস্য।
জিহ্বাসতী দার্দ্দুরিকেব সূত
ন চোপগায়ত্যুরুগায়গাথাঃ ॥২০

ভারঃ পরং পট্টকিরীটজুষ্ট-
মপ্যুত্তমাঙ্গং ন নমেন্মুকুন্দম্।
শাবৌ করৌ নো কুরুতঃ সপর্য্যাং
হরের্লসৎকাঞ্চনকঙ্কণৌ বা ॥২১

বর্হায়িতে তে নয়নে নরাণাং
লিঙ্গানি বিষ্ণোর্ন নিরীক্ষতো যে।
পাদৌ নৃণাং তৌ দ্রুমজন্মভাজৌ
ক্ষেত্রাণি নানুব্রজতো হরের্যৌ ॥২২

জীবঞ্ছবো ভাগবতাঙ্ঘ্রিরেণূন্
ন জাতু মর্ত্যোঽভিলভেত যস্তু।
শ্রীবিষ্ণুপদ্যা মনুজস্তুলস্যাঃ
শ্বসঞ্ছবো যস্তু ন বেদ গন্ধম্ ॥২৩

গদাগ্রজঃ শ্রীকৃষ্ণঃ নাম (নামমাত্রেণৈব) জাতু কদাচিৎ যৎ কর্ণোপথোপেতঃ যস্য শ্রবণগোচরঃ ন ভবতি, সঃ পুরুষঃ শ্ববিড্‌বরাহোষ্ট্রখরৈঃ (আত্মস্বরূপঃ) পশু ইতি সংস্তুতঃ আদৃতঃ ॥১৯

কিঞ্চ নরস্য যে কর্ণপুটে উরুক্রমবিক্রমান্ ন শৃণ্বতঃ বত (খেদে) তে বিলে এব; হে সূত! যঃ উরুগায়গাথাঃ ন উপগায়তি অসতী দার্দ্দুরিকা ইব সা জিহ্বা ॥২০

যৎ উত্তমাঙ্গং শিরঃ মুকুন্দং মুক্তিদাতারং ন নমেৎ, তৎ পট্টকিরীটজুষ্টং রাজমুকুটশোভিতম্ অপি পরং ভার এব। যৌ করৌ হরেঃ সপর্য্যাং পূজাং ন কুরুতঃ, (তৌ) লসৎকাঞ্চনকঙ্কণৌ স্বর্ণকঙ্কণভূষিতৌ বা শাবৌ শবসম্বন্ধিনৌ এব ॥২১

নরাণাং যে নয়নে বিষ্ণোঃ লিঙ্গানি মূর্ত্তীঃ ন নিরীক্ষতঃ, তে বর্হায়িতে ময়ূরপুচ্ছতুল্যে সংসারকণ্টকাকৃষ্টযোগ্যে এব। নৃণাং যৌ পাদৌ হরেঃ ক্ষেত্রাণি (যত্র সন্নিহিতো হরিস্তানি পুণ্যস্থানানি) ন অনুব্রজতঃ, তৌ দ্রুমজন্মভাজৌ এব ॥২২

যঃ তু মর্ত্ত্যঃ ভাগবতাঙ্ঘ্রিরেণূন্ ভক্তচরণধূলিং ন জাতু অভিলভেত অঙ্গেষু ন ধারয়েৎ, স জীবন্ অপি শবঃ প্রেতশরীরঃ এব। যঃ তু মনুজঃ শ্রীবিষ্ণুপদ্যাঃ শ্রীবিষ্ণুচরণলগ্নায়াঃ তুলস্যাঃ গন্ধং ন বেদ, সঃ শ্বসন্ প্রাণান্ ধারয়ন্ শবঃ মৃতকতুল্যঃ এব ॥২৩

যাহার কর্ণপথে ভগবৎ-কথা প্রবেশ করে না, সে ব্যক্তি ঘৃণিত অস্পৃশ্য কুকুরের মত, বিষ্ঠাভোজী শূকরের মত, কণ্টকভোজী উষ্ট্রের মত, ভারবাহী গাধার মত ॥১৯

যে কর্ণদ্বয় ভগবানের কথা শ্রবণ করে না, তাহা গর্ত্ত মাত্র; যে জিহ্বা ভগবানের গুণগ্রাম কীর্ত্তন করে না, সে জিহ্বা ভেকের জিহ্বাতুল্য ॥২০

যে মস্তক ভগবৎ-পাদপদ্মকে প্রণাম করে না, সে মস্তক মূল্যবান্ উষ্ণীষ্ ও মুকুটে উজ্জ্বল হইলেও কেবল ভারই হয়; যে হস্তদ্বয়ে ভগবানের পূজা করা না হয়, সে হস্তদ্বয় সোনার অলঙ্কারে সুশোভিত হইলেও মৃত ব্যক্তি হস্তের তুল্যই ॥২১

যে চক্ষু ভগবদ্‌বিগ্রহ দর্শন করে না, সে চক্ষু ময়ূরপুচ্ছের চক্ষুর মত ব্যর্থ; যে পদদ্বয় ভগবৎক্ষেত্রে গমন করে না, সে পদদ্বয় বৃক্ষের গুঁড়ির মত ব্যর্থ ॥২২

যে ব্যক্তি ভগবদ্-ভক্তের পদধূলি স্পর্শ করিতে ইচ্ছা না করে, সে ব্যক্তি জীবন্মৃত। যে ব্যক্তি ভগবচ্চরণে সমর্পিত তুলসীর গন্ধগ্রহণ করে না, সে ব্যক্তি নিশ্বাস-প্রশ্বাস গ্রহণ করিলেও মৃতব্যক্তিরই তুল্য ॥২৩

তদশ্মসারং হৃদয়ং বতেদং
যদ্‌গৃহ্যমাণৈর্হরিনামধেয়ৈঃ।
ন বিক্রিয়েতাথ যদা বিকারো
নেত্রে জলং গাত্ররুহেষু হর্ষঃ ॥২৪
তথাভিধেহ্যঙ্গ মনোঽনুকূলং
প্রভাষসে ভাগবতপ্রধানঃ।
যদাহ বৈয়াসকিরাত্মবিদ্যা-
বিশারদো নৃপতিং সাধু পৃষ্টঃ ॥২৫

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বিতীয়স্কন্ধে
তৃতীয়ঃ অধ্যায়ঃ ॥

তৎ হৃদয়ম্ অশ্মসারং লোহময়ঃ এব মন্যে, যৎ গৃহ্যমাণৈঃ হরিনামধেয়ৈঃ ন বিক্রিয়তে। (তস্য-লক্ষণম্ আহ) অথ যদা বিকারঃ ভবতি, তদা নেত্রে জলং গাত্ররুহেষু রোমসু হর্ষঃ উদ্গমঃ ভবতি ॥২৪

হে অঙ্গ! মনোঽনুকূলং প্রিয়ং প্রভাষসে ব্রূষে অথ আত্মবিদ্যাবিশারদঃ ভাগবতপ্রধানঃ বৈয়াসকিঃ শুকঃ (রাজ্ঞা) সাধু পৃষ্টঃ সম্যক্ জিজ্ঞাসিতঃ সন্ যৎ আহ, তৎ অভিধেহি কথয় ॥২৫

ইতি দ্বিতীয় স্কন্ধে শ্রীযুতগোস্বামিনাথশাস্ত্রিকৃতায়াং
তৃতীয়ঃ অধ্যায়ঃ ॥

বহুবার ভগবানের নাম কীর্ত্তন ও শ্রবণ করিয়াও যাহার চক্ষুতে জল ও রোমাঞ্চ প্রভৃতি গাত্র বিকার না হয়, তাহার হৃদয় প্রস্তরের সারের মত অত্যন্তই নিষ্ঠুর ॥২৪

হে সূত! তুমি অতি মনোরম কথাই বলিতেছ, এইবার ভক্তচূড়ামণি ব্রহ্মবিদ্যায় অভিজ্ঞ শুকদেব মহারাজ পরীক্ষিতের জিজ্ঞাসা শ্রবণ করিয়া যাহা বলিলেন, তাহাই কীর্ত্তন কর ॥২৫

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবত মহাপুরাণের দ্বিতীয় স্কন্ধে
শ্রীচারুকৃষ্ণ গোস্বামিআচার্য্যকৃত বঙ্গভাষানুবাদসহিত
তৃতীয় অধ্যায় সমাপ্ত।

চতুর্থঃ অধ্যায়ঃ

[সূতস্যোক্তিঃ, রাজ্ঞঃ সৃষ্টিবিষয়কঃ প্রশ্নঃ, শুকদেবস্য মঙ্গলাচরণপূর্ব্বকং শ্রীমদ্ভাগবতকথারম্ভশ্চ।]

সূত উবাচ।

বৈয়াসকেরিতি বচস্তত্ত্বনিশ্চয়মাত্মনঃ।
উপধার্য্য মতিং কৃষ্ণে ঔত্তরেয়ঃ সতীং ব্যধাৎ ॥১

আত্মজায়াগৃহাগার-পশুদ্রবিণবন্ধুষু।
রাজ্যে চাবিকলে নিত্যং নিরূঢ়াং মমতাং জহৌ ॥২

পপ্রচ্ছ চেমমেবার্থং যন্মাং পৃচ্ছথ সত্তমাঃ।
কৃষ্ণানুভাবশ্রবণে শ্রদ্দধানো মহামনাঃ ॥৩

সংস্থাং বিজ্ঞায় সন্ন্যস্য কর্ম্ম ত্রৈবর্গিকঞ্চ যৎ।
বাসুদেবে ভগবতি আত্মভাবং দৃঢ়ং গতঃ ॥৪

রাজোবাচ।

সমীচীনং বচো ব্রহ্মন্ সর্ব্বজ্ঞস্য তবানঘ।
তমো বিশীর্য্যতে মহ্যং হরেঃ কথয়তঃ কথাম্ ॥৫

ভূয় এব বিবিৎসামি ভগবানাত্মমায়য়া।
যথেদং সৃজতে বিশ্বং দুর্ব্বিভাব্যমধীশ্বরৈঃ ॥৬

সূতঃ উবাচ। ঔত্তরেয়ঃ উত্তরানন্দনঃ পরীক্ষিৎ আত্মনঃ তত্ত্বনিশ্চয়ম্ আত্মতত্ত্বনিয়ামকং বৈয়াসকেঃ শুকস্য ইতি এবং বচঃ উপধার্য্য নিশম্য কৃষ্ণে সতীং শুদ্ধাং মতিং ব্যধাৎ সমর্পয়ামাস ॥১

আত্মজায়াগৃহাগারপশুদ্রবিণবন্ধুষু দেহ-কলত্র-পুত্র-গৃহ-গজাদিকোষেষু অবিকলে নিরুপদ্রবে রাজ্যে চ নিত্যং নিরূঢ়াং মমতাম্ আসক্তিং জহৌ ত্যক্তবান্ ॥২

(তথা) কৃষ্ণানুভাবশ্রবণে শ্রদ্দধানঃ মহামনাঃ সঃ চ ইমম্ এব অর্থং পপ্রচ্ছ, যৎ সত্তমাঃ যূয়ং মাং পৃচ্ছথ ॥৩

(আত্মনঃ) সংস্থাং মৃত্যুং বিজ্ঞায় ত্রৈবর্গিকং ধর্ম্মার্থকামসাধকং যৎ চ কর্ম্ম, তৎ সংন্যস্য হিত্বা ভগবতি বাসুদেবে দৃঢ়ম্ আত্মভাবং প্রেমাণং গতঃ প্রাপ্তঃ ॥৪

রাজা উবাচ—হে অনঘ ব্রহ্মন্! হরেঃ কথাঃ কথয়তঃ কথিতুমারভমাণস্য সর্বজ্ঞস্য তব বচঃ সমীচীনং যুক্তিযুক্তম্ এব, যতঃ মহ্যং মমাপি তমঃ অজ্ঞানং বিশীর্য্যতে নশ্যতি ॥৫

অধীশ্বরৈঃ লোকপালাদিভিঃ অপি দুর্ব্বিভাব্যম্ অচিন্ত্যম্ ইদং বিশ্বং (বিভুঃ) ভগবান্ আত্মমায়য়া

চতুর্থ অধ্যায়

[সূতের উক্তি, রাজার সৃষ্টিবিষয়ক প্রশ্ন এবং শুকদেবের মঙ্গলাচরণপূর্ব্বক শ্রীমদ্ভাগবত কথা আরম্ভ।]

সূত বলিলেন,—উত্তরার পুত্র পরীক্ষিৎ শুকদেবকে আত্মার তত্ত্বনিশ্চয়জনক এই বাক্য শ্রবণ করিয়া শ্রীকৃষ্ণেই একনিষ্ঠ বুদ্ধি অর্থাৎ কেবল শ্রীকৃষ্ণেরই সেবা করা উচিত অন্যদেবতার নহে, এইরূপ মতি স্থির করিয়াছিলেন।১

তিনি স্ত্রী, পুত্র, দেহ, গৃহ, হস্তী, অশ্ব, ধন, রত্ন ও বন্ধুবর্গে এবং বিশাল রাজ্যে যে গভীর আসক্তি ছিল, সে সমস্তই ত্যাগ করিয়াছিলেন।২

হে মহাপুরুষগণ! আপনারা আমাকে যাহা জিজ্ঞাসা করিতেছেন, মহাত্মা পরীক্ষিৎ শ্রীকৃষ্ণের মহিমা শ্রবণ করিতে অত্যন্ত আগ্রহান্বিত হইয়া এই বিষয়ই জিজ্ঞাসা করিয়াছিলেন।৩

তিনি নিজের মৃত্যু নিকটবর্ত্তী জানিয়া ধর্ম্ম, অর্থ ও কাম এই ত্রিবর্গ প্রাপ্তির উপায় সকাম কর্ম্মসকল পরিত্যাগ করিয়া ভগবান্ শ্রীকৃষ্ণে গভীর অনুরাগযুক্ত হইয়াছিলেন।৪

পরীক্ষিৎ বলিলেন,—হে নিষ্পাপ ব্রহ্মন্! আপনি সর্ব্ববিদ্যাবিশারদ, সুতরাং আপনি হরিকথা বলিতে বলিতেই আমার অজ্ঞান দেহাত্মভ্রম নষ্ট হইয়া যাইতেছে, অতএব আপনার বাক্য অত্যন্ত সত্য।৫

যথা গোপায়তি বিভুর্যথা সংযচ্ছতে পুনঃ।
যাং যাং শক্তিমুপাশ্রিত্য পুরুশক্তিঃ পরঃ পুমান্।
আত্মানং ক্রীড়য়ন্ ক্রীড়ন্ করোতি বিকরোতি চ ॥৭
নূনং ভগবতো ব্রহ্মন্ হরেরদ্ভুতকর্ম্মণঃ।
দুর্বিভাব্যমিবাভাতি কবিভিশ্চাপি চেষ্টিতম্ ॥৮
যথা গুণাংস্তু প্রকৃতের্যুগপৎ ক্রমশোঽপি বা।
বিভর্তি ভূরিশস্ত্বেকঃ কুর্ব্বন্ কর্ম্মাণি জন্মভিঃ ॥৯
বিচিকিৎসিতমেতন্মে ব্রবীতু ভগবান্ যথা।
শাব্দে ব্রহ্মণি নিষ্ণাতঃ পরস্মিংশ্চ ভবান্ খলু ॥১০

সূত উবাচ।

ইত্যুপামন্ত্রিতো রাজ্ঞা গুণানুকথনে হরেঃ।
হৃষীকেশমনুস্মৃত্য প্রতিবক্তুং প্রচক্রমে ॥১১

শ্রীশুক উবাচ।

নমঃ পরস্মৈ পুরুষায় ভূয়সে
সদুদ্ভবস্থাননিরোধলীলয়া।

যথা সৃজতে, যথা গোপায়তি পালয়তি, যথা পুনঃ সংযচ্ছতে সংহরতে, তথা পুরুশক্তিঃ সর্ব্বশক্তিমান্ পরঃ পুমান্ পরমেশ্বরঃ যাং যাং শক্তিম্ উপাশ্রিতঃ আত্মানং ক্রীড়ন্ করোতি, ক্রীড়য়ন্ চ বিকরোতি (তৎসর্ব্বং) ভূয়ঃ এব বিবিৎসামি জ্ঞাতুম্ ইচ্ছামি ॥৬-৭

হে ব্রহ্মন্! অদ্ভুতকর্ম্মণঃ ভগবতঃ হরেঃ চেষ্টিতং নূনং কবিভিঃ চাপি দুর্বিভাব্যং দুর্জ্ঞেয়ম্ ইব আভাতি ॥৮

কিঞ্চ একঃ পরমাত্মা যুগপৎ (পুরুষরূপেণ) ক্রমশঃ (ব্রহ্মাস্তবতারৈঃ) জন্মভিঃ কর্ম্মাণি কুর্ব্বন্ প্রকৃতেঃ গুণান্ তু ভূরিশঃ বহুরূপঃ যথা বিভর্তি, তৎ মে বদ ॥৯

যথা ভগবান্ শ্রীকৃষ্ণঃ (তথা তদ্ভক্তঃ) ভবান্ খলু শাব্দে (বিচারপরে বেদে) পরস্মিন্ (অনুভবপরে) ব্রহ্মণি নিষ্ণাতঃ পারং গতঃ, অতঃ এতৎ বিচিকিৎসিতং সন্দিগ্ধং মে ব্রবীতু ॥১০

সূতঃ উবাচ। হরেঃ গুণানুকথনে রাজ্ঞা পরীক্ষিতা ইতি উপামন্ত্রিতঃ শুকঃ হৃষীকেশম্ অনুস্মৃত্য প্রতিবক্তুং প্রচক্রমে ॥১১

শ্রীশুকঃ উবাচ। সদুদ্ভবস্থাননিরোধলীলয়া প্রপঞ্চস্য উৎপত্ত্যাদৌ নিমিত্তীভূতলীলয়া গৃহীত-

---

ভগবান্ হরি নিজের মায়াশক্তি দ্বারা বড় বড় ঈশ্বরগণেরও দুর্ব্বোধ্য এই জগৎকে যে প্রকারে সৃষ্টি করেন, তাহা পুনরায় জানিতে ইচ্ছা করি ॥৬

অপরিমিত শক্তিশালী পরমেশ্বর যে যে শক্তিকে প্রকাশ করিয়া বিশ্বের রক্ষা করেন ও সংহার করেন, এবং নিজেকে ব্রহ্মাদি দেবতারূপে ক্রীড়া করাইয়া নানাবিধ সৃষ্টি করেন এবং নিজেও ক্রীড়া করিয়া সৃষ্টি করেন ॥৭

হে ব্রহ্মন্! ভগবান্ হরির কার্য্য অত্যন্ত আশ্চর্য্য, অতএব বড় বড় বিদ্বান্ ব্যক্তিগণের পক্ষেও তাঁহার লীলারহস্য অবগত হওয়া নিশ্চয় দুর্ব্বোধ্য বলিয়াই যেন মনে হয় ॥৮

তিনি একাকী থাকিয়াই পুরুষমূর্ত্তি হইয়া একসঙ্গে ব্রহ্মাদি দেবতারূপে বহু জন্মগ্রহণ করিয়া ক্রমে ক্রমে বহু কর্ম্ম করত যে প্রকারে প্রকৃতির গুণসকলকে গ্রহণ করেন, আমার এই সন্দেহকে নষ্ট করিয়া দিন অর্থাৎ ভগবানের সৃষ্টিলীলা প্রভৃতি সবিস্তারে কীর্ত্তন করুন, যেহেতু আপনি বেদাদি শাস্ত্রেও অভিজ্ঞ এবং ব্রহ্মতত্ত্বেও প্রত্যক্ষদর্শী ॥৯-১০

সূত বলিলেন,—এইপ্রকারে ভগবানের গুণাবলী বর্ণনা করিবার জন্য রাজা বিশেষভাবে অনুরোধ করিলে শুকদেব ভগবান্‌কে স্মরণ পূর্ব্বক উত্তর দিতে আরম্ভ করিলেন ॥১১

যিনি অপরিমিত মহিমাবলীতে পরিপূর্ণ এবং যিনি

গৃহীতশক্তিত্রিতয়ায় দেহিনা-
মন্তর্ভবায়ানুপলক্ষ্যবর্ত্মনে ॥১২
ভূয়ো নমঃ সদ্বৃজিনচ্ছিদেঽসতা-
মসম্ভবায়াখিলসত্ত্বমূর্ত্তয়ে।
পুংসাং পুনঃ পারমহংস্য আশ্রমে
ব্যবস্থিতানামনুমৃগ্যদাশুষে ॥১৩
নমো নমস্তেঽস্ত্বৃষভায় সাত্বতাং
বিদূরকাষ্ঠায় মুহুঃ কুযোগিনাম্।
নিরস্তসাম্যাতিশয়েন রাধসা
স্বধামনি ব্রহ্মণি রংস্যতে নমঃ ॥১৪
যৎকীর্তনং যৎস্মরণং যদীক্ষণং
যদ্বন্দনং যচ্ছ্রবণং যদর্হণম্।
লোকস্য সদ্যো বিধুনোতি কল্মষং
তস্মৈ সুভদ্রশ্রবসে নমো নমঃ ॥১৫
বিচক্ষণা যচ্চরণোপসাদনাৎ
সঙ্গং ব্যুদস্যোভয়তোঽন্তরাত্মনঃ।

শক্তিত্রয়ায় (তথাপি) দেহিনাম্ অন্তর্ভবায় সর্ব্বান্তর্ভূতায়অনুপলক্ষ্যবর্ত্মনে যোগিভিঃ অপি দুর্জ্ঞেয়ায়, ভূয়সে অপরিমিতমহিম্নে পরস্মৈ স্বয়ং ভগবতে পুরুষায় শ্রীকৃষ্ণায় নমঃ ॥১২

সদ্বৃজিনচ্ছিদে সাধূনাং দুঃখহন্ত্রে, অসতাং পাপিনাম্ অসম্ভবায় জন্মনিবারণায়, অখিলসত্ত্বমূর্ত্তয়ে পারমহংস্যে প্রত্যঙ্নিষ্ঠারূপে আশ্রমে ব্যবস্থিতানাং পুংসাম্ অনুমৃগ্যদাশুষে প্রার্থনীয়ব্রহ্মানন্দদাত্রে (ভগবতে) পুনঃ ভূয়ঃ নমঃ ॥১৩

সাত্বতাং সতাং যাদবানাম্ ঋষভায় পালকায় সঙ্কটচ্ছিদে কুযোগিনাং তদ্বহির্মুখং যোগনিষ্ঠানাং ভক্তিহীনানাং মুহুঃ সাতিশয়েন বিদূরকাষ্ঠায় দুর্ব্বিজ্ঞেয়ায় (তথাপি) নিরস্তসাম্যাতিশয়েন অতিশয়াদিদোষশূন্যেন রাধসা ঐশ্বর্য্যেণ স্বধামনি স্বস্বরূপে ব্রহ্মণি রংস্যতে রমমাণায় তে ভগবতে নমঃ অস্তু ॥১৪

যৎকীর্তনং যৎস্মরণং যদীক্ষণং যৎপ্রতিমাবলোকনং যদ্বন্দনং যচ্ছ্রবণং যদর্হণং পূজনং, লোকস্য কল্মষং সদ্যঃ তৎক্ষণমেব বিধুনোতি, তস্মৈ সুভদ্রশ্রবসে সুমঙ্গলকীর্ত্তয়ে নমঃ নমঃ ॥১৫

বিচক্ষণাঃ বিবেকিনঃ যচ্চরণোপসাদনাৎ যৎপাদসেবনাৎ অন্তরাত্মনঃ মনসঃ (বাহ্যাভ্যন্তরভেদেন)

পূর্ব্বে ছিল না যে জগৎ, সেই জগতের সৃষ্টি, স্থিতি ও প্রলয়রূপ লীলা করিবার জন্য ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর মূর্ত্তি গ্রহণ করিয়া রজঃ, সত্ত্ব ও তমোগুণযুক্ত হন, যিনি প্রাণীদিগের অন্তর্য্যামী, অতএব যাঁহার কার্য্য পদ্ধতি মহাপুরুষগণও বুঝিতে পারেন না, সেই পুরুষোত্তম ভগবান্‌কে প্রণাম করি ।১২

যিনি ধর্ম্মপরায়ণ সজ্জনগণের কর্ম্মবন্ধন ছেদন করেন ও দুর্জ্জনগণকেও মোক্ষদান করেন এবং যাঁহারা সন্ন্যাসাশ্রমে থাকিয়া যথাবিধি উপাসনা করেন, তাঁহারা সর্ব্বদা যে তত্ত্বের অনুসন্ধান করেন, তাঁহাদিগকে সেই আত্মতত্ত্ব দান করেন, বিশুদ্ধজ্ঞানঘনমূর্ত্তি সেই ভগবান্‌কে পুনঃ পুনঃ প্রণাম করি ।১৩

যিনি ভক্তগণকে প্রতিপালন করেন এবং যাঁহারা ভগবান্‌কে ভক্তি না করিয়া কেবল কঠোর সাধনা করেন সেইসকল ভ্রষ্ট সাধকগণ, যাঁহার নিকট হইতে বহুদূরে পড়িয়া থাকে অর্থাৎ যাঁহার একটুও স্পর্শ পায় না, সর্ব্বতোভাবে অতুলনীয় ঐশ্বর্য্যের প্রভাবে যিনি নিজের আনন্দময় স্বরূপে সর্ব্বদা বিহার করেন, সেই ভগবান্‌কে পুনঃ পুনঃ প্রণাম করি ।১৪

যাঁহার নাম রূপ, গুণ ও লীলাবলীর কীর্ত্তন শ্রবণ, স্মরণ, যাঁহার দিব্যমূর্ত্তির দর্শন, যাঁহার পরিচর্য্যা এবং যাঁহার চরণে প্রণিপাত, এইসকল অতি মহৎ কর্ম্ম সমস্ত লোকের নিখিল পাপকেই তৎক্ষণাৎ বিনষ্ট করিয়া দেয়, সদা যশোরাশিতে পরিপূর্ণ সেই ভগবান্‌কে

বিন্দন্তি হি ব্রহ্মগতিং গতক্লমা-
স্তস্মৈ সুভদ্রশ্রবসে নমো নমঃ ॥১৬
তপস্বিনো দানপরা যশস্বিনো
মনস্বিনো মন্ত্রবিদঃ সুমঙ্গলাঃ।
ক্ষেমং ন বিন্দন্তি বিনা যদর্পণং
তস্মৈ সুভদ্রশ্রবসে নমো নমঃ ॥১৭
কিরাতহূণান্ধ্রপুলিন্দপুক্কসা
আভীরশুম্ভা যবনাঃ খশাদয়ঃ।
যেঽন্যে চ পাপা যদুপাশ্রয়াশ্রয়াঃ
শুধ্যন্তি তস্মৈ প্রভবিষ্ণবে নমঃ ॥১৮
স এষ আত্মাত্মবতামধীশ্বর-
স্ত্রয়ীময়ো ধর্মময়স্তপোময়ঃ।
গতব্যলীকৈরজশঙ্করাদিভি-
র্বিতর্কলিঙ্গো ভগবান্ প্রসীদতাম্ ॥১৯
শ্রিয়ঃ পতির্যজ্ঞপতিঃ প্রজাপতি-
র্ধিয়াং পতির্লোকপতির্ধরাপতিঃ।

উভয়তঃ সঙ্গম আসক্তিং ব্যুদস্য ত্যক্ত্বা গতক্লমাঃ প্রয়াসরহিতাঃ সন্তঃ ব্রহ্মগতিং ব্রহ্মপদং হি বিন্দন্তি লভন্তে, তস্মৈ সুভদ্রশ্রবসে শুভমঙ্গলকীর্ত্তয়ে নমঃ নমঃ ॥১৬

তপস্বিনঃ জ্ঞানিনঃ দানপরাঃ কর্ম্মিণঃ যশস্বিনঃ তুলাপুরুষাদিদানাদিনা কর্ম্মবিশেষকর্ত্তারঃ মনস্বিনঃ মন্ত্রবিদঃ আগমীয়াঃ সুমঙ্গলাঃ সদাচারাঃ জনাঃ যদর্পণং যস্মিন্ পরমগুরৌ ভক্ত্যা আত্মসমর্পণং বিনা ক্ষেমং ন বিন্দন্তি, সুভদ্রশ্রবসে তস্মৈ নমো নমঃ ॥১৭

কিরাত-হূণান্ধ্র-পুক্কশাঃ আভীর-শুম্ভাঃ যবনাঃ

পুনঃ পুনঃ প্রণাম করি, ইহাদ্বারা বলা হইল ভক্তিই সমস্ত সাধনার শিরোমণি।১৫

যাঁহারা বিচারনিপুণ অর্থাৎ রীতিমত বিবেচনা করিয়া কাজ করেন, তাঁহারা যাঁহার চরণের একান্ত সেবায় আত্মনিয়োগ করায় ইহলোক ও পরলোকের ভোগবিলাসের সমস্ত আসক্তিই মন থেকে দূর করিয়া ফেলিয়া দিয়া বিনা পরিশ্রমেই স্বচ্ছন্দে ব্রহ্মপদ লাভ করেন; পরম মঙ্গলময় গুণরাশিতে পরিপূর্ণ সেই ভগবান্‌কে পুনঃ পুনঃ প্রণাম করি।১৬

যাঁহারা চান্দ্রায়ণ প্রাজাপত্য প্রভৃতি তপস্যা করেন, যাঁহারা স্বর্ণমেরু, অন্নমেরু প্রভৃতি দান করেন, যাঁহারা অশ্বমেধ রাজসূয় প্রভৃতি যজ্ঞ করেন, যাঁহারা সবীজ ও

নির্বীজ যোগ করেন, যাঁহারা তন্ত্রশাস্ত্রের মন্ত্র জপ করেন এবং যাঁহারা সদাচার পরায়ণ হন, এই সমস্ত বড় বড় উপাসকগণ যাঁহাতে কর্ম্ম অর্পণ না করিলে প্রকৃত কল্যাণ লাভ করেন না পরম মঙ্গলময় কীর্ত্তিশালী সেই ভগবান্‌কে পুনঃ পুনঃ প্রণাম করি।১৭

কিরাত, হূণ, অন্ধ্র, পুলিন্দ, পুক্কস, আভীর, শুম্ভ, যবন ও খশ প্রভৃতি জন্মাবধি পাপী, ব্যক্তিগণ এবং যাহারা কর্ম্মদোষে পাপী হইয়াছে তাহারাও যাঁহার আশ্রিত ভক্তগণের আশ্রিত হইয়া বিশুদ্ধ হয়, অত্যন্ত প্রভাবশালী সেই ভগবান্‌কে প্রণাম করি। অর্থাৎ এমনই অদ্ভুত প্রভাবশালী যে, মানুষ জন্মদোষে ও কর্ম্মদোষে যতই দোষী হউক ভগবানের প্রতি একান্ত ভক্তিমান্ হইলে তাহারাও নিষ্পাপ হইয়া সাধু হইয়া

পতির্গতিশ্চান্ধকবৃষ্ণিসাত্বতাং
প্রসীদতাং মে ভগবান্ সতাং পতিঃ ॥২০

যদজ্ঞাভিধ্যানসমাধিধৌতয়া
ধিয়ানুপশ্যন্তি হি তত্ত্বমাত্মনঃ।
বদন্তি চৈতৎ কবয়ো যথারুচং
স মে মুকুন্দো ভগবান্ প্রসীদতাম্ ॥২১

প্রচোদিতা যেন পুরা সরস্বতী
বিতন্বতাজস্য সতীং স্মৃতিং হৃদি।
স্বলক্ষণা প্রাদুরভূৎ কিলাস্যতঃ
স মে ঋষীণামৃষভঃ প্রসীদতাম্ ॥২২

যুধিষ্ঠির কর্ত্তৃক প্রেরিত হইয়া দুর্য্যোধনের সভায় যে সকল বাক্য বলিয়াছিলেন, তাহা ভীষ্মাদি পুরুষের কর্ণে অমৃত বর্ষণ করিয়াছিল, কিন্তু সে সমস্ত কথায় ক্ষীণপুণ্য রাজা ধৃতরাষ্ট্র কোনরূপ আদর প্রদর্শন করিলেন না; তখনও বিদুর গৃহত্যাগ করা উচিত মনে করিলেন। যখন অগ্রজ ধৃতরাষ্ট্র কর্ত্তৃক বিদুর মন্ত্রিগণের মধ্যে শ্রেষ্ঠ বলিয়া মন্ত্রণার নিমিত্ত আহূত হইয়া সভাগৃহে প্রবেশ করিলেন, তখন তিনি যাহা মন্ত্রণা দিলেন, তাহাকে মন্ত্রবিশারদগণ এখনও বিদুরবাক্য বলিয়া আখ্যা প্রদান করিয়া থাকেন। (তাহার মর্ম্ম এইরূপ)—হে মহারাজ! আপনার অপরাধ দুর্ব্বিষহ হইলেও অজাতশত্রু (যুধিষ্ঠির) তাহা সহ্য করিতেছেন, আপনি তাহাকে রাজ্যভাগ প্রদান করুন। এই অপরাধের জন্য ভীমরূপ সর্প নিজ ভ্রাতৃগণের সহিত ক্রোধে ফোঁস ফোঁস করিতেছে, আর আপনি সেই ভীমকে অতিশয় ভয় করিয়া থাকেন। (আপনার তাদৃশ বলশালী বহু পুত্র আছে বলিয়া গর্ব্ব করিবেন না। কেন না) যিনি দেব ও ব্রাহ্মণের সহিত সতত বর্ত্তমান, যিনি যদুশ্রেষ্ঠগণের পূজ্য, যিনি এক্ষণে নিজ পুরী দ্বারকাতেই অবস্থিত এবং যিনি সমস্ত রাজবর্গের বিজেতা, সেই ভগবান্ মুকুন্দ পাণ্ডবগণকে আত্মীয় বলিয়া গ্রহণ করিয়াছেন। (অতএব আপনি রাজ্যভাগ প্রদান করুন)। দুর্য্যোধন ইহাতে সম্মত নহে—একথা বলিলে আমিও উত্তরে বলি—দুর্য্যোধন

ইত্যুচিবাংস্তত্র সুযোধনেন
প্রবুদ্ধকোপস্ফুরিতাধরেণ।
অসৎকৃতঃ সৎস্পৃহণীয়শীলঃ
ক্ষত্তা সকর্ণানুজসৌবলেন ॥১৪

ক এনমত্রোপজুহাব জিহ্মং
দাস্যাঃ সুতং যদ্বলিনৈব পুষ্টঃ।
তস্মিন্ প্রতীপঃ পরকৃত্য আস্তে
নির্ব্বাস্যতামাশু পুরাচ্ছ্বসানঃ ॥১৫

স ইত্থমত্যুল্বণকর্ণবাণৈ-
র্ভ্রাতুঃ পুরো মর্ম্মসু তাড়িতোঽপি।
স্বয়ং ধনুর্দ্বার্যি নিধায় মায়াং
গতব্যথোঽযাদুরু মানয়ানঃ ॥১৬

স নির্গতঃ কৌরবপুণ্যলব্ধো
গঙ্গাহ্রদাৎ তীর্থপদঃ পদানি।
অন্বাক্রমৎ পুণ্যচিকীর্ষয়োর্ব্ব্যা-
মধিষ্ঠিতো যানি সহস্রমূর্ত্তিঃ ॥১৭

ইতি উচিবান্ সঃ সৎস্পৃহণীয়শীলঃ শ্রেষ্ঠজনাভিলষণীয়চরিত্রঃ ক্ষত্তা বিদুরঃ সকর্ণানুজসৌবলেন কর্ণ-দুঃশাসন-শকুনিসহিতেন (নিজনিন্দাবাদং শ্রুত্বা) প্রবুদ্ধকোপস্ফুরিতাধরেণ সুযোধনেন তত্র পিতৃসদনে অসৎকৃতঃ তিরস্কৃতঃ ॥১৪

দাস্যাঃ সুতঃ (স্বভাবতঃ) জিহ্মং কুটিলম্ এনং বিদুরম্ অত্র রাজসদসি কঃ উপজুহাব আহূতবান্। যদ্ যস্য অন্নেন এবঃ পুষ্টঃ জীবিতঃ তস্মিন্ স্বামিনি এব প্রতীপঃ প্রতিকূলঃ এষঃ পরকৃত্যে শত্রোঃ কার্যসাধনে আস্তে বর্ত্ততে। অতঃ শ্বসানঃ কেবলং জীবিতঃ এব পুরাৎ আশু নির্ব্বাস্যতাম্ নিষ্কাস্যতাম্ ॥১৫

মায়াম্ উরু বহু মানয়ানঃ সঃ বিদুরঃ ভ্রাতুঃ ধৃতরাষ্ট্রস্য পুরঃ অগ্রে অপি অত্যুল্বণ কর্ণবাণৈঃ অতিকঠোরপরুষবচনৈঃ মর্ম্মসু হৃদি তাড়িতঃ অপি গতব্যথঃ শোকরহিতঃ এব স্বারি ধনুঃ নিধায় স্বয়ং ততঃ অযাৎ গতবান্ ॥১৬

কৌরবপুণ্যলব্ধঃ কৌরবাণাং পুণ্যেন বর্দ্ধিতঃ সঃ বিদুরঃ গঙ্গাহ্রদাৎ হস্তিনাপুরাৎ নির্গতঃ সন্ সহস্রমূর্ত্তিঃ ভগবান্ (অনন্তমূর্ত্তিভিঃ) উর্ব্যাং যানি তীর্থানি অধিষ্ঠিতঃ, (বিদুরঃ) পুণ্যচিকীর্ষয়া তীর্থপদঃ ভগবতঃ তানি পাদানি ক্ষেত্রাণি অন্বাক্রমৎ পরিবব্রাম ॥১৭

মূর্ত্তিমান্ দোষস্বরূপ আপনার গৃহে প্রবিষ্ট হইয়া আছে। সে শ্রীকৃষ্ণদ্বেষী, আপনিও শ্রীহরিবিমুখ হইয়া তাহাকে অপত্যবোধে পোষণ করিতেছেন এবং লক্ষ্মীহীন হইতেছেন। (প্রকৃত পক্ষে সে অপত্য নহে ; অতএব কুলের মঙ্গলের নিমিত্ত ঐ অমঙ্গলটাকে শীঘ্র পরিত্যাগ করুন)। বিদুর এই কথা বলিলে সেখানে দুর্য্যোধন ক্রোধে কম্পিতাধর হইয়া কর্ণ, দুঃশাসন ও শকুনির সহিত একত্র মিলিয়া সেই সাধুগণের স্পৃহণীয়চরিত্র বিদুরকে তিরস্কার করিতে লাগিল,—'এই কুটিলস্বভাব দাসীপুত্র বিদুরকে কে এখানে ডাকিয়াছে—এ ব্যক্তি যাহার অন্নে পুষ্ট, তাহারই বিরোধী হইয়া শত্রুর শুভকার্য্যে নিযুক্ত আছে। ইহার সর্ব্বস্ব কাড়িয়া লইয়া প্রাণমাত্র অবশিষ্ট রাখিয়া ইহাকে এই পুরী হইতে দূর করিয়া দাও' ।৮-১৫

এইরূপে জ্যেষ্ঠ ভ্রাতা ধৃতরাষ্ট্রের সম্মুখে কর্ণধৃত প্রবিষ্ট তীক্ষ্ণবাণের ন্যায় কঠোর বাক্যের দ্বারা মর্ম্মাহত হইয়াও বিদুর ভগবানের বিশ্ববিমোহিনী বিচিত্র মায়াকেই প্রবল মনে করিয়া ব্যথাশূন্যহৃদয়ে পুরীর দ্বারদেশে ধনুর্ব্বাণ প্রভৃতি অস্ত্রশস্ত্র স্থাপন পূর্ব্বক দুর্য্যোধন-বিমুক্ত লোকের দ্বারা বধিষ্কৃত হইবার পূর্ব্বেই স্বয়ং স্বেচ্ছায় গৃহত্যাগ করিয়া চলিয়া গিয়াছিলেন ।১৬

অনন্তর কৌরবপুণ্যলব্ধ বিদুর হস্তিনাপুর হইতে বহির্গত হইয়া যে সকল তীর্থক্ষেত্রে ভগবানের ব্রহ্মাকুণ্ডাদি নানা মূর্ত্তি অধিষ্ঠিত আছেন, পুণ্যসঞ্চয়বাসনায়

পুরেষু পুণ্যোপবনাদ্রিকুঞ্জে-
ষপঙ্কতোয়েষু সরিৎসরঃসু।
অনন্তলিঙ্গৈঃ সমলঙ্কৃতেষু
চচার তীর্থায়তনেষ্বনন্যঃ ॥১৮
গাং পর্য্যটন্ মেধ্যবিবিক্তবৃত্তিঃ
সদাপ্লুতোঽধঃশয়নোঽবধূতঃ।
অলক্ষিতঃ স্বৈরবধূতবেশো
ব্রতানি চেরে হরিতোষণানি ॥১৯
ইত্থং ব্রজন্ ভারতমেব বর্ষং
কালেন যাবদ্ গতবান্ প্রভাসম্।
তাবচ্ছশাস ক্ষিতিমেকচক্রা-
মেকাতপত্রামজিতেন পার্থঃ ॥২০
তত্রাথ শুশ্রাব সুহৃদ্বিনষ্টিং
বনং যথা বেণুজবহ্নিসংশ্রয়ম্।
সংস্পর্দ্ধয়া দগ্ধমথানুশোচন্
সরস্বতীং প্রত্যগিয়ায় তূষ্ণীম্ ॥২১
তস্যাং ত্রিহোত্রোশনসো মনোশ্চ
পৃথোরথাগ্নেরসিতস্য বায়োঃ।
তীর্থং সুদাসস্য গবাং গুহস্য
যচ্ছ্রাদ্ধদেবস্য স আসিষেবে ॥২২

ততঃ অনন্ত একাকী এব পরেষু (অযোধ্যাদিষু) পুণ্যোপবনাদ্রিকুঞ্জেষু অপঙ্কতোয়েষু সরিৎসরঃসু তথা অনন্তলিঙ্গৈঃ ভগবৎ-মূর্ত্তিভিঃ সমলঙ্কৃতেষু তীর্থায়তনেষু চচার ॥১৮

মেধ্যবিবিক্তবৃত্তিঃ (পরিবৃত্তিভিঃ অসংমিলিতয়া পবিত্রজীবিকয়া জীবিতঃ) সদাপ্লুতঃ তীর্থস্নায়ী অধঃশয়নঃ ভূতলশায়ী অবধূতঃ অসংস্কৃতদেহঃ অবধূত-বেশঃ বল্কলধারী স্বৈঃ আত্মীয়ৈঃ অলক্ষিতঃ এব হরিতোষণাদিব্রতানি চেরে আচরিতবান্ ॥১৯

ইত্থং (সঃ) ভারতম্ এব বর্ষং ব্রজন্ যাবৎ-কালেন প্রভাসং গতবান্, তাবৎ অজিতেন শ্রীকৃষ্ণেন সহায়েন পার্থঃ যুধিষ্ঠিরঃ এব একচক্রাম্ একাতপত্রাং ক্ষিতিং শশাস ॥২০

তত্র প্রভাসে বেণুজবহ্নিসংশ্রয়ং (পরস্পর-সংঘর্ষণাৎ বেণুষু উদ্ভূতঃ বহ্নিঃ তেন) যথা বনং দগ্ধং ভবতি, তথা সংস্পর্দ্ধয়া পরস্পরকলহেন সুহৃদ্বিনষ্টিং শুশ্রাব। অথ তান্ অনুশোচন্ তূষ্ণীম্ এব সরস্বতীং প্রত্যক্ (উদগমাভিমুখং) ইয়ায় গতবান্ ॥২১

সঃ বিদুরঃ তস্যাং সরস্বত্যাং ততঃ ক্রমেণ ত্রিহস্য উশনসঃ মনোঃ পৃথোঃ অথ অগ্নেঃ অসিতস্য বায়োঃ

তথায় তথায় গমন করিলেন। যে সকল নগর, উপবন, পর্ব্বত ও কুঞ্জ পরম পবিত্র; যে যে নদী ও সরোবর পঙ্কহীন-নির্ম্মল-জলযুক্ত এবং যে যে তীর্থ ও ক্ষেত্র ভগবানের মূর্ত্তি দ্বারা সুশোভিত, সেই সেই স্থানে বিদুর একাকী ভ্রমণ করিতে লাগিলেন। পৃথিবীভ্রমণ-কালে তিনি হরিতোষণব্রত সকল আচরণ করেন; তখন তাঁহার জীবনোপায় পবিত্র এবং অসঙ্কীর্ণ ছিল। তিনি প্রতি তীর্থেই স্নান করিতেন, ভূতলে শয়ন করিতেন, দেহের কোনও সংস্কার করিতেন না, বল্কল পরিধান করিতেন। আত্মীয়—স্বজন কেহই তাঁহাকে চিনিতে পারিত না। এইরূপে ভারতবর্ষ ভ্রমণ করিতে করিতে তিনি যখন প্রভাসতীর্থে গিয়া উপস্থিত হইলেন, তখন কৃষ্ণের সাহায্যে যুধিষ্ঠির এই ক্ষিতিকে একচক্রা (একসেনা) এবং একচ্ছত্রা করিয়া শাসন আরম্ভ করিয়াছেন। বাঁশে বাঁশে ঘর্ষণ দ্বারা উৎপন্ন অগ্নি যেমন বনকে দগ্ধ করে, সেইরূপ পরস্পর স্পর্দ্ধাবেতু সুহৃৎ কুরুপাণ্ডবগণ বিনাশ প্রাপ্ত হইয়াছেন শ্রবণ করিয়া বিদুর মৌনভাব অবলম্বন-পূর্ব্বক শোকসন্তপ্তহৃদয়ে পশ্চিমাভিমুখে সরস্বতী-নদীর তীরে গিয়া উহার উত্তরস্রোতাভিমুখে গমন করিলেন ।১৭-২১

তথায় বিদুর ত্রিত, উশনা, মনু, পৃথু, অগ্নি, অসিত,

অন্যানি চেহ দ্বিজদেবদেবৈঃ
কৃতানি নানায়তনানি বিষ্ণোঃ।
প্রত্যঙ্গমুখ্যাঙ্কিতমন্দিরাণি
যদ্দর্শনাৎ কৃষ্ণমনুস্মরন্তি ॥২৩
ততস্ত্বতিব্রজ্য সুরাষ্ট্রমৃদ্ধং
সৌবীরমৎস্যান্ কুরুজাঙ্গলাংশ্চ।
কালেন যাবদ্ যমুনামুপেত্য
তত্রোদ্ধবং ভাগবতং দদর্শ ॥২৪
স বাসুদেবানুচরং প্রশান্তং
বৃহস্পতেঃ প্রাক্তনয়ং প্রতীতম্।
আলিঙ্গ্য গাঢ়ং প্রণয়েন ভদ্রং
স্বানামপৃচ্ছদ্ভগবৎপ্রজানাম্ ॥২৫
কচ্চিৎ পুরাণৌ পুরুষৌ স্বনাভ্য-
পাদ্মানুবৃত্ত্যেহ কিলাবতীর্ণৌ।
আসাত উর্ব্ব্যাঃ কুশলং বিধায়
কৃতক্ষণৌ কুশলং শূরগেহে ॥২৬
কচ্চিৎ কুরূণাং পরমঃ সুহৃদ্বো
ভামঃ স আস্তে সুখমঙ্গ শৌরিঃ।
যো বৈ স্বসৃণাং পিতৃবদ্দদাতি
বরান্ বদান্যো বরতর্পণেন ॥২৭

সুদাসস্য গবাং গুহস্য (তথা) শ্রাদ্ধদেবস্য চ যৎ তীর্থং (তৎ তৎ নামভিঃ বিখ্যাতং) ততঃ ক্রমেণ আসিষেবে সম্যক্ সেবিতবান্ ॥২২

যদ্দর্শনাৎ কৃষ্ণম্ অনুস্মরন্তি তানি চ অন্যানি ইহ দ্বিজদেবৈঃ ঋষিভিঃ দেবৈশ্চ কৃতানি নির্দ্দিষ্টানি বিষ্ণোঃ নানায়তনানি ক্ষেত্রাণি, তথা প্রত্যঙ্গমুখ্যাঙ্কিতমন্দিরাণি চক্রাঙ্কিতদেবসদনানি সঃ আসেবিতবান্ ॥২৩

ততঃ তু ঋদ্ধং সর্ব্বসম্পৎপূর্ণং সুরাষ্ট্রং সৌবীর-মৎস্যান্ কুরুজাঙ্গলান্ চ অতিব্রজ্য অতিক্রম্য যাবৎ কালেন যমুনাম্ উপেত্য তত্র ভাগবতম্ উদ্ধবং দদর্শ ॥২৪

সঃ বিদুরঃ বৃহস্পতেঃ প্রতীতঃ বিখ্যাতং প্রাক্তনয়ং পূর্ব্বশিষ্যং বাসুদেবানুচরং কৃষ্ণানুগতং প্রশান্তম্ উদ্ধবং প্রণয়েন গাঢ়ম্ আলিঙ্গ্য ভগবৎপ্রজানাং শ্রীকৃষ্ণস্য পোষ্যাণাং স্বানাং জ্ঞাতীনাং ভদ্রং কুশলম্ অপৃচ্ছৎ ॥২৫

হে উদ্ধব! স্বনাভ্যপাদ্মানুবৃত্ত্যা কমলযোনেঃ ব্রহ্মণঃ প্রার্থনয়া কিল অবতীর্ণৌ কৃতক্ষণৌ জগতাং মঙ্গলস্বরূপৌ পুরুষৌ রাম-কৃষ্ণৌ উর্ব্ব্যাঃ পৃথিব্যাঃ কুশলং বিধায় ভারম্ অপনুদ্য শূরগেহে বাসুদেবগৃহে কুশলং কিম্ আসাতে বর্ত্ততে ॥২৬

হে অঙ্গ প্রিয়! যঃ বদান্যঃ অতি উদারঃ, বর-তর্পণেন পতীনাং সন্তোষেণ পিতৃবৎ স্বসৃণাং ভগিনীনাং

যাদু, সুদাস, গো, গুহ ও শ্রাদ্ধদেব ইঁহাদের এই একাদশ তীর্থক্ষেত্রে স্নান-দানাদি দ্বারা সেবা করেন। অন্যান্য যে সকল মন্দির—দেবতা এবং ঋষিগণ কর্ত্তৃক নির্ম্মিত ও যাঁহাদের শিখরদেশ চক্র এবং স্বর্ণ কুম্ভাদি দ্বারা চিহ্নিত, সেইরূপ মন্দিরময় বিষ্ণুক্ষেত্রসমূহ বিদুর সেবা করিলেন, সেই সকল তীর্থ, মন্দির এবং ক্ষেত্র দেখিলে শ্রীকৃষ্ণকে স্মরণ হয়। তদনন্তর সমৃদ্ধ সুরাষ্ট্রদেশ, সৌবীরদেশ, মৎস্যদেশ ও কুরুজাঙ্গলদেশ অতিক্রম করিয়া বিদুর যমুনাতীরে উপনীত হইলেন। তথায় তাঁহার ভগবদ্ভক্ত উদ্ধবের সহিত সাক্ষাৎ হয়। এই উদ্ধব বাসুদেবের অনুচর, প্রশান্তমূর্ত্তি, নীতিশাস্ত্রে বৃহস্পতির প্রখ্যাত পূর্ব্বশিষ্য। বিদুর তাঁহাকে প্রণয়সহকারে গাঢ় আলিঙ্গন করিয়া শ্রীকৃষ্ণের প্রতিপাল্য বান্ধবগণের এবং কুরুপাণ্ডব প্রভৃতি জ্ঞাতিগণের কুশলবার্ত্তা জিজ্ঞাসা করিলেন,—'ব্রহ্মার প্রার্থনায় পৃথিবীতে অবতীর্ণ, পুরাণপুরুষ সেই কৃষ্ণ, বলরাম পৃথিবীর কুশল বিধান করিয়া—অবসর প্রাপ্ত হইয়া এখন বসুদেব-গৃহে মঙ্গলে আছেন ত? যিনি কুরুকুলের পরম সুহৃৎ, যিনি ভগিনীগণকে পিতৃবৎ অভিলষিত অর্থদান এবং ভগিনীপতি সন্তোষদান করেন, সেই পূজনীয় বসুদেব

কচ্চিদ্ বরূথাধিপতির্যদূনাং
প্রদ্যুম্ন আস্তে সুখমঙ্গ বীরঃ।
যং রুক্মিণী ভগবতোঽভিলেভে
আরাধ্য বিপ্রান্ স্মরমাদিসর্গে ॥২৮
কচ্চিৎ সুখং সাত্বতবৃষ্ণিভোজ-
দাশার্হকাণামধিপঃ স আস্তে।
যমভ্যষিঞ্চচ্ছতপত্রনেত্রো
নৃপাসনাশাং পরিহৃত্য দূরাৎ ॥২৯
কচ্চিদ্ধরেঃ সৌম্য সুতঃ সমৃক্ষ
আস্তেঽগ্রণী রথিনাং সাধু সাম্বঃ।
অসূত যং জাম্ববতী ব্রতাঢ্যা
দেবং গুহং যোঽম্বিকয়া ধৃতোঽগ্রে ॥৩০
ক্ষেমং স কচ্চিদ্ যুযুধান আস্তে
যঃ ফাল্গুনাল্লব্ধধনূরহস্যঃ।
লেভেঽঞ্জসাধোক্ষজসেবয়ৈব
গতিং তদীয়াং যতিভির্দুরাপাম্ ॥৩১
কচ্চিদ্ বুধঃ স্বস্ত্যনমীব আস্তে
শ্বফল্কপুত্রো ভগবৎপ্রপন্নঃ।
যঃ কৃষ্ণপাদাঙ্কিতমার্গপাংশু-
ষচেষ্টত প্রেমবিভিন্নধৈর্য্যঃ ॥৩২

বরান্ দদাতি সঃ কৃতাণাং পরমঃ সুহৃৎ নঃ অস্মাকং ভামঃ পূজ্যঃ ভগিনীপতিঃ শৌরিঃ বাসুদেবঃ কচ্চিৎ সুখম্ আস্তে ॥২৭

অঙ্গ! রুক্মিণী বিপ্রান্ আরাধ্য (তৎপ্রসাদেন) ভগবতঃ সকাশাৎ আদিসর্গে পূর্ব্বজন্মনি সন্তং যং স্মরং কামদেবম্ অভিলেভে পুত্রত্বেন লব্ধবতী, সঃ যদূনাং বরূথাধিপতিঃ সেনানীঃ বীরঃ প্রদ্যুম্নঃ সুখম্ আস্তে কচ্চিৎ ॥২৮

নৃপাসনাশাং রাজ্যাভিলাষং পরিহৃত্য ত্যক্ত্বা জীবিতাশয়া দূরাৎ (পলায়িতঃ) যম্ উগ্রসেনম্, শতপত্রনেত্রঃ পদ্মপলাশলোচনঃ শ্রীকৃষ্ণঃ অভ্যষিঞ্চৎ রাজাসনে আরোহয়ৎ, সঃ সাত্বতবৃষ্ণিভোজদাশার্হ-কাণাম্ অধিপঃ উগ্রসেনঃ সুখম্ আস্তে কচ্চিৎ ॥২৯

সৌম্য! অম্বিকয়া ভবান্যা অগ্রে পূর্ব্বজন্মনি যঃ (কার্ত্তিকেয়ঃ গর্ভে) ধৃতঃ, যং দেবং গুহং ব্রতাঢ্যা দেবাদিপূজন-তৎপরা জাম্ববতী (কৃষ্ণপত্নী) অসূত সুষুবে, রথিনাম্ অগ্রণীঃ নায়কঃ হরেঃ কৃষ্ণস্য পুত্রঃ সমৃক্ষঃ তুল্যরূপঃ সঃ সাম্বঃ কচ্চিৎ সাধু সুখম্ আস্তে ॥৩০

ফাল্গুনাৎ অর্জ্জুনাৎ লব্ধধনূরহস্যঃ (লব্ধং ধনুষঃ রহস্যং বিদ্যা যেন) যঃ যুযুধানঃ সাত্যকিঃ অধোক্ষজ-সেবয়া কৃষ্ণারাধনেন এব যতিভিঃ দুরাপাং দুর্লভাং তদীয়াং ভগবতীং গতিং বৃত্তিং লেভে, সঃ কচ্চিৎ ক্ষেমং সুখম্ আস্তে ॥৩১

যঃ প্রেমবিভিন্নধৈর্য্যঃ (কংসেন কৃষ্ণানয়নার্থং প্রেরিতঃ প্রেম্ণা ধৈর্য্যচ্যুতঃ সন্ নন্দগ্রামপ্রদেশে)

সুখে আছেন ত? যিনি পূর্ব্বজন্মে কন্দর্প ছিলেন এবং রুক্মিণী ব্রাহ্মণগণের আরাধনা দ্বারা শ্রীকৃষ্ণ হইতে যাঁহাকে পুত্ররূপে লাভ করেন, সেই যদুকুলের সেনাপতি মহাবীর, প্রদ্যুম্ন ভাল আছেন ত? যিনি স্বরাজ্যাভিলাষ পরিত্যাগ করিয়া প্রাণভয়ে অবস্থিতি করিতেন এবং যিনি এখন পদ্মপলাশলোচন শ্রীকৃষ্ণের প্রভাবে স্বরাজ্যে অভিষিক্ত হইয়াছেন, সেই সাত্বত-বৃষ্ণিভোজদশার্হদিগের অধিপতি উগ্রসেন সুখে

আছেন ত? পূর্ব্বজন্মে যিনি ভগবতী অম্বিকার গর্ভে কার্ত্তিকেয়রূপে জন্মগ্রহণ করিয়াছিলেন, যিনি ইহজন্মে ব্রতপরায়ণা জাম্ববতীর উদরে উৎপন্ন হইয়াছেন, শ্রীকৃষ্ণের অনুরূপ নন্দন রথিশ্রেষ্ঠ সেই সাম্ব সুখে আছেন ত? যিনি অর্জ্জুনের নিকট ধনুর্বিদ্যার রহস্য শিক্ষা করিয়াছেন এবং যিনি শ্রীকৃষ্ণের সেবা করিয়া যোগীদের দুর্জ্ঞেয় শ্রীকৃষ্ণতত্ত্ব জ্ঞাত হইয়াছেন, সেই সাত্যকি কুশলে আছেন ত? যিনি জ্ঞানী, নিষ্পাপ এবং ভগবানের

কচ্চিচ্ছিবং দেবকভোজপুত্র্যা
বিষ্ণুপ্রজায়া ইব দেবমাতুঃ।
যা বৈ স্বগর্ভেণ দধার দেবং
ত্রয়ী যথা যজ্ঞবিতানমর্থম্ ॥৩৩
অপিস্বিদাস্তে ভগবান্ সুখং বো
যঃ সাত্বতাং কামদুঘোঽনিরুদ্ধঃ।
যমামনন্তি স্ম হি শব্দযোনিং
মনোময়ং সত্ত্বতুরীয়তত্ত্বম্ ॥৩৪

অপিস্বিদন্তে চ নিজাস্ত্রদৈব-
মনন্যবৃত্ত্যা সমনুব্রতা যে।
হৃদীকসত্যাত্মজচারুদেষ্ণ-
গদাদয়ঃ স্বস্তি চরন্তি সৌম্য ॥৩৫
অপি স্বদোর্ভ্যাং বিজয়াচ্যুতাভ্যাং
ধর্ম্মেণ ধর্ম্মঃ পরিপাতি সেতুম্।
দুর্য্যোধনোঽতপ্যত যৎসভায়াং
সাম্রাজ্যলক্ষ্ম্যা বিজয়ানুবৃত্ত্যা ॥৩৬

কৃষ্ণপাদাঙ্কিতমার্গপাংশুষু অচেষ্টত অলুঠৎ ভগবৎ-প্রপন্নঃ কৃষ্ণশরণঃ অনমীবঃ নিষ্পাপঃ বুধঃ বিদ্বান্ স্বকস্তপুত্রঃ অক্রূরঃ কচ্চিৎ স্বস্তি সুখম্ আস্তে ॥৩২

ত্রয়ী (ঋগ্-যজুঃ-সামরূপা) যথা যজ্ঞবিতানম্ অর্থং প্রকাশয়তি, তদ্বৎ স্বগর্ভেণ যা দেবং বিষ্ণুং দধার জনয়ামাস, দেবমাতুঃ অদিতেঃ ইব বিষ্ণুপ্রজায়াঃ কৃষ্ণজনন্যাঃ দেবকভোজপুত্র্যাঃ ভোজবংশীয়দেবকস্য কন্যায়াঃ দেবক্যাঃ কচ্চিৎ শিবং মঙ্গলম্ আস্তে ॥৩৩

সত্ত্বতুরীয়তত্ত্বং শুদ্ধসত্ত্বাত্মকস্য চতুর্ব্যূহস্য বা চিত্তাহঙ্কারবুদ্ধিমনসাং তুরীয়তত্ত্বং চতুর্থভাগং মনোময়ং মনসঃ প্রবর্তকম্ (ইতি যং বেদাঃ) আমনন্তি বর্ণয়ন্তি, সঃ সাত্বতাং ভক্তানাং কামদুঘঃ কামপূরকঃ ভগবান্ অনিরুদ্ধঃ অপি স্বিৎ সুখম্ আস্তে ॥৩৪

হে সৌম্য! অনন্যবৃত্ত্যা একান্তভক্তিভাবেন নিজাস্ত্রদৈবং দেহাদিজীবরূপর্য্যন্তানাং দৈবং শ্রীকৃষ্ণং সমনুব্রতাঃ চ সম্যক্ অনুগতাঃ যে চ অন্যে হৃদীক-সত্যাত্মজচারুদেষ্ণগদাদয়ঃ অপি স্বিৎ স্বস্তি সুখং চরন্তি বিহরন্তি ॥৩৫

যৎসভায়াং যস্য সভায়াং সাম্রাজ্যশ্রিয়া বিজয়ানুবৃত্ত্যা জয়পরম্পরয়া দুর্য্যোধনঃ (ঐশ্বর্য্যং দৃষ্ট্বা) অতপ্যত ঈর্ষ্যাগ্নিতো বভূব, সঃ ধর্ম্মঃ যুধিষ্ঠিরঃ স্বদোর্ভ্যাং স্ববাহুবৎ বর্তমানাভ্যাং বিজয়াচ্যুতাভ্যাং কৃষ্ণার্জ্জুনাভ্যাং ধর্ম্মেণ ন্যায়তঃ সেতুং ধর্ম্ম-মর্য্যাদাম্ অপি পরিপাতি রক্ষতি কিম্ ॥৩৬

শরণাপন্ন, যিনি প্রেম দ্বারা অধীন হইয়া শ্রীকৃষ্ণের চরণাঙ্কিত পথের ধূলির উপরে লুণ্ঠিত হইয়াছিলেন, সেই স্বকস্তপুত্র অক্রূর সুখে আছেন ত? ঋক্-যজুঃ-সামবেদ নিজগর্ভে যেরূপ যজ্ঞবিস্তাররূপ অর্থকে প্রকাশকরূপে ধারণ করেন, সেই প্রকার যে দেবকী শ্রীকৃষ্ণকে গর্ভে ধারণ করিয়াছিলেন, সেই কৃষ্ণমাতা দেবকী বিষ্ণুমাতা অদিতির ন্যায় কুশলে আছেন ত? বেদ যাঁহাকে শব্দের কারণ বলিয়া নির্দ্দেশ করিয়া থাকেন, যিনি মনের প্রবর্ত্তক, যিনি চতুর্ব্যূহ (চিত্ত, অহঙ্কার, বুদ্ধি, ও মনঃ) অন্তঃকরণের মধ্যে মনের অধিষ্ঠাত্রী দেবতা এবং ভক্তগণের কামনাপূরক সেই ভগবান্ অনিরুদ্ধ সুখে আছেন ত? যাঁহারা আত্মার দেবতা-স্বরূপ শ্রীকৃষ্ণকে সম্যগ্‌রূপে একান্তভাবে অনুসরণ করিয়া থাকেন, তাঁহাদের কুশল ত? হৃদীক, সত্যভামার পুত্র চারুদেষ্ণ এবং গদ প্রভৃতি সকলে সুখে আছেন ত? ২২-৩৫

জয়পরম্পরাসহ সাম্রাজ্যলক্ষ্মী দেখিয়া দুর্য্যোধন যাঁহার সভাতে অতিশয় সন্তপ্ত হইয়াছিল, সেই ধার্ম্মিক যুধিষ্ঠির স্বীয় বাহুযুগ-সদৃশ অর্জ্জুন এবং শ্রীকৃষ্ণের সহিত ধর্ম্ম দ্বারা ধর্ম্মমর্য্যাদা রক্ষা করিতেছেন ত? যিনি রণভূমে গমন করিয়া গদার বিচিত্র পথে বিচরণ করিতে থাকিলে, যাঁহার চরণভার রণভূমি সহ্য করিতে

কিংবা কৃতাবেষমত্যমর্ষী
ভীমোঽহিবদ্দীর্ঘতমং ব্যমুঞ্চৎ।
যস্ত্রাঙ্ঘ্রিপাতং রণভূর্ন সেহে
মার্গং গদায়াশ্চরতো বিচিত্রম্ ॥৩৭

কচ্চিদ্ যশোধা রথযূথপানাং
গাণ্ডীবধন্বোপরতারিরাস্তে।
অলক্ষিতো যচ্ছরকূটগূঢ়ো
মায়াকিরাতো গিরিশস্তুতোষ ॥৩৮

যমাবুতস্বিৎ তনয়ৌ পৃথায়াঃ
পার্শ্বৈর্ন্নতৌ পক্ষ্মভিরক্ষিণীব।
রেমাত উদ্যায় মৃধে স্বরিক্থং
পরাৎ সুপর্ণাবিব বজ্রিবক্ত্রাৎ ॥৩৯

অহো পৃথাপি ধ্রিয়তেঽর্ভকার্থে
রাজর্ষিবর্য্যেণ বিনাপি তেন।
যস্ত্বেকবীরোঽধিরথো বিজিগ্যে
ধনুর্দ্বিতীয়ঃ ককুভশ্চতস্রঃ ॥৪০

সৌম্যানুশোচে তমধঃপতন্তং
ভ্রাত্রে পরেতায় বিদুষ্টহে যঃ।

গদায়াঃ (গদাযুক্তস্য) বিচিত্রং মার্গং চরতঃ যস্য ভীমস্য অঙ্ঘ্রিপাতং পাদভরং রণভূঃ রণভূমিঃ ন সেহে, কৃতাপরাধেষু কুরুষু অত্যমর্ষী ভীমঃ অহিবৎ দীর্ঘতমং বহুকালসঞ্চিতম্ অঘং কিং ব্যমুঞ্চৎ ত্যক্তবান্ ন বা ॥৩৭

মায়াকিরাতঃ মায়য়া কিরাতরূপধারী গিরিশঃ যচ্ছরকূটগূঢ়ঃ যস্য অর্জ্জুনস্য শরজালেন আচ্ছন্নঃ অতএব অলক্ষিতঃ অদৃশ্যঃ সন্ তুতোষ পরিতোষং প্রাপ, সঃ রথযূথপানাং রথিনাং যূথপতীনাং যশোধা কীর্ত্তিধারী উপরতারিঃ বিগতশত্রুঃ গাণ্ডীবধন্বা অর্জ্জুনঃ কচ্চিৎ সুখম্ আস্তে ॥৩৮

পক্ষ্মভিঃ রক্ষিতে অক্ষিণী ইব পার্শ্বৈঃ যুধিষ্ঠিরাদিভিঃ বৃতৌ রক্ষিতৌ পৃথায়াঃ কুন্ত্যাঃ (মাদ্র্যাঃ বা) এব তনয়ৌ বজ্রিবক্ত্রাৎ ইন্দ্রমুখাৎ (নীতম্ অমৃতং) সুপর্ণৌ গরুড়ৌ ইব পরাৎ দুর্য্যোধনাৎ স্বরিক্থং স্বীয়ং রাজ্যং মৃধে যুদ্ধে উদ্ধায় উদ্ধৃত্য, রমেতে নকুলসহদেবৌ উত স্বিৎ রেমাতে কিম্ ॥৩৯

যঃ ধনুর্দ্বিতীয়ঃ ধনুঃ এব দ্বিতীয়ঃ সহায়ো যস্য অতএব একঃ একাকী অধিরথঃ বীরঃ পাণ্ডুঃ চতস্রঃ ককুভঃ দিশঃ (তত্রত্য রাজ্ঞঃ) বিজিগ্যে পরাজিতবান্, তেন রাজর্ষিবর্য্যেণ বিনা অপি (কেবলম্) অর্ভকার্থে (যুধিষ্ঠিরাদিপুত্রপালনার্থম্ এব) অহো পৃথা কুন্তী অপি ধ্রিয়তে জীবতি (ইতি অহো আশ্চর্য্যং তস্যাঃ কুশলং কিং পৃচ্ছামি ইতি) ॥৪০

হে সৌম্য! পরেতায় মৃতায় ভ্রাত্রে পাণ্ডবে (তৎপুত্রদ্রোহেণ) যঃ বিদুষ্টহে দ্রোহং

পায়ে না, সর্পসদৃশ রোষপরবশ সেই ভীম অপরাধকারী কুরুগণের প্রতি তাঁহার চিরচিন্তিত বিষস্বরূপ ক্রোধ ত্যাগ করিয়াছেন ত? মায়া দ্বারা কিরাতবেশী মহাদেব প্রচ্ছন্নরূপে থাকিয়া যাঁহার শরসমূহে আচ্ছন্ন হইয়া পরিতোষ লাভ করেন, রথযূথপতিগণের মধ্যে যিনি কীর্ত্তিশালী, সেই গাণ্ডীবধন্বা অর্জ্জুন শত্রুশূন্য হইয়া সুখে আছেন ত? পক্ষ্মরাজি দ্বারা রক্ষিত চক্ষু দুইটির ন্যায় পৃথাপুত্র যুধিষ্ঠিরাদি কর্ত্তৃক যাঁহারা রক্ষিত এবং গরুড় যেমন ইন্দ্রমুখ হইতে সুধা আহরণ করিয়াছিলেন, সেইরূপ যাঁহারা শত্রু দুর্য্যোধন হইতে রাজ্য আচ্ছিন্ন করিয়াছেন, সেই মাদ্রীতনয় নকুল-সহদেব সুখে আছেন ত? কেবলমাত্র সহায় করিয়া যিনি চারিদিক্ জয় করিয়াছেন, সেই অদ্বিতীয় বীর রাজর্ষিশ্রেষ্ঠ পাণ্ডু ব্যতীত কুন্তীর প্রাণধারণই আশ্চর্য্য! কেবল সন্তানপালন পালনের জন্য তিনি জীবিতা আছেন। অহো! তবে কুন্তীর আর কুশল কি জিজ্ঞাসা করিব? হে সৌম্য

নির্ঘাপিতো যেন সুহৃৎ স্বপুর্য্যা
অহং স্বপুত্রান্ সমনুব্রতেন ॥৪১

সোঽহং হরের্মর্ত্যবিড়ম্বনেন
দৃশো নৃণাং চালয়তো বিধাতুঃ।

নান্যোপলক্ষ্যঃ পদবীং প্রসাদা-
চ্চরামি পশ্যন্ গতবিস্ময়োঽত্র ॥৪২

নূনং নৃপাণাং ত্রিমদোৎপথানাং
মহীং মুহুশ্চালয়তাং চমূভিঃ।

বধাৎ প্রপন্নার্তিজিহীর্ষয়েশো-
ঽপ্যুপৈক্ষতাঘং ভগবান্ কুরূণাম্ ॥৪৩

অজস্য জন্মোৎপথনাশনায়
কর্ম্মাণ্যকর্ত্তুর্গ্রহণায় পুংসাম্।

কৃতবান্, তম্ অধঃ (নরকে) পতন্তং ধৃতরাষ্ট্রম্ অহম্ অনুশোচে শোচামি (ন কেবলং তৎ) স্বপুত্রান্ দুর্য্যোধনাদীন্ সমনুব্রতেন অনুবর্ত্তমানেন তেন অহং সুহৃৎ অপি স্বপুর্য্যাঃ নির্ঘাপিতঃ নির্ব্বাসিতঃ ॥৪১

মর্ত্যবিড়ম্বনেন মায়য়া মনুষ্যানুকরণেন নৃণাং দৃশঃ চিত্তবৃত্তীঃ চালয়তঃ ভ্রাময়তঃ বিধাতুঃ হরেঃ প্রসাদাৎ এব তৎপদবীং মাহাত্ম্যং পশ্যন্ গতবিস্ময়ঃ গতসন্দেহঃ সঃ নির্ব্বাসিত অহং নান্যোপলক্ষ্যঃ গূঢ়ঃ সন্ অত্র চরামি সুখং বিচরামি ॥৪২

চমূভিঃ সেনাভিঃ মহীং মুহুঃ চালয়তাং ত্রিমদোৎপথানাং ত্রিভিঃ বিদ্যাধনাভিজাত্যজনিতৈঃ মদৈঃ অভিমানৈঃ উৎপথানাং উন্মত্তানাম্ নৃপাণাং হেতোঃ নূনং নিশ্চিতং প্রপন্নার্তিজিহীর্ষয়া শরণাগতজনানাং দুঃখনাশেচ্ছয়া ঈশঃ সর্বসমর্থঃ ভগবান্ শ্রীকৃষ্ণঃ কুরূণাম্ অঘম্ অপি উপৈক্ষত (পাপাচরণকালে এব ন জঘান ইতি) ॥৪৩

উৎপথনাশনায় দুষ্টনিগ্রহায় অজস্য জন্মাদিরহিতস্য জন্ম বহুষু আবির্ভাবঃ তথা পুংসাং গ্রহণায় কর্ম্মসু

উদ্ধব! ধৃতরাষ্ট্র মৃত ভ্রাতা পাণ্ডুর অহিতাচরণ করিয়াছেন; আমি তাঁহার সুহৃদ্ ও জীবিত ভ্রাতা; কিন্তু দুষ্ট পুত্রের বশীভূত হইয়া তিনি আমাকে নিজ গৃহ হইতে নির্ব্বাসিত করিয়া দিয়াছেন, সেই অধোগামী ধৃতরাষ্ট্রের জন্য আমার অনুশোচনা হইতেছে।৩৬-৪১

হে সখে! (আমি অত্যন্ত দুঃখ এবং বিস্ময় প্রাপ্ত হইয়াছি—এইরূপ মনে করিও না)। যে ভগবান্ শ্রীকৃষ্ণ মনুষ্যলীলার অনুকরণ করিয়া (আপন ঐশ্বর্য্য আচ্ছাদনপূর্ব্বক) মানবচিত্তে ভ্রম জন্মাইতেছেন, আমি তাঁহার প্রসাদে তদীয় মাহাত্ম্য-উপলব্ধি গুরুর অনুগ্রহে অন্যের অলক্ষিতভাবে এই ক্ষিতিতলে বিস্ময় ও দুঃখরহিত হইয়া ভ্রমণ করিতেছি। (পুনঃ পুনঃ অপরাধকারী দুর্ব্বৃত্ত কৌরবগণকে সেই লীলাময় শ্রীকৃষ্ণ প্রথম অপরাধেই নিগৃহীত করিলেন না কেন, তদুত্তরে বলিতেছেন)। যে সকল নৃপতি ধন, জন ও বিদ্যা এই তিন মদ দ্বারা মত্ত এবং উৎপথগামী হইয়া সেনাদ্বারা মুহুর্মুহুঃ পৃথিবীকে পীড়িতা করিতেছে, তাহাদের সকলকে এককালে বিনাশ করিবার নিমিত্ত, যুধিষ্ঠিরাদি শরণাগত জনের দুঃখহরণ বাসনায় ভগবান্ শ্রীকৃষ্ণ কৌরবদিগের প্রথম অপরাধেই তাহাদিগকে নিগৃহীত করিতে সমর্থ হইলেও তাহাদের অপরাধ তখন উপেক্ষা করিয়াছিলেন। যদি অপরাধকালেই প্রতিফল দিতেন, তবে তখন দুর্য্যোধনাদির সহিত অন্যান্য দুষ্টের বধ হইত না। হে উদ্ধব! উৎপথগামীদের বিনাশের জন্য জন্মরহিত শ্রীভগবানের জন্ম, জীব সকলের কর্ম্মে প্রবৃত্তি জন্মাইবার জন্য কর্ম্মরহিত শ্রীভগবানের কর্ম্ম। যদি ভগবান্ পূর্ব্বোক্ত কারণ ভিন্ন জন্ম এবং কর্ম্ম কেন স্বীকার করিবেন? অন্য কেহ কি গুণাতীত হইয়া দেহযোগ ও কর্ম্ম স্বীকার করিয়া থাকেন? হে সখে!

নন্বস্তথা কোঽর্হতি দেহযোগং
পরো গুণানামুত কর্মতন্ত্রম্ ॥৪৪
তস্য প্রপন্নাখিললোকপানা-
মবস্থিতানামনুশাসনে স্বে।

প্রত্যুত্তরে অকর্তুঃ ঈশস্য কর্মাণি, নন্বু অন্যথা গুণানাং পরঃ গুণাতীতঃ কঃ (অন্যঃ পার্ষদঃ জীবঃ বা) উত কর্মতন্ত্রং কর্মাধীনং দেহযোগম্ অর্হতি ॥৪৪

অতঃ হে সখে! প্রপন্নাখিললোকপানাং শরণাগতদেবাদীনাং স্বে স্বকীয়ে অনুশাসনে অব-

অর্থায় জাতস্য যদূত্তমস্য
বার্তাং সখে কীর্তয় তীর্থকীর্তেঃ ॥৪৫
ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে প্রথমঃ অধ্যায়ঃ ॥

স্থিতানাং জনানাম্ অর্থায় প্রয়োজনায় যদূষু জাতস্য তীর্থকীর্তেঃ শ্রবণমঙ্গলস্য তস্য অজস্য শ্রীকৃষ্ণস্য বার্তাং সংবাদং হে সখে। কীর্তয় কথয় ॥৪৫

ইতি তৃতীয়স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতানুবাদে
প্রথমঃ অধ্যায়ঃ ॥

শরণাগত অখিল লোকপালের এবং নিজ শাসনে অবস্থিত ভক্তজনের প্রয়োজন সাধনের নিমিত্ত জন্মরহিত হইয়াও ভগবান্ যদুকুলে জন্মগ্রহণ করিয়াছেন। সেই অচিন্ত্য যাঁহাবিনোদ ভগবানের কথা কীর্তন কর; যাহাতে সংসার হইতে নিস্তার লাভ হইতে পারে ॥৪২-৪৫

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের তৃতীয় স্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশ্রীজীবন্যায়তীর্থকৃত বঙ্গভাষানুবাদসহিত
প্রথম অধ্যায় সমাপ্ত।

দ্বিতীয়ঃ অধ্যায়ঃ

[উদ্ধবস্য ভগবতো বাল্যচরিত্রবর্ণনম্ ।]

শ্রীশুক উবাচ ।

ইতি ভাগবতঃ পৃষ্টঃ ক্ষত্রা বার্তাং প্রিয়াশ্রয়াম্ ।
প্রতিবক্তুং ন চোৎসেহে ঔৎকণ্ঠ্যাৎ স্মারিতেশ্বরঃ ॥১
যঃ পঞ্চহায়নো মাত্রা প্রাতরাশায় যাচিতঃ ।
তন্নৈচ্ছদ্রচয়ন্ যস্য সপর্য্যাং বাললীলয়া ॥২

শ্রীশুকঃ উবাচ । ভাগবতঃ ভগবদ্ভক্তঃ উদ্ধবঃ ক্ষত্রা বিদুরেণ ইতি পৃষ্টঃ (তথা) স্মারিতেশ্বরঃ লব্ধ-ভগবদ্ভাবঃ সন্ প্রিয়াশ্রয়াং (প্রিয়ঃ শ্রীকৃষ্ণঃ আশ্রয়ঃ বিষয়ো যস্যাঃ) তাং বার্তাং প্রতিবক্তুং বর্ণয়িতুম্ ঔৎকণ্ঠ্যাৎ ন উৎসেহে ন ক্ষমঃ অভূৎ ॥১

যস্য পাঞ্চালিকারূপত্বেন কল্পিতস্য কৃষ্ণস্য সপর্য্যাং (কল্পিতোপচারৈঃ) পরিচর্য্যাং বাললীলয়া রচয়ন্ (স্বিতঃ) পঞ্চহায়নঃ পঞ্চবর্ষঃ (অপি) যঃ মাত্রা প্রাতরাশায় প্রাতর্ভোজনায় যাচিতঃ আদ্রিতঃ অপি (মে ভগবৎপূজনং ন সমাপিতম্ ইতি তৎ ভোজনম্ অপি) ন ঐচ্ছৎ ॥২

স কথং সেবয়া তস্য কালেন জরসং গতঃ ।
পৃষ্টো বার্তাং প্রতিব্রূয়াদ্ভর্তুঃ পাদাবনুস্মরন্ ।৩
স মুহূর্তমভূৎ তূষ্ণীং কৃষ্ণাঙ্ঘ্রিসুধয়া ভৃশম্ ।
তীব্রেণ ভক্তিযোগেন নিমগ্নঃ সাধু নির্বৃতঃ ॥৪
পুলকোদ্ভিন্নসর্ব্বাঙ্গো মুকবন্মীলদীক্ষণঃ ।

ইদানীং তস্য (নবজলধরশ্যামমোহনমূর্ত্যা আবির্ভূতস্য) কৃষ্ণস্য (প্রকৃতয়া) সেবয়া কালেন (যৌবনম্ আরভ্য কালক্রমেণ) জরসং বৃদ্ধত্বং গতঃ, সঃ বার্তাং পৃষ্টঃ (অপি) ভর্তুঃ পাদৌ অনুস্মরন্ মনসা ধারয়ন্ কথং প্রত্যুত্তরং বদেৎ ॥৩

সঃ উদ্ধবঃ কৃষ্ণাঙ্ঘ্রিসুধয়া সাধু (যথা স্যাৎ তথা) নির্বৃতঃ (সম্যগানন্দং প্রাপ্তঃ তস্যাম্ এব) তীব্রেণ ভক্তিযোগেন ভৃশং নিমগ্নঃ সন্ মুহূর্তং ঘটিকাদ্বয়ং তূষ্ণীম্ অভূৎ ॥৪

(তদা) তেন বিদুরেণ সঃ পুলকোদ্ভিন্নসর্ব্বাঙ্গঃ রোমাঞ্চিতকলেবরঃ স্নেহপ্রসরসংপ্লুতঃ প্রেমগলিত-

দ্বিতীয় অধ্যায়

[উদ্ধব কর্ত্তৃক ভগবানের বাল্য চরিত্র-বর্ণন ।]

শুকদেব বলিলেন,—'হে রাজন্ ! বিদুর ভগবদ্ভক্ত উদ্ধবকে এইরূপ প্রিয়বার্ত্তা জিজ্ঞাসা করিলে, পরম বৈষ্ণব উদ্ধব ঈশ্বরস্মরণহেতু উৎকণ্ঠার আধিক্যবশতঃ উত্তর দানে সমর্থ হইলেন না। যে উদ্ধব পাঁচ বৎসর বয়সে বাল্যলীলায় শ্রীকৃষ্ণের কল্পিতমূর্ত্তিতে উপহার দ্বারা পূজা করিতেন, সে সময়ে জননী প্রাতঃকালীন ভোজন করিতে ডাকিলেও ভোজনে ইচ্ছা করিতেন না ; সেই উদ্ধব কৃষ্ণসেবা দ্বারা কালে বৃদ্ধত্ব প্রাপ্ত হইয়া আজ কৃষ্ণপাদদ্বয় স্মরণ করত বিদুরের প্রশ্নে কেমন করিয়া উত্তর দান করিবেন ? তখন উদ্ধব কৃষ্ণপাদপদ্মসুধায় নিমগ্ন এবং তীব্র ভক্তিযোগ দ্বারা সুখী হইয়া মুহূর্ত্তকাল নীরব রহিলেন। পুলকে তাঁহার সর্ব্বাঙ্গ কণ্টকিত হইল। নিমীলিত নয়নদ্বয় হইতে শোকাশ্রু পতিত হইতে লাগিল। তিনি ভগবৎ-স্নেহ-প্রবাহে আপ্লুত হইলেন। তখন বিদুর তাঁহাকে যেন কৃতার্থ দেখিতে পাইলেন। উদ্ধব ক্রমশঃ ভগবৎলোক হইতে আত্মলোকে পুনরাগত হইলেন এবং চক্ষুর্দ্বয় মার্জ্জনা-

পূর্ণার্থো লক্ষিতস্তেন স্নেহপ্রসরসংপ্লুতঃ ॥৫
শনকৈর্ভগবল্লোকান্নৃলোকং পুনরাগতঃ।
বিমুক্ত্য নেত্রে বিদুরং প্রীত্যাহোদ্ধব উৎস্মরন্ ॥৬

শ্রীউদ্ধব উবাচ

কৃষ্ণদ্যুমণি নিম্লোচে গীর্ণেষ্বজগরেণ হ।
কিং নু নঃ কুশলং ব্রূয়াং গতশ্রীষু গৃহেষ্বহম্ ॥৭
দুর্ভগো বত লোকোঽয়ং যদবো নিতরামপি।
যে সংবসন্তো ন বিদুর্হরিং মীনা ইবোডুপম্ ॥৮
ইঙ্গিতজ্ঞাঃ পুরুপ্রৌঢ়া একারামাশ্চ সাত্বতাঃ।
সাত্বতামৃষভং সর্বে ভৃতাবাসমমংসত ॥৯
দেবস্য মায়য়া স্পৃষ্টা যে চান্যদসদাশ্রিতাঃ।
ভ্রাম্যতে ধীর্ন তদ্বাক্যৈরাত্মন্যুপ্তাত্মনো হরৌ ॥১০
প্রদর্শ্যাতপ্ততপসামবিতৃপ্তদৃশাং নৃণাম্।
আদায়ান্তরধাদ্ যস্তু স্ববিম্বং লোকলোচনম্ ॥১১

হৃদয়ঃ মীলদ্দৃশা ঈষন্মীলিতলোচনাভ্যাং শুচঃ অশ্রূণি মুঞ্চন্ বিসৃজন্ পূর্ণার্থঃ কৃতার্থঃ ইব লক্ষিতঃ ॥৫

ততঃ উদ্ধবঃ ভগবল্লোকাৎ শনকৈঃ নৃলোকং পুনঃ আগতঃ (দেহানুসন্ধানং প্রাপ্তঃ) সন্ ইব নেত্রে বিমুক্ত্য প্রীত্যা আনন্দেন উৎস্মরন্ ভগবল্লীলাচাতুর্য্য-স্মরণেন বিস্ময়ং প্রাপ্নুবন্ বিদুরম্ আহ ॥৬

উদ্ধবঃ উবাচ। কৃষ্ণদ্যুমণি কৃষ্ণসূর্য্যে নিম্লোচে অস্তমিতে সতি অজগরেণ (কালরূপেণ) গতশ্রীষু হতলক্ষ্মীষু গৃহেষু সৎসু নঃ অস্মাকং কুশলম্ অহং কিংনু ব্রূয়াম্ ॥৭

অয়ং লোকঃ বত দুর্ভগঃ অপি নিতরাম্ অত্যন্তং দুর্ভগাঃ যে যাদবাঃ সংবসন্তঃ মীনাঃ সমুদ্রান্তর্বর্ত্তিনম্ উডুপং চন্দ্রম্ ইব সহ হরিং ন বিদুঃ ॥৮

যতঃ ইঙ্গিতজ্ঞাঃ চতুরাঃ পুরুপ্রৌঢ়াঃ অতীব-নিপুণাঃ একারামাঃ একত্রাবসায়িনঃ চ সর্ব্বে সাত্বতাঃ যাদবাঃ সাত্বতাং ভক্তানাং শ্রেষ্ঠং কৃষ্ণং কেবলং ভৃতাবাসম্ অন্তর্য্যামিনম্ এব অমংসত অমন্যন্ত ॥৯

দেবস্য ভগবতঃ মায়য়া স্পৃষ্টাঃ ব্যাপ্তা যে যাদবাঃ তথা অসৎ এব অন্যৎ বৈরম্ আশ্রিতাঃ শিশুপালা-দয়শ্চ তদ্বাক্যৈঃ (অস্মদ্বন্ধুঃ যাদবোঽয়ং বা কামুকঃ কুটিলঃ ইত্যাদিঃ) তেষাং তাদৃশৈঃ আত্মনি হরৌ উপ্তাত্মনঃ নিবিষ্টচিত্তস্য মাদৃশস্য জনস্য ধীঃ ন ভ্রাম্যতে অভিভূয়তে ॥১০

সঃ হরিঃ অবিতৃপ্তদৃশাম্ অপরিতুষ্টচিত্তানাং

পূর্ব্বক যদুকুলসংহারাদি শ্রীকৃষ্ণচাতুর্য্য স্মরণ করিয়া সবিস্ময়ে প্রীতমনে বিদুরকে বলিলেন—'শ্রীকৃষ্ণরূপ সূর্য্য অস্ত গমন করিয়াছেন। আমাদের গৃহসকল কালরূপ মহাসর্প কর্তৃক কবলিত হইয়া গতশ্রী হইয়াছে। হে বিদুর! তোমাকে বন্ধুদিগের কুশল আর কি বলিব? আহা! এই নরলোক অতিশয় ভাগ্যহীন, কিন্তু যদুগণ সর্ব্বাপেক্ষা ভাগ্যহীন; কারণ, কৃষ্ণের সহিত একত্র বাস করিয়াও তাঁহাকে 'হরি' বলিয়া জানিতে পারেন নাই। যেমন মৎস্যগণ ক্ষীর-সমুদ্রস্থ চন্দ্রকে (কোন কমনীয় জলচর মনে করিয়াছিল। অমৃতময় বলিয়া) চিনিতে পারে না; হে সখে বিদুর! সেইরূপ যদুগণ ভাগ্যহীন বলিয়াই শ্রীকৃষ্ণকে চিনিতে পারেন নাই। নচেৎ তাঁহাদের জ্ঞানের অভাব ছিল না; তাঁহারা লোকের চিত্তভাব জানিতে পারিতেন এবং অতিশয় নিপুণ ছিলেন; কিন্তু কি আশ্চর্য্য! যদুগণ কৃষ্ণের সহিত একত্র বাস করিতেন, তথাপি শ্রীকৃষ্ণকে প্রাণিসকলের ঈশ্বর না বুঝিয়া যদুশ্রেষ্ঠ বলিয়া মনে করিতেন। যাদবগণ মায়ায় মোহিত হইয়া শ্রীকৃষ্ণকে "আমাদের বন্ধু" এই কথা বলিতেন এবং শত্রুভাবাপন্ন শিশুপালাদি রাজগণ কৃষ্ণকে নিন্দা করিত। কিন্তু সেই সমস্ত ব্যক্তির ঐ সকল বাক্যে হরি-নিক্ষিপ্ত-চিত্ত মাদৃশজনের বুদ্ধি মোহপ্রাপ্ত হয় না। হে মহাত্মন্!

যন্মর্ত্যলীলৌপয়িকং স্বযোগ-
মায়াবলং দর্শয়তা গৃহীতম্।
বিস্মাপনং স্বস্য চ সৌভগর্দ্ধেঃ
পরং পদং ভূষণভূষণাঙ্গম্ ॥১২

যদ্ধর্ম্মসূনোর্বত রাজসূয়ে
নিরীক্ষ্য দৃক্‌স্বস্ত্যয়নং ত্রিলোকঃ।
কার্ৎস্ন্যেন চাদ্যেহ গতং বিধাতু-
রর্ব্বাক্‌সৃতৌ কৌশলমিত্যমন্যত ॥১৩

যস্যানুরাগপ্লুতহাসরাস-
লীলাবলোকপ্রতিলব্ধমানাঃ।
ব্রজস্ত্রিয়ো দৃগ্‌ভিরনুপ্রবৃত্ত-
ধিয়োঽবতস্থুঃ কিল কৃত্যশেষাঃ ॥১৪

স্বশান্তরূপেষিতরৈঃ স্বরূপৈ-
রভ্যর্দ্দ্যমানেষ্বনুকম্পিতাত্মা।
পরাবরেশো মহদংশযুক্তো
হ্যজোঽপি জাতো ভগবান্ যথাগ্নিঃ ॥১৫

(যতঃ) অতপ্ততপসাম্ অনাচরিতপুণ্যকর্ম্মণাং নৃণাং লোকলোচনং জনানাং চক্ষুস্থানীয়ং স্ববিম্বং স্বমূর্ত্তিং প্রদর্শ্য দর্শয়িত্বা পুনঃ পরিতুষ্টেঃ পূর্ব্বম্ এব আদায় অন্তরধাৎ তিরোবভূব ॥১১

ভূষণভূষণাঙ্গং ভূষণানাম্ অপি ভূষণাঙ্গং শোভা-প্রদানি অঙ্গানি যস্মিন্ তৎ সৌভগর্দ্ধেঃ পরং পদং পরা প্রতিষ্ঠা স্বস্য চ বিস্মাপনং চমৎকারপ্রাপকং যৎ (স্বযোগমায়াবলং স্বকীয়যোগমায়য়া বলং সামর্থ্যং দর্শয়তা হরিণা) মর্ত্যলীলাযোগ্যং বিম্বং গৃহীতম্ ॥১২

যত খেদে ধর্ম্মসূনো যুধিষ্ঠিরস্য রাজসূয়ে যজ্ঞে দৃক্‌স্বস্ত্যয়নং নয়নানন্দকরং যৎ বিম্বং নিরীক্ষ্য দৃষ্ট্বা ত্রিলোকঃ ত্রিভুবনস্থঃ জীবঃ অর্ব্বাক্‌সৃতৌ বিচিত্র-সংসারনির্ম্মাণে বিধাতুঃ যৎ কৌশলং তৎ অদ্য ইহ বিম্বদেহে কার্ৎস্ন্যেন চ গতম্ উপক্ষীণম্ ইতি অমন্যত ॥১৩

যস্য বিম্বস্য অনুরাগপ্লুতহাসরাসলীলাবলোক-প্রতিলব্ধমানাঃ অনুরাগব্যঞ্জিতহাস্যাদিনা সম্মানিতাঃ ব্রজস্ত্রিয়ঃ দৃগ্‌ভিঃ এব অনুপ্রবৃত্তধিয়ঃ তদ্গতচিত্তাঃ সত্যঃ কৃত্যশেষাঃ অসমাপিতকার্য্যাঃ কিল অবতস্থুঃ অন্তঃকরণস্য তন্মনুগতত্বান্নিস্মৃতকৃত্যা আসন্নিত্যর্থঃ ॥১৪

স্বশান্তরূপেষু দেবাদিষু স্বরূপৈঃ ইতরৈঃ অশান্তৈঃ দৈত্যাদিভিঃ অভ্যর্দ্দ্যমানেষু পীড্যমানেষু সৎসু

যে সকল মনুষ্য তপস্যা করে নাই, তাহাদিগকে নিজ মূর্ত্তি দেখাইয়া সেই কৃষ্ণ লোকলোচন-স্বরূপ নিজমূর্ত্তি গ্রহণ করিয়া অন্তর্ধান করিয়াছেন; কিন্তু তাহাদের নয়নের তৃপ্তি জন্মে নাই ।১-১১

তিনি সেই মূর্ত্তি গ্রহণ করিয়া নিজ যোগবল ও মায়াবল প্রদর্শন করেন, সেই মূর্ত্তি সৌভাগ্যাতিশয়ের পরাকাষ্ঠাস্বরূপ ও মর্ত্যলীলার যোগ্য। স্বয়ং ভগবানও সেই নিজমূর্ত্তি দেখিয়া মোহিত হন; অধিক কি, সেই মূর্ত্তির অঙ্গসকল এরূপ সুন্দর ছিল যে, তাহা ভূষণ সকলকেও ভূষিত করিত। যুধিষ্ঠিরের রাজসূয়যজ্ঞে চক্ষুর পরমানন্দকর শ্রীকৃষ্ণের সেই রূপ ত্রিভুবনস্থ প্রাণিমাত্রেই দর্শন করিয়া এইরূপ মনে করিয়াছিল যে, বিধাতার নির্ম্মাণবিষয়ে যে নৈপুণ্য ছিল, এই মূর্ত্তি-নির্ম্মাণে তৎসমুদয়ই অদ্য পর্য্যবসিত হইয়াছে। হে বিদুর! একদা ব্রজস্ত্রীগণ ভক্তগণের প্রতি তদীয় অনুরাগ হাস্য, পরিহাস ও লীলাবলোকন দর্শনে মানিনী হইয়া তাঁহাকে প্রত্যাখ্যান করিলে, যখন তিনি গমন করিতেন, তখন তাঁহাদের নয়নের সহিত অন্তঃকরণও তাঁহার অনুগামী হইত, তাহাতে তাঁহাদের স্ব স্ব কার্য্য সমাপ্ত না হইলেও তাঁহারা নিশ্চেষ্ট হইয়া অবস্থিতি করিতেন। (ভগবান শ্রীকৃষ্ণ স্বীয় মূর্ত্তি কেন ঐ প্রকারে দেখান, তাহার কারণ এই যে,) এই সংসারে যত শান্ত ও অশান্ত মূর্ত্তি দেখিতে পাওয়া যায়, তৎসমুদায়ই তাঁহার রূপ; কিন্তু যখন অশান্ত মূর্ত্তিসকল শান্ত মূর্ত্তিদিগকে

মাং খেদয়ত্যেতদজস্য জন্ম-
বিড়ম্বনং যদ্বসুদেবগেহে।
ব্রজে চ বাসোঽরিভয়াদিব স্বয়ং
পুরাদ্ব্যবাৎসীদ্ যদনন্তবীর্য্যঃ ॥১৬
দুনোতি চেতঃ স্মরতো মমৈতদ্
যদাহ পাদাবভিবন্দ্য পিত্রোঃ।
তাতাম্ব কংসাদুরুশঙ্কিতানাং
প্রসীদতং নোঽকৃতনিষ্কৃতীনাম্ ॥১৭

অনুকম্পিতাত্মা কৃপালুঃ ভগবান্ অজঃ জন্মাদিরহিতঃ অপি অরণিষু কাষ্ঠেষু অগ্নিঃ যথা তথা মদ্বদংশযুক্তঃ অব্যক্তসহিতঃ এব জাতঃ ॥১৫

বসুদেবগেহে অজস্য জন্মাদিরহিতস্য নিত্যস্য হরেঃ এতৎ সৎ জন্মবিড়ম্বনং, কংসভয়াৎ ব্রজে বাসঃ, অনন্তবীর্য্যোঽপি অরিভয়াৎ ইব পুরাৎ মথুরায়াঃ স্বয়ং ব্যবাৎসীৎ পলায়ত,—এতৎ সর্ব্বং মাং খেদয়তি ॥১৬

শ্রীকৃষ্ণঃ পিত্রোঃ দেবকী-বসুদেবয়োঃ পাদৌ অভিবন্দ্য, হে তাত! হে অম্ব! কংসাৎ উরু অত্যন্তং শঙ্কিতানাম্ অতএব অকৃতনিষ্কৃতীনাং শুশ্রূষণ-পরাঙ্মুখানাং নঃ অস্মাকম্ (অস্মান্) যুবাং প্রসীদতম্

নিপীড়িত করে, তখন ভগবানের অন্তঃকরণ দয়ার্দ্র হয়। যদিও আপনি অজ, তথাপি যেমন কাষ্ঠে নিত্যসিদ্ধ অগ্নি আবির্ভূত হয়, সেইরূপ নিত্যসিদ্ধ ভগবান্ স্বয়ং মহাভূতরূপে জন্মগ্রহণ করিয়া থাকেন। শ্রীকৃষ্ণ অজ হইয়াও যে বসুদেবের গৃহে জন্মগ্রহণ করেন, অনন্তবীর্য্য হইয়াও কংসভয়ে ভীতের ন্যায় ব্রজে গমনপূর্ব্বক গুপ্তভাবে যে স্বয়ং বাস করিয়া থাকেন এবং কালযবনাদির ভয়ে মথুরাপুরী হইতে যে পলায়ন করেন, এ সকল ভাবিয়া আমারও অন্তঃকরণ ব্যথিত হয়। শ্রীকৃষ্ণের এই চরিত্র আমার মনে পড়িলে চিত্ত যারপরনাই খেদান্বিত হইয়া উঠে। তিনি জনক-জননীর উদ্ধার করিয়া তাঁহাদের পাদবন্দন পূর্ব্বক

কো বা অমুষ্যাঙ্ঘ্রিসরোজরেণুং
বিস্মর্ত্তুমীশীত পুমান্ বিজিঘ্রন্।
যো বিস্ফুরদ্ভ্রূবিটপেন ভূমেঃ
ভারং কৃতান্তেন তিরশ্চকার ॥১৮
দৃষ্টা ভবদ্ভির্নু রাজসূয়ে
চৈদ্যস্য কৃষ্ণং দ্বিষতোঽপি সিদ্ধিঃ।
যাং যোগিনঃ সংস্পৃহয়ন্তি সম্যগ্-
যোগেন কস্তদ্বিরহং সহেত ॥১৯

ইতি যৎ আহ, এতৎ স্মরতঃ মম চেতঃ দুনোতি ব্যথয়তি ॥১৭

যঃ ভগবান্ বিস্ফুরদ্ভ্রূবিটপেন কৃতান্তেন ভূমেঃ ভারং তিরশ্চকার অপজহার, অমুষ্য ভগবতঃ অঙ্ঘ্রি-সরোজরেণুং বিজিঘ্রন্ সেবমানঃ কঃ বা পুমান্ বিস্মর্ত্তুম্ ঈশীত সমর্থঃ ভবেৎ ॥১৮

নন্থ যাং সিদ্ধিং যোগিনঃ সম্যগ্‌যোগেন সংস্পৃহয়ন্তি নন্থ রাজসূয়ে কৃষ্ণং দ্বিষতঃ অপি চৈদ্যস্য সা সিদ্ধিঃ ভবদ্ভিঃ এব দৃষ্টা লক্ষিতা; কঃ জনঃ তদ্বিরহং তস্য কৃষ্ণস্য বিরহং সহেত ॥১৯

তাঁহাদিগকে বলিলেন,—'হে মাতঃ! আমরা কংসভয়ে ভীত হইয়া আপনার সেবা করিতে পারি নাই, আমাদের প্রতি সন্তুষ্ট হউন।' হে মতিমান্! তাঁহার এরূপ চরিত্র দেখিয়া তাঁহাকে অনীশ্বর বলিতে পারি না, ভ্রূকুটিভঙ্গরূপ কৃতান্ত দ্বারা যিনি ভূমির ভার হরণ করিয়াছেন, তাঁহার চরণকমলের রেণুসেবন করিয়া কোন্ ব্যক্তি তাঁহাকে ভুলিতে পারে? ১২-১৮

আপনারা স্বচক্ষে দেখিয়াছেন যে, রাজা যুধিষ্ঠিরের রাজসূয়যজ্ঞে শিশুপাল তাঁহার প্রতি কিরূপে দ্বেষ প্রকাশ করিয়াছিল, তথাপি তাঁহার হস্তে নিধনপ্রাপ্ত হইয়া যোগিজনবাঞ্ছিত পরমা সিদ্ধি লাভ করিয়াছে; অতএব তাঁহার বিরহ কে সহ্য করিতে পারিবে? ১৯

তথৈব চান্যে নরলোকবীরা
য আহবে কৃষ্ণমুখারবিন্দম্।
নেত্রৈঃ পিবন্তো নয়নাভিরামং
পার্থাস্ত্রপূতাঃ পদমাপুরস্য ॥২০

স্বয়ঞ্চসাম্যাতিশয়ত্র্যধীশঃ
স্বারাজ্যলক্ষ্ম্যাপ্তসমস্তকামঃ।
বলিং হরদ্ভিশ্চিরলোকপালৈঃ
কিরীটকোটীড়িতপাদপীঠঃ ॥২১

তথা আহবে যুদ্ধক্ষেত্রে নয়নাভিরামং কৃষ্ণমুখারবিন্দং নেত্রৈঃ পিবন্তঃ যে অন্যে নরলোকবীরাঃ চ পার্থাস্ত্রপূতাঃ অর্জ্জুনশরাঘাতেন পবিত্রাঃ সন্তঃ অদ্য বিষ্ণোঃ এব পদম্ আপুঃ ॥২০

স্বয়ং শ্রীকৃষ্ণঃ তু অসাম্যাতিশয়ঃ (তম্ অতিরিচ্য সাম্যঃ অতিশয়গুণসম্পন্নশ্চ ন কোঽপি অস্তি) যতঃ সঃ ত্র্যধীশঃ ত্রিভুবনাধিপতিঃ স্বারাজ্যলক্ষ্ম্যা চিদানন্দন-সম্পত্ত্যা এব আপ্ত-সমস্তকামঃ তথা বলিং হরদ্ভিঃ চিরলোকপালৈঃ ইন্দ্রাদিভিঃ অপ্রাকৃতলোকপালৈঃ কিরীট-কোটীড়িতপাদপীঠঃ পরিতঃ কিরীটাগ্রেণ স্তুতচরণঃ অতঃ ॥২১

সেইরূপ অন্যান্য যে সকল নরবীর যুদ্ধক্ষেত্রে অর্জ্জুনের অস্ত্রাঘাতে প্রাণত্যাগপূর্ব্বক নিষ্পাপ হইয়া স্ব স্ব নেত্রদ্বারা শ্রীকৃষ্ণের নয়নাভিরাম মুখারবিন্দের মকরন্দ পান করিয়াছিল, তাহারাও তাঁহার স্থান প্রাপ্ত হইয়াছে। সেই শ্রীকৃষ্ণ স্বয়ং ত্রিলোকের অধীশ্বর এবং পরমানন্দস্বরূপ স্বারাজ্যসম্পত্তি দ্বারা সমস্ত ভোগপ্রাপ্ত হইয়াছিলেন, অতএব তাঁহার সমান অথবা তাঁহার অপেক্ষা অধিক কেহ নাই। লোকপালগণও তাঁহার অগ্রে আসিয়া কর অথবা পূজোপহার সমর্পণ পূর্ব্বক স্ব স্ব কিরীটের কান্তির দ্বারা তদীয় পাদপীঠের স্তব করিতেন। হে বিদুর। শ্রীকৃষ্ণ স্বয়ং ঐরূপ হইলেও উগ্রসেনের নিকট যে সেই কিঙ্করত্ব করিয়াছিলেন,

তৎ তস্য কৈঙ্কর্য্যমলং ভৃতান্ নো
বিন্যাপয়ত্যঙ্গ যদুগ্রসেনম্।
তিষ্ঠন্ নিষণ্ণং পরমেষ্ঠিধিষ্ণ্যে
ন্যবোধয়দ্দেব নিধারয়েতি ॥২২
অহো বকী যং স্তনকালকূটং
জিঘাংসয়াপায়য়দপ্যসাধ্বী।
লেভে গতিং ধাত্র্যুচিতাং ততোঽন্যং
কং বা দয়ালুং শরণং ব্রজেম ॥২৩

হে অঙ্গ বিদুর! (স্বয়ম্ আজ্ঞাধীনঃ ইব নিম্নে) পরমেষ্ঠিধিষ্ণ্যে রাজাসনে নিষণ্ণম্ উপবিষ্টম্ (আরোপিতম্) উগ্রসেনং হে দেব! মহারাজ! নিধারয় কৃত্যম্ আলোচয়িতুমর্হসি ইত্যাদি যৎ ন্যবোধয়ৎ বিজ্ঞাপিতবান্, তৎ তস্য শ্রীকৃষ্ণস্য কৈঙ্কর্যম্ আজ্ঞাধীনত্বং ভৃতান্ ভৃত্যান্ নঃ অস্মান্ অলম্ অত্যন্তং বিন্যাপয়তি খেদয়তি ॥২২

অহো আশ্চর্য্যম্! অসাধ্বী দুষ্টা বকী পূতনা জিঘাংসয়া হন্তুমিচ্ছয়া যং কৃষ্ণং স্তনকালকূটং স্তনসম্ভূতং হলাহলম্ অপায়ৎ, (সা পূতনা) অপি ধাত্র্যুচিতাং ধাত্রীলভ্যাং গতিং লেভে প্রাপ (অতঃ)

তাহা স্মরণ করিলে মাদৃশ ভৃত্যজনেরও অন্তঃকরণ অতিশয় ব্যথিত হয়। হায়! একি সামান্য দুঃখের বিষয় যে, উগ্রসেন রাজাসনে অধ্যাসীন থাকিত, আর শ্রীকৃষ্ণ তাহার সম্মুখে দণ্ডায়মান হইয়া 'মহারাজ! অবধারণ করুন' এই বলিয়া নিবেদন করিতেন। যাহা হউক, তাঁহার দয়ালুতা অত্যাশ্চর্য্য! দুষ্ট পূতনা তাঁহার প্রাণনাশের বাসনা করিয়া তাঁহাকে বিষলিপ্ত স্তন পান করাইয়াছিল; তাহাতেও সে ধাত্রীসদৃশী গতি লাভ করে। শ্রীকৃষ্ণ কেবল তাহার ভক্তবেশ দেখিয়া তাহাকে সদ্গতি প্রদান করেন; অতএব তাঁহাকে ছাড়িয়া অন্য কোন্ দয়ালুর শরণাপন্ন হই? আমি অসুরদিগকে পরম-ভাগবত বলিয়া মানি, তাহাদের প্রতি

মন্যেঽসুরান্ ভাগবতাংস্ত্র্যধীশে
সংরম্ভমার্গাভিনিবিষ্টচিত্তান্।
যে সংযুগেঽচক্ষত তার্ক্ষ্যপুত্র-
মংসে সুনাভায়ুধমাপতন্তম্ ॥২৪

বসুদেবস্য দেবক্যাং জাতো ভোজেন্দ্রবন্ধনে।
চিকীর্ষুর্ভগবানস্যাঃ শমজেনাভিযাচিতঃ ॥২৫

ততো নন্দব্রজমিতঃ পিত্রা কংসাদ্বি বিভ্যতা।
একাদশ সমাস্তত্র গূঢ়ার্চ্চিঃ সবলোঽবসৎ ॥২৬

পরীতো বৎসপৈর্বৎসাংশ্চারয়ন্ ব্যহরদ্ বিভুঃ।
যমুনোপবনে কৃষ্ণদ্বিজসঙ্কুলিতাঙ্ঘ্রিপে ॥২৭

কৌমারীং দর্শয়ংশ্চেষ্টাং প্রেক্ষণীয়াং ব্রজৌকসাম্।
রুদন্নিব হসন্ মুগ্ধ-বালসিংহাবলোকনঃ ॥২৮

স এব গোধনং লক্ষ্ম্যা নিকেতং সিতগোবৃষম্।
চারয়ন্ননুগান্ গোপান্ রণদ্বেণুররীরমৎ ॥২৯

প্রযুক্তান্ ভোজরাজেন মায়িনঃ কামরূপিণঃ।
লীলয়া ব্যনুদৎ তাংস্তান্ বালঃ ক্রীড়নকানিব ॥৩০

ততঃ তস্মাৎ অন্যম্ অপরং কং বা দয়ালুং কৃপাসাগরং বয়ং শরণং ব্রজেম ভজেম ॥২৩

ত্র্যধীশে ত্রয়াণাং লোকানাম্ অধীশে ঈশ্বরে সংরম্ভমার্গাভি-নিবিষ্টচিত্তান্ সংরম্ভঃ ক্রোধাবেশঃ এব মার্গঃ পন্থাঃ তেন অভিনিবিষ্টং সমাহিতং চিত্তং যেষাং তান্ অসুরান্ অপি (অহং) ভাগবতান্ মন্যে, যে অসুরাঃ সংযুগে সংগ্রামে অংসে সুনাভায়ুধম্ অংসে স্কন্ধে সুনাভায়ুধঃ চক্রায়ুধঃ হরিঃ যস্য তং (সপ্তম্যা অলুক্) অথবা সাপেক্ষত্বোঽপি গমকত্বাৎ সমাসঃ। আপতন্তম্ আগচ্ছন্তং তার্ক্ষ্যপুত্রং গরুড়ম্ অচক্ষত অপশ্যন্ ॥২৪

(যঃ) অজেন ব্রহ্মণা অভিযাচিতঃ প্রার্থিতঃ সন্ অস্যাঃ ভূমেঃ শং মঙ্গলং (ভারহরণরূপং) চিকীর্ষুঃ ভগবান্ বসুদেবস্য পত্ন্যাং দেবক্যাং ভোজেন্দ্রবন্ধনে কংসকারাগারে জাতঃ ॥২৫

ততঃ কংসাৎ বিভ্যতা পিত্রা হেতুনা নন্দব্রজম্ ইতঃ গতঃ, সবলঃ বলদেবেন মিলিতঃ গূঢ়ার্চ্চিঃ প্রচ্ছন্ন-তেজাঃ সঃ ভগবান্ তত্র একাদশ সমাঃ বৎসরান্ অবসৎ ॥২৬

বৎসপৈঃ গোপবালকৈঃ পরীতঃ পরিবৃতঃ বিভুঃ শ্রীকৃষ্ণঃ কৃষ্ণদ্বিজসঙ্কুলিতাঙ্ঘ্রিপে যমুনোপবনে বৎসান্ (তৃণং) চারয়ন্ ব্যহরৎ অক্রীড়ৎ ॥২৭

মুগ্ধবালসিংহাবলোকনঃ সঃ রুদন্ ইব হসন্ ইব ব্রজৌকসাং প্রেক্ষণীয়াং মনোহরাং কৌমারীং চেষ্টাং ক্রীড়াং দর্শয়ন্ (স্বিতঃ) ॥২৮

সঃ লক্ষ্ম্যাঃ নিকেতং শোভাস্পদং সিতগোবৃষং গোধনং চারয়ন্ রণদ্বেণুঃ হরিঃ গোপান্ অরীরমৎ রময়ামাস ॥২৯

বালঃ এব হরিঃ ভোজরাজেন কংসেন প্রযুক্তান্

তাঁহার অনুগ্রহ উপযুক্তই বটে; কেননা তাহাদের চিত্ত ক্রোধাবেশরূপ মার্গ দ্বারা ভগবানের প্রতি অনুরক্ত ছিল এবং তাহারা রণভূমে অন্তিমকালে গরুড়বাহন চক্রপাণি ভগবান্‌কে স্বচক্ষে দেখিয়া ছিল ।২০-২৪

হে বিদুর! ভগবান্ ব্রহ্মার প্রার্থনায় পৃথিবীর সুখ-বিধান-করিবার জন্য ভোজরাজ কংসের কারাগারে বসুদেব-পত্নী দেবকীর গর্ভে জন্মগ্রহণ করেন। তাঁহার পিতা কংসভয়ে ভীত হইয়া তাঁহাকে নন্দের ব্রজপুরে রাখিয়া আসেন। তিনিও কংসাদির অলক্ষিতরূপে তথায় বলদেবের সহিত একাদশ বৎসর ব্যাপিয়া গুপ্ততেজ হইয়া বাস করিয়াছিলেন। তিনি বৎসপাল গোপবালকদিগের সহিত বৎস-চারণ করিয়া বেড়াইতেন এবং বিহগকুলকূজিত যমুনাতীরস্থ উপবনে ক্রীড়া করিতেন। ব্রজবাসীদিগের দর্শনীয় কৌমারলীলা দেখাইতে দেখাইতে তিনি কখন কখন যেন রোদন এবং কখন কখন বা যেন হাস্য করিতেন; কখন বা নানা শোভা সম্পত্তির আধার শুভ্র গোবৃষযুক্ত নানা-বর্ণ গোধন চারণ করিতে করিতে বংশীধ্বনি করিয়া অনুগত গোপবালকদিগকে ক্রীড়া করাইতেন ।২৫-২৯

আহা! তৎকালে সেই গোপালক 'গোপাল'কে

বিপন্নান্ বিষপানেন নিগৃহ্য ভুজগাধিপম্।
উত্থাপ্যাপায়য়দ্গাবস্তোয়ং প্রকৃতিস্থিতম্ ॥৩১
অযাজয়দ্গোসবেন গোপরাজং দ্বিজোত্তমৈঃ।
বিত্তস্য চোরুভারস্য চিকীর্ষুঃ সদ্ব্যয়ং বিভুঃ ॥৩২
বর্ষতীন্দ্রে ব্রজঃ কোপাদ্ভগ্যমানেঽতিবিহ্বলঃ।
গোত্রলীলাতপত্রেণ ত্রাতো ভদ্রানুগৃহ্নতা ॥৩৩
শরচ্ছশিকরৈর্মৃষ্টং মানয়ন্ রজনীমুখম্।
গায়ন্ কলপদং রেমে স্ত্রীণাং মণ্ডলমণ্ডনঃ ॥৩৪

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে দ্বিতীয়ঃ অধ্যায়ঃ ॥

প্রহিতান্ কামরূপিণঃ নিজেচ্ছয়া রূপান্তরধারিণঃ মায়িনঃ মায়াবিনঃ আগতান্ তান্ সর্ব্বান্ ক্রীড়নকান্ পুত্তলিকান্ ইব ব্যনুদৎ জঘান ॥৩০

ভুজগাধিপং কালিয়ং নিগৃহ্য নির্বাস্য বিষপানেন বিষোদপানেন বিপন্নান্ মৃতান্ গোপান্ গাবঃ গাঃ চ প্রকৃতিস্থিতং নির্বিষং তোয়ম্ অপায়য়ৎ পায়য়ামাস ॥৩১

উরুভারস্য অতিসমৃদ্ধস্য বিত্তস্য সদ্ব্যয়ং চিকীর্ষুঃ বিভুঃ কৃষ্ণঃ দ্বিজোত্তমৈঃ গোদবেন গোযজ্ঞেন গোপরাজং নন্দম্ অযাজয়ৎ যাজয়ামাস ॥৩২

ততঃ কোপাৎ ভগ্নঃ মানঃ পূজা যস্য তস্মিন্ ইন্দ্রে বর্ষতি সতি (বর্ষমারুতা অতিবিহ্বলঃ) ব্রজঃ হে ভদ্র বিদুর! (ব্রজমিন্দ্রং বা অনুগৃহ্নতা হরিণা) গোত্রলীলাতপত্রেণ (গোবর্দ্ধনোদ্ধরণং কৃত্বা) ত্রাতঃ সংরক্ষিতবান্ ॥৩৩

শরচ্ছশিকরৈঃ শরদৃতৌ উদিতস্য শশিনঃ জ্যোৎস্নাভিঃ মৃষ্টম্ উজ্জ্বলং রজনীমুখং প্রদোষসময়ং মানয়ন্ কলপদং যথা স্যাৎ তথা গায়ন্ স্ত্রীণাং মণ্ডলমণ্ডনঃ মণ্ডলং মণ্ডয়তি ভূষয়তে ইতি তথা সন্ (রাসরঙ্গে) রেমে ॥৩৪

ইতি তৃতীয়স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতায়ে দ্বিতীয়ঃ অধ্যায়ঃ ॥

দেখিলে মৃত্ত বালসিংহের ন্যায় বোধ হইত। সেই সময়ে ভোজরাজ কংস তাঁহার প্রাণনাশ করিবার অভিপ্রায়ে যে সকল মায়াবী কামরূপী অসুরদিগকে প্রেরণ করে, বালক যেমন ক্রীড়ার্থ তৃণাদি নির্ম্মিত সিংহাদি বিনাশ করিয়া থাকে, শ্রীকৃষ্ণ তাহাদিগকে তেমনই অবলীলাক্রমে সংহার করিয়াছিলেন। কালিয় সর্পের বিষদূষিত যমুনার জল পান করিয়া গোপ এবং গোদকল প্রাণত্যাগ করিলে শ্রীকৃষ্ণ ঐ সর্পশ্রেষ্ঠকে শাসন করিয়া যমুনার জল নির্ব্বিষ করেন এবং সেই সকল গো ও গোপদিগকে মৃত্যু হইতে মুক্ত করিয়া তাহাদিগকে ঐ যমুনার বিশুদ্ধ জল পান করান। তিনি গোপরাজ নন্দের অতি সমৃদ্ধ বিত্তের সদ্ব্যয় এবং ইন্দ্রের গর্ব্ব খর্ব্ব করিতে ইচ্ছুক হইয়া গোপরাজকে গোপূজা-স্বরূপ যজ্ঞ দ্বারা যাগ করাইয়াছিলেন। খর্ব্বিতগর্ব্ব ইন্দ্রও ক্রোধে অধীর হইয়া ঘোরতর বর্ষণ করিতে আরম্ভ করেন। তাহাতে ব্রজপুর মহাভয়বিহ্বল হয়। হে ভদ্র! তদ্দর্শনে দয়াময় ভগবান্ অনুগ্রহপূর্ব্বক গোবর্দ্ধন পর্ব্বতকে লীলাছত্ররূপে অঙ্গুলিতে ধারণ করিয়াছিলেন, তাহাতেই ব্রজপুরী রক্ষা পায়। শরৎকালের চন্দ্রকিরণে সন্ধ্যাসময় উজ্জ্বল হইলে, শ্রীকৃষ্ণ মধুর গান করিতে করিতে স্ত্রীমণ্ডলীর মণ্ডনস্বরূপ হইয়া ক্রীড়া করিয়াছিলেন।৩০-৩৪

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসীসংহিতা শ্রীমদ্ভাগবত মহাপুরাণে তৃতীয় স্কন্ধে পণ্ডিতপ্রবর শ্রীশ্রীজীবন্যায়তীর্থকৃত বঙ্গভাষানুবাদসহিত দ্বিতীয় অধ্যায় সমাপ্ত।

তৃতীয়ঃ অধ্যায়ঃ

[শ্রীকৃষ্ণস্য কংসবধঃ, পিত্রোরুদ্ধারশ্চ।]

উদ্ধব উবাচ।

ততঃ স আগত্য পুরং স্বপিত্রো-
শ্চিকীর্ষয়া শং বলদেবসংযুতঃ।
নিপাত্য তুঙ্গাদ্ রিপুযূথনাথং
হতং ব্যকর্ষদ্ ব্যসুমোজসোর্ব্ব্যাম্ ॥১

সান্দীপনেঃ সকৃৎ প্রোক্তং ব্রহ্মাধীত্য সবিস্তরম্।
তস্মৈ প্রাদাদ্ বরং পুত্রং মৃতং পঞ্চজনোদরাৎ ॥২

সমাহৃতা ভীষ্মককন্যয়া যে
শ্রিয়ঃ সবর্ণেন বৃতুরয়ৈষাম্।
গান্ধর্ব্ববৃত্ত্যা মিষতাং স্বভাগং
জহ্রে পদং মূর্দ্ধ্নি দধৎ সুপর্ণঃ ॥৩
কক্মিণো বিক্কনসো দমিত্বা
স্বয়ংবরে নাগ্নজিতীমুবাহ।
তদ্ধ্বংসমানানপি যুধ্যতোঽজ্ঞান্
জঘ্নেঽক্ষতঃ শস্ত্রভৃতঃ স্বশস্ত্রৈঃ ॥৪

উদ্ধবঃ উবাচ। ততঃ সঃ হরিঃ স্বপিত্রোঃ দেবকী-বসুদেবয়োঃ শং সুখং চিকীর্ষয়া কর্ত্তুম্ ইচ্ছয়া পুরং মথুরাপুরম্ আগত্য রিপুযূথনাথং শত্রুকুল-চূড়ামণিং (কংসং) তুঙ্গাৎ রাজমঞ্চাৎ উর্ব্ব্যাং ভূমৌ নিপাত্য ব্যসুং বিগতপ্রাণং তং ব্যকর্ষৎ ॥১

সান্দীপনেঃ সন্দীপনিনা গুরুণা সকৃৎ বারমেকং প্রোক্তং সবিস্তরং ষড়ঙ্গাদিসহিতং ব্রহ্ম বেদম্ অধীত্য পঠিত্বা তস্মৈ গুরবে পঞ্চজনোদরাৎ পঞ্চজনোদরং প্রাপ্য মৃতং পুত্রং (যমলোকাদানীয়) বরং প্রাদাৎ ॥২

ভীষ্মককন্যয়া রুক্মিণ্যা সমাহূতাঃ আকৃষ্টাঃ যে রাজানঃ শ্রীকৃষ্ণঃ সবর্ণেন হেতুনা শ্রিয়ঃ বৃতুরয়া মিষতাং পশ্যতাম্ এবং মূর্দ্ধ্নি পদং দধৎ সুপর্ণঃ গরুড়ঃ ইব গান্ধর্ব্ববৃত্ত্যা স্বভাগং রুক্মিণীং জহ্রে জহার ॥৩

কক্মিণঃ বিক্কনসঃ বিক্কনাসিকান্ কুকক্মিনঃ (সপ্ত) বৃষভান্ দমিত্বা স্বয়ংবরে নাগ্নজিতীম্ উবাহ বিবাহয়া-

---

তৃতীয় অধ্যায়

[শ্রীকৃষ্ণের কংসবধ ও পিতা-মাতার উদ্ধার।]

উদ্ধব বলিলেন,—হে বিদুর! ভগবান্ শ্রীকৃষ্ণ বলদেবের সহিত মথুরাতে আগমন করিয়া জনক-জননীর সুখ-সাধনার্থ শত্রুকুলশ্রেষ্ঠ কংসকে উচ্চ রাজমঞ্চ হইতে নিক্ষেপ করেন। তাহাতে সে পঞ্চত্বপ্রাপ্ত হইয়া ভূতলে পতিত হইলে, তিনি পিতা-মাতার আনন্দ বিধানার্থ তাহার মৃতদেহকে ভূমির উপর টানিয়া লইয়া বেড়াইয়াছিলেন। তিনি সান্দীপনিমুনির নিকট একবার মাত্র উপদিষ্ট হইয়া ষড়ঙ্গাদির সহিত সমুদয় বেদ অধ্যয়ন করেন এবং পঞ্চজনসংজ্ঞক দৈত্যের উদর-বিবর বিদীর্ণ করিয়া গুরুর মৃতপুত্রকে আনয়ন করিয়া গুরুকে বর বা দক্ষিণাস্বরূপ সেই পুত্রকে প্রদান করিয়াছিলেন। ভীষ্মকরাজকন্যা রুক্মিণীর লক্ষ্মীসদৃশ রূপে মোহিত হইয়া বহু নৃপতি তাঁহার পাণি-গ্রহণার্থ আসিয়াছিলেন। কিন্তু শ্রীকৃষ্ণ সমস্ত রাজগণের মস্তকে পাদনিক্ষেপকরতঃ গরুড় যেমন সুধা হরণ করিয়াছিলেন, সেইরূপ তিনি সেই সব নৃপতির সমক্ষেই গান্ধর্ববিধান দ্বারা সমাগম-বাসনায় স্বীয় অংশস্বরূপা রুক্মিণীকে

প্রিয়ং প্রভুর্গ্রাম্য ইব প্রিয়ায়া
বিধিৎসুরাজহ্রে দ্যুতরুং যদর্থে।
বজ্রাদ্রবং তং সগণো রুষান্ধঃ
ক্রীড়ামৃগো নূনমযং বধূনাম্ ॥৫
হতং মৃধে খং বপুষা গ্রসন্তং
দৃষ্ট্বা সুনাভোন্মথিতং ধরিত্র্যা।
আমন্ত্রিতস্তনয়ায় শেষং
দত্ত্বা তদন্তঃপুরমাবিবেশ ॥৬
তত্রাহৃতাস্তা নরদেবকন্যাঃ
কৃষ্ণেন দৃষ্ট্বা হরিমার্তবন্ধুম্।
উত্থায় সদ্যো জগৃহুঃ প্রহর্ষ-
ব্রীড়ানুরাগপ্রহিতাবলোকৈঃ ॥৭
আসাং মুহূর্ত একস্মিন্ নানাগারেষু যোষিতাম্।
সবিধং জগৃহে পাণীননুরূপঃ স্বমায়য়া ॥৮

মাস; তদ্ভয়মানান্ বৃষভদমনেন এব হতমানিনঃ তথাপি গৃধ্যতঃ কাময়মানান্ অতএব অজ্ঞান্ মূর্খান্ শত্রভৃতঃ রাজ্ঞানঃ স্বশস্ত্রৈঃ জঘ্নে ॥৪

প্রভুঃ শ্রীকৃষ্ণঃ গ্রাম্যঃ স্ত্রীপরতন্ত্রঃ ইব প্রিয়ায়াঃ সত্যভামায়াঃ প্রিয়ং বিধিৎসুঃ বিধাতুমিচ্ছুঃ (অদিত্যাঃ কুণ্ডলে দাতুং স্বর্গং গতঃ সন্) দ্যুতরুং পারিজাতম্ আহ্রে আহৃতবান্। বধূনাং ক্রীড়ামৃগঃ নূনম্ অয়ং সগণঃ বজ্রী ইন্দ্রঃ (প্রমাদতঃ) রুষা ক্রোধেন অন্ধঃ সন্ তং শ্রীকৃষ্ণম্ আদ্রবৎ যোদ্ধুম্ অধাবৎ ॥৫

বপুষা শরীরেণ খম্ আকাশং গ্রসন্তং পিবন্তং মৃধে সংগ্রামে সুনাভোন্মথিতং ভগবতশ্চক্রেণ হতং মৃতং নরকাসুরং দৃষ্ট্বা ধরিত্র্যা ভূম্যা (তস্য মাত্রা)

হরণ করিয়া লইয়া যান। তিনি অবিচ্ছিন্নাসিক বৃষসমূহকে দমন করিয়া স্বয়ংবরে নাগ্নজিতীনাম্নী কন্যার পাণিগ্রহণ করেন। ঐ কন্যাকে লাভ করিবার বাসনায় অন্যান্য অনেক নৃপতি আসিয়াছিল, কিন্তু তিনি দুর্দ্দান্ত বৃষগুলিকে দমন করাতেই তাহাদেরও মান ভঙ্গ হইয়া যায় এবং সেই মূর্খ রাজগণ শস্ত্রধারণপূর্ব্বক আত্মরক্ষা করিতে থাকিলেও তিনি স্বয়ং অক্ষত থাকিয়া তাহাদিগকে বিনাশ করেন। শ্রীকৃষ্ণ অদিতির কুণ্ডল-প্রদানার্থ স্বর্গে গমন করিয়াছিলেন, তখন তিনি স্বতন্ত্র হইলেও স্ত্রীপরতন্ত্রের ন্যায় হইয়া প্রেয়সী সত্যভামাকে সন্তুষ্ট করিবার জন্য তথা হইতে পারিজাততরু আনয়ন করেন। শচী প্রভৃতি বধূগণের

আমন্ত্রিতঃ প্রার্থিতঃ সন্ শ্রীকৃষ্ণঃ তস্তনয়ায় ভগদত্তায় শেষং হৃতশেষং রাজ্যং দত্ত্বা তদন্তঃপুরম্ আবিবেশ ॥৬

তত্র অন্তঃপুরে কৃষ্ণেন নরকাসুরেণ আহৃতাঃ আনীতাঃ তাঃ নরদেবকন্যাঃ রাজকন্যকাঃ আর্ত্তবন্ধুং পীড়িতজনপালকং হরিং শ্রীকৃষ্ণং দৃষ্ট্বা সদ্যঃ তৎক্ষণমেব উত্থায় প্রহর্ষব্রীড়ানুরাগপ্রহিতাবলোকৈঃ সাতিশয়-প্রণয়-লজ্জাব্যঞ্জিতাপাঙ্গমোক্ষণৈঃ (তং) জগৃহুঃ স্বামিত্বেন স্বীকৃতবত্যঃ ॥৭

একস্মিন্ এব মুহূর্ত্তে (সঃ ভগবান্) স্বমায়য়া যোগমায়য়া অনুরূপঃ গৃহীতবহুরূপঃ সন্ নানাগারেষু বিভিন্নগৃহেষু অবস্থিতানাম্ আসাং যোষিতাং নারীণাং সবিধং বিবাহোচিতপ্রকারেণ পাণীন্ জগৃহে ॥৮

ক্রীড়ামৃগস্বরূপ বজ্রধারী ইন্দ্র ইহাতে স্ত্রীবাক্যে ক্রোধান্ধ হইয়া পারিজাত ফিরাইয়া আনিবার জন্য সদলবলে গোবিন্দের সহিত যুদ্ধ করিতে ধাবমান হন।১-৫

ভূমিপুত্র নরকাসুর স্বীয় শরীর দ্বারা আকাশ গ্রাস করিতে গিয়াছিল, তখন যুদ্ধে সে শ্রীকৃষ্ণের সুদর্শনচক্রে বিনাশ প্রাপ্ত হয়। মাতা ধরিত্রী পুত্রের তদবস্থা দেখিয়া বহুবিধ বিনয়পূর্ব্বক প্রার্থনা করিয়াছিলেন; তাহাতে শ্রীকৃষ্ণ ভূমির প্রতি সদয় হইয়া নরকাসুরের তনয় ভগদত্তকে রাজ্য সমর্পণ করিয়া ঐ নরকাসুরের অন্তঃপুরে প্রবেশ করেন। দুর্দ্দান্ত নরকাসুর যে সমস্ত রাজকন্যা হরণ করিয়া আনিয়া সেই অন্তঃপুরে রাখিয়াছিল, তাহারা আর্ত্তের বন্ধু সেই শ্রীকৃষ্ণকে

তাস্বপত্যান্যজনয়দাত্মতুল্যানি সর্ব্বতঃ।
একৈকস্যাং দশ দশ প্রকৃতেবিবুভূষয়া ॥৯
কালমাগধশাল্বাদীননীকৈ রুরুধস্তঃ পুরম্।
অজীঘনৎ স্বয়ং দিব্যং স্বপুংসাং তেজ আদিশৎ ॥১০
শম্বরং দ্বিবিদং বাণং মুরং বল্বলমেব চ।
অন্যাংশ্চ দন্তবক্রাদীনবধীৎ কাংশ্চ ঘাতয়ৎ ॥১১
অথ তে ভ্রাতৃপুত্রাণাং পক্ষয়োঃ পতিতান্ নৃপান্।

প্রকৃতেঃ স্বরূপস্যৈব বিবুভূষয়া বৈভবেচ্ছয়া (মায়য়া বহুভবিতুমিচ্ছয়া) ভগবান্ তাসু ষোড়শসু একৈকস্যাং ষোষিতি সর্ব্বতঃ সর্ব্বগুণৈঃ আত্মতুল্যানি স্বতুল্যানি দশ দশ অপত্যানি অজনয়ৎ ॥৯

স্বপুংসাং দিব্যং তেজঃ প্রভাবম্ আদিশৎ দত্তবান্ স্বিতঃ বাসুদেবঃ অনীকৈঃ সৈন্যৈঃ পুরং মথুরাভবনং রুরুধুঃ কালযবনাদীন্ স্বয়ম্ অজীঘনৎ ঘাতিতবান্ কাংশ্চ অন্যৈঃ অঘাতয়ৎ ॥১০

শম্বরং দ্বিবিদং বাণং মুরং বল্বলম্ এব চ অন্যান্ দন্তবক্রাদীন্ চ স্বয়ম্ এব অবধীৎ কান্ চ অন্যৈঃ রাম-প্রদ্যুম্নাদিভিঃ ঘাতয়ৎ অঘাতয়ৎ ॥১১

চচাল ভূঃ কুরুক্ষেত্রং যেষামাপততাং বলৈঃ ॥১২
স কর্ণদুঃশাসনসৌবলানাং
কুমন্ত্রপাকেন হৃতশ্রিয়ায়ুষম্।
সুযোধনং সানুচরং শয়ানং
ভগ্নোরুমূর্ব্ব্যাং ন ননন্দ পশ্যন্ ॥১৩
কিয়ান্ ভুবোঽয়ং ক্ষপিতোরুভারো
যদ্দ্রোণভীষ্মার্জ্জুনভীমমূলৈঃ।

অথ হে বিদুর! তে তব ভ্রাতৃপুত্রাণাং যুধিষ্ঠির-দুর্যোধনাদীনাং পক্ষয়োঃ পতিতান্ কুরুক্ষেত্রম্ আপততাম্ আগচ্ছতাং যেষাং বলৈঃ সৈন্যৈঃ ভূঃ পৃথিবী চচাল চকম্পে, তান্ অঘাতয়ৎ (ইতি অনুষঙ্গঃ) ॥১২

অথ সঃ কৃষ্ণঃ সকর্ণ-দুঃশাসন-সৌবলানাং কুমন্ত্র-পাকেন অসদুপদেশকরণেন হৃতশ্রিয়ায়ুষং হৃতাঃ শ্রীঃ আয়ুশ্চ যস্য তং ভগ্নোরুম্ অত এব উর্ব্ব্যাং পৃথিব্যাং শয়ানং সানুচরং সুযোধনং দুর্য্যোধনং পশ্যন্ অপি ন ননন্দ সন্তোষং ন প্রাপ ॥১৩

তত্র কারণমাহ দ্রোণভীষ্মার্জ্জুনভীমমূলৈঃ দ্রোণাদিমূলভূতৈঃ যৎ ইতি যঃ অষ্টাদশাক্ষৌহিণিকঃ

দর্শন করিয়া গাত্রোত্থান-পূর্ব্বক হর্ষ, লজ্জা ও অনুরাগ-পূরিত অবলোকনে তাঁহাকে পতিরূপে স্বীকার করিয়াছিলেন; হে বিদুর! ঐ সকল রাজকন্যা ভিন্ন-ভিন্ন আগারে অবস্থিত থাকিলেও ভগবান্ হরি আত্মমায়া দ্বারা প্রত্যেকেরই অনুরূপ হইয়া বিবাহোচিত বিধিপূর্ব্বক তাহাদের পাণিগ্রহণ করেন। পরে তিনি প্রকৃতির অর্থাৎ মায়ার বিবিধ প্রকার বিস্তার করিবার বাসনায় ঐ সকল স্ত্রীর প্রত্যেকটিতে আত্মতুল্য সর্ব্বগুণসম্পন্ন দশ দশটি অপত্য উৎপাদন করেন। কালযবন, জরাসন্ধ, শাল্ব প্রভৃতি নৃপতিগণের সৈন্য দ্বারা মথুরাপুরী অবরুদ্ধ হইলে ভগবান্ যুদুকুল ও ভীমাদিকে নিমিত্তমাত্র করিয়া স্বয়ং একাই তাহাদিগের বধসাধনপূর্ব্বক স্বপক্ষীয় পুরুষদিগের দিব্য প্রভাব ও কীর্ত্তি বিস্তার করেন। শম্বর, দ্বিবিদ, বাণ, মুর, বল্বল এবং দন্তবক্রাদি অন্যান্য অসুরগণের কতকগুলি তাঁহার হস্তে নিহত হয় এবং তিনি অন্য কতকগুলি দৈত্যকেও বলদেব প্রদ্যুম্নাদি দ্বারা নিহত করাইয়াছিলেন ॥৮-১১

অনন্তর হে বিদুর! তোমার ভ্রাতৃপুত্রদিগের উভয়পক্ষে যে সমস্ত রাজা নিহত হয়, ভগবান্ তাহাদিগকেও বধ করান। ঐ সকল নৃপতি যখন কুরুক্ষেত্রে গমন করিত, তখন তাহাদের সেনাদলের পদভরে সমস্ত পৃথিবী টলমল করিত। কর্ণ, দুঃশাসন ও শকুনির কুমন্ত্রপাকচক্রে পড়িয়া যিনি শ্রীহীন ও ক্ষীণপ্রাণ হইয়াছিলেন, সেই দুর্য্যোধন ভগ্নোরু হইয়া অনুচরবর্গের সহিত ভূতলশায়ী হইলে, শ্রীকৃষ্ণ তাহার ঐ দুর্দ্দশা দেখিয়া সন্তুষ্ট হন নাই; বরং তাহাতে তিনি দুঃখিত

অষ্টাদশাক্ষৌহিণিকো মদংশৈ-
রাস্তে বলং দুর্বিষহং যদূনাম্ ॥১৪
মিথো যদৈষাং ভবিতা বিবাদো
মধ্বামদাতাম্রবিলোচনানাম্।
নৈষাং বধোপায় ইয়ানতোঽন্যো
মষ্যুদ্যতেঽন্তর্দধতে স্বয়ং স্ম ॥১৫
এবং সঞ্চিন্ত্য ভগবান্ স্বরাজ্যে স্থাপ্য ধর্ম্মজম্।
নন্দয়ামাস সুহৃদঃ সাধূনাং বর্ত্ম দর্শয়ন্ ॥১৬
উত্তরায়াং ধৃতঃ পুরোর্ব্বংশঃ সাধ্বভিমন্যুনা।
স বৈ দ্রৌণ্যস্ত্রসংপ্লুষ্টঃ পুনর্ভগবতা ধৃতঃ ॥১৭
অযাজয়দ্ধর্ম্মসুতমশ্বমেধৈস্ত্রিভির্বিভুঃ।
সোঽপি ক্ষ্মামনুজৈ রক্ষন্ রেমে কৃষ্ণমনুব্রত ॥১৮
ভগবানপি বিশ্বাত্মা লোকবেদপথানুগঃ।
কামান্ নিষেবে দ্বার্বত্যামসক্তঃ সাংখ্যমাস্থিতঃ ॥১৯

অষ্টাদশাক্ষৌহিণীযুক্তঃ অহং ভুবঃ গুরুভারঃ ক্ষপিতঃ অপনোদিতঃ সঃ কিয়ান্ অত্যল্পঃ এব। যতঃ মদংশৈঃ প্রদ্যুম্নাদিভিঃ দুর্বিষহং সোঢ়ুমশক্যং যদূনাং বলম্ অধুনাপি আস্তে ॥১৪

মধ্বা মদা তাম্রবিলোচনানাম্ এষাং যদূনাং সদা মিথঃ পরস্পরং বিবাদঃ কলহঃ (ভবিষ্যতি), তদা ইয়ান্ এব এষাং যদূনাং বধোপায়ঃ অতঃ অস্মাৎ অন্যঃ উপায় ন (অস্তি); (তে একাত্মনোঽপি) ময়ি (সংহারায়) উদ্যতে উদ্যুক্তে সতি (তে) স্বয়ং স্ম (ইতি নিশ্চয়ে) অন্তর্দধতে বিবাদেন অন্তর্ধানং যান্তে ॥১৫

এবং সঞ্চিন্ত্য নিশ্চিত্য ভগবান্ শ্রীকৃষ্ণঃ ধর্ম্মরাজং যুধিষ্ঠিরং স্বরাজ্যে স্বকীয়ে রাজ্যে স্থাপ্য সংস্থাপ্য সাধূনাং বর্ত্ম দর্শয়ন্ সাধুচিতং কর্ম্ম প্রদর্শয়ন্ সুহৃদঃ নন্দয়ামাস ॥১৬

অভিমন্যুনা (স্বপত্ন্যাম্) উত্তরায়াং ধৃতঃ আহিতঃ সঃ বৈ পুরোঃ সাধুঃ বংশঃ দ্রৌণ্যস্ত্রসংপ্লুষ্টঃ (দ্রৌণেঃ অশ্বত্থাম্নো ব্রহ্মাস্ত্রেণ সংদগ্ধঃ অপি) ভগবতা শ্রীকৃষ্ণেন পুনঃ ধৃতঃ রক্ষিতঃ ॥১৭

বিভুঃ কৃষ্ণঃ ত্রিভিঃ অশ্বমেধৈঃ ধর্ম্মসুতং যুধিষ্ঠিরম্ অযাজয়ৎ। কৃষ্ণম্ অনুব্রতঃ কৃষ্ণানুবর্ত্তী সঃ অপি রাজা অনুজৈঃ ভীমাদিভিঃ সহ ক্ষ্মাং পৃথিবীং রক্ষন্ পালয়ন্ রেমে ॥১৮

লোকবেদপথানুগঃ জনান্ শিক্ষয়িতুং লোক-বেদাচারনিষ্ঠঃ বিশ্বাত্মা সর্ব্বহিতৈষী ভগবান্ অপি

হইয়া চিন্তা করিয়াছিলেন, আমার অংশভূত দ্রোণ, ভীষ্ম, অর্জ্জুন ও ভীম যুদ্ধের মূলস্বরূপ হইয়া এই যে অষ্টাদশ অক্ষৌহিণীসমন্বিত ভূভার হরণ করিলেন, তাহাতে ভার আর কত অল্প হইবে? এখনও প্রদ্যুম্নাদির অধীনস্থ অতিশয় দুর্ব্বিষহ যাদব সৈন্যসমূহের ভার বর্ত্তমান আছে। ঐ যদুগণ যখন মদ্যপানে সর্ব্বতোভাবে উন্মত্ত এবং তাম্রলোচন হইয়া পরস্পর বিবাদে প্রবৃত্ত হইবে, তখন সেই বিবাদই তাহাদের বধের কারণ হইয়া উঠিবে; সুতরাং তাহাদের বিনাশের অন্য কোন উপায় নাই। তাহারা পরস্পর একাত্মা হইলেও আমি যখন অন্তর্ধান করিতে উদ্যত হইব, তখন তাহারা আপনারাই পরস্পর বিবাদ করিয়া অন্তর্হিত হইবে। হে বিদুর! ভগবান্ ঐরূপ চিন্তা করিয়া যুধিষ্ঠিরকে নিজ রাজ্যে স্থাপন করেন এবং সাধুদিগের পথ প্রদর্শন করিয়া সুহৃদ্গণের আনন্দ বর্দ্ধন করিয়াছেন।১২-১৬

তির্য্যঙ্মনুষ্যবিবুধাদিষু জীবযোনি-
ষ্বাত্মেচ্ছয়াত্মকৃতসেতুপরীপ্সয়া যঃ।
রেমে নিরস্তবিষয়োঽপ্যবরুদ্ধদেহ-
স্তস্মৈ নমো ভগবতে পুরুষোত্তমায় ॥১৯
যোঽবিদ্যয়ানুপহতোঽপি দশার্দ্ধবৃত্ত্যা
নিদ্রাময়াহ জঠরীকৃতলোকযাত্রঃ।
অন্তর্জ্জলেঽহিকশিপুস্পর্শানুকূলাং
ভীমোর্ম্মিমালিনি জনস্য সুখং বিবৃণ্বন্ ॥২০
যন্নাভিপদ্মভবনাদহমাসমীড্য
লোকত্রয়োপকরণো যদনুগ্রহেণ।
তস্মৈ নমস্ত উদরস্থভবায় যোগ-
নিদ্রাবসানবিকসন্নলিনেক্ষণায় ॥২১
সোঽয়ং সমস্তজগতাং সুহৃদেক আত্মা
সত্ত্বেন যন্মৃড়য়তে ভগবান্ ভগেন।
তেনৈব মে দৃশমনুস্পৃশতাদ্ যথাহং
ব্যক্ষ্যামি পূর্ব্ববদিদং প্রণতপ্রিয়োঽসৌ ॥২২

যৎদ্বিপরার্দ্ধধিষ্ণ্যং (দ্বিপরার্দ্ধং দ্বিপরার্দ্ধকালস্থায়ি ধিষ্ণ্যং স্থানং) সত্যলোকম্ অধ্যাসিতঃ অবস্থিতঃ অপি বিভেমি, (যম্) অবরুরুৎসমানঃ বশীকর্ত্তুমিচ্ছন্ বহ্বঃ সবঃ বহুযজ্ঞবিশিষ্টঃ (সন্) তপঃ তেপে, তস্মৈ অধিমখায় যজ্ঞাদিকর্ম্মাধিষ্ঠাত্রে ভগবতে তুভ্যং নমঃ ॥১৮

যঃ নিরস্তবিষয়োঽপি অবরুদ্ধদেহঃ প্রকটিতমূর্ত্তিঃ সন্ আত্মেচ্ছয়া স্বেচ্ছয়া আত্মকৃত-সেতুপরীপ্সয়া তির্য্যঙ্মনুষ্যবিবুধাদিষু জীবযোনিষু রেমে, তস্মৈ ভগবতে পুরুষোত্তমায় নমঃ ॥১৯

জঠরীকৃতলোকযাত্রঃ যঃ (ঈশঃ) দশার্দ্ধবৃত্ত্যা অবিদ্যয়া অনুপহতোঽপি জনস্য সুখং বিবৃণ্বন্ ভীমোর্ম্মিমালিনি অন্তর্জ্জলে জলমধ্যে অহিকশিপু-স্পর্শানুকূলাং নিদ্রাম্ উবাহ ॥২০

হে ঈড্য স্তবার্হ! লোকত্রয়োপকরণঃ অহং যদনুগ্রহেণ যৎকৃপয়া যন্নাভিপদ্মভবনাৎ আদম্ অভূবম্, যোগনিদ্রাবসানবিকসন্নলিনেক্ষণায় (যোগ-নিদ্রাবসানে বিকসৎ নলিনবৎ পদ্মমিব ঈক্ষণং লোচনং যস্য তস্মৈ), উদরস্থভবায় তে তুভ্যং নমঃ ॥২১

অয়ং সঃ ভগবান্ সমস্তজগতাম্ একঃ সুহৃৎ পালকঃ আত্মা অন্তর্য্যামী প্রণতপ্রিয়ঃ অসৌ যৎ

লোক নমস্কার করে, সেই সত্যলোকে অধিষ্ঠিত হইয়াও আমি যে কাল হইতে ভয় পাই এবং তোমাকেই পাইবার জন্য বহুবিধ যোগের অনুষ্ঠান করিয়া বহু সংবৎসর তপস্যা করি, তুমি সেই কালস্বরূপ। কেবল তাহাই নহে, তুমি সেই যাগাদি কর্ম্মের অধিষ্ঠাতা; অতএব তোমাকেই নমস্কার করি ।১২-১৮

তোমাতে বিষয়-সুখ-সম্বন্ধ আদি নাই, তথাপি তুমি স্বীয় আনন্দ অনুভবনিমিত্ত নিজ ইচ্ছামত তির্য্যক্ মনুষ্য ও দেবাদি জীবযোনিতে শরীর গ্রহণ করিয়া নিজকৃত ধর্ম্মমর্য্যাদাপালন-কামনায় ক্রীড়া করিয়া থাকে। এই জন্য তোমাতে উপাধি ও ধর্ম্ম ইত্যাদি সংস্পর্শ নাই বলিয়া তুমি পুরুষোত্তম, তোমাকে নমস্কার করি। অবিদ্যা, অস্মিতা, রাগ, দ্বেষ ও অভিনিবেশ এই পঞ্চপ্রকার বৃত্তি-বিশিষ্ট অবিদ্যা নিদ্রার কারণ। সেই অবিদ্যা তোমাকে অভিভূত করিতে পারে না। তথাপি তুমি প্রলয়কালীন ভয়ানক তরঙ্গসঙ্কুল-জলমধ্যে শেষশয্যায় শয়ন করিয়া (শেষ সর্পের) শীতল স্পর্শে সহজে নিদ্রা গিয়াছিলে। সেই সময় এই সমস্ত লোক তোমার উদরে ছিল; (সংসার সাগর মধ্যে ভোগরূপ সর্পের উপরে) নিদ্রারম্ভ অবিবেচক জনের নিদ্রা-সুখ যেরূপ হয়, তাহাই দেখান তোমার অভিপ্রায়। হে স্তবার্হ! আমি সৃষ্টি প্রভৃতি দ্বারা ত্রিলোকের উপকার করিবার জন্যই তোমার কৃপায় তোমার নাভি-পদ্মরূপ সদন হইতে উৎপন্ন হইয়াছি। প্রভো! যখন এই সমস্ত সংসার-প্রপঞ্চ প্রলয়-কালে তোমার উদরস্থ ছিল, তখন তুমি নিদ্রিত ছিলে। যোগনিদ্রার শেষ হইয়াছে, এখন তোমার নয়ন উন্মীলিত

এষ প্রপন্নবরদো রময়াত্মশক্ত্যা
যদ্ যৎ করিষ্যতি গৃহীতগুণাবতার:।
তস্মিন্ স্ববিক্রমমিদং সৃজতোঽপি চেতো
যুঞ্জীত কর্ম্ম শমলঞ্চ যথা বিজহ্যাম্ ॥২৩
নাভিহ্রদাদিহ সতোঽম্ভসি যস্য পুংসো
বিজ্ঞানশক্তিরহমাসমনন্তশক্তেঃ।
রূপং বিচিত্রমিদমস্য বিরূঢ়বতো মে
মা রীরিষীষ্ট নিগমস্য গিরাং বিসর্গঃ ॥২৪
সোঽসাবদভ্রকরুণো ভগবান্ বিবৃদ্ধ-
প্রেমস্মিতেন নয়নাম্বুরুহং বিজৃম্ভন্।
উত্থায় বিশ্ববিজয়ায় চ নো বিষাদং
মাধ্ব্যা গিরাপনয়তাৎ পুরুষঃ পুরাণঃ ॥২৫

যেন সত্ত্বেন জ্ঞানেন ভগেন ঐশ্বর্য্যেণ চ যুজ্যতে যুক্তো ভবতি, (ভগবং) তেন এব ভগেন। মে দৃশং জ্ঞানম্ অনুস্পৃশতাৎ যোজয়তু, যথা (যেন প্রকারেন) অহং পূর্ব্ববৎ ইদং বিশ্বং স্রক্ষ্যামি ॥২২

আত্মশক্ত্যা রময়া লক্ষ্ম্যা সহ গৃহীতগুণাবতার: গৃহীতা: সর্ব্বজন্তাপহৃতপাপত্বাদিগুণসহিতা: অবতারা: যেন স: প্রপন্নবরদ: প্রপন্নেভ্য: শরণমাগতেভ্যো বরান্ দদাতি ইতি এবং ভগবান্ যৎ যৎ মনুষ্যচেষ্টিতং করিষ্যতি, তস্মিন্ (কর্ম্মণি) ইদং স্ববিক্রমং স্বস্য ভগবতো বিক্রম: প্রভাবো যস্মিন্ তথাভূতং বিশ্বং) সৃজত: মে চেত: যুঞ্জীত প্রবর্ত্তয়তু, যথা যেনাহং কর্ম্মশমলম্ উত্তমাধমাদিসৃষ্টিনিমিত্তং পাপং বিজহ্যাং ত্যক্ষ্যামি ॥২৩

ইহ অম্ভসি সত: শয়ানস্য যস্য অনন্তশক্তে: পুংসো নাভিহ্রদাৎ কমলদ্বারাৎ বিজ্ঞানশক্তি: (বিজ্ঞানে শক্তি: যস্য স: মহত্তত্ত্বাভিমানী অহম্ আসম্। অস্য ইদং বিখ্যাত্মকং রূপং বিবৃণ্বত: বিস্তারয়ত: মে মম নিগমস্য বেদস্য গিরাম্ (অবয়বভূতানাং) বিসর্গ: উচ্চারণং মা রীরিষীষ্ট ন লুপ্যতাম্ ॥২৪

স: অসৌ অদভ্রকরুণ: (অদভ্রা মহতী করুণা যস্মিন্ স:) পুরাণ: পুরুষ: ভগবান্ বিশ্ববিজয়ায় (বিশ্বস্য বিজয়ায় উদ্ভবায়) উত্থায় বিবৃদ্ধপ্রেমস্মিতেন (বিবৃদ্ধ: প্রেমা যস্মিন্ তথাভূতেন স্মিতেন) নয়নাম্বুরুহং নয়নকমলং বিজৃম্ভন্ উল্লাসয়ন্ মাধ্ব্যা মধুরয়া গিরা বাণ্যা নঃ অস্মাকং বিষাদং বৈচিত্ত্যম্ অপনয়নতাৎ নিরাকুর্য্যাৎ ॥২৫

হইল। তুমি অচিন্ত্য-পুরুষ; তোমার আর কি স্তব করিব, কেবল নমস্কার করি।" পদ্মযোনি এইরূপ স্তব সমাপন করিয়া আপনা-আপনি প্রার্থনা করিতে লাগিলেন—এই ভগবান্ সমগ্র জগতের সুহৃৎ, ইনি সর্ব্বময়, সকলের অন্তর্যামী, ইনি আপনার যে জ্ঞান ও ঐশ্বর্য্য দ্বারা এই বিশ্বকে প্রমোদিত করিতেছেন, আমাতে সেই জ্ঞান ও সেই জগৎ ঐশ্বর্য্য অর্পণ করুন, আমি যেন পূর্ব্ববৎ সৃজন করিতে পারি। তিনি প্রণত-জনের প্রিয়, তিনি প্রণত ব্যক্তিদিগের মনস্কামনা পূর্ণ করিয়া থাকেন। আমিও প্রণাম করিয়া এই প্রার্থনা করিতেছি, আমার এই প্রার্থনা পূর্ণ করুন; ইহা ভিন্ন আমি আর কিছুই চাহি না। তিনি শরণাপন্ন ব্যক্তিকে বরদান করেন। আমি তাঁহারই আজ্ঞায় তাঁহার তেজোময় এই বিশ্বসৃষ্টিতে প্রবর্ত্তমান আছি বটে, তবুও তিনি নিজ অংশস্বরূপ মায়ার সহিত যে যে কার্য্য করিবেন, আমার চিত্ত সেই সমস্ত কর্ম্মে নিযুক্ত হউক। আমি যেন ঐ সকল কর্ম্মে অনুরক্ত হইয়া তজ্জনিত পাপ পরিত্যাগ করিতে পারি। তাঁহার শক্তি অনন্ত! তিনি যখন জলমধ্যে শায়িত ছিলেন, তখন তাঁহার নাভিরূপ হ্রদ হইতে আমি মহত্তত্ত্বাভিমান লাভ করিয়া উৎপন্ন হইয়াছি এবং এই বিশ্ব বিস্তার করিতেছি। তাঁহারই প্রসাদে আমার নিগম-সম্বন্ধীয় বাক্যোচ্চারণ যেন লুপ্ত না হয়। সেই পুরাণপুরুষ ভগবান্ অতিশয় দয়ালু। তিনি প্রবুদ্ধ প্রেমহাস্যে আপনার নয়নপদ্ম বিকসিত করিয়া এই বিশ্বের উদ্ভব-হেতু এবং আমার প্রতি অনুগ্রহ বিস্তার নিমিত্ত গাত্রোত্থানপূর্ব্বক সুমধুরবচনে আমার বিষাদ দূর করুন।১৯-২৫

মৈত্রেয় উবাচ।

স্বসম্ভবং নিশাম্যৈবং তপোবিদ্যাসমাধিভিঃ।
যাবন্মনোবচঃ স্তুত্বা বিররাম স খিন্নবৎ ॥২৬
অথাভিপ্রেতমন্বীক্ষ্য ব্রহ্মণো মধুসূদনঃ।
বিষণ্ণচেতসস্তেন কল্পব্যতিকরাম্ভসা ॥২৭
লোকসংস্থানবিজ্ঞানে আত্মনঃ পরিখিদ্যতঃ।
তমাহাগাধয়া বাচা কশ্মলং শমযন্নিব ॥২৮

শ্রীভগবানুবাচ।

মা বেদগর্ভ গাস্তন্দ্রীং সর্গ উদ্যমমাবহ।
তন্ময়াপাদিতং হ্যগ্রে যন্মাং প্রার্থয়তে ভবান্ ॥২৯
ভূয়স্তং তপ আতিষ্ঠ বিদ্যাঞ্চৈব মদাশ্রয়াম্।
তাভ্যামন্তর্হৃদি ব্রহ্মন্ লোকান্ দ্রক্ষ্যস্যপাবৃতান্ ॥৩০
তত আত্মনি লোকে চ ভক্তিযুক্তঃ সমাহিতঃ।
দ্রষ্টাসি মাং ততং ব্রহ্মন্ ময়ি লোকাংস্ত্বমাত্মনঃ ॥৩১

মৈত্রেয়ঃ উবাচ। স্বসম্ভবং (স্বস্য সম্ভবঃ যস্মাৎ তং ভগবন্তং) তপোবিদ্যাসমাধিভিঃ (তপঃ শারীরং সন্তাপসহনং বিদ্যা ভক্তিঃ সমাধিঃ তস্মিন্ মনসঃ ঐকাগ্র্যং তৈঃ) এবং পূর্ব্বোক্তপ্রকারেণ নিশাম্য দৃষ্ট্বা। যাবন্মনোবচঃ স্বমনোবচনশক্ত্যানুসারেণ স্তুত্বা সঃ ব্রহ্মা বিররাম তূষ্ণীং বভূব ॥২৬

অথ তেন ভয়ঙ্করতয়া প্রসিদ্ধেন কল্পব্যতিকরাম্ভসা (কল্পং ব্যতিকরোতি বিনাশয়তি ইতি তচ্চ অম্ভঃ তেন) বিষণ্ণচেতসঃ (বিষণ্ণং চেতো যস্য তস্য) আত্মনঃ স্বস্য হেতোঃ লোকসংস্থানবিজ্ঞানে (লোকসংস্থানং লোকরচনাং তস্য বিজ্ঞানে বিষয়ে) পরিখিদ্যতঃ তদলভমানস্য ব্রহ্মণঃ অভিপ্রেতম্ অভিপ্রায়ম্ অন্বীক্ষ্য জ্ঞাত্বা তস্য কশ্মলং বিষাদং শময়ন্ ইব দূরীকুর্ব্বন্ অগাধয়া গম্ভীরার্থয়া বাচা তং ব্রহ্মাণম্ আহ ॥২৭-২৮

শ্রীভগবান্ উবাচ। হে বেদগর্ভ! ত্বং তন্দ্রীম্ আলস্যং মা গাঃ মা কুরু ন আপ্নুহি, (কিন্তু সর্গে সৃষ্টৌ উদ্যমং প্রযত্নম্ আবহ কুরু। ভবান্ যৎ মাং প্রার্থয়তে, তৎ হি ময়া অগ্রে এব আপাদিতং সম্পাদিতম্ ॥২৯

ত্বং ভূয়ঃ পুনরপি তপঃ মদাশ্রয়াং মদ্বিষয়াং বিদ্যাম্ উপাসনাং চ আতিষ্ঠ কুরু। হে ব্রহ্মন্! তাভ্যাং তপোবিদ্যাভ্যাম্ অপাবৃতান্ আবরণ-শূন্যান্ লোকান্ (দেবমনুষ্যাদিসহিতান্ অন্তর্হৃদি হৃদয়-কমল-মধ্যে দ্রক্ষ্যসি ॥৩০

তথা যথাবল্লোকদর্শনানন্তরম্ এব হে ব্রহ্মন্! ত্বং ভক্তিযুক্তঃ সমাহিতঃ একাগ্রচিত্তঃ সন্ আত্মনি স্বস্মিন্ লোকে চেতনাচেতনাত্মনি জগতি চ ততং ব্যাপ্তং মাং (তথা লোকান্ আত্মনঃ জীবান্ চ ময়ি স্থিতান্ দ্রষ্টা অসি দ্রক্ষ্যসি ॥৩১

মৈত্রেয় বলিলেন,—হে বিদুর! ব্রহ্মা এইরূপ তপস্যা, উপাসনা এবং সমাধি দ্বারা নিজের উৎপত্তি স্থল ভগবান্‌কে অবলোকন করিয়া এবং যথাসাধ্য মনোবাক্যে তাঁহার স্তব করিয়া শান্ত হইলেন। ভগবান্ দেখিলেন, ব্রহ্মা আপনার বিশ্বরচনা-বিষয়ক বিজ্ঞানশূন্য হইয়াছেন এবং প্রলয় সলিল দেখিয়া তাঁহার চিত্ত অতিশয় বিষণ্ণ হইয়াছে। এইজন্য তিনি তাঁহার অভিপ্রায় জানিতে পারিয়া গম্ভীরবচনে তাঁহার মোহ অপনোদন করিয়া বলিতে লাগিলেন,—হে বেদগর্ভ! দুঃখিত হইও না, সৃষ্টির নিমিত্ত ভাবনা নাই, তুমি আমার নিকট যাহা চাহিতেছ, তাহা পূর্ব্বেই সম্পন্ন করিয়া রাখিয়াছি। ব্রহ্মন্! তুমি পুনরায় তপশ্চরণ করিয়া আমার উপাসনা-সম্বন্ধীয় বিদ্যা অভ্যাস কর। ইহাতেই আপনার হৃদয়ে লোকসকল স্পষ্টরূপে দেখিতে পাইবে। তাহার পর ভক্তিমান্ হইয়া নিবিষ্টচিত্ত হইলেই তুমি দেখিতে পাইবে,—তোমার আপনাতে এবং এই সকল লোকে আমি সর্ব্বব্যাপী হইয়া অধিষ্ঠিত আছি এবং ঐ সকল লোক ও জীবসমূহ আমাতে রহিয়াছে। হে ব্রহ্মন্!

যদা তু সর্ব্বভূতেষু দারুষগ্নিমিব স্থিতম্।
প্রতিচক্ষীত মাং লোকো জহ্যাৎ তর্হ্যেব কশ্মলম্ ॥৩২
যদা রহিতমাত্মানং ভূতেন্দ্রিয়গুণাশয়ৈঃ।
স্বরূপেণ ময়োপেতং পশ্যন্ স্বারাজ্যমৃচ্ছতি ॥৩৩
নানাকর্ম্মবিতানেন প্রজা বহ্বীঃ সিসৃক্ষতঃ।
নাত্মাবসীদত্যস্মিংস্তে বর্ষীয়ান্ মদনুগ্রহঃ ॥৩৪

ঋষিমাদ্যং ন বধ্নাতি পাপীয়াংস্ত্বাং রজোগুণঃ।
যন্মনো ময়ি নির্ব্বদ্ধং প্রজাঃ সংসৃজতোঽপি তে ॥৩৫
জ্ঞাতোঽহং ভবতা ত্বদ্য দুর্বিজ্ঞেয়োঽপি দেহিনাম্।
যন্মাং ত্বং মন্যসেঽযুক্তং ভূতেন্দ্রিয়গুণাত্মভিঃ ॥৩৬
তুভ্যং মদ্বিচিকিৎসায়া আত্মা মে দর্শিতোঽবহিঃ।
নালেন সলিলে মূলং পুষ্করস্য বিচিন্বতঃ ॥৩৭

লোকঃ জনঃ যদা তু দারুষু স্থিতম্ অগ্নিম্ ইব মাং সর্ব্বভূতেষু (চেতনাচেতনাত্মকেষু অবস্থিতং) প্রতিচক্ষীত পরিপশ্যেৎ, তর্হি এব কশ্মলং পাপং (সর্ব্বত্রাহঙ্কারাভাবাৎ) জহ্যাৎ ত্যজেৎ ॥৩২

(এবং জীবাত্মপরমাত্মভেদেন উপাসকানামপি সর্ব্বদোষসংস্পর্শিত্বম্ উক্ত্বা। তদভেদং পশ্যতাং তু মোক্ষমেবাহ)। ভূতেন্দ্রিয়গুণাশয়ৈঃ (ভূতানি পৃথিব্যাদীনি ইন্দ্রিয়াণি চ গুণাঃ সত্ত্বাদয়ঃ আশয়ঃ অন্তঃকরণং চ এতৈঃ) রহিতম্ এভ্যো বিলক্ষণং ভিন্নম্ আত্মানং স্বরূপেণ স্বরূপভূতেন ময়া উপেতম্ একীভূতং যদা পশ্যন্ ভবতি, (তদা দেহাদ্যধ্যাসনিবৃত্ত্যা) স্বারাজ্যম্ (স্বেনৈব রাজতে ইতি অকর্ম্মবশ্যত্বং স্বাতন্ত্র্যম্) ঋচ্ছতি প্রাপ্নোতি ॥৩৩

নানাকর্ম্মবিতানেন (নানাকর্ম্মণাং জীবসম্বন্ধ্যনাদিপুণ্যপাপরূপাণাং বিতানেন বিস্তারেণ) বহ্বীঃ বহুবিধাঃ প্রজাঃ (দেবমনুষ্যরূপাঃ) সিসৃক্ষতঃ স্রষ্টুমিচ্ছতঃ তে তব আত্মা চিত্তম্ অস্মিন্ সময়ে (যৎ) ন অবসীদতি মোহং ন প্রাপ্নোতি ইতি এষ মে বর্ষীয়ান্ মহত্তরঃ মদনুগ্রহঃ ॥৩৪

যৎ যস্মাৎ প্রজাঃ সংসৃজতঃ অপি তে তব মনঃ ময়ি নির্ব্বন্ধং অত্যাসক্তং (অতঃ) পাপীয়ান্ (বিক্ষেপাদিনা বন্ধকোঽপি) রজোগুণঃ আদ্যম্ (আদৌ ভবম্) ঋষিং (মৎস্বরূপগুণভূতি-প্রতিপাদক-কৃৎস্নবেদরাশিদ্রষ্টারং ত্বাং ন বধ্নাতি বিক্ষেপাদিকং ন করোতি ইতি) মদনুগ্রহঃ ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥৩৫

যৎ যস্মাৎ ত্বং ভূতেন্দ্রিয়গুণাত্মভিঃ (ভূতানি ইন্দ্রিয়াণি গুণাঃ প্রকৃতাঃ সত্ত্বাদয়ঃ আত্মা অন্তঃকরণং তৈঃ) মাম্ অযুক্তং রহিতম্ (আনন্দমাত্র-করচরণাদিমন্তং) মন্যসে, (অতঃ) দেহিনাং দুর্ব্বিজ্ঞেয়ঃ অপি অহং ভবতা জ্ঞাতঃ অস্মি ॥৩৬

পুষ্করস্য পদ্মস্য নালেন মার্গেণ সলিলে মূলম্ অধিষ্ঠানং বিচিন্বতঃ অন্বেষয়তঃ তুভ্যং তব মদ্বিচিকিৎ-

---

আমি সর্ব্বত্র বিদ্যমান আছি, যখন লোকে এইরূপ দর্শন করে, তখন মোহ দূর হয়। অগ্নি যেমন সকল কাষ্ঠের অভ্যন্তরে থাকে, আমি সেইরূপ সর্ব্বভূতেই আছি। লোক যখন ঐরূপ দর্শন করে, তখনই তাহার অজ্ঞান দূর হয় ।২৬-৩২

যখন ভূত, ইন্দ্রিয়, গুণ এবং বিষয়বিরহিত আত্মাকে অর্থাৎ 'তুমি' এই পদের প্রতিপাদ্য জীবকে আত্মস্বরূপ 'আমি' এই পদার্থের সহিত একীভূত করিয়া চিন্তা করে, তখনই মোক্ষলাভ হয়। তুমি বহুবিধ কর্ম্ম বিস্তার করিয়া বহু বহু প্রজা সৃষ্টি করিতে ইচ্ছা করিয়াছ, আমি তোমার এ ইচ্ছার প্রশংসা করি। এ বিষয়ে তোমার আত্মা অক্ষুণ্ণ হইবে। তোমার প্রতি আমি অতিশয় প্রসন্ন। হে বিধাতঃ! তুমি প্রজা সৃষ্টি করিতে ইচ্ছা করিয়া আমাতে মনোনিবেশ করিয়াছ, অতএব তুমি আদি ঋষি। পাপ রজোগুণ কখন তোমাকে বন্ধন করিতে পারিবে না। আমি দেহধারী পুরুষদিগের

যচ্চকর্থাঙ্গ মৎস্তোত্রং মৎকথাভ্যুদয়াঙ্কিতম্।
যদ্বা তপসি তে নিষ্ঠা স এষ মদনুগ্রহঃ ॥৩৮
প্রীতোঽহমস্তু ভদ্রং তে লোকানাং বিজয়েচ্ছয়া।
যদস্তৌষীর্গুণময়ং নির্গুণং মানুবর্ণয়ন্ ॥৩৯
য এতেন পুমান্ নিত্যং স্তুত্বা স্তোত্রেণ মাং ভজেৎ।
তস্যাশু সম্প্রসীদেয়ং সর্ব্বকামবরেশ্বরঃ ॥৪০
পূর্ত্তেন তপসা যজ্ঞৈর্দানৈর্যোগৈঃ সমাধিনা।
রাদ্ধং নিঃশ্রেয়সং পুংসাং মৎপ্রীতিস্তত্ত্ববিন্মতম্ ॥৪১
অহমাত্মাত্মনাং ধাতঃ প্রেষ্ঠঃ সন্ প্রেয়সামপি।
অতো ময়ি রতিং কুর্য্যাদ্দেহাদির্যৎকৃতে প্রিয়ঃ ॥৪২

সাত্মাং (অস্তি নাস্তি বা ইতি মদ্বিষয়ে সন্দেহে সতি) যে ময়া আত্মা স্বরূপম্ অবহিঃ অন্তর্হৃদি দর্শিতঃ ॥৩৭

হে অঙ্গ! মৎকথাভ্যুদয়াঙ্কিতং (মৎকথায়াঃ অভ্যুদয়ঃ প্রভাবঃ তেন অঙ্কিতং) মৎস্তোত্রং যৎ চকর্থ (কৃতবান্ অসি) যদ্বা তপসি তে তব নিষ্ঠা স্থিতির্জাতা সঃ এষঃ সর্ব্বোঽপি মদনুগ্রহঃ (এব) ॥৩৮

লোকানাং বিজয়েচ্ছয়া পালনেচ্ছয়া গুণময়ং কল্যাণগুণপ্রচুরম্ অপি মাং নির্গুণং প্রকৃত-হেয়-গুণরহিতম্ অনুবর্ণয়ন্ যৎ যস্মাৎ অস্তৌষীঃ স্তুতবানসি অতঃ অহং ত্বয়ি প্রীতঃ অস্মি। তে তব ভদ্রং কল্যাণম্ অস্তু ॥৩৯

এতেন (ভবৎকৃতেন) স্তোত্রেণ যঃ (পুমান্) নিত্যং মাং স্তুত্বা ভজেৎ পূজয়েৎ, তস্য সর্ব্বকামবরেশ্বরঃ (সর্ব্বেষাং কাম-বরাণাম্ ঈশ্বরঃ দাতা) অহম্ আশু শীঘ্রং সংপ্রসীদেয়ং প্রসন্নো ভবামি ॥৪০

পূর্ত্তেন (কূপারামাদিনির্ম্মাণেন) তপসা (কৃচ্ছ্রাদিনা) যজ্ঞৈঃ (অগ্নিষ্টোমাদিনা) দানৈঃ (তুলাপুরুষাদিভিঃ) যোগৈঃ (আত্মসংযমনাদিভিঃ) সমাধিনা (চিত্তৈকাগ্র্যেণ) চ রাদ্ধং সিদ্ধং যৎ পুংসাং নিঃশ্রেয়সং (ফলং), তৎ মৎপ্রীতিঃ এব ইতি তত্ত্ববিদাং (তত্ত্ববিদাং জ্ঞানিনাং সম্মতম্) ॥৪১

হে ধাতঃ! যৎকৃতে যস্যার্থং দেহাদিঃ প্রিয়ঃ ভবতি, প্রেয়সাম্ অতিপ্রিয়াণাং মধ্যে প্রেষ্ঠঃ প্রিয়তমঃ সন্ নিরবদ্যঃ আত্মনাং শুদ্ধজীবানাম্ আত্মা স্বরূপম্ অহম্ এব, অতঃ ময়ি রতিম্ অনুরাগং কুর্য্যাৎ ॥৪২

দুর্জ্ঞেয়, কিন্তু তুমি আজ আমাকে জানিতে পারিলে। যেহেতু ভূত, ইন্দ্রিয় এবং সত্ত্বাদিগুণ ও অহঙ্কার এ সকলের সহিত অসংযুক্ত বলিয়া আমাকে জানিতেছ। হে পদ্মযোনে! পদ্মনালের ছিদ্র-পথ দিয়া জলমধ্যে প্রবেশ পূর্ব্বক তাহার মূল অন্বেষণ করিতে তোমার যখন সন্দেহ উপস্থিতি হয়, তখন তোমার হৃদয় মধ্যে আমি বিদ্যুরূপে বিরাজ করিয়াছিলাম। তুমি আমারই অনুগ্রহে আমার মঙ্গলকথান্বিত সমস্ত স্তব করিয়াছ। তোমার তপস্যায় নিষ্ঠা হইয়াছিল, স্বীয় হৃদয় মধ্যে আমার রূপ দর্শন করিয়াছ। সে যাহা হউক, তোমার প্রতি আমি অতিশয় সন্তুষ্ট, তোমার কল্যাণ হউক। যদিও আমি গুণময়রূপে প্রতীয়মান হইয়াছি, তথাপি তুমি আমাকে নির্গুণ স্বরূপে বর্ণনা করিয়াছ। তোমার এই স্তবে আমি সন্তোষলাভ করিয়াছি এ-কথা বলা বাহুল্য মাত্র ॥৩৩-৩৯

যে কেহ তোমার কৃত এই স্তোত্র দ্বারা নিত্য স্তবে আমার উপাসনা করিবে, আমি আশু প্রসন্নচিত্তে তাহার সকল বাসনা পূর্ণ করিব ও তাহাকে সকল বর প্রদান করিব। হে ব্রহ্মন্! আমার প্রীতি উৎপাদন করাই পুরুষদকলের পরম মঙ্গলজনক, তদ্ভিন্ন অন্য উত্তম ফল কিছুই নাই। কূপাদিপ্রতিষ্ঠা, তপস্যা, যজ্ঞ, দান, যোগ এবং সমাধি—এ সকল দ্বারা পুরুষের যে ফল সিদ্ধ হয়, তত্ত্বজ্ঞ পণ্ডিতেরা বলেন, আমার সন্তোষ উৎপাদন করিলে তাহা সিদ্ধ হইয়া থাকে। হে বিধাতঃ! আমিই অহঙ্কারোপাধি জীবের আত্মা, অতএব আমি অতিপ্রিয় বস্তুর মধ্যেও প্রিয়তম এবং

সর্ব্ববেদময়েনেদমাত্মনাত্মাত্মযোনিনা।
প্রজাঃ সৃজ যথাপূর্ব্বং যাশ্চ ময্যনুশেরতে ॥৪৩

মৈত্রেয় উবাচ।
তস্মা এবং জগৎস্রষ্ট্রে প্রধানপুরুষেশ্বরঃ।
ব্যজ্যেদং স্বেন রূপেণ কঞ্জনাভস্তিরোদধে ॥৪৪

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে
নবমঃ অধ্যায়ঃ ॥

সর্ব্ববেদময়েন আত্মযোনিনা (আত্মা অহং যোনিঃ কারণং যস্য তেন) আত্মনা অন্যনিরপেক্ষেণ অন্তঃকরণেন আত্মা ত্বং যথাপূর্ব্বং পূর্ব্বকল্পে যথা অবস্থিতং যাঃ চ ময়ি অনুশেরতে উপসংহৃতাস্তিষ্ঠন্তি, (তাঃ) প্রজাঃ সৃজ উৎপাদয় ॥৪৩

প্রধানপুরুষেশ্বরঃ (প্রধানপুরুষয়োঃ ঈশ্বরঃ নিয়ন্তা (কঞ্জনাভঃ) কঞ্জং ত্রিলোকাত্মকং পদ্মং নাভৌ যস্য সঃ) ভগবান্ তস্মৈ জগৎস্রষ্ট্রে ব্রহ্মণে ইদং জগন্নির্ম্মাণপ্রকারাদিকং ব্যজ্য জ্ঞাপয়িত্বা স্বেন প্রদর্শিতেন নারায়ণ-রূপেণ তিরোদধে তৎস্বরূপং তিরোহিতম্ অকরোৎ ॥৪৪

ইতি শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতায়ন্বয়ে তৃতীয়স্কন্ধে
নবমঃ অধ্যায়ঃ ॥

নিরবদ্য। আমার নিমিত্তই লোকসকলের দেহাদিতে প্রীতি জন্মিয়া থাকে, এই নিমিত্ত আমার প্রতিই তাহাদের অনুরক্ত হওয়া কর্ত্তব্য। হে ব্রহ্মন্! যদিও তুমি কৃতার্থতা লাভ করিয়াছ, আর অন্য কোন বিষয় তোমার চাহিবার নাই, তুমি সর্ব্ববেদময় এবং আমিই তোমার কারণ—তুমি অন্য নিরপেক্ষ হইয়া এই ত্রৈলোক্য এবং প্রজাসকলকে পূর্ব্বের ন্যায় পুনর্ব্বার সৃজন কর। আর সৃষ্টি বিষয়ে তুমি ত নূতন নহ, পূর্ব্বে কতবার সৃষ্টি করিয়াছ। যাহাদিগকে সৃজন করিতে হইবে, তাহারা আমাতেই শয়ন করিয়া রহিয়াছে, কেবল প্রকাশ করা বৈ ত নয়! এ কর্ম্ম তোমার অসাধ্য নহে। মৈত্রেয় বলিলেন,—বৎস বিদুর! প্রধান পুরুষেশ্বর ভগবান্ পদ্মনাভ জগৎস্রষ্টা ব্রহ্মার নিকট এই প্রকার সৃজ্য বস্তু প্রকাশ করিয়া সেই নারায়ণ-স্বরূপেই তথায় তিরোহিত হইলেন ॥৪৩-৪৪

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণে তৃতীয়স্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশ্রীজীবন্যায়তীর্থকৃত বঙ্গভাষানুবাদসহিত
নবম অধ্যায় সমাপ্ত।

দশমঃ অধ্যায়ঃ

[দশবিধা সৃষ্টিঃ।]

বিদুর উবাচ।

অন্তর্হিতে ভগবতি ব্রহ্মা লোকপিতামহঃ।
প্রজাঃ সসর্জ্জ কতিধা দৈহিকীর্মানসীর্বিভুঃ ॥১
যে চ মে ভগবন্ পৃষ্টাস্ত্বয্যর্থাঃ বহুবিত্তম।
তান্ বদস্বানুপূর্ব্ব্যেণ ছিন্ধি নঃ সর্ব্বসংশয়ান্ ॥২

সূত উবাচ।

এবং সঞ্চোদিতস্তেন ক্ষত্রা কৌষারবো মুনিঃ।
প্রীতঃ প্রত্যাহ তান্ প্রশ্নান্ হৃদিস্থানথ ভার্গব ॥৩

মৈত্রেয় উবাচ।

বিরিঞ্চোঽপি তথা চক্রে দিব্যং বর্ষশতং তপঃ।
আত্মন্যাত্মানমাবেশ্য যথাহ ভগবানজঃ ॥৪

তদ্বিলোক্যাব্জসম্ভূতো বায়ুনা যদধিষ্ঠিতঃ।
পদ্মমম্ভশ্চ তৎকালকৃতবীর্য্যেণ কম্পিতম্ ॥৫

বিদুরঃ উবাচ। ভগবতি অন্তর্হিতে সতি লোকপিতামহঃ বিভুঃ প্রসিদ্ধঃ ব্রহ্মা দৈহিকীঃ দেহজাঃ মানসীঃ সঙ্কল্পজাঃ কতিধাঃ কতিপ্রকারাঃ প্রজাঃ সসর্জ্জ ? ১

হে বহুবিত্তম ব্রহ্মন্! ত্বয়ি ত্বদগ্রে মে ময়া যে চ অর্থাঃ সংশয়বিষয়াঃ পদার্থাঃ পৃষ্টাঃ তান্ প্রশ্নান্ আনুপূর্ব্ব্যেণ একৈকশঃ বদস্ব কথয়! তেন নঃ অস্মাকং সর্ব্বসংশয়ান্ ছিন্ধি নিবর্ত্তয় ॥২

সূতঃ উবাচ। হে ভার্গব! তেন ক্ষত্রা বিদুরেণ এবং সঞ্চোদিতঃ উত্তরদানার্থং প্রবর্ত্তিতঃ মুনিঃ মননশীলঃ কৌষারবঃ মৈত্রেয়ঃ প্রীতঃ সন্ হৃদিস্থান্ অবিস্মৃতান্ এব তান্ বিদুরকৃতান্ প্রশ্নান্ অথ প্রত্যাহ (তদুত্তরং দত্তবান্) ॥৩

মৈত্রেয়ঃ উবাচ। অজঃ জন্মক্ষয়াদি-বিকারশূন্যঃ ভগবান্ (নারায়ণঃ) (যৎ ভূয়স্ত্বং তপ আতিষ্ঠ বিস্তায়ৈব মদাশ্রয়ামিতি) আহ বিরিঞ্চঃ ব্রহ্মা অপি তথা আত্মনি পরমাত্মনি আত্মানং মনঃ আবেশ্য স্থিরীকৃত্য দিব্যং দেবমানমিতং বর্ষশতং তপঃ চক্রে ॥৪

অব্জসম্ভূতঃ ব্রহ্মা যদধিষ্ঠিতঃ (যৎ পদ্মম্ অধিষ্ঠায়

দশম অধ্যায়

[দশবিধ সৃষ্টি।]

বিদুর বলিলেন,—হে মুনিসত্তম! ভগবান্ নারায়ণ যখন অন্তর্হিত হইলেন, তখন লোক-পিতামহ ব্রহ্মা,—দেহ এবং মন হইতে কত প্রকার প্রজা সৃষ্টি করিলেন? আপনাকে আমি পূর্ব্বে যে সমস্ত জিজ্ঞাসা করিয়াছি, তৎসমুদায়ও আনুপূর্ব্বিক বর্ণনা করুন এবং আমাদের সন্দেহ সমূহ ছেদন করুন। সূত বলিলেন,—হে ভৃগু-নন্দন! বিদুরের এই প্রকার প্রার্থনা শুনিয়া মৈত্রেয়মুনি সাতিশয় প্রীতিলাভ করিলেন; বিদুর পূর্ব্বে যে সকল প্রশ্ন করিয়াছিলেন, তাহা মৈত্রেয়ের হৃদয়স্থ ছিল। বিদুরের এখনকার প্রশ্নে তিনি তাহা বিস্মৃত হন নাই; এক্ষণে তিনি একে একে সেইসকল প্রশ্নের উত্তর দিতে আরম্ভ করিলেন। মৈত্রেয় বলিলেন,—হে বিদুর! সেই অজ ভগবান্ যে যে উপদেশ দিয়া অন্তর্হিত হইলেন, ব্রহ্মা তদনুসারে ঐ ভগবানে মনোনিবেশ করিয়া দিব্য পরিমাণের শতবৎসর কাল

তপসা হেধমানেন বিদ্যয়া চাত্মসংস্থয়া।
বিবৃদ্ধবিজ্ঞানবলো ন্যপাদ্ বায়ুং সহাম্ভসা ॥৬
তন্নিলোক্য বিয়দ্ব্যাপি পুষ্করং যদধিষ্ঠিতম্।
অনেন লোকান্ প্রাগ্লীনান্ কল্পিতাস্মীত্যচিন্তয়ৎ ॥৭
পদ্মকোষং তদাবিশ্য ভগবৎকর্ম্মচোদিতঃ।
একং ব্যভাঙ্ক্ষীদুরুধা ত্রিধা ভাব্যং দ্বিসপ্তধা ॥৮

স্থিতঃ) তৎপদ্মম্ অম্ভঃ চ তৎকালকৃতবীর্য্যেণ (তৎকালেন প্রলয়কালেন কৃতং বীর্য্যং বলং যস্য তেন) বায়ুনা কম্পিতং বিলোক্য (ন্যপাদিত্যুত্তরেণান্বয়ঃ) ॥৫

এধমানেন উত্তরোত্তরপ্রবৃদ্ধেন তপসা আত্মসংস্থয়া পরমাত্মবিষয়য়া বিদ্যয়া উপাসনয়া চ হি বিবৃদ্ধবিজ্ঞানবলঃ (বিবৃদ্ধং বিজ্ঞানম্ এব বলং যস্য সঃ) ব্রহ্মা অম্ভসা সহ বায়ুং ন্যপাৎ পীতবান্ ॥৬

যৎ অধিষ্ঠিতং তৎ বিয়দ্ব্যাপি অত্যুন্নতং পুষ্করং কমলং বিলোক্য অনেন কমলেন প্রাক্ পূর্ব্বকল্পান্তে লীনান্ লোকান্ কল্পিতাস্মি স্রক্ষ্যামি ইতি অচিন্তয়ৎ ॥৭

ভগবৎকর্ম্মচোদিতঃ (ভগবতা স্বয়ং করণীয়ে

এতাবান্ জীবলোকস্য সংস্থাভেদঃ সমাহৃতঃ।
ধর্ম্মস্য হ্যনিমিত্তস্য বিপাকঃ পরমেষ্ঠ্যসৌ ॥৯

বিদুর উবাচ।

যদাত্থ বহ্বরূপস্য হরেরদ্ভুতকর্ম্মণঃ।
কালাখ্যং লক্ষণং ব্রহ্মন্ যথা বর্ণয় নঃ প্রভো ॥১০

কর্ম্মণি চোদিতঃ প্রবর্ত্তিতঃ ব্রহ্মা) তদা দ্বিসপ্তধা চতুর্দ্দশলোকরূপেণ উরুধা ততোঽপি বহুপ্রকারেণ ভাব্যং ভাবয়িতুং যোগ্যং পদ্মকোষম্ আবিশ্য তৎ একম্ এব ত্রিধা লোকত্রয়রূপেণ ব্যভাঙ্ক্ষীৎ বিভক্তং কৃতবান্ ॥৮

জীবলোকস্য (জীবানাং ভোগস্থানস্য প্রত্যহং সৃজ্যস্য) সংস্থাভেদঃ রচনাবিশেষঃ এতাবান্; হি যস্মাৎ (অনিমিত্তস্য নিষ্কামস্য ধর্ম্মস্য) দশ-শতাশ্বমেধস্য শতজন্মসাধিতস্য) বিপাকঃ ফলরূপঃ অসৌ পরমেষ্ঠী ব্রহ্মা (ব্রহ্মলোকঃ) ॥৯

বিদুরঃ উবাচ। হে প্রভো ব্রহ্মন্! অদ্ভুতকর্ম্মণঃ (অদ্ভুতম্ আশ্চর্য্যকরং জগদুৎপত্ত্যাদি কর্ম যস্য তস্য)

যাবৎ তপস্যা করিলেন। অনন্তর তিনি দেখিলেন, যে পদ্মে তিনি অধিষ্ঠিত ছিলেন, সেই পদ্ম এবং তাঁহার আধার-স্বরূপ জল তৎকালীন বর্দ্ধিত শক্তিশালী প্রলয়-বায়ু দ্বারা কম্পিত হইতেছে। তখন তিনি আরও বর্দ্ধিত তপস্যা এবং আত্মস্থিত বিদ্যা দ্বারা সাতিশয় বিজ্ঞানবল পাইয়া জলের সহিত ঐ বায়ুসমুদায় পান করিলেন।১-৬

পরে তাঁহার আসনস্বরূপ পদ্মকে আকাশব্যাপী দেখিয়া এই চিন্তা করিলেন, পূর্ব্বকালীন লোকত্রয়কে এই পদ্ম দ্বারাই পুনর্ব্বার সৃষ্টি করিব। অনন্তর ভগবান্ ব্রহ্মা স্বয়ং ঐ পদ্মকোষে প্রবেশ করিয়া সেই এক পদ্মকে তিন লোকরূপে তিন প্রকারে বিভক্ত করিলেন। ঐ পদ্ম অতিশয় বিশাল, তাহাই চতুর্দ্দশ লোকস্বরূপ হইয়া চতুর্দ্দশ প্রকার এবং তদপেক্ষাও বহুবিধ হইতে পারে। তাহাতে যে ত্রিলোক রচনা হইবে, তাহা আর বিচিত্র কি! হে বিদুর! এই যে ত্রিভুবন লোক, ইহা প্রত্যহ সৃজ্যমান জীবগণের ভোগ্যস্থানের রচনা বিশেষ। ব্রহ্মলোক এবং সত্য মহঃ প্রভৃতি লোক নিষ্কাম ধর্ম্মের ফল, অতএব ইহাদের সৃষ্টি প্রত্যহ হয় না; দ্বিপরার্দ্ধকাল পর্য্যন্ত এ সকলের বিনাশ হইবে না। ত্রৈলোক্য কাম্য কর্ম্মের ফল, এইজন্য কল্পে কল্পে তাহার উৎপত্তি ও বিনাশ হয়। তাহার পরেও সেই সেই স্থানে যাহারা থাকে, তাহারা প্রায়ই মুক্তি পাইয়া থাকে। (মৈত্রেয় মুনির মুখ হইতে এইরূপে কালভেদ ও লোকসৃষ্টির তত্ত্ব শ্রবণ করিয়া, বিদুর সেই কালের প্রকৃত তত্ত্ব জানিতে অভিলাষী হইলেন এবং মুনিকে জিজ্ঞাসা করিলেন)

মৈত্রেয় উবাচ।

গুণব্যতিকরাকারো নির্ব্বিশেষোঽপ্রতিষ্ঠিতঃ।
পুরুষস্তদুপাদানমাত্মানং লীলয়াসৃজৎ ॥১১
বিশ্বং বৈ ব্রহ্মতন্মাত্রং সংস্থিতং বিষ্ণুমায়য়া।
ঈশ্বরেণ পরিচ্ছিন্নং কালেনাব্যক্তমূর্ত্তিনা ॥১২
যথেদানীং তথা চাগ্রে পশ্চাদপ্যেতদীদৃশম্ ॥১৩
সর্গো নববিধস্তস্য প্রাকৃতো বৈকৃতস্তু যঃ।
কালদ্রব্যগুণৈরস্য ত্রিবিধঃ প্রতিসংক্রমঃ ॥১৪
আদ্যস্তু মহতঃ সর্গো গুণবৈষম্যমাত্মনঃ।
দ্বিতীয়স্ত্বহমো যত্র দ্রব্যজ্ঞানক্রিয়োদয়ঃ ॥১৫
ভূতসর্গস্তৃতীয়স্তু তন্মাত্রো দ্রব্যশক্তিমান্।
চতুর্থ ঐন্দ্রিয়ঃ সর্গো যস্তু জ্ঞানক্রিয়াত্মকঃ ॥১৬

বহুরূপস্য সর্বরূপস্য হরেঃ (ভক্তানাং সংসারদুঃখ-হরণশীলস্য ভগবতঃ) যৎ কালাখ্যং লক্ষণং স্বরূপং (তত্র তত্র) ত্বম্ আত্থ অব্রবীঃ, তৎ নঃ অস্মান্ প্রতি যথাবৎ বর্ণয় কথয় ॥১০

মৈত্রেয়ঃ উবাচ। গুণব্যতিকরাকারঃ (গুণানাং সত্ত্বাদীনাং ব্যতিকরাৎ সাম্যাবস্থাত্যাগাৎ আকারঃ স্বরূপজ্ঞানং যস্য সঃ) গুণবৈষম্যহেতুঃ (কালঃ) নির্ব্বিশেষঃ (মূর্ত্তত্বাদিপ্রত্যক্ষহেতুভিঃ বিশেষ-রহিতঃ কার্য্যানুমেয়ঃ) অপ্রতিষ্ঠিতঃ (প্রতিষ্ঠা পর্য্যবসানং তদ্রহিতঃ আদ্যন্তশূন্যঃ) পুরুষঃ সৃষ্ট্যাদিনিমিত্তীভূতঃ কালঃ এব তদুপাদানম্ (উপাদীয়তে নিমিত্ততয়া স্বীক্রিয়তে ইত্যুপাদানং সঃ কালঃ উপাদানং যস্মিন্ তৎ) আত্মানং (তথাভূতম্ এব ঈশ্বরে) লীলয়া অনায়াসেন এব অসৃজৎ ॥১১

বিষ্ণুমায়য়া ভগবৎসঙ্কল্পেন সংস্থিতং সংহৃতম্ অতো ব্রহ্ম তন্মাত্রম্ এব সৎ বিশ্বম্ অব্যক্তমূর্ত্তিনা ঈশ্বরেণ কালেন পরিচ্ছিন্নং পৃথক্ প্রকাশিতম্ ॥১২

এতদ্বিশ্বং যথা ইদানীং দৃশ্যতে অগ্রে (প্রলয়াৎ পূর্ব্বম্ অপি তথৈব আসীৎ) পশ্চাৎ (ভাবিপ্রলয়াদনন্তরং) অপি এতৎ ঈদৃশম্ (এব ভবিষ্যতি) ॥১৩

প্রাকৃতঃ (ষড়্বিধঃ) বৈকৃতঃ (ত্রিবিধঃ) তু নববিধঃ যঃ সর্গঃ অস্য সর্গস্য কালদ্রব্যগুণৈঃ (ত্রিবিধঃ) প্রতি-সংক্রমঃ প্রলয়ঃ ॥১৪

আত্মনঃ পরমাত্মনঃ (সকাশাৎ) গুণবৈষম্যং (বৈষম্যাপন্নগুণত্রয়াত্মকপ্রকৃতিবিকারবিশেষঃ যঃ) মহতঃ মহত্তত্ত্বস্য সর্গঃ সঃ আদ্যঃ প্রথমঃ। দ্রব্যজ্ঞান-ক্রিয়োদয়ঃ (দ্রব্যাণি পৃথিব্যাদীনি, জ্ঞানানি জ্ঞানেন্দ্রিয়াণি দেবতাঃ মনশ্চ ক্রিয়াঃ কর্ম্মেন্দ্রিয়াণি চ তেষাম্ উদয়ঃ উৎপত্তিঃ) যত্র যস্মাৎ তস্য অহমঃ অহঙ্কারস্য তু সর্গঃ দ্বিতীয়ঃ ॥১৫

দ্রব্যশক্তিমান্ (পৃথিব্যাদি পঞ্চমহাভূতোৎপাদকঃ) তন্মাত্রঃ শব্দাদি পঞ্চতন্মাত্ররূপো ভূতসর্গঃ ভূতসূক্ষ্মসর্গঃ তৃতীয়ঃ যঃ তু জ্ঞানক্রিয়াত্মকঃ জ্ঞানকর্ম্ম-হেতুভূতঃ ঐন্দ্রিয়ঃ ইন্দ্রিয়াণাং সর্গঃ সঃ চতুর্থঃ ॥১৬

—মুনে! বহুরূপী বিচিত্রকর্ম্মা হরির কাল নামে যে এক রূপ আছে, সেই কাল কিরূপে কল্পিত হয়, তাহার স্থূল ও সূক্ষ্ম রূপই বা কি? এ সমস্ত আমার নিকট যথাবৎ বলুন।৭-১০

মৈত্রেয় বলিলেন,—বৎস বিদুর! গুণ-সকলের মহত্তত্ত্বাদি রূপ পরিণামে যাহা ব্যক্ত হয়, তাহাই কাল। ঐ কাল আদ্যন্তশূন্য। ভগবান্ পরমপুরুষ লীলাবশতঃ সেই কালকেই নিমিত্ত করিয়া ব্রহ্মাণ্ড সৃজন করেন।

এই বিশ্ব ভগবান্ বিষ্ণুর মায়াতে সংহৃত হইয়া ব্রহ্মতন্মাত্র হইয়াছিল। পরে পরমেশ্বর অব্যক্তকালকে নিমিত্ত করিয়া তাহাই পুনরায় স্বতন্ত্ররূপে প্রকাশ করিয়াছেন। এই বিশ্ব এক্ষণে যাহা, পূর্ব্বেও তাহাই ছিল, পরেও তাহাই হইবে। এই বিশ্বের সৃষ্টি নয় প্রকার। তন্মধ্যে প্রাকৃত এবং বৈকৃত—এই উভয়াত্মক যে সৃষ্টি আছে, তাহা দশম। প্রলয় ত্রিবিধ—নিত্য, দ্রব্য অর্থাৎ সর্ব্বজন ঘুমাদি প্রভৃতি দ্বারা সংঘটিত প্রলয়—নৈমিত্তিক

বৈকারিকো দেবসর্গঃ পঞ্চমো যন্ময়ং মনঃ।
ষষ্ঠস্তু তমসঃ সর্গো যস্ত্ববুদ্ধিকৃতঃ প্রভো ॥১৭

ষড়িমে প্রাকৃতাঃ সর্গাঃ বৈকৃতানপি মে শৃণু।
রজোভাজো ভগবতো লীলেয়ং হরিমেধসঃ ॥১৮

সপ্তমো মুখ্যসর্গস্তু ষড়্বিধস্তস্মুষাঞ্চ যঃ।
বনস্পত্যোষধিলতাত্বক্সারা বীরুধো দ্রুমাঃ ॥১৯
উৎস্রোতসস্তমঃপ্রায়া অন্তঃস্পর্শা বিশেষিণঃ ॥২০
তির*চামষ্টমঃ সর্গঃ সোঽষ্টাবিংশদ্বিধো মতঃ।
অবিদো ভূরিতমসো জ্ঞানশক্তা হ্যচেতসঃ ॥২১

যন্ময়ং (যস্য সাত্ত্বিকাহঙ্কারস্য কার্য্যং) মনঃ সঃ বৈকারিকঃ (সাত্ত্বিকাহঙ্কারকার্য্যভূতঃ) দেবসর্গঃ (ইন্দ্রিয়াভিমানিদেবানাং দিগ্বাতাদীনাং) সর্গঃ পঞ্চমঃ; প্রভো! (আত্মনাং প্রভুত্বেন অভিমানিনঃ) অবুদ্ধিকৃতঃ অবিমৃশ্যকারিণঃ তমসঃ তামিস্রাদিপঞ্চপর্ব্বাবিদ্যায়াঃ যঃ সর্গঃ, (সঃ) তু ষষ্ঠঃ ॥১৭

ইমে ষট্ প্রাকৃতাঃ (ভগবদিচ্ছাবশাৎ প্রকৃতিতঃ উৎপন্নাঃ) সর্গাঃ (বর্ণিতাঃ), বৈকৃতান্ অপি সর্ব্বান্ মে মতঃ ত্বং শৃণু, (যতঃ) রজোভাজঃ (সৃষ্ট্যাদ্যর্থং গৃহীত-রজোগুণস্য) ভগবতঃ (অতঃ) হরিমেধসঃ (হরতি সংসারক্লেশমিতি হরিঃ তথাভূতা মেধা বুদ্ধির্যস্য তস্য) ইয়ং সর্গরূপা লীলা অবশ্যমেব শ্রোতব্যা ইত্যর্থঃ ॥১৮

বনস্পত্যোষধি-লতাত্বক্সারাঃ বীরুধঃ দ্রুমাঃ ইতি তস্মুনাং স্থাবরাণাং বৃক্ষাণাং ষড়্বিধঃ যঃ মুখ্যসর্গঃ (সঃ) তু সপ্তমঃ ॥১৯

উৎস্রোতসঃ ঊর্দ্ধগকারিণঃ তমঃপ্রায়াঃ অব্যক্ত-চৈতন্যাঃ অন্তঃস্পর্শাঃ অন্তঃসংজ্ঞাবিশিষ্টাঃ বিশেষিণঃ অনেক-ভেদশালিনঃ ॥২০

অবিদঃ স্বজনাদিজ্ঞানশূন্যাঃ ভূরিতমসঃ অজ্ঞান-বহুলাঃ জ্ঞানশক্তাঃ জ্ঞানেন্দ্রিয়প্রধানাঃ হৃদি অবেদিনঃ (সুখদুঃখাদিহীনাঃ দীর্ঘানুসন্ধানরহিতাঃ) যে তির্যগ্‌যোনয়ঃ তেষাং তির*চাং (যঃ) অষ্টাবিংশদ্বিধঃ সর্গঃ, সঃ অষ্টমঃ মতঃ সম্মতঃ ॥২১

এবং সত্ত্বাদি গুণকৃত প্রলয়—প্রাকৃতিক। হে বিদুর! যে ছয়প্রকার সৃষ্টির কথা বলিলাম, তাহা এই,—মহতের সৃষ্টি প্রথম। আত্মস্বরূপ ভগবানের সকাশ হইতে যে যে গুণসমূহের বৈষম্য হয়, তাহাকে মহৎ বলে। অহঙ্কার সৃষ্টি দ্বিতীয়; যাহাতে দ্রব্য, জ্ঞান ও ক্রিয়ার প্রকাশ হয়, তাহার নাম অহঙ্কার। পঞ্চতন্মাত্ররূপ ভূতসূক্ষ্মের উদ্ভব তৃতীয়। ইহা দ্রব্যশক্তিমান্, ইহাই মহাভূতের উৎপাদক। আর জ্ঞানেন্দ্রিয় কর্ম্মেন্দ্রিয় চতুর্থ। বৈকারিক অর্থাৎ ইন্দ্রিয়াধিষ্ঠাতা দেবগণ এবং মনের সৃষ্টি পঞ্চম সৃষ্টি। পঞ্চবৃত্তিস্বরূপা অবিদ্যার সৃষ্টি ষষ্ঠ। ইহাতেই জীবগণের অবুদ্ধি অর্থাৎ আবরণ ও বিক্ষেপ হইয়া থাকে। উল্লিখিত ছয় প্রকার সৃষ্টিকেই প্রাকৃত সৃষ্টি বলা হয়। এক্ষণে বৈকারিক সৃষ্টির কথা বলি শ্রবণ কর। ইহা নিরুদ্বেগচিত্তে শুনিতে হয়। যে ভগবদ্বিষয়ে মতি থাকিলে সংসার নিবারণ হয়, ঐ সকল বিবরণ রজোগুণাবলম্বী সেই ভগবানের লীলামাত্র।১১-১৮

স্থাবরসৃষ্টি সপ্তম সৃষ্টি। ইহা অন্যান্য প্রকার সৃষ্টির প্রথমে হইয়াছিল, এজন্য ইহাকে মুখ্য সৃষ্টি বলে। ঐ স্থাবর ষড়্বিধ। তন্মধ্যে প্রথম বনস্পতি, দ্বিতীয় ওষধি, তৃতীয় লতা, চতুর্থ ত্বক্‌সার (বংশ), পঞ্চম বীরুধ ষষ্ঠ বৃক্ষ। হে বৎস! ঐ সকল স্থাবরের লক্ষণ এই, তাহারা আহারার্থ ঊর্দ্ধে সঞ্চরণশীল এবং তাহাদের সকলেরই অব্যক্ত চৈতন্য আছে। তাহাদের কেবল অন্তরে স্পর্শজ্ঞান আছে। জাতিভেদে তাহাদের বিবিধ ভেদ হইয়া থাকে। তির্য্যগ্‌যোনিদিগের সৃষ্টি অষ্টম; ইহা অষ্টাবিংশতি প্রকার, ইহারা ভবিষ্যৎ-জ্ঞান-শূন্য; বহুল তমোগুণ-বিশিষ্ট, দীর্ঘানুসন্ধানশূন্য, কেবল

গৌরঙ্গো মহিষঃ কৃষ্ণঃ শূকরো গবয়ো রুরুঃ।
দ্বিশফাঃ পশবশ্চেমে অবিরুষ্ট্রশ্চ সত্তম ॥২২
খরোঽশ্বোঽশ্বতরো গৌরঃ শরভশ্চমরী তথা।
এতে চৈকশফাঃ ক্ষত্তঃ শৃণু পঞ্চনখান্ পশূন্ ॥২৩
শ্বা শৃগালো বৃকো ব্যাঘ্রো মার্জ্জারঃ শশ-শল্লকৌ।
সিংহঃ কপির্গজঃ কূর্ম্মো গোধা চ মকরাদয়ঃ ॥২৪
কঙ্ক-গৃধ্র-বক-শ্যেন-ভাস-ভল্লূক-বর্হিণঃ।
হংস-সারস-চক্রাহ্ব-কাকোলূকাদয়ঃ খগাঃ ॥২৫
অর্ব্বাক্স্রোতস্তু নবমঃ ক্ষত্তরেকবিধো নৃণাম্।
রজোঽধিকাঃ কর্ম্মপরা দুঃখে চ সুখমানিনঃ ॥২৬
বৈকৃতাস্ত্রয় এবৈতে দেবসর্গশ্চ সত্তম।
বৈকারিকস্তু যঃ প্রোক্তঃ কৌমারস্তূভয়াত্মকঃ ॥২৭

হে সত্তম! গৌঃ অজঃ মহিষঃ কৃষ্ণঃ (মৃগবিশেষঃ) শূকরঃ গবয়ঃ (গোসদৃশ) রুরুঃ (বহুশৃঙ্গো মৃগঃ) অবিঃ (মেষঃ) উষ্ট্রশ্চ ইমে নব পশবঃ দ্বিশফাঃ দ্বিখুরাঃ ॥২২

তথা খরঃ অশ্বঃ অশ্বতরঃ গৌরঃ (মৃগবিশেষঃ) শরভঃ চমরী চ এতে ষট্ একশফাঃ। হে ক্ষত্তঃ! অথ পঞ্চনখান্ পশূন্ শৃণু ॥২৩

শ্বা শৃগালঃ বৃকঃ ব্যাঘ্রঃ মার্জ্জারঃ শশ-শল্লকৌ সিংহঃ কপিঃ গজঃ কূর্ম্মঃ গোধা চ পঞ্চনখা দ্বাদশ। (এতে সর্ব্বে মিলিতা ভূচরাঃ সপ্তবিংশতিঃ)। মকরাদয়ো জলচরাঃ কঙ্কাদয়ঃ খগাঃ একীকৃত্য গৃহীতাঃ। এবম্ অষ্টাবিংশতিভেদা ভবন্তি যে চ অন্যে তির্য্যক্ষো জীবাঃ দৃশ্যন্তে তেষামপ্যেতেষ্বেব যথাযথমন্তর্ভাবো জ্ঞেয়ঃ ॥২৪-২৫

হে ক্ষত্তঃ বিদুর! অর্ব্বাক্স্রোতঃ (অর্ব্বাক্ অধঃ স্রোতঃ আহারনলকারো যস্য সোঽর্ব্বাক্স্রোতাঃ) একবিধঃ নৃণাং সর্গঃ নবমঃ। তে নরাঃ স্বভাবতঃ) রজোধিকাঃ (রজঃ রজোগুণঃ অধিকঃ যেষু তে) কর্ম্মপরাঃ (নিরন্তরং কর্ম্ম কুর্ব্বন্তঃ এব তিষ্ঠন্তি) দুঃখে চ সুখমানিনঃ (দুঃখসাধনেষু সুখসাধনত্বাভিমানবন্তঃ) ॥২৬

হে সত্তম! এতে স্থাবরাদিত্রয়ঃ এব (সর্গঃ)

আহারাদি কার্য্যে তৎপর। তাহারা কেবল ঘ্রাণেন্দ্রিয় দ্বারা অভিলষিত বস্তু জানিতে পারে। অষ্টাবিংশতি তির্য্যগ্‌যোনি এই;—গো, ছাগ, মহিষ, কৃষ্ণসার, শূকর, গবয়, রুরু (মৃগবিশেষ), মেষ এবং উষ্ট্র এই নয় প্রকার পশুর পদে দুইটি করিয়া খুর আছে। এই জন্য ইহাদিগকে দ্বিশফ কহে। আর গর্দ্দভ, অশ্ব, অশ্বতর, গৌর, শরভ এবং চমরী—এই সকল পশু একশফ, কারণ ইহাদের পদে একখানি খুর আছে। হে কুরুশ্রেষ্ঠ! কোন্ কোন্ জন্তুকে পঞ্চনখ বলে, তাহাও শ্রবণ কর।১৯-২৩

কুক্কুর, শৃগাল, বৃক, ব্যাঘ্র, বিড়াল, শশক, সিংহ, বানর, হস্তী, কচ্ছপ এবং গোধা এই দ্বাদশ প্রকার জন্তু পঞ্চনখ। ইহাদের পাঁচটি নখ আছে। আর মকরাদি জন্তু জলচর। কঙ্ক, গৃধ্র, বক, শ্যেন, ভাস, ভল্লুক, ময়ূর, হংস, সারস, চক্রবাক প্রভৃতি জন্তু খেচর। অনন্তর মনুষ্যদিগের সৃষ্টি নবম। ইহা একই প্রকার; এই জীবের আহারনলকার অধোভাগে হয়। এই জাতীয় জীবে রজোগুণই অধিক, এজন্য ইহারা কার্য্যে তৎপর এবং দুঃখেও সুখ অনুভব করে। হে সত্তম! পূর্ব্বে প্রাকৃত সৃষ্টির বর্ণনকালে যে বৈকৃত সৃষ্টির প্রসঙ্গ বলিয়াছি, তাহা উল্লিখিত তিন প্রকার জীব এবং দেবতাগণ বৈকৃত সৃষ্টি, কিন্তু সনৎকুমারাদি সৃষ্টি প্রাকৃত এবং বৈকৃত এই উভয়াত্মক। সে সকলেই দেবত্ব ও মনুষ্যত্ব দুইই আছে। বৎস! বিদুর! বৈকারিক দেবসৃষ্টিও আট প্রকার। যথা—দেব (১), পিতৃগণ (২), অসুর (৩), গন্ধর্ব্ব, অপ্সরঃ (৪), যক্ষ, রাক্ষস (৫), সিদ্ধ, চারণ, বিদ্যাধর (৬), ভূত, প্রেত, পিশাচ (৭), কিন্নর, কিম্পুরুষ ইত্যাদি

দেবসর্গশ্চাষ্টবিধো বিবুধাঃ পিতরোঽসুরাঃ।
গন্ধর্বাপ্সরসঃ সিদ্ধা যক্ষ-রক্ষাংসি চারণাঃ ॥২৮
ভূতপ্রেতপিশাচাশ্চ বিদ্যাধ্রাঃ কিন্নরাদয়ঃ।
দশৈতে বিদুরাখ্যাতাঃ সর্গাস্তে বিশ্বসৃক্কৃতাঃ ॥২৯
অতঃপরং প্রবক্ষ্যামি বংশান্ মন্বন্তরাণি চ।

এবং রজঃপ্লুতঃ স্রষ্টা কল্পাদিষ্বাত্মভূর্হরিঃ।
সৃজত্যমোঘসঙ্কল্প আত্মৈবাত্মানমাত্মনা ॥৩০

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে দশমঃ অধ্যায়ঃ ॥

দেবসর্গঃ চ বৈকৃতঃ; বৈকারিকঃ (সর্গঃ) তু যঃ প্রোক্তঃ সঃ তু উভয়াত্মকঃ (দেবত্বেন চ মনুষ্যত্বেন সৃজ্যঃ) কৌমারঃ (সনৎকুমারাদীনাং সর্গঃ) ॥২৭

(স চ) দেবসর্গঃ অষ্টবিধঃ (যথা) বিবুধাঃ পিতরঃ অসুরাঃ (ইতি ত্রয়ঃ) গন্ধর্বাপ্সরসঃ (একঃ) যক্ষরক্ষাংসি ভূতপ্রেতপিশাচাঃ সিদ্ধচারণবিদ্যাধরাঃ তথা কিন্নরাদয়ঃ ॥২৮

হে বিদুর! বিশ্বসৃক্কৃতাঃ (বিশ্বসৃজা ভগবতা কৃতাঃ) এতে দশবিধাঃ সর্গাঃ তে তুভ্যং (ময়া) আখ্যাতাঃ বর্ণিতাঃ। অতঃপরং কালস্বরূপনিরূপণা-নন্তরং বংশান্ (বংশানুচরাদীন্) মন্বন্তরাণি চ প্রবক্ষ্যামি ॥২৯

এবম্ উক্তপ্রকারেণ অমোঘসংকল্পঃ সত্যসংকল্পঃ হরিঃ এবং রজঃপ্লুতঃ (স্বেচ্ছয়া স্বীকৃতরজোগুণঃ) কল্পাদিষু আত্মভূঃ (আত্মনঃ সকাশাৎ ভবতীতি) স্রষ্টা (চতুর্মুখরূপঃ সন্) আত্মা স্বয়মেব আত্মনা স্বরূপভূতেন আত্মানম্ (উপাদানভূতমেব) সৃজতি ॥৩০

ইতি তৃতীয়স্কন্ধে শ্রীযুগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে দশমঃ অধ্যায়ঃ ॥

---

(৮)। বিশ্বস্রষ্টা ব্রহ্মা পূর্বে যে দশ প্রকার সৃষ্টি করেন, তাহা এই তোমার নিকট বর্ণনা করিলাম। অতঃপর বংশ এবং মন্বন্তর বর্ণনা করিব। আত্মভূ ব্রহ্মা কল্পের আদিতে সৃষ্টিকর্তা হইয়া রজোগুণাবলম্বনপূর্বক আপন দ্বারা আপনাকেই আপনি সৃষ্টি করেন। তাঁহার সঙ্কল্প অব্যর্থ।২৪-৩০

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসীসংহিতা শ্রীমদ্ভাগবত মহাপুরাণে তৃতীয় স্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশ্রীজীবন্যায়তীর্থকৃত বঙ্গভাষানুবাদসহিত
দশম অধ্যায় সমাপ্ত।

একাদশঃ অধ্যায়ঃ

[কালপরিমাণনিরূপণম্ ।]

মৈত্রেয় উবাচ ।

চরমঃ সন্নিশেষাণামনেকোঽসংযুতঃ সদা ।
পরমাণুঃ স বিজ্ঞেয়ো নৃণামৈক্যভ্রমো যতঃ ॥১
সত এব পদার্থস্য স্বরূপাবস্থিতস্য যৎ ।
কৈবল্যং পরমমহানবিশেষো নিরন্তরঃ ॥২

এবং কালোঽপ্যনুমিতঃ সৌক্ষ্ম্যে স্থৌল্যে চ সত্তম ।
সংস্থানভুক্ত্যা ভগবানব্যক্তো ব্যক্তভুদ্বিভুঃ ॥৩

স কালঃ পরমাণুর্বৈ যো ভুঙ্‌ক্তে পরমাণুতাম্ ।
সতোঽবিশেষভুগ্‌ যস্তু স কালঃ পরমো মহান্ ॥৪

মৈত্রেয়ঃ উবাচ । সন্নিশেষাণাং (সতঃ কার্য্য-মাত্রস্য বিশেষাণাম্ অংশানাঞ্চ) চরমঃ অন্ত্যঃ (যস্য অংশো নাস্তি) অনেকঃ অসংযুতঃ অমিলিতঃ সদা (কার্য্যসমুদায়াবস্থয়োরপগমেঽপি বর্ত্ততে) যতঃ যেভ্যঃ নৃণাম্ ঐক্যভ্রমম্ অবয়বি-বুদ্ধিঃ (ভবতি), সঃ পরমাণুঃ বিজ্ঞেয়ঃ ॥১

স্বরূপাবস্থিতস্য (পরিণামান্তরম্ অপ্রাপ্য অবস্থিতস্য) সতঃ কার্য্যমাত্রস্য এব পদার্থস্য যৎ কৈবল্যম্ ঐক্যং সঃ অবিশেষঃ বিবক্ষারহিতঃ নিরন্তরঃ ভেদবিবক্ষারহিতঃ (সর্ব্বোঽপি প্রপঞ্চঃ) পরম-মহান্ ॥২

হে সত্তম ! এবং (যথা স্থূলসূক্ষ্মশ্চায়ং পদার্থো নিরূপিতঃ তথা) সংস্থানভুক্ত্যা পরমাণ্বন্যবস্থা-ব্যাপ্তিতয়া সৌক্ষ্ম্যে স্থৌল্যে চ ব্যক্তভুক্ (ব্যক্তং বিশ্বং ভুঙ্‌ক্তে ব্যাপ্নোতি ইতি) অব্যক্তঃ অপ্রত্যক্ষঃ ভগবান্ বিভুঃ সমর্থঃ কালঃ অনুমিতঃ ভবতি ॥৩

সতঃ প্রপঞ্চস্য পরমাণুতাং পরমাণ্ববস্থাং যঃ ভুঙ্‌ক্তে, সঃ বৈ পরমাণুঃ কালঃ । যঃ তু বিশেষভুক্ (অবিশেষং সাকল্যং ভুঙ্‌ক্তে সঃ) পরমঃ মহান্ কালঃ উক্তঃ ॥৪

একাদশ অধ্যায়

[কাল-পরিমাণ নিরূপণ ।]

মৈত্রেয় বলিতে লাগিলেন,—হে বিদুর ! কার্য্য-স্বরূপ পৃথিব্যাদি অংশের যে চরম অংশ অর্থাৎ যাহার আর অংশ হইতে পারে না, যাহা কার্য্যাবস্থায় থাকে না, যাহা অন্যের সহিত অসংযুক্ত (পৃথক্ পৃথক্ ব্যবস্থায়) থাকে, এই হেতু সর্ব্বদা বর্ত্তমান অর্থাৎ কার্য্য ও মিলিতাবস্থায় না থাকিলেও যাহা বিদ্যমান থাকে, তাহাই পরমাণু । এই পরমাণু সমষ্টি হইতে মানবের ঐক্যভ্রম অর্থাৎ এই বিশ্ব একটি অবয়বী এরূপ জ্ঞান হইয়া থাকে ।

যাহার চরম অংশ পরমাণু—সেই পদার্থ অবস্থান্তর প্রাপ্ত না হইয়া একত্ব-স্বরূপে অবস্থিত হইলে, তাহার নাম পরম-মহৎ । যদি বল, কার্য্যে নানা বৈলক্ষণ্য এবং পরস্পর ভেদ আছে, কিরূপে তাহার ঐক্য হইবে ? তাহার উত্তর এই যে, তাহাতে বিশেষ বিবক্ষা বা ভেদবিবক্ষা নাই, এই হেতু সমস্ত প্রপঞ্চই (বিশ্বই) পরম-মহৎ পদবাচ্য । হে সাধুশ্রেষ্ঠ ! পরমাণু ও পরমমহান্ অবস্থা দ্বারা ব্যাপ্ত এই কাল যে প্রকারে সূক্ষ্ম, স্থূল ও মধ্যাবস্থা প্রাপ্ত হয়, তাহাও অনুমিত হইতে পারে । ঐ কাল ভগবান্ হরির শক্তি এবং স্বয়ং অব্যক্ত হইয়াও ব্যক্ত পদার্থে ব্যাপিয়া আছেন অথচ স্বয়ং বিভু অর্থাৎ

অণূদ্বৌ পরমাণূ স্যাৎ ত্রসরেণুস্ত্রয়ঃ স্মৃতঃ।
জালার্করশ্ম্যবগতঃ খমেবানুপতন্নগাৎ ॥৫
ত্রসরেণুত্রিকং ভুঙ্‌ক্তে যঃ কালঃ সা ত্রুটিঃ স্মৃতা।
শতভাগস্তু বেধঃ স্যাৎ তৈস্ত্রিভিস্তু লবঃ স্মৃতঃ ॥৬
নিমেষস্ত্রিলবো জ্ঞেয় আম্নাতস্তে ত্রয়ঃ ক্ষণঃ।
ক্ষণান্ পঞ্চ বিদুঃ কাষ্ঠাং লঘু তা দশ পঞ্চ চ ॥৭
লঘূনি বৈ সমাম্নাতা দশ পঞ্চ চ নাড়িকা।
তে দ্বে মুহূর্ত্তঃ প্রহরঃ ষড়্‌যামঃ সপ্ত বা নৃণাম্ ॥৮
দ্বাদশার্দ্ধপলোন্মানং চতুর্ভিশ্চতুরঙ্গুলৈঃ।
স্বর্ণমাষৈঃ কৃতচ্ছিদ্রং যাবৎ প্রস্থজলপ্লুতম্ ॥৯

দ্বৌ পরমাণূ অণুঃ স্যাৎ (দ্বাভ্যাং পরমাণুভ্যাং একঃ অণুঃ স্যাৎ সঃ অণুকালঃ) ত্রয়ঃ অণবঃ একঃ ত্রসরেণুঃ (ত্রসরেণুকালঃ চ স্মৃতঃ) জালার্করশ্ম্যবগতঃ (জালং গবাক্ষগতজালং রন্ধ্রং প্রবিষ্টেষু অর্করশ্মিষু সূর্য্যকিরণেষু অবগতঃ দৃষ্টঃ সন্) খঃ খম্ আকাশম্ এব (লঘুত্বেন) উৎপতন্ অগাৎ গতঃ ভবতি (সঃ ত্রসরেণুঃ) ত্রসরেণুত্রিকং যঃ কালঃ ভুঙ্‌ক্তে সা ত্রুটিঃ স্মৃতা ॥৫

বেধঃ কালঃ শতভাগঃ (শতং ত্রুটিরূপাঃ ভাগাঃ যস্মিন্) স্যাৎ তৈঃ বেধৈঃ ত্রিভিঃ তু লবঃ স্মৃতঃ ॥৬

ত্রিলবঃ নিমেষঃ জ্ঞেয়ঃ। তে নিমেষাঃ ত্রয়ঃ ক্ষণঃ আম্নাতঃ কথিতঃ, পঞ্চক্ষণান্ কাষ্ঠাং বিদুঃ, তা দশপঞ্চ চ কাষ্ঠাঃ লঘু (ভবতি) ॥৭

দশ পঞ্চ চ লঘূনি নাড়িকাঃ সমাম্নাতাঃ, তে দ্বে নাড়িকে মুহূর্ত্তঃ দণ্ডঃ, ষট্ সপ্ত বা নাড়িকাঃ প্রহরঃ নৃণাং যামঃ (দিনস্য রাত্রেশ্চ চতুর্থঃ ভাগঃ) ॥৮

দ্বাদশার্দ্ধপলোন্মানং (দ্বাদশার্দ্ধং ষট্ ঊন্মীয়তে অনেন ইত্যুন্মানং পাত্রং ষট্‌পলতাম্রবিনির্মিতং প্রস্থপ্রমিতজলপূর্ত্তিযোগ্যং পাত্রং) চতুর্ভিঃ স্বর্ণমাষৈঃ চতুরঙ্গুলায়াম-শলাকারূপেণ রচিতৈঃ কৃতচ্ছিদ্রং (কৃতং মূলচ্ছিদ্রং তেন ছিদ্রেণ) যাবৎ প্রস্থজলপ্লুতং (প্রস্থপরিমিতং জলং প্রবিশতি) তাবান্ কালো নাড়িকা ॥৯

উৎপত্তি প্রভৃতি কার্য্যে দক্ষ। যে কাল এই জগৎ-প্রপঞ্চের পরমাণু অবস্থা ভোগ করে, সেই কাল পরমাণু (সূক্ষ্ম)। আর যে কাল তাহার সমষ্টি অবস্থা ভোগ করে, তাহাকে পরম-মহৎ অর্থাৎ স্থূল কাল বলা যায়। (টীকার মতে ইহার ভাবার্থ এই, সূর্য্য যে পরমাণুর স্থান অতিক্রম করিয়া গমন করেন, তাহাকেই পরমাণুকাল কহে, আর যে দ্বাদশ রাশি স্বরূপ সনগ্র ভুবন অতিক্রম করিয়া ভ্রমণ করেন, তাহাই সংবৎসরাত্মক। তাহার নাম স্থূল কাল। ইহা দ্বারা যুগমন্বন্তরাদিক্রমে দ্বিপরার্দ্ধ পর্য্যন্ত ভেদ হইয়া থাকে।) স্থূলকালের প্রভেদ এই যে, দুই পরমাণুতে এক অণু অর্থাৎ দ্ব্যণুক হয়, তিন অণুতে এক ত্রসরেণু হয়। হে বিদুর! ত্রসরেণুর প্রত্যক্ষ হয়। গবাক্ষদ্বার দিয়া সূর্য্যরশ্মি গৃহমধ্যে প্রবেশ করিলে, তাহার মধ্যে উহা স্পষ্টরূপে দেখা যায়। সেই সূর্য্যরশ্মিযোগে অতিশয় লঘুত্ববশতঃ যাহা আকাশগামী বলিয়া বোধ হয়, তাহাই ত্রসরেণু।১-৫

ঐরূপ তিন ত্রসরেণু যে কাল ভোগ করে, তাহার নাম ত্রুটি। শত ত্রুটিপরিমিত কালকে বেধ বলে। তিন বেধে এক লব, তিন লব-পরিমিত-কালে এক নিমেষ, তিন নিমেষে এক ক্ষণ, পাঁচ ক্ষণে এক কাষ্ঠা, পঞ্চদশ কাষ্ঠায় এক লঘু, পঞ্চদশ লঘুতে এক নাড়ী অর্থাৎ দণ্ড, দুই দণ্ডে এক মুহূর্ত্ত এবং ছয় বা সাত দণ্ডে এক প্রহর বা যাম হয়, এই প্রহর মানবদিগের দিন অথবা রাত্রির চতুর্থাংশ। পূর্ব্বে যে নাড়ী-পরিমিত কালের কথা কহিলাম, তাহা এইরূপে অনুধাবন করা যায়। চারি মাষাঙ্কপরিমিত সুবর্ণ-নির্ম্মিত চতুরঙ্গুল শলাকা দ্বারা একটি ছিদ্র করা হইলে ছয়পল-পরিমাণ তাম্রময় পাত্রে এক প্রস্থপরিমিত জল যতক্ষণে প্রবিষ্ট হইয়া সেই পাত্র

যামাশ্চত্বারশ্চত্বারো মর্ত্যানামহনী উভে।
পক্ষঃ পঞ্চদশাহানি শুক্লঃ কৃষ্ণশ্চ মানদ ॥১০
তয়োঃ সমুচ্চয়ো মাসঃ পিতৃণাং তদহর্নিশম্।
দ্বৌ তাবৃতুঃ ষড়য়নং দক্ষিণক্ষোত্তরং দিবি ॥১১
অয়নে অহনী প্রাহুর্বৎসরো দ্বাদশ স্মৃতঃ।
সংবৎসরশতং নৃণাং পরমায়ুর্নিরূপিতম্ ॥১২

হে মানদ! চত্বারঃ চত্বারঃ (অষ্টৌ) যামাঃ মর্ত্যানাং মনুষ্যাণাম্ উভে অহনী অহোরাত্রৌ (চত্বারঃ যামা অহঃ, চত্বারঃ যামাঃ রাত্রিঃ, উভে মিলিত্বা একম্ অহঃ তানি) পঞ্চদশাহানি পক্ষঃ (সঃ চ পক্ষঃ দ্বিবিধঃ) শুক্লঃ কৃষ্ণশ্চ ॥১০

তয়োঃ (কৃষ্ণপক্ষশুক্লপক্ষয়োঃ) সমুচ্চয়ঃ সমুদায়ঃ (নৃণামেকঃ) মাসঃ, পিতৃণাম্ অহর্নিশম্ অহোরাত্রং (শুক্লপক্ষঃ অহঃ কৃষ্ণপক্ষঃ রাত্রিঃ) তৌ দ্বৌ মাসৌ নৃণাম্ ঋতুঃ; (ষণ্মাসাঃ) অয়নং (তচ্চ দ্বিবিধং) দক্ষিণম্ উত্তরং চ দিবি ইতি পরেণান্বয়ঃ ॥১১

দিবি স্বর্গে অয়নে (দেবানাম্) অহনী অহর্নিশম্ (উত্তরায়ণম্ অহঃ দক্ষিণায়নং রাত্রিঃ) দ্বাদশমাসাঃ (নৃণাং) সংবৎসরঃ স্মৃতঃ, (তথা) সংবৎসরশতং নৃণাং পরমায়ুঃ নিরূপিতম্ ॥১২

নিমগ্ন করে, ততটুকু কাল মাড়ীর পরিমাণ। হে নারদ! পূর্ব্বে যে যাম-পরিমিত কালের কথা কহিয়াছি, সেই চারি চারি যামে মনুষ্যদিগের এক দিবারাত্র হয়। পঞ্চদশ অহোরাত্রে এক পক্ষ হয়। ঐ পক্ষ কৃষ্ণ-শুক্লভেদে দুই প্রকার। শুক্ল ও কৃষ্ণ এই দুই পক্ষে এক মাস। তাহাই পিতৃলোকের অহোরাত্র। দুই মাসে এক ঋতু এবং ছয় মাসে এক অয়ন। ঐ অয়নও দুই প্রকার—দক্ষিণায়ন ও উত্তরায়ন। মনুষ্যদিগের দুই অয়নে দেবতাদিগের এক অহোরাত্র। ঐ প্রকার শত বৎসর মনুষ্যদিগের পরমায়ু।৬-১২

গ্রহর্ক্ষতারাচক্রস্থঃ পরমাণ্বাদিনা জগৎ।
সংবৎসরাবসানেন পর্য্যেত্যনিমিষো বিভুঃ ॥১৩
সংবৎসরঃ পরিবৎসর ইড়াবৎসর এব চ।
অনুবৎসরো বৎসরশ্চ বিদুরৈবং প্রভাষ্যতে ॥১৪
যঃ সূক্ষ্মশক্তিমুরুধোচ্ছ্বসয়ন্ স্বশক্ত্যা
পুংসোঽব্রমাহ দিবি যাবতি ভূতভেদঃ।

গ্রহর্ক্ষতারাচক্রস্থঃ (গ্রহাশ্চ চন্দ্রাদয়ঃ ঋক্ষাণ্যশ্বিন্যাদীনি তারা অন্যানি চ নক্ষত্রাণি তদেব উপলক্ষিতং যৎ কালচক্রং তত্রাস্থিতঃ) অনিমিষঃ (নিমেষমাত্রম্ অপি অবস্থিতিশূন্যঃ সাবধানঃ বিভুঃ (ভগবদ্দত্ত-তত্তদধিকারেণ সমর্থঃ কালব্যবস্থাপকঃ সূর্য্যঃ) পরমাণ্বাদিনা জগৎ (দ্বাদশরাশ্যাত্মকং ভুবন-কোষং) সংবৎসরাবসানেন (সংবৎসরপর্য্যন্তেন কালেন) পর্য্যেতি পরিক্রামতি ॥১৩

হে বিদুর! (আদিত্যগত্যা) সংবৎসরঃ, (বৃহস্পতিগত্যা) পরিবৎসরঃ, (ত্রিংশদ্দিবস-পরিমিতমাসৈঃ) ইড়াবৎসরঃ, (নক্ষত্রগত্যা) বৎসরঃ, (তিথ্যাত্মকঃ) অনুবৎসরঃ এব চ এবং (একোঽপি বৎসরঃ নিমিত্তভেদাৎ পঞ্চধা) প্রভাষ্যতে ॥১৪

হে বিদুর! চন্দ্রাদি গ্রহ, অশ্বিনী প্রভৃতি নক্ষত্র এবং অন্যান্য তারার যে কালচক্র উপলক্ষিত হয়, তাহাতে কালাত্মা বিভু অর্থাৎ সূর্য্য পরমাণু হইতে সংবৎসরকাল পর্য্যন্ত দ্বাদশরাশ্যাত্মক ভুবনকোষ অবিরত পরিভ্রমণ করিয়া থাকেন। ঐ সংবৎসর-ভেদ পাঁচ প্রকার, যথা—সংবৎসর, পরিবৎসর, ইড়াবৎসর, অনুবৎসর ও বৎসর। তাহার বিবরণ বলিতেছি—যাবৎকালে সূর্য্যের দ্বাদশরাশি ভোগ হয়, তাহার নাম সংবৎসর; বৃহস্পতির দ্বাদশরাশি ভোগকাল পরিবৎসর; ত্রিশ সৌরদিনে যে সাবন মাস হয়, তাহার বারমাসে ইদাবৎসর; চন্দ্রের দ্বাদশরাশির

কালাখ্যয়া গুণময়ং ক্রতুভির্বিতন্বং-
স্তস্মৈ বলিং হরত বৎসরপঞ্চকায় ॥১৫

বিদুর উবাচ।

পিতৃদেবমনুষ্যাণামায়ুঃ পরমিদং স্মৃতম্।
পরেষাং গতিমাচক্ষ্ব যে স্যুঃ কল্পাদ্ বহির্বিদঃ ॥১৬
ভগবান্ বেদ কালস্য গতিং ভগবতো ননু।
বিশ্বং বিচক্ষতে ধীরা যোগরাদ্ধেন চক্ষুষা ॥১৭

মৈত্রেয় উবাচ।

কৃতং ত্রেতা দ্বাপরঞ্চ কলিশ্চেতি চতুর্যুগম্।
দিব্যৈর্দ্বাদশভির্বর্ষৈঃ সাবধানং নিরূপিতম্ ॥১৮
চত্বারি ত্রীণি দ্বে চৈকং কৃতাদিষু যথাক্রমম্।
সংখ্যাতানি সহস্রাণি দ্বিগুণানি শতানি চ ॥১৯

যঃ ভূতভেদঃ (ভূতানি ভিনত্তি ইতি ভূতবিকার-কৃৎ পরমাত্মা) কালাখ্যয়া স্বশক্ত্যা সৃজ্যশক্তিম্ (সৃজ্যং কার্য্যম্ অঙ্কুরাদি তদ্বিষয়াং বীজাদীনাং শক্তিম্) উরুধা বহুপ্রকারাম্ উচ্ছসয়ন্ উদ্বোধয়ন্ কার্য্যাভিমুখীকুর্ব্বন্ (পুংসঃ অভ্রমায়) আয়ুরাদিরূপ-প্রদর্শনেন বিষয়াসক্তি-নিবৃত্তিপূর্ব্বক-মোক্ষসাধনপ্রবৃত্ত্যর্থং তথা সকামানাং তত্তৎকালানুষ্ঠিতৈঃ) ক্রতুভিঃ গুণময়ং (সত্ত্বাদিগুণপ্রধানং স্বর্গাদিসুখং) বিতন্বন্ বিস্তারয়ন্ দিবি অন্তরীক্ষে ধাবতি সূর্য্যং প্রবর্ত্তয়ন্ পর্য্যটতি, তস্মৈ বৎসরপঞ্চকায় বৎসরপঞ্চকপ্রবর্ত্তকায় বলিং পূজাং হরত কুরুত ॥১৫

বিদুরঃ উবাচ। ইদং পিতৃদেবমনুষ্যাণাং পরম্ আয়ুঃ স্মৃতং ত্বয়া কথিতম্। কল্পাৎ (প্রত্যহং কল্পতে সৃজ্যতে ইতি কল্পস্ত্রৈলোক্যং তস্মাৎ) বহিঃ (বর্ত্তমানাঃ) যে বিদঃ জ্ঞানিনঃ স্যুঃ সন্তি, তেষাং পরেষাং গতিঃ আয়ুর্মানং আচক্ষ্ব কথয় ॥১৬

হে ভগবন্! ভবান্ এব ভগবতঃ ভগবদ্রূপস্য কালস্য গতিং স্বরূপং ননু নিশ্চিতং বেদ জানাতি, (যতঃ) ধীরাঃ যোগরাদ্ধেন যোগসিদ্ধেন চক্ষুষা অলৌকিক-সামর্থ্যেন বিশ্বং সর্ব্বং বিচক্ষতে পশ্যন্তি ॥১৭

মৈত্রেয়ঃ উবাচ। কৃতং সত্যং, ত্রেতা, দ্বাপরং, কলিঃ চ ইতি সাবধানং (অবধীয়তে ব্যবধীয়তে অনেন ইতি অবধানং সন্ধ্যা সন্ধ্যাংশশ্চ তৎসহিতং) চতুর্যুগং দিব্যৈঃ দেবমানমিতৈঃ দ্বাদশভিঃ দ্বাদশ-সহস্রৈঃ বর্ষৈঃ নিরূপিতম্ ॥১৮

(তত্র) কৃতাদিষু যুগেষু যথাক্রমং চত্বারি, ত্রীণি, দ্বে, একং চ সহস্রাণি (তথা ততো) দ্বিগুণানি শতানি চ আখ্যাতানি ॥১৯

যে ভোগকাল, তাহার নাম অনুবৎসর এবং নক্ষত্র সংক্রান্ত মাসের দ্বারা বৎসর হয়। হে বিদুর! যে ভূতভেদ (মহাভূত-বিশেষ) তেজোমণ্ডলরূপী সূর্য্য পুরুষদের মোহ-নিবৃত্তির জন্য অর্থাৎ আয়ুরাদি দ্বারা প্রদর্শন করিয়া বিষয়াসক্তি নিবারণ করিবার জন্য, কার্য্যাঙ্কুরাদিবিষয়ক বীজাদি শক্তিকে স্বশক্তি দ্বারা বহুপ্রকারে কার্য্যাভিমুখী করিতেছেন এবং যিনি সকাম পুরুষদিগের গুণময় অর্থাৎ যজ্ঞসমূহের দ্বারা স্বর্গাদি ফল বিস্তার করিতেছেন, তিনি এই অন্তরীক্ষে ধাবমান আছেন, অতএব সেই পঞ্চবিধ বৎসরের প্রবর্ত্তক; তাঁহারই পূজা কর।" বিদুর এই সকল শ্রবণ করিয়া পুনরায় জিজ্ঞাসা করিলেন, "হে ঋষিসত্তম! পিতৃ, দেব ও মনুষ্যদিগের যেরূপ স্ব স্ব মানে শতবর্ষ পরমায়ু হয়, তাহা শুনিলাম। যে সকল জ্ঞানিজন ত্রৈলোক্যের বহির্ভাগে মহর্লোকাদিতে অবস্থিত, তাঁহাদের গতি কিরূপ তাহাও বলুন। ধীর ব্যক্তিরা যোগসিদ্ধনয়নে সমগ্র বিশ্বই দেখিতে পান। আপনি ধীর, আপনি নিশ্চিতই কালরূপী ভগবানের গতি বিদিত আছেন।১৩-১৭

মৈত্রেয় বলিলেন,—"হে বিদুর! সত্য, ত্রেতা, দ্বাপর ও কলি—এই চারি যুগ। সন্ধ্যা এবং সন্ধ্যাংশসহ ঐ চারি যুগ দিব্য দ্বাদশসহস্র-বৎসরে নিরূপিত হয়। তাহার বিশেষ বিবরণ শুন—সত্যযুগাদির পরিমাণ যথাক্রমে চারি, তিন, দুই ও এক সহস্র বৎসর এবং দ্বিগুণ দুই শত বৎসর। ইহাতেই বুঝা যায় সত্যযুগের

সন্ধ্যাসন্ধ্যাংশয়োরন্তর্যঃ কালঃ শতসংখ্যয়োঃ।
তমেবাহুর্যুগং তজ্জ্ঞা যত্র ধর্ম্মো বিধীয়তে ॥২০
ধর্ম্মশ্চতুষ্পাদ্মনুজান্ কৃতে সম্মনুবর্ত্ততে।
স এবান্যেষ্বধর্ম্মেণ ব্যেতি পাদেন বর্দ্ধতা ॥২১
ত্রিলোক্যা যুগসাহস্রং বহির্ব্রহ্মণো দিনম্।
তাবত্যেব নিশা তাত যন্নিমীলতি বিশ্বসৃক্ ॥২২

নিশাবসান আরব্ধো লোককল্পোঽনুবর্ত্ততে।
যাবদ্দিনং ভগবতো মনূন্ ভুঞ্জংশ্চতুর্দ্দশ ॥২৩
স্বং স্বং কালং মনুর্ভুঙ্‌ক্তে সাধিকাং হ্যেকসপ্ততিম্ ॥২৪
মন্বন্তরেষু মনবস্তদংশ্যা ঋষয়ঃ সুরাঃ।
ভবন্তি চৈতে যুগপৎ সুরেশাশ্চানু যে চ তান্ ॥২৫

শতসংখ্যয়োঃ উক্তানি শতানি সংখ্যা যয়োস্তয়োঃ সন্ধ্যাসন্ধ্যাংশয়োঃ (যুগস্যাদৌ সন্ধ্যা, অন্তে সন্ধ্যাংশঃ তয়োঃ) অন্তঃ মধ্যে যঃ কালঃ তম্ এব কালং তজ্জ্ঞাঃ যুগলক্ষণাভিজ্ঞাঃ যুগম্ আহুঃ যত্র যুগে (যো) ধর্ম্মঃ বিধীয়তে ॥২০

কৃতে কৃতযুগে চতুষ্পাৎ সম্পূর্ণো ধর্ম্মঃ মনুজান্ অনুবর্ত্ততে। সঃ এব ধর্ম্মঃ অন্যেষু ত্রেতাদিষু বর্দ্ধতা অধর্ম্মেণ পাদেন একৈকপাদেন ব্যেতি হ্রসতি ॥২১

হে তাত! ত্রিলোক্যাঃ বহিঃ (স্থিতানাং মহর্লোকপ্রভৃতীনাম্) আব্রহ্মণঃ ব্রহ্মলোকপর্যন্তানাং যুগসাহস্রং (যুগানাং সাহস্রং) দিনং ভবতি। তাবতী এব নিশা যৎ যস্যাং বিশ্বসৃক্ ব্রহ্মা নিমীলতি স্বপিতি ॥২২

(পুনঃ) নিশাবসানে (নিশায়া অবসানে অন্তে সতি) আরব্ধঃ লোককল্পঃ (লোকস্য কল্পঃ লোকসর্গঃ) চতুর্দ্দশ মনূন্ ভুঞ্জন্ ব্যাপ্নুবন্ যাবৎ ভগবতঃ ব্রহ্মণঃ দিনম্ অনুবর্ত্ততে ॥২৩

মনুঃ হি সাধিকাং কিঞ্চিদধিকাম্ (চতুর্যুগাণাম্) একসপ্ততিং স্বং স্বং কালং ভুঙ্‌ক্তে (তাবৎ কালং রাজ্যং করোতি) ॥২৪

মন্বন্তরেষু (মনূনাম্ অন্তরাণি যতঃ তানি মন্বন্তরাণি পূর্ব্বপূর্ব্বমনুমারভ্য উত্তরোত্তরমনুপর্য্যন্তং কালস্তেষু) মনবঃ স্বায়ম্ভুবাদয়ঃ তদংশ্যাঃ পৃথিবীপালকা রাজানঃ ঋষয়ঃ (সপ্ত) সুরাঃ দেবাঃ সুরেশাঃ ইন্দ্রাঃ তান্ ইন্দ্রান্ যে অনুবর্ত্তন্তে (তে গন্ধর্ব্বাদয়ঃ চকারাৎ

পরিমাণ চারি সহস্র বৎসর এবং তাহার সন্ধ্যা ও সন্ধ্যাংশ চারি শত বৎসর করিয়া আট শত বৎসর। ত্রেতাযুগের পরিমাণ তিন সহস্র বৎসর এবং তাহার সন্ধ্যা ও সন্ধ্যাংশ তিন শত বৎসর করিয়া ছয় শত বৎসর। দ্বাপরযুগের পরিমাণ দুই সহস্র বৎসর, তাহার সন্ধ্যা এবং সন্ধ্যাংশ দুই শত বৎসর করিয়া চারিশত বৎসর। এই হিসাবে কলিযুগের পরিমাণ একসহস্র বৎসর এবং তাহার সন্ধ্যা ও সন্ধ্যাংশ একশত বৎসর করিয়া দুই শত বৎসর। যুগের অগ্রে সন্ধ্যা এবং অন্তে সন্ধ্যাংশ, তাহার পরিমাণ যথাক্রমে যুগসংখ্যক শত বৎসর। ঐ সন্ধ্যা এবং সন্ধ্যাংশের মধ্যবর্ত্তী কালকে যুগজ্ঞ পণ্ডিতেরা যুগ বলিয়া থাকেন। সেই কালেই যুগ-বিশেষে অনুষ্ঠেয় ধর্ম্ম বিহিত হইয়া থাকে। হে বিদুর! সত্যযুগে ধর্ম্ম চতুষ্পাদ ছিল, তখন তাহা মনুষ্যদিগের অনুবর্ত্তীও ছিল। পরে অন্যান্য যুগে ক্রমে ক্রমে লোকের অধর্ম্ম দোষে তাহার এক এক পাদ কমিয়া আসে, এই ত্রিলোকের বহির্ভাগে—মহর্লোক প্রভৃতি ব্রহ্মলোক পর্য্যন্ত স্থানে—চতুর্যুগ সহস্র বৎসরে এক এক দিন। রাত্রিপরিমাণও দিবসের ন্যায়। এই রাত্রিকালে বিশ্বস্রষ্টা ব্রহ্মা নিদ্রিত হন। তাহার পর রাত্রি শেষ হইলে সৃষ্টিকার্য্য আরম্ভ হয়। তাহা চতুর্দ্দশ মনু ব্যাপিয়া যতকাল বর্ত্তমান থাকে, ততকাল পর্য্যন্ত ভগবান্ ব্রহ্মার দিন। এক এক মনু কিঞ্চিদধিক একসপ্ততি যুগ পরিমিত কাল ভোগ করেন। তাহাই তাঁহাদের স্ব স্ব কাল।১৮-২৪

মন্বন্তরসমূহে মনু এবং মনুবংশীয় নরপতিগণ ক্রমশঃ উৎপন্ন হন, কিন্তু সপ্তর্ষি, দেবতা, ইন্দ্র এবং ইঁহাদেরই অনুবর্ত্তী গন্ধর্ব্বাদি সকলে সমকালেই উৎপন্ন হন।

এষ দৈনন্দিনঃ সর্গো ব্রাহ্মস্ত্রৈলোক্যবর্ত্তনঃ।
তির্য্যঙ্-নৃ-পিতৃ-দেবানাং সম্ভবো যত্র কর্ম্মভিঃ ॥২৬
মন্বন্তরেষু ভগবান্ বিভ্রৎ সত্ত্বং স্বমূর্ত্তিভিঃ।
মন্বাদিভিরিদং বিশ্বমবত্যাদিতপৌরুষঃ ॥২৭
তমোমাত্রামুপাদায় প্রতিসংরুদ্ধবিক্রমঃ।
কালেনানুগতাশেষ আস্তে তূষ্ণীং দিনাত্যয়ে ॥২৮

অংশাবতারাশ্চ এতে যুগপৎ সমকালম্ এব ভবন্তি) ॥২৫

যত্র (যস্মিন্) দৈনন্দিন-সর্গে তির্য্যঙ্নৃপিতৃ-দেবানাং (তিরশ্চাং নৃণাং পিতৃণাং দেবানাঞ্চ) কর্ম্মভিঃ (স্বোপাজ্জিত-পুণ্যপাপরূপৈঃ) সম্ভবঃ (উৎপত্তির্ভবতি) ব্রহ্মঃ চতুর্ম্মুখকর্ত্তৃকঃ দৈনন্দিনঃ (দিনে দিনে ক্রিয়মাণঃ) (যঃ) সর্গঃ, (সঃ) এষঃ ত্রৈলোক্যস্য বর্ত্তনম্ উৎপত্তিঃ যস্মিন্ সঃ এব ॥২৬

মন্বন্তরেষু প্রতিমন্বন্তরং মন্বাদিভিঃ স্বমূর্ত্তিভিঃ সত্ত্বং শুদ্ধসত্ত্বময়মূর্ত্তিং বিভ্রৎ বিভ্রাণঃ উদিতপৌরুষঃ (উদিতঃ প্রকাশিতঃ পুরুষকারো যেন সঃ) ভগবান্ (মন্বাদিভিঃ) ইদং বিশ্বম্ অবতি রক্ষতি ॥২৭

(ততঃ পুনঃ) তমোমাত্রাম্ (তমসঃ মাত্রা লেশম্) উপাদায় স্বীকৃত্য, (অতএব) প্রতিসংরুদ্ধবিক্রমঃ (প্রতিসংরুদ্ধঃ নিবৃত্তঃ বিক্রমঃ ব্যাপারঃ যস্য সঃ) কালেন অনুগতাশেষঃ, (অনুগতম্ অনুপ্রবিষ্টম্ অশেষং

ব্রহ্মার দৈনন্দিন সৃষ্টিতেই ত্রৈলোক্যের উৎপত্তি হয়। ইহাতেই পশু, পক্ষী, মনুষ্য, পিতৃগণ এবং দেবগণ স্ব স্ব কর্ম্মফলানুসারে জন্মগ্রহণ করে। মন্বন্তরসমূহে সেই ভগবান্‌ই সত্ত্বগুণ অবলম্বন করিয়া স্বীয় মূর্ত্তিস্বরূপ মন্বাদি দ্বারা পুরুষকার প্রকাশ করেন এবং এই বিশ্ব রক্ষা করিয়া থাকেন। অনন্তর দিবা অবসান হইলে তিনি যৎকিঞ্চিৎ তমোগুণ অবলম্বন করিয়া আপনার সমুদায় বিক্রম প্রত্যাহৃত করেন। সেই সময়ে কালবশতঃ ত্রিলোকস্থ জীব তাঁহাতেই অনুপ্রবিষ্ট হয়, সুতরাং

তমেবাস্যপিধীয়ন্তে লোকা ভূরাদয়স্ত্রয়ঃ।
নিশায়ামনুবৃত্তায়াং নির্ম্মুক্তশশিভাস্করম্ ॥২৯
ত্রিলোক্যাং দহ্যমানায়াং শক্ত্যা সঙ্কর্ষণাগ্নিনা।
যান্ত্যুষ্ণার্দ্দা মহর্লোকাজ্জনং ভৃগ্বাদয়োঽর্দ্দিতাঃ ॥৩০
তাবৎ ত্রিভুবনং সদ্যঃ কল্পান্তৈধিতসিন্ধবঃ।
প্লাবয়ন্ত্যুৎকটাটোপ-চণ্ডবাতেরিতোর্ম্ময়ঃ ॥৩১

ত্রৈলোক্যং যস্মিন্ স ব্রহ্মা) দিনাত্যয়ে দিবাবসানে তূষ্ণীম্ আস্তে শেতে ॥২৮

(তথা) নিশায়াম্ অনুবৃত্তায়াং নির্ম্মুক্তশশিভাস্করং (নির্ম্মুক্তঃ নিবৃত্তঃ শশী চন্দ্রঃ ভাঃ সূর্য্যঃ চ যস্মিন্ তৎ) তম্ এবম্ অনু লক্ষীকৃত্য ভূরাদয়ঃ ত্রয়ঃ (ভূর্ভুবঃস্বরাত্মকাঃ) লোকাঃ অপিধীয়ন্তে নিবিশমানাঃ ভবন্তি ॥২৯

শক্ত্যা ভগবচ্ছক্তিরূপেণ সঙ্কর্ষণাগ্নিনা (সঙ্কর্ষণমুখোদ্ভূত-রুদ্রগণাগ্নিনা) ত্রিলোক্যাং দহ্যমানায়াং সত্যাং (তস্যাগ্রে) উষ্ণণা উত্তাপেন অর্দ্দিতাঃ পীড়িতাঃ ভৃগ্বাদয়ঃ (মহর্লোকবাসিনঃ) মহর্লোকাৎ জনং জনলোকং যান্তি ॥৩০

(ততঃ) উৎকটাটোপচণ্ডবাতেরিতোর্ম্ময়ঃ (উৎকটঃ আটোপঃ ক্ষোভঃ তথা চণ্ডবাতেন প্রচণ্ডবায়ুনা ঈরিতাঃ প্রেরিতাঃ ঊর্ম্ময়ঃ যেষাং তে) কল্পান্তৈধিতসিন্ধবঃ (কল্পান্তেন এধিতাঃ বর্দ্ধিতাঃ যে সিন্ধবঃ তে) তাবৎ সদ্য এব ত্রিভুবনং প্লাবয়ন্তি ॥৩১

তিনি তূষ্ণীম্ভাবে থাকেন। ব্রাহ্মী নিশা উপস্থিত হইলে লোকত্রয় তাঁহার পশ্চাৎ পশ্চাৎ চন্দ্র-সূর্য্যের ন্যায় আপনা হইতেই তিরোহিত হইয়া থাকে। ভগবানের শক্তিরূপ সঙ্কর্ষণ মুখাগ্নি দ্বারা ত্রিলোক দগ্ধ হইতে থাকিলে এই ভৃগু প্রভৃতি মহর্ষিগণ পীড়িত হইয়া মহর্লোক হইতে জনলোকে গমন করেন ।২৫-৩০

ঐ সময়ে কল্পান্তকাল উপস্থিত হয়। তখন সমস্ত সমুদ্র অতিশয় বৃদ্ধিশীল হইয়া উঠে। উৎকট-ক্ষোভজনক-প্রচণ্ডবাত্যা-প্রভাবে তরঙ্গসমূহ ভীষণবেগে বিচলিত

অন্তঃ স তস্মিন্ সলিলে আস্তেঽনন্তাসনো হরিঃ।
যোগনিদ্রানিমীলাক্ষঃ স্তূয়মানো জনালয়ৈঃ ॥৩২
এবংবিধৈরহোরাত্রৈঃ কালগত্যোপলক্ষিতৈঃ।
অপক্ষিতমিবাস্যাপি পরমায়ুর্বয়ঃশতম্ ॥৩৩
যদর্দ্ধমায়ুষস্তস্য পরার্দ্ধমভিধীয়তে।
পূর্ব্বঃ পরার্দ্ধোঽপক্রান্তো হ্যপরোঽদ্য প্রবর্ত্ততে ॥৩৪
পূর্ব্বস্যাদৌ পরার্দ্ধস্য ব্রাহ্মো নাম মহানভূৎ।
শ্রেষ্ঠ। উৎকৃষ্ট ও অপকৃষ্ট সকল প্রাণীরই অভিপ্রায় আপনার অগোচর নাই। কেন দিতির এই ভয়ঙ্কর গর্ভ বর্দ্ধিত হইতেছে, তাহা আপনিই জানেন। জ্ঞানই আপনার বল, আপনাকে নমস্কার। আপনি মায়াদ্বারা এই ব্রহ্মদেহ এবং রজোগুণ গ্রহণ করিয়াছেন। আপনিই এই জগতের কারণস্বরূপ, আপনার উৎপত্তি কোন প্রমাণেই জ্ঞাত হইতে পারি না, আপনাকে নমস্কার। হে প্রভো। আপনি এই ত্রিভুবন আপনাতেই গাঁথিয়া রাখিয়াছেন এবং স্বয়ং এই চেতনাচেতন প্রপঞ্চের কারণ-স্বরূপ হইয়াও বস্তুতঃ ইহা হইতে ভিন্ন হইয়াছেন। আপনা হইতেই এই সমস্ত জীব উৎপন্ন হয়। যে সকল ব্যক্তি নিষ্কামভাবে একান্তভক্তি-সহকারে আপনার ধ্যান করেন, তাঁহারা তাঁহাদের প্রাণাদি বায়ু, ইন্দ্রিয়গণ ও মনকে জয় করিয়া থাকেন। তাঁহাদের যোগসাধনও সুপক্ক হইয়া থাকে, এজন্য তাঁহারা আপনার প্রসাদও লাভ করেন। তাঁহাদের কোথাও পরাভব হয় না। গোসকল যেমন রজ্জুতে বদ্ধ থাকে, সেইরূপ এই সমস্ত প্রজা যাঁহার বেদরূপ বাক্যের অধীন হইয়া পূজোপহার আহরণ করিতেছে, সেই আপনি তাহাদের নিয়ন্তা শ্রেষ্ঠ পুরুষ, আপনাকে নমস্কার। এক্ষণে আপনি এই সমস্ত লোকের মঙ্গল বিধান করুন। ভয়ঙ্কর অন্ধকারে সর্ব্বদিক্ পরিব্যাপ্ত হইয়াছে। দিবারাত্রির বিভাগের অভাবে যাগ-যজ্ঞ প্রভৃতি কর্ম্মসকল বিলুপ্ত হইয়াছে। আমরা মহাবিপদে পতিত হইয়াছি। কৃপাদৃষ্টি দ্বারা

এষ দেব দিতের্গর্ভ ওজঃ কাশ্যপমর্পিতম্।
দিশস্তিমিরয়ন্ সর্ব্বা এধতেঽগ্নিরিবৈধসি ॥১০

মৈত্রেয় উবাচ।

স প্রহস্য মহাবাহো ভগবাঞ্ছব্দগোচরঃ।
প্রত্যাচষ্টাত্মভূর্দেবান্ শ্রীণন্ রুচিরয়া গিরা ॥১১

ব্রহ্মোবাচ।

মানসা মে সুতা যুয়ং পূর্ব্বজাঃ সনকাদয়ঃ।
চেরুর্বিহায়সা লোকাঁল্লোকেষু বিগতস্পৃহাঃ ॥১২

হে দেব! কাশ্যপং কশ্যপ-সম্বন্ধীয়ম্ (তেনৈব) অর্পিতম্ ওজঃ বীর্য্যম্ এষঃ দিতেঃ গর্ভঃ সর্বাঃ দিশঃ তিমিরয়ন্ (তমোব্যাপ্তাঃ কুর্বন্) এধসি শুষ্কে কাষ্ঠে অগ্নিঃ ইব এধতে বর্দ্ধতে ॥১০

মৈত্রেয়ঃ উবাচ। হে মহাবাহো! শব্দগোচরঃ দেবাদিপ্রশ্নগোচরঃ সঃ ভগবান্ আত্মভূঃ ব্রহ্মা প্রহস্য রুচিরয়া গিরা দেবান্ প্রীণন্ সন্তোষয়ন্ প্রত্যাচষ্ট প্রত্যভাষত ॥১১

ব্রহ্মা উবাচ। যুষ্মৎ (মৎ সকাশাৎ) পূর্বজাঃ পূর্বং জাতাঃ মানসাঃ সঙ্কল্প-মাত্রেণ উৎপন্নাঃ সনকাদয়ঃ যে সুতাঃ লোকেষু জনেষু বিগতস্পৃহাঃ প্রয়োজনরহিতা এব লোকান্ সর্বান্ বিহায়সা আকাশপথেন চেরুঃ ॥১২

আমাদিগকে নিরীক্ষণ করুন। হে দেব! কশ্যপের বীর্য্যে দিতির যে গর্ভ হইয়াছে, তাহা সকল দিক্ অন্ধকারময় করিয়া ইন্ধনসংযোগে বর্দ্ধিত অগ্নির ন্যায় প্রদীপ্ত হইয়া উঠিতেছে।১০

মৈত্রেয় বিদুরকে বলিলেন,—হে বিদুর! ভগবান্ ব্রহ্মা দেবগণের প্রার্থনাবাক্য শ্রবণ করিয়া দিতির কুৎসিত আচরণে ঈষৎ হাস্য করিলেন এবং প্রীতি প্রকাশ পূর্ব্বক মনোহর বাক্য দ্বারা বলিলেন,—হে দেবগণ! তোমাদের পূর্ব্বজাত আমার মানস-পুত্র সনকাদি ঋষিগণ লোকমধ্যে বিগতস্পৃহা হইয়া আকাশপথে বিচরণ করিতে প্রবৃত্ত হইয়াছিলেন। একদা তাঁহারা

ত একদা ভগবতো বৈকুণ্ঠস্যামলাত্মনঃ।
যদূর্বৈকুণ্ঠনিলয়ং সর্ব্বলোকনমস্কৃতম্ ॥১৩

বসন্তি যত্র পুরুষাঃ সর্ব্বে বৈকুণ্ঠমূর্তয়ঃ।
সেহনিমিত্তনিমিত্তেন ধর্ম্মেণারাধয়ন্ হরিম্ ॥১৪

যত্র চাদ্যঃ পুমানাস্তে ভগবাঞ্ছব্দগোচরঃ।
সত্ত্বং বিষ্টভ্য বিরজং স্বানাং নো মৃড়য়ন্ বৃষঃ ॥১৫

একদা তে অমলাত্মনঃ কামক্রোধাদিদোষরহিতস্য ভগবতঃ বৈকুণ্ঠস্য বিষ্ণোঃ সর্বলোকনমস্কৃতং বৈকুণ্ঠনিলয়ং বৈকুণ্ঠাখ্যং নিলয়ং স্থানং যযুঃ ॥১৩

বৈকুণ্ঠমূর্তয়ঃ বৈকুণ্ঠস্য ভগবতঃ ইব মূর্তির্যেষাং তে) সর্বে যে পুরুষাঃ অনিমিত্তনিমিত্তেন (ন নিমিত্তং ফলং নিমিত্তং প্রবর্ত্তকং যস্মিন্ তেন নিষ্কামেণ) ধর্ম্মেণ হরিম্ আরাধয়ন্ যত্র বৈকুণ্ঠে বসন্তি ॥১৪

যত্র বৈকুণ্ঠে শব্দগোচরঃ শাস্ত্রৈকপ্রমাণকঃ ভগবান্ ষড়ৈশ্বর্য্যপূর্ণঃ আদ্যঃ পরমকারণভূতঃ বৃষঃ ভক্তমনোরথপূরকঃ পুমান্ পরমপুরুষঃ বিরজং (রজোগুণেন অননুবিদ্ধং) সত্ত্বং শুদ্ধসত্ত্বময়ীং মূর্তিং বিষ্টভ্য স্বানাং (স্বান্) নঃ অস্মান্ মৃড়য়ন্ সুখয়ন্ আস্তে ॥১৫

অমলাত্মা ভগবান্ হরির সর্ব্বলোকপূজ্য বৈকুণ্ঠধামে গমন করেন। যে সকল পুরুষ সেই বৈকুণ্ঠধামে বাস করিয়া থাকেন, তাঁহারা সকলেই ভগবান্ বৈকুণ্ঠের তুল্য মূর্তিধারী। সেই সকল ব্যক্তি নিষ্কাম ধর্ম্মের অনুষ্ঠান করিয়া ভগবানের আরাধনা করিয়াছিলেন, তাহাতেই তাঁহারা ভগবানরূপী হইয়া তদীয় ধামে বিরাজ করিতেছেন।১১-১৪

যে স্থানে বেদান্তৈকবেদ্য সত্ত্বমূর্তি ভগবান্ ধর্ম্মরূপী হইয়া প্রজাগণকে প্রীত করিতেছেন, সেই পরম পবিত্র বৈকুণ্ঠধামে নৈঃশ্রেয়স নামে একটি রমণীয় বন আছে। সেখানকার সকল তরুই বাসনারূপ দুষ্কর প্রদান করিয়া

যত্র নৈঃশ্রেয়সং নাম বনং কামদুঘৈদ্রুমৈঃ।
সর্ব্বর্তুশ্রীভির্বিভ্রাজৎ কৈবল্যমিব মূর্তিমৎ ॥১৬
বৈমানিকাঃ সললনাশ্চরিতানি যত্র
গায়ন্তি লোকশমলক্ষপণানি ভর্তুঃ।
অন্তর্জলেঽনুবিকসন্মধুমাধবীনাং
গন্ধেন খণ্ডিতধিয়োঽপ্যনিলং ক্ষিপন্তঃ ॥১৭
পারাবতান্যভৃত-সারস-চক্রবাক-
দাত্যূহ-হংস-শুক-তিত্তিরি-বর্হিণাং যঃ।
কোলাহলো বিরমতেঽচিরমাত্রমুচ্চৈ-
র্ভৃঙ্গাধিপে হরিকথামিব গায়মানে ॥১৮
মন্দার-কুন্দ-কুরবোৎপল-চম্পকার্ণ-
পুন্নাগ-নাগ-বকুলাম্বুজ-পারিজাতাঃ।
গন্ধেঽর্চিতে তুলসিকাভরণেন তস্যা
যস্মিংস্তপঃ সুমনসো বহু মানয়ন্তি ॥১৯
তৎ সঙ্কুলং হরিপদানতিমাত্রদৃষ্টৈ-
র্বৈদূর্য্য-মারকত-হেমময়ৈর্বিমানৈঃ।

যত্র চ সর্বর্তুশ্রীভিঃ (সর্বেষু ঋতুষু শ্রীঃ পুষ্প-ফলাদি সম্পদ্ যেষাং তৈঃ কামদুঘৈঃ অভীষ্টবর্ষিভিঃ দ্রুমৈঃ মূর্তিমৎ মূর্তিমন্তং কৈবল্যং মোক্ষম্ ইব বিভ্রাজৎ বিশেষেণ ভ্রাজমানং নৈঃশ্রেয়সং নাম বনম্ (অস্তি) ॥১৬

অন্তর্জলে জলমধ্যে অনুবিকসন্মধুমাধবীনাং (বিকসন্মধবঃ প্রসরন্মকরন্দাঃ মাধব্যঃ মধুকালীনাঃ সুমনসঃ তাসাং) গন্ধেন খণ্ডিতধিয়ঃ খণ্ডিতা বিস্মিতা ধীঃ যেষাং (তথাভূতাঃ অপি) অনিলং ক্ষিপন্তঃ অগণয়ন্তঃ সললনাঃ সস্ত্রীকাঃ বৈমানিকাঃ বিমান-চারিণঃ জনাঃ ভর্তুঃ স্বামিনঃ ভগবতঃ লোকশমল-ক্ষপণানি (লোকানাং সর্বজনানাং শমলানি কাম-ক্রোধাদিদোষমূলভূতানি পাপানি ক্ষপয়ন্তি নিরাকুর্বন্তি

থাকে। যুগপৎ সমস্ত ঋতুর পুষ্পাদি সম্পদ্-যুক্ত সেই বনের শোভা অতি মনোহর। ফলতঃ তাহা এরূপ অনির্ব্বচনীয়ভাবে প্রকাশ পাইতেছে যে, যেন স্বয়ং মূর্তিমান্ মোক্ষই বিরাজ করিতেছেন। বিমানচারী গন্ধর্ব্বগণ আপন আপন সহধর্ম্মিণীকে লইয়া সেই রমণীয় কাননমধ্যে, নিরন্তর ভগবানের চরিত্রসকল গান করিতেছেন। ভগবানের গুণগানে তাঁহাদের বড়ই অনুরাগ। অধিক কি, জলমধ্যে বিকসিত মকরন্দযুক্ত বাসন্তীলতার মধুময় সুগন্ধে তাঁহাদের চিত্ত চঞ্চল হইলেও তাঁহারা সে সঙ্গীত পরিত্যাগ করেন না। যে বায়ুর

কোলাহলো বিরমতেঽচিরমাত্রমুচ্চৈ-
র্ভৃঙ্গাধিপে হরিকথামিব গায়মানে ॥১৮
মন্দার-কুন্দ-কুরবোৎপল-চম্পকার্ণ-
পুন্নাগ-নাগ-বকুলাম্বুজ-পারিজাতাঃ।
গন্ধেঽর্চিতে তুলসিকাভরণেন তস্যা
যস্মিংস্তপঃ সুমনসো বহু মানয়ন্তি ॥১৯
তৎ সঙ্কুলং হরিপদানতিমাত্রদৃষ্টৈ-
র্বৈদূর্য্য-মারকত-হেমময়ৈর্বিমানৈঃ।

তথাভূতানি) চরিতানি যত্র শশ্বৎ নিরন্তরম্ ইত্যপি পাঠঃ) গায়ন্তি ॥১৭

যত্র ভৃঙ্গাধিপে হরিকথাম্ ইব উচ্চৈঃ গায়মানে সতি পারাবতান্যভৃত-সারস-চক্রবাক-দাত্যূহ-হংস-শুক-তিত্তিরি-বর্হিণাং যঃ কোলাহলঃ, সঃ অচিরমাত্রং বিরমতে সমাপ্তো ভবতি ॥১৮

যস্মিন্ বৈকুণ্ঠে মন্দারকুন্দ-কুরবোৎপল-চম্পকার্ণ-পুন্নাগ-বকুলাম্বুজ-পারিজাতাঃ সুমনসঃ তুলসিকা-ভরণেন (তুলসিকাভিঃ রচিতানি আভরণানি যস্য তেন ভগবতা) তস্যাঃ তুলস্যাঃ গন্ধে অর্চিতে সম্মানিতে (তুলস্যাঃ) তপঃ বহু মানয়ন্তি ॥১৯

তৎ বৈকুণ্ঠনিলয়ং হরিপদানতিমাত্রদৃষ্টৈঃ (হরেঃ ভগবতঃ পদয়োঃ যা আনতিঃ নমস্কারঃ তন্মাত্রদৃষ্টৈঃ

সহিত ঐ সুগন্ধ আসিয়া থাকে, তাঁহারা সেই সুগন্ধকে সেই বায়ুর সহিত দূরে নিক্ষেপ করেন। তথায় অলিকুল হরিকথাগানের মত গুন্ গুন্ ধ্বনি আরম্ভ করিলে তত্রত্য পারাবত, কোকিল, সারস, চক্রবাক, ডাক, হংস, শুক, তিত্তির, ময়ূর প্রভৃতি পক্ষিসমূহের কোলাহল ক্ষণকাল বিরত হয়; ফলতঃ পক্ষিগণেরও হরিকথাশ্রবণাদিতে এতদূর পরমানন্দ অনুভব হয় যে, ভ্রমরসমূহ শব্দ করিতে আরম্ভ করিলেই হরিকথা গান হইতেছে মনে করিয়া তাহারা নীরব হয়। তুলসীভূষণ ভগবান্ তুলসীর গন্ধকে অর্চনা করিতেছেন দেখিয়া মন্দার, পারিজাত, কুন্দ,

যেষাং বৃহৎকটিতটাঃ স্মিতশোভিমুখ্যঃ
কৃষ্ণাত্মনাং ন রজ আদধুরুৎস্ময়ায়ৈঃ ॥২০
শ্রী রূপিণী কণয়তী চরণারবিন্দং
লীলাম্বুজেন হরিসদ্মনি মুক্তদোষা।
সংলক্ষ্যতে স্ফটিককুড্য উপেতহেম্নি
সম্মার্জতীব যদনুগ্রহণেঽন্যযত্নঃ ॥২১

বাপীষু বিক্রমতটাস্বমলামৃতাপ্সু
প্রেষ্ঠান্বিতা নিজবনে তুলসীভিরীশম্।
অভ্যর্চতী বলকমুন্নসমীক্ষ্য বক্ত্র-
মুচ্ছেষিতং ভগবতেত্যমতাঙ্গ যচ্ছ্রীঃ ॥২২
যন্ন ব্রজস্ত্র্যভিদো রচনানুবাদা-
চ্ছ্রুণ্বন্তি গেয়মবিদো কৃকথা মতিঘ্নীঃ।

ভগবদ্ভক্তিমাত্রেণৈব লক্ষৈঃ) বৈদূর্য্য-মারকত-হেমময়ৈঃ তত্তদ্বিমানৈঃ বিমানৈঃ সঙ্কুলং ব্যাপ্তম্ অস্তি।। বৃহৎকটিতটাং (বৃহন্তি কটিতটানি যাসাং তাঃ) স্মিতশোভিমুখ্যঃ (স্মিতেন শোভীনি মুখানি যাসাং তাঃ) স্ত্রিয়ঃ উৎস্ময়ায়ৈঃ পরিহাসাদিভিঃ কৃষ্ণাত্মনাং যেষাং বৈকুণ্ঠবাসিনাং (মনসি) রজঃ কামং ন আদধুঃ জনয়ামাসুঃ ॥২০

যদনুগ্রহণে (যস্যাঃ শ্রিয়ঃ অনুগ্রহণে অনুগ্রহ-লাভায়) অন্যযত্নঃ (অন্যেষাং ব্রহ্মাদীনাং যত্নঃ সাধনপ্রয়াসো ভবতি সা) রূপিণী মূর্তিধারিণী শ্রীঃ চরণারবিন্দং কণয়তী (নূপুরেণ শব্দয়ন্তী সতী) উপেতহেম্নি (উপেতং সংযুক্তং হেম যস্মিন্ তস্মিন্) স্ফটিককুড্যে (স্ফটিকময়ানি কুড্যানি যস্মিন্ তস্মিন্ হরিসদ্মনি সম্মার্জতীব সম্মার্জনং কুর্বতীব লীলাম্বুজেন মুক্তদোষা চাঞ্চল্যাদিদোষরহিতা সংলক্ষ্যতে ॥২১

হে অঙ্গ দেবাঃ! যৎ যস্মিন্ লোকে প্রেষ্ঠান্বিতা (প্রেষ্ঠাভিঃ স্বপরিচারিকাভিঃ অন্বিতা পরিবৃতা) শ্রীঃ লক্ষ্মীঃ নিজবনে স্ববিহার-বাটিকায়াং তুলসীভিঃ ঈশং ভগবন্তম্ অভ্যর্চতী পূজয়ন্তী বিক্রম-তটাসু বিক্রমাণি মণিময়ানি তটানি যাসাং তাসু অমলা-মৃতাপ্সু অমলাঃ স্বচ্ছাঃ অমৃতাঃ স্বাদবিশিষ্টাঃ আপো যাসাং তাসু বাপীষু তথা উরুকে) স্বলকং (শোভনাঃ অলকাঃ কেশাঃ যস্মিন্ তৎ) উন্নসম্ (উৎ উৎকৃষ্টা নাসা যস্মিন্ তৎ) বক্ত্রং মুখম্ ঈক্ষ্য দৃষ্ট্বা ভগবতা উচ্ছ্বসিতং চুম্বিতম্ ইতি অমত অমন্যত ॥২২

যে জনাঃ অঘভিদঃ (অঘং পাপম্ অঘাসুরং বা ভিনত্তীতি তস্য) ভগবতঃ রচনানুবাদাৎ রচনা সৃষ্ট্যাদিলীলা তস্যাঃ অনুবাদাৎ (অন্যবিদাং অর্থ-কামাদিবার্ত্তাঃ মতিঘ্নীঃ মতিং ঘ্নন্তি বিনাশয়ন্তি ইতি)

কুরুবক, চম্পক, পুন্নাগ, নাগকেশর, বকুল, উৎপল, কমল, কুসুমকুল স্বয়ং সুগন্ধ বিশিষ্ট হইয়াও তাঁহার তপস্যাকেই বহুমান করিয়া থাকে।১৫-১৯

ভগবদ্ভক্তদিগের অগণ্য বৈদূর্য্য, মরকত ও স্বর্ণময় বিমানে সেই বৈকুণ্ঠধাম পরিপূর্ণ। ঐ সকল বিমান ভক্তগণের কর্ম্ম দ্বারা লব্ধ নহে। ভগবানের চরণযুগলে প্রণতি মাত্রে তাঁহারা উহা লাভ করিয়াছেন। তাঁহাদিগের মন হরির চরণকমলে এরূপ অনুগত যে, বিপুলনিতম্বা পরমা সুন্দরী রমণীগণের ঈষৎহাস্য ও স্বাভাবিক পরিহাসাদি ব্যাপারে ঐ সকল ব্যক্তির কামভাব জন্মে না। যে লক্ষ্মীর অনুগ্রহ লাভ করিবার জন্য দেবগণও যত্ন করিয়া থাকেন, সেই লক্ষ্মী মনোরম মূর্ত্তি ধারণ করিয়া ইতস্ততঃ পদবিক্ষেপ পূর্ব্বক গমন করায়, তাঁহার চরণস্থিত নূপুরের শ্রবণমোহন ধ্বনি হইতেছে এবং তিনি বাহু প্রসারণ করিয়া হস্তধৃত লীলাকমলে বৈকুণ্ঠ শ্রীহরির মন্দির স্বয়ং সম্মার্জ্জন করিতেছেন বলিয়া যেন স্পষ্টই দৃষ্ট হয় (অর্থাৎ গৃহের ভিত্তিসমূহ স্ফটিকময় এবং মধ্যে মধ্যে সুবর্ণখচিত; সুতরাং তথায় ধূলির লেশমাত্র নাই, লক্ষ্মী স্বর্ণপুত্তিকাময় ভিত্তিভাগে বহু প্রকারে প্রতিবিম্বিতা হইয়া লীলাকমল ঘূর্ণিত করাতে তাঁহার

যাস্ত শ্রুতা হতভগৈর্নৃভিরাশুসারা-
স্তাংস্তান্ ক্ষিপন্ত্যশরণেষু তমঃসু হন্ত ॥২৩
যেঽভ্যর্থিতামপি চ নো নৃগতিং প্রপন্না
জ্ঞানঞ্চ তত্ত্ববিষয়ং সহধর্ম্ম যত্র।
নারাধনং ভগবতো বিতরন্ত্যমুষ্য
সম্মোহিতা বিততয়া বত মায়য়া তে ॥২৪
যচ্চ ব্রজন্ত্যনিমিষামৃষভানুবৃত্ত্যা
দূরে যমা হ্যুপরি নঃ স্পৃহণীয়শীলাঃ।
ভর্ত্তুর্মিথঃ সুযশসঃ কথনানুরাগ-
বৈক্লব্যবাষ্পকলয়া পুলকীকৃতাঙ্গাঃ ॥২৫
তদ্বিশ্বগুর্ব্বধিকৃতং ভুবনৈকবন্দ্যং
দিব্যং বিচিত্রবিবুধাগ্রবিমানশোভিঃ

কুকথাঃ শৃণ্বন্তি, (তে) যৎ বৈকুণ্ঠং ন ব্রজন্তি; হন্ত খেদে হতভগৈঃ হতভাগ্যৈঃ নৃভিঃ শ্রুতাঃ তু যাঃ আশুসারাঃ (আশুঃ স্বীকৃতঃ দূরীকৃতঃ সারঃ শ্রোতৃণাং বিবেকাদি গুণঃ যাভিঃ তাঃ কথাঃ) তান্ শ্রোতৃন্ অশরণেষু নিরাশ্রয়েষু তমঃসু নরকেষু ক্ষিপন্তি ॥২৩

নঃ অস্মাভিঃ ব্রহ্মাদিভিঃ অপিচ অভ্যর্থিতাং নৃপতিং মনুষ্যজাতিং প্রপন্নাঃ প্রাপ্তাঃ সন্তঃ যত্র যস্যাং গতৌ মনুষ্যযোনৌ সহধর্ম্ম তত্ত্ববিষয়ং জ্ঞানং ভবতি। অপি ভগবতঃ আরাধনং ন বিতরন্তি কুর্বন্তি বত খেদে তে অমুষ্য ভগবতঃ বিততয়া বিস্তৃতয়া মায়য়া সম্মোহিতাঃ এব ॥২৪

যৎ চ বৈকুণ্ঠনিলয়ং নঃ অস্মত্তঃ অপি উপরি অধিকাঃ স্পৃহণীয়শীলাঃ (স্পৃহণীয়ং করুণাদি শীলং যেষাং তে) অনিমিষাং দেবানাম্ ঋষভানুবৃত্ত্যা (ঋষভস্য শ্রেষ্ঠস্য ভগবতঃ অনুবৃত্ত্যা শ্রবণকীর্ত্তনাদি-ভক্ত্যা) দূরেযমাঃ দূরীকৃত-যমনিয়মাঃ বা দূরীকৃতঃ যমঃ বা দূরীকৃতঃ অহমঃ অহঙ্কারঃ যেষাং তে) অতএব ভর্ত্তুঃ স্বপালকস্য ভগবতঃ সুযশসঃ মিথঃ পরস্পরং কথনানুরাগবৈক্লব্যবাষ্প-কলয়া (কথনে যঃ অনুরাগঃ তেন বৈক্লব্যং বৈবশ্যং তেন বাষ্পকলা অশ্রুবিন্দুঃ তয়া সহ) পুলকী-কৃতাঙ্গাঃ (পুলকীকৃতং রোমাঞ্চিতম্ অঙ্গং যেষাং তে) ব্রজন্তি ॥২৫

বিষয় ও ভক্তি দ্বারা বোধহয়, যেন প্রকৃতই তিনি হরিগৃহ সম্মার্জ্জন করিতেছেন)। হে দেবগণ! বৈকুণ্ঠ ধামের সরোবরসমূহের জল নির্ম্মল ও অমৃত তুল্য এবং তটসকল বিদ্রুমময়। লক্ষ্মী সেই তটের নিকটবর্ত্তী উপবনে উপবিষ্ট হইয়া সখীগণের সহিত তুলসী দ্বারা ভগবানের অর্চ্চনা করিতে করিতে সরোবরের জলে প্রতিবিম্বিত আপনার মনোহর কুটিল কেশকলাপ এবং নাসিকাযুক্ত বদন অবলোকন করিয়া মনে করেন, স্বয়ং ভগবান্‌ই বুঝি আমার মুখচুম্বন করিলেন। হে দেবগণ! যে সকল মনুষ্য পাপনাশন হরির সৃষ্ট্যাদি লীলানুবাদ হইতে বিমুখ হইয়া কেবল অর্থকামাদি বিষয়ের মতিভ্রংশকারিণী কুকথা শ্রবণ করে, তাহারা কখনও সেই বৈকুণ্ঠধামে গমন করিতে পারে না। তাহাদের মন্দ ভাগ্যের কথা কি কহিব? অন্য-বিষয়ক কুকথা তাহাদের কর্ণগোচর হইয়া তাহাদের পূর্ব্বসঞ্চিত পুণ্যসমূহ হরণ পূর্ব্বক তাহাদিগকে ঘোর নিরাশ্রয় নরকে নিক্ষেপ করে। মনুষ্যজন্মে ধর্ম্মের সহিত তত্ত্বজ্ঞান হইতে পারে, এইজন্য আমরাও যাহার প্রশংসা করিয়া থাকি, সেই মানবজন্ম লাভ করিয়া হতভাগ্যেরা ভগবানের আরাধনা করে না। হায়! কি দুঃখের বিষয়! তাহারা কি ভগবানের মায়ায় একেবারেই মুগ্ধ! যাঁহারা নিরহঙ্কার, সুতরাং আমাদের অপেক্ষাও অধিক যোগী, তাঁহারাই সেই পরম পবিত্র বৈকুণ্ঠধামে গমন করিতে সমর্থ হন। তাঁহারা হরির নিরন্তর গুণানুবাদ করিতে এরূপ সমুদ্ভাসিত হন যে, যমও তাঁহাদের নিকট যাইতে সমর্থ নহেন। তাঁহারা পরস্পর বসিয়া ভগবানের সুযশ-কীর্ত্তনে এরূপ অনুরাগ প্রকাশ করেন যে, তৎক্ষণ অবশতা হয় ও বাষ্পবারি বিগলিত হয় এবং শরীরও

আপুঃ পরাং মুদমপূর্ব্বমুপেত্য যোগ-
মায়াবলেন মুনয়স্তদথো বিকুণ্ঠম্ ॥২৬
তস্মিন্নতীত্য মুনয়ঃ ষড়সজ্জমানাঃ
কক্ষাঃ সমানবয়সাবথ সপ্তমায়াম্।
দেবাবচক্ষত গৃহীতগদৌ পরার্দ্ধ্য-
কেয়ূরকুণ্ডলকিরীটবিটঙ্কবেশৌ ॥২৭

তৎ ভুবনৈকবন্দ্যং (ভুবনেষু একতয়া প্রাধান্যেন বন্দ্যং বহুমতং) বিচিত্রবিবুধাগ্র্যবিমানশোচিঃ (বিচিত্রাণি বিবুধাগ্র্যাণাং বিমানানি তেষাং শোচিঃ দীপ্তিঃ যস্মিন্ তৎ) দিব্যম্ অপ্রাকৃতং যোগমায়া-বলেন অচিন্ত্যপ্রভাবেণ বিশ্বগুর্বধিকৃতং (বিশ্বগুরুণা শাস্ত্রপ্রবর্ত্তকতয়া সর্বপূজ্যেন ভগবতা অধিকৃতম্ উৎকৃষ্টতয়া নিশ্মিতং) তদপূর্বম্ অদৃষ্টপূর্বং তৎ বৈকুণ্ঠম্ উপেত্য প্রাপ্য মুনয়ঃ অথ পরাম্ উৎকৃষ্টাং মুদং হর্ষম্ আপুঃ ॥২৬

তস্মিন্ বৈকুণ্ঠে ষট্ কক্ষাঃ প্রাকারদ্বারাণি অতীত্য অতিক্রম্য অসজ্জমানাঃ (ভগবদ্দর্শনোৎকণ্ঠয়া তত্তদদ্ভুতদর্শনে কাপ্যাসক্তিমকুর্বাণাঃ) মুনয়ঃ সনকাদয়ঃ অথ সপ্তমায়াং কক্ষায়াং পরার্দ্ধ্যকেয়ূরকুণ্ডলকিরীট-বিটঙ্কবেশৌ (পরার্দ্ধ্যৈঃ শ্রেষ্ঠৈঃ কেয়ূরাদিভিঃ বিটঙ্কো রুচিরো বেশঃ যয়োস্তৌ) সমানবয়সৌ (সমানং

মত্তদ্বিরেফ-বনমালিকয়া নিবীতৌ
বিন্যস্তয়াসিতচতুষ্টয়বাহুমধ্যে।
বক্ত্রং ভ্রুবা কুটিলয়া স্ফুটনির্গমাভ্যাং
রক্তেক্ষণেন চ মনাগ্ রভসং দধানৌ ॥২৮
দ্বার্যোতয়োর্নিবিবিশুর্নিগতোরপৃষ্ট্বা
পূর্ব্বা যথা পুরট-বজ্রকবাটিকায়াঃ।

বয়ঃ যয়োস্তৌ) গৃহীতগদৌ গৃহীতে গদে যাভ্যাং তৌ) দেবৌ দ্বারপালৌ অচক্ষত অপশ্যন্ ॥২৭

অসিতচতুষ্টয়বাহুমধ্যে (অসিতং নীলং যৎ বাহুচতুষ্টয়ং তস্য মধ্যে) বিন্যস্তয়া মত্তদ্বিরেফ-বনমালিকয়া মত্তাঃ দ্বিরেফাঃ ভ্রমরাঃ যস্যাং তয়া বনমালিকয়া নিবীতৌ কণ্ঠলম্বিন্যা অলঙ্কৃতৌ কুটিলয়া ভ্রুবা স্ফুটনির্গমাভ্যাং। স্ফুটৌ বিকসিতৌ নির্গমৌ শ্বাসমার্গৌ নাসাপুটে যাভ্যাং) রক্তেক্ষণেন রক্ত-লোচনেন চ মনাক্ ঈষৎ রভসম্ উগ্রং বদনং দধানৌ অচক্ষত (ইতি পূর্বেণান্বয়ঃ) ॥২৮

অবিস্মিতয়া বৈষম্যরহিতয়া স্বদৃষ্ট্যা যে সর্বত্র সঞ্চরন্তি, বিগতাভিশঙ্কাঃ অতঃ অবিহতাঃ অনিবারিতাঃ তে মুনয়ঃ এতয়োঃ পার্ষদয়োঃ মিষতোঃ পশ্যতোঃ সতোঃ (তৌ অনাদরেণ) অপৃষ্ট্বা পূর্বাঃ ষট্ দ্বারঃ পুরট-বজ্র-কবাটিকায়াঃ (পুরটালঙ্কৃতবজ্রময্যঃ

পুলকে পূর্ণ হয়; এইজন্যই তাঁহাদের কারুণ্যাদি স্বভাব সকলের বাঞ্ছনীয় ।২০-২৫

হে অমরগণ! তদনন্তর মুনিগণ যোগমায়াবলে সেই অপূর্ব্ব বৈকুণ্ঠধামে আসিয়া পরমোৎকৃষ্ট আনন্দ প্রাপ্ত হইলেন। বিশ্বগুরু হরি তথায় অধিষ্ঠিত, সুতরাং ঐ স্থল সমস্ত ভুবনের বন্দনীয়। তথায় চারিদিকে প্রধান প্রধান দেবগণের বিমানসকল সুশোভিত ছিল; সুতরাং ঐ স্থান যেন দীপ্যমান হইয়া থাকিত। মুনিগণ ভগবান্‌কে দেখিতে একান্ত উৎসুক ছিলেন; সুতরাং ঐসকল আশ্চর্য্য ব্যাপার দেখিতে তাঁহাদের মন আসক্ত হইল না। তাঁহারা ক্রমে ক্রমে ছয়টি কক্ষ অতিক্রম করিয়া সপ্তম কক্ষে গিয়া দুইজন দ্বারপালকে দেখিতে পাইলেন। ঐ দুই ব্যক্তির বয়স সমান, দুইজনই গদাধারী, দুইজনই অত্যুৎকৃষ্ট কেয়ূর-কুণ্ডল-কিরীটে অলঙ্কৃত এবং অতিশয় সুন্দরবেশে বিভূষিত। উভয়েরই কণ্ঠদেশে বিচিত্র বিচিত্র বনমালা বিলম্বিত, নীলবর্ণ বাহুচতুষ্টয় মধ্যে সেই বনমালা বিস্তৃত হওয়াতে মহতী শোভা হইয়াছিল। তদ্ভিন্ন উন্মত্ত অলিকুল মধুলোভে নিয়তই নিপতিত হইতেছে; তাহাতে তাহার (বনমালার) সৌন্দর্য্য অধিকতর পরিবর্দ্ধিত হইয়াছিল, কিন্তু উৎফুল্ল নাসিকা, অরুণবর্ণ নয়ন ও কুটিল ভ্রুযুগল দ্বারা উভয়েরই বদন ঈষৎ কোপকুল দেখাইতেছিল। ঐ দুই দ্বারী দণ্ডায়মান

সর্ব্বত্র তেঽবিষমমা মুনয়ঃ স্বদৃষ্ট্যা
যে সঞ্চরন্ত্যবিহতা বিগতাভিশঙ্কাঃ ॥২৯
তান্ বীক্ষ্য বাতবসনাংশ্চতুরঃ কুমারান্
বৃদ্ধান্ দশার্দ্ধবয়সো বিদিতাত্মতত্ত্বান্।
বেত্রেণ চাস্খলয়তামতদর্হণাংস্তৌ
তেজো বিহস্য ভগবৎপ্রতিকূলশীলৌ ॥৩০
তাভ্যাং মিষৎস্বনিমিষেষু নিষিধ্যমানাঃ
স্বর্হত্তমা অপি হরেঃ প্রতিহারপাভ্যাম্।
উচুঃ সুহৃত্তমদিদৃক্ষিতভঙ্গ ঈষৎ
কামানুজেন সহসা ত উপপ্লুতাক্ষাঃ ॥৩১

মুনয় উচুঃ।

কো বা ইহেত্য ভগবৎপরিচর্য্যয়োচ্চৈ-
স্তদ্ধর্ম্মিণাং নিবসতাং বিষমঃ স্বভাবঃ।
তস্মিন্ প্রশান্তপুরুষে গতবিগ্রহে বাং
কো বাস্ত্বদং কুহকয়োঃ পরিশঙ্কনীয়ঃ ॥৩২

কপাটিকাঃ যান্ তান্ যথা বিবিশুঃ তথা অন্যাং সপ্তমাদ্যাম্ অপি দ্বারি নিবিবিশুঃ ॥২৯

ভগবৎপ্রতিকূলশীলৌ (ভগবতো ভক্তবৎসলস্য প্রতিকূলং শীলং যয়োঃ তৌ তৌ দ্বারপালৌ বিদিতাত্মতত্ত্বান্ (বিদিতান্ আত্মতত্ত্বং পরমাত্মযাথাত্ম্যং যৈঃ তান্) অতদর্হান্ নিষেধাযোগ্যান্ (ব্রাহ্মকল্পে জাতত্বেন বৃদ্ধান্ অপি দশার্দ্ধবয়সঃ পঞ্চবর্ষবালকবৎ প্রতীয়মানান্ বাতবসনান্ দিগ্বস্ত্রান্ তান্ চতুরঃ কুমারান্ সনৎকুমারাদীন্ বীক্ষ্য তেষাং তেজঃ প্রভাবং বিহস্য তুষ্ণীকৃত্য বেত্রেণ (বচনেন) চ অস্খলয়তাং নিবারিতবন্তৌ ॥৩০

এবং তাভ্যাং হরেঃ প্রতিহারপাভ্যাং দ্বারপাল-

পতিভ্যাম্ অনিমিষেষু অন্যেষু দেবেষু) মিষৎসু পশ্যৎসু সৎসু স্বর্হত্তমাঃ অত্যন্তং পূজ্যতমাঃ নিষিধ্যমানাঃ, (অতঃ সুহৃত্তমদিদৃক্ষিতভঙ্গে (সুহৃত্তমঃ ভগবান্ তস্য দিদৃক্ষিতং দর্শনেচ্ছা তস্য ভঙ্গে প্রতিরোধে সতি) ঈষৎ কামানুজেন (ঈষৎ স্বল্পঃ কামস্য অমুষ্যঃ ক্রোধঃ তেন) সহসা ঝটিতি উপপ্লুতাক্ষাঃ (উপপ্লুতানি ব্যাপ্তানি অক্ষিণী যেষাং তথাভূতাঃ সন্তঃ) তে উচুঃ ॥৩১

মুনয়ঃ উচুঃ। উচ্চৈঃ মহত্যা ভগবৎপরিচর্য্যয়া ইহ বৈকুণ্ঠে এতস্যা নিবসতাং তদ্ধর্ম্মিণাং বৈকুণ্ঠধর্ম্মবতাং মধ্যে বাং যুবয়োঃ এব বা কঃ অয়ং বিষমবিপরীতঃ স্বভাবঃ গতবিগ্রহে ত্যক্তকলহে তস্মিন্

হইয়া কুটিল কটাক্ষে দেখিতে থাকিলেও সেই মুনিগণ তাহাদিগকে কোন কথা জিজ্ঞাসা করিলেন না। পূর্ব্বে যেমন ছয় কক্ষের সুবর্ণালঙ্কৃত বজ্রময় কপাট উদ্‌ঘাটন করিয়া দ্বারে প্রবেশ করিয়াছিলেন, সেইরূপ সপ্তম কক্ষের দ্বারেও তাঁহারা প্রবেশ করিলেন। তাঁহাদের জিজ্ঞাসা করিবার অপেক্ষাও ছিল না, সর্ব্বত্রই তাঁহাদের সমদৃষ্টি; তাই তাঁহারা সর্ব্বধামেই নির্ভয় মনে ভ্রমণ করিয়া বেড়াইতেছিলেন; কোথাও কেহই নিষেধ করে নাই। ঐ মুনিগণের আত্মতত্ত্বে জ্ঞান হইয়াছিল। তাঁহারা বৃদ্ধ হইলেও পঞ্চমবর্ষীয় বালকের ন্যায় প্রকাশ পাইতেছিলেন এবং তাঁহারা বেত্রাদি দ্বারা নিবারিত হইবারও সম্পূর্ণ অযোগ্য; কিন্তু ঐ দুইজন দ্বারপালের স্বভাব ভগবান্ ব্রহ্মণ্যদেবের স্বভাবের প্রতিকূল ছিল, তাই তাঁহারা মুনিগণকে উলঙ্গ দেখিয়া উপহাস পূর্ব্বক বচন ও বেত্র দ্বারা নিবারণ করিল। বৈকুণ্ঠস্থ দেবগণ দেখিলেন—তাঁহাদের সমক্ষেই ঐ দ্বারপালদ্বয় পূজ্যতম মুনিগণকে পুরীপ্রবেশ করিতে নিষেধ করিল; তাহাতে মুনিগণের শ্রীহরি-দর্শনে মহাব্যাঘাত জন্মিল বিবেচনা করিয়া সহসা কোপযুক্ত হইলেন এবং সেই ক্রোধহেতু তাঁহাদের নয়নযুগল অতিশয় ক্ষোভিত হইয়া জ্বলিয়া উঠিল। মুনিগণ দ্বারপালদ্বয়কে সম্বোধন করিয়া কহিতে লাগিলেন ।২৬-৩১

মুনিগণ বলিলেন,—'শ্রীহরির সুমহৎ সেবা করিয়া তৎপ্রভাবে বৈকুণ্ঠলোক প্রাপ্তি পূর্ব্বক যাঁহারা এই

ন হ্যন্তরং ভগবতীহ সমস্তকুক্ষা-
বাত্মানমাত্মনি নভো নভসীব ধীরাঃ।
পশ্যন্তি যত্র যুবয়োঃ সুরলিঙ্গিনোঃ কিং
ব্যুৎপাদিতং হ্যদরভেদি ভয়ং যতোঽস্ত ॥৩৩
তদ্ বামমুষ্য পরমস্য বিকুণ্ঠভর্তুঃ
কর্তুং প্রকৃষ্টমিহ ধীমহি মন্দধীভ্যাম্।
লোকানিতো ব্রজতমন্তরভাবদৃষ্ট্যা
পাপীয়সস্ত্রয় ইমে রিপবোঽস্য যত্র ॥৩৪
তেনামিতৌজসমুভাববধার্য্য ঘোরং
তং ব্রহ্মদণ্ডমনিবারণমস্ত্রপূগৈঃ।
সদ্যো হরেরনুচরাবুরুবিভ্যতস্তৎ-
পাদগ্রহাবপততামতিকাতরেণ ॥৩৫

প্রশান্তপুরুষে আত্মবৎ স্বদৃষ্টান্তেন কুহকয়োঃ কুটিলয়োঃ বাং যুবয়োঃ কো বা পরিশঙ্কনীয়ঃ ॥৩২

যত্র আত্মনি পরমাত্মনি সমস্তকুক্ষৌ (সমস্তং বিশ্বম্ এব কুক্ষৌ যস্য তস্মিন্) ইহ ভগবতি নভসি মহাকাশে নভঃ ঘটাকাশঃ ইব ধীরাঃ বিবাংসঃ আত্মানং সর্বমেব জীবাত্মানম্ অন্তরং ভিন্নং ন পশ্যন্তি। অস্য পরমেশ্বরস্য সুরলিঙ্গিনোঃ যুবয়োঃ (যুবাভ্যাং) উদরভেদি (উদরং ভেৎস্যতীতি) ভয়ং যতঃ কারণাৎ ব্যুৎপাদিতং পরিশঙ্কিতং তৎ কিং নাম অস্মাকং কৃতম্ ইতি পরেণান্বয়ঃ ॥৩৩

তৎ তস্মাৎ অমুষ্য পরমস্য বিকুণ্ঠভর্তুঃ বৈকুণ্ঠনাথস্য বাং যুবাভ্যাং দুষ্টাভ্যাং মন্দধীভ্যাম্ অপি প্রকৃষ্টং ভদ্রম্ এব কর্তুম্ ইহ অস্মিন্ অপরাধে যদ্যুক্তং, তৎ ধীমহি চিন্তয়েম। অন্তরভাবদৃষ্ট্যা (অন্তরস্য ভেদস্য ভাবঃ সত্তা তদ্দৃষ্ট্যা দোষেণ। ইতঃ বৈকুণ্ঠলোকাৎ পাপীয়সঃ লোকান্ ব্রজতঃ যত্র যেষু লোকেষু কামঃ ক্রোধঃ তথা লোভঃ ইমে ত্রয়ঃ অস্য ভেদদৃষ্টেঃ রিপবঃ সন্তি ॥৩৪

ইতি উক্তপ্রকারেণ যোগ্যং মুনীনাম্ ঔচিত্যং ভাষিতম্ অবধার্য্য শ্রুত্বা তথা তং ঘোরং ব্রহ্মদণ্ডং ব্রাহ্মণশাপম্ অস্ত্রপূগৈঃ (অস্ত্রাণাং পূগৈঃ সমূহৈঃ অপি) অনিবারণং নিবারয়িতুম্ অশক্যং (জ্ঞাত্বা)

স্থানে বাস করেন, তাঁহারা সকলেই ভগবদ্ধর্ম্মী এবং সমদর্শী, তোমরাও তাঁহাদের মধ্যেই দুই ব্যক্তি, কিন্তু তোমাদের এরূপ বিষম স্বভাব কেন? কেহ প্রবেশ করিবে, কেহ প্রবেশ করিতে পারিবে না, এ কি কথা? যদি বল, দ্বারপালদিগের প্রভুরক্ষণার্থ এরূপ স্বভাব ভূষণ-স্বরূপ, কদাচ দূষণীয় নহে, কিন্তু তথাচ ভাবিয়া দেখ—তোমাদের প্রভু প্রশান্ত পুরুষ, তাঁহার সহিত কাহারও বিরোধ নাই, ইহাতে তাঁহার রক্ষণার্থ শঙ্কার সম্ভাবনা কি? এক্ষণে বুঝিলাম, তোমরাই স্বয়ং কপট, এজন্য স্ব-স্ব-দৃষ্টান্তানুসারে আশঙ্কা করিতেছ যে, অন্য কোন কপট আসিয়া বুঝি বৈকুণ্ঠে প্রবেশ করিবে। হায়! এখানে ভগবদ্ভক্ত ভিন্ন কি অন্য কাহারও আসিবার সাধ্য আছে? ভেদজ্ঞানই ভয়ের কারণ, ভগবানে ত কাহারও ভেদবুদ্ধি নাই। এই সমস্ত বিশ্ব যাঁহার কুক্ষিতে অবস্থিত, পণ্ডিতগণ তাঁহাকে কখনও আত্মার ভেদ দর্শন করেন না, কিন্তু কি আশ্চর্য্য! তোমাদের দুইজনকে বেষবেশধারী দেখিতেছি অথচ অন্য ভৃত্যেরা যেমন কোন কপট শত্রু হইতে আপনাদের রাজার বিপদাশঙ্কা করিয়া ভীত হয়, সেইরূপ তোমাদের চিত্তে ভয় দেখিতেছি; ইহা কি কারণে হইল? কোন কারণই ত দেখি না। সে যাহা হউক, তোমরা এই পরমপুরুষ শ্রীবৈকুণ্ঠনাথের ভৃত্য বটে। যদিও তোমরা মন্দবুদ্ধি, তথাচ তোমাদের মন্দ করা উচিত নহে। তোমাদের উৎকৃষ্ট মঙ্গল করিবার নিমিত্ত এই অপরাধে তোমাদের যাহা হওয়া উচিত, তাহা চিন্তা করিয়াছি। তোমাদের ভেদদৃষ্টি প্রযুক্ত তোমরা এই পবিত্র বৈকুণ্ঠধাম হইতে ভ্রষ্ট হইয়া যে পাপযোনিতে কাম, ক্রোধ, লোভ এই রিপুত্রয় বিদ্যমান আছে, তাহাতেই গিয়া জন্মগ্রহণ কর। সেই দ্বারপালদ্বয় মুনিগণের ঐ বাক্য শ্রবণ করিয়া বিবেচনা করিল যে, ইহা ঘোর ব্রহ্মশাপ; অস্ত্রসমূহ দ্বারাও ইহার

ভূয়াদঘোনি ভগবদ্ভিরকারি দণ্ডো
যো নৌ হরেত স্মরহেলনমপ্যশেষম্।
মা বোঽনুতাপকলয়া ভগবৎস্মৃতিঘ্নো
মোহো ভবেদিহ তু নৌ ব্রজতোরধোঽধঃ ॥৩৬
এবং তদৈব ভগবান্নরবিন্দনাভঃ
স্বানাং বিবুধ্য সদতিক্রমমার্য্যহৃদ্যঃ।
তস্মিন্ ষযৌ পরমহংসমহামুনীনা-
মন্বেষণীয়চরণৌ চলনৈঃ সহশ্রীঃ ॥৩৭
তস্যাগতং প্রতিহৃতৌপয়িকং স্বপুষ্টি-
স্তেঽচক্ষতাক্ষবিষয়ং স্বসমাধিভাগ্যম্।
হংসশ্রিয়োর্ব্যজনয়োঃ শিববায়ুলোল-
চ্ছ্রভ্রাতপত্রশশিকেশরশীকরাম্বুম্ ॥৩৮

উরু অত্যর্থং বিভ্যতঃ তৌ হরেঃ অনুচরৌ অতিকাতরেণ সন্তঃ তৎপাদগ্রহৌ। তেষাং পাদগ্রহৌ পাদগ্রহণং কুর্বন্তৌ সন্তৌ) অপতত্তাম্ ॥৩৫

অঘোনি অপরাধিনি ময়ি যঃ দণ্ডঃ, (সঃ এব) ভগবদ্ভিঃ সর্বজ্ঞৈঃ ভবদ্ভিঃ (আবয়োঃ) অকারি কৃতঃ। (অতঃ অসৌ) নৌ আবয়োঃ ভূয়াৎ ; যঃ দণ্ডঃ নৌ আবয়োঃ অশেষম্ অপি স্মরহেলনং (ভবতাং তিরস্কার-জনিতং পাপং) হরেত নিরস্যেৎ। অপিতু বঃ যুষ্মাকম্ অনুতাপকলয়া (কৃপানিমিত্তঃ অনুতাপঃ তস্য কলয়া লেশেন) অধোঽধঃ মূঢ়যোনিং ব্রজতোঃ নৌ আবয়োঃ ইহ মূঢ়যোনৌ ভগবৎস্মৃতিঘ্নঃ মোহঃ মা ন ভবেৎ ইতি ॥৩৬

এবং পূর্বোক্তরীত্যা স্বানাং ভৃত্যানাং সদতিক্রমং (সৎসু সনকাদিষু অতিক্রমম্ অপরাধং) তদৈব বিবুধ্য জ্ঞাত্বা সহশ্রীঃ লক্ষ্মীসহিতঃ আর্য্যহৃদ্যঃ (আর্য্যাণাং হৃদ্যঃ মনোজ্ঞঃ) অরবিন্দনাভঃ (ত্রিলোকাত্মকম্ অরবিন্দং নাভৌ যস্য সঃ) ভগবান্ পরমহংসমহা-মুনীনাম্ (পরমহংসাঃ যে মহামুনয়ঃ সনকাদয়ঃ তেষাং) অন্বেষণীয়চরণৌ চলয়ন্ তস্মিন্ স্থানে যযৌ ॥৩৭

তে মুনয়ঃ স্বপুংভিঃ স্বভৃত্যৈঃ প্রতিহৃতৌপয়িকং প্রতিহৃতং মার্গমানীয় সমর্পিতম্ ঔপয়িকং ছত্র-চামর-ব্যজন-পাদুকাদিগমনসাধনজাতং যস্য তং) স্ব-সমাধিভাগ্যং সমাধিবিষয়ম্ (অধুনা তু) অক্ষ-বিষয়ম্ (অক্ষ্ণোঃ বিষয়ং প্রত্যক্ষং) হংসশ্রিয়োঃ (হংসবৎ শ্রীঃ শোভা যয়োঃ তয়োঃ) ব্যজনয়োঃ চামরয়োঃ শিববায়ুলোলচ্ছ্রভ্রাতপত্রশশিকেশরশীকরাম্বুং (শিবঃ

নিবারণ হইবে না। তখন তাহারা মহাভয়ে ভীত হইয়া মুনিগণের পাদগ্রহণ পূর্বক দণ্ডের ন্যায় নিপতিত হইলেন। ঐ দুই দ্বারপাল যে ভগবানের অনুচর, সেই ভগবানই তাহাদের অপেক্ষাও ঐ মুনিগণ হইতে অধিক ভয়ভাবনা করিতেছিলেন ; সুতরাং তাহাদের ভয়ে ভীত হওয়া বিচিত্র কি ? তাহারা মুনিদের চরণে নিপতিত হইয়া বিনয়-নম্রভাবে বলিতে লাগিল,—'হে মুনিবৃন্দ ! ঘোর পাপীর প্রতি যেরূপ দণ্ড বিধান করা উচিত, আপনারা আমাদের প্রতি সেই দণ্ডই বিধান করিলেন। ইহাতে আপনাদের কোন দোষ নাই ; আমাদের প্রতি ঐরূপ দণ্ডই হউক। এই দণ্ডে ঈশ্বরাদেশ-অবজ্ঞারূপ অশেষ পাপের বিনাশ হয়, আমরা অবশ্যই নিষ্পাপ হইব, কিন্তু প্রার্থনা এই যে, আমরা ক্রমশঃ নীচ-নীচ পাপযোনিতে পরিভ্রমণ করিয়া বেড়াইলেও আপনাদের অনুগ্রহনিমিত্ত অনুতাপলেশে আমাদের যেন শ্রীহরির স্মরণ-প্রতিরোধক মোহ উপস্থিত না হয়।' ঐ সময়েই ভগবান্ পদ্মনাভ জানিতে পারিলেন যে, তাঁহার দুইজন ভৃত্য সাধুসন্নিধানে অপরাধী হইয়াছে। যে প্রদেশে ঐ মুনিগণ ক্রুদ্ধ হইয়া অবস্থান করিতেছিলেন, আপনার চরণদ্বয় চালন পূর্বক শীঘ্র সহধর্ম্মিণী লক্ষ্মীর সহিত সেই স্থানে গমন করিলেন। পদব্রজে গমন অর্থ এই যে, ভগবান্ বুঝিয়াছিলেন—আমার চরণ দর্শনের ব্যাঘাত হওয়াতেই ঋষিদের কোপ জন্মিয়াছে ; পদব্রজে গমন করিলে ইহা দর্শন করিয়া তাঁহাদের কোপের

কৃৎস্নপ্রসাদসুমুখং স্পৃহণীয়ধাম
স্নেহাবলোককলয়া হৃদি সংস্পৃশন্তম্।
শ্যামে পৃথাবুরসি শোভিতয়া শ্রিয়া স্ব-
শ্চূড়ামণিং সুভগয়ন্তমিবাত্মধিষ্ণ্যম্ ॥৩৯
পীতাংশুকে পৃথুনিতম্বিনি বিষ্ণুরন্ত্যা
কাঞ্চ্যালিভিবিরুতয়া বনমালয়া চ।
বল্গুপ্রকোষ্ঠবলয়ং বিনতাতুতাংসে
বিন্যস্তহস্তমিতরেণ ধুনানমব্জম্ ॥৪০
বিদ্যুৎক্ষিপন্মকরকুণ্ডলমণ্ডনার্হ-
গণ্ডস্থলোন্নসমুখং মণিমৎকিরীটম্।
দোর্দণ্ডগণ্ডবিবরে হরতা পরার্ধ্য-
হারেণ কন্ধরগতেন চ কৌস্তুভেন ॥৪১

সুখকরঃ সুগন্ধঃ বায়ুঃ তেন লোলন্তঃ চলন্তঃ তথা শুভ্রং যৎ আতপত্রং ছত্রং তদেব শশিনাদৃশ্যাৎ শশী তস্য কেশরাঃ মুক্তাদামবিলম্বাঃ তেভ্যঃ গলন্তি শীকরাম্বুনি অম্বুকণাঃ যস্মিন্ তং তম্ আগতং তু ভগবন্তম্ অচক্ষত ॥৩৮

কৃৎস্নপ্রসাদসুমুখং কৃৎস্নস্য দ্বারপালমুনিবৃন্দস্য প্রসাদে অনুগ্রহে সুমুখং) স্পৃহণীয়ধাম (স্পৃহণীয়ানাং কান্তিসৌকুমার্য্যাদীনাং গুণানাং ধাম আশ্রয়ং) স্নেহাবলোককলয়া (স্নেহপূর্বকঃ যঃ অবলোকঃ তস্য কলয়া প্রসরেণ) হৃদি সংস্পৃশন্তং প্রবিশন্তং শ্যামে পৃথৌ বিশালে চ উরসি শোভিতয়া শ্রিয়া লক্ষ্ম্যা স্ব-শ্চূড়ামণিং (স্বঃ স্বর্গঃ তস্য চূড়ামণিবৎ স্থিতম্) ইব আত্মধিষ্ণ্যং স্বস্থানং বৈকুণ্ঠং সুভগয়ন্তং শোভয়ন্তং (ভগবন্তম্ অচক্ষত ইতি পূর্বেণান্বয়ঃ) ॥৩৯

পৃথুনিতম্বিনি (পৃথুঃ বিস্তৃতঃ নিতম্বঃ আশ্রয়ত্বেন বিস্তৃতে যস্য তস্মিন্) পীতাংশুকে পীতে অংশুকে পীতাম্বরে) বিষ্ণুরন্ত্যা কাঞ্চ্যা মেখলয়া অলিভিঃ ভ্রমরৈঃ বিরুতয়া নাদিতয়া বনমালয়া চ সুভগয়ন্তং) বল্গুপ্রকোষ্ঠবলয়ং (বল্গুষু সুন্দরেষু প্রকোষ্ঠেষু বলয়ানি যস্য তং) বিনতাতুতাংসে বিনতায়াস্তস্য গরুড়স্য অংসে স্কন্ধে) বিন্যস্তহস্তম্ বিন্যস্তঃ নিহিতঃ [বামঃ] হস্তঃ যেন তম্) ইতরেণ দক্ষিণেন হস্তেন) অব্জং সনালকমলং ধুনানং লীলয়া ভ্রাময়ন্তম্ (ভগবন্তম্) ॥৪০

বিদ্যুৎক্ষিপন্মকরকুণ্ডলমণ্ডনার্হগণ্ডস্থলোন্নসমুখং (স্বকান্ত্যা বিদ্যুতঃ তড়িতঃ ক্ষিপতী তিরস্কুর্বতী যে মকরাকৃতিকুণ্ডলে তাভ্যাং যৎ মণ্ডনম্ অলঙ্করণম্ অস্মিন্ অর্হে যোগ্যে গণ্ডস্থলে যস্মিন্ তৎ

উপশম হইতে এবং লক্ষ্মীর সহিত মিলিত হওয়ার অর্থ এই যে, আমি নিষ্কামদিগকেও ঐশ্বর্য্য দ্বারা পরিপূর্ণ করিয়া থাকি ।৩২-৩৭

ভগবান্ এইরূপে গমন করিলে সেই মুনিগণ আপনাদিগের সমাধিলভ্য ফলস্বরূপ ব্রহ্মকে প্রত্যক্ষ হইতে দেখিয়া অনিমেষনয়নে চাহিয়া রহিলেন। ভগবানের দুই পার্শ্বে হংসবৎ শ্বেতবর্ণ দুই চামর এবং মস্তকে শ্বেতচ্ছত্র ধৃত হইয়াছিল। সেই ছত্রের চারিদিকে মুক্তাহার বিলম্বিত ছিল। অনুকূল বায়ুর সঞ্চারে মুক্তামালাযুক্ত ছত্র সঞ্চালিত হইতেছিল এবং তাহা হইতে জলকণা বিগলিত হইয়া ভগবানের গাত্র স্পর্শ করিতেছিল। ভগবানের মুখপ্রসাদে বোধ হইতেছিল, যেন তিনি মুনিগণ ও দ্বারপাল—সকলেরই প্রতি প্রসন্ন হইবেন। তিনি সমস্ত গুণের আধার স্বরূপ; সুতরাং তাঁহার সপ্রেম কটাক্ষেই সকলের হৃদয়ে সুখানুভব হইল। কমলা লক্ষ্মী তাঁহার বিশাল বক্ষে শোভমানা হওয়াতে ভগবান্ তদ্দ্বারা স্বর্গলোকের চূড়ামণি স্বরূপ বৈকুণ্ঠের শোভা বর্দ্ধিত করিতে লাগিলেন। তাঁহার নিতম্বদেশে পীতবসনোপরি শোভমান কটিভূষণ; বক্ষস্থলে বনমালা বিলম্বিত এবং প্রকোষ্ঠে মনোহর বলয়সকল সুশোভিত। তিনি বামহস্ত গরুড়ের স্কন্ধে রাখিয়া দক্ষিণহস্তে নীলকমল ঘুরাইতে লাগিলেন ।৩৮-৪০

তাঁহার গণ্ডস্থল বিদ্যুতের শোভা খর্ব্বকারী মকরাকার কুণ্ডলে শোভমান, বদন উচ্চ নাসিকাযুক্ত এবং কিরীট

অত্রোপসৃষ্টমিতি চোৎস্মিতমিন্দিরায়াঃ
স্থানাং ধিয়া বিরচিতং বহুসৌষ্ঠবাঢ্যম্।
মহ্যং ভবস্য ভবতাশ্চ ভজন্তমঙ্গং
নেমুর্নিরীক্ষ্য ন বিতৃপ্তদৃশো মুদা কৈঃ ॥৪২
তত্তারবিন্দনয়নস্য পদারবিন্দ-
কিঞ্জল্কমিশ্রতুলসীমকরন্দবায়ুঃ।
অন্তর্গতঃ স্ববিবরেণ চকার তেষাং
সংক্ষোভমক্ষরজুষামপি চিত্ততন্বোঃ ॥৪৩
তে বা অমুষ্য বদনাসিতপদ্মকোষ-
মুদীক্ষ্য সুন্দরতরাধরকুন্দহাসম্।
লব্ধাশিষঃ পুনরবেক্ষ্য তদীয়মঙ্ঘ্রি-
দ্বন্দ্বং নখারুণমণিশ্রয়ণং নিদধ্যুঃ ॥৪৪

চ তদ্বদনম্ উদগ্রনাসিকং চ মুখং যস্য তং) মণিমৎ-কিরীটং (মণিযুক্তং কিরীটং যস্য তং) দোর্দ্ধণ্ডষণ্ডবিবরে (দোর্দ্দণ্ডানাং ভুজদণ্ডানাং যঃ ষণ্ডঃ সমূহঃ তস্য বিবরে মধ্যে স্থিতেন) হরতা বিহরতা মনোহরেণ বা পরার্দ্ধ্য-হারেণ উৎকৃষ্টহারেণ কন্ধরগতেন কণ্ঠস্থিতেন কৌস্তুভেন চ মণিনা যুক্তম্ ॥৪১

ইন্দিরায়াঃ লক্ষ্ম্যাঃ যৎ উৎস্মিতম্ (অহমেব নিরতিশয়সৌন্দর্য্যনিধিঃ ইতি গর্বঃ) অত্র এবম্ভূতে ভগবৎসৌন্দর্য্যে উপসৃষ্টম্ অস্তং গতম্। স্থানাং ভক্তানাং ধিয়া বিরচিতং (স্বভক্তৈঃ ধ্যানার্থং যথাভূতং তর্কিতং তথারূপেণাবির্ভূতং) বহুসৌষ্ঠবাঢ্যং (বহু-সৌষ্ঠবেন সৌন্দর্য্যেণ আঢ্যং যুক্তং) মহ্যং (মম) ভবস্য শঙ্করস্য ভবতাং চ কৃতে অঙ্গং মূর্ত্তিং ভজন্তং

মণিময়। তাঁহার বাহুদণ্ডযুগের মধ্যদেশ মনোহর হারে এবং গলদেশ মহামূল্য কৌস্তুভমণিতে সুশোভিত ॥৪১

ভগবানের বিবিধ সৌকুমার্য্য পরিপূর্ণ মূর্ত্তি দেখিয়া তাঁহার ভক্তগণ এইরূপ তর্ক করিতে লাগিলেন—'আমিই সৌন্দর্য্যের নিধি, এই বলিয়া কমলা লক্ষ্মীর যে গর্ব্ব আছে, তাহা অদ্য খর্ব্ব হইল। হে অমরগণ! সেই ভগবান্ আমার (ব্রহ্মার), শঙ্করের এবং তোমাদের নিমিত্ত ভজনীয় মূর্ত্তি প্রকটিত করিয়া থাকেন, সুতরাং তাঁহার এরূপ সৌন্দর্য্য বিচিত্র নহে। সে যাহা হউক, মুনিগণ তাঁহাকে সমাগত দেখিয়া প্রফুল্লমনে মস্তক অবনত করত নমস্কার করিলেন; কিন্তু তাঁহার সৌন্দর্য্য-দর্শনে তাঁহাদের নয়ন পরিতৃপ্ত হইল না ॥৪২

প্রকটয়ন্তং নিরীক্ষ্য ন বিতৃপ্তদৃশঃ তে মুনয়ঃ মুদা হর্ষেণ কৈঃ শিরোভিঃ নেমুঃ নমশ্চক্রুঃ ॥৪২

তস্য অরবিন্দনয়নস্য ভগবতঃ পদারবিন্দ-কিঞ্জল্ক-মিশ্র-তুলসী-মকরন্দবায়ুঃ (পদারবিন্দয়োঃ যে কিঞ্জল্কাঃ কেশরতুল্যাঃ অঙ্গুলয়ঃ তৈঃ মিশ্রঃ সম্বন্ধঃ যঃ তুলসীমকরন্দঃ তস্য বায়ুঃ) স্ববিবরেণ নাসারন্ধ্রেণ অন্তর্গতঃ প্রবিষ্টঃ সন্ অক্ষর-জুষাং ব্রহ্মসেবিনাম্ অপি তেষাং মুনীনাং চিত্ততন্বোঃ সংক্ষোভম্ (আনন্দ-পারবশ্যং রোমাঞ্চত্বং চ) চকার ॥৪৩

তে মুনয়ঃ অমুষ্য ভগবতঃ বদনাসিত-পদ্মকোষং (বদনম্ এব সন্তাপহারকত্বাৎ অসিতপদ্মস্য কোষঃ গর্ভঃ ইব তং) সুন্দরতরাধর-কুন্দহাসং (সুন্দরতরে অরুণে অধরৌষ্ঠে কুন্দপুষ্পবৎ হাসঃ যস্মিন্ তম্)

তাঁহারা প্রণাম করিলে পঙ্কজনাভ ভগবানের চরণকমলের কিঞ্জল্কমিশ্রিত তুলসীর মকরন্দ বায়ু তাঁহাদের নাসারন্ধ্রে প্রবিষ্ট হইল। যদিও তাঁহারা ব্রহ্মজ্ঞান দ্বারা সদাই ব্রহ্মানন্দ অনুভব করিতেছিলেন, তথাপি সেই তুলসীগন্ধে তাঁহাদের চিত্ত হৃষ্ট এবং গাত্র রোমাঞ্চিত হইল ॥৪৩

তাঁহারা উর্দ্ধ দৃষ্টিতে নীলপদ্মের কোষস্বরূপ ভগবানের বদনে অরুণবর্ণ মনোহর অধর এবং কুন্দপুষ্পসদৃশ মধুর হাস্য অবলোকন করিয়া অতিশয় আহ্লাদিত হইলেন। পরে তাঁহারা পুনর্ব্বার অধোদৃষ্টি দ্বারা তাঁহার অরুণমণিরূপ নখসমূহে শোভমান চরণযুগল দর্শন করিলেন। এইরূপে এককালীন সর্ব্বাঙ্গের লাবণ্য

পুংসাং গতিং মৃগয়তামিহ যোগমার্গৈ-
র্ধ্যানাস্পদং বহুমতং নয়নাভিরামম্।
পৌংস্নং বপুর্দর্শয়ানমনন্যসিদ্ধৈ-
র্যৌৎপত্তিকৈঃ সমগৃণন্ মুদমষ্টভোগৈঃ ॥৪৫

কুমারা ঊচুঃ।

যোঽন্তর্হিতো হৃদিগতোঽপি দুরাত্মনাং ত্বং
নাদ্যৈব নো নয়নমূলমনন্ত রাদ্ধঃ।
যর্হ্যেব কর্ণবিবরেণ গুহাং গতো নঃ
পিত্রানুবর্ণিতরহা ভবদুদ্ভবেন ॥৪৬

তং ত্বাং বিদাম ভগবন্ পরমাত্মতত্ত্বং
সত্ত্বেন সম্প্রতি রতিং রচয়ন্তমেষাম্
যত্তেঽনুতাপবিদিতৈর্দৃঢ়ভক্তিযোগৈ-
রুদ্গ্রন্থয়ো হৃদি বিদুর্মুনয়ো বিরাগাঃ ॥৪৭

ঊহীক্ষা লব্ধাশিষঃ প্রাগুমনোরথাঃ সন্তঃ পুনঃ তদীয়-নখারুণ-মণিশ্রয়ণং (নখাঃ এব অরুণমণয়ঃ তেষাম্ আশ্রয়ণম্ আশ্রয়ম্) অঙ্ঘ্রিদ্বন্দ্বং চরণযুগলম্ অপেক্ষ্য (এতদ্ধ্যানমেব সর্বপুরুষার্থহেতুরিতি নিশ্চয়েন তদেব) নিদধ্যুঃ ধ্যাতবন্তঃ ॥৪৪

ইহ অস্মিন্ লোকে যোগমার্গৈঃ গতিং ধর্মার্থ-কামমোক্ষাখ্যং ফলং মৃগয়তাম্ অভিকাঙ্ক্ষতাং পুংসাং ধ্যানাস্পদং ধ্যানস্য বিষয়ীভূতং বহুমতং (ধ্যাতৃণাম্ অত্যাদরাস্পদং নয়নাভিরামং (নয়নয়োঃ অভিরামম্ অত্যানন্দ-জনকম্) অনন্যসিদ্ধৈঃ অন্যেষু অসিদ্ধৈঃ অসাধারণৈঃ ঔৎপত্তিকৈঃ স্বাভাবিকৈঃ অষ্টভোগৈঃ অণিমাদ্যষ্টবিভূতিভিঃ যুতং পৌংস্নং পৌরুষং বপুঃ শরীরং দর্শয়ানং প্রদর্শয়ন্তং ভগবন্তং তে সনকাদয়ঃ সমাক্ অস্তুবন্ ॥৪৫

অনুভব করিবার বাসনায় তাঁহারা বারংবার ঊর্দ্ধে ও অধোভাগে দৃষ্টিনিক্ষেপ করিতে লাগিলেন; কিন্তু একেবারে উর্দ্ধে এবং নিম্নে দৃষ্টিপাত হওয়া অসম্ভব, সুতরাং ঐ বাসনা পূর্ণ না হওয়াতে পশ্চাৎ ধ্যানপরায়ণ হইলেন। মুনিগণ ধ্যানস্থ হইলে ভগবান্ যে সকল পুরুষ যোগমার্গ দ্বারা পরমগতি অন্বেষণ করিয়া থাকেন, তাঁহাদিগের ধ্যানের, বিষয়ীকৃত এবং অত্যন্ত আদরণীয় ও নয়নের আহ্লাদকর আপনার পুরুষমূর্ত্তি দর্শন করাইতে লাগিলেন। মুনিগণ ঐ অবস্থাতেই অসাধারণ অণিমাদি-অষ্ট-ঐশ্বর্য্যযুক্ত সেই ভগবানের স্তব আরম্ভ করিলেন ॥৪৪-৪৫

কুমারগণ বলিলেন,—'হে অনন্ত! তুমি হৃদয়স্থ হইয়াও দুরাত্মা ব্যক্তিদিগের নিকট অন্তর্হিত থাক, কিন্তু আজ আমাদের নিকট হইতে পলাইতে পারিলে না। অদ্য আমরা তোমাকে দেখিয়া লইলাম। হে প্রভো! আমাদের পিতা ব্রহ্মা যখনই তোমার রহস্য আমাদিগকে উপদেশ দিয়াছেন, তখনই তুমি আমাদের কর্ণপথ দ্বারাই বুদ্ধিমধ্যে প্রবিষ্ট হইয়াছ, ইহাতে তোমার আর অন্তর্দ্ধান হইতে পারে কি? যে সকল মুনি অভিমান এবং রাগশূন্য, তাঁহারা দৃঢ়ভক্তিযোগ দ্বারা স্ব-স্বহৃদয়-কন্দরে যে গূঢ়তত্ত্ব অনুভব করিয়া থাকেন, আমাদের বিলক্ষণ স্মরণ হইতেছে, তুমিই সেই আত্ম-স্বরূপ পরমতত্ত্ব। তুমিই বিশুদ্ধসত্ত্ব শ্রীমূর্ত্তি; তদ্দ্বারাই তুমি প্রতিক্ষণে ভক্তগণের প্রীতি উৎপাদন করিতেছ ॥৪৬-৪৭

নাত্যন্তিকং বিগণয়ন্ত্যপি তে প্রসাদং
কিন্ত্বন্যদর্পিতভয়ং ভ্রুব উন্নয়স্তে।
যেঽঙ্গ ত্বদঙ্ঘ্রিশরণা ভবতঃ কথায়াঃ
কীর্ত্তন্যতীর্থযশসঃ কুশলা রসজ্ঞাঃ ॥৪৮
কামং ভবঃ স্বকৃতিনৈনিরয়েষু নস্তা-
ক্ষেতোঽলিবদ্ যদি নু তে পদয়ো রমেত।
বাচশ্চ নস্তুলসিবদ্ যদি তেঽঙ্ঘ্রিশোভাঃ
পূর্য্যেত তে গুণগণৈর্যদি কর্ণরন্ধ্রঃ ॥৪৯

হে অঙ্গ! কীর্ত্তন্যতীর্থযশসঃ কীর্ত্তনং তীর্থং পবিত্রকরং যশো যসা তস্য) ভবতঃ কথায়াঃ রসজ্ঞাঃ তদঙ্ঘ্রিশরণাঃ যে কুশলাঃ তে, তে তব প্রসাদং প্রসাদতয়া ত্বয়া দীয়মানম্ আত্যন্তিকং নিরতিশয়ং মোক্ষম্ অপি ন বিগণয়ন্তি ন আদ্রিয়ন্তে, কিম্ অন্যৎ তে তব ভ্রুবঃ কালরূপস্য উন্নয়ৈঃ উদ্ভূতৈঃ অর্পিতভয়ং (প্রতীকারাতিক্রমেণ অর্পিতং নিহিতং ভয়ং যস্মিন্ তৎ) অন্যৎ ন বিগণয়ন্তি ইতি কিমু বক্তব্যম্ ॥৪৮

(হে ভগবন্) স্বকৃতিনৈঃ স্বকৃতৈঃ পাপৈঃ নিরয়েষু নিরয়-প্রায়েষু নীচযোনিষু নঃ অস্মাকং কামং (অসঙ্কোচেন যথেষ্টং) ভবঃ জন্ম স্যাৎ ভূয়াৎ। নু (বিতর্কে) যদি তু নঃ চেতঃ চিত্তম্ অলিবৎ (কণ্টকাকীর্ণত্বাদি-বিঘ্নান্ অবিগণয্য পুষ্পেষু ইব) তে পদয়োঃ

প্রাদুশ্চকর্থ যদিদং পুরুহূতরূপং
তেনেশ নির্ব্বৃতিমবাপুরলং দৃশো নঃ।
তস্মা ইদং ভগবতে নম ইদ্ বিধেম
যোঽনাত্মনাং দুরুদয়ো ভগবান্ প্রতীতঃ ॥৫০

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে পঞ্চদশঃ অধ্যায়ঃ ॥

রমেত, যদি চ নঃ বাচঃ তুলসীবৎ তে তব অঙ্ঘ্রিশোভাঃ (অঙ্ঘ্রিং শোভয়ন্তীতি তাদৃশ্যঃ প্রকাশিকাঃ স্যুঃ) যদি চ তে গুণগণৈঃ কর্ণরন্ধ্রঃ পূর্য্যেত ॥৪৯

হে ঈশ! পুরুহূতবিপুলকীর্ত্তে! যৎ ইদম্ (অলৌকিকং) রূপং বিগ্রহং প্রাদুশ্চকর্থ প্রদর্শিতবান্ অসি, তেন তদ্দর্শনেন নঃ অস্মাকং দৃশঃ নেত্রাণি অলম্ অতিশয়েন নির্বৃতিং সুখম্ অবাপুঃ প্রাপুঃ। অনাত্মনাং (ন বিদ্যতে আত্মা অন্তঃকরণং স্ববশং যেষাং) বিষয়াকৃষ্টচিত্তানাং দুরুদয়ঃ দুরবগমঃ যঃ ভগবান্ ইদং ইত্থং (প্রত্যক্ষতয়া) প্রতীতঃ দৃষ্টঃ, তস্মৈ ভগবতে পরমৈশ্বর্য্যপরিপূর্ণায় তুভ্যং ভগবতে বয়ম্ ইদং কেবলং নমো বিধেম নমনং কুর্ম্মঃ ॥৫০

ইতি তৃতীয়স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতানুবাদে পঞ্চদশঃ অধ্যায়ঃ ॥

তোমার যশ পরম রমণীয়, সুপবিত্র, কীর্ত্তনযোগ্য এবং তীর্থস্বরূপ। যে সকল কুশল মানব তোমার কথার রসজ্ঞ, তাঁহারা তোমার চরম প্রসাদস্বরূপ মোক্ষপদকে গ্রাহ্য করেন না, অন্য ইন্দ্রাদিপদের কথা কি? ইন্দ্রাদি পদেও তোমার কুটিল কটাক্ষের ভয় নিহিত আছে; কিন্তু তোমার কথা-রসজ্ঞ ব্যক্তিগণ সর্ব্বদাই সাতিশয় সুখ সম্ভোগ করেন ॥৪৮

হে হরি! ইতিপূর্ব্বে আমাদিগকে পাপ স্পর্শ করিতে পারে নাই; কিন্তু অদ্য তোমার ভক্তদিগকে অভিশাপ প্রদান করাতে আমরা পাপী হইলাম। এই আত্মকৃত পাপের নিমিত্ত আমাদের নরকে বাস হইবে। হে প্রভো! মধুকর যেমন কণ্টকবিদ্ধ হইলেও প্রফুল্ল পুষ্পসমূহে সদা রমণ করিয়া বেড়ায়, সেইরূপ আমাদের মন কোন প্রকার বিঘ্ন না গণিয়া তোমার চরণকমলে যেন সদা রত হয়। তুলসী যেমন আত্মগুণ না ভাবিয়া কেবল তোমার চরণ সম্বন্ধেই শোভা পায়, আমাদের বাক্য যদি তোমার চরণে তদ্রূপ শোভা ধারণ করে এবং তোমার গুণসমূহ দ্বারা যদি আমাদের কর্ণরন্ধ্র সদা পরিপূর্ণ হয়, তাহা হইলে আমাদের যথেষ্ট নরকবাস হউক না কেন, তাহাতে আমাদের কিছুই ক্ষতি হইবে না। হে বিপুলকীর্ত্তে! তুমি এই যে মূর্ত্তি প্রকটিত করিলে, ইহা দ্বারা আমাদের নয়ন বড়ই পরিতৃপ্ত হইল। হে দেবদেব! তুমি স্বয়ং ভগবান্; অজিতেন্দ্রিয় পুরুষদিগের নিকট অপ্রকট হইয়াও আজি এই প্রকারে তুমি যে আমাদের জ্ঞানের বিষয় এবং নয়নের প্রত্যক্ষীভূত হইলে, এজন্য তোমাকে আমরা বার বার নমস্কার করি ॥৪৯-৫০

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবত মহাপুরাণে তৃতীয় স্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীযুক্ত জীবন্তায়তীর্থকৃত বঙ্গভাষানুবাদসহিত
পঞ্চদশ অধ্যায় সমাপ্ত।

ষোড়শঃ অধ্যায়ঃ

[জয়-বিজয়য়োঃ বৈকুণ্ঠাদ্ অধঃপতনম্ ।]

ব্রহ্মোবাচ ।
ইতি তদ্গৃণতাং তেষাং মুনীনাং যোগধর্ম্মিণাম্ ।
প্রতিনন্দ্য জগাদেদং বিকুণ্ঠনিলয়ো বিভুঃ ॥১

শ্রীভগবানুবাচ ।
এতৌ ৌ পার্ষদৌ মহ্যং জয়ো বিজয় এব চ ।
কদর্থীকৃত্য মাং যদ্ধো বহ্বক্রাতামতিক্রমম্ ॥২

যদ্বেতয়োর্দ্ধৃতো দণ্ডো ভবদ্ভির্মামনুব্রতৈঃ ।
স এবানুমতোঽস্মাভির্মুনয়ো দেবহেলনাৎ ॥৩

তদ্বঃ প্রসাদয়াম্যদ্য ব্রহ্ম দৈবং পরং হি মে ।
তস্মিন্ হ্যাত্মকৃতং মন্যে যৎ স্বপুংসিরসৎকৃতাঃ ॥৪

যন্নামানি চ গৃহ্ণাতি লোকো ভৃত্যে কৃতাগসি ।
সোঽসাধুবাদস্তৎকীর্তিং হন্তি ত্বচমিবাময়ঃ ॥৫

ব্রহ্মা উবাচ । ইতি উক্তপ্রকারেণ গৃণতাং স্তুবতাং তেষাং যোগধর্ম্মিণাং মুনীনাং তং ভাষিতং প্রতিনন্দ্য বৈকুণ্ঠনিলয়ঃ (বৈকুণ্ঠঃ নিলয়ঃ স্থানং যস্য সঃ) বিভুঃ ভগবান্ জগাদ ॥১

শ্রীভগবান্ উবাচ । জয়ঃ বিজয়শ্চ এতৌ ৌ মহ্যং মম পার্ষদৌ এব । তৌ যৎ বঃ যুষ্মাকং বহ্বক্রাতাং যথা স্যাৎ তথা অতিক্রমম্ অপরাধম্ অক্রাতাং কৃতবন্তৌ, তৎ মাং কদর্থীকৃত্য অবজ্ঞায় এব ॥২

দেবহেলনাৎ (দেববৎ পূজ্যানাং যুষ্মাকং হেলনাৎ) হে মুনয়ঃ ! মাম্ অনুব্রতৈঃ মদভিপ্রায়ানুসারিভিঃ ভবদ্ভিঃ তু এতয়োঃ যঃ দণ্ডঃ ধৃতঃ বিহিতঃ, সঃ অস্মাভিঃ অনুমতঃ এব ॥৩

হি যস্মাৎ ব্রহ্ম ব্রাহ্মণঃ এব মে মম পরম্ উৎকৃষ্টং দৈবতং, তৎ তস্মাৎ বঃ যুষ্মান্ অদ্য অহং প্রসাদয়ামি ক্ষমাপয়ামি । স্বপুংভিঃ মদীয়ৈঃ ভৃত্যৈঃ অসৎকৃতাঃ অবজ্ঞাতাঃ যৎ তৎ হি আত্মকৃতম্ এব মন্যে ॥৪

ভৃত্যে কৃতাগসি কৃতাপরাধে সতি লোকঃ জনঃ যন্নামানি (যস্য স্বামিনঃ নামানি) গৃহ্ণাতি, সঃ অসাধুবাদঃ নিন্দাবচনম্ আময়ঃ রোগঃ যথা ত্বচম্ ইব তৎ কীর্তিং হন্তি ॥৫

ষোড়শ অধ্যায়

[জয়-বিজয়ের বৈকুণ্ঠ হইতে অধঃপতন ।]

ব্রহ্মা বলিলেন,—'হে অমরবৃন্দ ! বৈকুণ্ঠবাসী ভগবান্ যোগধর্ম্মে রত স্তুতিপরায়ণ সেই মুনিগণের বাক্য অভিনন্দিত করিয়া বলিলেন—এই শাপগ্রস্ত দুই জনের নাম জয় ও বিজয়, ইহারা আমার পারিষদ; কিন্তু অদ্য ইহারা আমাকে তুচ্ছ করিয়া তোমাদিগের প্রতি অত্যন্ত অনুচিত ব্যবহার করিয়াছে। তোমরা আমার ভক্ত ; এই দুই ব্যক্তির প্রতি তোমরা যে দণ্ড বিধান করিয়াছ, আমি সেই দণ্ডই অঙ্গীকার করিলাম। যেহেতু ইহারা দেবতার প্রতি অবহেলা করিয়াছে। হে বিপ্রবৃন্দ ! আমি ব্রাহ্মণকে পরম দেবতা জ্ঞান করি ; তোমাদিগকে প্রসন্ন করিতেছি, অপরাধ লইও না। এ বিষয়ে যদিও আমার সাক্ষাৎ-সম্বন্ধে অপরাধ নাই সত্য, তথাপি মদীয় ভৃত্যেরা যে তোমাদিগকে তিরস্কার করিয়াছে, তাহা আমারই কৃত বলিয়া জ্ঞান হইতেছে ; কেননা জয়-বিজয় যদি আমার ভৃত্য না হইত এবং আমি যদি উহাদের প্রতি প্রীতি-প্রসন্ন না হইতাম, তবে এ অপরাধ আমার হইবার সম্ভাবনা ছিল না ; কিন্তু এস্থলে আত্মকৃতই বলিতে হইবে। ভৃত্যেরা কোন অপরাধ করিলে লোকে অগ্রে জিজ্ঞাসা করে,

যস্যামৃতামলযশঃ শ্রবণাবগাহঃ
সদ্যঃ পুনাতি জগদা শ্বপচাদ্ বিকুণ্ঠঃ।
সোঽহং ভবদ্ভ্য উপলব্ধসুতীর্থকীর্তি-
শ্ছিন্দ্যাং স্ববাহুমপি বঃ প্রতিকূলবৃত্তিম্ ॥৬
যৎসেবয়া চরণপদ্মপবিত্ররেণুং
সদ্যঃ ক্ষতাখিলমলং প্রতিলব্ধশীলম্।
ন শ্রীর্বিরক্তমপি মাং বিজহাতি যস্যাঃ
প্রেক্ষালবার্থমিতরে নিয়মান্ বহন্তি ॥৭
নাহং তথাদ্মি যজমানহবির্বিতানে
শ্যোতদ্ঘৃতপ্লুতমদন্ হুতভুগ্মুখেন।
যদ্ব্রাহ্মণস্য মুখতশ্চরতোঽনুঘাসং
তুষ্টস্য মय্যবহিতৈর্নিজকর্মপাকৈঃ ॥৮

যস্যা অমৃতামলযশঃ (অমৃতবৎ আহ্লাদকং স্বাদু চ অমলং সর্বদোষবর্জিতং যশঃ) শ্রবণাবগাহঃ কর্ণপ্রবিষ্টঃ সন্ আশ্বপচাৎ চণ্ডালমভিব্যাপ্য সর্বং জগৎ সদ্যঃ এব পুনাতি। সঃ অহং বিকুণ্ঠঃ (সর্বত্র প্রতিহতিরহিতঃ) ভবদ্ভ্যঃ ব্রাহ্মণেভ্যঃ উপলব্ধ-সুতীর্থ-কীর্তিঃ (উপলব্ধা প্রাপ্তা সুশোভনা তীর্থভূতা কীর্তিঃ যেন সঃ) বঃ যুষ্মাকং প্রতিকূলবৃত্তিং (প্রতিকূলা বৃত্তিঃ যস্য তথাভূতং) স্ববাহুম্ অপি ছিন্দ্যাম্ (ভৃত্যাদিনাং তু কা বার্তা) ॥৬

যস্যা লক্ষ্ম্যাঃ প্রেক্ষালবার্থম্ অবলোক-লেশার্থম্ ইতরে ব্রহ্মাদয়ঃ নিয়মান্ তপোব্রতাদীন্ বহন্তি কুর্বন্তি, সা লক্ষ্মীঃ (চঞ্চলাপি) যৎসেবয়া (যেষাং ব্রাহ্মণানাং সেবয়া) চরণপদ্মপবিত্ররেণুং সদ্য এব ক্ষতাখিলমলং (ক্ষতঃ নিরস্তঃ অখিলঃ মনোদোষঃ যস্য তং) প্রতিলব্ধশীলং (প্রতিলব্ধং প্রাপ্তং শীলং যেন তং) বিরক্তম্ অনাসক্তং মাং ন বিজহাতি ॥৭

অহং বিতানে যজ্ঞে শ্যোতদ্ঘৃতপ্লুতং (শ্যোততা ক্ষরতা ঘৃতেন প্লুতঃ বিলোড়িতং পায়সাদি) অনুঘাসং প্রতিগ্রাসং চরতঃ (রসাস্বাদপূর্বকং ভুঞ্জানস্য) ময়ি অবহিতৈঃ সমর্পিতৈঃ নিজকর্মপাকৈঃ (নিজকর্মণাং পাকৈঃ ফলৈঃ) তুষ্টস্য (সর্বকামনা-রহিতস্য মদারাধনপরস্য) ব্রাহ্মণস্য মুখতঃ যৎ যথা অস্মি অশ্নামি, তথা হুতভুগ্মুখেন (হুতভুক্ অগ্নিঃ সঃ এব মুখং তেন) যজমানহবিঃপুরোডাশাদি অদন্ ন অস্মি অশ্নামি ॥৮

'ইহারা কাহার ভৃত্য'? তাহাতে যে প্রভুর নাম করা হয়; শ্বেতকুষ্ঠ যেমন ত্বককে বিনষ্ট করে, সেইরূপ ঐ অসানুবাদে সেই প্রভুরই কীর্তি বিলুপ্ত হইয়া থাকে। আমার নাম বৈকুণ্ঠ; আমার অমৃতসদৃশ নির্মল যশ একাগ্রমনে শ্রবণ করিলে আচণ্ডাল যাবতীয় লোকই পবিত্র হয়; কিন্তু আমার ঐ সুশোভন তীর্থস্বরূপ যশ কোথা হইতে উদ্ভূত হইল? তোমরাই ত তাহার মূল কারণ। অতএব যে ব্যক্তি তোমাদের প্রতিকূল আচরণ করে, সে আমার বাহুস্থানীয় লোকেশ্বর হইলেও তাহাকে আমি হনন করি; অন্যের (ভৃত্যের) কথা কি? ১-৬

যাঁহাদের সেবা করিয়া আমার চরণপদ্মরেণু পবিত্র ও অখিল লোকের পাপহারী হইয়াছে এবং আমি স্বয়ং এতাদৃশ স্বভাব লাভ করিয়াছি, ব্রহ্মাদি দেবগণ যে কমলার কটাক্ষলেশ লাভ করিবার নিমিত্ত নানা নিয়ম করিয়া থাকেন, যাঁহাদের সেবাফলে আমি বিরক্ত (নিরাসক্ত) হইলেও সেই কমলা আমাকে ক্ষণকালের নিমিত্ত ত্যাগ করেন না; সেই ভুবনপূজ্য ব্রাহ্মণের প্রতি যে ব্যক্তি প্রতিকূল আচরণ করে, সে কখনও আমার অনুগ্রহের পাত্র হইতে পারে না, আমি তাহাকে বিনাশ করিয়া থাকি। হে দ্বিজশ্রেষ্ঠগণ! আমি যজ্ঞে অগ্নিরূপ মুখ দ্বারা যজমানের হবিঃ আহার করি সত্য; কিন্তু যে সকল পরমজ্ঞানী ব্রাহ্মণ নিষ্কামভাবে আমাতেই সমুদয় কর্মফল সমর্পণ করিয়া প্রতিগ্রাসে রসাস্বাদন পূর্বক ঘৃতাক্ত পায়সাদি ভোজন করেন, তাঁহাদের মুখে আমার যেমন ভোজন হয়, যজ্ঞে অগ্নিমুখ দ্বারা তেমন তৃপ্তিকর ভোজন হয় না।৭-৮

শতসহস্র পাতকের দ্বারা আচ্ছন্ন, স্বধর্ম্মপরিত্যাগী—এমন পাপিষ্ঠগণও রামনামের প্রসাদে ভবপারাবার হইতে উত্তীর্ণ হয়।

রামনামসকল আছে, সকলের বদনও আছে, তথাপি মূর্খগণ নরকে পতিত হয়, ইহা মহা আশ্চর্য্য!

যে মানব সমস্ত কর্ম্ম করিয়াও রামনামসকল গান করে, সে পরমপদে গমনপূর্ব্বক রামের সহিত আমোদিত হয়।

হে ধনঞ্জয়! মানব রামনাম বিস্মৃত হইয়া নিখিল কর্ম্ম করে—কি আশ্চর্য্য! —কি অদ্ভুত!—কি আশ্চর্য্যজনক!

শমগুণযুক্ত, জিতেন্দ্রিয় (দান্ত), তপঃক্লেশসহিষ্ণু, ক্ষমাশীল ও রামনামার্থচিন্তকের সদ্‌গুণের সংখ্যা বলিতে আমিও সমর্থ নহি।

হে পার্থ! যে মানবগণ রামনাম বিসর্জ্জন করত কর্ম্ম করে, তাহারা সদ্‌গতি প্রাপ্ত না হইয়া কর্ম্মমার্গে ভ্রমণ করিতে থাকে।

সর্ব্বযোনিষু কৌন্তেয় ভ্রমন্তি তে নরাধমাঃ।
বিস্মৃত্য রামনামানি মায়ামোহিতচেতসঃ॥
যদৃচ্ছয়া তু শ্রীরামনাম গৃহ্ণন্তি সাদরম্।
তে পূতাঃ সর্ব্বপাপেভ্যো রামনামপ্রসাদতঃ॥
যেন কেন প্রকারেণ নামমাত্রস্য জল্পকাঃ।
শ্রমং বিনৈব গচ্ছন্তি পরে ধাম্নি সমাদরাৎ॥
নামযুক্তান্ জনান্ দৃষ্ট্বা যঃ পশ্যেৎ সাদরং সখে।
স যাতি পরমং স্থানং রামেণ সহ মোদতে॥
নামযুক্তান্ জনান্ দৃষ্ট্বা প্রণমন্তি চ যে নরাঃ।
তে পূতাঃ সর্ব্বপাপেভ্যঃ কর্ম্মণা তেন হেতুনা॥
নামযুক্তান্ জনান্ দৃষ্ট্বা স্নিগ্ধো ভবতি যো নরঃ।
স যাতি পরমং স্থানং পরমানন্দসাগরম্॥
গীত্বা চ রামনামানি বিচরেদ্ রামসন্নিধৌ।
ইদং ব্রবীমি তে সত্যং তস্য বশ্যো জগৎপতিঃ॥
গীত্বা চ রামনামানি যে রুদন্তি নরোত্তমাঃ।
তেষাং হরিঃ পরিক্রীতঃ পরমেশেন সংশ্রুতঃ॥

গীত্বা চ রামনামেতি পতন্তি ভুবি যে নরাঃ।
তে বৈ ধন্যতমা লোকে বৈষ্ণবানাং বরা মতা॥
যদৃচ্ছয়া ন গৃহ্ণন্তি রামনামেতি মঙ্গলম্।
অদৃশ্যাস্তে জনাঃ পার্থ দৃষ্টিমাত্রেণ বর্জ্জিতাঃ॥

মায়ামোহিতচিত্ত সেই নরাধমগণ রামনাম পরিত্যাগ করিয়া সর্ব্বযোনিতে ভ্রমণ করে।

যাঁহারা স্বেচ্ছাক্রমে আদরের সহিত শ্রীরামনাম গ্রহণ করেন, তাঁহারা রামনামের প্রতাপে অখিল পাপ হইতে বিমুক্ত হ'ন।

যে কোনও প্রকারে নামমাত্রের কীর্ত্তনকারিগণ অনায়াসে সমাদরের সহিত পরমপদে গমন করেন।

হে সখে! যিনি নামযুক্তগণকে সসম্মানে দেখেন, তিনি পরমস্থানে গমন করেন—রামের সহিত আনন্দিতচিত্তে অবস্থান করিয়া থাকেন।

যে মানবগণ নামকারী ভক্তগণকে দেখিয়া প্রণাম করেন, সেই কর্ম্মের হেতু তাঁহারা সমস্ত পাপ হইতে পরিমুক্ত হ'ন।

নামযুক্ত জনগণকে দর্শন করত যে মানব স্নেহযুক্ত হ'ন, তিনি পরমানন্দ-পারাবার পরমপদে প্রস্থান করেন।

রামনাম গান করত রামের সমীপে বিচরণ করিলে জগৎপতি বশতাপন্ন হ'ন, আমি তোমায় একথা সত্য বলিতেছি।

রামনাম গান করত যে নরোত্তমগণ ক্রন্দন করেন, তাঁহাদের দ্বারা হরি উত্তমরূপে ক্রীত হ'ন এবং তাঁহারা পরমাত্মা রামের সহিত মিলিত হ'ন।

যাঁহারা রামনাম গান করত ভূতলে পতিত হ'ন, তাঁহারা ধন্যতম—ইহলোকে বৈষ্ণবগণের মধ্যে শ্রেষ্ঠ।

যাহারা স্বেচ্ছায় কল্যাণময় রামনাম গ্রহণ করে না, হে পার্থ! তাহারা দৃষ্টিমাত্র রহিত—অন্ধ।

স্বপ্নেঽপি রামনাম্নস্তু যেষামুচ্চরণং নহি।
ভাগ্যহীনাস্তু তে নীচাঃ পাপিনামগ্রগামিণঃ॥
ভিক্ষোপায়েন গৃহ্ণন্তি রামনামপরেশ্বরম্।
লোকাচারেণ নিরতাস্তে বৈ পাষণ্ডিনো ধ্রুবম্॥
রামনামজপাজ্জীবা অনায়াসেন সংস্থিতিম্।
তরন্তোব তরন্ত্যেব তরন্তোব সুনিশ্চিতম্॥